


রোমীয়দের প্রতি প্রেরিত পৌলের পত্র
ব্যাখ্যা



লেখকঃ ড. বব উটলে

সূচি পত্র

এই ব্যাখ্যা বইতে ব্যবহৃত শব্দ সংক্ষেপ সমূহ	১
লেখকের কথা : কিভাবে এই ব্যাখ্যা বই আপনাকে সাহায্য করতে পারে?	৩
উত্তম বাইবেল অধ্যয়ন নির্দেশনা : প্রতিষ্ঠিত তথ্যের জন্য ব্যক্তিগত অনুসন্ধান	৫
ব্যাখ্যা :	
রোমীয় পুস্তকের ভূমিকা	১১
রোমীয় ১	১৫
রোমীয় ২	৪৭
রোমীয় ৩	৫৯
রোমীয় ৪	৭৫
রোমীয় ৫	৮৫
রোমীয় ৬	১০১
রোমীয় ৭	১১১
রোমীয় ৮	১২২
রোমীয় ৯	১৪৬
রোমীয় ১০	১৬৭
রোমীয় ১১	১৭৭
রোমীয় ১২	১৮৯
রোমীয় ১৩	২০৩
রোমীয় ১৪	২১৮
রোমীয় ১৫	২২৯
রোমীয় ১৬	২৪১
পরিশিষ্ট এক : গ্রীক ব্যাকরণের কাঠামোগত বিষয়ে সংক্ষিপ্ত সংজ্ঞা	২৫৪
পরিশিষ্ট দুই : লেখনী বিষয়ক সমালোচনা	২৬২
পরিশিষ্ট তিন : পরিভাষা অভিধান.....	২৬৫
পরিশিষ্ট চার : মতবাদগত বিবৃতি	২৭২

রোমীয় পুস্তকের বিশেষ আলোচ্য বিষয়ের সূচি পত্র

পাঠান (<i>Apostellō</i>), ১:১	১৭
প্রাথমিক মণ্ডলীর ক্যারিগমা ‘ <i>Kerygma</i> ’, ১:২	১৮
ঈশ্বরের পুত্র, ১:৩	১৮
মাংস(<i>Sarx</i>), ১:৩	২০
মশীহ, ১:৪	২১
ঈশ্বরের জন্য নাম, ১:৪	২১
পুরাতন নিয়মে বিশ্বাস করা, নির্ভরতা, বিশ্বাস এবং বিশ্বস্ততা ১:৫	২৪
বব-এর ইভানজেলিক্যাল পক্ষপাতিত্ব, ১:৫	২৭
আহত, ১:৬	২৮
পবিত্র লোক, ১:৭	২৯
ঈশ্বরের পিতৃত্ব, ১:৭	২৯
নূতন নিয়মে আত্মা(<i>pneuma</i>), ১:৮	৩১
পরিভ্রাণ(পুরাতন নিয়মের টার্ম), ১:১৬	৩৩
ধার্মিকতা, ১:১৭	৩৪
ঈশ্বর মানব হিসাবে বর্ণিত(<i>Anthropomorphic Language</i>), ১:১৮	৩৭
পৌলের লেখনীতে “সত্য”, ১:১৮	৩৮
জানা, ১:১৯	৩৯
বিনাশ, ধংস, ক্ষয়নীয়(<i>Phtheirē</i>), ১:২৩	৪১
হৃদয়, ১:২৪	৪২
যুগে যুগে(গ্রীক বাগধারা), ১:২৫	৪২
আমেন, ১:২৫	৪৩
সমকামিতা, ১:২৬,২৭	৪৪
নূতন নিয়মে লাম্পটি ও নৈতিক উৎকর্ষতা, ১:২৯-৩১	৪৪
পৌলের ‘ <i>Huper</i> ’ এর মিশ্র ব্যবহার, ১:৩০	৪৫
মন পরিবর্তন, ২:৪	৪৯

জাতিবাদ, ২:১১	৫১
গর্ব, ২:১৭	৫৫
'পরীক্ষা' ও এর অন্তর্নিহিত অর্থের জন্য গ্রীক টার্ম, ২:১৮	৫৬
নিষ্ফল এবং শুন্য(<i>Katargeō</i>), ৩:৩	৬১
গৌরব, ৩:২৩	৬৬
নূতন নিয়মে কোন একজনের পরিত্রাণের প্রমাণ, ৩:২৪	৬৭
মুক্তিপণ/পুনরুদ্ধার, ৩:২৪	৬৭
প্রাচ্য সাহিত্য, ৩:২৭	৭১
এক ঈশ্বরবাদ, ৩:৩০	৭২
বিশ্বাস করা/বিশ্বাস, ৪:৫	৭৮
মুদ্রাঙ্ক, ৪:১১	৮০
নিশ্চয়তা, ৪:১৬	৮২
শান্তি, ৫:১	৮৭
দাঁড়ান (<i>Histēmi</i>), ৫:২	৮৮
নিশ্চয়তা, ৫:২	৮৯
কেন খ্রীষ্টিয়ানেরা কষ্টভোগ করে? ৫:৩	৯১
নির্যাতন, ৫:৩	৯১
খ্রীষ্টিয় বৃদ্ধি, ৫:৪	৯২
ঈশ্বরের রাজ্যে রাজত্ব, ৫:১৭,১৮	৯৮
বাপ্তিস্ম, ৬:৩-৪	১০৩
পবিত্রকরণ, ৬:৪	১০৪
গঠন (<i>Tupos</i>), ৬:১৭	১০৮
পৌলের প্রশংসা, প্রার্থনা ও ঈশ্বরের প্রতি ধন্যবাদজ্ঞাপন, ৭:২৫	১২০
যীশু এবং আত্মা, ৮:৯	১২৭
ত্রিভু, ৮:১১	১২৮
বিশ্বাসীদের উত্তরাধিকার, ৮:১৭	১৩২
প্রাকৃতিক উৎসসমূহ, ৮:১৯	১৩৩

প্রত্যাশা, চ:২৫	১৩৬
ধৈর্যধারণের আবশ্যিকতা, চ:২৫	১৩৭
আত্মার ব্যক্তিরূপ, চ:২৭	১৩৮
প্রথমজাত, চ:২৯	১৪০
নির্বাচন/পূর্ব নির্ধারিত অদৃষ্টবাদ এবং ধর্মতাত্ত্বিক সমতা আবশ্যিক, চ:৩৩	১৪২
<i>Archē</i> , চ:৩৮	১৪৪
বিবেক, ৯:১	১৪৩
মধ্যস্থতার প্রার্থনা, ৯:৩	১৪৯
অভিশাপ(<i>Anathema</i>), ৯:৩	১৪৯
ইশ্রায়েল, ৯:৪	১৪৯
নিয়ম বা ধর্মনিয়ম, ৯:৪	১৫৩
ঈশ্বরের জন্য মানবিক রূপ দেওয়া(<i>Anthropomorphic</i>) ভাষা, ৯:১৩	১৫৬
প্রেমময় দয়া (<i>Hesed</i>), ৯:১৫	১৫৮
অবশিষ্টাংশ, তিনটি অর্থে, ৯:২৭-২৮	১৬১
ঈশ্বরের জন্য নাম, ৯:২৯	১৬২
কোণের প্রস্তর, ৯:৩৩	১৬৬
জানা, ১০:২	১৬৯
বশীভূত, ১০:৩	১৬৯
পরিভ্রাণের জন্য ব্যবহৃত গ্রীক ক্রিয়ার কাল, ১০:৪	১৭০
স্বীকার করা, ১০:৯	১৭২
সদাপ্রভুর নাম, ১০:৯	১৭২
আলোকিত করা, ১০:১৮	১৭৫
স্বধর্ম ত্যাগ, ১১:২১	১৮৪
নিগূঢ়ত্ব, ১১:২৫	১৮৬
পবিত্র, ১২:১	১৯০
এই যুগ এবং যে যুগ আসছে, ১২:২	১৯১
নূতনীকরণ (<i>Anakainōsis</i>), ১২:২	১৯২

ঈশ্বরের ইচ্ছা (<i>Thelēma</i>), ১২:২	১৯৩
নূতন নিয়মের ভাববাণী, ১২:৬	১৯৫
উদার, অকপট (<i>Haplotēs</i>), ১২:৮	১৯৭
সহভাগিতা (<i>Koinōnia</i>), ১২:১৩	২০০
কর্তৃত্ব, ১৩:১	২০৪
মানবিক সরকার, ১৩:১	২০৫
মোশির ব্যবস্থার প্রতি পৌলের দৃষ্টিভঙ্গি, ১৩:৯	২১০
যাত্রা ২০ অধ্যায়ের টিকা, ১৩:১৫,১৭	২১০
দুর্বলতা, ১৪:১	২২০
খ্রীষ্টিয়ানদের কি একে অন্যের বিচার করা উচিত? ১৪:১৩	২২৪
ঈশ্বরের রাজ্য, ১৪:১৭	২২৫
গেথে তোলা, ১৫:২	২২৬
উপচিয়া পড়া (<i>Perissevō</i>), ১৫:১৩	২৩৪
খ্রীষ্টিয়ান এবং ক্ষুধা, ১৫:২৬	২৩৮
ঈশ্বরের পরিকল্পনায় মহিলাগণ, ১৬:১	২৪৬
মণ্ডলী (<i>Ekklesia</i>), ১৬:১	২৪৫
ব্যক্তিগত মন্দতা, ১৬:২০	২৪৯
অনন্তকালীন, ১৬:২৬	২৫২

এই ব্যাখ্যা পুস্তকে ব্যবহৃত শব্দ সংক্ষেপসমূহ

AB	Anchor Bible Commentaries, ed. William Foxwell Albright and David Noel Freedman
ABD	Anchor Bible Dictionary (6 vols.), ed. David Noel Freedman
AKOT	Analytical Key to the Old Testament by John Joseph Owens
ANET	Ancient Near Eastern Texts, James B. Pritchard
BAGD	A Greek-English Lexicon of the New Testament and Early Christian Literature, Walter Bauer, 2nd edition by F. W. Gingrich and Fredrick Danker
BDB	A Hebrew and English Lexicon of the Old Testament by F. Brown, S. R. Driver and C. A. Briggs
BHS	Biblia Hebraica Stuttgartensia, GBS, 1997
IDB	The Interpreter's Dictionary of the Bible (4 vols.), ed. George A. Buttrick
ISBE	International Standard Bible Encyclopedia (5 vols.), ed. James Orr
JB	Jerusalem Bible
JPSOA	The Holy Scriptures According to the Masoretic Text: A New Translation (The Jewish Publication Society of America)
KB	The Hebrew and Aramaic Lexicon of the Old Testament by Ludwig Koehler and Walter Baumgartner
LAM	The Holy Bible From Ancient Eastern Manuscripts (the Peshitta) by George M. Lamsa
LXX	Septuagint (Greek-English) by Zondervan, 1970
MOF	A New Translation of the Bible by James Moffatt
MT	Masoretic Hebrew Text
NAB	New American Bible Text
NASB	New American Standard Bible
NEB	New English Bible
NET	NET Bible: New English Translation, Second Beta Edition
NIDNTT	New International Dictionary of New Testament Theology and Exegesis (5 vols.), ed. Willem A. VanGemeren
NRSV	New Revised Standard Bible
NIV	New International Version
NJB	New Jerusalem Bible

OTPG	Old Testament Parsing Guide by Todd S. Beall, William A. Banks and Colin Smith
REB	Revised English Bible
RSV	Revised Standard Version
SEPT	The Septuagint (Greek-English) by Zondervan, 1970
TCNT	The Twentieth Century New Testament
TEV	Today's English Version from United Bible Societies
YLT	Young's Literal Translation of the Holy Bible by Robert Young
ZPBE	Zondervan Pictorial Bible Encyclopedia (5 vols.), ed. Merrill C. Tenney

লেখকের কথাঃ

কিভাবে এই ব্যাখ্যা বই আপনাকে সাহায্য করতে পারে?

বাইবেলের ব্যাখ্যা একটি যুক্তিসম্মত ও আত্মিক প্রক্রিয়া যেটি চেষ্টা করে অনুপ্রাণিত প্রাচীন লেখককে এমন ভাবে বুঝতে যার মাধ্যমে ঈশ্বরের বার্তা আমাদের দৈনন্দিন জীবনে বুঝতে ও প্রয়োগ করা যেতে পারে।

আত্মিক প্রক্রিয়া খুব গুরুত্বপূর্ণ কিন্তু ব্যাখ্যা করা কঠিন। এর মধ্যে ঈশ্বরের প্রতি সমর্পন এবং খোলামেলা ভাব অন্তর্ভুক্ত। অবশ্যই ক্ষুধা থাকবে ১) তাঁর জন্য, ২) তাঁকে জানার ও ৩) তাঁকে পরিচর্যার। এই প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত প্রার্থনা, স্বীকারোক্তি এবং জীবন যাপন পদ্ধতি পরিবর্তনের ইচ্ছা। ব্যাখ্যা দানের প্রক্রিয়াতে আত্মা হল অত্যন্ত গুরুত্বপূর্ণ, কিন্তু কেন খাঁটি, ঈশ্বরভক্ত খ্রীষ্টিয়ানেরা ভিন্ন ভাবে বাইবেল বোঝে তা একটি রহস্য।

যুক্তিসম্মত প্রক্রিয়া বর্ণনা করা সহজ। আমাদের অবশ্যই মূল পাঠের সাথে সুসামঞ্জস্যপূর্ণ ও ন্যায্যসঙ্গত হতে হবে এবং আমাদের ব্যক্তিগত বা ডিনোমিনেশনাল পক্ষপাতে প্রভাবিত না হওয়া। আমরা সকলে ঐতিহাসিক ভাবে প্রশিক্ষিত। আমরা কেউই উদ্দেশ্যমূলক, নিরপেক্ষ ব্যাখ্যাকারক নই। এই ব্যাখ্যা পুস্তক যত্নসহকারে যুক্তিসম্মত প্রক্রিয়া দান করছে যার মধ্যে রয়েছে তিনটি ব্যাখ্যাদানকারী নীতির কাঠামো যেটি আমাদের সাহায্য করবে পক্ষপাতদূষ্টতা থেকে মুক্ত থাকতে।

প্রথম নীতি

প্রথম নীতি হল ঐতিহাসিক প্রেক্ষাপট লক্ষ্য করা যখন বাইবেলের বইটি লেখা হয়েছে এবং নির্দিষ্ট ঐতিহাসিক উপলক্ষ্য এর কর্তৃত্বকারীতা সম্পর্কে। মূল লেখকের একটি উদ্দেশ্য ছিল, একটি বার্তাকে পৌঁছে দেওয়া। লেখনী আমাদের কাছে কোন কিছুই অর্থ প্রকাশ করতে পারে না যদি এটি মূল, প্রাচীন, অনুপ্রাণিত লেখকের কাছে কোন অর্থবহ না হয়। তার লক্ষ্য- আমাদের ঐতিহাসিক, অবৈগত, সংস্কৃতিগত, ব্যক্তিগত বা ডিনোমিনেশনগত প্রয়োজন নয়- লক্ষ্য হল মূল চাবিকাঠি। ব্যাখ্যার একটি অখন্ড অংশীদার হল প্রয়োগ, কিন্তু সঠিক ব্যাখ্যা অবশ্যই সব সময় প্রয়োগের অগ্রবর্তী থাকে। এর অবশ্যই পুনরাবৃত্তি হবে যেন বাইবেলের প্রতিটি লেখনীর একটি কেবল মাত্র একটিই অর্থ থাকে। এই অর্থ হল যেটি মূল বাইবেলের লেখক স্থির করেছিলেন আত্মিক নেতৃত্বের মাধ্যমে তার সময়ে লোকদের কাছে পৌঁছে দিতে। এই এক অর্থের বিভিন্ন সংস্কৃতি এবং পরিস্থিতিতে ভিন্ন ভিন্ন সাভাব্য প্রয়োগ হতে পারে। এই প্রয়োগের অবশ্যই মূল লেখকের মূল সত্যের সঙ্গে যোগসূত্র থাকবে। এই কারণে, এই ব্যাখ্যা নির্দেশক অধ্যয়ন পরিকল্পিত হয়েছে বাইবেলের প্রতিটি পুস্তকের একটি ভূমিকা দিয়ে।

দ্বিতীয় নীতি

দ্বিতীয় নীতিটি হল সাহিত্য বিষয়ক একক চিহ্নিত করা। প্রতিটি বাইবেলের পুস্তক হল সমন্বিত দলিল। অনুবাদকের কোন অধিকার নেই সত্যের অন্যান্য দিককে বর্জন করে একটি দিককে বিচ্ছিন্ন করে ফেলা। সেজন্য, আমাদের অবশ্যই সমগ্র বাইবেলের পুস্তকগুলি বোঝার চেষ্টা করতে হবে আলাদা আলাদা ভাবে সাহিত্যের একক হিসাবে অনুবাদের পূর্বে। আলাদা আলাদা অংশ-অধ্যায়, প্যারাগ্রাফ বা পদসমূহ-অর্থবহ হতে পারে না যদি সম্পূর্ণ এককের কোন অর্থ না থাকে। অনুবাদ অবশ্যই সম্পূর্ণ বিষয়ের অবরোধ প্রক্রিয়া থেকে ছোট অংশের দিকে আরোহ প্রক্রিয়ায় পরিচালিত হবে। সেজন্য এই অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা শিক্ষার্থীদের সাহায্যের জন্য পরিকল্পিত করা হয়েছে যেন তারা সাহিত্যের প্রতিটি এককের কাঠামো প্যারাগ্রাফ অনুসারে বিশ্লেষণ করতে পারে। প্যারাগ্রাফ ও প্রতিটি বিভাগ অনুপ্রাণিত নয়, কিন্তু সেগুলি আমাদের সাহায্য করতে পারে প্রতিটি এককের চিন্তাসমূহ চিহ্নিত করতে।

প্যারাগ্রাফ স্তরে ব্যাখ্যা করতে-বাক্য, বাক্যাংশ, শব্দগুচ্ছ বা শব্দ স্তর নয়-চাবিকাঠি হল বাইবেলের লেখকদের স্থিরকৃত অর্থের অনুসরণ। প্যারাগ্রাফের ভিত্তি একত্রিত বিষয়ের উপরে, প্রায়ই একে বলা হয় মূল theme (ভাব) বা বিষয়ভিত্তিক বাক্য। প্রতিটি প্যারাগ্রাফের শব্দ, শব্দগুচ্ছ, বাক্যাংশ এবং বাক্যসমূহ কোন না কোন ভাবে একত্রিত মূলভাব বা থিমের সঙ্গে সম্পর্কিত। এগুলি একে সীমাবদ্ধ করে, একে প্রসারিত করে, একে ব্যাখ্যা করে এবং/বা একে প্রশ্নবিদ্ধ করে। সঠিক ব্যাখ্যার সত্যিকার চাবিকাঠি হল প্রতিটি সাহিত্যের এককের মাধ্যমে প্যারাগ্রাফ থেকে প্যারাগ্রাফ ভিত্তি করে মূল লেখকের চিন্তার অনুসরণ যা বাইবেলের পুস্তককে গঠিত করেছে। এই অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা পরিকল্পিত করা হয়েছে আধুনিক ইংরাজি অনুবাদের তুলনা করে শিক্ষার্থীদের এগুলি করতে সাহায্যের জন্য। এই অনুবাদগুলি বেছে নেওয়া হয়েছে কারণ এগুলি ভিন্ন ভিন্ন অনুবাদ তত্ত্ব ব্যবহার করেছে:

1. United Bible Society's Greek text হল সংশোধিত চতুর্থ সংস্করণ (UBS⁴)। আধুনিক টেক্সট বিশেষজ্ঞ দ্বারা এই টেক্সট প্যারাগ্রাফ করা হয়েছে।
2. New King James Version (NKJV) হল একটি word-for-word আক্ষরিক অনুবাদ যার ভিত্তি হল গ্রীক পাণ্ডুলিপি ঐতিহ্যগত ভাবে যেটি পরিচিত Textus Receptus নামে। অন্য অনুবাদের চেয়ে এই অনুবাদের প্যারাগ্রাফ বিভাগ-গুলি দীর্ঘ। এই দীর্ঘ এককগুলি একত্রিত বিষয় দেখতে শিক্ষার্থীদের সাহায্য করে।
3. New Revised Standard Version (NRSV) হল একটি পরিমার্জিত word-for-word' অনুবাদ। এটি পরবর্তী দুটি আধুনিক সংস্করণের মাঝখানে মধ্যবিন্দু গঠন করেছে। এর প্যারাগ্রাফ বিভাগগুলি বিষয়বস্তু চিহ্নিত করণে চমৎকার সহায়ক।
4. Today's English Version (TEV) হল একটি গতিশীল সমমানের অনুবাদ যেটি United Bible Society প্রকাশ করেছে। এটি বাইবেল এমন ভাবে অনুবাদ করতে চেষ্টা করেছে যেন ইংরাজি পাঠক বা ভাষা-ভাষি লোক গ্রীক টেক্সট-এর অর্থ বুঝতে পারে। প্রায়ই, বিশেষ করে সুসমাচারে, এটি প্যারাগ্রাফ বিভাগ করেছে বক্তা অনুসারে কিন্তু বিষয় অনুসারে নয়, ঠিক সেই একই ভাবে যেভাবে NIV করেছে। অনুবাদের উদ্দেশ্যের জন্য এটি সাহায্যকারী নয়। এটি উল্লেখ করা বেশ মজার যে 'UBS⁴' এবং 'TEV' উভয়ে এটি প্রকাশ করেছে একই সত্তা হিসাবে, যদিও তাদের প্যারাগ্রাফে ভিন্নতা রয়েছে।

৫. Jerusalem Bible (JB) হল একটি গতিশীল সমমানের অনুবাদ যার ভিত্তি হল French Catholic অনুবাদ। এটা খুবই সাহায্যকারী ইউরোপিয়ান দৃষ্টিভঙ্গি থেকে প্যারাফ্রাফ করার বিষয়টি তুলনা করতে।
৬. ১৯৯৫ সনে ছাপানো টেক্সট New American Standard Bible (NASB) আধুনিকিকরণ করে, এটি হল word-for-word' অনুবাদ। verse by verse টিকা এই প্যারাফ্রাফকে অনুসরণ করে।

তৃতীয় নীতি

তৃতীয় নীতিটি হল বাইবেলের বিভিন্ন অনুবাদ পাঠ করা এই উদ্দেশ্যে যে সাম্ভাব্য ব্যাপক অর্থ (ভাষাগত অর্থে) অনুধাবন করা যা বাইবেলের শব্দ বা শব্দগুচ্ছের মধ্যে থাকতে পারে। প্রায়ই গ্রীক শব্দগুচ্ছ বা শব্দ বিভিন্ন ভাবে বোঝা যেতে পারে। এই ভিন্ন ভিন্ন অনুবাদগুলি এই সুযোগগুলি এনে দেয় এবং গ্রীক পাণ্ডুলিপির পার্থক্য চিহ্নিত ও ব্যাখ্যা করতে সাহায্য করে। এটি মতবাদকে প্রভাবিত করে না, কিন্তু এগুলি আমাদের সাহায্য করতে চেষ্টা করে প্রাচীন অনুপ্রাণিত লেখকদের মূল লেখনীর কাছে পৌছাতে।

এই ব্যাখ্যা পুস্তক শিক্ষার্থীদের দ্রুততার সাথে তার অনুবাদ পরীক্ষা করার উপায় দিচ্ছে। এর মানে এই নয় যে তা হবে যথাযথ, কিন্তু হবে তথ্যপূর্ণ এবং চিন্তা-উদ্বেককারী। প্রায়ই, অন্য সাম্ভাব্য অনুবাদ আমাদের সাহায্য করে সংকীর্ণমনা, গোড়ামীপূর্ণ এবং ডিনোমিনেশনাল না হতে। একজন অনুবাদকের ব্যাপক অনুবাদ যোগ্যতার সুযোগ থাকা প্রয়োজন যেন প্রাচীন লেখনী কতটা দ্ব্যর্থব্যাঞ্জক হতে পারে তা বুঝতে পারেন। এটা খুব দুঃখজনক যে খ্রীষ্টিয়ানদের মধ্যে খুব সামান্য একই রয়েছে যারা দাবি করে বাইবেল তাদের সত্যের উৎস হিসাবে।

এই নীতিগুলি আমাকে সাহায্য করেছে প্রাচীন লেখনী নিয়ে সংগ্রামে বাধ্য করে আমার বেশির ভাগ ঐতিহাসিক দ্বিধাদ্বন্দ্বকে এড়িয়ে যেতে। আমার আশা যে এটি আপনার জন্যও একই রকম আশীর্বাদের হবে।

বব উটলে
ইস্ট টেক্সাস ব্যাপটিস্ট ইউনিভার্সিটি
২৭ জুন, ১৯৯৬

উত্তম বাইবেল অধ্যয়নের নির্দেশনাঃ

প্রতিষ্ঠিত জন্যের ব্যক্তিগত অনুসন্ধান

আমরা কি সত্য জানতে পারি? কোথায় এটি পাবো? আমরা কি একে যুক্তিগত ভাবে প্রমাণ করতে পারি? সর্বোচ্চ কর্তৃত্বকারী বলে কি কেউ আছেন? এমন চূড়ান্ত কিছু আছে যা আমাদের জীবনকে, আমাদের পৃথিবীকে পরিচালনা দিতে পারে? জীবনের কি কোন অর্থ আছে? আমরা কেন পৃথিবীতে? আমরা কোথায় যাচ্ছি? এই প্রশ্নগুলি—যা সকল যুক্তিসম্মত লোকেরা গভীর ভাবে চিন্তার—মানবিক মেধাকে সময়ের শুরু থেকেই বিব্রত করছে(উপদেশক ১:১৩-১৮; ৩:৯-১১)। আমার জীবনের অখন্ড বিষয় নিয়ে আমার ব্যক্তিগত অনুসন্ধানকে স্মরণ করতে পারি। আমি খুব অল্প বয়স থেকেই একজন খ্রীষ্ট বিশ্বাসী, যার ভিত্তি ছিল প্রাথমিক ভাবে পরিবারের অন্যান্যদের তাৎপর্যপূর্ণ সাক্ষ্য। আমি যখন বয়ঃপ্রাপ্ত হলাম, সঙ্গে সঙ্গে আমার নিজের বিষয়ে এবং আমার জগৎ সম্পর্কে প্রশ্নও বাড়তে লাগলো। সাধারণ সাংস্কৃতিক ও ধর্মীয় কথামালা কোন অর্থ বহন করতো না সেই সব অভিজ্ঞতার যা আমি পাঠ করেছি বা যার সম্মুখাসম্মুখি হয়েছি। এটা ছিল অস্বস্তিকর, কঠোর জগত যে জগতে আমি বাস করি তার সামনে একটা দ্বিধাদ্বন্দ্বের, অশেষণের, আকাংখ্যার এবং প্রায়ই হতাশার অনুভূতির সময়।

অনেকে দাবী করে যে তাদের কাছে এই সব চূড়ান্ত প্রশ্নের উত্তর রয়েছে, কিন্তু গবেষণা ও চিন্তার পরে আমি পেয়েছি যে তাদের উত্তরগুলির ভিত্তি ছিল: (১) ব্যক্তিগত দর্শন, (২) প্রাচীন লোক-কাহিনী, (৩) ব্যক্তিগত অভিজ্ঞতা অথবা (৪) মানসিক অভিব্যক্তি। আমার দরকার ছিল কিছু নিশ্চয়তা, কিছু প্রমাণ, কিছু যুক্তি সম্মত বিচার যার উপরে আমার বিশ্ব-দর্শন, আমার অখন্ডতার কেন্দ্র, আমার বেঁচে থাকার যুক্তি নির্ভরশীল।

আমি এগুলি আমার বাইবেল অধ্যয়নে পেয়েছি। আমি এর বিশ্বসাযোগ্যতার প্রমাণের বিষয়ে অনুসন্ধান শুরু করি, যা আমি পেয়েছি (১) বাইবেলের ঐতিহাসিক বাস্তবতা যেটি নিশ্চিত করেছেন প্রত্নতত্ত্ববিদেরা, (২) পুরাতন নিয়মের ভাববাণীর নির্ভুলতা, (৩) বাইবেল লেখনীর সম্পূর্ণ ১৬ শত বছরে এর বার্তার ঐক্য, (৪) সেই সব লোকদের ব্যক্তিগত সাক্ষ্য, যাদের জীবন বাইবেলের সংস্পর্শে এসে স্থায়ীভাবে পরিবর্তিত হয়ে গেছে। খ্রীষ্টধর্ম, নির্ভরতা ও বিশ্বাসের একীভূত পদ্ধতি হিসাবে, মানুষের জীবনের এই সব জটিল প্রশ্ন নিয়ে আলোচনা করতে সমর্থ। এগুলি কেবলমাত্র যুক্তিসঙ্গত কাঠামো যোগায় না, কিন্তু বাইবেল নির্ভরতার অভিজ্ঞতা—ভিত্তিক দিকসমূহ আমাকে আবেগগত দিক দিয়ে আনন্দ ও দৃঢ় প্রত্যয় এনে দেয়।

আমি ভেবেছি যে আমার জীবনের জন্য অখন্ড কেন্দ্র-খ্রীষ্টকে পেয়ে গেছি, শাস্ত্রের মাধ্যমে যেভাবে বুঝতে পেরেছি। এটি ছিল একটি শিহরণ জাগান অভিজ্ঞতা, এক আবেগময় প্রশান্তি। যাহোক, আমি এখনও স্মরণ করতে পারি সেই আঘাত ও যন্ত্রণা যখন এটি আমার কাছে প্রকাশিত হতে থাকে যে এই বইটির কতগুলি ভিন্ন ভিন্ন অনুবাদ যা লোকের দ্বারা সমর্থিত, কখনও কখনও একই মন্ডলীতে এবং চিন্তাশীল পণ্ডিতদের কাছে। বাইবেলের নির্ভরযোগ্যতা ও অনুপ্রেরণা অনুমোদনের শেষ ছিল না, কিন্তু কেবলমাত্র আরম্ভ ছিল। কিভাবে আমি শাস্ত্রের অনেক কঠিন অংশের পরস্পর বিরোধি ও পার্থক্য বিশিষ্ট অনুবাদকে যারা দাবী করছে যে তা কর্তৃত্বকারী ও নির্ভরযোগ্য সেগুলি প্রমাণ করবো বা বাতিল করবো?

এই কাজটি হয়ে পড়লো আমার জীবনের লক্ষ্য এবং বিশ্বাসের তীর্থযাত্রা। আমি জানতাম যে খ্রীষ্টে আমার বিশ্বাস (১) আমার জীবনে মহা শান্তি ও আনন্দ এনেছে। আমার সংস্কৃতির(উত্তর আধুনিকায়নের) সম্পর্কের মাঝখানে আমার মন আকাংখীত ছিল কোন চূড়ান্ত কিছু; (২) ধর্মীয় পদ্ধতির(বিশ্ব ধর্ম) গোঁড়ামীপূর্ণ দ্বন্দ্ব; এবং (৩) ডিনোমিনেশনগত ঔদ্ধত্য। প্রাচীন সাহিত্যের অনুবাদের বিষয়ে আমার বৈধ প্রক্রিয়ার অন্বেষণে, আমি বিপ্লিত হয়েছিলাম আমার নিজের ঐতিহাসিক, সাংস্কৃতিক, ডিনোমিনেশনাল ও অভিজ্ঞতার ভিত্তি আবিষ্কারে। আমি মাঝে মাঝেই বাইবেল পাঠ করি কেবলমাত্র আমার নিজের দৃষ্টিভঙ্গি পুনরায় শক্তিশালী করার জন্য। আমি এটি ব্যবহার করি গোড়ামির উৎস হিসাবে অন্যদের আক্রমণ করতে যখন পুনঃনিশ্চিত আমার নিজের নিরাপত্তাহীনতা এবং অপ্রতুলতার। এই বাস্তবতা উপলব্ধি আমার কাছে কতটা যন্ত্রণাদায়ক ছিল!

যদিও আমি কখনোই সম্পূর্ণরূপে উদ্দেশ্যমূলক হতে পারিনি, আমি একজন ভাল বাইবেল পাঠক হতে পারি। আমি আমার মূল ভিত্তিকে সীমাবদ্ধ করতে পারি সেগুলিকে চিহ্নিত করে এবং তাদের উপস্থিতি স্বীকার করে। যদিও আমি সেসব থেকে মুক্ত হতে পারিনি, কিন্তু আমি আমার নিজের দুর্বলতার সম্মুখাসম্মুখী হয়েছি। অনুবাদক প্রায়ই ভাল বাইবেল পাঠের সবচেয়ে খারাপ শত্রু!

বাইবেল অধ্যয়নে আমি আমার পূর্ব ধারণাগুলি তালিকা করছি যেন আপনি, পাঠক হিসাবে, আমার সাথে সেগুলি পরীক্ষা করতে পারেন:

I. পূর্ব ধারণাসমূহ

- ক. আমি বিশ্বাস করি বাইবেল হল একমাত্র সত্য ঈশ্বরের অনুপ্রাণিত আত্ম-প্রকাশ। সেজন্য, এটি অবশ্যই অনুবাদ করতে হবে নির্দিষ্ট ঐতিহাসিক অবস্থানে ঐশ্বরীক অনুপ্রাণিত মূল লেখকের(আত্মা) মানবিক লেখকদের মাধ্যমে প্রকাশিত উদ্দেশ্যের আলোতে।
- খ. আমি বিশ্বাস করি যে বাইবেল সাধারণ মানুষেরা লিখেছেন সকল মানুষের জন্য! ঈশ্বর নিজেকে স্পষ্টভাবে আমাদের সাথে কথা বলার পর্যায়ে এনেছেন ঐতিহাসিক এবং সাংস্কৃতিক প্রেক্ষাপটে। ঈশ্বর সত্য গোপন করেন না—তিনি চেয়েছেন আমরা যেন বুঝি! সেজন্য, এটি অনুবাদ হতে হবে সেই সময়ের আলোকে কিন্তু আমাদের সময়ের আলোকে নয়। বাইবেল এমন নয় যে আজকে আমাদের কাছে যে অর্থ প্রকাশ করছে তা তাদের কাছে কখনোই প্রকাশ করেনি প্রথম যারা এর কথা শুনেছে বা পাঠ করেছে। এটা গড়পড়তা সকল মানবিক মনের বোধগম্য এবং ব্যবহার যোগ্য সাধারণ মানবিক যোগাযোগ কৌশল ও প্রক্রিয়াতে।
- গ. আমি বিশ্বাস করি বাইবেলে রয়েছে অখন্ড বার্তা ও উদ্দেশ্য। এটা কখনো নিজেকে নিজের সাথে বিরোধ করে না, যদিও এতে কঠিন ও অসামঞ্জস্যপূর্ণ প্যাসেজ আছে। তাই বাইবেল নিজেই হল বাইবেলের সবচেয়ে ভাল অনুবাদক।
- ঘ. আমি বিশ্বাস করি প্রতিটি প্যাসেজের (ভাববাণী ছাড়া) একটি কেবলমাত্র একটিই অর্থ রয়েছে যার ভিত্তি মূল অনুপ্রাণিত লেখকদের লক্ষ্য। যদিও আমরা জানি আমরা কখনোই সম্পূর্ণ নিশ্চিত হতে পারি না মূল লেখকের লক্ষ্য সম্পর্কে, তবে এর দিকে অনেক নির্দেশক লক্ষ্য করায়:

১. সাহিত্যের রীতি বেছে নেওয়া হয়েছে বার্তা প্রকাশের জন্য।
২. ঐতিহাসিক পরিস্থিতি এবং/অথবা নির্দিষ্ট উপলক্ষ্য যা এর লেখনীর জন্য দায়ী।
৩. সমগ্র পুস্তকের সাহিত্য বিষয়ক প্রেক্ষাপট সেই সঙ্গে প্রতিটি সাহিত্যের একক।
৪. সাহিত্যের এককের লেখনীর পরিকল্পনা (রূপরেখা) যেভাবে সেগুলি সমগ্র বার্তার সঙ্গে সম্পর্কযুক্ত।

৫. নির্দিষ্ট ব্যাকরণগত গঠনশৈলী বার্তাটি যোগাযোগে কার্যরত।
৬. বার্তাটি উপস্থাপনে শব্দ চয়ন।
৭. সমান্তরাল বার্তা।

উল্লেখিত বিষয়গুলির প্রতিটি ক্ষেত্রের অধ্যয়ন হল আমাদের প্যাসেজ অধ্যয়নের উদ্দেশ্য। ভাল বাইবেল পাঠে আমার পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা করার আগে আমাকে কিছু অনুপযুক্ত পদ্ধতি ব্যাখ্যা করতে দিন যেগুলি আজকে ব্যবহৃত হচ্ছে যার কারণে অনুবাদের অনেক বিভেদ সৃষ্টি হচ্ছে, যা অবশ্যই পরিহার করা হয়েছে:

II. অনুপযুক্ত পদ্ধতি

- ক. বাইবেলের পুস্তকগুলির সাহিত্যের প্রেক্ষাপট অবহেলা করা এবং প্রতিটি বাক্য, বাক্যাংশ অথবা প্রতিটি স্বতন্ত্র শব্দসমূহকে সত্যের প্রকাশ হিসাবে নেওয়া যার সঙ্গে লেখকের উদ্দেশ্যের বা বৃহৎ প্রেক্ষাপটের কোন সম্পর্ক নেই। একে প্রায়ই বলা হয় “proof-texting.”
- খ. পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা করে অনুমান নির্ভর ঐতিহাসিক প্রেক্ষাপট নির্ণয় যা লেখনীর সঙ্গে সামান্য বা কোন ভাবেই সমর্থন করে না।
- গ. পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা এবং একে সকালের স্থানীয় সংবাদপত্র যেটি লেখা হয় প্রাথমিক ভাবে আধুনিক স্বতন্ত্র খ্রীষ্টিয়াদের জন্য সেভাবে পাঠ করা।
- ঘ. লেখনীকে দার্শনিক/ধর্মতাত্ত্বিক বার্তা হিসাবে রূপকাত্মক বা প্রতিকি হিসাবে নেওয়ার দ্বারা পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা করা সম্পূর্ণ ভাবে প্রথম শ্রোতাদের এবং মূল লেখকদের উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত নয়।
- ঙ. নিজেদের ধর্মতাত্ত্বিক পদ্ধতি, পছন্দসই মতবাদ বা সমকালীন বিষয়সমূহ ইত্যাদি বিকল্প দ্বারা মূল বার্তাকে অবহেলা করা মূল লেখকদের উদ্দেশ্য এবং প্রকাশিত বার্তার সঙ্গে সম্পর্কযুক্ত নয়। প্রায়ই এই ঘটনা অনুসরণ করে বাইবেলের প্রাথমিক পাঠে প্রতিষ্ঠিত বক্তার কর্তৃত্ব প্রতিষ্ঠার একটি উপায় হিসাবে। একে প্রায়ই উল্লেখ করা হয় ‘পাঠকদের সাড়া প্রদান’ (‘আমার কাছে পাঠের অর্থ কি’ অনুবাদ) বলে।

সমস্ত লিখিত মানবিক যোগাযোগে অন্ততপক্ষে তিনটি সম্পর্কযুক্ত উপাদান পাওয়া যেতে পারে:



অতিতে, এই তিনটি উপাদানের যে কোন একটিতে ভিন্ন ভিন্ন পাঠ কৌশলে দৃষ্টি দেওয়া হতো, কিন্তু বাইবেলের সত্যিকার চমৎকার অনুপ্রেরণার নির্ভরতার সবচেয়ে উপযুক্ত হল একটি পরিবর্তিত ডায়গ্রাম:



সত্যে তিনটি উপাদানই অবশ্যই অন্তর্ভুক্ত হবে ব্যাখ্যাদানকারী প্রক্রিয়াতে। যথার্থতা নির্ণয়ের উদ্দেশ্যে, আমার অনুবাদের দৃষ্টি নিবদ্ধ হয় প্রথম দুটি উপাদানে: মূল লেখক এবং পাঠ। আমি সম্ভবত যে সব অবহেলা লক্ষ্য করেছি তাতে প্রতিক্রিয়া প্রকাশ করেছি (১) রূপকাত্মক বা আত্মিকরণ পাঠ এবং (২) “পাঠকের সাড়া প্রদান” অনুবাদ (আমার কাছে এর অর্থ কি)। অবহেলা প্রতিটি ধাপেই ঘটতে পারে। আমাদেরকে সব সময় আমাদের উদ্দেশ্য, পক্ষপাতিত্ব, কৌশল এবং প্রয়োগ পরীক্ষা করতে হবে। কিন্তু কিভাবে আমরা তা পরীক্ষা করবো যদি অনুবাদের কোন সীমানা, সীমারেখা, কোন নীতি না থাকে? এখানেই লেখকের উদ্দেশ্য এবং লেখনীর কাঠামো আমাকে কিছু নীতি যুগিয়ে দেয় সাম্ভাব্য বৈধ অনুবাদের সুযোগ সীমাবদ্ধ করার জন্য।

এই অনুপযুক্ত পাঠ কৌশলের আলোতে, উত্তম বাইবেল অধ্যয়ন ও ব্যাখ্যার কিছু সাম্ভাব্য প্রয়োগ কি যা একটি নির্দিষ্ট পরিমাণ নির্ভরতা ও সামঞ্জস্যতা দেবে?

III. উত্তম বাইবেল অধ্যয়নে সাম্ভাব্য প্রক্রিয়া

এই পয়েন্টে আমি আলোচনা করছি না নির্দিষ্ট লেখনী অনুবাদের অপূর্ব কৌশল কিন্তু সাধারণ বাইবেল ব্যাখ্যার নীতিসমূহ যা সকল প্রকার বাইবেলের টেক্সটের জন্য বৈধ। লেখনী কৌশলের নির্দিষ্ট প্রক্রিয়ার একটি ভাল বই হল *How To Read The Bible For All Its Worth*, by Gordon Fee and Douglas Stuart, published by Zondervan.

আমার পদ্ধতি লক্ষ্য রাখে প্রাথমিক ভাবে পাঠকদের উপরে যাদের পবিত্র আত্মা বাইবেলের দ্বারা আলোকিত করেছে চারটি ব্যক্তিগত পাঠ চক্রের মাধ্যমে। এটি আত্মা, লেখনী এবং পাঠককে মুখ্য করে, গৌন করে না। এটি আরও পাঠককে রক্ষা করে ব্যাখ্যাকারকদের অতিরিক্ত প্রভাব থেকে। আমি

এটা বলতে শুনেছি: “ব্যাখ্যার উপরে বাইবেল অনেক আলোক প্রক্ষেপ করেছে।” এর মানে এই নয় যে অধ্যয়ন উপকরণের প্রতি হীন মন্তব্য করা, কিন্তু সেগুলির সঠিক ব্যবহারে উপযুক্ত সময়ের আবেদন করা।

লেখনীই আমাদের অনুবাদকে সমর্থিত করবে আমাদের অবশ্যই এমন সক্ষমতা অর্জন করতে হবে। তিনটি ক্ষেত্র অন্ততপক্ষে এই সীমাবদ্ধ পার্থক্য দেখায়:

১. মূল লেখক
 - ক. ঐতিহাসিক প্রেক্ষাপট
 - খ. সাহিত্যগত প্রেক্ষাপট
২. মূল লেখকের মনোনয়ন
 - ক. ব্যাকরণগত কাঠামো (syntax)
 - খ. সমকালীন শব্দ ব্যবহার
 - গ. লেখনী কৌশল
৩. আমাদের বোধগম্যতার উপযুক্ততা
 - ক. সুসঙ্গত সমান্তরাল প্যাসেজ
 - খ. মতবাদের মধ্যকার সম্পর্ক (paradox)

আমাদের অনুবাদের পেছনে কারণ এবং যুক্তি দেখানোর সক্ষমতা থাকার প্রয়োজন। বাইবেল হল আমাদের একমাত্র বিশ্বাস ও অনুশীলনের উৎস। দুঃখজনক ভাবে বলতে হয়, খ্রীষ্টিয়ানেরা প্রায়ই এর শিক্ষা বা এটি যা অনুমোদন করে তাতে একমত নয়। বাইবেলের পক্ষে দাবী করা যে এটি অনুপ্রাণিত এবং তারপরই বিশ্বাসীর পক্ষে এই বাইবেল যা শিক্ষা দিচ্ছে ও দাবী করছে তাতে একমত হতে না পারাটা নিজেই পরাজিত হবার মত!

চারটি পাঠ চক্র পরিকল্পিত করা হয়েছে পরবর্তী ব্যাখ্যানকারী অন্তর্দৃষ্টিতে:

ক. প্রথম পাঠ চক্র

১. একবারেই বইটি পড়ে শেষ করা। তারপর ভিন্ন অনুবাদে এটি আবার পাঠ করুন, আশাপ্রদ ভাবে ভিন্ন অনুবাদ তত্ত্ব থেকে
 - ক. word-for-word (NKJV, NASB, NRSV)
 - খ. গতিশীল সমতাপূর্ণ (TEV, JB)
 - গ. ভাবার্থ প্রকাশ (Living Bible, Amplified Bible)
২. সমগ্র লেখনীর কেন্দ্রীয় উদ্দেশ্যের দিকে লক্ষ রাখা। এর মূল ভাব চিহ্নিত করা।
৩. সাহিত্য একক, অধ্যায়, প্যারাগ্রাফ বা বাক্য বিচ্ছিন্ন (যদি সম্ভব হয়) করুন যেটি স্পষ্টভাবে এর কেন্দ্রীয় উদ্দেশ্য বা মূল ভাব প্রকাশ করছে।
৪. প্রধান সাহিত্য কৌশল চিহ্নিত করুন
 - ক. পুরাতন নিয়ম
 - (১) হিব্রু বর্ণনা
 - (২) হিব্রু কবিতা (প্রজ্ঞা সাহিত্য, গীতসংহিতা)
 - (৩) হিব্রু ভাববাণী (গদ্য, কবিতা)
 - (৪) ব্যবস্থার শব্দ কৌশল (কোড)
 - খ. নূতন নিয়ম
 - (১) বর্ণনামূলক (সুসমাচার, প্রেরিত পুস্তক)
 - (২) দৃষ্টান্তসমূহ (সুসমাচার)
 - (৩) চিঠি/প্রেরিত পত্রসমূহ
 - (৪) রহস্য প্রকাশমূলক সাহিত্য

খ. দ্বিতীয় পাঠ চক্র

১. সমস্ত বইটি আবার পাঠ করুন, বড় বড় মূল বিষয় বা বিষয়বস্তু চিহ্নিত করতে অন্বেষণ করুন।
২. বড় বড় মূল বিষয় রূপরেখা করুন এবং সহজ ভাবে তাদের বিষয়বস্তু সংক্ষেপে বর্ণনা করুন।
৩. আপনার উদ্দেশ্যের বিবৃতি পরীক্ষা করুন এবং অধ্যয়ন উপকরণের সাহায্যে রূপরেখাটি বড় করুন।

গ. তৃতীয় পাঠ চক্র

১. সমগ্র বইটি আবার পাঠ করুন, বাইবেলের পুস্তক থেকে ঐতিহাসিক প্রেক্ষাপট ও লেখার নির্দিষ্ট উপলক্ষ্য খুঁজে বের করে চিহ্নিত করুন।
২. বাইবেলের পুস্তকে যে সব ঐতিহাসিক বিষয় উল্লেখিত হয়েছে তার তালিকা করুন
 - ক. লেখক
 - খ. তারিখ
 - গ. গ্রহীতা
 - ঘ. লেখার পিছনে নির্দিষ্ট কারণ

- ঙ. সংস্কৃতিগত প্রেক্ষাপটের দিক সমূহ যা লেখার উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত।
- চ. ঐতিহাসিক লোক এবং ঘটনার উল্লেখ
৩. যে বাইবেলের পুস্তকের আপনি অনুবাদ করছেন তার প্যারাফ্রাফ স্তর পর্যন্ত আপনার রূপরেখাকে প্রসারিত করুন। সব সময়ই সাহিত্যের একক চিহ্নিত করুন এবং রূপরেখা তৈরী করুন। এটা হতে পারে কয়েকটি অধ্যায় বা প্যারাফ্রাফ। এটি আপনাকে সক্ষম করবে মূল লেখকের যুক্তি এবং লেখনীর পরিকল্পনা অনুসরণ করতে।
৪. অধ্যয়ন উপকরণের সাহায্যে আপনার ঐতিহাসিক প্রেক্ষাপট পরীক্ষা করুন।
- ঘ. চতুর্থ পাঠ চক্র
১. নির্দিষ্ট সাহিত্য একক কয়েকটি ভিন্ন ভিন্ন অনুবাদ থেকে পাঠ করুন।
- ক. word-for-word (NKJV, NASB, NRSV)।
- খ. গতিশীল সমতাপূর্ণ (TEV, JB)
- গ. ভাবার্থ প্রকাশ(Living Bible, Amplified Bible)
২. সাহিত্যগত বা ব্যাকরণগত কাঠামো দেখুন
- ক. বারবার উল্লেখিত শব্দগুচ্ছ, ইফিযীয় ১:৬, ১২, ১৩
- খ. বার বার উল্লেখিত ব্যাকরণগত কাঠামো, রোমীয় ৮:৩১
- গ. বিপরীত ধারণা সমূহ
৩. পরবর্তী বিষয়গুলি তালিকা করুন
- ক. তাৎপর্যপূর্ণ টার্ম
- খ. অস্বাভাবিক টার্ম
- গ. গুরুত্বপূর্ণ ব্যাকরণগত কাঠামো
- ঘ. নির্দিষ্ট কঠিন শব্দসমূহ, বাক্যাংশ এবং বাক্যসমূহ
৪. সমতাপূর্ণ সমান্তরাল প্যাসেজ দেখুন
- ক. আপনার ব্যবহৃত বিষয়ের স্পষ্ট শিক্ষার প্যাসেজ দেখুন
- (১) ধারাবাহিক ধর্মতত্ত্ব পুস্তক
- (২) নির্দেশক পুস্তক বা রেফারেন্স বই
- (৩) পুস্তকে ব্যবহৃত শব্দের অক্ষরগত সূচী
- খ. আপনার বিষয়ের মধ্যে সামঞ্জস্য অসঙ্গত মনে হলেও সঙ্গত জোড়া বাক্য। অনেক বাইবেলের সত্য উপস্থাপন করা হয়েছে যুক্তিগত আলোচনার জোড়ায়; অনেক ডিনোমিনেশনগত দ্বন্দ্ব এসেছে বাইবেলের দ্বন্দ্বের অর্থ প্রমাণিত লেখনী বা প্রফ-টেস্টিং থেকে। সমগ্র বাইবেল অনুপ্রাণিত, এবং আমাদের অবশ্যই এর সম্পূর্ণ বার্তা খুঁজে বের করতে হবে আমাদের অনুবাদে শাস্ত্রীয় সামঞ্জস্যতা যোগানোর স্বার্থে।
- গ. একই পুস্তক, একই লেখক বা একই লেখনী কৌশলের সমান্তরাল বিষয়গুলি দেখুন; বাইবেলই হল এর সবচেয়ে ভাল অনুবাদক কারণ এতে রয়েছে একজন লেখক, আত্মা।
৫. ঐতিহাসিক প্রেক্ষাপট ও উপলক্ষ্য বিষয়ে আপনার পর্যবেক্ষণ অধ্যয়ন উপকরণের সহায়তায় পরীক্ষা করুন।
- ক. স্টাডি বাইবেল
- খ. বাইবেল বিশ্বকোষ, হ্যান্ডবুক ও ডিক্সনারী।
- গ. বাইবেলের ভূমিকা
- ঘ. বাইবেল ব্যাখ্যাসমূহ (আপনার অধ্যয়নের এই পয়েন্টে, বিশ্বাসী সম্প্রদায়কে সুযোগ দিন, অতীত এবং বর্তমান, আপনার ব্যক্তিগত অধ্যয়নে সহায়তা ও সংশোধন করতে।)

IV. বাইবেল ব্যাখ্যার প্রয়োগ

এই পয়েন্টে আমরা প্রয়োগের দিকে যাব। আপনি সময় নিয়েছেন লেখনীর মূল প্রেক্ষাপট উপলব্ধিতে; এখন এটি আপনার জীবনে, আপনার সংস্কৃতিতে অবশ্যই প্রয়োগ করবেন। আমি বাইবেল কর্তৃত্বকে এভাবে ব্যাখ্যা করি “মূল বাইবেল লেখক তার সময়ে কি বলেছেন এবং সেই সত্যকে আজকে আমাদের সময়ে প্রয়োগ ককরাটা বোঝা।”

প্রয়োগ অবশ্যই উভয় সময় এবং যুক্তিতে মূল লেখকের উদ্দেশ্য ব্যাখ্যা অনুসরণ করবে। আমরা ততক্ষণ পর্যন্ত বাইবেলের প্যাসেজ আমাদের সময়ে প্রয়োগ করতে পারি না যতক্ষণ পর্যন্ত আমরা বাইবেলের সময়ে এটি কি বলেছে তা না বুঝতে পারি! এই বাইবেল প্যাসেজ অবশ্যই এই অর্থ প্রকাশ করবে না যা এটি কখনোই অর্থ করেনি!

আপনার বিশদ রূপরেখা, প্যারাফ্রাফ স্তরে (পাঠ চক্র#৩) আপনার নির্দেশক হবে। প্রয়োগ অবশ্যই প্যারাফ্রাফ স্তরে নির্ণিত হবে, শব্দ স্তরে নয়! শব্দের কেবল লেখনীর প্রসঙ্গে অর্থ থাকে; বাক্যাংশেরও কেবল এর প্রসঙ্গে অর্থ থাকে; বাক্যেরও এর প্রসঙ্গে কেবল অর্থ থাকে। কেবল অনুপ্রাণিত ব্যক্তি মূল লেখকের ব্যাখ্যা প্রক্রিয়ায় জড়িত থাকে। আমরা কেবল মাত্র তার পথ অনুসরণ করি পবিত্র আত্মার আলোকে। কিন্তু আলোকিতকরণ অনুপ্রেরণা নয়। বলা হয়, ‘এই সদাপ্রভুর বাক্য’, আমাদের অবশ্যই মূল লেখকের উদ্দেশ্য মেনে চলতে হবে। প্রয়োগ অবশ্যই নির্দিষ্ট ভাবে সম্পর্কযুক্ত হবে সমগ্র লেখনীর সাধারণ উদ্দেশ্যে, নির্দিষ্ট সাহিত্য একক এবং প্যারাফ্রাফ স্তরের চিন্তার উন্নয়নের সাথে।

আমাদের সময়ের বিষয়কে বাইবেলের অনুবাদে যুক্ত করবেন না; বাইবেলকে কথা বলতে দিন! এতে অবশ্যই আমাদের আবশ্যিক হবে লেখনী থেকে নীতি বের করা। এটি বৈধ যদি লেখনী নীতিকে সমর্থন করে। দুর্ভাগ্যজনক ভাবে, অনেক সময় আমাদের নীতিসমূহ এরকম হয়—“আমাদের” নীতি—কিন্তু লেখনীর নীতি নয়।

বাইবেল প্রয়োগে, এটা মনে রাখা দরকার যে (ভাববণীর ক্ষেত্র ছাড়া) একটি নির্দিষ্ট বাইবেল লেখনীর একটি কেবলমাত্র একটিই অর্থ বৈধ। এই অর্থ মূল লেখকের উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত যেভাবে সে তার সময়ের কোন সমস্যা বা প্রয়োজন বিষয়ে বলেছে। এই একটি অর্থ থেকে অনেক সম্ভাব্য প্রয়োগ বের করা যেতে পারে। প্রয়োগের ভিত্তি হবে গ্রহীতার প্রয়োজন কিন্তু অবশ্যই মূল লেখকের অর্থের সঙ্গে সম্পর্কযুক্ত থাকবে।

V. অনুবাদে আত্মিক দিকসমূহ

যতটা সম্ভব আমি আলোচনা করেছি অনুবাদ ও প্রয়োগে জড়িত যুক্তিগত ও লেখনীগত কৌশল সম্বন্ধে। এখন আমি সংক্ষেপে অনুবাদের আত্মিক দিকসমূহ নিয়ে আলোচনা করবো। পরবর্তীতে উল্লেখিত পরীক্ষার তালিকা আমার জন্য সহায়ক হয়েছে:

- ক. আত্মার সাহায্যের জন্য প্রার্থনা (১ করি ১:২৬-২:১৬)।
- খ. ব্যক্তিগত ভাবে জানা পাপ সমূহের জন্য ক্ষমা ও শুচিতার জন্য প্রার্থনা (১ যোহন ১:৯)।
- গ. ঈশ্বরকে আরও ভালভাবে জানার আকাংখ্যা প্রার্থনা (গীত ১৯:৭-১৪; ৪২:১ পদ থেকে কয়েকটি পদ; ১১৯:১ পদ থেকে কয়েকটি পদ)।
- ঘ. যে কোন নূতন অন্তর্দৃষ্টি তৎক্ষণাৎ নিজের জীবনে প্রয়োগ।
- ঙ. অবিরত নন্দ ও শিখতে আগ্রহী থাকা।

যুক্তিগত প্রক্রিয়া এবং পবিত্র আত্মার আত্মিক নেতৃত্বের মধ্যে সমতা রক্ষা করা খুব কঠিন কাজ। পরবর্তী উদ্ধৃতি আমাকে সাহায্য করেছে দুটির মধ্যে সমতা রাখতে:

- ক. James W. Sire, *Scripture Twisting*, pp. 17-18 থেকে:

“ঈশ্বরের লোকদের মনে ঈশ্বরের কাছ থেকে আলো আসে—কেবলমাত্র আত্মিক উত্তমতার জন্য নয়। বাইবেল ভিত্তিক খ্রীষ্টধর্মের কোন আত্মিক গুরুর (guru) ক্লাশ নয়, কোন আলোকিতকরণ নয়, কোন লোক নয় যাদের মাধ্যমে সঠিক অনুবাদ অবশ্যই আসবে। এবং এরকমই, যখন পবিত্র আত্মা প্রজ্ঞা, জ্ঞান এবং আত্মিক বিচক্ষণতার বিশেষ দান দেন, তিনি কখনোই দান প্রাপ্ত খ্রীষ্টিয়ানদের তাঁর বাক্যের কর্তৃত্বকারী অনুবাদক হিসাবে বিবেচনা করেন না। এটি তাঁর প্রতিটি লোকের জন্য তারা শিখবে, বিচার করবে এবং মনোযোগ দেবে বাইবেলের উল্লেখ দ্বারা যেটি কর্তৃত্ব নিয়ে দাঁড়ান তাদেরও কাছে যাদের ঈশ্বর বিশেষ দক্ষতা দিয়েছেন। সকল কিছুর সারাংশে, বাইবেলের সমগ্র পুস্তকের বিষয়ে আমার অনুমান হল সে সকল মানুষের জন্য ঈশ্বরের সত্যিকার প্রকাশ, আর সকল বিষয় সম্পর্কে এটি যা বলে তাহল আমাদের চূড়ান্ত কর্তৃত্ব, এটা কোন ভাবেই সম্পূর্ণ রহস্যময় নয় কিন্তু প্রতিটি সংস্কৃতির সাধারণ লোকের দ্বারা তা সম্পূর্ণভাবে বোধগম্য হতে পারে।”

- খ. ‘Kierkegaard’, Bernard Ramm, প্রতিষ্ঠিত *Protestant Biblical Interpretation*, p. 75:

‘Kierkegaard’ অনুসারে বাইবেলের ব্যাকরণগত, শব্দগত ও ঐতিহাসিক অধ্যয়ন প্রয়োজন ছিল কিন্তু প্রাথমিকভাবে ছিল বাইবেলের সত্যিকার পাঠের জন্য। “ঈশ্বরের বাক্য হিসাবে বাইবেল পাঠ, লোকেরা অবশ্যই একে মুখে পাঠ করবে অন্তর দিয়ে, নিঃশব্দে, সাগ্রহে প্রত্যাশায়, ঈশ্বরের সঙ্গে কথা বলতে। চিন্তা-ভাবনা ছাড়া বা উদাসীনভাবে বা যত্নহীন ভাবে বা মানসিক ভাবে বা পেশাগতভাবে বাইবেল পাঠ ঈশ্বর বাক্য হিসাবে বাইবেল পাঠ নয়। যেমন কেউ একজন এটি পাঠ করে যেভাবে ভালবাসার পত্র পড়ে সেভাবে, অন্যদিকে আর একজন পাঠ করে এটি ঈশ্বরের বাক্য হিসাবে।”

- গ. H. H. Rowley in *The Relevance of the Bible*, p. 19:

“বাইবেল কেবলমাত্র মেধাগত বোধগম্যতা নয়, যদিও সম্পূর্ণরূপে, সকলে এর সম্পদের অধিকারী হতে পারে। এটি এই ধরণের বোধগম্যতাকে হয় জ্ঞান করে না, কারণ এটি আবশ্যিক এর সম্পূর্ণ বোধগম্যতা। কিন্তু এটি অবশ্যই পরিচালিত করবে এই পুস্তকের আত্মিক সম্পদের আত্মিক বোধগম্যতার দিকে যদি এটি সম্পূর্ণ করা হয়। এই কারণে মেধাগত দক্ষতার প্রয়োজনের চেয়েও আত্মিক বোধগম্যতা আরও বেশী দরকারী। আত্মিক বিষয় আত্মিক বিচক্ষণায় দেখতে হবে, এবং বাইবেলের শিক্ষার্থীর দরকার আত্মিক ভাবে গ্রহণের মনোভাব, ঈশ্বরকে পাবার এক অদম্য আগ্রহ যা তাকে তাঁর কাছে সমর্পণ করতে পারে, যদি সে তার বৈজ্ঞানিক অধ্যয়নকে বাদ দিয়ে আসতে পারে সমস্ত পুস্তকের সবচেয়ে মহান উচ্চতর উত্তরাধিকারের দিকে।”

VI. এই ব্যাখ্যা পুস্তকের পদ্ধতি

এই অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা পুস্তক পরিকল্পিত হয়েছে আপনার অনুবাদের কার্যধারার সাহায্য করতে পরবর্তীতে উল্লেখিত কয়েকটি উপায়ে:

- ক. প্রতিটি পুস্তকের একটি সংক্ষিপ্ত ঐতিহাসিক রূপরেখা দেওয়া হয়েছে। পাঠ চক্র#৩ শেষ করার পরে আপনি এই তথ্যগুলি পরীক্ষা করবেন।
- খ. প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি প্রতিটি অধ্যায়ের শুরুতে পাবেন। এটি আপনাকে দেখতে সাহায্য করবে যে কিভাবে সাহিত্যের একক বিন্যস্ত করা হয়েছে।
- গ. প্রতিটি অধ্যায়ের শুরুতে বা বড় সাহিত্যের একক প্যারাগ্রাফ বিভাগ এবং সেগুলির বর্ণনামূলক শিরোনাম কয়েকটি অনুবাদকের অনুবাদ থেকে দেওয়া হয়েছে:

১. The United Bible Society Greek text, fourth edition revised(UBS⁴)
২. The New American Standard Bible, 1995 Update (NASB)
৩. The New King James Version (NKJV)

৪. The New Revised Standard Version (NRSV)

৫. Today's English Version (TEV)

৬. The Jerusalem Bible (JB)

প্যারাগ্রাফ বিভাগ অনুপ্রাণিত নয়। সেগুলি অবশ্যই নির্ণয় করা হয়েছে লেখনীর প্রসঙ্গ থেকে। ভিন্ন ভিন্ন অনুবাদ তত্ত্ব ও ধর্মতাত্ত্বিক দৃষ্টিকোণের কয়েকটি আধুনিক অনুবাদের সঙ্গে তুলনা করে, আমরা সক্ষম হয়েছি মূল লেখকের চিন্তার আনুমানিক কাঠামো বিশ্লেষণ করতে। প্রতিটি প্যারাগ্রাফে একটি বড় সত্য রয়েছে। একে বলা হয় “বিষয় বাক্য”(the topic sentence) বা ‘লেখনীর মূল চিন্তা।’ এই যুক্ত চিন্তা হল চাবিকাঠি সঠিক ঐতিহাসিক, ব্যাকরণগত অনুবাদের। কারোরই অনুবাদ, প্রচার বা শিক্ষা দেওয়া উচিত নয় কোন একটি প্যারাগ্রাফের ছাড়া! আরও মনে রাখা দরকার যে প্রতিটি প্যারাগ্রাফ তার চারপাশের প্যারাগ্রাফ দ্বারা বেষ্টিত। সেজন্য সমগ্র পুস্তকের প্যারাগ্রাফ স্তরের রূপরেখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের অবশ্যই সক্ষম হতে হবে বিষয়ের যুক্তিগত প্রবাহের দিক অনুসরণ করা যেটি অনুপ্রাণিত মূল লেখক বলতে চেয়েছেন।

ঘ. ববের নোট verse-by-verse অনুবাদ প্রতিক্রিয়া অনুসরণ করেছে। এটি আমাদের বাধ্য করেছে মূল লেখকের চিন্তা অনুসরণ করতে। এই নোট আমাদের কয়েকটি ক্ষেত্রের তথ্য সরবরাহ করেছে:

১. সাহিত্যের প্রসঙ্গ
২. ঐতিহাসিক, সাংস্কৃতিক অর্ন্তদৃষ্টি
৩. ব্যাকরণগত তথ্য
৪. শব্দ অধ্যয়ন
৫. সমতাপূর্ণ সমান্তরাল প্যাসেজ

ঙ. ব্যাখ্যার একটি নির্দিষ্ট পয়েন্টে, New American Standard Version (১৯৯৫ আপডেটস) ছাপান লেখনী যুক্ত করা হবে আধুনিক কয়েকটি অনুবাদের সংস্করণ দ্বারা:

১. The New King James Version (NKJV), এটি ‘Textus Receptus’ লেখনীগত পাতুলিপিটি অনুসরণ করেছে।
২. The New Revised Standard Version (NRSV), এটি National Council of Churches of the Revised Standard Version এর word-for-word সংশোধিত সংস্করণ।
৩. The Today's English Version (TEV), এটি American Bible Society এর গতিশীল সমতাপূর্ণ অনুবাদ।
৪. The Jerusalem Bible (JB), এটি হল একটি ইংলিশ অনুবাদ যার ভিত্তি হল French Catholic গতিশীল সমতাপূর্ণ অনুবাদ।

চ. তাদের জন্য যারা গ্রীক পড়েনি, তুলনামূলক ইংলিশ অনুবাদ সাহায্য করতে পারে লেখনীর সমস্যাসমূহ চিহ্নিত করতে:

১. পাতুলিপির পার্থক্য
২. বিকল্প শব্দার্থ
৩. ব্যাকরণগত সমস্যাবহুল লেখনী ও কাঠামো
৪. দ্ব্যর্থব্যাঞ্জক লেখনী।

যদিও ইংলিশ অনুবাদ এই সব সমস্যা সমাধান করতে পারে না, তবে তারা একে আরও গভীর ও ব্যাপক অধ্যয়নের বিষয় বস্তুতে পরিণত করে।

ছ. প্রতিটি অধ্যায়ের শেষে সঙ্গতিপূর্ণ আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে যেগুলি লক্ষ্য করতে চেষ্টা করেছে ঐ অধ্যায়ের বড় অনুবাদকৃত বিষয়ের দিকে।

রোমীয়দের প্রতি পত্রের ভূমিকা

প্রারম্ভিক বক্তব্য

- ক. রোমীয় পুস্তক হল প্রেরিত পৌলের সবচেয়ে পদ্ধতিগত এবং যুক্তিগত মতবাদের পুস্তক। এটি রোমের ঘটনাবলীর দ্বারা প্রভাবিত হয়েছিল, সেজন্য এটি হল একটি 'সাময়িক ঘটনার' লিখিত দলিল। কোন কিছু ঘটেছিল যা পৌলের এই পত্র লেখার কারণ হয়েছিল। যাহোক, এটি হল পৌলের লেখার সবচেয়ে নিরপেক্ষ লেখনী, এতে পৌলের উপায়ের সমস্যা (সম্ভবত বিশ্বাসী যিহুদী ও নেতৃত্বদানকারী পরজাতিয়দের মধ্যে, ১৪:১-১৫:১৩) নিয়ে আলোচিত হয়েছে, এটি সুসমাচারের এবং প্রতিদিনের জীবনে এর প্রয়োগের একটি স্পষ্ট উপস্থাপনা ছিল।
- খ. গালাতিয়া পত্রের সত্যের ধর্মতাত্ত্বিক ব্যাখ্যা হল রোমীয় পত্র। ইফিসীয় পত্র হল রোমীয় পত্রের উন্নয়নে পত্রের বৃত্তাকার চক্রের সারাংশ। পৌলের সুসমাচার পরিবর্তিত হয়নি কিন্তু তার উপস্থাপনার পদ্ধতি এটা করেছে!
- গ. রোমীয় পত্রে পৌলের সুসমাচার উপস্থাপন প্রতিটি যুগের মান্ডলীক জীবনকে প্রভাবিত করেছে।
১. আগস্টিন ধর্মান্তরিত হয়েছেন ৩৮৬ সনে রোমীয় ১৩:১৩-১৪ পাঠ করে।
 ২. মার্টিন লুথারের পরিদ্রাণ বিষয়ক উপলব্ধি ব্যাপক ভাবে পরিবর্তিত হয় ১৫১৩ সনে যখন তিনি গীত ৩১:১ এর সাথে রোমীয় ১:১৭ তুলনা করেন (হবক ২:৪)।
 ৩. জন ওয়েসলী, ১৭৩৮ সনে লন্ডনের মেনোনাইট মিটিংয়ে গিয়েছিলেন, মন পরিবর্তন করেন রোমীয় পত্রের ভূমিকা পাঠে লুথারের প্রচার শোনার পরে কারণ নির্দিষ্ট প্রচারক একমত ছিলেন না!
- ঘ. রোমীয় পত্রকে জানা হল খ্রীষ্টধর্ম সম্পর্কে জানা! পত্রটি যীশুর জীবন ও শিক্ষাকে একটি দৃঢ় সত্যের আকার দান করে সমস্ত যুগের সমস্ত মন্ডলীর জন্য। মার্টিন লুথার একে বলেছেন, "নূতন নিয়মের প্রধান বই এবং খাঁটি সুসমাচার!"
- ঙ. আমি সব সময় নূতন বিশ্বাসীদের উৎসাহিত করি প্রতিদিন বাইবেল পাঠ শুরু করতে। আমি তিনটি নূতন নিয়মের বই থেকে শুরু করার পরামর্শ দেই।
১. যোহন সুসমাচার, যীশুকে বুঝতে
 ২. রোমীয় পুস্তক, মন্ডলীতে যীশুর শিক্ষার প্রয়োগ বুঝতে
 ৩. ১ যোহন, কিভাবে প্রতিদিনের জীবনে সুসমাচারে জীবন যাপন করা যায় তা জানতে।

লেখক

পৌল হলেন নিশ্চিত ভাবে এর লেখক। ১:১ পদে তার স্বাভাবিক শুভেচ্ছা পাওয়া যায়। সকলে এই বিষয়ে একমত যে পৌলের 'মাংসে কাটা' ছিল তার খরাপ দৃষ্টিশক্তি, সেজন্য, তিনি নিজের হাতে পত্রটি লেখেননি, কিন্তু তিনি একজন scribe (লিপিকার) তর্জিয়কে ব্যবহার করেছিলেন (১৬:২২)।

তারিখ

- ক. রোমীয় পুস্তকের লেখনীর সাক্ষ্য তারিখ হল ৫৬-৫৮ সন। নূতন নিয়মের কয়েকটি পুস্তকের মধ্যে এটি হল একটি যার তারিখ নিশ্চিত ভাবেই সঠিক হতে পারে। এটি করা হয়েছে প্রেরিত ২০:২ পদের সঙ্গে রোমীয় ১৫:১৭ পদ থেকে কয়েকটি পদের তুলনা করে। রোমীয় পত্রটি সম্ভবত করিন্থে বসে লেখা হয়েছিল পৌলের তৃতীয় প্রচার যাত্রার শেষ দিকে, ঠিক তার যিরুশালেমে রওনা হবার আগে।
- খ. পৌলের লেখার সাক্ষ্য সময়কাল অনুসরণ করা হয়েছে F. F. Bruce and Murry Harris এর সাথে সামান্য পরিবর্তন করে।

পুস্তক	তারিখ	লেখার স্থান	প্রেরিত পুস্তকের সাথে সম্পর্ক
১. গালাতীয়	৪৮	সিরিয়ার আন্তিয়খিয়া	১৪:২৮; ১৫:২
২. ১ থিমলনীকীয়	৫০	করিথ	১৮:৫
৩. ২ থিমলনীকীয়	৫০	করিথ	
৪. ১ করিন্থীয়	৫৫	ইফিস	১৯:২০
৫. ২ করিন্থীয়	৫৬	মাকিদনিয়া	২০:২
৬. রোমীয়	৫৭	করিথ	২০:৩
৭.-১০. জেলখানার পত্রাবলী			
কলসীয়	৬০ সনের প্রথম দিক		
ইফিসীয়	৬০ সনের প্রথম দিক	রোম	

ফিলিম্ন	৬০ সনের প্রথম দিক	
ফিলিপীয়	৬২-৬৩ সনের শেষ দিক	২৮:৩০-৩১
১১.-১৩. চতুর্থ প্রচার যাত্রা		
১ তীমথিয়	৬৩ (বা পরে,	মাকিদনিয়া
তীত	৬৩ কিন্তু ৬৪ সনের	ইফিষ(?)
২ তীমথিয়	৬৩ আগে)	রোম

গ্রহিতা বা কাদের উদ্দেশ্যে লিখিত

পত্রটি বলছে এর গন্তব্য রোম। আমরা এটা জানি না যে কে রোমের মন্ডলী প্রতিষ্ঠা করেছিল।

ক. এটা হতে পারে যে কিছু লোক পঞ্চাশতমীর সময়ে যিরুশালেমে গিয়েছিল ও বিশ্বাসী হয়েছিল এবং রোমে ফিরে মন্ডলী শুরু করেছিল (প্রেরিত ২:১০)।

খ. এটাও হতে পারে যে শিষ্যরা স্ত্রিফানের মৃত্যুর পরে অত্যাচারের কারণে রোমে পালিয়ে গিয়েছিল (প্রেরিত ৮:৪)।

গ. এটাও হতে পারে পৌলের প্রচার যাত্রায় এরা বিশ্বাসী হয়েছিল যারা রোমে গিয়েছিল। পৌল এই মন্ডলীতে কখনোও যাননি, কিন্তু তিনি যেতে চেয়েছিলেন (প্রেরিত ১৯:২১)। তার সেখানে অনেক বন্ধু ছিল (রোমীয় ১৬)।

দৃশ্যত স্পেন থেকে তার রোমে যাবার পরিকল্পনা ছিল (রোমীয় ১৫:২৮) 'ভালবাসার দান' নিয়ে যিরুশালেম যাবার পরে। পৌল মনে করেছিলেন যে পূর্ব ভূমধ্যসাগরীয় অঞ্চলে তার পরিচর্যা কাজ শেষ হয়ে গেছে। তিনি নূতন প্রচার ক্ষেত্র অনুসন্ধান করছিলেন (রোমীয় ১৫:২০-২৩, ২৮)। করিন্থ থেকে পৌলের চিঠিটি রোমে নিয়ে গিয়েছিলেন ফৈবী, যিনি একজন ডিকন ছিলেন, যিনি রোমের দিকেই যাচ্ছিলেন (রোমীয় ১৬:১)।

কেন এই চিঠি, যেটি লেখা হয়েছিল প্রথম শতকের একজন যিহুদী তামু প্রস্তুতকারকের দ্বারা করিন্থে বসে তা এত মূল্যবান? মার্টিন লুথার একে বলেছেন, "নূতন নিয়মের প্রধান বই ও খাঁটি সুসমাচার।" এই বইটির মূল্য পাওয়া যায় এই সত্যে যে এটি হল সুসমাচারের এক গভীর ও বিশদ ব্যাখ্যা যেটি লিখেছিলেন একজন ধর্মান্তরিত রাব্বি, তার্শ নগরীর শৌল, যাকে বলা হয়েছে পরজাতীয়দের কাছে একজন প্রেরিত। পৌলের বেশীর ভাগ পত্র স্থানীয় পরিস্থিতিকে দৃঢ়তার সাথে অংকন করেছে, রোমীয় পত্রটি নয়। এটি হল প্রৈরিতিক বিশ্বাসের পদ্ধতিগত উপস্থাপনা।

আপনি কি উপলব্ধি করেছেন, সহ-খ্রীষ্টিয়ানেরা, আজকে 'বিশ্বাস' বর্ণনা করতে যেয়ে বেশীর ভাগ কৌশলগত টার্ম ব্যবহার করছেন ("ধার্মিক গণনা", "অভিযুক্ত করণ", "দত্তক নেওয়া" এবং "পবিত্রকরণ") যেগুলি এসেছে রোমীয় পত্র থেকে? এটি হল গালাতীয় পত্রের সত্যের ধর্মতাত্ত্বিক উন্নয়ন। ঈশ্বরের কাছ প্রার্থনা করুন যেন তিনি এই বিশ্বয়কর পত্রটি আপনার কাছে উন্মুক্ত করেন যেন আমরা একত্রে আমাদের জীবনে তাঁর ইচ্ছাকে অনুসন্ধান করতে পারি!

উদ্দেশ্য

ক. রোমের মন্ডলীর কাছে স্পেনে প্রচার যাত্রার জন্য সাহায্যের আবেদন জানানো হয়েছে। পৌল দেখেছিলেন যে পূর্ব ভূমধ্যসাগরীয় অঞ্চলে তার প্রেরিত কাজ শেষ হয়েছে (১৫:২০-২৩, ২৮)।

খ. বিশ্বাসী যিহুদী ও বিশ্বাসী পরজাতীয়দের মধ্যে রোমীয় মন্ডলীতে যে সমস্যা তা উল্লেখ করেছিলেন। সম্ভবত এটি ছিল রোম থেকে সকল যিহুদীদের বহিস্কার ও তাদের পরবর্তীতে ফিরে আসার ফলাফল। এতে মন্ডলীতে পরজাতীয় খ্রীষ্টিয়ান নেতারা যিহুদী খ্রীষ্টিয়ান নেতাদের স্থান অধিকার করেছিলেন।

গ. নিজেকে রোমীয় মন্ডলীতে পরিচিত করানো। পৌলের প্রতি যিরুশালেমের ধর্মান্তরিত গোড়া যিহুদীদের অনেক বিরোধিতা ছিল (যিরুশালেম মহাসভা, প্রেরিত ১৫), যারা খাঁটি যিহুদী ছিল না তাদের কাছ থেকে (গালাতীয় এবং ২ করিন্থীয় ৩, ১০-১৩ পদের Judaizers {যারা শিক্ষা দিত শুধু ঈশ্বরের অনুগ্রহ নয় সঙ্গে মানবিক প্রচেষ্টা প্রয়োজন}), এবং পরজাতীয়দের কাছ থেকে (কলসীয়, ইফিষীয়) যারা চেষ্টা করতো সুসমাচারের সঙ্গে তাদের তত্ত্ব বা দর্শনকে মিশ্রিত করতে (যেমন জ্ঞানবাদ)।

ঘ. পৌলকে অভিযুক্ত করা হয় বিপদজনক প্রবর্তক, যীশুর শিক্ষার সঙ্গে অবিবেচক ভাবে যুক্তকারী হিসাবে। রোমীয়দের প্রতি পত্র হল তার পদ্ধতিগত আত্মপক্ষ সমর্থন পুরাতন নিয়ম এবং যীশুর শিক্ষা (সুসমাচার) ব্যবহার করে কিভাবে তার সুসমাচার সত্য তা দেখানো।

সংক্ষিপ্ত রূপরেখা

- ক. ভূমিকা (১:১-১৭)
১. সালাম (১:১-৭)
- ক. লেখক (১-৫)
- খ. লক্ষ্য (৬-৭)

- গ. শুভেচ্ছা (৭৬)
২. উপলক্ষ্য (১:৮-১৫)
৩. মূল ভাব (১:১৬-১৭)
- খ. ঐশ্বরীক ধার্মিকতা প্রয়োজন (১:১৮-৩:২০)
১. পরজাতিয় জগতের ক্ষয় (১:১৮-৩২)
২. যিহুদী অথবা পৌত্তলিক নৈতিকতাবাদীদের ভঙ্গামী (২:১-৬)
৩. বিশ্বজনীন নিন্দনীয় (৩:৯-২০)
- গ. ঐশ্বরীক ধার্মিকতা কি (৩:২১-৮:৩৯)
১. কেবলমাত্র বিশ্বাস দ্বারাই ধার্মিকতা লাভ (৩:২১-৩১)
২. ধার্মিকতার ভিত্তি : ঈশ্বরের প্রতিজ্ঞা (৪:১-২৫)
- ক. অব্রাহামের সত্যিকার মর্যাদা (৪:১-৫)
- খ. দায়ুদ (৪:৬-৮)
- গ. তুকেছেদের সঙ্গে অব্রাহামের সম্পর্ক (৪:৯-১২)
- ঘ. অব্রাহামের কাছে ঈশ্বরের প্রতিজ্ঞা (৪:১৩-২৫)
৩. ধার্মিকতা সম্পাদন (৫:১-২১)
- ক. বিষয় ভিত্তিক দিক: অনুপযুক্ত ভালবাসা, অসমতাপূর্ণ আনন্দ (৫:১-৫)
- খ. উদ্দেশ্যমূলক ভিত্তি: ঈশ্বরের চমৎকার ভালবাসা (৫:৬-১১)
- গ. আদম/খ্রীষ্ট প্রতিকীতন্ত্র: আদমের অপরাধ, ঈশ্বরীয় আইন বা বন্দোবস্ত (৫:১২-২১)
৪. ঐশ্বরীক ধার্মিকতা অবশ্যই ব্যক্তিগত ধার্মিকতার বিষয় হবে (৬:১-৭:২৫)
- ক. পাপ থেকে মুক্ত হওয়া (৬:১-১৪)
- (১) ধারণাগত বিরোধিতা (৬:১-২)
- (২) বাস্তবের অর্থ (৬:৩-১৪)
- খ. শয়তানের দাসত্ব অথবা ঈশ্বরের দাসত্ব: আপনার মনোনয়ন (৬:১৫-২৩)
- গ. পুরুষের বিবাহের ব্যবস্থা (৭:১-৬)
- ঘ. ব্যবস্থা উত্তম, কিন্তু পাপ উত্তমতাকে বাধা দান করে (৭:৭-১৪)
- ঙ. বিশ্বাসীদের মধ্যে ভাল এবং মন্দের অনন্তকালীন সংগ্রাম (৭:১৫-২৫)
৫. ঐশ্বরীক ধার্মিকতার দৃশ্যমান ফলাফল (৮:১-৩৯)
- ক. আত্মায় জীবন (৮:১-১৭)
- খ. সৃষ্টির পরিত্রাণ (৮:১৮-২৫)
- গ. আত্মার অবিরত সাহায্য (৮:২৬-৩০)
- ঘ. বিশ্বাস দ্বারা ধার্মিক গণিত হওয়ার বৈধ বিজয় (৮:৩১-৩৯)
- ঘ. সকল মানবের জন্য ঐশ্বরীক উদ্দেশ্য (৯:১-১১:৩২)
১. ইস্রায়েলের নির্বাচন (৯:১-৩৩)
- ক. বিশ্বাসের প্রকৃত উত্তরাধিকারী (৯:১-১৩)
- খ. ঈশ্বরের সার্বভৌমত্ব (৯:১৪-২৬)
- গ. ঈশ্বরে বিশ্বজনীন পরিকল্পনায় পৌত্তলিকেরা অন্তর্ভুক্ত (৯:১৪-২৬)
২. ইস্রায়েলের পরিত্রাণ (১০:১-২১)
- ক. ঈশ্বরের ধার্মিকতা বনাম মানবিক ধার্মিকতা (১০:১-১৩)
- খ. ঈশ্বরের অনুগ্রহের অবশ্যকতার বার্তা, বিশ্বব্যাপি প্রচারের আহবান (১০:১৪-১৮)
- গ. ইস্রায়েলের অবিরত খ্রীষ্টতে অশ্বাস (১০:১৯-২১)
৩. ইস্রায়েলের ব্যর্থতা (১১:১-৩৬)
- ক. যিহুদী অবশিস্টাংশ (১১:১-১০)
- খ. যিহুদীদের ঈর্ষা (১১:১১-২৪)
- গ. ইস্রায়েলের সাময়িক অন্ধত্ব (১১:২৫-৩২)
- ঘ. পৌলের উচ্ছসিত প্রশংসা (১১:৩৩-৩৬)
- ঙ. ঐশ্বরীক ধার্মিকতা দানের ফলাফল (১২:১-১৫:১৩)
১. উৎসর্গীকরণের আহবান (১২:১-২)
২. দানের ব্যবহার (১২:৩-৮)
৩. বিশ্বাসীদের সঙ্গে অন্য বিশ্বাসীদের সম্পর্ক (১২:৯-২১)
৪. দেশের সঙ্গে সম্পর্কে (১৩:১-৭)
৫. প্রতিবেশির সঙ্গে সম্পর্ক (১৩:৮-১০)

৬. আমাদের প্রভুর সঙ্গে সম্পর্ক (১৩:১১-১৪)
 ৭. মন্ডলীর সহ সদস্যর সঙ্গে সম্পর্ক (১৪:১-১২)
 ৮. অন্যদের উপরে আমাদের প্রভাব (১২:১৩-২৩)
 ৯. খ্রীষ্ট সাদৃশ্যতায় সম্পর্ক (১৫:১-১৩)
- চ. উপসংহার (১৫:১৪-৩৩)
 ১. পৌলের ব্যক্তিগত পরিকল্পনা (১৫:১৪-২৯)
 ২. প্রার্থনার জন্য অনুরোধ (১৫:৩০-৩৩)
 - ছ. পুনশ্চ (১৬:১-২৭)
 ১. শুভেচ্ছা (১৬:১-২৪)
 ২. আশীর্বচন (১৬:২৫-২৭)

পাঠ চক্র এক (viii পৃষ্ঠায় দেখুন)

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

একবারেই সমগ্র বাইবেলটি পাঠ করুন। সমগ্র পুস্তকের কেন্দ্রীয় মূল ভাব আপনার নিজের কথায় বর্ণনা করুন।

১. সমগ্র পুস্তকের মূল ভাব
২. সাহিত্যের প্রকার(genre)

পাঠ চক্র ২ (viii পৃষ্ঠায় দেখুন)

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

একবারেই সমগ্র বাইবেলটি দ্বিতীয়বার পাঠ করুন। প্রধান বিষয় রূপরেখা করুন এবং একটি বাক্যে বিষয়টি প্রকাশ করুন।

১. প্রথম সাহিত্যের এককের বিষয় বস্তু
২. দ্বিতীয় সাহিত্যের এককের বিষয় বস্তু
৩. তৃতীয় সাহিত্যের এককের বিষয় বস্তু
৪. চতুর্থ সাহিত্যের এককের বিষয় বস্তু
৫. ইত্যাদি।

রোমীয় ১

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ ^১				
UBS ^৪	NKJV	NRSV	TEV	NJB
সালাম ১:১-৭	শুভেচ্ছা সালাম ১:১-৭	সালাম ১:১-৬	সালাম ১:১ ১:২-৬	বক্তৃতা ১:১-২ ১:৩-৭
পৌলের রোমে যাবার আকাংখ্যা ১:৮-১৫	রোমে যাবার আকাংখ্যা ১:৮-১৫	ধন্যবাদ জ্ঞাপন ১:৮-১৫	ধন্যবাদ জ্ঞাপনের প্রার্থনা ১:৮:১২ ১:১৩-১৫	ধন্যবাদ জ্ঞাপন ও প্রার্থনা ১:৮:১৫
সুসমাচারের শক্তি ১:১৬-১৭	ধার্মিক বিশ্বাস হেতু বাঁচবে ১:১৬-১৭	পত্রের মূল ভাব ১:১৬-১৭	সুসমাচারের শক্তি ১:১৬-১৭	মূল ভাব বর্ণিত ১:১৬-১৬
মানবজাতির দোষ ১:১৮-২৩ ১:২৪-৩২	অধার্মিকদের প্রতি ঈশ্বরের ক্রোধ ১:১৮:৩২	পাপের প্রতি ঈশ্বরের দণ্ড ১:১৮-২৩ ১:২৪-২৫ ১:২৬-২৭ ১:২৮-৩২	মানবজাতির দোষ ১:১৮:২৩ ১:২৪-২৫ ১:২৬-২৭ ১:২৮-৩২	পরজাতিদের বিরুদ্ধে ঈশ্বরের প্রতিশোধ ১:১৮-২৩ ১:২৪-২৫ ১:২৬-২৭ ১:২৮-৩২

পাঠ চক্র তিন (৮ পাতা দেখুন)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ।

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

প্রসঙ্গের অন্তর্দৃষ্টি

^১ যদিও অনুপ্রাণিত নয়, কিন্তু প্যারাগ্রাফ বিভাগ হল মূল লেখকের উদ্দেশ্য বোঝা ও অনুসরণের চাবিকাঠি। প্রতিটি আধুনিক অনুবাদ প্রথম অধ্যায় বিভাগ এবং সারাংশ করেছে। প্রতিটি প্যারাগ্রাফের রয়েছে একটি কেন্দ্রীয় বিষয়, সত্য বা চিন্তা। প্রতিটি অনুবাদ তার নিজস্ব পদ্ধতিতে এই বিষয়কে সারাংশ করেছে। যখন আপনি টেক্সট পাঠ করেন, তখন নিজেকে প্রশ্ন করবেন যে কোন অনুবাদটি আপনার বিষয় উপলব্ধি এবং পদ বিভাগের সাথে খাপ খায়।

প্রতিটি অধ্যায়ে আপনি অবশ্যই প্রথমে বাইবেল পড়বেন এবং চেষ্টা করবেন বিষয়টি বুঝতে (প্যারাগ্রাফ)। তারপর আপনার উপলব্ধির সাথে আধুনিক অনুবাদ তুলনা করবেন। কেবলমাত্র যখন কেউ মূল লেখকের উদ্দেশ্য বুঝতে পারে লেখকের যুক্তি এবং উপস্থাপনা অনুসরণ করে তখনই কেউ সত্যিকার ভাবে বাইবেল বুঝতে পারে। কেবলমাত্র মূল লেখক অনুপ্রাণিত-পাঠকের কোন অধিকার নেই বার্তা পরিবর্তন বা পরিমার্জনের। বাইবেল পাঠকদের দায়িত্ব হল তাদের সময়কালে তাদের জীবনে অনুপ্রাণিত সত্যকে প্রয়োগ করা।

লক্ষ্য করুন সকল টেকনিক্যাল টার্ম এবং শব্দ সংক্ষেপ সম্পূর্ণ ব্যাখ্যা করা হয়েছে পরিশিষ্ট এক, দুই ও তিনে।

- ক. ১-৭ পদ পত্রের ভূমিকা গঠন করেছে। পৌলের যে কোন পত্রের চেয়ে এটি সবচেয়ে বড় ভূমিকা। তিনি চেষ্টা করেছেন তার নিজেকে এবং মন্ডলীর প্রতি তার ধর্মতত্ত্ব পরিচিত করাতে যারা ব্যক্তিগত ভাবে তাকে চেনে না এবং হয়তো তারা তার সম্পর্কে নেতিবাচক কোন কিছু শুনে থাকবে।
- খ. ৮-১২ পদ হল ধন্যবাদ জ্ঞাপনের প্রারম্ভিক প্রার্থনা। এটি সাধারণত গ্রীক পত্রের বৈশিষ্ট্য এবং পৌলের লেখনীর বিশেষত্ব।
- গ. ১৬-১৭ পদ পুস্তকের মূল ভাব বর্ণনা করেছে।
- ঘ. ১৮ পদ থেকে ৩:২০ পদ প্রথম সাহিত্য একক এবং পৌলের সুসমাচারের প্রথম পয়েন্ট গঠন করেছে। কল মানুষ (৩ দল) হারিয়ে গেছে এবং তাদের উদ্ধার পাবার দরকার (আদি ৩)।
১. অনৈতিক পৌত্তলিক
 ২. নৈতিক পৌত্তলিক
 ৩. যিহুদী
- ঙ. রোমীয় ১:১৮-৩:২০ পদ আদি ৩ অধ্যায়ের প্রতিফলন(বিস্ময়কর ভাবে রাবিরা এই টেক্সটের প্রতি দৃষ্টি দেয়নি, কিন্তু আদি ৬ অধ্যায় পাপের আদি উৎস হিসাবে)। মানুষকে সৃষ্টি করা হয়েছে ঈশ্বরের নিজের প্রতিমূর্তিতে (আদি ১:২৬-২৭) তাঁর সঙ্গে সহভাগিতার জন্য। যাহোক, মানুষ বেছে নিয়েছে আলোকিত হওয়া এবং ক্ষমতা ও স্বাধীনতার প্রতিজ্ঞা। এর ফলে, মানুষ ঈশ্বরের প্রশংসার সঙ্গে নিজেদের প্রশংসার বিনিময় করেছে (নাস্তিক মানবতাবাদ)!
- ঈশ্বর এই সমস্যাকে অনুমোদন করেছেন। ঈশ্বরের প্রতিমূর্তি হওয়া হল দায়িত্ব প্রাপ্ত হওয়া, নৈতিকভাবে কৈফিয়তযোগ্য হওয়া, ইচ্ছাশক্তি অনুসারে ফলাফল মুক্ত হওয়া। ঈশ্বর মানুষকে পৃথক করেছেন তাঁর এবং তাদের মনোনয়ন দ্বারা (নিয়মের সম্পর্ক)! তিনি তাদের সুযোগ দিয়েছেন সকল ফলাফল সহ তাদের নিজেদের ইচ্ছাকে মনোনয়নের জন্য। ঈশ্বর অনুশোচনা করেছেন (আদি ৬:৫-৭), কিন্তু মানুষ হল মুক্ত নৈতিক প্রতিনিধি এর সকল অধিকার ও দায়িত্ব যা আনবে। পুনরাবৃত্তির শব্দগুচ্ছ “ঈশ্বর তাদের সমর্পণ করেছেন” (১:২৪, ২৬, ২৮) হল সেই স্বাধীনতার স্বীকৃতি, ইচ্ছাকৃত ভাবে ঈশ্বর দ্বারা প্রত্যাখিত নয়। এটা ঈশ্বরের মনোনয়ন ছিল না। এটা সেই জগৎ নয় যে জগৎ ঈশ্বর পরিকল্পনা করেছিলেন (আদি ৩:২২; ৬:৫-৭, ১১-১৩)!
- চ. ১:১৮-৩:২০ পদের ধর্মতাত্ত্বিক সারাংশ পাওয়া গিয়েছে ৩:২১-৩১ পদে। এটাই হল সুসমাচারের প্রথম ধর্মতাত্ত্বিক পয়েন্ট ‘সুখবর’-সকল মানুষ পাপ করেছে এবং তাদের ঈশ্বরের ক্ষমা প্রয়োজন। ঈশ্বর অনুগ্রহ করে একটি পথ দিয়েছেন তাঁর ঘনিষ্ঠ সহভাগিতায় ফিরে আসার জন্য (অর্থাৎ এদোন বাগানের অভিজ্ঞতা, আদি ১-২ অধ্যায়ের সাথে প্রকাশিত বাক্যের ২১-২২ অধ্যায়ের তুলনা)।
- ছ. পৌল উপস্থাপিত সুসমাচারের প্রথম সাহিত্যের এককে এটা উল্লেখ করা বেশ মজার যে পতিত মানব তাদের নিজেদের বিদ্রোহ এবং পাপের জন্য নিজেরাই দায়ি শয়তান বা মন্দ কোন কিছুর উল্লেখ ছাড়াই রোমীয় ১:১৮-৩:২০)। এই অংশ নিশ্চিত ভাবেই আদি পুস্তকের ৩ অধ্যায় প্রতিফলিত করে, কিন্তু কোন ব্যক্তিগত প্রলুব্ধকারী ছাড়াই। ঈশ্বর পতিত মানুষকে সুযোগ দেবেন না শয়তানকে আবার দোষারপ করার (আদি ৩:১৩) অথবা ঈশ্বরকে (আদি ৩:১২)। মানুষ ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট (আদি ১:২৬; ৫:১,৩; ৯:৬)। তাদের মনোনয়ন করার অধিকার, ক্ষমতা ও বাধ্যতা ছিল। তারা তাদের মনোনয়নের জন্য দায়ি যৌথভাবে আদমের এবং ব্যক্তিগত ভাবে নিজেদের পাপের(৩:২৩)।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১:১-৬

^১ পৌল, যীশু খ্রীষ্টের দাস, আহবান প্রাপ্ত প্রেরিত, ঈশ্বরের সুসমাচারের জন্য পৃথককৃত, ^২ যে সুসমাচার ঈশ্বর পবিত্র শাস্ত্রে নিজ ভাববাদীদের দ্বারা আগেই প্রতিজ্ঞা করেছিলেন; ^৩ যেটি তাঁর পুত্র বিষয়ক, যিনি মাংসের সম্বন্ধে দায়দের বংশজাত, ^৪ যিনি পবিত্রতার আত্মার সম্বন্ধে মৃতগণের পুনরুত্থান দ্বারা সপরাক্রমে ঈশ্বরের পুত্র বলে নির্দিষ্ট; তিনি যীশু খ্রীষ্ট, আমাদের প্রভু, ^৫ যাঁর দ্বারা আমরা তাঁর নামের পক্ষে সকল জাতির মধ্যে বিশ্বাসের আজ্ঞাবহতার উদ্দেশে অনুগ্রহ ও প্রেরিতত্ব প্রাপ্ত হয়েছি; ^৬ তাদের মধ্যে তোমরাও আছ, যীশু খ্রীষ্টের আহুত লোক; (অনুবাদকৃত টেক্সট)

১:১ “পৌল” পৌলের সময়ে বেশিরভাগ যিহুদীর দুটি ডাকনাম থাকতো, একটি যিহুদী, অন্যটি রোমীয় (প্রেরিত ১৩:৯)। পৌলের যিহুদী নাম ছিল শৌল। তিনি, প্রাচীন ইস্রায়েলের রাজার মত বিন্যামিন গোষ্ঠির ছিলেন (রোমীয় ১১:১; ফিলি ৩:৫)। গ্রীক গঠনে তার রোমীয় নাম পৌল (Paulos), অর্থ “ক্ষুদ্র”। এটা উল্লেখ করে:

১. তার দৈহিক উচ্চতা যেটি পরোক্ষ ভাবে উল্লেখ করেছে দ্বিতীয় শতকের ক্যানন বহির্ভূত পুস্তক, *The Acts of Paul* -এ, খিষলনীকীয় সম্বন্ধে একটি অধ্যায়ে বলা হয়েছে “পৌল ও থেকলা” (Paul and Thekla)।
২. তার ব্যক্তিগত অনভূতি তিনি পবিত্রগণের মধ্যে সবচেয়ে ক্ষুদ্রতম কারণ প্রকৃতপক্ষে তিনি মন্ডলীকে নির্যাতন করতেন (১ করি ১৫:৯, ইফি ৩:৮, ১ তীম ১:১৫)।
৩. সাধারণভাবে তার জন্মে তার বাবা মা নামটি দিয়েছিলেন।

বাছাই #৩ মনে হয় সবচেয়ে উত্তম।

□ “একজন দাস” NKJV, NRSV, TEV এবং JB অনুবাদ করেছে ‘দাস’। এই ধারণা এই দুইয়ের মধ্যে ছিল

১. প্রভু হিসাবে যীশুর বিরোধিতা
২. পুরাতন নিয়মের একটি সম্মানজনক উপাধি (গণনা পুস্তকে মোশি। ১২:৭ এবং যিহো ১:১; যিহোশূয় ২৪:২৯ পদে, এবং দায়ুদ গীতসংহিতায় (শিরোনামে), এবং যিশাইয় ৪২:১, ১৯; ৫২:১৩)

□

NASB, TEV,

NJB, REB “খ্রীষ্ট যীশু”

NKJV, NRSV “যীশু খ্রীষ্ট”

“খ্রীষ্ট যীশু” সবচেয়ে অস্বাভাবিক এবং সেজন্য, সম্ভবত আসল (MSS P¹⁰, B)। ইউবিএস^৪ একে “বি’ রেটিং দিয়েছে (প্রায় নিশ্চিত)।

যাহোক, অন্য গঠনেরও সত্যিকার ভাবে ভাল সমর্থন রয়েছে (MSS P²⁶, X, A, D, G, এবং বেশির ভাগ প্রাথমিক মন্ডলীর আদিপিতারা)।

পরিশিষ্ট ২ দেখুন অনুমান ভিত্তিক লেখনীগত সমালোচনার। বেশির ভাগ লেখনীগত পার্থক্য এরকমই এই ধারণায় যে সেগুলি গ্রীক পাঠ্যাংশের মূল অর্থের উপরে প্রভাব ফেলবে না।

□ “আহূত প্রেরিত” এটি ছিল ঈশ্বরের মনোনয়ন, তার নয় (প্রেরিত ৯:১৫; গালা ১:১৫; ইফি ৩:৭)। এই শব্দগুচ্ছের সাথে পৌল তার আত্মিক যোগ্যতা ও কর্তৃত্ব বলতে চেষ্টা করেছেন (যেমন তিনি করেছেন (১ করি ১:১; ২ করি ১:১; গালা ১:১; ইফি ১:১; কল ১:১; ১ তীম ১:১; তীত ১:১) এই মণ্ডলীতে যেখানে তিনি কোনদিনই যাননি। বিশেষ বিষয় দেখুন: ১:৬ পদের আহূত।

প্যালেস্টাইনে Koine গ্রীক টার্ম “প্রেরিত” প্রথম শতকে যিহুদীদের মধ্যে প্রচলিত ছিল যার অর্থ “দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি হিসাবে কাউকে পাঠান”(২ বংশ ১৭:৭-৯)। নূতন নিয়মে এই টার্মটি দুই অর্থে ব্যবহৃত হয়েছিল: (১) ১২ জন বিশেষ শিষ্য ও পৌল, এবং (২) আত্মিক দান যা মন্ডলীর জন্য অবিরত ছিল (১ করি ১২:২৮-২৯; ইফি ৪:১১)।

বিশেষ বিষয়: পাঠান(APOSTELLŌ)

“পাঠান’-এর জন্য এটা ছিল সাধারণ গ্রীক শব্দ(অর্থাৎ *apostellō*)। এই টার্মের বেশ কয়েকটি ধর্মতাত্ত্বিক ব্যবহার রয়েছে:

১. রাব্বিরা এটি ব্যবহার করতেন কাউকে ডাকা এবং অন্য কারও কাছে দায়িত্বশীল প্রতিনিধি হিসাবে পাঠানোর জন্য, অনেকটা আমাদের আজকের ইংরাজি “ambassador” মত (২ করি ৫:২০)।
২. সুসমাচারগুলি প্রায়ই যীশুর ক্ষেত্রে এটি ব্যবহার করেছে যে যীশুকে পিতা পাঠিয়েছিলেন। যোহন এই টার্মটি মশীহ বিষয়ক ইঙ্গিত হিসাবে নিয়েছেন (মথি ১০:৪০; ১৫:২৪; মার্ক ৯:৩৭; লুক ৯:৪৮ এবং বিশেষ করে যোহন ৪:৩৪; ৫:২৪,৩০,৩৬,৩৭,৩৮; ৬:২৯, ৩৮,৩৯,৪০,৫৭; ৭:২৯; ৮:৪২; ১০:৩৬; ১১:৪২; ১৭:৩,৮,১৮,২১,২৩,২৫; ২০:২১)। এটি যীশু ব্যবহার করেছেন বিশ্বাসীদের পাঠানোতে (যোহন ১৭:১৮; ২০:২১)।
৩. নূতন নিয়ম শব্দটি ব্যবহার করেছে শিষ্যদের জন্য
 - ক. শিষ্যদের মধ্যে মূল ১২ জন (লুক ৬:১৩; প্রেরিত ১:২১-২২)
 - খ. প্রেরিতিক সাহায্যকারী ও সহ-কর্মীদের একটি বিশেষ দল
 - (১) বার্নাবা (প্রেরিত ১৪:৪,১৪)
 - (২) আদ্রনিক ও যুনিয় (KJV, যুনিয়, রোমীয় ১৬:৭)
 - (৩) অপোল্লো (১ করি ৪:৬-৯)
 - (৪) প্রভুর ভাই যাকোব (গালা ১:১৯)
 - (৫) সীলবান ও তীমথিয় (১ থি ২:৬)
 - (৬) সম্ভবত তীত (২ করি ৮:২৩)
 - (৭) সম্ভবত ইপাফ্রদিত (ফিলি ২:২৫)
 - গ. মণ্ডলীতে নিরবিচ্ছিন্ন দান (১ করি ১২:২৮-২৯, ইফি ৪:১১)
৪. পৌল তার বেশির ভাগ পত্রে এই উপাধিকে নিজের জন্য ব্যবহার করেছেন খ্রীষ্টের প্রতিনিধি হিসাবে তার ঈশ্বর দত্ত কর্তৃত্ব প্রকাশের একটি উপায় হিসাবে (রোমীয় ১:১; ১ করি ১:১; ২ করি ১:১; গালা ১:১; ইফি ১:১; কল ১:১; ১ তীম ১:১; ২ তীম ১:১; তীত ১:১)।

□ “পৃথক্কৃত” এটি হল PERFECT PASSIVE PARTICIPLE, যেটি ইঙ্গিত দেয় যে তাকে অতীতে ঈশ্বর পৃথক করে রেখেছিলেন (যির ১:৫ এবং গালা ১:১৫) এবং এটিই তার চলমান সত্তার অস্তিত্ব। এটি ছিল “ফরীশী” শব্দের জন্য অরামিক শব্দের সম্ভাব্য ভূমিকা। সেগুলি যিহুদী নিয়মে (এবং পৌলেরও [ফিলি ৩:৫] দম্বেশকের পথে যীশুর সম্মুখাসম্মুখি হবার আগে), কিন্তু এখন তিনি সুসমাচারে জন্য পৃথক্কৃত।

এটি “পবিত্র”-র জন্য ইব্রীয় শব্দের সঙ্গে সম্পর্কযুক্ত (BDB 872), যার অর্থ “ঈশ্বরের ব্যবহৃত হতে পৃথক্কৃত” (যাত্রা ১৯:৬; ১ পিতর ২:৫)। টার্ম “সাদু” “পবিত্রকরণ” এবং “পৃথক্কৃত” সবগুলিরই একই রকম গ্রীক উৎপত্তি “পবিত্র”(hagios)।

□ “ঈশ্বরের সুসমাচারের জন্য” এই প্রসঙ্গে (এবং ৫ পদ) প্রিপোজিশন *eis* দেখায় পৌলের ‘আহবানের’ উদ্দেশ্য (১ পদ) এবং “পৃথক’ হবার(১ পদ)। সুসমাচার হল ‘উত্তম’(eu) এবং “বার্তা’(angellos)-র মিলিত শব্দ। এটি এমন একটি টার্ম হয়েছে যা বর্ণনা করছে নূতন নিয়মে প্রকাশিত মতবাদ (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩২) ঈশ্বরের মশীহ বিষয় প্রতিজ্ঞার সঙ্গে সম্পর্কযুক্ত (৩-৪ পদ)। এটি হল “তার পুরের সুসমাচার”(২ পদ)।

এটি ঈশ্বরের সুসমাচার, পৌলের নয় (১৫:১৬; মার্ক ১:১৪; ২ করি ১১:৭; ১ থিষ ২:২, ৮, ৯; ১ পিতর ৪:১৭)। পৌল কোন কিছুই প্রবর্তক বা সাংস্কৃতিক অভিযোজনকারী ছিলেন না, কিন্তু সত্যের একজন ঘোষক যা তিনি লাভ করেছিলেন (প্রেরিত ৯; ১ করি ১:১৮-২৫)।

১:২ “যে সুসমাচার ঈশ্বরের পবিত্র শাস্ত্রে নিজ ভাববাদীদের দ্বারা আগেই প্রতিজ্ঞা করেছিলেন” এই ক্রিয়াপদটি হল ‘AORIST MIDDLE (deponent) INDICATIVE’। এটি পৌলের লেখাতেই কেবল ব্যবহৃত হয়েছে (এখানে এবং ২ করি ৯:৫)। সুসমাচার ঈশ্বরের কাজের পরের চিন্তা ছিল না, কিন্তু তাঁর অনন্তকালীন, উদ্দেশ্যমূলক পরিকল্পনা (আদি ৩:১৫; ১২:৩; যাত্রা ১৯:৫; মার্ক ১০:৪৫; লুক ২:২২; প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; তীত ১:২)। প্রেরিত পুস্তকে (the *kerygma*) প্রাথমিক বক্তৃতা যেখানে যীশুকে উপস্থাপিত করা হয়েছে পুরাতন নিয়মের প্রতিজ্ঞা ও ভাববাণীর পূর্ণতা হিসাবে।

নূতন নিয়মে দুটি সাধারণ উপায়ে পুরাতন নিয়মকে উল্লেখ করা হয়েছে।

১. “লেখা আছে” (বা “লিখিত আছে”, অর্থাৎ ২ তীম ৩:১৬; ২ পিতর ৩:১৬)
২. শাস্ত্র

এটি আরও ভাববাদীদের সঙ্গে যোগসূত্রের বিষয়ও উল্লেখ করেছে। যিহুদী ধারণা ছিল ভাববাদীরা শাস্ত্র লিখেছেন।

১. “ব্যবস্থা অথবা ভাববাদী” মথি ৫:১৭-১৮; আরও দেখুন ২৪:৪৪
২. “ভাববাণী” লুক ২৪:২৭
৩. “ভাববাদীদের লেখা” মথি ২৬:৫৬
৪. “ভাববাণীমূলক লেখনী” রোমীয় ১৬:২৬ (রোমীয় ১:২ উল্লেখ করেছে “ভাববাদী”)
৫. “শাস্ত্রীয় ভাববাণী”, ২ পিতর ১:২০

বিশেষণ “পবিত্র” (holy) যুক্ত হওয়ার দুটি উদাহরণ।

১. “পবিত্র শাস্ত্র” (সম্পূর্ণ বাক্যাংশ আরও উল্লেখ করেছে “ভাববাদী”) রোমীয় ১:২
২. “পবিত্র লেখনী”, ২ তীম ৩:১৫

বিশেষ বিষয়: প্রাথমিক মন্ডলীর ক্যারিগমা(KERYGMA)

- পুরাতন নিয়মে ঈশ্বরের করা প্রতিজ্ঞাসমূহ মশীহ যীশুর আগমনের মাধ্যমে পরিপূর্ণতা লাভ করেছে প্রেরিত ২:৩০; ৩:১৯, ২৪; ১০:৪৩; ২৬:৬-৭, ২২; রোমীয় ১:২-৪; ১ তীম ৩:১৬; ইব্রীয় ১:১-২; ১ পিতর ১:১০-১২; ২ পিতর ১:১৮-১৯)।
- যীশু ঈশ্বরের দ্বারা মশীহ হিসাবে অভিষিক্ত হয়েছিলেন তাঁর বাপ্তিস্মে (প্রেরিত ১০:৩৮)
- বাপ্তিস্মের পরেই যীশু গালীলে তাঁর পরিচর্যা কাজ শুরু করেছিলেন (প্রেরিত ১০:৩৭)
- তাঁর পরিচর্যার বৈশিষ্ট্য ছিল ভাল কাজ এবং ঈশ্বরের শক্তিতে পরাক্রমী কাজ করা (মার্ক ১০:৪৫; প্রেরিত ২:২২; ১০:৩৮)।
- ঈশ্বরের অনন্তকালীন উদ্দেশ্য অনুসারে মশীহ ক্রুশবিদ্ধ হয়েছিলেন (মার্ক ১০:৪৫; যোহন ৩:১৬; প্রেরিত ২:২৩; ৩:১৩-১৫, ১৮; ৪:১১; ১০:৩৯; ২৬:২৩; রোমীয় ৮:৩৪; ১ করি ১:১৭-১৮; ১৫:৩; গালা ১:৪; ইব্রীয় ১:৩; ১ পিতর ১:২, ১৯; ৩:১৮; ১ যোহন ৪:১০)।
- তিনি মৃত্যু থেকে জীবিত হয়ে উঠেছিলেন এবং তাঁর শিষ্যদের দেখা দিয়েছিলেন (প্রেরিত ২:২৪, ৩১-৩২; ৩:১৫, ২৬; ১০:৪০-৪১; ১৭:৩১; ২৬:২৩; রোমীয় ৮:৩৪; ১০:৯; ১ করি ১৫:৪-৭, ১২...; ১ থিষ ১:১০; ১ তীম ৩:১৬; ১ পিতর ১:২; ৩:১৮, ২১)।
- যীশু ঈশ্বর দ্বারা প্রশংসিত হন এবং তাঁকে “প্রভু” নাম দেওয়া হয় প্রেরিত ২:২৫-২৯, ৩৩-৩৬; ৩:১৩; ১০:৩৬; রোমীয় ৮:৩৪; ১০:৯; ১ তীম ৩:১৬; ইব্রীয় ১:৩; ১ পিতর ৩:২২)।
- ঈশ্বরের নূতন সমাজ গঠনের জন্য তিনি পবিত্র আত্মাকে দিয়েছেন (প্রেরিত ১:৮; ২:১৪-১৮, ৩৮-৩৯; ১০:৪৪-৪৭; ১ পিতর ১:১২)।
- তিনি সকল বিষয় পুনস্থাপন এবং বিচার করতে এই জগতে আবার আসবেন (প্রেরিত ৩:২০-২১; ১০:৪২; ১৭:৩১; ১ করি ১৫:২০-২৮; ১ থিষ ১:১০)।
- প্রত্যেকে যারা সুসমাচার শুনছে তারা মন পরিবর্তন করবে এবং বাপ্তিস্মে ভোগ হবে (প্রেরিত ২:২১, ৩৮; ৩:১৯; ১০:৪৩, ৪৭-৪৮; ১৭:৩০; ২৬:২০; রোমীয় ১:১৭; ১০:৯; ১ পিতর ৩:২১)।

এই পরিকল্পনা প্রাথমিক মন্ডলীর আবশ্যিকীয় ঘোষণার বিষয় ছিল, যদিও নূতন নিয়মের ভিন্ন ভিন্ন লেখকেরা হয়তো কোন কোন অংশ বাদ দিয়েছেন বা তাদের প্রচারে অন্য বিষয়ের উপরে জোর দিয়েছেন। মার্কের সমগ্র সুসমাচার খুব ঘনিষ্ঠ ভাবে *kerygma* এর পৌল সম্পর্কিত দিকগুলি অনুসরণ করেছে। মার্ককে ঐতিহ্যগত ভাবে দেখা হয়েছে পিতরের বক্তৃতার কাঠামোকারী হিসাবে, রোমে প্রচারিত হয়েছে, লিখিত সুসমাচারে। মথি ও লুক উভয়ে মার্কের মূল কাঠামো অনুসরণ করেছেন।

১:৩ “তাঁর পুত্র বিষয়ক” সুসমাচারের কেন্দ্রীয় বার্তা হল একজন ব্যক্তি, নাসরতিয় যীশুর সুখবর, যিনি কুমারী মরিয়মের গর্ভে জন্মেছিলেন। পুরাতন নিয়মে জাতি, রাজা, এবং মশীহকে ডাকা হয়েছে “পুত্র” (২ শমু ৭:১৪; হোশেয় ১১:১; গীত ২:৭; মথি ২:১৫)।

পুরাতন নিয়মে ঈশ্বরের তাঁর দাস ও ভাববাদীদের মাধ্যমে কথা বলেছেন। যীশু ঈশ্বরের দাস ছিলেন না। তিনি ছিলেন তাঁর পরিবারের লোক (ইব্রীয় ১:১-২; ৩:৬; ৫:৮; ৭:২৮)। বিশ্বয়কর ভাবে এটিই কেবল একমাত্র পুস্তক যেখানে পৌল খ্রীষ্ট তত্ত্বের উপরে তার দৃষ্টি দিয়েছেন। রোমীয় পুস্তক সম্পূর্ণভাবে পদ্ধতিগত ধর্মতত্ত্ব নয়।

বিশেষ বিষয়: ঈশ্বরের পুত্র

এটি হল নূতন নিয়মে যীশুর সবচেয়ে বড় উপাধির একটি। নিশ্চিত ভাবে এর ঐশ্বরিক অস্তিত্বই অর্থ রয়েছে। এটি যীশুকে অর্ন্তভুক্ত করেছে ‘পুত্র’ বা ‘আমার পুত্র’ হিসাবে এবং ঈশ্বরকে উল্লেখ করা হয়েছে “পিতা” বলে। নূতন নিয়মে এটি ১২৪ বার পাওয়া যায়। ‘মনুষ্য পুত্র’ হিসাবে যীশুর

নিজের আত্ম-পরিচয়ের ঐশ্বরিক অন্তর্নিহিত অর্থ রয়েছে দানিয়েল পুস্তকে। ৭:১৩-১৪।

পুরাতন নিয়মে “পুত্র” পদমর্যাদা চারটি নির্দিষ্ট দলকে উল্লেখ করতে পারে।

১. দূতগণ (সাধারণত বহুবচনে, আদি ৬:২; ইয়োব ১:৬; ২:১)
২. ইস্রায়েলের রাজা (২ শমূ ৭:১৪; গীত ২:৭; ৮৯:২৬-২৭)
৩. জাতি হিসাবে সমগ্র ইস্রায়েল (যাত্রা ৪:২২-২৩; দ্বি বি ১৪:১; হোশেয় ১১:১; মালাখী ২:১০)
৪. ইস্রায়েলীয় বিচারক (গীত ৮:২:৬)

এটি হল দ্বিতীয় ব্যবহার যেটি যীশুর সাথে সংযুক্ত। এই ভাবে “দায়ুদের পুত্র” এবং ‘ঈশ্বর পুত্র’ উভয়ই সম্পর্ক যুক্ত ২ শমূয়েল ৭, গীতসংহিতা ২ এবং ৮৯ পদ। পুরাতন নিয়মে “ঈশ্বর পুত্র” মশীহের জন্য নির্দিষ্ট ভাবে কখনই ব্যবহৃত হয়নি, ব্যতিক্রম কেবল বিচার দিনের রাজা হিসাবে ইস্রায়েলের একজন “অভিযুক্তের কাজ” হিসাবে। যাহোক, মরু সাগরের পুঁথিতে উপাধির সঙ্গে মশীহ বিষয়ক তাৎপর্য খুব সাধারণ (দেখুন “*Dictionary of Jesus and the Gospels*,” –এর ৭৭০ পৃষ্ঠায় সুনির্দিষ্ট উল্লেখ)। এছাড়াও “ঈশ্বর পুত্র” হল একটি মশীহ বিষয়ক উপাধি দুটি আন্ত-বাইবেল ভিত্তিক যিহুদী রহস্য উদঘাটনমূলক কাজ (II Esdras ৭:২৮; ১৩:৩২,৩৭,৫২; ১৪:৯ এবং I Enoch ১০৫:২)।

এর নূতন নিয়মের প্রেক্ষাপট যেভাবে এটি যীশুর বিষয়ে উল্লেখ করেছে তাহল সবচেয়ে ভাল সারাংশ কয়েকটি শ্রেণীতে।

১. তাঁর পূর্ব-অস্তিত্ব (যোহন ১:১-১৮)
২. তাঁর অদ্বিতীয় (কুমারীর গর্ভে) জন্ম (মথি ১:২৩; লূক ১:৩১-৩৫)
৩. তাঁর বাপ্তিস্ম (মথি ৩:১৭; মার্ক ১:১১; লূক ৩:২২। স্বর্গ থেকে ঈশ্বরের বাণী ২ গীতের রাজসিক রাজার সাথে যিশাইয় ৫৩ অধ্যায়ের দুঃখভোগি দাসের সঙ্গে একত্রিত করেছে)।
৪. তাঁর শয়তার দ্বারা পরীক্ষা (মথি ৪:১-১১; মার্ক ১:১২,১৩; লূক ৪:১-১৩। তাঁর পুত্রত্ব সম্বন্ধে সন্দেহ করতে তাঁকে পরীক্ষা করা হয়েছিল অথবা অন্তত:পক্ষে ক্রুশ ছাড়া ভিন্ন উপায়ে এর উদ্দেশ্য সাধন করতে)।
৫. অগ্রহণীয় স্বীকারকারী দ্বারা তাঁর স্বীকৃতি
 - ক. মন্দ আত্মারা (মার্ক ১:২৩-২৫; লূক ৪:৩১-৩৭,৪১; মার্ক ৩:১১-১২; ৫:৭)
 - খ. অবিশ্বাসীরা (মথি ২৭:৪৩; মার্ক ১৪:৬১; যোহন ১৯:৭)।
৬. তাঁর শিষ্যদের দ্বারা তাঁর স্বীকৃতি
 - ক. মথি ১৪:৩৩; ১৬:১৬
 - খ. যোহন ১:৩৪,৪৯; ৬:৬৯; ১১:২৭
৭. তাঁর নিজের আত্ম-স্বীকৃতি
 - ক. মথি ১১:২৫-২৭
 - খ. যোহন ১০:৩৬
৮. পিতা হিসাবে ঈশ্বরের প্রতি তাঁর পারিবারিক সম্বন্ধের রূপক ব্যবহার
 - ক. ঈশ্বরের জন্য তাঁর “আব্বা” শব্দ ব্যবহার
 - ১) মার্ক ১৪:৩৬
 - ২) রোমীয় ৮:১৫
 - ৩) গালাতীয় ৪:৬
 - খ. বারবার তাঁর পিতা (*patēr*) শব্দের ব্যবহার ঈশ্বরের সঙ্গে তাঁর সম্পর্কের বিষয়ে বর্ণনা করে।

সারাংশে, “ঈশ্বর পুত্র” উপাধির বিরাট ধর্মতাত্ত্বিক অর্থ রয়েছে তাদের জন্য যারা পুরাতন নিয়ম এবং এর প্রতিজ্ঞাসমূহ এবং শ্রেণী বিভাগ জানতো, কিন্তু নূতন নিয়মের লেখকেরা দ্বিধাগ্রস্ত ছিলেন পরজাতিদের কাছে এর ব্যবহারে কারণ তাদের পৌত্তলিক প্রেক্ষাপট এই যে তাদের “দেবতা” মহিলাদের সংস্পর্শে এসেছেন যার ফলাফল বংশধর এসেছে “the titans” বা “দৈত্য”।

□ “যিনি দায়ুদের বংশজাত” এটি ২ শমূয়েল ৭ অধ্যায়ের সঙ্গে সম্পর্কযুক্ত। মশীহ ছিলেন দায়ুদের রাজকীয় বংশধর (যিশা ৯:৭; ১১:১,১০; যির ২৩:৫; ৩০:৯; ৩৩:১৫) যিহুদা গোষ্ঠি থেকে (আদি ৪৯:৪-১২; যিশা ৬৫:৯)। মথির সুসমাচারে বেশ কয়েকবার যীশু যে দায়ুদের বংশধর তা স্বীকার করা হয়েছে(১:৬; ৯:২৭; ১২:২৩; ১৫:২২; ২০:৩০,৩১; ২১:৯,১৫; ২২:৪২), যেটি প্রতিফলিত করেছে যে দায়ুদ থেকে যিহুদীদের উদ্ধারকর্তার আগমনের আশা।

এটা বেশ বিস্ময়কর যে পৌল যীশুর এই বিষয়টির উপরে গুরুত্ব আরোপ করেন নাই। তিনি কেবলমাত্র এটি এখানে উল্লেখ করেছেন এবং ২ তীমথিয় ২:৮ পদে; উভয় অংশই হতে পারে প্রাথমিক মণ্ডলীর ধর্মসূত্র থেকে উদ্ধৃত করা হয়েছে। The NIDNTT, vol.3, p. 61 এ বেশ কিছু নূতন নিয়মের পাঠ্যংশের তালিকা করেছে যেগুলি প্রাথমিক খ্রীষ্টতত্ত্ব বিষয়ক বিশ্বাসসূত্র/স্তোত্র/প্রার্থনার নিয়মের(রোমীয় ১:৩-৪; ৮:৩৪; ১ করি ১৫:৩-৪; ফিলি ২:৬-১১; ১ তীম ৩:১৬; ২ তীম ২:৮; ১ পিতর ৩:১৮-২০)।

□

NASB, NKJV,

NRSV “মাংসের সম্বন্ধে”

TEV

“তাঁর মানবিকতার দিক থেকে”

NJB

“মানবিক প্রকৃতি সম্বন্ধে”

এটি ছিল ভাববানীর পূর্ণতা এবং যীশুর মানবিকতা সম্বন্ধে স্বীকৃতি, যেটি প্রায় সময়ই প্রথম শতকের জগতের মিশ্র ধর্ম অস্বীকার করেছে (১ যোহন ১:১-৪; ৪:১-৩)। এই পদ স্পষ্টভাবে দেখায় যে পৌল সব সময় “মাংস”(sarx) টার্মটি ব্যবহার করতেন না কোন নেতিবাচক অর্থে (২:২৮; ৯:৩)।

যাহোক, সাধারণত পৌল “আত্মা”-র তুলনা করতে “মাংস” টার্মটি ব্যবহার করতেন (৬:১৯; ৭:৫,১৮,২৫; ৮:৩-৯,১২,১৩; ১ করি ৫:৫; ২ করি ১:১৭; ১১:১৮; গালা ৩:৩; ৫:১৩,১৬,১৭- ১৯,২৪; ৬:৮; ইফি ২:৩; কল ২:১১,১৩,১৮,২৩)।

এই ব্যাকরণগত রচনা কৌশল ‘kata’ (অনুসারে) ও ACCUSATIVE (কর্মকারক) সমান্তরাল ৪ পদে। যীশু হলেন মানবিক (মাংসের সম্বন্ধে, ৩ পদ) এবং ঐশ্বরীক (আত্মার সম্বন্ধে, ৪ পদ)। দেহ ধারণের এই মতবাদ খুব গুরুত্বপূর্ণ (১ যোহন ৪:১-৩)। এটি আরও ইঙ্গিত দিতে পারে যীশুর আত্ম-মনোনীত পদ মর্যাদা, “মনুষ্য পুত্র” (গীত ৮:৪; যিহি ২:১ [মানবিক] এবং দানিয়েল ৭:৩ [ঐশ্বরীক])।

বিশেষ বিষয়: মাংস(sarx)

গালাতীয় পত্রে পৌল এই টার্মটি প্রায়ই ব্যবহার করেছেন এবং এর ধর্মতাত্ত্বিক বিশদ ব্যাখ্যা রোমীয়তে। পন্ডিভেরা বিভক্ত যে কিভাবে টার্মটির ভিন্ন ভিন্ন অন্তর্নিহিত অর্থের পার্থক্য ব্যাখ্যা করবেন। নিশ্চিত ভাবেই অর্থগত দিক থেকে কিছুটা ঢাকা আছে। পরবর্তীতে শুধুমাত্র চেস্টা করা হয়েছে এই টার্মের ব্যাপক ভাষাগত ক্ষেত্রের উল্লেখ করতে।

- ক. মানবিক দেহ, যোহন ১:১৪; রোমীয় ২:২৮; ১ করি ৫:৫; ৭:২৮; ২ করি ৪:১১; ৭:৫; ১২:৭; গালা ১:১৬; ২:১৬, ২০; ৪:১৩; ফিলি ১:২২; কল ১:২২,২৪; ২:৫; ১ তীম ৩:১৬।
- খ. মানবিক বংশ, যোহন ৩:৬; রোমীয় ১:৩; ৪:১; ৯:৩,৫,৮; ১১:১৪; ১ করি ১০:১৮; গালা ৪:২৩,২৯
- গ. মানবিক ব্যক্তি, রোমীয় ৩:২০; ৭:৫; ৮:৭-৮; ১ করি ১:২৯; ২ করি ১০:৩; গালা ২:১৬; ৫:২৪
- ঘ. মানুষের মত কথা বলা, যোহন ৮:১৫; ১ করি ১:২৬; ২ করি ১:১২; ৫:১৬; ১০:২; গালা ৬:১২
- ঙ. মানবিক দুর্বলতাসমূহ, রোমীয় ৬:১৯; ৭:১৮; ৮:৫-৬, ৯; ২ করি ১০:৪; গালা ৩:৩; ৫:১৩,১৬,১৯-২১; কল ২:১৮
- চ. ঈশ্বরের প্রতি মানুষের বিরোধিতা, মানুষের পতনের ফলাফলের সঙ্গে সম্পর্কযুক্ত, রোমীয় ৭:১৪; ১৩:১৪; ১ করি ৩:১,৩; ইফি ২:৩; কল ২:১৮; ১ পিতর ২:১১; ১ যোহন ২:১৬

১:৪

NASB, NKJV,

NRSV, NIV “ঘোষণা”

TEV

“দেখান”

NJB, RSV

“অভিহিত করা”

NET

“নিয়োজিত করা”

REB

“ঘোষিত”

এটি হল ব্যাকরণগত ভাবে ‘AORIST PASSIVE PARTICIPLE’। ঈশ্বর চূড়ান্ত ভাবে যীশুকে “ঈশ্বর পুত্র” বলে অনুমোদন করেছিলেন। এটি এই ইঙ্গিত দেয় না যে বেথলেহম যীশুর আরম্ভ ছিল অথবা তিনি পিতা থেকে কিছুটা নিচুস্তরের। বিশেষ বিষয় দেখুন: দ্বিতীয় রোমীয় ৮:১১ পদে। নিচে তৃতীয় প্যারাফ্রাফ দেখুন।

□ “সপরাক্রমে ঈশ্বরের পুত্র বলে নির্দিষ্ট” নূতন নিয়মের লেখকেরা প্রায়ই যীশুকে তাঁর উপাধি “ঈশ্বর পুত্র” বলে উল্লেখ করতেন না (মথি ৪:৩) গ্রীক পৌরাণিক কাহিনির ভ্রান্ত অর্থের কারণে (একই সত্য কুমারীর গর্ভে জন্মের ক্ষেত্রে)। এই ধারণা সাধারণত উপযুক্ত ছিল “অদ্বিতীয়, একই ধরণের একটি” দ্বারা (monogenes, যোহন ১:১৮; ৩:১৬, ১৮; ১ যোহন ৪:৯)। এভাবে অর্থ হল “যীশু, একমাত্র সত্যময় ঈশ্বর পুত্র।” দেখুন বিশেষ বিষয় ১:৩ পদে।

নূতন নিয়মে দুটি ধর্মতাত্ত্বিক স্তম্ভ আছে যা পিতা ঈশ্বর ও পুত্র যীশু সম্পর্কে যুক্ত।

১. তারা উভয়ে সম মর্যাদার (যোহন ১:১; ৫:১৮; ১০:৩০; ১৪:৯; ২০:২৮; ২ করি ৪:৪; ফিলি ২:৬; কল ১:১৫; ইব্রীয় ১:৩)

কিন্তু ২. কিন্তু তারা পৃথক ব্যক্তিত্ব (মার্ক ১০:১৮; ১৪:৩৬; ১৫:৩৪)

এটা সম্ভব যে পৌল প্রাথমিক খ্রীষ্টতত্ত্ব বিশ্বাসসূত্র বা পরোক্ষভাবে গীতসংহিতা ২:৬, ৭ অথবা ১১:১ পদের YHWH এর মশীহ রাজার উল্লেখ করেছিলেন (প্রেরিত ২:৩৪-৩৬)। এটা করতে যেয়ে তিনি “সপরাক্রমে ঈশ্বরের পুত্র” বাক্যাংশের প্রতি গুরুত্ব দিয়েছিলেন (NIDNTT, vol. 2, p. 79) যেটি দৃষ্টি নিবদ্ধ করেছে শুধুমাত্র তাঁর জন্ম বা বাপ্তিস্মের উপরে নয় কিন্তু তাঁর স্বর্গারোহনের উপরে। যাহোক, ‘Adoptionist Christologies’ (পরিভাষা দেখুন)-রা পদটি নিয়েছে এবং তাদের নিজেদের কারণে এর উদ্ধৃতি দিয়েছে। বাইবেল অনুবাদে এই proof-texting পদ্ধতি, যে কেউ বাইবেল দিয়ে যা কিছু বলাতে পারে (আমার বাইবেল অনুবাদের সেমিনার দেখুন ফ্রি অনলাইনে, www.freebiblecommentary.org)।

□ “পুনরুত্থান দ্বারা” পিতা ঈশ্বর যীশুকে মৃতদের মধ্যে থেকে জীবিত করে তুলে নিশ্চিত করেছিলেন তাঁর জীবন ও বার্তা (৪:২৪; ৬:৪,৯; ৮:১১, প্রেরিত ২:৩১-৩৩)। ঈশ্বরত্ব যোহন ১:১-১৪; কল ১:১৫-১৯; ফিলি ২:৬-১১; ইব্রীয় ১:২-৩) এবং যীশুর পুনরুত্থান (৪:২৫; ১০:৯-১৩; ১ করি ১৫) হল খ্রীষ্ট ধর্মের যমজ স্তম্ভ।

□ এই পদ প্রায়ই ব্যবহৃত হয়েছে “দণ্ডক গ্রহণ তত্ত্ব”-এর বিরুদ্ধতার সমর্থনে যেখানে চেষ্টা করা হয়েছে যে যীশু ঈশ্বর দ্বারা তাঁর দৃষ্টান্তমূলক বাধ্যতার জীবনের জন্য পুরস্কৃত হয়েছেন। ধর্ম বিরোধিতা চেষ্টা করেছে যে তিনি সব সময় ঈশ্বর ছিলেন না (ontologically [ঈশ্বরের অস্তিত্ব বিষয়ক]), কিন্তু তিনি তখনই ঈশ্বর হয়েছেন যখন ঈশ্বর তাঁকে মৃতদের মধ্য থেকে জীবিত করে তুলেছিলেন। যদিও স্পষ্টত এটা অসত্য, যেটি অনেক পাঠ থেকে স্পষ্ট যেমন যোহন ১ ও ১৭ অধ্যায়, কিছু চমৎকার বিষয় যীশুর উপরে অর্পিত হয়েছে তাঁর পুনরুত্থানে। এটা ব্যাখ্যা করা কঠিন যে কিভাবে ঈশ্বর পুরস্কৃত হতে পারেন, তথাপি এটা ঘটেছে। যদিও যীশু তাঁর অনন্তকালীন গৌরব পিতার সঙ্গে ভাগ করেছেন, তাঁর মর্যাদা যেভাবেই হোক সমৃদ্ধ হয়েছে তাঁর নির্ধারিত পরিপ্রাণের

কাজের নিখুঁত পূর্ণতা দ্বারা। পুনরুত্থান ছিল তাঁর জীবনের প্রতি পিতার স্বীকৃতি, উদাহরণ, নাসরতিয় যীশুর উৎসর্গীকৃত মৃত্যু ও শিক্ষা; অনন্তকালীন ভাবে ঐশ্বরীক, পরিপূর্ণ মানবিক, নিখুঁত উদ্ধারকর্তা, পুনস্থাপিত ও পুরস্কৃত, অদ্বিতীয় পুত্র! পরিশিষ্ট তিন দেখুন – Adoptionism.



NASB, NKJV “পবিত্রতার আত্মার সম্বন্ধে”

NKJV “পবিত্রতার আত্মার সম্বন্ধে”

TEV “তাঁর ঐশ্বরীক পবিত্রতার সম্বন্ধে”

NJB “আত্মা অনুসারে, পবিত্রতার আত্মার সম্বন্ধে”

কোন কোন অনুবাদে আত্মা বা স্পিরিট-এর “এস” অক্ষর বড় হাতের করেছে, যা পবিত্র আত্মাকে ইঙ্গিত করেছে, অন্যদিকে ছোট হাতের “এস” যীশুর মানবিক আত্মাকে উল্লেখ করেছে। যেহেতু পিতা ঈশ্বর আত্মা, সেরকমই যীশু। প্রাচীন হিব্রু ও গ্রীক লেখনীতে কোন বড় হাতের অক্ষর, কোন যতি চিহ্ন এবং কোন অধ্যায় বা পদ বিভাগ ছিল না, তাই এগুলি সবই ঐতিহ্যের পয়েন্ট অথবা অনুবাদকদের অনুবাদ।

৩ ও ৪ পদকে দেখার তিনটি উপায় রয়েছে।

১. যীশুর দুটি প্রকৃতি উল্লেখ হিসাবে, মানবিক ও ঐশ্বরীক
২. তাঁর জাগতিক জীবনের দুটি ধাপ উল্লেখ হিসাবে, মানবিক এবং পুনরুত্থিত প্রভু
৩. আমাদের “প্রভু যীশু খ্রীষ্টের সমান্তরাল” হিসাবে

□ “যীশু” অরামিক নাম *Jesus* ইব্রীয় নাম *Joshua* মত একই। এটি হল দুটি হিব্রু শব্দের সমন্বয় “YHWH” এবং “পরিব্রাণ।” এর অর্থ হতে পারে “YHWH রক্ষা করেন,” “YHWH উদ্ধার করেন” অথবা “YHWH হলেন পরিব্রাণ।” অর্থের জোর দেখা যেতে পারে মথি ১:২১,২৫ পদে।

□ “খ্রীষ্ট” হিব্রু টার্ম *messiah* (BDB 603) এর গ্রীক অনুবাদ, যার অর্থ “অভিষিক্ত একজন”। পুরাতন নিয়মে নেতাদের কয়েকটি দল (ভাববাদীগণ, যাজকগণ এবং রাজারা) অভিষিক্ত ছিলেন ঈশ্বরের মনোনীত ও সুসজ্জিতকরণের চিহ্ন হিসাবে। যীশু এই তিন অভিষিক্তের কার্যাবলী পরিপূর্ণ করেছিলেন (ইব্রীয় ১:২-৩)।

পুরাতন নিয়ম ভবিষ্যৎ বাণী করেছে যে ঈশ্বর একজন বিশেষ ‘অভিষিক্ত ব্যক্তিকে’ পাঠাবেন ধার্মিকতার নূতন যুগ দেখাবার জন্য। যীশু ছিলেন তাঁর বিশেষ “দাস”, “পুত্র” এবং “মশীহ”।

বিশেষ বিষয়: মশীহ

এটি নেওয়া হয়েছে আমার দানিয়েল ৯:৬ পদের ব্যাখ্যার নোট থেকে। এই পদ অনুবাদের সমস্যা হল সম্ভাব্য অর্থ মশীহ বা অভিষিক্ত একজন (BDB 603) টার্মের সাথে সম্পর্কযুক্ত।

১. যিহুদী রাজাদের ব্যবহৃত (অর্থাৎ ১ শমুয়েল ২:১০; ১২:৩)
২. যিহুদী যাজকদের ব্যবহৃত (অর্থাৎ লেবীয় ৪:৩,৫)
৩. কোরসের ব্যবহৃত (যিশা ৪৫:১)
৪. #১ এবং #২ গীত ১১০ এবং সখরিয় ৪ অধ্যায়ে সম্মিলিত।
৫. ঈশ্বরের বিশেষ আগমনে ব্যবহৃত, দায়ুদ বংশীয় রাজা ধার্মিকতার নূতন যুগ আনবেন
 - ক. যিহুদা বংশ(আদি ৪৯:১০)
 - খ. যিশয়ের গৃহে (২ শমুয়েল ৭)
 - গ. বিশ্বজনীন রাজত্ব (গীত ২; যিশা ৯:৬; ১১:১-৫; মিখা ৫:১-৪..)

আমি ব্যক্তিগত ভাবে নাসরতিয় যীশুর “অভিষিক্ত একজন” চিহ্নিত করণে আকর্ষিত কারণ

১. চতুর্থ শাস্রাজ্যের সময়কালে দ্বিতীয় অধ্যায়ের অনন্তকালীন স্বর্গরাজ্যের পরিচিতি
২. ৭:১৩ পদের “মানুষের পুত্র” পরিচিত অনন্তকালীন রাজ্য দিয়েছে
৩. ৯:২৪ পদের পরিব্রাণজনক বাক্যাংশ, যেটি পতিত জগতের ইতিহাসে চূড়ান্ত পরিণতির প্রতি পয়েন্ট
৪. যীশু নূতন নিয়মে দানিয়েলের পুস্তকের ব্যবহার (মথি ২৪:১৫; মার্ক ১৩:১৪)

□ “সদাপ্রভু” যিহুদী ধর্মে ঈশ্বরের নিয়মের (Covenant) নাম ইয়াওয়ে, এটা এত পবিত্র ছিল যে রাব্বিরা এর বিকল্প উপাধি বের করেছিল “সদাপ্রভু” (*Adon*) যখন তারা শাস্র পাঠ করতো কারণ তারা এই ভেবে ভীত ছিল যে তারা হয়তো ঈশ্বরের নাম বিনা কারণে নিচ্ছে (যাত্রা ২০:৭, দ্বি বি ৫:১১) এবং এতে দশ আজ্ঞার একটি আজ্ঞা ভঙ্গ হচ্ছে। যখন নূতন নিয়মের লেখকেরা যীশুকে “প্রভু” (*Kurios*) বলছে ধর্মতাত্ত্বিক প্রেক্ষাপটে, তারা তাঁর ঈশ্বরত্বকে স্বীকৃতি দিচ্ছে (থেরিও ২:৩৬; রোমীয় ১০:৯-১৩; ফিলি ২:৬-১১)।

বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম

ক. এল (*El*) (BDB 42, KB 48)

১. ঈশ্বরের জন্য এই প্রাচীন সাধারণ নামের মূল অর্থ অজ্ঞাত, যদিও অনেক পণ্ডিত বিশ্বাস করেন যে এটি এসেছে Akkadian থেকে, “সবল হওয়া” অথবা “ক্ষমতামূলী হওয়া” (আদি ১৭:১; নহুম ২৩:১৯; দ্বি বি ৭:২১; গীত ৫০:১)।

২. Canaanite এবাদত মন্ডলীর প্রধান দেবতা হল এল (*El*) (Ras Shamra texts)
৩. বাইবেলে '*El*' সাধারণত অন্য টার্মের সঙ্গে সমন্বয় করা হতো না। এই সংযুক্ত ঈশ্বরকে বৈশিষ্ট্যমণ্ডিত করার একটি উপায় হয়েছিল।
- ক. *El-Elyon* (সর্বোচ্চ ঈশ্বর, BDB 42 & 751 II), আদি ১৪:১৮-২২; দ্বি বি ৩২:৮; যিশা ১৪:১৪
- খ. *El-Roi* ("ঈশ্বর যিনি দেখেন" বা "ঈশ্বর যিনি নিজেই প্রকাশ করেছেন", BDB 42 & 909), আদি ১৬:১৩
- গ. *El-Shaddai* ("সর্বশক্তিমান ঈশ্বর" বা "সর্ব করুণাময় ঈশ্বর" বা "পর্বতগণের ঈশ্বর", BDB 42 & 994), আদি ১৭:১; ৩৫:১১; ৪৩:১৪; ৪৯:২৫; যাত্রা ৬:৩
- ঘ. *El-Olam* (অনন্তকাল স্থায়ী ঈশ্বর, BDB 42 & 761), আদি ২১:৩৩। এই টার্মটি ধর্মতত্ত্বগত ভাবে সংযুক্ত দায়ুদের কাছে ঈশ্বরের প্রতিজ্ঞার সাথে, ২ শমু ৭:১৩-১৬
- ঙ. *El-Berit* ("নিয়মের ঈশ্বর", BDB 42 & 136) বিচার ৯:৪৬
৪. *El* উদ্ধৃত হয়েছে যার সাথে
- ক. YHWH 'র গীত ৮৫:৮; যিশা ৪২:৫
- খ. *Elohim* আদি ৪৬:৩; ইয়োব ৫:৮; "আমি '*El*', তোমার পিতার '*Elohim*'"
- গ. *Shaddai* আদি ৪৯:২৫
- ঘ. "ঈর্ষান্বিত" যাত্রা ৩৪:১৪; দ্বি বি ৪:২৪; ৫:৯; ৬:১৫
- ঙ. "দয়া" দ্বি বি ৪:৩১; নহিমিয় ৯:৩১;
- চ. "মহান এবং ভয়াবহ" দ্বি বি ৭:২১; ১০:১৭; নহিমিয় ১:৫; ৯:৩২; দানিয়েল ৯:৪
- ছ. "জ্ঞান" ১ শমু ২:৩
- জ. "আমার দুর্ভাগ্য" ২ শমু ২২:৩৩
- ঝ. "আমার প্রতিশোধ দাতা" ২ শমু ২২:৪৮
- ঞ. "পবিত্রতম" যিশা ৫:১৬
- ট. "শক্তি" যিশা ১০:২১
- ঠ. "আমার পরিত্রাণ" যিশা ১২:২
- ড. "মহান এবং পরাক্রমী" যির ৩২:১৮
- ঢ. "প্রতিফলদাতা" যির ৫১:৫৬
৫. ঈশ্বরের জন্য পুরাতন নিয়মের সব বড় বড় নামের সমন্বয় পাওয়া যায় যিহোশূয় ২২:২২ (*El, Elohim, YHWH*, পুনরাবৃত্তি করা হয়েছে)
- খ. *Elyon* (BDB 751, KB 832)
১. এর মূল অর্থ "উচ্চ" "প্রশংসিত" বা "উচ্চে তুলে ধরা" (আদি ৪০:১৭; ১ রাজা ৯:৮; ২ রাজা ১৮:১৭; নহিমিয় ৩:২৫; যির ২০:২; ৩৬:১০; গীত ১৮:১৩)।
২. এটি ঈশ্বরের অন্যান্য উপাধি/নামের সঙ্গে সমান্তরাল ভাবে ব্যবহৃত হয়েছে।
- ক. *Elohim* – গীত ৪৭:১-২; ৭৩:১১; ১০৭:১১
- খ. *YHWH* – আদি ১৪:২২; ২ শমু ২২:১৪
- গ. *El-Shaddai* – গীত ৯১:১,৯
- ঘ. *El* – গণনা ২৪:১৬
- ঙ. *Elah* – প্রায়ই ব্যবহৃত হয়েছে দানিয়েল ২-৬ এবং ইস্রা ৪-৭ অধ্যায়ে, সংযুক্ত হয়েছে *illair* ("সর্বোচ্চ ঈশ্বরের" জন্য অরামিক শব্দ) সাথে দানিয়েল ৩:২৬; ৪:২; ৫:১৮,২১
৩. যারা ইস্রায়েলীয় নয় তাদের দ্বারা এটি প্রায়ই ব্যবহৃত হয়েছে।
- ক. মন্সিষেদক, আদি ১৪:১৮-২২
- খ. বিলিয়ম, গণনা ২৪:১৬
- গ. মোশি, জাতির উদ্দেশ্যে বক্তৃতায় দ্বি বি ৩২:৮
- ঘ. নতুন নিয়মে লুকের সুসমাচারে, পরজাতিদের কাছে লেখা, আরও ব্যবহৃত হয়েছে গ্রীক সমার্থক শব্দ *Hupsistos* (১:৩২,৩৫,৭৬; ৬:৩৫; ৮:২৮; প্রেরিত ৭:৪৮; ১৬:১৭)
- গ. *Elohim* (বহুবচন), *Eloah* (একবচন), মুখ্যত কবিতাতে ব্যবহৃত হয়েছে (BDB 43, KB 52)
১. এই টার্মটি পুরাতন নিয়মের বাইরে কোন লেখনীতে পাওয়া যায় না।
২. এই শব্দটি ইস্রায়েলের ঈশ্বরের জন্য পরিকল্পিত অথবা জাতিগণের দেবতার জন্য হতে পারে (যাত্রা ১২:১২; ২০:৩)। অব্রাহামের পরিবার বহু ঈশ্বরবাদী ছিল (যিহোশূয় ২৪:২)।
৩. এটা ইস্রায়েলীয় বিচারকদেরও উল্লেখ করতে পারে (যাত্রা ২১:৬; গীত ৮২:৬)
৪. *elohim* টার্মটি অন্যান্য আত্মিক সত্ত্বার জন্যও ব্যবহৃত (দূতগণ, মন্দ আত্মারা) দ্বি বি ৩২:৮ (LXX); গীত ৮:৫; ইয়োব ১:৬; ৩৮:৭।
৫. বাইবেলে এটি হল ঈশ্বরের জন্য প্রথম নাম/উপাধি (আদি ১:১)। আদি ২:৪ পর্যন্ত এটি একচেটিয়া ভাবে ব্যবহৃত হয়েছে, যেখানে এটি YHWH সাথে যুক্তভাবে। এটি মূলত (ধর্মতত্ত্বগত ভাবে) ঈশ্বরকে উল্লেখ করে সৃষ্টিকর্তা, স্থায়ী এবং গ্রহের সব জীবনের

যোগানদাতা (গীত ১০৪)।

এটা *El* সাথে একইরূপ (দ্বি বি ৩২:১৫-১৯)। এটা সমান্তরাল হতে পারে *YHWH* সাথে যেমন গীত ১৪ (*Elohim*) ঠিক গীত ৫৩(*YHWH*) মত একই রকম, ব্যতিক্রম ঐশ্বরীক নামের পরিবর্তনের জন্য।

৬. যদিও বহুবচন এবং অন্যান্য দেবতার জন্য ব্যবহৃত, এই টার্মটি প্রায়ই ইস্রায়েলের ঈশ্বরের জন্য পরিকল্পিত, কিন্তু সাধারণত এর রয়েছে সিঙ্গুলার ভার্ব এক ঈশ্বর তত্ত্ব ব্যবহার চিহ্নিত করতে।

৭. এই টার্ম পাওয়া গিয়েছে যারা ইস্রায়েলীয় নয় তাদের মুখে ঈশ্বরের নাম হিসাবে।

ক. মস্কিষেদক, আদি ১৪:১৮-২২

খ. বিলিয়ম, গণনা ২৪:২

গ. মোশি, জাতির প্রতি বক্তৃতায়, দ্বি বি ৩২:৮

৮. এটা অদ্ভুত যে ইস্রায়েলের এক ঈশ্বরের একটি সাধারণ নাম হল বহুবচন! যদিও এর কোন নিশ্চয়তা নেই, এখানে তত্ত্বটি।

ক. হিব্রুতে অনেক বহুবচন আছে, প্রায়ই এগুলি জোর দেবার জন্য ব্যবহৃত হয়েছে। পরবর্তীতে হিব্রু ব্যাকরণগত বৈশিষ্ট্যে এটি ঘনিষ্ঠ ভাবে সম্বন্ধযুক্ত যাকে বলা হয়েছে “মর্যাদার বহুবচন,” যেখানে বহুবচন ব্যবহৃত হয়েছে কোন ধারণাকে বড় করে দেখাতে।

খ. এটি দূতগণের পরিষদকেও উল্লেখ করতে পারে, যাদের সঙ্গে ঈশ্বর স্বর্গে মিলিত হন এবং যারা তাঁর আদেশ পালন করে (১ রাজা ২২:১৯-২৩; ইয়োব ১:৬; গীত ৮২:১; ৮৯:৫,৭)।

গ. এটা সম্ভব যে এটি প্রতিফলিত করে নূতন নিয়মের প্রকাশ এক ঈশ্বরের তিনটি ব্যক্তিত্ব। আদি ১:১ পদে ঈশ্বর সৃষ্টি করেছেন; আদি ১:২ পদ আত্মা জন্ম দিয়েছেন, এবং নূতন নিয়মে থেকে যীশু হলেন পিতা ঈশ্বরের সৃষ্টিতে প্রতিনিধি (যোহন ১:৩,১০; রোমীয় ১১:৩৬; ১ করি ৮:৬; কল ১:১৫; ইব্রীয় ১:২; ২:১০)।

ঘ. *YHWH* (BDB 217, KB 394)

১. এটি হল সেই নাম যে নামটি ঈশ্বরকে প্রতিফলিত করে নিয়ম তৈরীর ঈশ্বর; উদ্ধারকর্তা, পরিত্রাতা হিসাবে ঈশ্বর! মানুষ নিয়ম ভেঙ্গেছে, কিন্তু ঈশ্বর তাঁর বাক্য, প্রতিজ্ঞা, নিয়মে স্থির (গীত ১০৩)। এই নাম প্রথম উল্লেখিত হয়েছে *Elohim* সাথে যৌথভাবে আদি ২:৪ পদে। আদি পুস্তকের ১-২ অধ্যায়ে দুটি সৃষ্টি কাহিনি নেই, কিন্তু দুটি বিষয়ে জোর দেওয়া হয়েছে (১) বিশ্বব্রহ্মাণ্ড(বাস্তব) সৃষ্টি কর্তা হিসাবে ঈশ্বর এবং (২) মানুষের বিশেষ সৃষ্টিকর্তা হিসাবে ঈশ্বর। আদি ২:৪-৩:২৪ পদ শুরু হয়েছে মানুষের বিশেষ সুবিধার মর্যাদা ও উদ্দেশ্য সম্বন্ধে বিশেষ প্রকাশ দিয়ে, এই একই সঙ্গে পাপের সমস্যা ও বিদ্রোহ এই অদ্বিতীয় মর্যাদার সঙ্গে সম্বন্ধযুক্ত।

২. আদি ৪:২৬ পদে বলা হয়েছে, “লোকেরা সদাপ্রভুর নামে ডাকিতে আরম্ভ করিল”(YHWH)। যাহোক, যাত্রা ৬:৩ পদ ইঙ্গিত দেয় যে প্রাথমিক নিয়মের মানুষ(আদি পিতা ও তাদের বংশধরগণ) ঈশ্বরকে কেবল *El-Shaddai* নামে জানতো। *YHWH* নামটি কেবলমাত্র যাত্রা ৩:১৩-১৬, বিশেষ করে ১৬ পদে একবারই ব্যাখ্যা করা হয়েছে। যাহোক, মোশির লেখা প্রায়ই জনপ্রিয় শব্দ দিয়ে অনুবাদ হয়েছে কিন্তু শব্দতত্ত্ব দিয়ে নয় (আদি ১৭:৫; ২৭:৩৬; ২৯:১৩-৩৫)। অনেক তত্ত্ব রয়েছে এই নামের অনেক অর্থ বিষয়ে (IDB, vol. 2, pp. 409-11 থেকে নেওয়া হয়েছে)।

ক. আরবীয় মূল থেকে, “একাগ্র ভালবাসা দেখান”

খ. আরবীয় মূল থেকে, “আঘাত করা”(YHWH বাড়ের ঈশ্বর হিসাবে)

গ. উগার্টিক (Ugaritic [Canaanite]) মূল থেকে, “কথা বলা”

ঘ. ফৈনিকিয় উৎকীর্ণ লিপি থেকে, ‘CAUSATIVE PARTICIPLE’ অর্থ “একজন যিনি স্থায়ী” বা “একজন যিনি প্রতিষ্ঠা করেন”

ঙ. হিব্রু *Qal* থেকে, “একজন যিনি” অথবা “একজন যিনি বর্তমান”(ভবিষ্যৎ কাল অর্থে, “একজন যিনি থাকবেন”)

চ. হিব্রু *Hiphil* থেকে, “একজন যিনি কারণ”

ছ. হিব্রু মূল থেকে, “জীবিত থাকা”(আদি ৩:২০), অর্থ “চিরজীবী, কেবলমাত্র একজনই জীবিত”

জ. যাত্রা পুস্তকের ৩:১৩-১৬ পদের প্রসঙ্গ থেকে, ত্রুটিপূর্ণ গঠন থেকে নিখুঁত অর্থে ব্যবহার, “আমি সব সময়ই থাকবো যেমন আমি থাকি” অথবা “আমি সব সময়ই থাকবো যেভাবে আমি সবসময়ই আছি” (J. Wash Watts, *A Survey of Syntax in the Old Testament*, p.67)। *YHWH* পুরা নাম প্রায়ই শব্দ সংক্ষেপে প্রকাশ করা হয় অথবা সাজ্য্য মূল আকৃতিতে।

(১) *Yah* (অর্থাৎ Hallelu - yah, BDB 219, যাত্রা ১৫:২; ১৭:১৬; গীত ৮৯:৯; ১০৪:৩৫)

(২) *Yahu* (“iah” নামের শেষাংশ, অর্থাৎ, যিশাইয়)

(৩) *Yo* (“Jo” নামের আরম্ভ, অর্থাৎ যশূয়া অথবা যোয়েল)

৩. পরবর্তীকালের যিহুদী ধর্মে এই নিয়মের নাম হয়ে পড়ে খুব পবিত্র (tetragrammaton [ইব্রীয় চারটি অক্ষরে লেখা ঈশ্বরের নাম]) যেটি যিহুদীরা উচ্চারণ করতে ভয় পেত কারণ যদি তারা যাত্রা ২০:৭; দ্বি বি ৫:১১; ৬:১৩ পদে আজ্ঞা ভঙ্গ করে। তাই তারা হিব্রু টার্মের বিকল্প বের করে “মালিক”, “প্রভু”, “স্বামী”, “সদাপ্রভু” জন্য- *adon* বা *adonai* (আমার সদাপ্রভু)। যখন তারা পুরাতন নিয়ম পড়তে পড়তে *YHWH* শব্দের কাছে আসতো তারা উচ্চারণ করতো “সদাপ্রভু”। এই জন্য ইংরাজি *YHWH* অনুবাদের জায়গায় সদাপ্রভু অনুবাদ করা হয়েছে।

৪. যেভাবে *El* সাথে, *YHWH* প্রায়ই অন্য টার্মের সাথে যুক্ত হয়েছে ইস্রায়েলের নিয়মের ঈশ্বরের কোন বৈশিষ্ট্যের উপরে গুরুত্বারোপ করতে। অনেক সাজ্য্য যৌথ টার্ম রয়েছে, এখানে তার কিছু উল্লেখ করা হল।

- ক. *YHWH – Yireh* (YHWH যোগাবেন, BDB 217 & 906), আদি ২২:১৪
 খ. *YHWH – Rophekha* (YHWH তোমার আরোগ্যকারী, ইউই ২১৭, ৯৫০, *Qal PARTICIPLE*), যাত্রা ১৫:২৬
 গ. *YHWH – Nissi* (YHWH আমার পতাক, BDB 217 & 651) যাত্রা ১৭:১৫
 ঘ. *YHWH – Meqaddishkem* (YHWH যিনি তোমাকে শুচি করেন, BDB 217 & 872, *Piel PARTICIPLE*) যাত্রা ৩১:১৩
 ঙ. *YHWH – Shalom* (YHWH শান্তি, BDB 217 & 1022) বিচার ৬:২৪
 চ. *YHWH – Sabaoth* (YHWH আতিথ্যকারী, BDB 217 & 878), ১ শমূ ১:৩,১১, ৪:৪; ১৫:২; প্রায়ই ভাববাদীদের বেলায়
 ছ. *YHWH – Ro'I* (YHWH আমার পালক, BDB 217 & 944, *Qal PARTICIPLE*), গীত ২৩:১
 জ. *YHWH – Sidqenu* (YHWH আমাদের ধার্মিকতা, BDB 217 & 841), যির ২৩:৬
 ঝ. *YHWH – Shammah* (YHWH তত্র, BDB 217 & 1027), যিহি ৪৮:৩৫

১:৫ “আমরা” পৌল তার ভূমিকাতে অন্য কোন ব্যক্তির বিষয়ে উল্লেখ করেন নাই, যেভাবে তিনি প্রায়ই তার অন্য পত্রগুলিতে করেছেন। এই প্রথম শব্দগুচ্ছ পৌলের দম্বেশকের পথে ধর্মাস্তর ও নিয়োগের বিষয়ে উল্লেখ করে (প্রেরিত ৯), যেটি দৃঢ়ভাবে সম্পাদকীয় ব্যবহার “আমরা”-তে ইঙ্গিত করে।

□ “আমরা অনুগ্রহ ও প্রেরিতত্ব পদ প্রাপ্ত হয়েছি” পৌল নিশ্চিত করছেন খ্রীষ্টের মধ্যে দিয়ে কেবল মাত্র পরিত্রাণের দান নয় কিন্তু এর সঙ্গে সংযুক্ত হয়েছে, পরজাতিয়দের কাছে প্রেরিত হবার জন্য আহবান। এই সব কিছুই তাৎক্ষণিক ভাবে দম্বেশকের পথেই হয়েছিল (AORIST ACTIVE INDICATIVE, প্রেরিত ৯:১-২২; ২২:৩-১৬; ২৬:৯-১৮)। এটা যোগ্যতার দ্বারা হয়নি কিন্তু উদ্দেশ্যপূর্ণ অনুগ্রহ থেকে!

এটা সম্ভব যে “অনুগ্রহ” এবং “প্রেরিতত্ব” দুটি বিষয়কে একটি একক হিসাবে নিতে হবে “প্রেরিতত্ব দান” (NET note #13)। সকল ভিন্ন ভিন্ন অনুবাদ *The New Testament in 26 Translations* (p. 646)-এ তালিকাভুক্ত করা হয়েছে যাকে hendiadys (দুটি শব্দের যুক্ত উচ্চারণ) হিসাবেও দেখা হয়েছে।

□ “আনয়নের কারণ” প্রসঙ্গের উদ্দেশ্যে (১ পদ) এটি হল *eis* এর দ্বিতীয় ব্যবহার। সুসমাচার যীশুর উপরে বিশ্বাসের মাধ্যমে মানুষের মধ্যে ঈশ্বরের প্রতিমূর্তি পুনরুদ্ধার করেছে। এর মাধ্যমে ঈশ্বরের মূল উদ্দেশ্য প্রকাশিত হয়েছে, যেটি হল মানুষ তাঁর সঙ্গে ঘনিষ্ঠ সহভাগিতায় যিনি তাঁর বৈশিষ্ট্য প্রতিফলিত করেছেন (৭ পদ)।

- NASB, NJB “বিশ্বাসের আঞ্জাবহতা”
 NKJV “বিশ্বাসের প্রতি অঞ্জাবহতার জন্য”
 NRSV “বিশ্বাসের আঞ্জাবহতার কারণে আনিত”
 TEV “বিশ্বাস এবং পালন করা”

এটি হল রোমীয়তে প্রথম আবশ্যকীয় টার্মের ব্যবহার, “বিশ্বাস” (দেখুন বিশেষ বিষয় ৪:৫ পদে)। এটি তিনটি স্বতন্ত্র উপায়ে এই অধ্যায়ে ও এই পুস্তকে ব্যবহৃত হয়েছে।

- ৫ পদ। এটি সত্যের দেহ বা মতবাদ হিসাবে ব্যবহৃত যার সঙ্গে সম্পর্কযুক্ত যীশু এবং খ্রীষ্টিয় জীবন (প্রেরিত ৬:৭; ১৩:৮; ১৪:২২; ১৬:৫; রোমীয় ১৪:১; ১৬:২৬; গালা ১:২৩; ৬:১০; যিহুদা ৩,২০)।
- ৮ পদ। এটি ব্যবহৃত হয়েছে যীশুর উপরে ব্যক্তিগত নির্ভরতার অর্থ হিসাবে। ইংরাজি টার্ম “বিশ্বাস করা” “বিশ্বাস” এবং “নির্ভরতা” সব গুলিই অনুবাদ হয়েছে একটি গ্রীক টার্ম থেকে (*pistis/pisteuo*)। সুসমাচার হল ধারণাগত (মতবাদ) এবং ব্যক্তিগত (১৬ পদ; যোহন ১:১২; ৩:১৬)। দেখুন বিশেষ বিষয় ৪:৫ পদে।
- ১৭ পদ। এটি ব্যবহৃত হয়েছে এর পুরাতন নিয়মের নির্ভরযোগ্যতার, আনুগত্যতার, বা নির্ভরশীলতার অর্থে। এটি হল হবককূক ২:৪ পদের অর্থ। পুরাতন নিয়মে বিশ্বাসের মতবাদের কোন উন্নয়ন হয়নি, কিন্তু উদাহরণের পর উদাহরণ দেওয়া হয়েছে বিশ্বাসে জীবন যাপনের (আদি ১৫:৬ পদে অব্রাহাম), নিখুঁত বিশ্বাস নয় কিন্তু সংগ্রামী বিশ্বাস (ইব্রীয় ১১)। মানুষের প্রত্যাশা তাদের কাজ করার বা সঠিক ভাবে বিশ্বাস করার যোগ্যতায় ছিল না, কিন্তু ঈশ্বরের বৈশিষ্ট্যে (৩:২৪; ৬:২৩; ইফি ২:৮-৯)। ঈশ্বর একমাত্র বিশ্বস্ত (মালাখী ৩:৬)!

কিছু ধারাবাহিক কাজ আছে যাকে বলা যেতে পারে পরিত্রাণের ঘটনা।

- ক. মন পরিবর্তন (২:৪; মার্ক ১:১৫; লূক ১৩:৩,৫; প্রেরিত ৩:১৬, ১৯; ২০:২১)
 খ. প্রত্যয়/বিশ্বাস (১:১৬; যোহন ১:১২; ৩:১৬; প্রেরিত ১৬:৩১, কারণে বাস্তব হল প্রকাশ্যে তার বিশ্বাসের ঘোষণা)
 গ. আঞ্জাবহতা (২:১৩; ২ করি ৯:১৩; ১০:৫; ১ পিতর ১:২,২২)
 ঘ. সহিষ্ণুতা (২:৭; লূক ১৮:১; ২ করি ৪:১,১৬; গালা ৬:৯; ২ থিথ ৩:১৩)।

এগুলি হল নূতন নিয়ম এর শর্তাবলী। আমাদের অবশ্যই গ্রহণ/বিশ্বাস করতে হবে এবং অবিরত গ্রহণ/বিশ্বাস করতে হবে খ্রীষ্টে ঈশ্বরের দান(১৬ পদ; যোহন ১:১২)।

বিশেষ বিষয়: পুরাতন নিয়মে বিশ্বাস করা, নির্ভরতা, বিশ্বাস এবং বিশ্বস্ততা(৭২৫)

I. প্রারম্ভিক বক্তব্য

এটা বলা প্রয়োজন যে এই ধর্মতাত্ত্বিক ধারণার ব্যবহার, নূতন নিয়মে অত্যন্ত গুরুত্বপূর্ণ, খুব স্পষ্ট ভাবে পুরাতন নিয়মে ব্যাখ্যা করা হয়নি, কিন্তু সুস্পষ্ট ভাবে দেখান হয়েছে key (প্রধান) নির্বাচিত প্যাসেজে ও ব্যক্তিতে।

পুরাতন নিয়ম মিশ্রিত করেছে

ক. ব্যক্তি এবং সমাজ

খ. ব্যক্তিগত সাক্ষাৎ এবং নিয়মের আজীবনতা

বিশ্বাস হল ব্যক্তিগত অভিজ্ঞতা ও দৈনিক জীবনযাত্রা উভয়ে! ভাষার শব্দগত গঠনের (অর্থাৎ শব্দ অধ্যয়ন) চেয়ে ব্যক্তিতে এটা বর্ণনা করা খুব সহজ। এই ব্যক্তিগত দিকের সবচেয়ে ভাল উদাহরণ হল

ক. अब्राहाम ও তার বংশধর

খ. दायुদ এবং ইস্রায়েল

এই লোকেরা দেখা করেছিল/সম্মুখাসম্মুখী হয়েছিল ঈশ্বরের এবং তাদের জীবন স্থায়ী ভাবে পরিবর্তিত (নিখুঁত জীবনে নয়, কিন্তু অবিরত বিশ্বাসে) হয়ে গিয়েছিল। পরীক্ষা প্রকাশ করেছিল দুর্বলতাসমূহ এবং তাদের বিশ্বাসে ঈশ্বরের সম্মুখাসম্মুখী হয়েছিল, কিন্তু ঘনিষ্ঠতা, নির্ভরতা, সম্পর্ক অবিরত চলেছে সময়ের সাথে! এটি পরীক্ষিত ও পরিশুদ্ধ হয়েছিল, কিন্তু এটি তাদের অঙ্গিকার ও জীবন যাত্রার দ্বারা অবিরত প্রমাণিত ছিল।

II. প্রধান মূল (root) ব্যবহৃত হয়েছে

ক. **נשן** (BDB 52)

1. VERB (ক্রিয়া)

ক. *Qal* ডাঁটা – সমর্থন করা, লালন-পালন করা (২ রাজা ১০:১,৫; ইস্টের ২:৭, অ-ধর্মতাত্ত্বিক ব্যবহার)

খ. *Niphal* ডাঁটা – নিশ্চিত করা বা দৃঢ় করা, প্রতিষ্ঠা করা, নিশ্চিত করা, বিশ্বস্ত হওয়া বা নির্ভরযোগ্য হওয়া

(১) মানুষের বিষয়ে, যিশাইয় ৮:২; ৫৩:১; যির ৪০:১৪

(২) জিনিসের বিষয়ে, যিশাইয় ২২:২৩

(৩) ঈশ্বরের বিষয়ে, দ্বি বি ৭:৯,১২; যিশাইয় ৪৯:৭; যির ৪২:৫

গ. *Hiphil* ডাঁটা – দৃঢ়ভাবে দাঁড়ান, বিশ্বাস করা, নির্ভর করা

(১) अब्राহাম ঈশ্বরে বিশ্বাস করলেন, আদি ১৫:৬

(২) মিসরে ইস্রায়েলীয়রা বিশ্বাস করেছিল, যাত্রা ৪:৩১; ১৪:৩১ (দ্বি বি ১:৩২ পদে অস্বীকার করা হয়েছে)

(৩) মোশির মাধ্যমে YHWH কথা ইস্রায়েলীয়রা বিশ্বাস করেছিল, যাত্রা ১৯:৯; গীত ১০৬:১২,২৪

(৪) আহস ঈশ্বরে নির্ভর করে নাই, যিশা ৭:৯

(৫) যে কেউ বিশ্বাস করে এতে/তাঁহাতে, যিশা ২৮:১৬

(৬) ঈশ্বর সম্বন্ধে সত্যে বিশ্বাস করা, যিশাইয় ৪৩:১০-১২

২. NOUN (পুং লিঙ্গ) – বিশ্বস্ততা (অর্থাৎ দ্বি বি ৩২:২০; যিশা ২৫:১; ২৬:২)

৩. ADVERB – সত্যি, বাস্তবিক, আমি রাজি, এটা এমনই হোক, (দ্বি বি ২৭:১৫-২৬; ১ রাজা ১:৩৬; ১ বংশ ১৬:৩৬; যিশা ৬৫:১৬; যির ১১:৫; ২৮:৬)। এটি হল পুরাতন নিয়ম ও নূতন নিয়মে প্রকাশ্য অরাধনায় ব্যবহৃত “আমেন”।

খ. **נשן** (BDB 54) স্ত্রী-বাচক বিশেষ্য, দৃঢ়তা, বিশ্বস্ততা, সত্য

১. মানুষের বিষয়ে, যিশাইয় ১০:২০; ৪২:৩; ৪৮:১

২. ঈশ্বরের বিষয়ে, যাত্রা ৩৪:৬; গীত ১১৭:২; যিশাইয় ৩৮:১৮,১৯; ৬১:৮

৩. সত্যের বিষয়ে, দ্বি বি ৩২:৪; ১ রাজা ২২:১৬; গীত ৩৩:৪; ৯৮:৩; ১০০:৫; ১১৯:৩০; যির ৯:৪; সখ ৮:১৬

গ. **נשן** (BDB 53), দৃঢ়তা, অবিচলতা, আনুগত্য

১. হাতের বিষয়ে, যাত্রা ১৭:১২

২. সময়ের বিষয়ে, যিশাইয় ৩৩:৬

৩. মানবিকতার বিষয়ে, যির ৫:৩; ৭:২৮; ৯:২

৪. ঈশ্বরের বিষয়ে, গীত ৪০:১১; ৮৮:১২; ৮৯:২,৩,৬,৯; ১১৯:১৩৮

III. পুরাতন নিয়মের এই ধারণার পৌলের ব্যবহার

ক. পৌলের YHWH এবং পুরাতন নিয়ম সম্পর্কে নূতন উপলব্ধির উপরে ভিত্তি তার দম্মেকের পথে যীশুর সাথে সম্মুখাসম্মুখী হওয়া (প্রেরিত ৯: ২২:২৬)।

খ. তিনি তার নূতন উপলব্ধির পুরাতন নিয়মে সমর্থন পেয়েছিলেন দুটি পুরাতন নিয়মের মূল প্যাসেজ থেকে যার root (মূল) **נשן** ব্যবহার করেছে।

১. আদি ১৫:৬ – अब्राহামের ব্যক্তিগত সাক্ষাৎ ঈশ্বরের দ্বারা শুরু হয়েছিল (আদি ১২) যার ফল ছিল বিশ্বাসে বাধ্যতার জীবন (আদি ১২:২২)। পৌল পরোক্ষ ভাবে এটি উল্লেখ করেছেন রোমীয় ৪ ও গালাতীয় ৩ অধ্যায়ে।

২. যিশা ২৮:১৬ – যারা এতে বিশ্বাস করেছেন (অর্থাৎ ঈশ্বরের পরীক্ষা করেছেন এবং দৃঢ় ভাবে কোণের পাথর স্থাপন করেছেন) তারা কখনো হবে না

ক. রোমীয় ৯:৩৩, “লজ্জিত” বা “হতাশ”

খ. রোমীয় ১০:১১, উপরের মত একই রকম

৩. হবককুক ২:৪-যারা বিশ্বস্ত ঈশ্বর সম্পর্কে জানে তারা অবশ্যই বিশ্বস্ত জীবন যাপন করবেন (যির ৭:২৮)। পৌল এই টেক্সট রোমীয় ১:১৭ এবং গালাতীয় ৩:১১ পদে ব্যবহার করেছেন (আরও নোট করুন ইব্রীয় ১০:৩৮)।

IV. পুরাতন নিয়মের ধারণা পিতর ব্যবহার করেছেন

ক. পিতর সম্বন্ধ করেছেন

১. যিশা ৮:১৪- ১ পিতর ২:৮ (ব্যঘাতজনক পাথর)
২. যিশা ২৮:১৬ - ১ পিতর ২:৬ (কোণের পাথর)
৩. গীত ১১১:২২ - ১ পিতর ২:৭ (বাতিল করা পাথর)

খ. তিনি অদ্বিতীয় ভাষাকে উল্লেখ দিয়েছেন যা বর্ণনা করেছে ইশ্রায়েল “একটি মনোনীত বংশ, রাজকীয় যাজকবর্গ, পবিত্র জাতি, ঈশ্বরের নিজস্ব অধিকারের লোক”

১. দ্বি বি ১০:১৫; যিশা ৪৩:২১
২. যিশা ৬১:৬; ৬৬:২১
৩. যাত্রা ১৯:৬; দ্বি বি ৭:৬

এবং এখন এটি ব্যবহৃত হচ্ছে মণ্ডলীর খ্রীষ্টে বিশ্বাসের জন্য।

V. যোহন ধারণাটি ব্যবহার করেছেন

ক. এর নূতন নিয়মে ব্যবহার

“বিশ্বাস করেছে” টার্মটি এসেছে গ্রীক টার্ম ‘*pisteuō*’ থেকে, যেটি আরও অনুবাদ হতে পারে “বিশ্বাস করা”, “বিশ্বাস”, বা “নির্ভর করা”। উদাহরণ স্বরূপ, যোহনের সুসমাচারে NOUN ব্যবহার দেখা যায় না কিন্তু ‘ভার্ব’ প্রায়ই ব্যবহৃত হয়েছে। যোহন ২:২৩-২৫ পদে অনিশ্চয়তা রয়েছে মশীহ হিসাবে নাসরতীয় যীশুর প্রতি লোকদের অঙ্গিকারের যথার্থতা নিয়ে। অন্য উদাহরণ এই গভীরতাহীন “বিশ্বাস করা” টার্ম ব্যবহারে যোহন ৮:৩১-৫৯ এবং প্রেরিত ৮:১৩,১৮-২৪ পদে। সত্যিকার বাইবেল ভিত্তিক বিশ্বাস প্রাথমিক সাড়া প্রদানের থেকেও বেশি কিছু। এটি অবশ্যই অনুসৃত হবে শিষ্যত্বের প্রক্রিয়া দ্বারা (মথি ১৩:২০-২২, ৩১-৩২)।

খ. PREPOSITIONS-এর সাথে এর ব্যবহার

১. *eis* অর্থ “ভিতরে”। এই অদ্বিতীয় কাঠামো বিশ্বাসীদের উপরে জোর দিয়েছে যীশুর উপরে তাদের নির্ভরতা/বিশ্বাস রাখতে

ক. তাঁর নামের মধ্যে (যোহন ১:১২; ২:২৩; ৩:১৮; ১ যোহন ৫:১৩)

খ. তাঁর মধ্যে (যোহন ২:১১; ৩:১৫, ১৮; ৪:৩৯; ৬:৪০; ৭:৫,৩১,৩৯,৪৮; ৮:৩০; ৯:৩৬; ১০:৪২; ১১:৪৫, ৪৮; ১৭:৩৭,৪২; মথি ১৮:৬; প্রেরিত ১০:৪৩; ফিলি ১:২৯; ১ পিতর ১:৮)

গ. আমার মধ্যে (যোহন ৬:৩৫; ৭:৩৮; ১১:২৫,২৬; ১২:৪৪,৪৬; ১৪:১,১২; ১৬:৯; ১৭:২০)

ঘ. পুত্রেতে (যোহন ৩:৩৬; ৯:৩৫; ১ যোহন ৫:১০)

ঙ. যীশুতে (যোহন ১২:১১; প্রেরিত ১৯:৪; গালা ২:১৬)

চ. আলোতে(যোহন ১২:৩৬)

ছ. ঈশ্বরের মধ্যে (যোহন ১৪:১)

২. *en* অর্থ ‘মধ্যে’ যেমন যোহন ৩:১৫; মার্ক ১:১৫; প্রেরিত ৫:১৪ পদে

৩. অর্থ ‘মধ্যে’ বা ‘উপরে’, যেভাবে মথি ২৭:৪২; প্রেরিত ৯:৪২; ১১:১৭; ১৬:৩১; ২২:১৯; রোমীয় ৪:৫, ২৪; ৯:৩৩; ১০:১১; ১ তীম ১:১৬; ১ পিতর ২:৬ পদে।

৪. ‘DATIVE CASE’ যার ‘PREPOSITION’ নেই যেমন গালা ৩:৬; প্রেরিত ১৮:৮; ২৭:২৫; ১ যোহন ৩:২৩; ৫:১০

৫. *hoti*, যার অর্থ “বিশ্বাস করেছে যে” কি বিশ্বাস করা হয়েছে তার বিষয়বস্তু জানায়

ক. যীশু হলেন ঈশ্বরের পবিত্রতম (যোহন ৬:৬৯)

খ. যীশু হলেন আমি আছি (যোহন ৮:২৪)

গ. যীশু পিতাতে এবং পিতা যীশুতে আছেন (যোহন ১০:৩৮)

ঘ. যীশু হলেন মশীহ (যোহন ১১:২৭; ২০:৩১)

ঙ. যীশু হলেন ঈশ্বর পুত্র (যোহন ১১:২৭; ২০:৩১)

চ. পিতা যীশুকে পাঠিয়েছিলেন (যোহন ১১:৪২; ১৭:৮,২১)

ছ. পিতার সাথে যীশু এক (যোহন ১৪:১০-১১)

জ. পিতার কাছ থেকে যীশু এসেছিলেন (যোহন ১৬:২৭,৩০)

ঝ. যীশু নিজেকে পিতার নিয়মের নাম “আমি আছি”-র সাথে চিহ্নিত করেছেন (যোহন ৮:২৪; ১৩:১৯)

ঞ. আমরা তাঁর সঙ্গে জীবন যাপন করবো (রোমীয় ৬:৮)

ট. যীশু মরেছেন এবং পুনরায় জীবিত হয়ে উঠেছেন(১ থিষ ৪:১৪)

VI. উপসংহার

বাইবেল ভিত্তিক বিশ্বাস হল ঐশ্বরীক বাক্য/প্রতিজ্ঞার প্রতি মানবিক সাড়া প্রদান। ঈশ্বরই সবসময় প্রথমে শুরু করেন (অর্থাৎ যোহন ৬:৪৪, ৬৫), কিন্তু এই ঐশ্বরীক যোগাযোগের অংশ হিসাবে মানবিক সাড়া প্রদানের প্রয়োজন।

ক. নির্ভরতা

খ. নিয়মের বাধ্যতা

বাইবেল ভিত্তিক বিশ্বাস হল

১. একটি ব্যক্তিগত সম্পর্ক (প্রারম্ভিক বিশ্বাস)
২. বাইবেল ভিত্তিক সত্যের এক নিশ্চয়তা (ঈশ্বরীয় প্রকাশে বিশ্বাস)
৩. এর প্রতি সাড়া প্রদানে উপযুক্ত বাধ্যতা (প্রতিদিনের বিশ্বাস)

বাইবেল ভিত্তিক বিশ্বাস স্বর্গের টিকিট নয় বা কোন জীবন বীমার পলিসি নয়। এটা হল ব্যক্তিগত সম্পর্ক। এটা ছিল সৃষ্টির এবং ঈশ্বরের প্রতিমূর্তিতে এবং সাদৃশ্যে (আদি ১:২৬-২৭) মানুষ তৈরীর উদ্দেশ্য। মূল বিষয়টি হল “ঘনিষ্ঠতা”। ঈশ্বর চেয়েছেন সহভাগিতা, কোন রকম ধর্মতাত্ত্বিক বিষয়ে নয়!

কিন্তু পবিত্র ঈশ্বরের সাথে সহভাগিতা চেয়েছে সন্তানেরা “পারিবারিক” বৈশিষ্ট্যসমূহ প্রদর্শন করবে (অর্থাৎ পবিত্রতা, লেবী ১৯:২; মথি ৫:৪৮; ১ পিতর ১:১৫-১৬)। পাপে পতন (আদি ৩) আমাদের সঠিক সাড়া প্রদানের যোগ্যতাকে প্রভাবিত করে। সেজন্য, ঈশ্বর আমাদের পক্ষে কাজ করলেন (যিহি ৩৬:২৭-২৮), আমাদের “নূতন হৃদয়” এবং “নূতন আত্মা” দিলেন, যা আমাদের সক্ষম করেছে বিশ্বাস এবং মন পরিবর্তনের মধ্যে দিয়ে তাঁর সঙ্গে সহভাগিতা ও তাঁর বাধ্য হতে!

এই তিনটি বিষয়ই খুব গুরুত্বপূর্ণ। এই তিনটিই অবশ্যই পালন করে চলতে হবে। লক্ষ্য হল ঈশ্বরকে জানা (হিব্রু ও গ্রীক উভয় অর্থেই) এবং আমাদের জীবনে তাঁর চরিত্র প্রতিফলিত করা। বিশ্বাসের লক্ষ্য কোন একদিন স্বর্গ নয়, কিন্তু প্রতিদিনের জীবনে ঈশ্বর সাদৃশ্যতা লাভ!

মানবিক বিশ্বস্ততা হল ফলাফল (নূতন নিয়ম), ঈশ্বরের সঙ্গে সম্পর্কের জন্য ভিত্তি নয় (পুরাতন নিয়ম): মানবিক বিশ্বাস হল তাঁর বিশ্বস্ততা; মানবিক নির্ভরতা হল তাঁর নির্ভরযোগ্যতা। পরিভ্রাণ বিষয়ে নূতন নিয়মের দৃষ্টিভঙ্গির মূল বিষয় হল মানুষ অবশ্যই প্রাথমিক ভাবে সাড়া প্রদান করবে এবং অবিরত ঈশ্বরের অনুগ্রহ ও দয়াতে অভিষিক্ত হবে, খ্রীষ্টে প্রদর্শিত। তিনি ভালবেসেছেন, তিনি পাঠিয়েছেন, তিনি যুগিয়েছেন; আমাদের অবশ্যই বিশ্বাস এবং বিশ্বস্ততা সহকারে সাড়া প্রদান করতে হবে(ইফি ২:৮-৯ এবং ১০)!

বিশ্বস্ত ঈশ্বর চেয়েছেন বিশ্বস্ত মানুষ যারা এই জগতের অবিশ্বস্ত লোকদের কাছে তাঁকে প্রকাশ করবে এবং তাঁর উপরে ব্যক্তিগত বিশ্বাসে তাদেরকে নিয়ে আসবে।



NASB “তাঁর নামের জন্য”
NKJV “তার নামে”
NRSV “তাঁর নামের দরুন”
TEV “খ্রীষ্টের দরুন”
NJB “তাঁর নামের সম্মানে”

বিশেষ বিষয় দেখুন ১০:৯ পদে

□ “বিশ্বাসের বাধ্যতা” আক্ষরিক গ্রীক শব্দগুচ্ছ হল “বাধ্যতার জন্য(eis)।” সুসমাচারে আছে

১. মন পরিবর্তন ও বিশ্বাসের তাৎক্ষণিক বাধ্যতা
২. খ্রীষ্টের সাদৃশ্যতা ও ধৈর্যধারণের জীবন-যাপনের বাধ্যতা

প্রত্যাশিত ফলাফলের আশায় সুসমাচার হল অনুগ্রহের দান! নূতন নিয়ম হল পুরাতন নিয়মের মতই একটি নিয়ম বা চুক্তি। উভয়ে দাবী করে বিশ্বাস/বাধ্যতার সাড়া প্রদান। উভয়ে রয়েছে লাভ, দায়িত্ব এবং প্রত্যাশা (অর্থাৎ ইফি ১:৪; ২:১০)। এটি ধার্মিকতার কাজ নয় কিন্তু নিশ্চয়তার কাজ (যাকোব, ১ যোহন)! অনন্ত জীবনের দৃশ্যমান বৈশিষ্ট্য রয়েছে!



NASB, NRSV “সকল পরজাতিগণের মধ্যে”
NKJV “সকল জাতির মধ্যে”
TEV “সমস্ত জাতির লোকবৃন্দ”
NJB “সকল পৌত্তলিক জাতিগণের প্রতি”

এটি হল সার্বজনীন সুসমাচার। আদি ৩:১৫ পদে ঈশ্বর পরিভ্রাণের প্রতিজ্ঞার মধ্যে অন্তর্ভুক্ত সকল মানব জাতি। যীশুর প্রতিনিধিত্বমূলক মৃত্যু আদমের পতন সকল সন্তানকে অন্তর্ভুক্ত করেছে (৫:১৮; যোহন ১:২৯; ৩:১৬; ৪:৪২; ৬:৩৩,৫১; ১ করি ১৫:২২; ২ করি ৫:১৯; ইফি ২:১১-৩:১৩; ১ম তীম ২:৪; ৪:১০; তীত ২:১১; ইব্রী ২:৯; ২ পিতর ৩:৯; ১ যোহন ২:২; ৪:১৪)। পৌল তার বিশেষ আহ্বানকে দেখেছেন পরজাতিদের কাছে সুসমাচার প্রচারক হিসাবে (থেরিত ৯:১৫; ২২:২১; ২৬:১৭; রোমীয় ১১:১৩; ১৫:১৬; গালা ১:১৬; ২:২৯; ইফি ৩:২,৮; ১ তীম ২:৭; ২ তীম ৪:১৭)।

বিশেষ বিষয়: বরের ইভানজেলিক্যাল পক্ষপাতিত্ব

পাঠক আমি অবশ্যই আপনার কাছে স্বীকার করছি যে আমি এই পয়েন্টে প্রভাবিত হয়েছি। আমার পদ্ধতিগত ধর্মতত্ত্ব ক্যালভিনিজম বা Dispensational (নির্গমন মূলক) নয়, কিন্তু এটি মহান আদেশের সুসমাচার প্রচার (মথি ২৮:১৮-২০; লুক ২৪:২৬-৪৭; থেরিত ১:৮)। আমি বিশ্বাস করি সকল মানুষের পরিভ্রাণের জন্য ঈশ্বরের একটি অনন্তকালীন পরিকল্পনা ছিল (অর্থাৎ আদি ৩:১৫; ১২:৩; যাত্রা ১৯:৫-৬; যির ৩১:৩১-৩৪; যিহি ১৮; ৩৬:২২-৩৯; থেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; ১৩:২৯; রোমীয় ৩:৯-১৮,১৯-২০,২১-৩১), সকলের জন্য যারা তাঁর সাদৃশ্যে ও তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট হয়েছে (আদি ১:২৬-২৭)। নিয়ম খ্রীষ্টের সঙ্গে একীভূত (গালা ৩:২৮-২৯; কল ৩:১১)। যীশু হলেন ঈশ্বরের নিগূঢ়তত্ত্ব, গোপনীয় কিন্তু এখন প্রকাশিত হয়েছেন (ইফি ২:১১-৩:১৩)! নূতন নিয়মের সুসমাচার, ইস্রায়েল নয়, শাস্ত্রের চাবিকাঠি।

এই পূর্ব-উপলব্ধির বিষয় আমার শাস্ত্রের সকল অনুবাদ রাঙ্গিয়েছে। আমি এর মধ্যে দিয়েই সকল টেক্সট পাঠ করেছি। এটি নিশ্চিত ভাবেই একটি পক্ষপাত (সকল অনুবাদেই সেগুলি আছে), কিন্তু এটি হল শাস্ত্রীয় ভাবে -পূর্ব অনুমিত অবগতকরণ।

১:৬ “তুমিও” পৌল ছিলেন ঈশ্বরের অনুগ্রহের চরম উদাহরণ (অর্থাৎ মণ্ডলীর নির্বাহনকারী), কিন্তু তার পাঠকেরাও ঈশ্বরের অনুগ্রহ লাভের অনুপযুক্ত ও অযোগ্য উদাহরণ ছিলেন।



NASB, NKJV “যীশু খ্রীষ্টের আহবান”

NRSV “যীশু খ্রীষ্টের হবার জন্য যাদের আহবান করা হয়েছে”

TEV “যীশু খ্রীষ্টের হবার জন্য যাদের ঈশ্বর আহবান করেছেন”

NJB “তাঁর আহবান যীশু খ্রীষ্টের হবার জন্য”

এটা হতে পারে

১. “মণ্ডলী” টার্মটি নিয়ে কাজ করা, যার অর্থ “যাদের ডেকে আনা হয়েছে” বা “সংগৃহিত লোকেরা”

২. ঈশ্বরীক নির্বাচনের উল্লেখ (রোমীয় ৮:২৯-৩০; ৯:১..; ইফি ১:৪,১১; ৩:২১; ৪:১,৪)

৩. শব্দগুচ্ছের রিভাইজড ইংলিশ বাইবেলের অনুবাদ “তোমরা যারা তাঁর আহবান শুনেছো এবং যীশু খ্রীষ্টের হয়েছে।”

এই শব্দগুচ্ছ আরও এই উপলব্ধি প্রতিফলিত করেছে যেভাবে NRSV, TEV এবং JB-তে অনুবাদ করা হয়েছে। নিচের বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: আহূত

ঈশ্বর সব সময় বিশ্বাসীদের তাঁর কাছে আহবান করার, নির্বাচিত করার এবং আমন্ত্রণ জানানোর কাজের সূচনা করেন (যোহন ৬:৪৪, ৬৫; ১ করি ১:১২; ইফি ১:৪-৫, ১১)। “আহূত” টার্মটি কয়েকটি ধর্মতাত্ত্বিক অর্থে ব্যবহৃত হয়েছে।

ক. খ্রীষ্টের সম্পাদিত কাজ ও আত্মার দোষীকরণের মাধ্যমে ঈশ্বরের অনুগ্রহ পাপীদের আহবান জানায় পরিব্রাণ লাভের জন্য (অর্থাৎ *klētos*, রোমীয় ১:৬-৭; ৯:২৪, যেটি ধর্মতাত্ত্বিক ভাবে ১ করি ১:১-২ এবং ২ তীম ১:৯; ২ পিতর ১:১০ পদের সঙ্গে একই রকম)।

খ. পাপীদের উদ্ধার পাবার জন্য প্রভুর নামে ডাকতে হবে (অর্থাৎ *epikaleō*, প্রেরিত ২:২১; ২২:১৬; রোমীয় ১০:৯-১৩)। এই বক্তব্য হল যিহুদী আরাধনার বাগধারা।

গ. খ্রীষ্টের মত জীবন যাপনে বিশ্বাসীদের আহবান জানান হয়েছে (অর্থাৎ *klēsis*, ১ করি ১:২৬; ৭:২০; ইফি ৪:১; ফিলি ৩:১৪; ২ থিথ ১:১১; ২ তীম ১:৯)।

ঘ. পরিচর্যার কাজ করার জন্য বিশ্বাসীদের আহবান জানানো হয়েছে (প্রেরিত ১৩:২; ১ করি ১২:৪-৭; ইফি ৪:১)

NASB (আপডেটেড) টেক্সট: ১:৭ পদ

^১রোমে ঈশ্বরের প্রিয় যত লোক আছেন, যারা পবিত্র হিসাবে আহবান প্রাপ্ত, সেই সর্বজন সমীপেষু। আমাদের পিতা ঈশ্বর ও প্রভু যীশু খ্রীষ্ট থেকে অনুগ্রহ ও শান্তি তোমাদের প্রতি বর্ষুক। (অনুবাদকৃত টেক্সট)

১:৭ “ঈশ্বরের প্রিয়” এই শব্দগুচ্ছ প্রায়ই যীশুর জন্য ব্যবহৃত হয়েছে (মথি ৩:১৭; ১৭:৫)। এখন এটি ব্যবহৃত হচ্ছে রোমের মণ্ডলীর জন্য! এটা দেখাচ্ছে ঈশ্বরের গভীর ভালবাসা তাদের জন্য যারা তাঁর পুত্রে নির্ভরতা রাখে। এই ধরণের স্থানান্তর ইফি ১:২০ (যীশুর পক্ষে ঈশ্বরের কাজ) এবং ইফি ২:৫-৬ (বিশ্বাসীদের পক্ষে যীশুর কাজ) পদে দেখা যেতে পারে।

□ “রোমে” পৌল এই মণ্ডলী শুরু করেন নাই। কেউ জানে না যে কে করেছে (ভূমিকা দেখুন)। রোমীয় হল একটি পত্র যেখানে পৌল নিজের পরিচয় দিচ্ছেন যে মণ্ডলীটি ইতিমধ্যে প্রতিষ্ঠিত হয়েছিল। রোমীয় পুস্তক হল পৌলের সুসমাচারের সবচেয়ে উন্নত উপস্থাপনা যা তিনি প্রচার করেছিলেন। এটিতে খুব কমই স্থানীয় পরিস্থিতি প্রভাবিত করেছে যদিও সেখানে যিহুদী ও পরজাতি বিশ্বাসীদের মধ্যে সমস্যা ছিল যাদের তিনি সমগ্র পত্রটিতে বক্তব্য দিচ্ছিলেন (বিশেষ করে ৯-১১ অধ্যায়)।



NASB “পবিত্র হিসাবে আহবান প্রাপ্ত”

NKJV, NRSV,

NJB “পবিত্র লোক হওয়ার আহবান”

TEV “তাঁর নিজস্ব লোক হবার জন্য আহবান প্রাপ্ত”

“পবিত্র লোক” টার্মটি খ্রীষ্টে বিশ্বাসীদের মর্যাদা উল্লেখ করে (বিশেষ বিষয় দেখুন ৬:৪ পদে), তবে তাদের পাপহীনতার কথা নয়। এটা আরও বর্ণনা করে তাদের খ্রীষ্টের সাদৃশ্যতার অগ্রযাত্রাকে। টার্মটি সব সময়ই বহুবচন, কেবলমাত্র ফিলিপীয় ৪:২১২ ব্যতিক্রম। যাহোক, এমনকি এই প্রসঙ্গেও এটা সমন্বিত। খ্রীষ্টিয়ান হওয়া হল একটি সমাজ, একটি পরিবার, একটি দেহের অংশ হওয়া।

১ পদ উল্লেখ করে যে পৌলকে আহবান করা হয়েছিল একজন প্রেরিত হবার জন্য। ৬ পদে বিশ্বাসীরা হল “যীশু খ্রীষ্টের আহূত”। ৭ পদে বিশ্বাসীদের আরও বলা হয়েছে “পবিত্র লোক”। এই “আহবান” ছিল নূতন নিয়মের উপায়ে ঈশ্বরের অগ্রগণ্যতার আরও সত্যকে জোর দিয়ে বলা (বিশেষ

বিষয় দেখুন ১:৬ পদে)। কোন পতিত মানুষ কখনো নিজেকে আহবান করতে পারে না (৩:৯-১৩; যিশা ৫৩:৬; ১ পিতর ২:২৫)। ঈশ্বরই সব সময় আরম্ভ করেন যোহন ৬:৪৪,৪৫,৬৫; ১৫:১৬)। তিনি সব সময়ই আমাদের কাছে নিয়ম (বিশেষ বিষয় দেখুন ৯:৪ পদে) নিয়ে আসেন। এটি আমাদের পরিভাষা সত্য (আমাদের আরোপিত ধামকিতা বা বৈধ মর্যাদা), কিন্তু এছাড়াও আমাদের কার্যকর সেবার জন্য সহজাত গুণ। পরবর্তীতে বিশেষ বিষয়।

বিশেষ বিষয়: পবিত্র লোক

এটি হল হিব্রু *kadash* এর গ্রীক সমতুল্য, যার রয়েছে মূল অর্থ কাউকে, কোন জিনিসকে, বা কোন স্থান যেটি YHWH এর স্বতন্ত্র ব্যবহারের (BDB 871) জন্য আলাদা করা। এটি “পবিত্র” এর ইংরাজি ধারণা উল্লেখ করে। YHWH তাঁর প্রকৃতি (অনন্তকালীন আত্মা যাকে সৃষ্টি করা হয়নি) এবং তাঁর বৈশিষ্ট্যের (নৈতিক সিদ্ধতা) কারণে মানুষের থেকে পৃথকীকৃত। তিনিই হলেন মানদণ্ড যে মানদণ্ডে অন্য সবকিছু মাপা ও বিচার করা হয়েছে। তিনি মানুষের চিন্তার অতিত, পবিত্রতম, পবিত্র সবকিছু থেকে।

ঈশ্বর মানুষকে সৃষ্টি করেছেন সহভাগিতার জন্য, কিন্তু পতন (আদি ৩) সম্পর্কিত ও নৈতিকতায় বাধার সৃষ্টি করেছে পবিত্র ঈশ্বর ও পাপী মানুষের মধ্যে। ঈশ্বর তাঁর বিবেকবান সৃষ্টিকে পুনরুদ্ধার করাটা বেছে নিয়েছেন; সেজন্য তিনি তাঁর লোকদের “পবিত্র” হতে আহবান করেছেন (লেবীয় ১১:৪৪; ১৯:২; ২০:৭,২৬; ২১:৮)। বিশ্বাসের দ্বারা YHWH সঙ্গে সম্পর্কে তাঁর লোকেরা পবিত্র হয়েছে তাঁতে তাদের নিয়মগত মর্যাদার দ্বারা, কিন্তু আরও আহবান জানানো হয়েছে পবিত্র জীবনের যাপনের (মথি ৫:৪৮)।

এই পবিত্র জীবন যাপন সম্ভব কারণ বিশ্বাসীরা সম্পূর্ণ ভাবে গৃহিত ও ক্ষমা প্রাপ্ত হয়েছে যীশুর জীবন ও কাজের মাধ্যমে এবং তাদের মনে ও অন্তরে পবিত্র আত্মার উপস্থিতির জন্য। এটি প্রতিষ্ঠা করেছে অসঙ্গত অবস্থার:

১. খ্রীষ্টের আরোপিত ধার্মিকতার কারণে পবিত্র হওয়া
২. আত্মার উপস্থিতির কারণে পবিত্র জীবনের আহবান জানানো হয়েছে

বিশ্বাসীরা “পবিত্র লোক” (*hagioi*) কারণ হল:(১) পবিত্রতমের (পিতা) ইচ্ছা; (২) পবিত্র পুত্রের (যীশু) কাজ, এবং (৩) পবিত্র আত্মার উপস্থিতি।

নতুন নিয়মে সব সময়ই পবিত্র লোকদের বহুবচন (ব্যতিক্রম একবারই ফিলিপীয় ৪:২১ পদে, কিন্তু তা সত্ত্বেও প্রসঙ্গ একে বহুবচন করেছে) হিসাবে উল্লেখ করা হয়েছে। উদ্ধার পাওয়া হল একটি পরিবার, একটি দেহ, একটি দালানের অংশ হওয়া! বাইবেল ভিত্তিক বিশ্বাস গুরু হয় ব্যক্তিগত ভাবে গ্রহণের মাধ্যমে, কিন্তু বিষয়টি হল যৌথ সহভাগিতা। আমরা প্রত্যেকে খ্রীষ্টের দেহ-মন্ডলীর (১ করি ১২:৭) স্বাস্থ্য, বৃদ্ধি এবং কল্যাণের দান (১ করি ১২:১১) পেয়েছি। আমরা সেবা করার জন্য উদ্ধার পেয়েছি! পবিত্রতা হল পরিবারের বৈশিষ্ট্য!

□ “ঈশ্বরের অনুগ্রহ ও শান্তি তোমাদের প্রতি বর্ষক” এটি হল পৌলের স্বভাবগত পত্রারম্ভের শুভেচ্ছা। এটা ঐতিহ্যগত গ্রীক টার্ম থেকে “শুভেচ্ছা” (*charein*) এবং অধিতীয় খ্রীষ্টিয় টার্ম “অনুগ্রহ” (*charis*) ব্যবহৃত হয়েছে। পৌল হয়তো এই গ্রীক আরম্ভের সাথে ঐতিহ্যগত হিব্রু শুভেচ্ছা ‘shalom’ বা “শান্তি” মিশ্রিত করেছিলেন। যাহোক, এটা কেবলমাত্র অনুমান। লক্ষ্য করুন যে ধর্মতত্ত্বগত ভাবে অনুগ্রহ সব সময়ই শান্তির অগ্রবর্তী।

□ “আমাদের পিতা ঈশ্বর ও প্রভু যীশু খ্রীষ্ট হইতে” পৌল সব সময়ই উভয় নামের জন্য কেবলমাত্র একটি প্রিপোজিশন ব্যবহার করেছেন (১ করি ১:৩; ২ করি ১:৩; গালা ১:৩; ইফি ১:২; পিলি ১:২; ২ থিম ১:২; ১ তীম ১:২; ২ তীম ১:২; তীত ১:৪)। এটি হল তার ব্যাকরণগত সংযুক্তির উপায় ত্রিভূত এই দুই ব্যক্তির মধ্যে। এটা জোর দেয় যীশুর ঈশ্বরত্ব এবং পিতার সাথে সম মর্যাদার।

বিশেষ বিষয়: ঈশ্বরের পিতৃত্ব

I. পুরাতন নিয়ম

ক. একটি ধারণা আছে যে সৃষ্টিকর্তা হিসাবে ঈশ্বর হলেন পিতা

১. আদি ১:২৬-২৭
২. মালাখী ২:১০
৩. প্রেরিত ১৭:২৮

খ. পিতা রূপকের মত অনেক অর্থে ব্যবহৃত হয়েছে

১. ইস্রায়েলীয়দের পিতা (মনোনয়নের দ্বারা)

ক. “পুত্র” যাত্রা ৪:২২; দ্বি বি ১৪:১; ৩৯:৫; যিশা ১:২; ৬৩:১৬; ৬৪:৮; যির ৩:১৯; ৩১:২০; হোশেয় ১:১০; ১১:১; মালাখী ১:৬

খ. “প্রথমজাত” যাত্রা ৪:২২; যির ৩১:৯

২. ইস্রায়েলের রাজার পিতা (মশীহ বিষয়ক)

ক. ২ শমূ ৭:১১-১৬

খ. গীত ২:৭; প্রেরিত ১৩:৩৩; ইব্রীয় ১:৫; ৫:৫

গ. হোশেয় ১১:১; মথি ২:১৫

৩. প্রেমময় পিতামাতার উপমা হিসাবে

ক. পিতা (রূপক)

(১) তার পুত্রের যত্ন নেন - দ্বি বি ১:৩১

- (২) শাসন করেন-দ্বি বি ৮:৫; হিতো ৩:১২
 (৩) যোগান দাতা(অর্থাৎ যাত্রা)- দ্বি বি ৩২:১
 (৪) কখনো ত্যাগ করবেন না-গীত ২৭:১০
 (৫) ভালবাসেন-গীত ১০৩:১৩
 (৬) বন্ধু/পথ প্রদর্শক-যির ৩:৪
 (৭) আরোগ্যকারী/ক্ষমাদানকারী-যির ৩:২২
 (৮) অনুগ্রহ দাতা-যির ৩১:২০
 (৯) প্রশিক্ষক-হোশেয় ১১:১-৪
 (১০) বিশেষ পুত্র-মালাখী ৩:১৭
 খ. মাতা (রূপক)
 (১) কখনো ত্যাগ করবেন না-গীত ২৭:১০
 (২) সেবাকারী মায়ের ভালবাসা-যিশা ৪৯:১৫; ৬৬:৯-১৩ এবং হোশেয় ১১:৪(প্রস্তাবিত পাঠ্যগত সংশোধন “যোয়ালী” থেকে “নবজাত শিশু”-র সাথে)

II. নূতন নিয়ম

ক. ত্রিভু (সেই সব লেখনী যেখানে তিনটিই উল্লেখিত হয়েছে)

১. সুসমাচার

ক. মথি ৩:১৬-১৭; ২৮:১৯

খ. যোহন ১৪:২৬

২. পৌল

ক. রোমীয় ১:৪-৫; ৫:১,৫; ৮:১-৪,৮-১০

খ. ১ করি ২:৮-১০; ১২:৪-৬

গ. ২ করি ১:২১; ১৩:১৪

ঘ. গালা ৪:৪-৬

ঙ. ইফি ১:৩-১৪,১৭; ২:১৮; ৩:১৪-১৭; ৪:৪-

চ. ১ থিষ ১:২,৫

ছ. ২ থিষ ২:১৩

জ. তীত ৩:৪-৬

৩. পিতর-১ পিতর ১:২

৪. যিহুদা-২০-২১ পদ

খ. যীশু

১. “কেবলমাত্র একজাত” হিসাবে যীশু- যোহন ১:১৮; ৩:১৬,১৮; ১ যোহন ৪:৯

২. “ঈশ্বর পুত্র” হিসাবে যীশু - মথি ৪:৩; ১৪:৩৩; ১৬:১৬; লুক ১:৩২,৩৫; যোহন ১:৩৪, ৪৯; ৬:৬৯; ১১:২৭

৩. প্রিয়তম পুত্র হিসাবে যীশু-মথি ৩:১৭; ১৭:৫

৪. যীশু ঈশ্বরের জন্য ‘abba’ শব্দ ব্যবহার করেছেন-মার্ক ১৪:৩৬

৫. যীশু PRONOUNS ব্যবহার করে ঈশ্বরের সঙ্গে তাঁর এবং আমাদের সম্পর্ককে দেখিয়েছেন।

ক. “আমার পিতা” অর্থাৎ যোহন ৫:১৮; ১০:৩০,৩৩; ১৯:৭; ২০:১৭

খ. “তোমাদের পিতা” অর্থাৎ মথি ১৭:২৪-২৭

গ. “আমাদের পিতা” অর্থাৎ মথি ৬:৯,১৪,২৬

গ. পারিবারিক অনেক রূপকের মধ্যে একটিতে বর্ণনা করা হয়েছে ঈশ্বর ও মানব জাতির মধ্যকার সম্পর্ক:

১. পিতা হিসাবে ঈশ্বর

২. বিশ্বাসীরা হলেন

ক. ঈশ্বরের পুত্রগণ

খ. সন্তান

গ. ঈশ্বর থেকে জাত

ঘ. নূতন জন্মপ্রাপ্ত

ঙ. দত্তক হিসাবে গৃহিত

চ. অগ্রে আনিত

ছ. ঈশ্বরের পরিবার

^{১৭} প্রথমতঃ আমি যীশু খ্রীষ্ট দ্বারা তোমাদের সকলের জন্য আমার ঈশ্বরের ধন্যবাদ করছি যে, তোমাদের বিশ্বাস সমস্ত জগতে ঘোষিত হচ্ছে। ^{১৮} কারণ ঈশ্বর, যাঁর আরাধনা আমি আপন আত্মাতে তাঁর পুত্রের সুসমাচার প্রচারে করে থাকি, তিনি আমার সাক্ষী হিসাবে যে, আমি অবিরত তোমাদের নাম উল্লেখ করে থাকি। ^{১৯} আমার প্রার্থনার সময়ে আমি সব সময় বিনতি করে থাকি, যেন এত কালের পরে সম্প্রতি কোন ভাবে ঈশ্বরের ইচ্ছায় তোমাদের কাছে যাবার বিষয়ে সফল হতে পারি। ^{২০} কারণ আমি তোমাদের দেখবার আকাঙ্ক্ষা করছি, যেন তোমাদেরকে এমন কোন আত্মিক বর দান করি, যাতে তোমরা স্থিরীকৃত হও; ^{২১} অর্থাৎ আমি যেন তোমাদের সাথে একত্রে, তোমাদের ও আমার, একে অন্যের বিশ্বাসে উৎসাহিত হই যখন আমি তোমাদের মধ্যে উপস্থিত হবো। ^{২২} আর ভাইয়েরা, আমার ইচ্ছা নয় যে, তোমরা এই বিষয় অজ্ঞাত থাক, আমি বার বার তোমাদের কাছে আসবার পরিকল্পনা করেছি (আর এই পর্যন্ত নিবারণিত হয়ে আসছি) যেন পরজাতীয় অন্য সব লোকের মধ্যে যেমন, তেমনি তোমাদের মধ্যেও কোন ফল পাই। ^{২৩} গ্রীক ও অসভ্য, বিজ্ঞ ও মূর্খ সকলের কাছে আমি ঋণি। ^{২৪} তদনুসারে আমার যতটা সাধ্য, আমি রোমে বাসকারী তোমাদের কাছেও সুসমাচার প্রচার করতে উৎসুক। (অনুবাদকৃত টেক্সট)।

১:৮ “প্রথমত” এই প্রসঙ্গে, “প্রথমত” অর্থ “আরম্ভ থেকে” বা “আমি অবশ্যই শুরু করছি”(J. B. Phillips)।

□ “আমি যীশু খ্রীষ্ট দ্বারা আমার ঈশ্বরের ধন্যবাদ করছি” পৌল সাধারণ ভাবে ঈশ্বরের কাছে তার প্রার্থনা যীশু খ্রীষ্টের মধ্যে দিয়ে করেছেন। যীশু হলেন ঈশ্বরের কাছে যাবার একমাত্র পথ! বিশেষ বিষয় দেখুন: পৌলের প্রশংসা ও ধন্যবাদজ্ঞাপনের প্রার্থনা ৭:২৫ পদে।

□ “তোমাদের সকলের জন্য” এখানে “সকল” ব্যবহৃত হয়েছে ৭ পদের মত, হতে পারে বিশ্বাসী যিহুদী নেতৃবর্গ যারা নিরোর রাজাজ্ঞায় রোম থেকে পালিয়ে গিয়েছিলেন এবং এর ফলে বিশ্বাসী পরজাতি নেতৃবর্গরা কয়েক বৎসরের জন্য তাদের স্থলাভিষিক্ত হয়েছিলেন তাদের মধ্যকার ঈর্ষা ও দ্বন্দ্বের প্রতিফলন। রোমীয় ৯-১১ অধ্যায় এই একই বিষয় নিয়ে বলা হয়েছে।

এটা আরও সম্ভব যে “দুর্বল” এবং “সবল”-এর প্রতি বক্তব্যে অন্তর্ভুক্তি হল রোমীয় ১৪:১-১৫:১৩ পদে। ঈশ্বর রোমীয় মন্ডলীর সকলকে ভালবাসেন এবং তিনি সকলকে সমান ভাবে ভালবাসেন!

□ “কারণ তোমাদের বিশ্বাস সমস্ত জগতে ঘোষিত হচ্ছে” রোমীয় ১৬:১৯ পদ পরোক্ষ ভাবে একই সত্য উল্লেখ করেছে। এটি স্পষ্ট প্রাচ্য দেশীয় বাক্যালঙ্কার (অতিশয়োক্তি) ছিল রোমীয় জগতকে উল্লেখ করার (১থিষ ১:৮)।

১:৯ ঈশ্বর.....আমার সাক্ষী” পৌল ঈশ্বরের নামে শপথ নিচ্ছেন (৯:১; ২ করি ১:২৩; ১১:১০-১১,৩১; ১২:১৯; গালা ১:২০; ১ থিষ ২:৫)। এটি ছিল যিহুদী উপায়ে তার নির্ভরতার বিষয়ে বলতে চেষ্টা করা।

□
NASB “কিভাবে অবিরত ভাবে”
NKJV, NRSV “বিরত না হয়ে”
NJB “অবিরত উল্লেখ”
NIV “কতটা নিরবধি”

পৌলের অবিরত ও বিশেষ প্রার্থনার এটাই ছিল মূল বিষয় (১ থিষ ১:২; ২:১৩; ২ তীম ১:৩) যা হতে পারে মন্ডলীর নেতাদের অধ্যবসায়ী অনুকরণীয় (১ থিষ ৫:১৭)। প্রার্থনা শক্তিশালী আত্মিক দরজা উন্মুক্ত করে। আমাদের নেই কারণ আমরা চাই নাই (যাকোব ৪:২)।

□ “আমার আত্মা” মানবিক আত্মার জন্য ‘pneuma’ ব্যবহারের এটি হল একটি ভাল উদাহরণ (৮:৫, ১০, ১৬; ১২:১১), মানবিক জীবনের অর্থেও এটি ব্যবহৃত হয়েছে (অর্থাৎ শ্বাস-প্রশ্বাস, হিব্রু ruach, BDB 924, আদি ৬:১৭; ৭:১৫, ২২)।

বিশেষ বিষয়: নূতন নিয়মে আত্মা(PNEUMA)

“আত্মা”-র জন্য গ্রীক টার্ম নূতন নিয়মে বেশ কয়েকটি উপায়ে ব্যবহৃত হয়েছে। এখানে কতগুলি প্রতিনিধিত্ব মূলক শ্রেণীবিভাগ ও উদাহরণ।

ক. ত্রিভু ঈশ্বরের জন্য

১. পিতার জন্য (যোহন ৪:২৪)

২. পুত্রের জন্য (রোমীয় ৮:৯-১০; ২ করি ৩:১৭; গালা ৪:৬; ১ পিতর ১:১১)

৩. পবিত্র আত্মার জন্য (মার্ক ১:১১; মথি ৩:১৬; ১০:২০; যোহন ৩:৫,৬,৮, ৭:৩৯; ১৪:১৭; প্রেরিত ২:৪; ৫:৯; ৮:২৯,৩৫; রোমীয় ১:৪; ৮:১১,১৬; ১ করি ২:৪,১০,১১,১৩,১৪; ১২:৭)

খ. মানবিক জীবনের উৎসের জন্য

১. যীশুর (মার্ক ৮:১২; যোহন ১১:৩৩,৩৮; ১৩:২১)

২. মানব জাতির (মথি ২২:৪৩; প্রেরিত ৭:৫৯; ১৭:১৬; ২০:২২; রোমীয় ১:৯; ৮:১৬; ১ করি ২:১১; ৫:৩-৫; ৭:৩৪; ১৫:৪৫; ১৬:১৮; ২ করি ২:১৩; ৭:১৩; পিলি ৪:২৩; কল ২:৫)

গ. আত্মিক জগতের বিষয়ে

১. আত্মিক সত্তা

ক. ভাল (অর্থাৎ দূতগণ, প্রেরিত ২৩:৮-৯; হিব্রু ১:১৪)

- খ. মন্দ (অর্থাৎ শয়তান, মথি ৮:১৬; ১০:১; ১২:৪৩,৪৫; প্রেরিত ৫:১৬; ৮:৭; ১৬:১৬; ১৯:১২-২১; ইফি ৬:১২)
 গ. ভূত (লুক ২৪:৩৭)
২. আত্মিক বিচক্ষণতা (মথি ৫:৩; ২৬:৪১; যোহন ৩:৬; ৪:২৩; প্রেরিত ১৮:২৫; ১৯:২১; রোমীয় ২:২৯; ৭:৬; ৮:৪,১০; ১২:১১; ১ করি ১৪:৩৭)
৩. আত্মিক বিষয় (যোহন ৬:৬৩; রোমীয় ২:২৯; ৮:২,৫,৯,১৫; ১৫:২৭; ১ করি ৯:১১; ১৪:১২)
৪. আত্মিক দান (১ করি ১২:১; ১৪:১)
৫. আত্মার অনুপ্রেরণা (মথি ২২:৪৩; লুক ২:২৭; ইফি ১:১৭)
৬. আত্মিক দেহ (১ করি ১৫:৪৪-৪৫)
- ঘ. বৈশিষ্ট্যজ্ঞাপক
১. জগতের মনোভাব (রোমীয় ৮:১৫; ১১:৮; ১ করি ২:১২)
২. মানুষের চিন্তার প্রক্রিয়া (প্রেরিত ৬:১০; রোমীয় ৮:৬; ১ করি ৪:২)
- ঙ. জাগতিক বিষয়ে
১. বায়ু (মথি ৭:২৫,২৭; যোহন ৩:৮; প্রেরিত ২:২)
২. শ্বাস-প্রশ্বাস (প্রেরিত ১৭:২৫; ২ থিষ ২:৮)

এটা স্পষ্ট যে প্রসঙ্গের আলোতে এই টার্মের অবশ্যই অনুবাদ হবে। অনেক অর্থগত ধারণা রয়েছে যেগুলি উল্লেখ করতে পারে (১) বাস্তব জগত; (২) অদৃশ্য জগত; (৩) এই সঙ্গে বাস্তব জগতের বা আত্মিক রাজ্যের ব্যক্তি।

ত্রিভু ঈশ্বরের একটি অংশ পবিত্র আত্মা যিনি ইতিহাসের এই ধাপে সর্বোচ্চ কার্যকর হয়েছেন। আত্মার নূতন যুগ এসেছে। যা কিছু ভাল, পবিত্র, সঠিক এবং সত্য সেসব তাঁর সঙ্গে যুক্ত। তাঁর উপস্থিতি, দান এবং পরিচর্যা দুরতম স্থানে সুসমাচার প্রচার এবং ঈশ্বরের রাজ্যের (যোহন ১৪ এবং ১৬) সফলতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি নিজের দিকে কাউকে আকর্ষণ করেন না কিন্তু খ্রীষ্টের দিকে (যোহন ১৬:১৩-১৪)। তিনি দোষারপ করেন, বোঝান, উৎসাহিত করেন, বাস্তব দেন এবং সকল বিশ্বাসীদের পরিপক্ব করেন (যোহন ১৬:৮-১১)।

১:১০ “সব সময় আমার প্রার্থনায় বিনতি করে থাকি” পৌল এই মন্ডলী শুরু করেন নাই তথাপি তিনি তাদের জন্য একাত্মভাবে প্রার্থনা করেছেন (২ করি ১১:২৮), যেমন তিনি তার প্রতিটি মন্ডলীর জন্য করেছেন! বিশেষ বিষয় দেখুন: মধ্যস্থতার প্রার্থনা ৯:৩ পদে। যাহোক পৌলের অনেক বন্ধু ও সহ-কর্মী ছিল রোমীয় মন্ডলীতে যেমন ১৬ অধ্যায় স্পষ্টভাবে দেখিয়েছে।

□ “যদি” এটি হল FIRST CLASS CONDITIONAL SENTENCE যেটি মনে হয় সত্য হতে পারে লেখকের দিক থেকে অথবা তার সাহিত্যগত উদ্দেশ্যে। পৌলের পরিকল্পনা ছিল স্পেনে যাবার পথে রোম পরিদর্শন করবেন (১৫:২২-২৪)। সম্ভবত তার পরিকল্পনা ছিল না সেখানে দীর্ঘসময় থাকার। পৌল সব সময় নূতন ক্ষেত্রে পরিচর্যা করতেন যেখানে আগে কেউ কাজ করেনি (১৫:২০; ২ করি ১০:১৫,১৬)। এটা সম্ভব যে রোমীয় পত্রের একটি উদ্দেশ্য ছিল স্পেনে তার প্রচার যাত্রার জন্য অর্থ সাহায্যের আবেদন করা (১৫:২৪)।

□ “ঈশ্বরের ইচ্ছায় তোমাদের কাছে যাবার বিষয়ে সফল হতে পারি” এটি ১৩ পদ ও ১৫:৩২ পদের সঙ্গে সমান্তরাল। পৌল অনুভব করেন নাই যে তার জীবন এবং ভ্রমণ পরিকল্পনা তার নিজের ছিল, কিন্তু ঈশ্বরের (প্রেরিত ১৮:২১; ১ করি ৪:১৯; ১৬:৭)। দেখুন বিশেষ বিষয় ১২:২ পদে।
 আরও দেখুন যে বিশ্বাসীদের প্রার্থনায় ঈশ্বরের ইচ্ছা প্রভাবিত হতে পারে!

১:১১ “আমি তোমাদের দেখবার আকাঙ্ক্ষা করছি” ১৫:২৩ পদের সঙ্গে এটি সমান্তরাল। অনেক দিন ধরেই পৌল রোমের বিশ্বাসীদের সাথে দেখা করতে চাইছিলেন (প্রেরিত ১৯:২১)।

□ “যেন তোমাদের কোন আত্মিক বর দান করি” “আত্মিক দান” এই শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে আত্মিক অর্ন্তদৃষ্টি বা আশীর্বাদের অর্থে (১১:২৯; ১৫:২৭)। পৌল নিজেকে দেখেছেন অদ্বিতীয় ভাবে আহূত পরজাতিদের কাছে প্রেরিত হবার জন্য (১৫ পদ)।

□ “যাতে তোমরা স্থিরীকৃত হও” এটি হল *histēmi* এর একটি AORIST PASSIVE INFINITIVE। এই শব্দের তিনটি অর্থ রয়েছে।

১. স্থিরীকৃত, রোমীয় ১:১১; ১৬:২৫; ১ থিষ ৩:১৩; ২ পিতর ১:১২
২. সবলতা, লুক ২২:৩২; ১ থিষ ৩:২; ২ থিষ ২:১৭; ৩:৩; যাকোব ৫:৮; প্রকা ৩:২
৩. দৃঢ় সিদ্ধান্ত গ্রহণে একটি Semitic (যিহুদী) বাগধারা, লুক ৯:৫১

বিশেষ বিষয় দেখুন ৫:২ পদে।

১:১২ এটি হল খ্রীষ্টিয় সহভাগিতার উদ্দেশ্য। দান অর্থ পরিচর্যাকারী সমাজ হিসাবে বিশ্বাসীদের ঐক্য। বিশ্বাসীরা দান প্রাপ্ত ভাল কাজ করার জন্য (১ করি ১২:৭)। প্রতিটি দান সুসঙ্গত। পরিব্রাজ্যে প্রতিটি দান আত্মা দিয়েছেন (১ করি ১২:১১)। প্রত্যেক বিশ্বাসী আহূত, দান প্রাপ্ত, পূর্ণ সময়ের পরিচর্যাকারী (ইফি ৪:১১-১২)। পৌল স্পষ্ট ভাবে তার প্রেরিতিক কর্তৃত্ব সম্পর্কে ধারণা ব্যক্ত করেছেন, কিন্তু সেই সঙ্গে একটি সমাজ-ব্যাপ্ত অভিজ্ঞতা। বিশ্বাসীদের একজন অন্যকে দরকার! বিশ্বাসীরা হল খ্রীষ্টের দেহ।

১:১৩ “আমার ইচ্ছা নয় যে তোমরা এই বিষয় অজ্ঞাত থাক” এটি একটি বাগধারা যেটি পৌল প্রায়ই ব্যবহার করেছেন গুরুত্বপূর্ণ বিষয়কে পরিচিত করতে (১১:২৫; ১ করি ১০:১; ১২:১; ২ করি ১:৮; ১ থিষ ৪:১৩)। এটি যীশুর প্রতি সাহিত্যের উদ্দেশ্য একই রকম, “আমেন, আমেন।”

□ “আর এই পর্যন্ত নিবারণিত হয়ে আসছি” এটি একটি PASSIVE VERB। এই একই শব্দগুচ্ছ দেখা যায় ১ থিষ ২:১৮ পদে যেখানে শয়তান হল প্রতিনিধি। পৌল বিশ্বাস করতেন যে তার জীবন ঈশ্বর দ্বারা নিয়ন্ত্রিত কিন্তু শয়তান দ্বারা বাধাগ্রস্ত হচ্ছে। যাহোক দুটিই সত্য (ইয়োব ১-২; দানিয়েল ১০)। ১৫:২২ পদে এই টার্মের ব্যবহার ইঙ্গিত দেয় পূর্ব ভূমধ্যসাগরীয় এলাকায় পৌলের প্রচার কাজ যে বাধাগ্রস্ত, যেটি এখনও সমাপ্ত হয়নি(কিন্তু বন্ধ)।

□ “তোমনি তোমাদের মধ্যেও কোন ফল পাই” এই প্রসঙ্গে “ফল” হয়তো উল্লেখ করতে পারে ধর্মাস্তর, কিন্তু যোহন ১৫:১-৮ এবং গালা ৫:২২ পদ উল্লেখ করা হয়েছে খ্রীষ্টিয় পরিপক্বতা। মথি ৭ অধ্যায় বলে “তোমার ফল দ্বারাই তোমাকে চেনা যাবে,” কিন্তু এই টার্ম ফল ব্যাখ্যা করে না। সবচেয়ে ভাল সমান্তরাল সম্ভবত ফিলি ১:২২ পদ, যেখানে পৌল এই একই কৃষি বিষয়ক উপমা ব্যবহার করেছেন।

১:১৪ “সকলের কাছে আমি ঋণি” পৌল এই টার্মটি বেশ কয়েকবার রোমীয় পত্রে ব্যবহার করেছেন।

১. পৌল সকল পরজাতীয়দের (এখানের) কাছে সুসমাচার প্রচার করতে দায়বদ্ধ।
২. পৌল “মাংসের” কাছে দায়বদ্ধ নন (৮:১২)।
৩. পরজাতীয় মণ্ডলী যিরুশালেমের মাতৃমণ্ডলীকে সাহায্য করতে দায়বদ্ধ (১৫:২৭)।

□ “গ্রীকদের কাছে” এটি উল্লেখ করে ভূমধ্যসাগরীয় অঞ্চলের সভ্য, মার্জিত লোকদের কথা। মহান আলেকজান্ডার এবং তার অনুসারিরা সেই জানা জগতকে গ্রীক সভ্যতার অধীনে এনেছিল। রোমীয়রা গ্রীক সংস্কৃতিকে গ্রহণ করেছিল এবং নিজেদের সংস্কৃতিতে মিশ্রিত করেছিল।

□ “অসভ্যদের কাছে” এটি (onomatopoeia) টার্ম অর্থ অশিক্ষিত ও অমার্জিত লোকদের দল, সাধারণত উত্তরের। এটি সেই লোকদের জন্যও ব্যবহৃত হয়েছে যারা গ্রীক বলতে পারে না। তাদের কথা গ্রীক আর রোমীয়দের কাছে “বার বার বার” এর মত লাগে।

□ “বিজ্ঞ ও অজ্ঞ সকলের কাছে” এটা সম্ভব যে এটি গ্রীক টেক্সট “barbarians” (অসভ্য) এর সমান্তরাল, কিন্তু অবশ্যকীয় ভাবে নয়। সকল জনসমাজ ও ব্যক্তির উল্লেখের জন্য এটি হতে পারে আর একটি উপায়।

NASB (আপডেটেড) টেক্সট: ১:১৬-১৭

^{১৬} কারণ আমি সুসমাচার সম্বন্ধে লজ্জিত নই; কারণ এটি প্রত্যেক বিশ্বাসীর পক্ষে পরিদ্রাণার্থে ঈশ্বরের শক্তি; প্রথমতঃ যিহুদীর পক্ষে, আর গ্রীকেরও পক্ষে। ^{১৭} কারণ ঈশ্বর-দেয় এক ধার্মিকতা প্রকাশিত হয়েছে, তা বিশ্বাসমূলক ও বিশ্বাসজনক, যেমন লেখা আছে, “কিন্তু ধার্মিক ব্যক্তি বিশ্বাস হেতু বাঁচবে।” (অনুবাদকৃত টেক্সট)।

১:১৬-১৭ পদ সমগ্র পুস্তকের মূল theme। এই মূল ভাবের পরিবর্তন ও সারাংশ করা হয়েছে ৩:২১-৩১ পদে।

১:১৬

NASB, NRSV “সুসমাচার সম্বন্ধে আমি লজ্জিত নই”

NKJV “আমি খ্রীষ্টের সুসমাচার সম্বন্ধে লজ্জিত নই”

TEV “সুসমাচারের প্রতি আমার সম্পূর্ণ আস্থা রয়েছে”

NJB “সুখবর সম্বন্ধে আমি লজ্জিত নহি”

পৌল হয়তো পরোক্ষভাবে মার্ক ৮:৩৮ এবং লুক ৯:২৬ পদে যীশুর কথা উল্লেখ করেছেন। তিনি সুসমাচারের বিষয়বস্তুতে লজ্জিত নহেন বা এর ফলাফলের নির্যাতনে (২ তীম ১:১২, ১৬, ১৮)

১ করি ১:২৩ পদে যিহুদীরা সুসমাচার সম্বন্ধে লজ্জিত ছিল কারণ এটি দৃঢ়তার সঙ্গে একজন কষ্টভোগী মশীহের এবং গ্রীকেরা লজ্জিত ছিল কারণ এটি দৃঢ়তার সঙ্গে পুনরুত্থিত দেহের কথা বলছিল।

□ “পরিদ্রাণ” পুরাতন নিয়মে, ইব্রীয় টার্ম (yasho) প্রাথমিক ভাবে উল্লেখ করেছে দৈহিক মুক্তি (যাকোব ৫:১৫), কিন্তু নূতন নিয়মে গ্রীক টার্ম (sōzō) প্রাথমিক ভাবে উল্লেখ করেছে আত্মিক মুক্তি (১ করি ১:১৮, ২১)। দেখুন রবার্ট বি. গ্রীডলেস্টানের *Synonyms of the Old Testament*, pp. 124-126.

বিশেষ বিষয়:পরিদ্রাণ(পুরাতন নিয়মের টার্ম)

এই টার্মের (BDB 447) বেশ কয়েকটি অন্তর্নিহিত অর্থ রয়েছে।

১. কল্যাণ, সমৃদ্ধি, ইয়োব ৩০:১৫
২. ঐশ্বরীক পরিদ্রাণ যেটি দৈহিক ও আত্মিক দিকে আবর্তিত।
 - ক. আদি ৪৯:১৮
 - খ. দ্বি বি ৩২:১৫
 - গ. গীত ৩:২,৮; ২২:১; ৩৫:৩; ৬২:২; ৬৯:২৯; ৭০:৫; ৭৮:২২; ৮০:৩; ৮৯:২৬; ৯১:১৬; ১০৬:৪; ১৪০:৭
 - ঘ. যিশা ১২:২; ৩৩:২; ৫১:৬,৮; ৫২:৭,১০; ৫৬:১; ৫৯:১১; ৬০:১৮; ৬২:১

৩. দৈহিক ও আত্মিক মুক্তির ধারণা স্পষ্টভাবে উপস্থিত যোনা ২:৯-১০ পদে
 ৪. প্রায়ই “উল্লাস” YHWH পরিব্রাজনের সঙ্গে সম্পর্কিত, ১ শমু ২:১; যিশা ২৫:৯; ২৬:১; গীতা ৯:১৪; ১৩:৫; ৩৫:৯।
 পরিব্রাজে অন্তর্ভুক্ত YHWH মূল উদ্দেশ্য সহভাগিতা ও সামাজিকতার প্রয়োগ মানবিক সৃষ্টির সাথে। এতে অন্তর্ভুক্ত ব্যক্তিগত ও সামাজিক পরিপূর্ণতা!

□

NASB “প্রত্যেকে যে বিশ্বাস করে”
 NKJV “প্রত্যেকের জন্য যে বিশ্বাস করে”
 NRSV “প্রত্যেকজন যার বিশ্বাস আছে”
 TEV “সকলে যারা বিশ্বাস করে”
 NJB “সকলে যাদের বিশ্বাস রয়েছে”

সুসমাচার সকল মানুষের জন্য (ওহ, আমি “প্রত্যেকে,” “যে কেউ,” “সকলে,” শব্দগুলি কতটা ভালবাসি, ১:৫ পদে নোট দেখুন, ৬ষ্ঠ বিষয়), কিন্তু বিশ্বাস করাটা হল গ্রহণ করার একটা শর্ত (প্রেরিত ১৬:৩০-৩১)। অন্যটি হল মন পরিবর্তন (মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬ এবং ১৯; ২০:২১)। ঈশ্বর মানুষের সঙ্গে নিয়মের মধ্যে দিয়ে আলোচনা করেছেন (বিশেষ বিষয় দেখুন ৯:৪ পদে)। তিনি সব সময়ই অগ্রণী ভূমিকা নিয়েছেন এবং বিষয়বস্তু ঠিক করেছেন (যোহন ৬:৪৪, ৬৫)। কিন্তু বেশ কয়েকটি পারস্পরিক শর্ত রয়েছে (নোট দেখুন ১:৫ পদে, ৪র্থ বিষয়)।

গ্রীক টার্ম, এখানে অনুবাদ করা হয়েছে “বিশ্বাস করা”, এটি ইংরাজিতে অনুবাদ হতে পারে “বিশ্বাস” বা “নির্ভরতা” টার্ম দ্বারা। গ্রীক শব্দের ব্যাপক অন্তর্নিহিত অর্থ রয়েছে যে কোন ইংরাজি শব্দের চেয়ে। লক্ষ্য করুন এটি একটি PRESENT PARTICIPLE। রক্ষাকারী বিশ্বাস হল নিরবিচ্ছিন্ন বিশ্বাস (১ করি ১:১৮; ১৫:২; ২ করি ২:১৫; ১ থি ৪:১৪)। দেখুন বিশেষ বিষয় ১০:৪ পদে।

উৎসগত ভাবে “বিশ্বাস” এর জন্য গ্রীক টার্মের পশ্চাতে সম্পর্কযুক্ত হিব্রু টার্মের অর্থ একটি স্থির মনোভাব, একটি লোক তার দুই পা ফাক করে দাঁড়ানো ফলে সে সহজে নড়াচড়া করতে পারবে না। এর বিপরিত পুরাতন নিয়মের রূপক হবে “আমার চরণ পঙ্কময় ভূমিতে” (গীতা ৪০:২), “আমার পাদবিক্ষেপ প্রায় স্থলিত হইয়াছিল” (গীতা ৭৩:২)। হিব্রু সম্পর্কিত মূল *emun*, *emunah*, *aman*, রূপক ভাবে কারও জন্য ব্যবহৃত হয়েছে যে নির্ভরযোগ্য, অনুগত বা নির্ভরশীল। রক্ষাকারী বিশ্বাস কখনই প্রতিফলিত করে না পতিত মানবের বিশ্বস্ত হওয়ার যোগ্যতাকে, কিন্তু ঈশ্বরকে! বিশ্বাসীদের প্রত্যাশা তাদের যোগ্যতায় নির্ভর করে না কিন্তু ঈশ্বরের বৈশিষ্ট্য ও প্রতিজ্ঞায়। এটি হল তাঁর নির্ভরযোগ্যতা, তাঁর বিশ্বস্ততা, তাঁর প্রতিজ্ঞা! বিশেষ বিষয় দেখুন ১:৫ পদে।

□ “প্রথমত যিহুদীদের কাছে” এর কারণ সংক্ষেপে আলোচনা করা হয়েছে ২:৯-১০ ও ৩:১-২০ পদে এবং পূর্ণ ভাবে ৯-১১ অধ্যায়ে। এটি মথি ১০:৬; ১৫:২৪; মার্ক ৭:২৭; যোহন ৪:২২ পদে যীশুর কথাকে অনুসরণ করেছে।

এটা হতে পারে রোমীয় মণ্ডলীতে বিশ্বাসী যিহুদী ও গ্রীক নেতৃবর্গের মধ্যকার ঈর্ষা।

১:৭ “ঈশ্বরের ধার্মিকতা” এই প্রসঙ্গে এই শব্দগুচ্ছ উল্লেখ করে (১) ঈশ্বরের বৈশিষ্ট্য, এবং (২) কিভাবে তিনি সেই বৈশিষ্ট্য পাপী মানবকে দিয়েছেন। যিরুশালেম বাইবেল (JB) অনুবাদ করেছে “এটি হল ঈশ্বরের ন্যায়বিচার যা প্রকাশিত।” আবার এটি বিশ্বাসীদের নৈতিক জীবন যাপনকেও উল্লেখ করে, ধার্মিকতার বিচারকের সামনে বৈধ অবস্থান এর প্রাথমিক উদ্দিগ্নতা। পতিত পাপী মানবের প্রতি ঈশ্বরের এই ধার্মিকতার দোষারপ, সংস্কার আন্দোলনের সময় থেকে বৈশিষ্ট্যমণ্ডিত যেমন “বিশ্বাসে মাধ্যমে অনুগ্রহে ধার্মিকতা লাভ” (২ করি ৫:২১; ফিলি ৩:৯)। এই পদটিই মার্টিন লুথারের জীবন ও ধর্মতত্ত্বকে পরিবর্তন করেছিল!

যাহোক, ধার্মিকতার লক্ষ্য হল পবিত্রকরণ, খ্রীষ্টের সাদৃশ্যতা, বা ঈশ্বরের ধর্মময় চরিত্র (রোমীয় ৮:২৮-২৯; গালা ৪:১৯; ইফি ১:৪; ২:১০; ৪:১৩; ১ থি ৩:১৩; ৪:৩; ১ পিতর ১:১৫)। ধার্মিকতা কেবলমাত্র বৈধ ঘোষণা নয়, এটি পবিত্র জীবনের জন্য আহবান; মানুষের মাঝে ঈশ্বরের প্রতিমূর্তি কার্যকর ভাবে পুনস্থাপিত হওয়ার (২ করি ৫:২১)।

বিশেষ বিষয়: ধার্মিকতা

“ধার্মিকতা” খুব গুরুত্বপূর্ণ বিষয় যে ধারণা সম্পর্কে একজন বাইবেল শিক্ষার্থীর অবশ্যই ব্যক্তিগত ভাবে ব্যাপক অধ্যয়ন করা আবশ্যিক।

পুরাতন নিয়মে ঈশ্বরের চরিত্র বর্ণনা করা হয়েছে “ন্যায্য” বা ধার্মিক” হিসাবে (BDB 841)। এর মেসোপটেমিয়ার টার্ম এসেছে নদীর নল খাগড়া থেকে যেটি ব্যবহৃত হতো নির্মাণ সামগ্রী হিসাবে যা দিয়ে বিচার করা হতো দেওয়াল এবং বেড়া দিগন্তরেখার সঙ্গে অনুভূমিক কিনা। ঈশ্বর এই টার্মটি নিয়েছেন রূপক ভাবে তাঁর নিজের প্রকৃতির জন্য ব্যবহার করতে। তিনি হলেন সোজা প্রান্ত (রুলার) যার দ্বারা সকল কিছু মূল্যায়িত হয়। এই ধারণা চেষ্টা করেছে ঈশ্বরের ধার্মিকতার সঙ্গে সঙ্গে তাঁর বিচার করার অধিকারকে প্রকাশ করতে।

মানুষ ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্টি (আদি ১:২৬-২৭; ৫:১-৩; ৯:৬)। মানুষকে সৃষ্টি করা হয়েছে ঈশ্বরের সঙ্গে সহভাগিতার জন্য। সমস্ত সৃষ্টি হল ঈশ্বরের জন্য মঞ্চ বা প্রেক্ষাপট এবং মানুষের পারস্পরিক যোগাযোগের। ঈশ্বর চেয়েছেন তাঁর সর্বোচ্চ সৃষ্টি, মানুষ, তাঁকে জানে, তাঁকে ভালবাসে, তাঁর সেবা করে, এবং তাঁর মত হয়! মানুষের আনুগত্য পরীক্ষা করা হয়েছিল (আদি ৩) এবং আদি দম্পতি সেই পরীক্ষায় ব্যর্থ হয়েছিল। এর ফলস্বরূপ ঈশ্বর ও মানবজাতির মধ্যে সম্পর্ক বিনষ্ট হল (আদি ৩; রোমীয় ৫:১২-২১)।

ঈশ্বর প্রতিজ্ঞা করলেন এই সহভাগিতা সংশোধন ও পুনস্থাপনের (আদি ৩:১৫)। এটি তিনি করলেন তাঁর নিজের ইচ্ছা ও তাঁর নিজের পুত্রের মাধ্যমে। মানুষ অক্ষম ছিল এই ভাঙ্গা সম্পর্ক পুনস্থাপনে (রোমীয় ১:১৮-৩:২০)।

পতনের পরে, সম্পর্ক পুনস্থাপনে ঈশ্বরের প্রথম পদক্ষেপ ছিল নিয়মের ধারণা যার ভিত্তি তাঁর আমন্ত্রণ এবং মানুষের মন পরিবর্তন, বিশ্বস্ত, বাধ্য সাড়া প্রদান। পতনের কারণে, মানুষ সঠিক কাজ করতে অক্ষম হয়ে পড়ে (রোমীয় ৩:২১-৩১; গালা ৩)। ঈশ্বর নিয়ম ভঙ্গকারী মানবের পুনস্থানের জন্য নিজেই প্রাথমিক পদক্ষেপ গ্রহণ করলেন। তিনি যার দ্বারা এটা করেছিলেন

১. ঘোষণা করলেন খ্রীষ্টের কাজের মধ্যে দিয়ে মানুষের ধার্মিকতা (অর্থাৎ ব্যবস্থান্তিক ধার্মিকতা)।
২. বিনামূল্যে দত্ত খ্রীষ্টের কাজের মধ্যে দিয়ে মানুষের ধার্মিকতা(অর্থাৎ আরোপিত ধার্মিকতা)।
৩. বাসকারী আত্মা দেবেন যিনি ধার্মিকতা উৎপন্ন করবেন(অর্থাৎ খ্রীষ্টের সাদৃশ্যতা, ঈশ্বরের প্রতিমূর্তির পুনস্থাপন) মানুষের মধ্যে।

যাহোক ঈশ্বরের আবশ্যিক নিয়ম ভিত্তিক সাড়া প্রদান। ঈশ্বরের আঞ্জা (অর্থাৎ বিনামূল্যে দত্ত) করেছেন এবং যোগাবেন, কিন্তু মানুষ অবশ্যই সাড়া প্রদান করবে এবং অবিরত সাড়া প্রদান করবে

১. মন পরিবর্তন
২. বিশ্বাস
৩. জীবন যাপনে বাধ্যতা
৪. ধৈর্য্য ধারণ

এই কারণে ধার্মিকতা হল নিয়ম ভিত্তিক, পারস্পারিক কাজ ঈশ্বর এবং তাঁর সর্বোচ্চ সৃষ্টির মধ্যে। যার ভিত্তি ঈশ্বরের চরিত্র, খ্রীষ্টের কাজ এবং আত্মার সক্ষমতা, যার মাধ্যমে প্রতিটি ব্যক্তি অবিরত ভাবে উপযুক্ত সাড়া প্রদান করবে। এই ধারণাকে বলা হয় “বিশ্বাস দ্বারা ধার্মিকতা লাভ”। এই ধারণা সুসমাচারে প্রকাশিত হয়েছে, কিন্তু এই টার্মে নয়। এটি প্রাথমিক ভাবে পৌল ব্যাখ্যা করেছেন, যিনি গ্রীক টার্ম “ধার্মিকতা” ব্যবহার করেছেন এর বিভিন্ন গঠনে ১০০ বারেরও উপরে।

পৌল একজন প্রশিক্ষিত রাব্বি ছিলেন, *dikaioisunē* টার্ম ব্যবহার করেছেন এর হিব্রু অর্থে *SDQ* টার্মের যেটি ব্যবহৃত হয়েছে সেপ্টুয়াজিটে, গ্রীক সাহিত্য থেকে নয়। গ্রীক রচনায় টার্মটি কারও সাথে সংযুক্ত যে ঈশ্বর এবং সমাজের প্রত্যাশায় নিশ্চিত হয়েছে। হিব্রু অর্থে এটি সব সময় নিয়মগত টার্মে গঠন করা হয়েছে। YHWH হলেন ন্যায়বান, নীতিবান, নৈতিক ঈশ্বর। তিনি চান তাঁর লোকেরা তাঁর চরিত্রকে প্রতিফলিত করবে। উদ্ধারকৃত মানব নূতন সৃষ্টি হয়েছে। নূতনীকরণের ফল হল ঈশ্বর ভক্তিতে নূতন জীবন পদ্ধতি (রোমান কাথলিকদের ধার্মিকতার দৃষ্টিভঙ্গি)। যেহেতু ইস্রায়েল ছিল theocracy (ঈশ্বর শাসিত) সেখানে ছিল না কোন স্পষ্ট বর্ণনা জাগতিক (সামাজিক আদর্শে) এবং পবিত্রতার (ঈশ্বরের ইচ্ছা) মধ্যে। এই স্বাভাবিকতা প্রকাশিত হয়েছে হিব্রু ও গ্রীক টার্ম “বিচারক” (সমাজের সঙ্গে সম্পর্কিত) এবং “ধার্মিকতা” (ধর্মের সঙ্গে সম্পর্কিত) হিসাবে ইংরাজিতে অনুবাদ করা হয়েছে।

যীশুর সুসমাচার (সুখবর) হল যে পতিত মানব ঈশ্বরের সহভাগিতায় পুনস্থাপিত হয়েছে। এটি সম্পাদিত হয়েছে পিতার ভালবাসা, দয়া, এবং অনুগ্রহ; পুত্রের জীবন যাপন, মৃত্যু এবং পুনরুত্থান; এবং আত্মার উৎসাহ ও সুসমাচারের প্রতি আকর্ষণের মাধ্যমে। ধার্মিকতা হল ঈশ্বরের বিনামূল্যের একটি কাজ, কিন্তু এর বিষয় হবে অবশ্যই ঈশ্বর ভক্তিতে (অগস্টিনের মর্যাদা, যেটি প্রতিফলিত করে সংস্কারের আন্দোলনের সুসমাচারের স্বাধীনতার উপরে গুরুত্বারোপ এবং রোমান কাথলিকদের ভালবাসা এবং বিশ্বস্ততায় জীবনে পরিবর্তনের উপরে গুরুত্বারোপ)। সংস্কারবাদীদের জন্য “ঈশ্বরের ধার্মিকতা” টার্মটি হল OBJECTIVE GENITIVE (অর্থাৎ পাপী মানুষকে ঈশ্বরের গ্রহণযোগ্য করার কাজ [অবস্থানগত পবিত্রকরণ], যখন কাথলিকদের জন্য এটি SUBJECTIVE GENITIVE, যেটি হল ঈশ্বরের মত হওয়ার প্রক্রিয়া [অভিজ্ঞতালব্ধ আত্মাসী পবিত্রকরণ])। বাস্তবিক এটি নিশ্চত ভাবে উভয়ই!!)

আমার দৃষ্টিভঙ্গিতে সমগ্র বাইবেল আদি ৪-প্রকাশিত বাক্য ২০ পর্যন্ত ঈশ্বরের এদোন বাগানের সহভাগিতার পুনস্থাপনের বিবরণ। বাইবেল শুরু হয়েছে ঈশ্বর ও মানুষের সহভাগিতার জাগতিক অবস্থানে (আদি ১-২) এবং বাইবেল শেষ হয়েছে এই একই রকম অবস্থানে (প্রকাশিত বাক্য ২১-২২)। ঈশ্বরের প্রতিমূর্তি এবং উদ্দেশ্য পুনস্থাপিত হবে!

উপরের আলোচনার বিবরণের নোট পরবর্তীতে নির্বাচিত নূতন নিয়মের প্যাসেজ উল্লেখ করেছে গ্রীক শব্দগুচ্ছ।

১. ঈশ্বর ধার্মিক (প্রায়ই বিচারক হিসাবে ঈশ্বরের সঙ্গে সংযুক্ত)
 - ক. রোমীয় ৩:২৬
 - খ. ২ থিম ১:৫-৬
 - গ. ২ তীম ৪:৮
 - ঘ. প্রকাশিত ১৬:
২. যীশু হলেন ধার্মিকতা
 - ক. প্রেরিত ৩:১৪; ৭:৫২; ২২:১৪ (মশীহের উপাধি)
 - খ. মথি ২৭:১৯
 - গ. ১ যোহন ২:১,২৯; ৩:৭
৩. ধার্মিকতা হল তাঁর সৃষ্টির জন্য ঈশ্বরের ইচ্ছা
 - ক. লেবীয় ১৯:২
 - খ. মথি ৫:৪৮ (৫:১৭-২০)
৪. ধার্মিকতা যোগান ও উৎপন্ন করার ঈশ্বরীয় উপায়
 - ক. রোমীয় ৩:২১-৩১
 - খ. রোমীয় ৪
 - গ. রোমীয় ৫:৬-১১
 - ঘ. গালা ৩:৬-১৪
 - ঙ. ঈশ্বর দত্ত
 - ১) রোমীয় ৩:২৪; ৬:২৩
 - ২) ১ করি ১:৩০
 - ৩) ইফি ২:৮-৯
 - চ. বিশ্বাস দ্বারা গৃহিত

- ১) রোমীয় ১:১৭; ৩:২২,২৬; ৪:৩,৫,১৩; ৯:৩০; ১০:৪,৬,১০
- ২) ২ করি ৫:২১
- ছ. পুত্রের কাজের মাধ্যমে
 - ১) রোমীয় ৫:১
 - ২) ২ করি ৫:২১
 - ৩) ফিলি ২:৬-১১
৫. ঈশ্বরের ইচ্ছা এই যে তাঁর অনুগামিরা ধার্মিক হবে
 - ক. মথি ৫:৩-৪৮; ৭:২৪-২৭
 - খ. রোমীয় ২:১৩; ৫:১; ৬:১-২৩
 - গ. ১ তীম ৬:১১
 - ঘ. ২ তীম ২:২২; ৩:১৬
 - ঙ. ১ যোহন ৩:৭
 - চ. ১ পিতর ২:২৪
৬. ধার্মিকতার দ্বারাই ঈশ্বর জগতে বিচার করবেন
 - ক. প্রেরিত ১৭:৩১
 - খ. ২ তীম ৪:৮

ধার্মিকতা হল ঈশ্বরের বৈশিষ্ট্য, খ্রীষ্টের মাধ্যমে পাপী মানুষকে বিনামূল্যে দত্ত হয়েছে। এটি হল

১. ঈশ্বরের আদেশ
২. ঈশ্বরের দান
৩. খ্রীষ্টের কাজ

কিন্তু এটিও একটি ধার্মিক হওয়া প্রক্রিয়া যা অবশ্যই উৎসাহের সাথে এবং দৃঢ়তায় অনুসরণ করতে হবে, যেটি একদিন সুসম্পন্ন হবে দ্বিতীয় আগমনে। ঈশ্বরের সঙ্গে সহভাগিতা পরিত্রাণে পুনস্থাপিত হয়েছে কিন্তু সমগ্র জীবনের অগ্রযাত্রা সম্মুখাসম্মুখী হয় মৃত্যুতে অথবা *Parousia* ! এখানে একটি উপযুক্ত উদ্ধৃতি এই আলোচনা উপসংহার করতে। এটি নেওয়া হয়েছে *Dictionary of Paul and His Letters from IVP* থেকে,

“ক্যালভিন, লুথারের চেয়েও বেশি, ঈশ্বরের ধার্মিকতার বিষয়ে সম্পর্কের উপরে গুরুত্বরূপ করেছেন। লুথারের ঈশ্বরের ধার্মিকতার বিষয়ে দৃষ্টিভঙ্গিতে মনে হয় অন্তর্ভুক্ত ছিল নির্দোষীতার ঘোষণার দিকসমূহ। ক্যালভিন জোর দিয়েছেন যোগাযোগের বিক্ষয়কর প্রকৃতি বা আমাদের প্রতি ঈশ্বরের ধার্মিকতার অংশ দানের উপরে” (p. 834)।

আমার কাছে বিশ্বাসীদের ঈশ্বরের সাথে সম্পর্কের তিনটি দিক রয়েছে।

১. সুসমাচার একজন ব্যক্তি (পূর্বাঞ্চলের মন্ডলী ও ক্যালভিন গুরুত্ব দিয়েছেন)
২. সুসমাচার হল সত্য (আগস্টিন ও লুথার জোর দিয়েছেন)
৩. সুসমাচার হল পরিবর্তিত জীবন (কাথলিকরা জোর দিয়েছেন)

সবগুলিই সত্য এবং একত্রে ধারণ করতে হবে স্বাস্থ্যবান, নিষ্কলংক, বাইবেল ভিত্তিক খ্রীষ্টধর্মের জন্য। যদি যে কোন একটিকে বেশি গুরুত্ব বা অবমূল্যায়ন করা হয়, সমস্যা ঘটবেই।

আমাদের অবশ্যই যীশুকে স্বাগত জানাতে হবে!

আমাদের অবশ্যই সুসমাচার বিশ্বাস করতে হবে!

আমাদের অবশ্যই খ্রীষ্টের সাদৃশ্যতার পশ্চাদ্ভাবন করতে হবে!



NASB, NKJV “বিশ্বাসজনক বিশ্বাসমূলক”

NRSV “বিশ্বাসের জন্য বিশ্বাসের মধ্যে দিয়ে”

TEV “এটা বিশ্বাসের মধ্যে দিয়ে, আরম্ভ থেকে শেষ”

NJB “এটা দেখায় কিভাবে বিশ্বাস বিশ্বাসের দিকে পরিচালিত করে”

এই শব্দগুচ্ছ দুটি **PREPOSITIONS**, *ek* এবং *eis*, যেটি উল্লখ করে পরিবর্তন বা উন্নয়ন। তিনি এই একই কাঠামো ব্যবহার করেছেন ২ করি ২:১৬ পদে এবং *apo* ও *eis* ২ করি ৩:১৮ পদে। খ্রীষ্ট ধর্ম একটি দান যেটি আশা করে বৈশিষ্ট্যমণ্ডিত এবং জীবন-যাপনে হতে।

এই শব্দগুচ্ছ অনুবাদে বেশ কয়েকটি সম্ভাবনা রয়েছে। উইলিয়াম নূতন নিয়ম একে অনুবাদ করেছে “বিশ্বাসের পথ বৃহত্তর বিশ্বাসে দিকে পরিচালিত করে।” প্রধান ধর্মতাত্ত্বিক পয়েন্ট হল

১. বিশ্বাস ঈশ্বর থেকে আসে (“প্রকাশিত”)
২. মানুষকে অবশ্যই সাড়া প্রদান করতে হবে এবং অবিরত সাড়া প্রদান করতে হবে
৩. বিশ্বাস অবশ্যই ঈশ্বর ভক্ত জীবনের ফলাফল হবে

একটি বিষয় নিশ্চিত, খ্রীষ্টের উপরে “বিশ্বাস” গুরুত্বপূর্ণ (৫:১; ফিলি ৩:৯)। ঈশ্বরের পরিত্রানের দান বিশ্বাসে সাড়া প্রদানের শর্তযুক্ত (মার্ক ১:১৫; যোহন ১:১২; ৩:১৬; প্রেরিত ৩:১৬ এবং ১৯; ২০:২১)। বিশেষ বিষয় দেখুন ১:৫; ৪:৫; এবং ১০:৪ পদে।



NASB	“কিন্তু ধার্মিক ব্যক্তি বিশ্বাস হেতুই বাঁচবে”
NKJV	“ধার্মিক বিশ্বাস হেতু বাঁচবে”
NRSV	“যে ধার্মিক সে বিশ্বাসেই বাঁচবে”
TEV	“যে বিশ্বাসে ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্ক রক্ষা করে সে বাঁচবে”
NJB	“ধার্মিক মানুষ বিশ্বাসের মাধ্যমে জীবন পাবে”

এটি হবককুক ২:৪ পদের উদ্ধৃতি, কিন্তু Masoretic Text(MT) বা সেপ্টুয়াজিট (LXX) থেকে নয়। পুরাতন নিয়মে “বিশ্বাস”-এর দীর্ঘায়িত রূপার্থক অর্থ “নির্ভরযোগ্যতা,” বিশ্বস্ততা,” অথবা “আনুগত্যতা” (দেখুন বিশেষ বিষয় ১:৫ পদে)। রক্ষাকারী বিশ্বাসের ভিত্তি ঈশ্বরের বিশ্বস্ততার উপরে (৩:৫, ২১, ২২, ২৫, ২৬)। যাহোক, মানবিক বিশ্বস্ততার প্রমাণ যে কেউ একজন ঈশ্বরের বন্দোবস্তের উপরে নির্ভরতা রেখেছে। এই একই পুরাতন নিয়মের টেক্সট গালা ৩:১১ এবং ইব্রীয় ২০:৩৮ পদে। পরবর্তী সাহিত্য একক, রোমীয় ১:১৮-৩:২০, ঈশ্বরের বিশ্বস্ততার বিপরিত প্রকাশ করেছে।

এটা হয়তো তালিকা করতে সাহায্য করবে যে কিভাবে আধুনিক ব্যাখ্যাকারকেরা এই শব্দগুচ্ছের শেষাংশ বুঝেছে।

১. Vaughan (ভোগান): “বিশ্বাসে আরম্ভ এবং বিশ্বাসে শেষ”
২. Hodge (হজ): “কেবলমাত্র বিশ্বাস”
৩. Barrett (ব্যারেট): “কোন কিছু উপরে নয় কিন্তু বিশ্বাস”
৪. Knox (নক্স): “বিশ্বাস প্রথম এবং শেষ”
৫. Stagg (স্ট্যাগ): “বিশ্বাসে ধার্মিক বাঁচবে”

NASB (আপডেটেড) টেক্সট: ১:১৮-২৩

^{১৮} কারণ ঈশ্বরের ক্রোধ স্বর্গ থেকে সেই লোকদের সমস্ত ভক্তিহীনতা ও অধার্মিকতার উপরে প্রকাশিত হচ্ছে, যারা অধার্মিকতায় সত্যের প্রতিরোধ করে। ^{১৯} কারণ ঈশ্বরের বিষয়ে যা জানা যেতে পারে, তা তাদের মধ্যে প্রকাশিত আছে, কারণ ঈশ্বর তা তাদের কাছে প্রকাশ করেছেন। ^{২০} ফল স্বরূপ তাঁর অদৃশ্য গুণ, তাঁর অনন্ত পরাক্রম ও ঈশ্বরত্ব, জগতের সৃষ্টিকাল থেকে তাঁর বিভিন্ন সৃষ্ট বিষয় স্পষ্ট ভাবে বোধগম্য হয়ে দৃষ্ট হচ্ছে, এই জন্য তাদের অজ্ঞাহত দেবার পথ নাই; ^{২১} কারণ ঈশ্বরকে জ্ঞাত হয়েছে তারা তাঁকে ঈশ্বর বলে তাঁর সম্মান করেনি; ধন্যবাদও করেনি; কিন্তু নিজেদের তর্কবিতর্কে অসার হয়ে পড়েছে, এবং তাহাদের মূর্খ হৃদয় অন্ধকার হয়ে গেছে। ^{২২} নিজেদের বিজ্ঞ বলে তারা মূর্খ হয়েছে, ^{২৩} এবং ক্ষয়ণীয় মানুষ ও পাখীর ও চারপেয়ে জন্ত ও বৃকে হাঁটা প্রাণীর মূর্তিবিশিষ্ট প্রতিকৃতির সাথে অক্ষয় ঈশ্বরের গৌরব পরিবর্তন করেছে। (অনুবাদকৃত টেক্সট)।

১:১৮ “কারণ” লক্ষ্য করুন ১৬-১৭ পদে মূল ভাবে কতবার *gar* টার্ম ব্যবহার করা হয়েছে—তিন বার, এবং এখন এটি পরিচিতি দিচ্ছে পৌলের সুসমাচারের প্রথম পয়েন্ট (১:৮-৩:৩১), যেটি পরিত্রাণ পর্যন্ত ঈশ্বরের শক্তির সঙ্গে তুলনীয় (১:১৬-১৭)।

□ “ঈশ্বরের ক্রোধ” ১৮-২৩ পদ চিত্রিত করেছে পৌলের সময়কার পৌত্তলিক জগতকে। পৌলের পৌত্তলিক জগতের বর্ণনা যিহুদী সাহিত্যেও পাওয়া যায় (*Wisdom of Solomon 13:1ff. and Letter of Aristeas*, 134-38) এবং এমনকি গ্রীক ও রোমীয় নীতি বিষয়ক লেখনীতেও। একই বাইবেল যেটি আমাদের বলছে ঈশ্বরের ভালবাসার কথা সেই সঙ্গে প্রকাশ করেছে তাঁর ক্রোধের কথা (২৩-৩২ পদ; ২:৫, ৮; ৩:৫; ৪:১৫; ৫:৯; ৯:২২; ১২:১৯; ১৩:৪-৫)।

ক্রোধ এবং ভালবাসা মানবিক টার্ম যেটি ঈশ্বরের প্রতি প্রয়োগ করা হয়েছে। এগুলি এই সত্য প্রকাশ করেছে যে ঈশ্বরের একটি পথ আছে তিনি চান বিশ্বাসীরা সাড়া প্রদান করবে এবং বাঁচবে। যে কারণে ইচ্ছাপূর্বক ঈশ্বরের ইচ্ছার প্রত্যাখ্যান (খ্রীষ্টের সুসমাচার) ফল উভয়ই সাময়িক, যেভাবে এই পদে আছে, এবং চূড়ান্ত বিচার দিনের (২:৫)। যাহোক, ঈশ্বরকে প্রতিহিংসাপরায়ণ হিসাবে দেখা অবশ্যই ঠিক নয়। বিচার হল তাঁর “অদ্ভুত কাজ” (যিশা ২৮:২১..)। ভালবাসা তাঁর চরিত্র, তুলনা করুন দ্বি বি ৫:৯ এর সাথে ৫:১০; ৭:৯। তাঁর মধ্যে ন্যায় বিচার ও দয়া প্রাধান্য করে। তথাপি সকলকেই ঈশ্বরের কাছে হিসাব দিতে হবে (উপ ১২:১৩-১৪; গালা ৬:৭), এমনকি খ্রীষ্টিয়ানদেরও (১৪:১০-১২; ২ করি ৫:১০)।

বিশেষ বিষয়: ঈশ্বর মানব হিসাবে বর্ণিত (ANTHROPOMORPHIC LANGUAGE)

I. এই ধরণের ভাষা পুরাতন নিয়মে খুব সাধারণ (কিছু উদাহরণ)

ক. জাগতিক দেহের অংশ

১. চোখ – আদি ১:৪, ৩১; ৬:৮; যাত্রা ৩৩:১৭; গণনা ১৪:১৪; দ্বি বি ১১:১২; সখরিয় ৪:১০
২. হাত – যাত্রা ১৫:১৭; গণনা ১১:২৩; দ্বি বি ২:১৫
৩. বাহু – যাত্রা ৬:৬; ১৫:১৬; গণনা ১১:২৩; দ্বি বি ৪:৩৪; ৫:১৫
৪. কাণ – গণনা ১১:১৮; ১ শমূ ৮:২১; ২ রাজা ১৯:১৬; গীত ৫:১; ১০:১৭; ১৮:৬
৫. মুখ মণ্ডল – যাত্রা ৩২:৩০; ৩৩:১১; গণনা ৬:২৫; দ্বি বি ৩৪:১০; গীত ১১৪:৭
৬. আঙ্গুল – যাত্রা ৮:১৯; ৩১:১৮; দ্বি বি ৯:১০; গীত ৮:৩
৭. কণ্ঠ – আদি ৩:৮, ১০; যাত্রা ১৫:২৬; ১৯:১৯; দ্বি বি ২৬:১৭; ২৭:১০

৮. পা - যাত্রা ২৪:১০; যিহি ৪৩:৭
৯. মানবিক আকৃতি - যাত্রা ২৪:৯-১১; গীত ৪৭; যিশা ৬:১; যিহি ১:২৬
১০. সদাপ্রভুর দূত - আদি ১৬:৭-১৩; ২২:১১-১৫; ৩১:১১, ১৩; ৪৮:১৫-১৬; যাত্রা ৩:৪, ১৩-২১; ১৪:১৯; বিচার ২:১; ৬:২২-২৩; ১৩:৩-২২
- খ. দৈহিক কাজকর্ম
১. সৃষ্টির হাতিয়ার হিসাবে কথা বলা - আদি ১:৩, ৬, ৯, ১১, ১৪, ২০, ২৪, ২৬
২. হাঁটা (অর্থাৎ শব্দ) এদোন বাগানে - আদি ৩:৮; ১৮:৩৩; হবক ৩:১৫
৩. নোহের জাহাজের দরজার বন্ধ করা - আদি ৭:১৬
৪. উৎসর্গের স্রাণ গ্রহণ - আদি ৮:২১; লেবীয় ২৬:৩১; আমোষ ৫:২১
৫. নেমে আসা - আদি ১১:৫; ১৮:২১; যাত্রা ৩:৮; ১৯:১১, ১৮-২০
৬. মোশিকে কবর দেওয়া - দ্বি বি ৩৪:৬
- গ. মানবিক আবেগ (কিছু উদাহরণ)
১. অনুশোচনা/মন পরিবর্তন - আদি ৬:৬, ৭; যাত্রা ৩২:১৪; বিচার ২:১৮; ১ শমূ ১৫:২৯, ৩৫; আমোষ ৭:৩, ৬
২. ক্রোধ - যাত্রা ৪:১৪; ১৫:৭; গণনা ১১:১০; ১২:৯; ২২:২২; ২৫:৩, ৪; ৩২:১০, ১৩, ১৪; দ্বি বি ৬:৫; ৭:৪; ২৯:২০
৩. ঈর্ষা - যাত্রা ২০:৫; ৩৪:১৪; দ্বি বি ৪:২৪; ৫:৯; ৬:১৫; ৩২:১৬, ২১; যিহো ২৪:১৯
৪. ঘৃণ্য/ঘৃণা করা - লেবীয় ২০:২৩; ২৬:৩০; দ্বি বি ৩২:১৯
- ঘ. পারিবারিক টার্ম (কিছু উদাহরণ)
১. পিতা
- ক. ইস্রায়েলের - যাত্রা ৪:২২; দ্বি বি ১৪:১; ৩৯:৫
- খ. রাজার - ২ শমূ ৭:১১-১৬; গীত ২:৭
- গ. পিতৃসুলভ কাজকর্মের উপমা - দ্বি বি ১:৩১; ৮:৫; ৩২:১; গীত ২৭:১০; হিতো ৩:১২; যির ৩:৪, ২২; ৩১:২০; হোশেয় ১১:১-৪; মালাখী ৩:১৭
২. পিতামাতা - হোশেয় ১১:১-৪
৩. মা - গীত ২৭:১০ (সেবাকারী মায়ের রূপক); যিশা ৪৯:১৫; ৬৬:৯-১৩
৪. যুবতী বিশ্বস্ত প্রেমিকা - হোশেয় ১-৩

II. এই ধরণের ভাষা ব্যবহারের কারণ

- ক. ঈশ্বরের জন্য এটি প্রয়োজন ছিল তাঁর নিজেকে মানুষের কাছে প্রকাশ করা। পুরুষ হিসাবে ঈশ্বরের ব্যক্তিগত ধারণা হল ঈশ্বরের প্রতি মানবিক বৈশিষ্ট্য আরোপ কারণ ঈশ্বর আত্মা!
- খ. ঈশ্বর মানুষের জীবনের সবচেয়ে অর্থপূর্ণ দিকসমূহ নিয়েছেন এবং সেগুলিকে পতিত মানবের কাছে নিজেকে প্রকাশের জন্য ব্যবহার করেছেন (পিতা, মাতা, পিতামাতা, প্রেমিক)
- গ. যদিও প্রয়োজন, তথাপি ঈশ্বর কোন নির্দিষ্ট দৈহিক আকৃতিতে নিজেকে সীমাবদ্ধ করতে চাননি (যাত্রা ২০; দ্বি বি ৫)
- ঘ. চূড়ান্ত ঈশ্বরের প্রতি মানবিক বৈশিষ্ট্য আরোপ হল যীশুর দেহধারণ। ঈশ্বর দৈহিক রূপ ধারণ করলেন, স্পর্শযোগ্য হলেন (১ যোহন ১:১-৩)। ঈশ্বরের বার্তা হয়ে গেল ঈশ্বরের বাক্য (যোহন ১:১-১৮)।

□ “প্রকাশিত” যেহেতু সুসমাচার হল প্রকাশিত সত্য (১৭ পদ), সেরকমই ঈশ্বরের ক্রোধ! কোনটিই মানবিক আবিষ্কার বা যুক্তির কাজ নয়।

□ “যারা সত্যের প্রতিরোধ করে” এটি উল্লেখ করে মানবিক ইচ্ছাকৃত প্রত্যাখ্যান, অজ্ঞতাবশত নয় (২১, ৩২ পদ; যোহন ৩:১৭-২১)। এই শব্দগুচ্ছের অর্থ হতে পারে

১. তারা সত্য জানে কিন্তু তা প্রত্যাখ্যান করেছে
২. তাদের জীবন যাপন দেখায় যে তারা সত্যকে প্রত্যাখ্যান করেছে
৩. তাদের জীবন এবং/অথবা বাক্য অন্যদের ঈশ্বরকে না জানা ও গ্রহণ না করার কারণ

বিশেষ বিষয়: পৌলের লেখনীতে “সত্য”

পৌলের এই টার্মের ব্যবহার এবং এর সম্পর্কযুক্ত গঠন এসেছে পুরাতন নিয়মের সমমান *emet* থেকে, যার অর্থ নির্ভরযোগ্য বা বিশ্বস্ত (BDB 53)। আন্ত-বাইবেলীয় যিহুদী লেখনীতে এটি ব্যবহৃত হয়েছিল মিথ্যার তুলনায় সত্য বুঝাতে। হতে পারে যে সবচেয়ে ঘনিষ্ঠ সমান্তরাল হবে মরু সাগরের পুঁথির “ধন্যবাদ জ্ঞাপক সমবেত গান,” যেখানে এটি ব্যবহৃত হয়েছে প্রকাশিত মতবাদ বোঝাতে। এসেনি সম্প্রদায়ের সদস্যরা হয়েছিল “সত্যের সাক্ষি।”

পৌল এই টার্ম যীশু খ্রীষ্টের সুসমাচার উল্লেখের একটি উপায় হিসাবে ব্যবহার করেছেন।

১. রোমীয় ১:১৮, ২৫; ২:৮, ২০; ৩:৭; ১৫:৮
২. ১ করিন্থীয় ১৩:৬
৩. ২ করিন্থীয় ৪:২; ৬:৭; ১১:১০; ১৩:৮
৪. গালাতীয় ২:৫, ১৪; ৫:৭

৫. ইফিসীয় ১:১৩; ৬:১৪
৬. কলসীয় ১:৫,৬
৭. ২ থিমথোনীকীয় ২:১০,১২,১৩
৮. ১ তীমথিয় ২:৪; ৩:১৫; ৪:৩; ৬:৫
৯. ২ তীমথিয় ২:১৫,১৮,২৫; ৩:৭,৮; ৪:৪
১০. তীত ১:১,১৪

পৌল এই টার্ম তার সঠিক ভাবে কথা বলার প্রকাশের একটি উপায় হিসাবে ব্যবহার করেছেন

১. প্রেরিত ২৬:২৫
২. রোমীয় ৯:১
৩. ২ করিন্থীয় ৭:১৪; ১২:৬
৪. ইফিসীয় ৪:২৫
৫. ফিলিপীয় ১:১৮
৬. ১ তীমথিয় ২:৭

তিনি এছাড়াও এটি ১ করি ৫:৮ পদে তার উদ্দেশ্য এবং ইফি ৪:২৪; ৫:৯; ফিলি ৪:৮ পদে জীবন-পদ্ধতি (এছাড়াও সকল খ্রীষ্টিয়ানের জন্য) বর্ণনায় ব্যবহার করেছেন। তিনি মাঝে মাঝে এটি সকল লোকের জন্য ব্যবহার করেছেন।

১. ঈশ্বর, রোমীয় ৩:৪ যোহন ৩:৩৩; ১৭:১৭)
২. যীশু, ইফি ৪:২১(যোহন ১৪:৬ পদের মত একই রকম)
৩. প্রেরিতিক সাক্ষী, তীত ১:১৩
৪. পৌল, ১ করি ৬:৮

পৌল কেবলমাত্র গালা ৪:১৬ এবং ইফি ৪:১৫ পদে 'ভার্ব ফরমে'(অর্থাৎ *alētheuō*) ব্যবহার করেছেন, যেখানে এটি উল্লেখ করে সুসমাচার। আরও অধিক অধ্যয়নের জন্য পরামর্শ নিন Colin Brown (ed), *The New International Dictionary of New Testament Theology*, vol. 3, pp. 784-902.

১:১৯ “কেননা ঈশ্বরে বিষয়ে যা জানা যেতে পারে, তা তাদের মধ্যে প্রকাশিত আছে, কারণ ঈশ্বর তা তাদের কাছে প্রকাশ করেছেন” প্রতিটি মানুষই সৃষ্টি থেকে ঈশ্বরের বিষয়ে কিছু না কিছু জানে (২০ পদ; ইয়োব ১২:৭-১০ এবং গীত ১৯:১-৬ প্রকৃতির মাধ্যমে)। ধর্মতত্ত্বে একে বলা হয় “প্রাকৃতিক প্রকাশ”। এটি সম্পূর্ণ নয়, কিন্তু এটি তাদের জন্য ঈশ্বরের দায়িত্বের ভিত্তি যাদের কাছে কখনো শাস্ত্রের “বিশেষ প্রকাশ” হয়নি (গীত ১৯:৭-১৪) অথবা চূড়ান্ত ভাবে যাঁহুতে (কল ১:১৫; ২:৯)।

“জানা” টার্মটি নূতন নিয়মে দুটি অর্থে ব্যবহৃত হয়েছে: (১) এর পুরাতন নিয়মের অর্থ ব্যক্তিগত ঘনিষ্ঠ সম্পর্ক (আদি ৪:১; যির ১:৫) এবং (২) এর গ্রীক অর্থ কোন বিষয়ের সত্য (২১ পদ)। সুসমাচার একটি ব্যক্তিকে স্বাগত জানায় এবং একটি বার্তা সেই লোকের গ্রহণের ও বিশ্বাসের জন্য! এই পদে এটি ব্যবহৃত হয়েছে #২ অর্থে।

বিশেষ বিষয়: জানা (paradigm)উদাহরণ হিসাবে দ্বিতীয় বিবরণে বেশির ভাগ ব্যবহৃত

হিব্রু শব্দ “জানা”(BDB 393) বেশ কয়েকটি অর্থ আছে (শব্দের ভাষাগত অর্থের ক্ষেত্রে) *Qal*-এ।

১. ভাল এবং মন্দ বোঝা-আদি ৩:২২; দ্বি বি ১:৩৯; যিশা ৭:১৪-১৫; যোনা ৪:১১
২. বোঝার মাধ্যমে জানা-দ্বি বি ৯:২,৩,৬; ১৮:২১
৩. অভিজ্ঞতার মাধ্যমে জানা-দ্বি বি ৩:১৯; ৪:৩৫; ৮:২,৩,৫; ১১:২; ২০:২০; ৩১:১৩; যিহো ২৩:১৪
৪. বিবেচনা করা-দ্বি বি ৪:৩৯; ১১:২; ২৯:১৬
৫. ব্যক্তিগত ভাবে জানা
 - ক. একজন ব্যক্তি - আদি ২৯:৫; যাত্রা ১:৮; দ্বি বি ২২:২; ৩৩:৯
 - খ. একজন দেবতা - দ্বি বি ১১:২৮; ১৩:২,৬,১৩; ২৮:৬৪; ২৯:২৬; ৩২:১৭
 - গ. YHWH - দ্বি বি ৪:৩৫,৩৯; ৭:৯; ২৯:৬; যিশা ১:৩; ৫৬:১০-১১
 - ঘ. যৌন বিষয়ক - আদি ৪:১,১৭,২৫; ২৪:১৬; ৩৮:২৬
৬. শিক্ষাগত দক্ষতা বা জ্ঞান - যিশা ২৯:১১,১২; আমোষ ৫:১৬
৭. জ্ঞানী হওয়া - দ্বি বি ২৯:৪; হিতো ১:২; ৪:১; যিশা ২৯:২৪
৮. ঈশ্বরের জ্ঞান
 - ক. মোশির - দ্বি বি ৩৪:১০
 - খ. ইস্রায়েলের - দ্বি বি ৩১:২১,২৭,২৯

১:২০ এই পদটি ঈশ্বরের তিনটি দিক উল্লেখ করেছে

১. তাঁর অদৃশ্য বৈশিষ্ট্য (তাঁর চরিত্র, কল ১:১৫; ১ তীম ১:১৭; ইব্রীয় ১১:২৭)
২. তাঁর অনন্তকালীন ক্ষমতা (প্রাকৃতিক সৃষ্টিতে দৃশ্যমান, গীত ১৯:১-৬)

৩. তাঁর ঐশ্বরীক প্রকৃতি (সৃষ্টিতে তাঁর কাজ এবং উদ্দেশ্য দৃশ্যমান, আদি ১-২)

□ “জগতের সৃষ্টিকাল থেকে” প্রিপোজিশন *apo* ব্যবহৃত হয়েছে জাগতিক অর্থে। মার্ক ১০:৬; ১৩:১৯; ২ পিতর ৩:৪ পদে একই রকম শব্দগুচ্ছ পাওয়া যায়। অদৃশ্য ঈশ্বর এখন দৃশ্য হচ্ছে

১. জাগতিক সৃষ্টিতে (এই পদ)
২. শাস্ত্রে (গীত ১৯, ১১৯)
৩. চূড়ান্ত ভাবে যীশুতে (যোহন ১৪:৯)

□ “ঐশ্বরীক প্রকৃতি” গ্রীক সাহিত্য থেকে *theiotēs* অনুবাদ হতে পারে “ঐশ্বরীক মর্যাদা”। এটি চরম ভাবে যীশুতে দৃশ্যমান। তিনি অদ্বিতীয় ভাবে ঐশ্বরীক প্রতিমূর্তি বহন করেছেন (২ করি ৪:৪; ইব্রীয় ১:৩)। তিনি হলেন মানবিক আকৃতিতে সম্পূর্ণ ঈশ্বর (কল ১:১৯; ২:৯)। সুসমাচারের বিশ্বয়কর সত্য হল যে পতিত মানব, খ্রীষ্টের উপরে বিশ্বাসের মাধ্যমে, খ্রীষ্টের সাদৃশ্যতার ভাগি হবে (ইব্রীয় ১২:১০; ১ যোহন ৩:২)। মানবিকতায় ঈশ্বরের প্রতিমূর্তি (আদি ১:২৬-২৭) পুনরুদ্ধার হয়েছে (*theios*, ২ পিতর ১:৩-৪)।

□

NASB

“সৃষ্ট বস্তু স্পষ্ট ভাবে বোধগম্য হয়ে দৃষ্ট হচ্ছে”

NKJV

“স্পষ্ট ভাবে সৃষ্ট বস্তু বোধগম্য হয়ে দৃষ্ট হচ্ছে”

NRSV

“তিনি যা সৃষ্টি করেছেন তা দেখে ও বুঝে”

TEV

“স্পষ্ট ভাবে দৃষ্ট বস্তু; ধারণা দিচ্ছে যে এগুলি ঈশ্বর সৃষ্টি করেছেন”

NJB

“সৃষ্ট বস্তু স্পষ্ট ভাবে দৃষ্ট হওয়াতে বোধগম্য হচ্ছে”

noeō (মথি ১৫:১৭) এবং *kathorāō* (উভয়েই PRESENT PASSIVE) এর সমন্বয় একটি সত্যিকার অর্ন্তদৃষ্টির ইঙ্গিত দিচ্ছে। ঈশ্বর দুটি বই লিখেছেন: (১) প্রকৃতি (গীত ১৯:১-৬) এবং শাস্ত্র (গীত ১৯:৭-১৪)। উভয়ই মানুষের বোঝার যোগ্য এবং সাড়া প্রদান দাবী করে (প্রজ্ঞা, ১৩:১-৩)।

□ “তাদের অজুহাত দেবার পথ নেই” এটি আক্ষরিক ভাবে “কোন বৈধ অজুহাত নেই।” নূতন নিয়মে এই গ্রীক টার্ম (*a plus apologeomai*) কেবলমাত্র এখানে এবং ২:১ পদে ব্যবহৃত হয়েছে। মনে রাখুন ১:১৮-৩:২০ পদের ধর্মতত্ত্বগত উদ্দেশ্য হল সকল মানুষ আত্মিক ভাবে হারাণ তা দেখান। মানুষ যে জ্ঞান লাভ করেছে তার জন্য সে দায়িত্ববান। ঈশ্বর মানুষের দায়িত্বশীলতাকে ধরেন শুধুমাত্র এই কারণে যে তারা কোনটা জানে অথবা জানতে পারবে (৪:১৫; ৫:১৩)।

১:২১ “কারণ ঈশ্বরকে জ্ঞাত হয়েও” মানুষ ধর্মগতভাবে এগিয়ে যায়নি—তারা আসলে ক্রমবর্ধিষ্ণুরূপে মন্দ। যেহেতু আদি ৩ অধ্যায়ের মানবিকতা নিম্নাভিমুখ হয়েছে। অন্ধকার বৃদ্ধি পেয়েছে!

□ “তাকে ঈশ্বর বলে তাঁর সম্মান করেনি, ধন্যবাদও করেনি” ২৩, ২৪ পদের এটিই হল পৌত্তলিক ব্যাভিচারের দু:খজনক ঘটনা (যির ২:৯-১৩)। বিশ্বাসীরা খ্রীষ্টের সাদৃশ্য জীবন যাপন করে ঈশ্বরকে “মহিমাম্বিত” করবে (মথি ৫:১৬; রোমীয় ১২:১-২; ১ করি ৬:২০; ১০:৩১; ফিলি ১:২০; ১ পিতর ৪:১১)। YHWH চান লোকেরা প্রতিফলিত/প্রকাশিত করবে এই পতিত অন্ধ জগতে তাঁর চরিত্র!

□ “কিন্তু নিজেদের তর্কবিতর্কে অসার হয়ে পড়েছে, এবং তাদের অবোধ হৃদয় অন্ধকার হয়ে গেছে।” *The New Testament: A New Translation* by Olaf M. Morlieb এর করা নূতন অনুবাদ “বরং তাহারা নিজেদেরকে ব্যস্ত রেখেছে তাঁর সম্পর্কে অবোধ কল্পনায়, এবং তাহাদের মূর্খ হৃদয় অন্ধকারে হাতড়িয়া বেড়াইতেছে।” মানবিক ধর্মীয় পদ্ধতি হল আত্মিক বিদ্রোহ ও গর্বের জন্ত (২২ পদ; কল ২:১৬-২৩)।

অনুবাদকৃত শব্দ “অসার” ব্যবহৃত হয়েছিল LXX -এ ইস্রায়েলীয় প্রতিবাসিদের “নিষ্ফল,” “অস্তিত্বহীন” মূর্তি উল্লেখ করতে। পৌল ছিলেন একজন ইব্রীয় চিন্তাবিদ তিনি জানতেন সেপ্টুয়াজিন্ট। LXX -এ গ্রীক শব্দ ব্যবহার হল নূতন নিয়মের লেখকদের একটি ভাল নির্দেশিকা গ্রীক অভিধানের (lexicons) চেয়ে।

দুটি ভাব হল AORIST PASSIVE INDICATIVES। PASSIVE VOICE কি ইঙ্গিত দিচ্ছে তাদের বোঝা ও সঠিক সাড়া প্রদানের অভাব ছিল এই কারণে যে ঈশ্বর তাদের হৃদয়ে পর্দা দিয়েছিলেন অথবা তাদের জ্যোতিকে প্রত্যাখ্যান তাদের হৃদয়ের কঠিনতার কারণে ছিল (১০:১২-১৬; ২ রাজা ১৭:১৫; যির ২:৫; ইফি ৪:১৭-১৯)? এটি একই ধর্মতাত্ত্বিক প্রশ্ন যাত্রা পুস্তকের ফরোনের সঙ্গে সম্পর্কিত।

ঈশ্বর তার হৃদয় কঠিন করেছেন

ফরোনের তার নিজের হৃদয় কঠিন করেছেন

যাত্রা ৪:২১,

যাত্রা ৮:১৫

৯:১২

৮:৩২

১০:২০

৯:৩৪

১১:১০

১৪:৪

১৪:৮

১৪:১৭

৯:৩৫ পদের কঠিনতার উল্লেখ হতে পারে ঈশ্বরের বা ফরোনের। এটি ঐশ্বরীক সার্বভৌমত্ব এবং মানুষের স্বাধীর ইচ্ছার নিগূঢ়ত্ব!

□ “হৃদয়” এটি একজন মানুষের সমগ্র সত্ত্বা বোঝাতে পুরাতন নিয়মের ধারণা। যাহোক, এটা ছিল প্রায়ই চিন্তা করা ও অনুভূতির প্রক্রিয়া উল্লেখের একটি উপায়। বিশেষ বিষয় দেখুন ১:২৪ পদে।

১:২২

NASB, NKJV “নিজেদের বিজ্ঞ কবলে তারা মুর্খ হয়েছে”

NRSV “নিজেদের বিজ্ঞ বলে, তারা মুর্খ হয়েছে”

TEV “তারা বলে যে তারা বিজ্ঞ, কিন্তু তারা মুর্খ”

NJB “তারা যত বেশি নিজেদেরকে দার্শনিক বলে, তারা ততই মুর্খ হয়েছে”

গ্রীক শব্দ “মুর্খ” থেকে আমরা ইংরাজি শব্দ পেয়েছি “বোকা ব্যক্তি”। সমস্যা হল মানুষের গর্ব এবং নির্ভরতা নিজেদের জ্ঞানের উপরে (১ করি ১:১৮-৩১; কল ২:৮-২৩)। এটি আমাদের আদি পুস্তকের ৩ অধ্যায়ে নিয়ে যায়। জ্ঞান এনেছে বিভেদ ও বিচার। মানুষের জ্ঞান যে সব সময় ভুল তা নয়, কিন্তু এটাই চূড়ান্ত নয়!

১:২৩ ইচ্ছাকৃত ভাবে অজ্ঞ মানুষ যারা ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট (আদি ১:২৬-২৭; ৫:১,৩; ৯:৬) তারা ঈশ্বরের দিক থেকে ফিরে জাগতের মূর্তির দিকে ফিরেছে যেমন

১. জীবজন্তু (মিসর)
২. প্রাকৃতিক শক্তিসমূহ (পারস্য)
৩. মানবিক আকৃতি (গ্রীক/রোমীয়)—মূর্তি! এমনকি ঈশ্বরে নিজের লোকেরা পর্যন্ত এসব করেছে (দ্বি বি ৪:১৫-২৪)

নূতন রূপে কিছু এই ধরণের পুরাতন পাপ হল

১. পরিবেশবাদ (জগৎ মাতা)
২. নূতন যুগের পূর্বাঞ্চলীয় চিন্তাসমূহ (রহস্যবাদ, আত্মবাদ, এবং গুঢ় রহস্য (অকাল্ট))
৩. নাস্তিক মানবতাবাদ (Marxism, utopianism, progressive idealism এবং রাজনীতি বা শিক্ষায় চূড়ান্ত বিশ্বাস)
৪. holistic ওষুধ (স্বাস্থ্য এবং দীর্ঘায়ু)
৫. শিক্ষা

□ “গৌরব” দেখুন বিশেষ বিষয় ৩:২৩ পদে

□ “ক্ষয়ণীয় মানুষ” দেখুন পরবর্তীতে বিশেষ বিষয়

বিশেষ বিষয়: ধংস, বিনাশ, ক্ষয়ণীয়(PHTHEIRŌ)

এই *phthairō* টার্মের মূল হল ধংস, বিনাশ, ক্ষয়ণীয় বা নষ্ট। এটা আরও ব্যবহৃত হতে পারে

১. অর্থনৈতিক বিনাশ (সম্ভবত ২ করি ৭:২)
২. দৈহিক ধংস (১ করি ৩:১৭)
৩. নৈতিক ক্ষয় (রোমীয় ১:২৩; ৮:২১; ১ করি ১৫:৩৩,৪২,৫৯; গালা ৬:৮; প্রকা ১৯:২)
৪. যৌনতায় ফুসলানো (২ করি ১১:৩)
৫. অনন্তকালীন ধংস (২ পিতর ২:১২,১৯)
৬. মানুষের ঐতিহ্যের বিনাশ (কল ২:২২; ১ করি ৩:১৭)

প্রায়ই এই টার্ম ব্যবহৃত হয়েছে একই প্রসঙ্গে এর অস্তিত্বহীন বিপরিত হিসাবে (রোমীয় ১:২৩; ১ করি ৯:২৫; ১৫:৫০,৫৩)। আমাদের জাগতিক দৈহিক শরীর এবং আমাদের স্বর্গীয় অনন্তকালীন শরীরের মধ্যকার সমান্তরাল তুলনা লক্ষ্য করুন।

১. ক্ষয়ণীয় বনাম অক্ষয়, ১ করি ১৫:৪২,৫০
২. অসম্মান বনাম গৌরব, ১ করি ১৫:৪৩
৩. দুর্বলতা বনাম শক্তি, ১ করি ১৫:৪৩
৪. প্রাকৃতিক দেহ বনাম আত্মিক দেহ, ১ করি ১৫:৪৪
৫. প্রথম আদম বনাম শেষ আদম, ১ করি ১৫:৪৫
৬. জাগতিক প্রতিমূর্তি বনাম স্বর্গীয় প্রতিমূর্তি, ১ করি ১৫:৪৯

NASB (আপডেটস) টেক্সট: ১:২৪-২৫

^{২৪} সেজন্য ঈশ্বর তাদের নিজ নিজ হৃদয়ের নানা অভিলাষের অশুচিতায় সমর্পণ করেছেন যে, তাদের দেহ তাদের মধ্যে অনাদৃত হচ্ছে। ^{২৫} কারণ তারা মিথ্যার সাথে ঈশ্বরের সত্য পরিবর্তন করেছে, এবং সৃষ্ট বস্তুর পূজা ও আরাধনা করেছে, কিন্তু সৃষ্টিকর্তাকে নয়, যিনি যুগে যুগে ধন্য। আমেন। (অনুবাদকৃত টেক্সট)।

১:২৪, ২৬, ২৮ “ঈশ্বর তাদের সমর্পণ করেছেন” এটি হল সবচেয়ে খারাপ সম্ভাব্য দৃষ্ট। ঈশ্বর বলেছেন, “পতিত মানবকে তাদের নিজেদের পথে চলতে দাও’ (গীতা ৮:১২; হোশেয় ৪:১৭; প্রেরিত ৭:৪২ পদ এই ধর্মতাত্ত্বিক বিষয়ে বেশ কয়েকবার পুরাতন নিয়মের পাঠ উদ্ধৃতি করেছে)। ২৩-৩২ পদ বর্ণনা করেছে ঈশ্বরের প্রত্যাখ্যান (জাগতিক ক্রোধ) করেছেন পৌত্তলিক জগতকে এবং এর ধার্মিকতাকে (এবং আমাদের)! পৌত্তলিকতাবাদের অস্তিত্ব এবং এর বৈশিষ্ট্য হল যৌন স্বৈচ্ছাচারিতা ও শোষণ!

১:২৪ “হৃদয়” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন

বিশেষ বিষয়: হৃদয়

গ্রীক টার্ম *kardia* ব্যবহৃত হয়েছে সেপ্টুয়াজিন্ট এবং নূতন নিয়মে হিব্রু টার্ম *leb* প্রতিফলিত করতে (BDB 523)। এটি বেশ কয়েকটি ভাবে ব্যবহৃত হয়েছে (Bauer, Arndt, Gingrich and Danker, *A Greek-English Lexicon*, pp. 403-404)।

১. দৈহিক জীবনের কেন্দ্র, ব্যক্তির জন্য রূপক (প্রেরিত ১৪:১৭; ২ করি ৩:২-৩; যাকোব ৫:৫)
২. আত্মিক জীবনের কেন্দ্র (অর্থাৎ নৈতিক)
 - ক. ঈশ্বর হৃদয় জানেন (লুক ১৬:১৫; রোমীয় ৮:২৭; ১ করি ১৪:২৫; ১ থি ২:৪; প্রকা ২:২৩)
 - খ. মানুষের আত্মিক জীবন ব্যবহার (মথি ১৫:১৮-১৯; ১৮:৩৫; রোমীয় ৬:১৭; ১ তীম ১:৫; ২ তীম ২:২২; ১ পিতর ১:২২)
৩. চিন্তাশীল জীবনের কেন্দ্র (অর্থাৎ মেধা, মথি ১৩:১৫; ২৪:৪৮; প্রেরিত ৭:২৩; ১৬:২৪; ২৮:২৭; রোমীয় ১:২১; ১০:৬; ১৬:১৮; ২ করি ৪:৬; ইফি ১:১৮; ৪:১৮; যাকোব ১:২৬; ২ পিতর ১:১৯; প্রকা ১৮:৭; হৃদয় হল মনের সমরূপ ২ করি ৩:১৪-১৫ এবং ফিলি ৪:৭ পদে।)
৪. ইচ্ছাশক্তির কেন্দ্র (অর্থাৎ প্রেরিত ৫:৪; ১১:২৩; ১ করি ৪:৫; ৭:৩৭; ২ করি ৯:৭)
৫. আবেগের কেন্দ্র (মথি ৫:২৮; প্রেরিত ২:২৬,৩৭; ৭:৫৪; ২১:১৩; রোমীয় ১:২৪; ২ করি ২:৪; ৭:৩; ইফি ৬:২২; ফিলি ১:৭)
৬. আত্মার কাজের অদ্বিতীয় স্থান (রোমীয় ৫:৫; ২ করি ১:২২; গালা ৪:৬ [অর্থাৎ খ্রীষ্ট আমাদের অন্তরে, ইফি ৩:১৭])
৭. একজন সম্পূর্ণ মানুষকে রূপকভাবে উল্লেখ করতে হৃদয় হল একটি উপায় (মথি ২২:৩৭, উদ্ধৃতি করেছে দ্বি বি ৬:৫)। চিন্তা, উদ্দেশ্য এবং কাজ হৃদয়েরই গুণাবলী যা প্রকাশ করে ব্যক্তি কি রকম সে বিষয়ে। পুরাতন নিয়মে এই টার্মের কিছু লক্ষ্যণীয় ব্যবহার
 - ক. আদি ৬:৬; ৮:২১, “ঈশ্বর অন্তরে দুঃখিত হলেন,” আরও দেখুন হোশেয় ১১:৮-৯
 - খ. দ্বি বি ৪:৪৯; ৬:৫, “তোমার সমস্ত অন্তর ও তোমার প্রাণ”
 - গ. দ্বি বি ১০:১৬, “অছিন্নত্বক হৃদয়” এবং রোমীয় ২:২৯
 - ঘ. যিহি ১৮:৩১-৩২, “এক নূতন হৃদয়”
 - ঙ. যিহি ৩৬:২৬, “এক নূতন হৃদয়” বনাম “পাথরের হৃদয়”

১:২৫ “মিথ্যার সাথে ঈশ্বরের সত্য পরিবর্তন করেছে” এটি কয়েকটি উপায়ে বোঝা যেতে পারে।

১. মানুষের নিজের উপরে দেবত্ব আরোপ করা (২ থি ২:৪,১১)
২. মানুষ সেই সকলের আরাধনা করে যেগুলি সে তৈরী করেছে—প্রতিমা (মিশা ৪৪:২০; যির ১৩:২৫; ১৬:১৯) যিনি তাদের সৃষ্টি করেছেন সেই YHWH পরিবর্তে (১৮-২৩ পদ)
৩. মানুষের চূড়ান্ত ভাবে সুসমাচারের সত্য অস্বীকার করা (যোহন ১৪:১৭; ১ যোহন ২:২১,২৭)।

এই প্রসঙ্গে উপযুক্ত ভাবে খাপ খায় #২।

□ “পূজা ও আরাধনা” মানুষের সবসময়ই দেবতা থাকবে। সকল মানুষের ধারণা তাদের উর্দে কেউ একজন, কোন সত্য বা কোন কিছু রয়েছে।

□ “যিনি যুগে যুগে ধন্য। আমেন।” পৌল যিহুদী আশীর্বাদ উচ্চারণ করেছেন, যেটি তাকে খুব বৈশিষ্ট্যমণ্ডিত করেছে (রোমীয় ৯:৫; ২ করি ১১:৩১)। পৌল প্রায়ই প্রার্থনা করতেন যেভাবে তিনি লিখেছেন (৯:৫; ১১:৩৬; ১৫:৩৩; ১৬:২৭)।

□ “যুগে যুগে” নিচে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: যুগে যুগে (গ্রীক বাগধারা)

একটি গ্রীক বাগধারাগত (idiomatic) শব্দগুচ্ছ হল “যুগান্ত” (লুক ১:৩৩; রোমীয় ১:২৫; ১১:৩৬; ১৬:২৭; গালা ১:৫; ১ তীম ১:১৭), যেটি হিব্রু ‘*olam* প্রতিফলিত করতে পারে। Robert B. Girdlestone, *Synonyms of the Old*, pp. 319-321, এবং পুরাতন নিয়মের বিশেষ বিষয়: যুগে যুগে (‘*Olam*) দেখুন। অন্য সম্পর্কযুক্ত শব্দগুচ্ছ হল “যুগান্ত” (মথি ২১:১৯ [মার্ক ১১:২৪]; লুক ১:৫৫; যোহন ৬:৫৮; ৮:৩৫; ১২:৩৪; ১৩:৮; ১৪:১৬; ২ করি ৯:৯) এবং “যুপর্যায়ের যুগে যুগে” (ইফি ৩:২১)। মনে হয় না যে “যুগে যুগে” এই গ্রীক বাগধারার মধ্যে কোন রকম স্বাভাবিকতা ছিল। “যুগ” টার্মটি হতে পারে রাব্বিদের ব্যাকরণগত কাঠামোতে রূপকার্থে বহুবচন যাকে বলা হয়েছে “মর্যাদার বহুবচন” অথবা এটি উল্লেখ করতে পারে কয়েক “যুগ” এর ধারণা যিহুদী অর্থে “দুস্ততার যুগ” “যে যুগ আসছে” বা “ধার্মিকতার যুগ”।

□ “আমেন” নিচে বিশেষ বিষয় দেখুন

বিশেষ বিষয়: আমেন

I. পুরাতন নিয়ম

ক. “আমেন” টার্মটি হিব্রু শব্দ থেকে যার জন্য এসেছে

১. “সত্য” (*emeth*, BDB 49)
২. “সত্যবাদিতা” (*emun*, *emunah*, BDB 53)
৩. “বিশ্বাস” বা “বিশ্বস্ততা”
৪. “নির্ভরতা” (*dmn*, BDB 52)

খ. এর শব্দতন্ত্র এসেছে একজন ব্যক্তির দৃঢ় দৈহিক অবস্থা থেকে। বিপরীত এরকম হতে পারে এমন একজন যে দৃঢ় নয়, পিচ্ছিল (দ্বি বি ২৮:৬৪-৬৭; ৩৮:১৬; গীত ৪০:২; ৭৩:১৮; যির ২৩:১২) অথবা দ্বিধাগ্রস্থ (গীত ৭৩:২)। এর আক্ষরিক ব্যবহার থেকে রূপকাত্মক প্রসারিত বিশ্বস্ত, নির্ভরযোগ্য, অনুগত, এবং নির্ভরশীল (আদি ১৫:১৬; হবক ২:৪)।

গ. বিশেষ ব্যবহার

১. স্তম্ভ, ২ রাজা ১৮:১৬ (১তীম ৩:১৫)
২. নিশ্চয়তা, যাত্রা ১৭:১২
৩. অবিচল, যাত্রা ১৭:১২
৪. স্থিরতা, যিশা ৩৩:৬; ৩৪:৫-৭
৫. সত্য, ১ রাজা ১০:৬; ১৭:২৪; ২২:১৬; হিতো ১২:২২
৬. দৃঢ়, ২ বংশ ২০:২০; যিশা ৭:৯
৭. নির্ভরযোগ্য (Torah), গীত ১১৯:৪৩, ১৪২, ১৫১, ১৬৮

ঘ. সক্রিয় বিশ্বাস সম্পর্কে পুরাতন নিয়মে আরও দুটি টার্ম ব্যবহৃত হয়েছে।

১. *bathach* (BDB 105), নির্ভরতা
২. *yra* (BDB 431), ভয়, শ্রদ্ধা, আরাধনা (আদি ২২:১২)

ঙ. নির্ভরতা অথবা নির্ভরযোগ্যতা অর্থ থেকে করে ধর্মীয় বিধি(liturgical) ব্যবহার উন্নয়ন করা হয়েছে যেটি ব্যবহৃত হয়েছে সত্য নিশ্চিত করতে অথবা অন্য একজনের নির্ভরযোগ্যতা বর্ণনায় (দ্বি বি ২৭:১৫-২৬; নহি ৮:৬; গীত ৪১:১৩; ৭০:১৯; ৮৯:৫২; ১০৬:৪৮)।

চ. এই টার্মের ধর্মতাত্ত্বিক ব্যাখ্যা মানুষের বিশ্বস্ততা নয় কিন্তু YHWH (যাত্রা ৩৪:৬; দ্বি বি ৩২:৪; গীত ১০৮:৪; ১১৫:১; ১১৭:২; ১৩৮:২)। পতিত মানবের একমাত্র আশা YHWH-এর দয়ালু বিশ্বস্ত নিয়মের আনুগত্য এবং তাঁর প্রতিজ্ঞাসমূহ। যারা YHWH-কে জানে তারা তাঁর পছন্দের হয় (হবক ২:৪)। বাইবেল মানুষের মধ্যে ঈশ্বরের প্রতিমূর্তি পুনরুদ্ধারের ইতিহাস ও বিবরণ (আদি ১:২৬-২৭)। পরিত্রাণ পুনরুদ্ধার করে মানুষের ঈশ্বরের সঙ্গে ঘনিষ্ঠ সহভাতির সম্পর্ক রাখার সক্ষমতাকে। এই জন্যই আমরা সৃষ্টি।

II. নূতন নিয়ম

ক. “আমেন” শব্দ ব্যবহার ধর্মীয় বিধির উপসংহারে একটি ব্যক্তব্যের নির্ভরযোগ্য বক্তব্যকে সমর্থন করা নূতন নিয়মে খুব সাধারণ (১ করি ১৪:১৬; ২ করি ১:২০; প্রকা ১:৭; ৫:১৪; ৭:১২)।

খ. এই টার্মটি প্রার্থনা সমাপ্তি করতে ব্যবহার খুব সাধারণ নূতন নিয়ম (রোমীয় ১:২৫; ৯:৫; ১১:৩৬; ১৬:২৭; গালা ১:৫; ৬:১৮; ইফি ৩:২১; ফিলি ৪:২০; ২ থিষ ৩:১৮; ১ তীম ১:১৭; ৬:১৬; ২ তীম ৪:১৮)।

গ. একমাত্র যীশুই টার্মটি ব্যবহার করেছেন (যোহানে প্রায়ই দ্বিগুণ) কোন তাৎপর্যপূর্ণ বক্তব্য চিহ্নিত করতে (লুক ৪:২৪; ১২:৩৭; ১৮:১৭, ২৯; ২১:৩২; ২৩:৪৩)

ঘ. যীশুর উপাধি হিসাবেও এটি ব্যবহৃত হয়েছে প্রকা ৩:১৪ পদে (সম্ভবত যিশা ৬৫:১৬ পদের YHWH -এর উপাধি থেকে)।

ঙ. বিশ্বস্ততা বা বিশ্বাস, নির্ভরযোগ্যতা বা নির্ভরতা এর ধারণা গ্রীক টার্ম *pistos* বা *pistis* প্রকাশিত হয়েছে, ইংরাজিতে যার অনুবাদ হয়েছে “নির্ভরতা,” “বিশ্বাস,” “বিশ্বাস করা।”

NASB (আপডেটস) টেক্সট: ১:২৬-২৭

^{২৬} এই জন্য ঈশ্বর তাদের জঘন্য রিপূর বশে সমর্পণ করেছেন; এমনকি তাদের স্বীলোকেরা স্বাভাবিক ব্যবহারের বদলে স্বভাবের বিপরীত ব্যবহার করেছে। ^{২৭} আর পুরুষেরাও সেরকম স্বাভাবিক স্বীসঙ্গ ত্যাগ করে পরস্পর কামানলে প্রজ্জ্বলিত হয়েছে, সমকামিতায় কুৎসিত ক্রিয়া কলাপ করেছে, এবং প্রত্যেকে নিজেদের উপরে বিপথগমনের উপযুক্ত প্রতিফল পেয়েছে। (অনুবাদকৃত টেক্সট)।

১:২৬, ২৭ সৃষ্টিতে ঈশ্বরের সুস্পষ্ট ইচ্ছা (ফলবস্ত হও) থেকে জীবন বিচ্ছিন্ন হবার একটি উদাহরণ হল সমাকামিত। এটি একটি পাপ এবং সংস্কৃতিগত বড় সমস্যা

১. পুরাতন নিয়মে (লেবীয় ১৮:২২; ২০:১৩; দ্বি বি ২৩:১৮)
২. গ্রীক-রোমীয় জগতে (১ করি ৬:৯; ১ তীম ১:১০)
৩. আমাদের আজকের সময়ে।

সমকামিতা সম্ভবত তালিকাভুক্ত হয়েছে পতিত মানবের একটি উদাহরণ হিসাবে কারণ সমগ্র প্রসঙ্গ আবর্তিত আদি ১-৩ অধ্যায়ে। মানুষকে ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্টি করা হয়েছে (আদি ১:২৬-২৭; ৫:১,৩; ৯:৬)। পুরুষ ও নারী করে মানুষকে সৃষ্টি করা হয়েছে (আদি ১:২৭)। ঈশ্বর আদেশ করেছিলেন ফলবস্ত হতে এবং বংশবৃদ্ধি করতে (আদি ১:২৮; ৯:১,৭)। মানুষের পতন (আদি ৩) বিচ্ছিন্ন করলো ঈশ্বরের পরিকল্পনা ও ইচ্ছা থেকে।

সমকামিতা একটি সুস্পষ্ট লংঘন! যাহোক এটা অবশ্যই বলতে হবে যে এটিই কেবলমাত্র এই প্রসঙ্গে উল্লেখিত পাপ নয় (২৯-৩১ পদ)। সব পাপই দেখিয়েছে ঈশ্বরের কাছ থেকে বিভেদ এবং তারা শান্তি পাবার যোগ্য। সব পাপ বিশেষ ভাবে জীবন পদ্ধতির পাপ, ঈশ্বরের কাছে ঘণ্য।

বিশেষ বিষয়: সমকামিতা

আজকের আধুনিক সংস্কৃতি অনেক চাপের মধ্যে রয়েছে সমকামিতাকে জীবন যাপনের উপযুক্ত বিকল্প হিসাবে গ্রহণের। বাইবেল একে জীবন পদ্ধতিকে ধংসকারী বলে দোষারপ করেছে, সৃষ্টির জন্য ঈশ্বরের ইচ্ছার বহির্ভূত।

- এটি আদি পুস্তক ১ অধ্যায়ে ফলবস্ত ও বহুবংশ হবার ঈশ্বরীয় আদেশ লংঘন করেছে
- এটি পৌত্তলিক আরাধনা ও সংস্কৃতিকে স্বতন্ত্র করেছে (লেবীয় ১৮:২২; ২০:১৩; রোমীয় ১:২৬-২৭; এবং যিহুদা ৭)
- এটি প্রকাশ করেছে ঈশ্বর ব্যক্তিরেকে আত্ম-কেন্দ্রিক নির্ভরতা (১ করি ৬:৯-১০)

যাহোক, এই বিষয় শেষ করার আগে আমি বলতে চেষ্টা করবো ঈশ্বরের ভালবাসা এবং ক্ষমাশীলতা সকল বিদ্রোহী মানুষের জন্য। খ্রীষ্টিয়ানদের কোন অধিকার নেই ঘৃণাপূর্ণ এবং উদ্ভূত সহকারে এই নির্দিষ্ট পাপ কাজ করার, বিশেষ করে যখন এটি স্পষ্ট যে আমরা সকলে পাপ করেছি। প্রার্থনা, উদ্দিগ্নতা, সাক্ষ্যদান, এবং সহানুভূতি এই ক্ষেত্রে অনেক কিছু করতে পারে ভীষণ ভাবে দোষারপ করার চাইতে। ঈশ্বরের বাক্য এবং তাঁর আত্মা দোষারপ করবে যদি আমরা সেগুলোকে সুযোগ দেই। সকল যৌনতার পাপ, কেবলমাত্র এটিই নয়, ঈশ্বরের ঘৃণিত এবং বিচারের দিকে চালিত করে। যৌনতা ঈশ্বরের একটি দান মানুষের কল্যাণ, আনন্দ এবং দৃঢ় সমাজের জন্য। কিন্তু এই শক্তিশালী, ঈশ্বর দত্ত আকাংখ্যা বিদ্রোহ, আত্ম-কেন্দ্রিকতা, আমোদ-বিলাসী, “যে কোন মূল্যে আমার জন্য আরও” জীবন যাপনের দিকে পরিচালিত করেছে (রোমীয় ৮:১-৮; গালা ৬:৭-৮)।

NASB (আপডেটস) টেক্সট: ১:২৮-৩২

^{২৮} আর যেমন তারা ঈশ্বরকে নিজেদের জ্ঞানে ধারণ করতে সম্মত হয়নি, তেমনি ঈশ্বর তাদেরকে অনুচিত ক্রিয়া করতে দ্রষ্ট মতিতে সমর্পণ করেছেন। ^{২৯} তারা সব রকমের অধার্মিকতা, দুষ্টিতা, লোভ ও মন্দতায় পরিপূর্ণ; হিংসা, খুন, ঝগড়া, চাতুরী ও দুর্বৃত্তিতে পরিপূর্ণ; তারা পরচর্চা, ^{৩০} পরনিন্দা, ঈশ্বর-ঘৃণাকারী, দুর্বিনীত, উদ্ভূত, আত্মগর্বি, মন্দ বিষয়ের উৎপাদক, পিতামাতার অবাধ্য, ^{৩১} নিবোধ, অনির্ভরযোগ্য, প্রেমহীন, নির্দয়; ^{৩২} যদিও তারা ঈশ্বরের এই শাসন জ্ঞাত ছিল যে, যারা এই রকম আচরণ করে, তারা মৃত্যুর যোগ্য, তবুও তারা সেই রকম আচরণ করে, কেবল তাই নয়, কিন্তু সেরকম সকলের অনুমোদন করে। (অনুবাদকৃত টেক্সট)।

১:২৮-৩১ এটি গ্রীকে একটি বাক্য। এটির বৈশিষ্ট্য বিদ্রোহাত্মক, পতিত, নিজের উপরে নির্ভরশীল মানুষ (রোমীয় ১৩:১৩; ১ করি ৫:১১; ৬:৯; গালা ৫:১৯-২১; ইফি ৫:৫; ১ তীম ১:১০; প্রকা ২১:৮)।

মানবের পাপ ছিল তারা ঈশ্বরকে বাদ দিয়ে অস্তিত্বকে বেছে নিয়েছিল। নরক এই অস্তিত্বকে স্থায়ী করেছে। নিজের উপরে নির্ভরশীলতা দু:খজনক! মানুষের ঈশ্বরকে দরকার; সে হারাণ, অপ্রচুর, এবং অপূর্ণ তাঁর থেকে আলাদা হয়ে। অনন্তকালীন নরকের সবচেয়ে খারাপ অংশ হল ঈশ্বরের সম্পর্কের অনুপস্থিতি!

১:২৯ “দ্রষ্ট মতি” পতিত মানুষ আত্ম-আরাধনার স্বাধীন হিসাবে কি দেখেছিল: “আমার জন্য যে কোন কিছু এবং সবকিছু!” PASSIVE VOICE -এর প্রতিনিধি বর্ণিত হয়েছে ঈশ্বর হিসাবে ১:২৪, ২৬, ২৮, পদে, কিন্তু এই প্রসঙ্গ আদি পুস্তক ১-৩ অধ্যায়ের সঙ্গে সম্পর্কযুক্ত যে মানুষ জ্ঞান ও নিজেকে বেছে নিয়েছিল যা সমস্যার কারণ হয়েছিল। ঈশ্বর তাঁর সৃষ্টিকে অনুমোদন করেছিলেন তাদের নিজেদের পছন্দ, তাদের নিজেদের স্বাধীনতার ফল ভোগ করতে।

□ “পরিপূর্ণ হয়েছে” এটি একটি PERFECT PASSIVE PARTICIPLE। মানুষ পরিপূর্ণ এবং বৈশিষ্ট্যমণ্ডিত হয়েছে তারা যা হৃদয়ে রাখে সেই সব দ্বারা। রাব্বিরা বলবেন প্রতিটি মানুষের হৃদয় একটি কালো (মন্দ yetzer) কুকুর এবং একটি সাদা (ভাল yetzer) কুকুর। এর মধ্যে যে সবচেয়ে বেশি খাবার পায় সে বড় হয়ে যায়।

১:২৯-৩০ এগুলি ঈশ্বর বিহীন জীবনের ফলাফল এবং লক্ষণ। এগুলি ব্যক্তি ও সমাজের বৈশিষ্ট্য যারা বাইবেলের ঈশ্বরকে প্রত্যখানের মনোনিয়ন করেছে। এটি ছিল পাপের কয়েকটি তালিকার একটি যা পৌল দিয়েছেন (১ করি ৫:১১; ৬:৯; ২ করি ১২:২০; গালা ৫:১৯-২১; ইফি ৪:৩১; ৫:৩-৪; কল ৩:৫-৯)।

বিশেষ বিষয়: নূতন নিয়মে লাম্পট্য ও গুণাবলী

দুর্ভূতা ও গুণাবলীর তালিকা নূতন নিয়মে খুব সাধারণ। প্রায়ই সেগুলি রাব্বিদের এবং সংস্কৃতিক (Hellenistic) তালিকা প্রতিফলিত করে। নূতন নিয়মে চরিত্রের তুলনা করার তালিকা দেখা যেতে পারে:

দুর্ভূতা

- পৌল
 - রোমীয় ১:২৮-৩২
 - রোমীয় ১৩:১৩
 - ১ করি ৫:৯-১১
 - ১ করি ৬:১০
 - ২ করি ১২:২০
 - গালা ৫:১৯-২১
 - ইফি ৪:২৫-৩২
 - ইফি ৫:৩-৫

গুণাবলী

-
- রোমীয় ১২:৯-২১
-
- ১ করি ৬:৬-৯
- ২ করি ৬:৪-১০
- গালা ৫:২২-২৩
-
-

	-----	ফিলি ৪:৮-৯
	কল ৩:৫,৮	কল ৩:১২-১৪
	১ তীম ১:৯-১০	-----
	১ তীম ৬:৪-৫	-----
	২ তীম ২:২২ক, ২৩	২ তীম ২:২২খ, ২৪
	তীত ১:৭,৩:৩	তীত ১:৮-৯; ৩:১-২
২. যাকোব	যাকোব ৩:১৫-১৬	যাকোব ৩:১৭-১৮
৩. পিতর	১ পিতর ৪:৩	১ পিতর ৪:৭-১১
	২ পিতর ১:৯	২ পিতর ১:৫-৮
৪. যোহন	প্রকা ২১:৮; ২২:১৫	-----

১:৩০ “উদ্ধৃত” এটি *hyperēphanous* (দেখুন নিচে C., 3)

বিশেষ বিষয়: পৌলের “HUPER”-এর মিশ্র ব্যবহার

পৌলের বিশেষ পছন্দ ছিল গ্রীক PREPOSITION *hyper* ব্যবহার করে নূতন শব্দ সৃষ্টিতে, যার মূল অর্থ “উপরে” বা “উচ্চত্রে”। যখন এটি GENITIVE (ABLATIVE) সাথে ব্যবহৃত হতো তখন এর অর্থ হতো “পক্ষে”। এর আরও অর্থ হতে পারে “সম্বন্ধে” বা “উদ্দিগ্নতা,” *peri* মত (২ করি ৮:২৩; ২ থিষ ২:১)। যখন ACCUSATIVE -এর সাথে তখন এর অর্থ “উপরে” “উপরে” বা “দূরে” (A. T. Robertson, *A Grammar of the Greek New Testament in the Light of Historical Research*, pp. 625-633)। যখন পৌল কোন ধারণার উপরে জোর দিতে চেয়েছেন তখন তিনি এই PREPOSITION ব্যবহার করেছেন মিশ্রত ভাবে। পরবর্তীতে পৌলের মিশ্রিত ভাবে এই PREPOSITION বিশেষ ব্যবহারের তালিকা।

ক. *apax legomenon* (কেবলমাত্র একবারই নূতন নিয়মে ব্যবহৃত হয়েছে)

১. *Huperakmos*, একজনের জীবনের প্রধান সময় অতীত, ১ করি ৭:৩৬
২. *Huperauxanō*, অতিরিক্ত ভাবে বৃদ্ধি পাওয়া, ২ থিষ ১:৩
৩. *Huperbainō*, অতিক্রম করা বা লংঘন করা, ১ থিষ ৪:৬
৪. *Huperkeina*, দূরে, ২ করি ১০:১৬
৫. *Huperekteina*, অতি প্রসারিত, ২ করি ১০:১৪
৬. *Huperentugchanō*, মধ্যস্থতা করা, রোমীয় ৮:২৬
৭. *Hupernikaō*, অধিকরূপে বিজয়ী হওয়া, রোমীয় ৮:৩৭
৮. *Huperpleonazō*, অতিমাত্রায় প্রাচুর্য হওয়া, ১ তীম ১:১৪
৯. *Huperupsoō*, সর্বোচ্চ ভাবে প্রশংসা করা, ফিলি ২:৯
১০. *Huperphroneō*, উচ্চাকাঙ্খী চিন্তা থাকা, রোমীয় ১২:৩

খ. কেবলমাত্র পৌলের লেখায় ব্যবহৃত শব্দ

১. *Huperaiomai*, নিজের প্রশংসা, ২ করি ১২:৭; ২ থিষ ২:৪
 ২. *Huperballontōs*, পরিমানের উপরে, অতিরিক্তরূপে, ২ করি ১১:২৩; (এখানে কেবলমাত্র ADVERB, কিন্তু VERB ২ করি ৩:১০; ৯:১৪; ইফি ১:১৯; ২:৭; ৩:১৯ পদে)
 ৩. *Huperbolē*, অতিক্রম করা, অসাধারণ বর্ম, রোমীয় ৭:১৩; ১ করি ১২:৩১; ২ করি ১:৮; ৪:৭,১৭; ২২:৭; গালা ১:১৩
 ৪. *Huperekperissou*, সকল পরিমাপের উর্দে, ইফি ৩:২০; ১ থিষ ৩:১০; ৫:১৩
 ৫. *Huperlian*, সর্বোচ্চ স্তরের বা পূর্ব-উল্লেখযোগ্য, ২ করি ১১:৫; ১২:১১
 ৬. *Huperochē*, প্রসিদ্ধ, চমৎকার, ১ করি ২:১; ১ তীম ২:২
 ৭. *Huperperisseuō*, বিশ্বাসকর প্রাচুর্য, রোমীয় ৫:২০ (MIDDLE VOICE, প্রচুররূপে পূর্ণ, উপচয়, ২ করি ৭:৪)
- গ. পৌল যে সব শব্দ ব্যবহার করেছেন এবং নূতন নিয়মের অন্য লেখকদের বেলায় বিরল
১. *Huperanō*, অনেক উর্দে, ইফি ১:২১; ৪:১০; এবং ইব্রীয় ৯:৫
 ২. *Huperechō*, উৎকৃষ্ট, পূর্ব-উল্লেখযোগ্য, রোমীয় ১৩:১; ফিলি ২:৩; ৩:৮; ৪:৭; ১ পিতর ২:১৩
 ৩. *Huperēphanos*, অনুমান বা দাঙ্কিক, রোমীয় ১:৩০; ২ তীম ৩:২ এবং লুক ১:৫১; যাকোব ৪:৬; পিতর ৫:৫।

পৌল ছিলেন দারুন আবেগের মানুষ; যখন কোন জিনিস বা লোকেরা ভাল হতো, তারা খুব ভাল হতো এবং যখন তারা খারাপ হতো, তারা ছিল খুবই খারাপ। এই প্রিপোজিশন তাকে সুবিধা করে দিয়েছে পাপ, স্বয়ং এবং খ্রীষ্ট ও সুসমাচারের প্রতি তার সর্বোচ্চ অনুভূতির প্রকাশে।

১:৩২ “যারা এই রকম আচরণ করে, তারা মৃত্যুর যোগ্য” এই বক্তব্য প্রতিফলিত করেছে মোশির ব্যবস্থাকে। এটি সারাংশ করা হয়েছে রোমীয় ৬:১৬,২১,২৩; ৮:৬,১৩ পদে। ঈশ্বরের ইচ্ছা এবং ঈশ্বরীয় জীবনের বিপরীত হল মৃত্যু (যিহি ১৮”৩২; ১ তীম ২:৪; ২ পিতর ৩:৯)।

□ “তবুও তারা সেই রকম আচরণ করে, কেবল তানয়, কিন্তু সেরকম সকলের অনুমোদন করে” দুর্দশাপূর্ণ ভালবাসার সঙ্গ। পতিত মানুষ অন্যদের পাপকে ব্যবহার করছে অজুহাত হিসাবে, “প্রত্যেকেই এটি করছে।” সংস্কৃতি বৈশিষ্ট্যমণ্ডিত হচ্ছে তাদের নির্দিষ্ট পাপ দ্বারা!

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর অর্থ আপনি আপনার নিজের বাইবেল অনুবাদের জন্য দায়িত্ববান। আমাদের প্রত্যেককে অবশ্যই যে আলো আমরা পেয়েছি সেই আলোতে চলতে হবে। আপনি, বাইবেল, এবং পবিত্র আত্মা হলেন অনুবাদের অগ্রণী। আপনি অবশ্যই ব্যাখ্যাকারকদের উপরে সব কিছু ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কেন পৌল রোমীয় মন্ডলীর কাছে লিখেছিলেন?
২. কেন রোমীয় পত্রটি খ্রীষ্টধর্মের ধর্মতাত্ত্বিক ব্যাখ্যা জন্য গুরুত্বপূর্ণ?
৩. আপনার নিজের কথায় ১:১৮-৩:২০ পদ পর্যন্ত রুপরেখা করুন।
৪. যারা কখনো সুসমাচার শোনে নাই তারা খ্রীষ্টের উপরে নির্ভর না করার জন্য সুসমাচার অস্বীকার করবে?
৫. “প্রাকৃতিক প্রকাশ” এবং “বিশেষ প্রকাশ” এর মধ্যে পার্থক্য ব্যাখ্যা করুন।
৬. ঈশ্বর বিহীন মানব জীবন বর্ণনা করুন।
৭. ২৪-২৭ পদ কি সমকামিতার বিষয়ে বলেছে?

রোমীয় ২

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
ঈশ্বরের ধার্মিকতার বিচার	ঈশ্বরের ধার্মিকতার বিচার	বিচারের অধীনে যিহুদীরা	ঈশ্বরের বিচার	ঈশ্বরের প্রতিফল থেকে যিহুদীদের পালিয়ে যাবার পথ নেই
২:১-১৬	২:১-১৬	২:১-১১	২:১-১৬	২:১-১১
যিহুদী এবং ব্যবস্থা	পরজাতিদের মতই যিহুদীরা দোষী	বিচারের ভিত্তি	যিহুদী এবং ব্যবস্থা (২:১৭-৩:৮)	ব্যবস্থা তাদের রক্ষা করবে না
২:১৭-৩:৮	২:১৭-২৪	২:১৭-২৪	২:১৭-২৪	২:১৭-২৪
	তুকছেদে কোন উপকার নাই			তুকছেদ তাদের রক্ষা করবে না
	২:২৫-২৯	২:২৫-২৯	২:২৫-২৯	২:২৫-২৯

পাঠ চক্র তিন(দেখুন পৃষ্ঠা viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

রোমীয় ২:১-৩:৩০পদের প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

- ক. ১:১৮ পদে যে সাহিত্য একক শুরু হয়েছিল ২ ও ৩ অধ্যায়ে তা সম্পূর্ণ হয়েছে। এই অংশ আলোচনা করেছে:
১. সকল মানুষের হারিয়ে যাওয়া
 ২. পাপের জন্য ঈশ্বরের বিচার
 ৩. ব্যক্তিগত বিশ্বাস ও মন পরিবর্তনের দ্বারা খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বরের ধার্মিকতা মানুষের প্রয়োজন
- খ. ঈশ্বরের বিচার সম্পর্কে ২ অধ্যায়ে কয়েকটি নীতি রয়েছে
১. ২ পদ, সত্য অনুসারে
 ২. ৫ পদ, সঞ্চিত অপরাধ
 ৩. ৬ ও ৭ পদ, কাজ অনুসারে
 ৪. ১১ পদ, ব্যক্তির মুখাপেক্ষা নয়

৫. ১৩ পদ, জীবন পদ্ধতি
 ৬. ১৬ পদ, মানুষের হৃদয়ের গোপন বিষয়
 ৭. ১৭-২৯ পদ, কোন বিশেষ জাতীয় দল নয়

- গ. ২:১-১৭ পদে কাকে উদ্দেশ্য করা হয়েছে সে বিষয়ে ব্যাখ্যাকারকদের মধ্যে অনেক অনেক আলোচনা রয়েছে। এটা স্পষ্ট যে ২:১২-২৯ পদ যিহুদীদের নিয়ে আলোচনা করেছে। ১-১৭ পদ বক্তব্যের দুটি উদ্দেশ্য আলোচনা করেছে নৈতিক পৌত্তলিক যেমন Seneca [উত্তর আমেরিকার আদিবাসী] (সামাজিক মানদণ্ড) এবং যিহুদী জাতির (মোশির ব্যবস্থা) প্রতি।
- ঘ. ১:১৮-২১ পদ, পৌল বলতে চেপ্টা করেছেন যে মানুষ ঈশ্বরকে জানতে পারে সৃষ্টির মধ্যে দিয়ে। ২:১৪-১৫ পদ, পৌল আরও বলতে চেপ্টা করেছেন যে সকল মানুষের মধ্যে ঈশ্বর দত্ত নৈতিক সচেতনতা রয়েছে। এই দুই সাক্ষী, সৃষ্টি এবং বিবেক, সকল মানুষের প্রতি ঈশ্বরের দোষারপের ভিত্তি, এমনকি তাদের জন্যও যাদের কাছে পুরাতন নিয়ম বা সুসমাচারের বার্তা প্রকাশিত হয়নি। মানুষ দায়িত্ববান কারণ তারা সবচেয়ে উত্তম যে আলো পেয়েছে সে অনুসারে জীবন যাপন করেনি।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটস) টেক্সট: ২:১-১১

^১ সেজন্য, তুমি যে বিচার করছো, তুমি যেই হও না কেন, তোমার উত্তর দেবার পথ নেই, কারণ যে বিষয়ে তুমি পরের বিচার করে থাক, সেই বিষয়ে নিজেকেই দোষী করে থাক; কারণ তুমি যে বিচার করছো, তুমি সেই মতই আচরণ করে থাক। ^২ আর আমরা জানি, যারা এই রকম আচরণ করে, তাদের বিরুদ্ধে ঈশ্বরের বিচার সত্যের অনুযায়ী। ^৩ আর হে মানুষ, যারা এই রকম আচরণ করে, তুমি যখন তাদের বিচার করে থাক, আবার নিজেও সেরকম করে থাক, তখন তুমি কি ভাবছো যে, তুমি ঈশ্বরের বিচার এড়াবে? ^৪ অথবা তাঁর মধুর ভাব, ধৈর্য ও চিরসহিষ্ণুতারূপ ধন কি হালকা ভাবে নিচ্ছ, ঈশ্বরের মধুর ভাব যে তোমাকে মন পরিবর্তনের দিকে নিয়ে যায়, তা কি জান না? ^৫ কিন্তু তোমার কঠিন ভাব এবং অপরিবর্তনশীল হৃদয় অনুসারে, তুমি নিজের জন্য এমন ক্রোধ সঞ্চয় করছো, যা ক্রোধের ও ঈশ্বরের ন্যায়বিচার-প্রকাশের দিনে আসবে, ^৬ তিনি ত প্রত্যেক মানুষকে তার কার্যানুযায়ী ফল দেবেন: ^৭ সৎক্রিয়ায় ধৈর্যের সাথে যারা প্রতাপ, সমাদর ও অক্ষয়তার খোঁজ করে, তাদের অনন্ত জীবন দেবেন; ^৮ কিন্তু যারা স্বার্থপর ভাবে উচ্চাকাঙ্ক্ষী এবং সত্যের অবাধ্য, কিন্তু অধার্মিকতা, ক্রোধ ও রোষের বাধ্য। ^৯ যারা মন্দ কাজ করে তাদের সকলের উপরে ক্লেশ ও সঙ্কট, প্রথমে যিহুদীর, পরে গ্রীকেরও উপরে, কদাচারী মানুষের প্রাণের উপরে বর্তাবে। ^{১০} কিন্তু সদাচারী প্রত্যেক মানুষের প্রতি, প্রথমে যিহুদীর, পরে গ্রীকেরও প্রতি প্রতাপ, সমাদর ও শান্তি বর্তাবে। ^{১১} কেননা ঈশ্বরের কাছে কোন পক্ষপাতিত্ব নেই। (অনুবাদকৃত টেক্সট)।

২:১

NASB

“তোমার প্রত্যেকে যারা বিচার করে থাক, উত্তর দেবার পথ নেই”

NKJV

“হে মানুষ, তুমি যাদের বিচার করছো, তোমার কোন অজুহাত নেই”

NRSV

“তোমার কোন অজুহাত নেই, তুমি যেই হও, তুমি যখন অন্যদের বিচার করছো”

TEV

“তুমি যেই হও, তোমার কোন অজুহাত দেবার উপায় নেই। কারণ তুমি অন্যদের বিচার করছো”

NJB

“তুমি কে তা কোন ব্যাপার নয়, বিচারে তোমার উত্তর দেবার কোন উপায় নেই”

এটি অক্ষরিক ভাবে “বৈধ আত্মপক্ষ সমর্থন নয়” (১:২০)। এটি গ্রীক বাক্যের প্রথমে বসেছিল এর তাৎপর্য ব্যাখ্যা করতে। ১-১৬ পদ, মনে হয় যিহুদী আত্ম ধার্মিকদের বৈধতা এবং গ্রীক নৈতিকতাবাদী উভয়ের সঙ্গে সম্পর্কযুক্ত। তাদের অন্যদের বিচারের দ্বারা তারা নিজেদেরকেই দোষী করছে।

এই একই শব্দগুচ্ছ ১:২০ পদে ব্যবহৃত হয়েছে, কিন্তু PRONOUN হল “তাহারা”; এখানে “তুমি”। স্পষ্টত পৌল ভিন্ন ভিন্ন পাপী/বিদ্রোহীদের কথা উল্লেখ করেছেন। দলের একজন সে কোন এক সময়ে ঈর্ষান্বিত সদস্য ছিল! সেখানে দুটি সমস্যা রয়েছে।

১. ঈশ্বরীয় জ্ঞান অস্বীকার ও পরিবর্তন করেছে

২. একগুচ্ছ নিয়ম-কানূনের দিকে ফিরেছে এবং বিচারক ও আত্ম ধার্মিক হয়েছে

আরও নোট করুন যে এক অধ্যায়ের “তাহারা” ২:১-৯ পদে হয়েছে “তুমি”। এটি যিহুদী ও গ্রীক থেকে সার্বজনীন করেছে “প্রতিটি মানুষের প্রাণ” ২:৯-১১ পদে। যদিও ভিন্ন ভিন্ন দল (দুটি বা তিনটি দল) তবুও শেষে কোন ভেদাভেদ রাখা হয়নি, প্রত্যেকেই বিচারের অধীন (৩:২৩)।

২:২ “আমরা জানি” এই PRONOUN সম্ভবত সহ যিহুদীদের উল্লেখ করেছে যদিও এটি সম্ভবত উল্লেখ করতে পারে খ্রীষ্টিয়ানদের। ২-৪ পদে, পৌল তার সাধারণ কৌশল প্রশ্ন ও উত্তর পদ্ধতিতে এসেছেন, বলা হয় diatribe (তীব্র সমালোচনা) (অর্থাৎ, ১-১১, ১৭:২৯ পদ), যেটি ছিল সত্যের উপস্থাপনা একটি অনুমিত অভিযোগকারী ধরে নিয়ে। এই পদ্ধতি হবককুক, মালাখী এবং রাবিরা সহ গ্রীক দার্শনিকেরা (যেমন সক্রোটস এবং Stoics-রা) ব্যবহার করেছেন।

শব্দগুচ্ছ “আমরা জানি যে” বেশ কয়েকবার রোমীয় পত্রে ব্যবহৃত হয়েছে (২:২; ৩:১৯; ৭:১৪; ৮:২২,২৮)। পৌল ধরে নিয়েছেন যে তার শ্রোতারা কিছু পরিমাণ জ্ঞান রাখেন, এক অধ্যায়ের অনৈতিক পৌত্তলিকদের মত নয়।

□ “ঈশ্বরের বিচার” এই সত্যে বাইবেল খুব স্পষ্ট। প্রত্যেক মানুষকে জীবন দানের জন্য ঈশ্বরের কাছে জবাব দিতে হবে (৫-৯ পদ; মথি ২৫:৩১-৪৬; প্রকা ২০:১১-১৫)। এমনকি খ্রীষ্টিয়ানদেরও খ্রীষ্টের সামনে দাঁড়াতে হবে (১৪:১০-১২; ২ করি ৫:১০)।

২:৩ পৌলের অলংকার মূলক প্রশ্নের ব্যাকরণগত কাঠামো প্রত্যাশা করে “না” উত্তরের।

□ “তুমি কি মনে কর” এটি হল গ্রীক VERB *logizomai*। পৌল প্রায়ই এটি ব্যবহার করেছেন (রোমীয় ২:৩,২৬; ৩:২৮; ৪:৩, ৪, ৫, ৬, ৮, ৯, ১০, ১১, ২২, ২৩, ২৪; ৬:১১; ৮:১৮,৩৬; ৯:৮; ১৪:১৪; গালা ৩:৬; দশবার ১ এবং ২ করিছীয়তে, এবং ফিলিপীয় পত্রে ২ বার)। ৪:৩ এবং ৮:১৮ পদের নোট দেখুন।

□ “হে মানুষ” ১ পদের একই বাগধারার সঙ্গে এটি খাপ খায়। ৯:২০ পদে এটি উল্লেখ করে যিহুদীদের। ২:৪ এটিও গ্রীকে একটি প্রশ্ন।

□
NASB “হালকা ভাবে চিন্তা”
NKJV, NRSV,
TEV, REB “হেয় জ্ঞান করা”
NJB “গুরুত্ব না দেওয়া”
NIV “অবজ্ঞা করা”
NET “অবজ্ঞার জন্য”

ইংরাজি অনুবাদ তুলনায় অনুবাদেকরা অনুভব করেছেন VERB-এর জন্য ভাষাগত অর্থের সীমা। এটি একটি শক্তিশালী টার্ম ইচ্ছাকৃত অস্বীকৃতির জন্য। দেখুন এটি ব্যবহার করা হয়েছে

১. যীশুর বাক্যে, মথি ৬:২৪; ১৮:১০
২. পৌল, ১ করি ১১:২২; ১ তীম ৪:১২; ৬:২
৩. ইব্রীয় (যীশুর), ১২:২
৪. পিতর, ২ পিতর ২:১০
৫. প্রেরিত ১৩:৪১ পদে NOUN।

□ “তঁার মধুর ভাব, ধৈর্য ও চিরসহিষ্ণুতারূপ” মানুষ প্রায়ই ঈশ্বরের অনুগ্রহ, দয়া, এবং ধৈর্যের ভুল বোঝা এবং মন পরিবর্তনের পরিবর্তে নিজেদেরকে পাপের সুযোগের দিকে নিয়ে যায় (২ পিতর ৩:৯)।

পৌল প্রায় সময়ই ঈশ্বরের বৈশিষ্ট্যকে বর্ণনা করেছেন “ধনাঢ্যতা” হিসাবে (৯:২৩; ১১:৩৩; কল ১:২৭; ইফি ১:৭,১৮; ২:৪, ৭; ৩:৮,১৬; ফিলি ৪:১৯)।

“সহিষ্ণুতা” noun ব্যবহৃত হয়েছে নুতন নিয়মে কেবলমাত্র ২ বার, দুই বারই পৌল দ্বারা এই সাহিত্য এককে (১:১৮-৩:৩১), এখানে এবং ৩:২৬ পদে। উভয় স্থানেই ঈশ্বরের পাপীদের প্রতি ধৈর্যের বিষয় উল্লেখিত হয়েছে।

□ “তোমাকে মন পরিবর্তনের দিকে নিয়ে যায়” বিশ্বাসের জন্য মন পরিবর্তন খুব গুরুত্বপূর্ণ ঈশ্বরের নিয়মের সম্পর্কে (মথি ৩:২; ৪:১৭; মার্ক ১:১৫; ৬:১২; লুক ১৩:৩, ৫; প্রেরিত ২:৩৮; ৩:১৬, ১৯; ২০:২১)। হিব্রুতে টার্মের অর্থ হল কাজের পরিবর্তন, গ্রীকে অর্থ মনের পরিবর্তন। মন পরিবর্তন হল কারও ইচ্ছাকৃত ভাবে আত্ম-কেন্দ্রিক অস্তিত্ব থেকে ঈশ্বর দ্বারা নিরূপিত ও নির্দেশিত দিকে পরিবর্তন। এটি আহবান জানায় নিজের অগ্রগণ্যতা ও বন্দিত্ব থেকে ফেরা। মূলত এটি একটি নূতন মনোভাব, এক নূতন বিশ্ব দর্শন, এক নূতন প্রভু। আদমের প্রতিটি পতিত সন্তান, তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট, সকলের জন্য ঈশ্বরের ইচ্ছা মন পরিবর্তন (যিনি ১৮:২১, ২৩, ৩২ এবং ২ পিতর ৩:৯)।

২ করি ৭:৮-১১ পদ হল নূতন নিয়মের প্যাসেজ যেটি সবচেয়ে উত্তম প্রতিফলিত করেছে মন পরিবর্তনের জন্য গ্রীক টার্মের পার্থক্য।

১. *lupeō*, “শোক” বা “দুঃখিত” ৮ পদে (দুবার), ৯ পদে (তিনবার), ১০ পদে (দুবার), ১১ পদ
২. *metamelomai*, “অনুশোচনা” বা “পরবর্তীতে বর্তানো”, ৮ পদে (দুবার), ৯ পদ
৩. *metanoia*, “মন পরিবর্তন” বা “প্রাণের পরে”, ৯, ১০ পদে

তুলনা হল মিথ্যা মন পরিবর্তন (*metamelomai*) (যিহুদা, মথি ২৭:৩ এবং এসৌ, ইব্রীয় ১২:১৬-১৭) বনাম সত্যিকার মন পরিবর্তন (*metanoēō*)।

সত্যিকার মন পরিবর্তন ধর্মতত্ত্বগত ভাবে সংযুক্ত

১. যীশুর প্রচার নূতন নিয়মের শর্ত সমূহের উপরে (মথি ৪:১৭; মার্ক ১:১৫; লুক ১৩:৩, ৫)
২. প্রেরিত পুস্তকে প্রেরিতিক বক্তৃতা (*kerygma*, প্রেরিত ৩:১৬, ১৯; ২০:২১)
৩. ঈশ্বরের সার্বভৌম দান (প্রেরিত ৫:৩১; ১১:১৮ এবং ২ তীম ২:২৫)
৪. নশ্বর (২ পিতর ৩:৯)

মন পরিবর্তন ঐচ্ছিক নয়!

বিশেষ বিষয়: মন পরিবর্তন

মন পরিবর্তন (সঙ্গে বিশ্বাস) পুরাতন নিয়ম (*Nacham*, BDB 636, অর্থাৎ ১৩:১২; ৩২:১২, ১৪; *Shuv*, BDB 996, অর্থাৎ ১ রাজা ৮:৪৭; যিহি ১৪:৬; ১৮:৩০) ও নূতন নিয়ম উভয় নিয়মেই আবশ্যিক।

১. বাস্তিন্দাতা যোহন (মথি ৩:২; মার্ক ১:৪; লুক ৩:৩, ৮)
২. যীশু (মথি ৪:১৭; মার্ক ১:১৫; লুক ৫:৩২; ১৩:৩, ৫; ১৫:৭; ১৭:৩)

৩. পিতর (প্রেরিত ২:৩৮; ৩:১৯; ৮:২২; ১১:১৮; ২ পিতর ৩:৯)
 ৪. পৌল (প্রেরিত ১৩:২৪; ১৭:৩০; ২০:২১; ২৬:২০; রোমীয় ২:৪; ২ করি ২:৯-১০)

কিন্তু মন পরিবর্তন কি? এটা কি দুঃখিত হওয়া? এটা কি পাপ থেকে নিবৃত্তি? এই ধারণার ভিন্ন ভিন্ন তাৎপর্য বোঝার নূতন নিয়মে সবচেয়ে ভাল অধ্যয়ন হল ২ করি ১১:১১, যেখানে তিনটি সম্পর্কযুক্ত কিন্তু ভিন্ন ভিন্ন গ্রীক টার্ম ব্যবহৃত হয়েছে।

১. “দুঃখিত” (*lupē*, ৮ পদে [২ বার], ৯ পদে [৩ বার], ১০ [২ বার], ১১ পদ)। এর অর্থ শোক বা ক্রেশ এবং রয়েছে ধর্মতাত্ত্বিক নিরপেক্ষ তাৎপর্য।
 ২. “মন পরিবর্তন” (*metanoēō*, ৯, ১০ পদ)। এটি হল “পরে” ও “মন”-এর সমন্বয়, যেটি ইঙ্গিত দেয় একটি নূতন মনের, চিন্তার নূতন একটি উপায়, ঈশ্বর এবং জীবনের প্রতি একটি নূতন মনোভাব। এটাই সত্যিকার মন পরিবর্তন।
 ৩. “অনুশোচনা” (*metamelomai*, ৮ পদ [২ বার], ১০ পদ)। এটি “পরে” ও “তত্ত্বাবধান” এর সমন্বয়। এটি যিহুদার জন্য ব্যবহৃত হয়েছে মথি ২৭:৩ পদে এবং এসৌর জন্য ইব্রীয় ১২:১৬-১৭ পদে। এটি ইঙ্গিত দেয় ফলাফলের জন্য দুঃখ করা কিন্তু কাজের জন্য নয়।

নিয়মের কাজের জন্য আবশ্যিক মন পরিবর্তন এবং বিশ্বাস (মার্ক ১:১৫; প্রেরিত ২:৩৮,৪১; ৩:১৬,১৯; ২০:২১)। কিছু কিছু লেখনী আছে যেগুলি ইঙ্গিত দেয় যে ঈশ্বর মন পরিবর্তন দান করেন (প্রেরিত ৫:৩১; ১১:১৮; ২ তীম ২:২৫)। তবে বেশীর ভাগ লেখনী একে দেখেছে মানুষের নিয়মের সাড়া প্রদান ঈশ্বরের বিনামূল্যে দত্ত পরিত্রাণের জন্য আবশ্যিক হিসাবে।

হিব্রু ও গ্রীক উভয় টার্মের ব্যাখ্যার জন্য আবশ্যিক মন পরিবর্তনের সম্পূর্ণ অর্থ অনুধাবন করা। হিব্রু টার্ম দাবী করে “কাজের পরিবর্তন,” অন্যদিকে গ্রীক টার্ম চায় “মনের পরিবর্তন।” রক্ষাপ্রাপ্ত ব্যক্তি এক নূতন মন ও হৃদয় লাভ করে। সে চিন্তা করে ভিন্ন ভাবে এবং জীবন যাপন করে ভিন্ন ভাবে। “আমার জন্য এতে কি আছে” এই প্রশ্ন পরিবর্তিত হয়ে হয় “ঈশ্বরের ইচ্ছা কি?” মন পরিবর্তন কোন আবেগ নয় যা মুছে যায় বা সম্পূর্ণ পাপ হীন অবস্থা হয়, কিন্তু পবিত্রতমের সঙ্গে একটি নূতন সম্পর্ক যা বিশ্বাসীদের রূপান্তর করে পবিত্রতার দিকে এগিয়ে যাবার।

২:৫-৯ এই পদ বর্ণনা করছে (১) পতিত মানবের একগুয়েমি এবং (২) ঈশ্বরে ক্রোধ এবং দন্ড।

২:৫ “একগুয়েমি” নূতন নিয়মের এখানেই কেবল এই NOUN টি পাওয়া যায়। যাত্রা পুস্তকে ইস্রায়েলকেও এই একই ভাবে বর্ণনা করা হয়েছে ৩২:৯; ৩৩:৩,৫; ৩৪:৯; দ্বি বি ৯:৬, ১৩, ২৭ (আরও দেখুন ইব্রীয় ৩:৮, ১৫; ৪:৭)।

□ “হৃদয়” বিশেষ বিষয় দেখুন ১:২৪ পদে।

□ “বিচার দিনে” পুরাতন নিয়মে একেই বলা হয়েছে “প্রভুর দিন” (যোয়েল, আমোষ)। এটিই হল বিচার দিনের ধারণা, অথবা বিশ্বাসীদের জন্য, পুনরুত্থান দিন। ঈশ্বর যে মানুষকে জীবন দান করেছেন তার হিসাব মানুষকে দিতে হবে (মথি ২৫:৩১-৪৬; প্রকা ২০:১১-১৫)।

লক্ষ্য করুন যে এটা হল পাপী নিজেরা (“তুমি” এবং “তোমার নিজের”) ক্রোধ সঞ্চয় করছে। ঈশ্বর সহজ ভাবে, কোন এক সময়ে, এই সঞ্চয় ক্রোধকে বাস্তবে রূপ দেবার সুযোগ দেবেন এবং তখন এটি পরিপূর্ণ ভাবে চলতে দেবেন। ক্রোধ, সব মানবিক কথায় ঈশ্বরকে বর্ণনা করার মত (anthropomorphically, বিশেষ বিষয় দেখুন ১:১৮ পদে), এটি কেবলমাত্র রূপক, বিশেষ করে ঈশ্বরের বিষয়ে প্রয়োগ করা হয়! ঈশ্বর অনন্তকালীন, পবিত্র এবং আত্মা। মানুষ সীমাবদ্ধ, পাপী, এবং দেহবিশিষ্ট। ঈশ্বর আবেগগত ভাবে রাগেন না, যেভাবে ক্রোধে। বাইবেল তাঁকে উপস্থাপন করেছে পাপীদের প্রতি প্রেমময় এবং তিনি চান তারা যেনে মন পরিবর্তন করে, কিন্তু এছাড়াও তিনি মানুষের বিদ্রোহে বিপরীত স্থান নেবেন। ঈশ্বর ব্যক্তিগত; তিনি পাপকে ব্যক্তিগত ভাবে নেন এবং আমরা ব্যক্তিগত ভাবে আমাদের পাপের জন্য দায়ী।

ঈশ্বরের ক্রোধ সম্পর্কে আর একটি চিন্তা। বাইবেলে এটি সময়মত (জাগতিক, ১:২৪,২৬,২৮) এবং যুগের শেষে (eschatological, ২:৫-৮)। প্রভুর দিন (বিচার দিন) ছিল পুরাতন নিয়মের ভাববাদীদের ইস্রায়েলকে বর্তমান সময় থেকে মন পরিবর্তন করতে সতর্ক করার একটি উপায় যেন তারা ভবিষ্যৎ আশীর্বাদ যুক্ত হয়, দন্ড না পায় (দ্বি বি ২৭-২৮)। পুরাতন নিয়মের ভাববাদীরা প্রায়ই তাদের সময়ের দুর্যোগকালীন অবস্থাকে নিতেন এবং একে প্রতিফলিত করতেন যুগের শেষের ভবিষ্যৎ হিসাবে।

২:৬ এটি গীত ৬২:১২ পদ থেকে একটি উদ্ধৃতি (মথি ১৬:২৭)। এটি একটি সার্বজনীন নীতি (নোট দেখুন ২:১ পদের, দ্বিতীয় প্যারাগ্রাফ) যে মানুষ তার কাজের জন্য দায়ী এবং ঈশ্বরের কাছে জবাবদিহি করবে (ইয়োব ৩৪:১১; হিতো ২৪:১২; উপ ১২:১৪; যিরি ১৭:১০; ৩২:১৯; মথি ১৬:২৭; ২৫:৩১-৩৬; রোমীয় ২:৬; ১৪:১২; ১ করি ৩:৮; গালা ৬:৭-১০; ২ তীম ৪:১৪; ১ পিতর ১:১৭; প্রকা ২:২৩; ২০:১২; ২২:১২)। বিশ্বাসীদেরও খ্রীষ্টের কাছে তাদের জীবন ও কাজের জন্য হিসাব দিতে হবে (২ করি ৫:১০)। বিশ্বাসীরা কাজের দ্বারা রক্ষা পায়নি, রক্ষা পেয়েছে কাজে (ইফি ২:৮-১০ বিশেষ করে ২:১৪-২৬); যাকোব এবং ১ যোহন)। পরিবর্তন ও পরিবর্তিত ভালবাসার জীবন, সেবা কাজ, এবং আত্ম ত্যাগের জীবন হল সত্যিকারের পরিত্রাণের প্রমাণ।

২:৭ “তাদের প্রতি যারা” এখানে একটি তুলনা ৭ পদে বর্ণিত ব্যক্তি এবং ৮ পদে তাদের সঙ্গে (“কিন্তু তাদের প্রতি যারা”)।

□

NASB “সৎক্রিয়ায় ধৈর্যের সাথে যারা প্রতাপ, সমাদর ও অক্ষয়তার খোঁজ করে”

NKJV “তাদের জন্য অনন্ত জীবন যারা ধৈর্যের সাথে প্রতাপ, সমাদর ও অক্ষয়তাকে খোঁজ করে”

NRSV “তাদের জন্য যারা ধৈর্যের সাথে প্রতাপ, সমাদর ও অক্ষয়তাকে খোঁজ করে, তিনি তাদের অনন্ত জীবন দেবেন”

TEV “কিন্তু মানুষ ভাল কাজ করছে এবং প্রতাপ, সমাদর ও অক্ষয়তাকে খোঁজ করছে; তাদের ঈশ্বর অনন্ত জীবন দেবেন”

NJB “তাদের জন্য যারা সব সময় ভাল কাজ করে যশ ও সম্মান ও অক্ষয়তাকে খোঁজ করে, তাদের জন্য থাকবে অনন্ত জীবন”

এটি কর্ণেলিয়র মত লোকদের উল্লেখ করে (প্রেরিত ১০:৩৪-৩৫)। এই অংশটি শুনতে এরকম লাগতে পারে যে কাজের মাধ্যমে ধার্মিকতা(মানবিক কাজের মাধ্যমে ধার্মিকতা লাভ), কিন্তু সেটি এই রোমীয় পুস্তকের সবচেয়ে বড় যে মূল ভাব তার বিপক্ষে যাবে। মনে রাখুন যে হয় ১-১৬ পদ অথবা ১-১১ পদ একটি প্যারাগ্রাফ। সমগ্র বিষয়ের ধর্মতাত্ত্বিক পয়েন্ট হল যে ঈশ্বর মানুষের মুখাপেক্ষা করেন না (১১ পদ) এবং সকল মানুষই পাপ করেছে (১২ পদ)। যদি লোকেরা যে আলো পেয়েছে সেই আলোতে জীবন যাপন করে (প্রাকৃতিক প্রকাশ পরজাতীয়দের কাছে, বিশেষ প্রকাশ যিহুদীদের কাছে, ১০:৫) তবে তারা ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কে থাকবে। যাহোক, ৩:৯-১৮, ৩৯ পদের সারাংশ আমাদের দেখায় যে কারোরই এটা কখনো ছিল না, কেউ কখনো পারেনি!

একজন বিশ্বাসী ঈশ্বর ভক্তির জীবন দেখা হয় তার প্রাথমিক বিশ্বাসের সাড়া প্রদানের নিশ্চয়তা এবং বৈধতা হিসাবে। একটি পরিবর্তিত জীবন হল ঈশ্বরের আত্মার বাস করার একটি প্রমাণ (১০, ১৩ পদ; মথি ৭; ইফি ২:৮-১০; যাকোব ২:১৪-২৬ এবং ১ যোহন)। বিশেষ বিষয় দেখুন: ধৈর্যধারণের আবশ্যিকতা ৮:২৫ পদে।

□ “অনন্ত জীবন” যোহনের লেখায় এটি একটি বৈশিষ্ট্যমূলক শব্দগুচ্ছ এবং Synoptic সুসমাচারে এটি সতর্কভাবে ব্যবহৃত হয়েছে। মনে হয় পৌল এই শব্দগুচ্ছ দানিয়েল ১২:২ (তীত ১:২; ৩:৭) পদ থেকে নিয়েছেন, যেখানে এটি চিহ্নিত করেছে নূতন যুগের জীবন, ঈশ্বরের সঙ্গে সহভাগিতার নূতন জীবন। তিনি প্রথম এটি গালা ৬:৮ পদে ব্যবহার করেছেন। রোমীয় পুস্তকের মতবাদগত অংশে এটি একটি সাধারণ মূল ভাব (২:৭; ৫:২১; ৬:২২, ২৩)। এটি আরও বেশ কয়েকবার পালকীয় পত্রে দেখা যায় (১ তীম ১:১৬; তীত ১:২; ৩:৭)।

২:৮

NASB “যারা স্বার্থপর ভাবে উচ্চাকাঙ্ক্ষী”

NKJV, NRSV “যারা স্বার্থ-সন্ধানী”

TEV “অন্য লোকেরা স্বার্থপর”

NJB “যারা ঈর্ষায় পরিচালিত”

টার্মের মূল অর্থ “কাজের জন্য ভাড়া করা”(Tob, ২:১১)

Louw এবং Nida, *Greek-English Lexicon*, vol. 2, p. 104, এই টার্মের দুটি ব্যবহার তালিকা ভুক্ত করেছেন।

১. “স্বার্থপর উচ্চাশা” ব্যবহৃত হয়েছে রোমীয় ২:৮ পদে যেখানে উল্লেখ করা হয়েছে “অন্যদের থেকেও উত্তম কিছু চাওয়া”, যেটি এই প্রসঙ্গে খাপ খায়।
২. “বিরুদ্ধতা”, ফিলি ১:১৭ পদে ব্যবহৃত হয়েছে, উল্লেখ করা হয়েছে “প্রতিদ্বন্দ্বিতা” অনুবাদের বিকল্প হিসাবে (আরও দেখুন ২ করি ১২:২০; গালা ৫:২০; ফিলি ২:৩; যাকোব ৩:১৪, ১৬)

□ “সত্যের অবাধ্য” “সত্য” টার্মটি (*aletheia*) ব্যবহৃত হয়েছিল এর হিব্রু সত্যবাদীতা ও নির্ভরযোগ্যতা অর্থে (*emeth*)। এই প্রসঙ্গে, এর রয়েছে নৈতিকতা কিন্তু মেধাগত দৃষ্টিভঙ্গি নেই। দেখুন বিশেষ বিষয়: পৌলের লেখায় সত্য ১:১৮ পদে।

২:৯ “মনুষ্যমাত্রের প্রাণ” পৌল গ্রীক টার্ম *pas* ব্যবহার করেছেন যা অনুবাদ হয়েছে “সকলে” বা “প্রত্যেকে” তাই প্রায়ই রোমীয় পত্রের অধ্যায়ের শুরুতে সার্বজনীন তাৎপর্য দেখায় “মন্দ সমাচার” (মানুষের হারিয়ে যাওয়া এবং ঈশ্বরের পক্ষপাতিত্বহীন বিচার) এবং “উত্তম সমাচার” (ঈশ্বরের বিনামূল্যে দত্ত পরিত্রাণ এবং খ্রীষ্টের মধ্যে দিয়ে যারা মন পরিবর্তন ও বিশ্বাস করবে তাদের সম্পূর্ণ ক্ষমা করা) উভয়ই।

এই প্রসঙ্গ দৃঢ়ভাবে ইঙ্গিত দেয় সার্বজনীন বিচারের এবং ফলাফলের। এই সত্য দাবী করে ধার্মিক ও অধার্মিক সকলের পুনরুত্থান (দানি ১২:২; যোহন ৫:২৮-২৯; প্রেরিত ২৪:১৫)।

যদি ৬-১০ পদ হয় ‘chiasma’[পরস্পরচ্ছেদি] তাহলে ৮-৯ পদ হল মূল পদ যেটি উল্লেখ করে মন্দ কাজ যারা করে তাদের বিচার হবে।

২:৯-১০ “প্রথমে যিহুদীর” এটি গুরুত্ব দেবার জন্য পুনরাবৃত্তি করা হয়েছে। সুযোগের ক্ষেত্রে যিহুদীরা প্রথমে কারণ তাদের কাছে ঈশ্বরের প্রকাশ ঘটেছিল (১:১৬; মথি ১০:৬; ১৫:২৪; যোহন ৪:২২; প্রেরিত ৩:২৬; ১৩:৪৬), কিন্তু বিচারেও তারা প্রথমে (৯-১১ পদ) কারণ তাদের কাছে ঈশ্বরের প্রকাশ ঘটেছে (৯:৪-৫)।

২:১১

NASB, NKJV “কেননা ঈশ্বরের কাছে কোন পক্ষপাতিত্ব নেই”

NRSV “কেননা ঈশ্বর কোন পক্ষপাতিত্ব দেখান না”

TEV “কেননা ঈশ্বরের বিচারে প্রত্যেকেই সমান”

NJB “ঈশ্বরের কাছে কোন পক্ষপাতিত্ব নেই”

আক্ষরিক ভাবে এটি হল “মুখ তোলা”, যেটি একটি রূপক নেওয়া হয়েছে পুরাতন নিয়মের বিচার পদ্ধতি থেকে (লেবীয় ১৯:১৫; দ্বি বি ১০:১৭; ২ বংশ ১৯:৭; প্রেরিত ১০:৩৪; গালা ২:৬; ইফি ৬:৯; কল ৩:২৫; ১ পিতর ১:১৭)। যদি বিচারক যাকে বিচার করছে তাকে দেখতো তবে পক্ষপাতের সুযোগ থাকতো। সেজন্য, সে মুখ তুলতো না তার দিকে যে তার সামনে বিচারের জন্য দাঁড়ান।

বিশেষ বিষয়: জাতিবাদ (RACISM)

I. ভূমিকা

- ক. এটি হল সার্বজনীন প্রকাশ সমাজের মধ্যে পতিত মানুষের। এটি হল মানবের অহমিকা, এটি সমর্থন করে অন্যদের নিম্ন মনে করে। জাতিবাদ অনেক দিক থেকে, একটি অধুনিক সত্য, যখন জাতিতত্ত্ববাদ (বা আদিবাসীতত্ত্ব) অনেক প্রাচীন প্রকাশ।
- খ. জাতিতত্ত্ববাদের সূচনা বাবিলে (আদি ১১) এবং যেটি মূলত নোহের তিন পুত্রের সঙ্গে সম্পর্কযুক্ত যেখানে থেকে তথাকথিত জাতিবাদ উন্নয়ন হয়েছে (আদি ১০)। যাহোক, এটা শাস্ত্র থেকে স্পষ্ট যে মানুষ একটি উৎস থেকেই এসেছে (আদি ১-৩; প্রেরিত ১৭:২৪-২৬)।
- গ. অনেক কুসংস্কারের মধ্যে জাতিবাদ একটি। অন্যগুলি হল (১) শিক্ষিত ইতর লোক; (২) আর্থ-সামাজিক দম্ব; (৩) আত্ম-ধার্মিকতার ধর্মে বৈধতা; এবং (৪) মতবাদগত রাজনৈতিক সম্পর্ক।

II. বাইবেল ভিত্তিক উপাদান

ক. পুরাতন নিয়ম

১. আদি ১:২৭-মানুষ জাতি, পুরুষ ও মহিলা, ঈশ্বর সাদৃশ্য ও প্রতিমূর্তিতে সৃষ্ট, যা তাকে অদ্বিতীয় করেছে। এটি আরও তাদের ব্যক্তিগত যোগ্যতা ও মর্যাদাকে প্রদর্শন করে (যোহন ৩:১৬)।
২. আদি ১:১১-২৫-“...তাদের নিজেদের মত...” শব্দগুচ্ছ দশ বার লিপিবদ্ধ। এটি ব্যবহৃত হয়েছে জাতিবাদকে স্বতন্ত্র করে রাখতে। যাহোক, প্রসঙ্গ থেকে এটি স্পষ্ট যে এটি উল্লেখ করে জীব-জন্তু এবং গাছপালাকে কিন্তু মানুষকে নয়।
৩. আদি ৯:১৮-২৭-এটি ব্যবহৃত হয়েছে জাতিবাদের কর্তৃত্বকে সমর্থন করতে। এটি অবশ্যই স্মরণীয় যে ঈশ্বর কনানকে অভিশাপ দেন নাই। নোহ, তার পিতামহ, তাকে অভিশাপ দিয়েছিল মাতাল অবস্থা থেকে সচেতন হবার পরে। বাইবেল কখনো লিপিবদ্ধ করে নাই যে ঈশ্বর এই শপথ/অভিশাপকে নিশ্চিত করেছিলেন। যদি তিনি তা করতেন, তবে তা কালো জাতিকে প্রভাবিত করতো না। কনান ছিল তাদের পিতা যারা প্যালেস্টাইনে বসতি স্থাপন করেছে এবং মিসরীয় দেওয়া চিত্র দেখায় যে তারা কালো ছিল না।
৪. যিহোশূয় ৯:২৩- এটি ব্যবহৃত হয়েছে এটি প্রমাণ করতে যে একটি জাতি অন্য একটি জাতির সেবা করবে। যাহোক, এই প্রসঙ্গে, গিবিয়োনীয়রা যিহূদীদের মত একই জাতি থেকে।
৫. ইয়্রা ৯-১০ এবং নহিমিয় ১৩-এটি ব্যবহৃত হয়েছে জাতিগত অর্থে, কিন্তু প্রসঙ্গ দেখায় যে বিবাহ নিষিদ্ধ হয়েছে, জাতিগত কারণে নয় (তারা নোহের একই সন্তান থেকে, আদি ১০), কিন্তু ধর্মগত কারণে।

খ. নতুন নিয়ম

১. সুসমাচার

- ক. যীশু যিহূদী ও শমরীয়দের মধ্যকার এই ঘৃণিত সম্পর্ক বেশ কয়েকটি উপলক্ষ্যে ব্যবহার করেছেন, যেটি দেখায় যে জাতিগত বিদ্বেষ উপযুক্ত নয়।
- (১) দয়ালু শমরীয়ের দৃষ্টান্ত (লুক ১০:২৫-৩৭)
 - (২) কূপের পাশে স্ত্রীলোকটি (যোহন ৪)
 - (৩) কৃতজ্ঞ কুষ্ঠি (লুক ১৭:৭-১৯)
- খ. সকল মানবের জন্য সুসমাচার
- (১) যোহন ৩:১৬
 - (২) লুক ২৪:৪৬-৪৭
 - (৩) ইব্রীয় ২:৯
 - (৪) প্রকাশিত বাক্য ১৪:৬
- গ. স্বর্গরাজ্যে সকল মানুষ অন্তর্ভুক্ত হবে
- (১) লুক ১৩:২৯
 - (২) প্রকাশিত বাক্য ৫

২. প্রেরিত

- ক. প্রেরিত ১০ পদ ঈশ্বরের সার্বজনীন ভালবাসা ও সুসমাচারের সার্বজনীন বার্তার নির্দিষ্ট প্যাসেজ।
- খ. পিতর তার কাজের জন্য প্রশ্নের সম্মুখীন হয়েছেন প্রেরিত ১১ অধ্যায়ে এবং এই সমস্যা যিরুশালেম মহাসভা না হওয়া পর্যন্ত সমাধা হয়নি, প্রেরিত ১৫ অধ্যায়, তারা একসাথে বসে ও একটি সমাধানে পৌঁছায়। প্রথম শতকে যিহূদী ও পরজাতীয়দের মধ্যকার উত্তেজনা খুব গভীর ছিল।

৩. পৌল

- ক. খ্রীষ্টে কোন বাধা নেই
- (১) গালা ৩:২৬-২৮
 - (২) ইফি ২:১১-১২
 - (৩) কল ৩:১১
- খ. ঈশ্বর ব্যক্তির মুখাপেক্ষা করেন না
- (১) রোমীয় ২:১১
 - (২) ইফি ৬:৯

৪. পিতর এবং যাকোব

- ক. ঈশ্বর ব্যক্তির মুখাপেক্ষা করেন না, ১ পিতর ১:১৭
- খ. যেহেতু ঈশ্বর পক্ষপাতিত্ব দেখান না, তাঁর লোকেরাও দেখাবে না, যাকোব ২:১

৫. যোহন

৬. বিশ্বাসীদের দায়িত্বের বিষয়ে তার দৃঢ় বক্তব্য পাওয়া যায় ১ যোহন ৪:২০ পদে।

III. উপসংহার

ক. জাতিবাদতন্ত্র, বা এই বিষয়, যে কোন ধরণের কুসংস্কার, ঈশ্বরের সন্তানদের জন্য সম্পূর্ণরূপে উপযুক্ত নয়। এখানে Henlee Barnette থেকে উদ্ধৃতি, যিনি Glorieta, New Mexico -তে একটি সভায় বক্তব্য দিয়েছিলেন, ১৯৬৪ সনের খ্রীষ্টিয়ান লাইফ কমিশনে।

“জাতিবাদ হল ধর্ম বিরোধী কারণ এটি বাইবেল ভিত্তিক নয় এবং অখ্রীষ্টিয়, অবৈজ্ঞানিক ভাবে উল্লেখ্য নয়।”

খ. এই সমস্যা খ্রীষ্টিয়ানদের সুযোগ করে দিয়েছে তাদের খ্রীষ্টের মত ভালবাসা, ক্ষমা এবং হারান জগতের প্রতি উপলব্ধি দেখাবার। খ্রীষ্টিয়ানদের এই ক্ষেত্র অস্বীকার দেখায় অপরিপক্বতা এবং এটি শয়তানকে একটি সুযোগ করে দেয় বিশ্বাসীদের বিশ্বাস, নিশ্চয়তা এবং বৃদ্ধি বিলম্বিত করতে। এটি হারান লোকদের খ্রীষ্টের কাছে ফিরে আসার বিষয়েও বাধার কাজ করবে।

গ. আমি কি করতে পারি? (এই অংশটি নেওয়া হয়েছে “জাতি সম্পর্ক” নামের খ্রীষ্টিয়ান লাইফ কমিশনের ট্রাস্ট থেকে)

“ব্যক্তিগত স্তরে”

- ★ জাতিগত বিষয়ে যে সমস্যা তা সমাধানের জন্য আপনার নিজের দায়িত্ব গ্রহণ করুন।
- ★ প্রার্থনা, বাইবেল অধ্যয়ন, এবং যারা অন্য জাতির তাদের সঙ্গে সহভাগিতার মাধ্যমে, আপনার জীবনকে চেষ্টা করুন জাতিগত কুসংস্কারের বাইরে রাখতে।
- ★ জাতিগত বিষয়ে আপনার মতামত প্রকাশ করুন, বিশেষ করে সেখানে যেখানে লোকেরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জাতিগত ঘৃণার উচ্চনী দেয়।

“পারিবারিক জীবনে”

- ★ অন্য জাতির প্রতি মনোভাব গঠনে পরিবারগত প্রভাবের গুরুত্ব স্বীকার করুন।
- ★ গৃহের বাইরে ছেলেমেয়েরা এবং পিতামাতারা জাতি সম্পর্কে কি শোনে সে বিষয়ে কথা বলার মাধ্যমে খ্রীষ্টিয় মনোভাব উন্নয়নের অন্বেষণ করুন।
- ★ পিতামাতারা খুব সতর্ক ভাবে দৃষ্টান্ত স্থাপন করবেন অন্য জাতির লোকদের সম্পর্কের বিষয়ে।
- ★ জাতিগত সীমারেখার বাইরে পারিবারিক বন্ধুত্ব স্থাপনে সুযোগের অন্বেষণ করুন।

“আপনার মণ্ডলীতে”

- ★ জাতিগত বিষয়ে বাইবেলের সত্য প্রচার ও শিক্ষাদানের মাধ্যমে, মণ্ডলীর লোকেরা অনুপ্রাণিত হতে পারে এবং সমগ্র সমাজের সামনে একটি দৃষ্টান্ত স্থাপন করতে পারে।
- ★ নিশ্চিত হোন যে আরাধনা, সহভাগিতা, এবং মণ্ডলীর উপাসনা সকলের জন্য যেন উন্মুক্ত হয়, এমনকি নূতন নিয়মের মণ্ডলীর মধ্যে কোন রকমের জাতিগত বিভেদ ছিল না (ইফি ২:১১-১২; গালা ৩:২৬-২৯)।

“প্রতিদিনের জীবনে”

- ★ কাজের জগতে সকল জাতিগত প্রভেদ জয় করতে সাহায্য করুন।
- ★ সকল প্রকার সামাজিক সংগঠনের মাধ্যমে কাজ করুন সম-অধিকার ও সুযোগ নিশ্চিত করতে, মনে রাখুন যে এটি একটি জাতিগত সমস্যা যেটি আক্রমণ করা যায়, কিন্তু লোকদের নয়। লক্ষ্য হল উপলব্ধি বৃদ্ধি কিন্তু তিক্ততা সৃষ্টি নয়।
- ★ এটি মনে হয় বুদ্ধিপূর্ণ, একটি বিশেষ কমিটি গঠন সচেতন নাগরিকদের নিয়ে, সমাজের মধ্যে যোগাযোগের সুযোগ উন্নয়ন সাধারণ লোকদের জন্য শিক্ষা এবং নির্দিষ্ট কিছু কাজ তা জাতিগত সম্পর্ক উন্নয়ন করবে।
- ★ আইন প্রণোয়ন এবং আইন প্রণোয়নদের সমর্থন করুন জাতিগত ন্যায় বিচার আইন প্রণয়নে এবং তাদের বিরোধিতা করুন যারা রাজনৈতিক উদ্দেশ্য সাধনে কুসংস্কারকে উপজিব্য করছে।
- ★ বিভেদ ছাড়া আইন প্রয়োগ করার জন্য আইন প্রয়োগকারী সংস্থার প্রশংসা করুন।
- ★ সন্তোষ এড়িয়ে যান এবং আইনের প্রতি শ্রদ্ধাশীল হন, একজন খ্রীষ্টিয়ান নাগরিক হিসাবে সাভাব্য সব কিছু করুন নিশ্চিত করতে যে আইনের কাঠামো হাতীয়ার না হয় তাদের জন্য যারা বিভেদ সৃষ্টি করতে চায়।
- ★ প্রতিটি মানবিক সম্পর্কে খ্রীষ্টের মন এবং আত্মার উদাহরণ দিন।

NASB (আপডেটস) টেক্সট: ২:১২-১৬

^{১২} কারণ ব্যবস্থাবিহীন অবস্থায় যত লোক পাপ করেছে, ব্যবস্থাবিহীন অবস্থায়ই তাদের বিনাশ ঘটবে, আর ব্যবস্থার অধিনে থেকে যত লোক পাপ করেছে ব্যবস্থা দ্বারাই তাদের বিচার করা হবে; ^{১৩} কারণ যারা ব্যবস্থা শুনে তারা ঈশ্বরের কাছে ধার্মিক এমন নয়, কিন্তু যারা ব্যবস্থা পালন করে তারাই ধার্মিক গণিত হবে। ^{১৪} কারণ যে পরজাতির কোন ব্যবস্থা পায়নি তারা যখন স্বভাবতঃ ব্যবস্থানুযায়ী আচরণ করে, তখন, কোন ব্যবস্থা লাভ না করলেও, নিজেদের ব্যবস্থা নিজেরাই হয়, ^{১৫} এভাবে তারা ব্যবস্থার কাজ নিজ নিজ হৃদয়ে লিখিত বলে দেখায়, তাদের বিবেকও সঙ্গে সঙ্গে সাক্ষ্য দেয় এবং তাদের নানা বিতর্ক পরস্পর হয় তাদের দোষী করে, না হয় তাদের পক্ষ সমর্থন করে, ^{১৬} যে দিন ঈশ্বর আমার সুসমাচার অনুসারে যীশু খ্রীষ্ট দ্বারা মানুষের গোপন বিষয় সকলের বিচার করবেন। (অনুবাদকৃত টেক্সট)।

২:১২ “কারণ ব্যবস্থাবিহীন অবস্থায় যত লোক পাপ করেছে” ঈশ্বর মানবিক সকল দায়িত্ব ধরবেন যদি তাদের কাছে কখনও পুরাতন নিয়ম বা সুসমাচার প্রকাশিত নাও হয়। কারণ প্রতিটি মানুষের সৃষ্টি থেকে ঈশ্বর সম্বন্ধে জ্ঞান রয়েছে (১:১৯-২০; গীত ১৯:১-৬), এবং রয়েছে সহজাত নৈতিক জ্ঞান(২:১৪-১৫)। তবে দু:খজনক বিষয় হল সকলে ইচ্ছাকৃত ভাবে যে আলো তারা পেয়েছে তা অবহেলা করেছে (১:২১-২৩; ৩:৯,১৯,২৩; ১১:৩২; গালা ৩:২২)।

□ “ব্যবস্থা” “ব্যবস্থা” টার্মের সঙ্গে কোন ARTICLE নেই। এই ব্যাকরণগত কাঠামো সাধারণত NOUN এর গুণাগুণের উপরে জোর দেয়। যাহোক, রোমীয়তে পৌল “দি ল”(the law) ব্যবহার করে কয়েকটি ভিন্ন ভিন্ন বিষয় উল্লেখ করেছেন।

১. রোমীয় আইন
২. মোশির আইন
৩. সাধারণ প্রসঙ্গে মানুষের সামাজিক প্রথাগত ধারণা

প্রসঙ্গ ARTICLE নয়, অবশ্যই কোনটি প্রকাশিত। এই প্রসঙ্গ জোর দেয় যে প্রতিটি মানুষেরই ঈশ্বর সম্বন্ধে কিছু ধারণা আছে তাদের অন্তরে তাঁর স্বাভাবিক প্রকাশে (১৫ পদ)।

২:১৩ “কারণ যারা ব্যবস্থা শুনে, তারা ঈশ্বরের কাছে ধার্মিক, এমন নয়,” “শুনে” টার্মটি উল্লেখ করতে পারে (১) যিহুদী রাবিদের ব্যবহার যেটির বিশেষ অর্থ ছিল তোরার রাবির বিষয়ক শিক্ষার্থীদের কাছে অথবা (২) যারা সমাজঘরে শাস্ত্র পাঠ শুনেছে। মনে রাখতে হবে নূতন নিয়মের লেখকেরা ছিল ইব্রীয় চিন্তাবিদ যারা Koine গ্রীকে লিখেছেন। সেজন্য, শব্দ বিশ্লেষণ অবশ্যই শুরু হবে সেপ্টুয়াজিন্ট থেকে, কিন্তু গ্রীক অভিধান থেকে নয়।

“ধার্মিক” বা “ধার্মিক গণিত” টার্মটি (*dikē* এর সকল গঠনে) পৌলের ধর্মতত্ত্বে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ টার্ম (৩:৪, ২০, ২৪, ২৬, ২৮, ৩০; ৪:২, ৫; ৫:১, ৯; ৬:৭; ৮:৩০, ৩৩)। “ধার্মিক,” “ধার্মিকতা,” “ধার্মিকগণনা” “সঠিক” এবং “ধার্মিক” সব শব্দগুলিই এসেছে *dikaos* থেকে।” বিশেষ বিষয় দেখুন: ধার্মিকতা ১:১৭ পদে। হিব্রুতে (*tsadag*, BDB 843) এটি মূলত উল্লেখ করে একটি লম্বা সোজা নলখাগড়া (১৫ থেকে ২০ ফুট) যেটি ব্যবহৃত হয় কোন জিনিস মাপার জন্য, যেমন দেওয়াল বা বেড়া, পরীক্ষার জন্য। এটি বিচারের মানদণ্ড হিসাবে ঈশ্বরের জন্য রূপকার্থে ব্যবহারের জন্য এসেছে।

পৌলের লেখায় এই টার্মের দুটি মূল দৃষ্টিভঙ্গি। প্রথমত, খ্রীষ্টের উপরে বিশ্বাসে মাধ্যমে ঈশ্বরের নিজের ধার্মিকতা পাপী মানুষকে বিনামূল্যে দেওয়া হয়েছে। একে প্রায়ই বলা হয় আরোপিত ধার্মিকতা বা বৈধ ধার্মিকতা। এটি উল্লেখ করে একজনের বৈধতায় ধার্মিক ঈশ্বরের সামনে দাঁড়ান। এটাই পৌলের বিখ্যাত “বিশ্বাসের মাধ্যমে অনুগ্রহে ধার্মিকতা লাভ”-এর উৎপত্তিগত মূল ভাব।

দ্বিতীয়ত, ঈশ্বরের পাপী মানুষকে তাঁর প্রতিমূর্তিতে পুনরুদ্ধারের কাজ (আদি ১:২৬-২৭), বা একে অন্যভাবে পরিধান করা, খ্রীষ্টের সাদৃশ্যতায় আনয়ন করা। এই পদ-মথি ৭:২৪; লুক ৮:২১ এবং ১১:২৮; যোহন ১৩:১৭; যাকোব ১:২২-২৩, ২৫ এর মত-বিশ্বাসীদের কেবলমাত্র শ্রোতা না হয়ে কাজ করতে আবেদন জানাচ্ছে। আরোপিত ধার্মিকতার (ধার্মিকতা লাভ) অবশ্যই ফল হবে ধার্মিক জীবন যাপন (পবিত্রকরণ)। ঈশ্বর পাপীদের ক্ষমা এবং পরিবর্তন করেন! পৌল বৈধ এবং নৈতিক উভয় ভাবেই ব্যবহার করেছিলেন। নূতন নিয়ম মানুষকে একটি বৈধ মর্যাদা দিয়েছিল কিন্তু সেই সঙ্গে দাবী করতো ঈশ্বর ভক্তির জীবন যাপন। এটা বিনামূল্যে দত্ত, কিন্তু দামী।

□ “কিন্তু ব্যবস্থা পালনকারী” ঈশ্বর চেয়েছেন একটি নূতন বাধ্যতার জীবন পদ্ধতি (লেবীয় ১৮:৫; মথি ৭:২৪-২৭; লুক ৮:২১; ১১:২৮; যোহন ১৩:১৭; যাকোব ১:২২-২৫; ২:১৪-২৮)। অনেক ভাবে এই ধারণা হিব্রু টার্ম *shema* (BDB 1033) এর সাথে অনুকরণীয়, যার অর্থ যেভাবে শুনেছো সেভাবে কর (দ্বি বি ৫:১; ৬:৪; ৯:১; ২০:৩; ২৭:৯-১০)।

২:১৪

NASB “কারণ যে পরজাতিরা কোন ব্যবস্থা পায়নি তারা যখন স্বভাবতঃ ব্যবস্থানুযায়ী আচরণ করে, তখন, কোন ব্যবস্থা লাভ না করলেও, নিজেদের ব্যবস্থা নিজেরাই হয়”

NKJV “কারণ পরজাতিয়রা, যারা ব্যবস্থা পায়নি, তখন তারা যখন ব্যবস্থা অনুযায়ী আচরণ করে, যদিও তারা ব্যবস্থা পায়নি, নিজেরাই নিজেদের ব্যবস্থা হয়”

NRSV “যখন পরজাতিয়রা, যারা ব্যবস্থার অধিকারী নয়, ব্যবস্থায় যা আছে তা স্বাভাবিক ভাবেই করে, যদিও তাদের কাছে ব্যবস্থা নেই, নিজেরাই নিজেদের ব্যবস্থা হয়”

TEV “পরজাতিয়রা ব্যবস্থা পায়নি, কিন্তু যখন তারা তাদের স্বাধীন ইচ্ছায় ব্যবস্থায় যা আছে তা করে, তখন তারা নিজেরাই নিজেদের কাছে ব্যবস্থা হয় যদিও তাদের কাছে ব্যবস্থা নেই”

NJB “উদাহরণ স্বরূপ, পরজাতিয়রা যারা কখনও ব্যবস্থার কথা শোনেনি কিন্তু তারা ব্যবস্থা যা চায় সেমত যখন কাজ করে যদিও তারা ব্যবস্থার ‘অধিকারী’ নয়, কিন্তু, বলা যেতে পারে তারা ব্যবস্থা ‘হয়েছে’”

সব সংস্কৃতিরই একটি অভ্যন্তরীণ নৈতিক ব্যবস্থা, একটি সামাজিক আদর্শ রয়েছে। তারা যে আলো পেয়েছে তার জন্য তারা দায়ি (১ করি ৯:২১)। এই পদ এই অর্থের ইঙ্গিত করছে না যে তারা ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কে আসতে পারে যদি তারা তাদের সংস্কৃতির আলো অনুসারে জীবন যাপন করে, কিন্তু তারা তাদের সহজাত ঈশ্বর জ্ঞানের জন্য দায়ি।

২:১৫ “এভাবে তারা ব্যবস্থার কাজ নিজ নিজ হৃদয়ে লিখিত বলে দেখায়, তাদের বিবেকও সঙ্গে সঙ্গে সাক্ষ্য দেয় এবং তাদের নানা বিতর্ক পরস্পর হয় তাদের দোষী করে, না হয় তাদের পক্ষ সমর্থন করে” এখানে একটি অভ্যন্তরীণ নৈতিক বাণী রয়েছে। কিন্তু কেবলই শাস্ত্র, আত্মা দ্বারা আলোকিত, সম্পূর্ণভাবে নির্ভর করা যেতে পারে। পতিত অবস্থা আমাদের বিবেক দ্বারা প্রভাবিত হয়েছে। যাহোক, সৃষ্টি (১:১৮-২০) এবং এই অভ্যন্তরীণ নৈতিক ব্যবস্থা (২:১৪-১৫) হল ঈশ্বরীয় সকল জ্ঞান যা কিছু কিছু মানুষ ধারণ করে। এমন কোন হিব্রু টার্ম নাই যা গ্রীক শব্দ “বিবেক”(syneidesis) এর সমরূপ। অভ্যন্তরীণ নৈতিক ভাল ও মন্দ ব্যবস্থার গ্রীক ধারণা প্রায়ই Stoic দার্শনিকদের দ্বারা আলোচিত হয়েছে। পৌল গ্রীক গ্রীক দার্শনিকদের পরিচিত ছিলেন (তিনি উদ্ধৃত করেছেন Cleanthes থেকে খ্রি ১৭; ২৮ পদে: Menander ১ করি ১৫:৩৩ পদে; এবং Epimenides তীত ১:১২ পদে) তর্ক নগরীতে তার প্রাথমিক শিক্ষার সময়ে। তার নিজের নগর সুপরিচিত ছিল এর চমৎকার গ্রীক বক্তা ও দার্শনিকদের কারণে।

২:১৬ “যে দিন” ২:৫ পদে নোট দেখুন।

□ “আমার সুসমাচার অনুসারে” প্রসঙ্গ অনুসারে এটি উল্লেখ করে যীশু খ্রীষ্টের প্রকাশের বিষয়ে পৌলের প্রচার। “আমার” PRONOUN প্রতিফলিত করে পৌলের সুসমাচারের ধনাধ্যক্ষতার উপলব্ধি যা তার কাছে নির্ভরযোগ্য (১৬:২৫; ১ করি ১৫:১; গালা ১:১১; ১ তীম ১:১১; ২ তীম ২:৮)। এটা অদ্বিতীয় ভাবে তার ছিল না, কিন্তু একজন পরজাতিদের কাছে প্রেরিত হিসাবে তিনি দারুণ দায়িত্বের বিষয় অনুভব করেছেন গ্রীক রোমীয় জগতে যীশু খ্রীষ্টের সত্য ছড়িয়ে দেবার।

□ “ঈশ্বর মানুষের গুণ্ড বিষয় সকলের বিচার করিবেন” ঈশ্বর সকল মানুষের অন্তর জানেন (১ শমূ ২:৭; ১৬:৭; ১ রাজা ৮:৩৯; ১ বংশ ২৮:৯; ২ বংশ ৬:৩০; গীত ৭:৯; ৪৪:২১; ১৩৯:১-৬; হিতো ১৫:১১; ২১:২; যির ১১:২০; ১৭:১০; ২০:১২; লুক ১৫:১৬; প্রেরিত ১:২৪; ১৫:৮; রোমীয় ৮:২৭; প্রকা ২:২৩)। পিতা, পুত্রের প্রতিনিধিত্বের মাধ্যমে, উদ্দেশ্য এবং কাজ উভয়ই বিচারের আওতায় আনবেন (মথি ২৫:৩১-৪৬; প্রকা ১১-১৫)।

□ “যীশু খ্রীষ্ট দ্বারা” যীশু বিচারকের কাজ করতে আসেন নাই (যোহন ৩:১৭-২১)। তিনি পিতা ঈশ্বরকে প্রকাশ করতে এসেছিলেন, বিকল্প হিসাবে মৃত্যু বরণ করেছিলেন এবং বিশ্বাসীদের একটি উদাহরণ দিয়েছিলেন অনুসরণ করার জন্য। যখন লোকেরা যীশুকে অস্বীকার করেছে তখন তারা নিজেরাই নিজেদের বিচার করেছে।

যাহোক, নূতন নিয়ম আরও শিক্ষা দেয় যে যীশু বিচারে পিতার প্রতিনিধি হিসাবে কাজ করবেন (যোহন ৫:২২,২৭; প্রেরিত ১০:৪২; ১৭:৩১; ২ তীম ৪:১)। বিচারক হিসাবে যীশু এবং/অথবা পরিত্রাণকর্তার মধ্যকার চাপ যোহন সুসমাচারে দেখা যেতে পারে (৩:১৭-২১ পদ বনাম ৯:৩৯)।

NASB (আপডেটেড) টেক্সট: ২:১৭-২৪

^{১৭} তুমি হয় ত “যিহূদী” নামে আখ্যাত, ব্যবস্থার উপরে নির্ভর করছো এবং ঈশ্বরে গর্ব করছো, ^{১৮} আর ব্যবস্থা থেকে শিক্ষা পেয়ে তাঁর ইচ্ছা জ্ঞাত আছ, এবং যা যা ভিন্ন, সেই সবের অনুমোদন করে থাক, ^{১৯} এবং নিশ্চয় বুঝেছো যে, তুমিই অন্ধদের পথ প্রদর্শক, অন্ধকারবাসীদের দীপ্তি, ^{২০} অবোধদের গুরু, শিশুদের শিক্ষক, ব্যবস্থায় জ্ঞানের ও সত্যের অবয়ব পেয়েছো, ^{২১} সেজন্য, তুমি যে পরকে শিক্ষা দিচ্ছ, তুমি কি নিজেকে শিক্ষা দেও না? তুমি যে চুরি করতে নাই বলে প্রচার করছো, তুমি কি চুরি করছো না? ^{২২} তুমি যে ব্যভিচার করতে নাই বলছো, তুমি কি ব্যভিচার করছো না? তুমি যে প্রতিমা ঘৃণা করছো, তুমি কি মন্দির লুট করছো না? ^{২৩} তুমি যে ব্যবস্থার গর্ব করছো, তুমি কি ব্যবস্থালঙ্ঘন দ্বারা ঈশ্বরের আনন্দ করছো না? ^{২৪} কারণ যেমন লেখা আছে, “সেই রকম তোমাদের দ্বারা জাতিগণের মধ্যে ঈশ্বরের নাম নিন্দিত হচ্ছে।” (অনুবাদকৃত টেক্সট)।

২:১৭ “যদি” এটি একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE যেটি লেখকের দৃষ্টিভঙ্গি থেকে সত্য হতে পারে বলে ধরে নেওয়া হয়েছে অথবা তার সাহিত্যের উদ্দেশ্যের জন্য। এই শর্ত প্রসারিত হয়েছে ২০ পদ পর্যন্ত কিন্তু কোন উপসংহার নেই, সেজন্য, TEV সেগুলো অনুবাদ করেছে অনুমিত নিশ্চয়তা হিসাবে যেটি যীশু করবেন। যিহূদীরা তাদের বংশধারা, ঐতিহ্য, এবং কার্যক্রমে পরিত্রাণ যোগানোর বিষয়ে নির্ভরশীল ছিল (মথি ৩:৯; যোহন ৮:৩৩,৩৭,৩৯)।

□ “ঈশ্বরে শ্লাঘা” অনেক যিহূদী নির্ভর করতো (১) অব্রাহাম থেকে তাদের জাতিগত বংশধারা এবং (২) তাদের মোশির ব্যবস্থার প্রতি ব্যক্তিগত অনুশীলনের উপরে ঈশ্বরের গ্রহণযোগ্য হবার উপায় হিসাবে। যাহোক, তাদের আত্ম ধার্মিকতার নিয়ম তাদেরকে ঈশ্বর থেকে আলাদা করে ফেলেছিল (মথি ৫:২০; গালা ৩)। কি দু:খজনক কৌতুক!

পৌল গর্ব করার ধারণাকে উন্নয়ন করেছেন ১ করিছীয় পত্রে। পৌল এক উদ্ধত ইস্রায়েলীয় এবং গ্রীক মেধাগতবাদের সম্মুখীন হয়েছেন। এর প্রান্তিক সীমারেখা হল কোন মানুষই ঈশ্বরের সামনে গৌরব করবে না।

বিশেষ বিষয়: গর্ব করা

এই গ্রীক টার্মগুলি, *kauchaomai*, *kauchēma*, এবং *kauchēsis*, ব্যবহৃত হয়েছে ৩৫ বার পৌলের লেখায় এবং কেবলমাত্র ২ বার বাকী নূতন নিয়মে (উভয়ই যাকোবে)। এগুলি প্রবল ভাবে ব্যবহৃত হয়েছে ১ ও ২ করিছীয় পত্রে।

দুটি প্রধান সত্য গর্ব করার সঙ্গে সংযুক্ত।

★ ঈশ্বরের সামনে কোন মানুষ গৌরব/গর্ব করতে পারে না (১ করি ১:২৯; ইফি ২:৯)

★ বিশ্বাসীদের প্রভুতেই গৌরব করা উচিত (১ করি ১:৩১; ২ করি ১০:১৭, যেটি যিরমিয়ের কাছে একটি পরোক্ষ ইঙ্গিত ছিল ৯:২৩-২৪) সেজন্য, উপযুক্ত এবং অনুপযুক্ত গর্ব করা/গৌরব (অর্থ, অহংকার) এর বিষয় রয়েছে।

ক. উপযুক্ত

১. গৌরবের আশা (রোমীয় ৪:২)

২. যীশু খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বরের (রোমীয় ৫:১১)

৩. প্রভু যীশু খ্রীষ্টের ক্রুশ নিয়ে (অর্থাৎ পৌলের প্রধান বিষয়, ১ করি ১:১৭-১৮; গালা ৬:৪)

৪. পৌল গর্ব করতেন

ক. কিছু পাবার আশা ছাড়া তার পরিচর্যা (১ করি ৯:১৫,১৬; ২ করি ১০:১২)

খ. খ্রীষ্টের কাছ থেকে তার কর্তৃত্ব (২ করি ১০:৮, ১২)

গ. অন্য লোকের পরিশ্রমে তার গর্ব না করা (যেমন করিছে এর কিছু লোক করতেন, ২ করি ১০:১৫)

ঘ. তার বংশগত উত্তরাধিকার নিয়ে (যেমন করিছে অন্যেরা করতেন, ২ করি ১১:১৭; ১২:১,৫,৬)

ঙ. তার মন্ডলীসমূহ

(১) করিছ (২ করি ৭:৪,১৪; ৮:২৪; ৯:২; ১১:১০)

- (২) খিষলনীকী (২ খিষ ১:৪)
 (৩) ঈশ্বরের সাজনা ও উদ্ধারের উপরে তার নির্ভরতা (২ করি ১:১২)

- খ. অনুপযুক্ত
 ১. যিহুদী উত্তরাধিকারের সঙ্গে সম্পর্ক (রোমীয় ২:১৭,২৩; ৩:২৭; গালা ৬:১৩)
 ২. করিছ মন্ডলীর কিছু লোক গর্বিত ছিলেন
 ক. মানুষে (১ করি ৩:২১)
 খ. প্রজ্ঞায় (১ করি ৪:৭)
 গ. স্বাধীনতায় (১ করি ৫:৬)
 ৩. ভ্রান্ত শিক্ষকেরা করিছের মণ্ডলীতে গর্ব করার চেষ্টা করতেন (২ করি ১১:১২)

২:১৮ “অনুমোদন” এটি হল গ্রীক VERB *dokimazō*-এর PRESENT ACTIVE INDICATIVE গঠন। পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: পরীক্ষা ও এর অর্ন্তনিহিত অর্থের জন্য গ্রীক টার্ম

দুটি গ্রীক টার্ম রয়েছে যেটির ধারণা কাউকে কোন উদ্দেশ্যে পরীক্ষা করা।

১. *Dokimazō, Dokimion, Dokimasia*

এই টার্ম হল ধাতুগত টার্ম আগুনের দ্বারা কোন কিছুর খাটিক্ত (অর্থাৎ রূপক ভাবে কোন একজন) পরীক্ষা করা। আগুন সত্যিকার ধাতুকে প্রকাশ করে এবং ধাতুর গাদ পুড়িয়ে (অর্থাৎ খাঁটি করে) দেয়। এই বাস্তব প্রক্রিয়া একটি শক্তিশালী বাগধারা হয়েছে ঈশ্বর এবং/অথবা শয়তান এবং/অথবা মানুষের জন্য অন্যদের পরীক্ষা করার। এই টার্ম ইতিবাচক অর্থে ব্যবহৃত হয়েছে কোন কিছু গ্রহণের জন্য পরীক্ষা করা।

নূতন নিয়মে এটি ব্যবহৃত হয়েছে পরীক্ষার জন্য

- ক. বলদ – লুক ১৪:১৯
 খ. নিজেদের – ১ করি ১১:২৮
 গ. আমাদের বিশ্বাস – যাকোব ১:৩
 ঘ. এমনকি ঈশ্বর – ইব্রীয় ৩:৯

এই পরীক্ষার ফলাফল ধরে নেওয়া হয় ইতিবাচক হবে (রোমীয় ১:২৮; ১৪:২২; ১৬:১০-; ২ করি ১০:১৮; ১৩:৩; ফিলি ২:২৭; ১ পিতর ১:৭), সেজন্য, এই টার্ম এই ধারণা বহন করে কেউ একজন পরীক্ষিত ও প্রমাণিত।

- ক. যোগ্য হয়েছে
 খ. ভাল হয়েছে
 গ. খাঁটি হয়েছে
 ঘ. মূল্যবান হয়েছে
 ঙ. সম্মানিত হয়েছে

২. *Peirazō, Peirasmus*

এই টার্ম প্রায়ই এই অর্থ প্রকাশ করে যে কোন সমস্যা বের করা বা বাতিলের উদ্দেশ্যে পরীক্ষা করা। এটি ব্যবহৃত হয়েছে প্রান্তরে যীশুর পরীক্ষার বিষয়ে।

ক. এটি যীশুকে ফাঁদে ফেলার চেষ্টাকে বলেছে (মথি ৪:১; ১৬:১; ১৯:৩; ২২:১৮,৩৫; মার্ক ১:১৩; লুক ৪:৩৮; ইব্রীয় ২:১৮)।

খ. এই টার্ম (*peirazōn*) ব্যবহৃত হয়েছে শয়তানের উপাধি হিসাবে মথি ৪:৩; ১ খিষ ৩:৫ পদে।

গ. এটি যীশু ব্যবহার করেছেন আমাদের সতর্ক করার জন্য যে আমরা যেন ঈশ্বরকে পরীক্ষা না করি (মথি ১৪:৭; লুক ৪:১২) [অথবা খ্রীষ্ট ১ করি ১০:৯]। এটি আরও উল্লেখ করে কোন কিছু করতে চেষ্টা করতে যেটি ব্যর্থ হয়েছে (থেরিত ৯:২০; ২০:২১; ইব্রীয় ১১:২৯)। এটি বিশ্বাসীদের পরীক্ষা ও প্রলোভনের সম্পর্কিত বিষয়ে ব্যবহৃত হয়েছে (১ করি ৭:৫; ১০:৯,১৩; গালা ৬:১; ১ খিষ ৩:৫; ইব্রীয় ২:১৮; যাকোব ১:২,১৩,১৪; ১ পিতর ৪:১২; ২ পিতর ২:৯)। ঈশ্বর মানুষের তিনটি শত্রুকে (অর্থাৎ জগৎ, মাংস ও শয়তান) সুযোগ দিয়েছেন নির্দিষ্ট সময় এবং স্থানে প্রকাশিত হবার।

□ “ব্যবস্থা” ১৭ থেকে কয়েকটি পদ যিহুদী লোকদের বিষয়ে আলোচনা করেছে, সেজন্য, টার্ম “ব্যবস্থা” বলতে এই প্রসঙ্গে মোশির ব্যবস্থাকে অবশ্যই উল্লেখ করেছে। এটি নিশ্চিত করেছে ২৫ পদ যেখানে তৃকছেদের বিষয়ে আলোচিত হয়েছে।

২:১৮-২০ যিহুদী নেতারা তাদের উপায়কে (তাদের যিহুদী ধর্মের গোত্র) বিশ্বাস করতেন যে তা সঠিক পথ, ঈশ্বরের কাছে যাবার একমাত্র পথ। তাদের নির্ভরতা ছিল যে তারা ধর্মীয় বিষয়ের একমাত্র সত্যিকার গুরু (মথি ১৫:১৪)। সুযোগ সুবিধা দায়িত্ব আনে (লুক ১২:৪৮)।

লক্ষ্য করণ সমান্তরাল শব্দগুচ্ছ তাদের নির্ভরতার সঙ্গে সম্পর্কযুক্ত (মথি ১৫:১৪; ২৩:১৬, ২৪; লুক ৬:৩৯)।

১. অন্ধদের পথ প্রদর্শক, ১৯ পদ
২. অন্ধকারবাসীদের আলো, ১৯ পদ
৩. অবোধদের গুরু, ২০ পদ
৪. শিশুদের শিক্ষক, ২০ পদ
৫. ব্যবস্থায় জ্ঞানের ও সত্যের অবয়বধারী, ২০ পদ

২:২১-২৪ যদি কেউ ব্যক্তিগত বাধ্যতায় নির্ভর করে, তাহলে সেই বাধ্যতা অবশ্যই সম্পূর্ণ হবে (মথি ৫:২০,৪৮; গালা ৩:১০, যেটি দানিয়েল ২৭:২৬ এবং যাকোব ২:১০ পদ থেকে উদ্ধৃতি)। এটি পতিত মানবের জন্য অসম্ভব বিষয়। পৌল কৃত্রিম ভাবে রূপক প্রশ্ন করেছেন তার যিহুদী পাঠক/শ্রোতাদের কাছে ২১-২৩ পদে।

২:২২ এটা জানা খুব কঠিন যে পৌল ২২-২৩ পদে কি বিষয় উল্লেখ করেছেন। যেহেতু এখানের বর্ণনা পৌলের সময়কার অধিকাংশ যিহুদীর সঙ্গে খাপ খায় না, এটা সম্ভব যে, এই পাপগুলি ব্যবহৃত হয়েছে আত্মিক অর্থে একই রকম ভাবে যেভাবে যীশু ব্যবস্থা ব্যাখ্যা করেছেন মথি ৫:২০-৪৮ পদে। George Ladd in *A Theology of the New Testament*, বলেছেন “পৌল অবশ্যই উল্লেখ করেছেন ঈশ্বরের প্রাপ্য গৌরব হরণ, আত্মিক ব্যভিচার এবং একমাত্র ঈশ্বরের যে আরাধনা পাওনা তা তাদের সহ-সৃষ্টির প্রতি প্রভু ও বিচারক হিসাবে নিজেদের প্রশংসিত করে অশুচি করেছে।” পৃষ্ঠা ৫০৫।

২:২২ “প্রতিমা ষ্ণা” কোন কিছু থেকে অন্যদিকে ফেরা দুর্গন্ধের কারণে এটিই হল এই টার্মের মূল অর্থ।

□ “তুমি কি মন্দির লুট করিতেছ” এটি ঐতিহাসিক ভাবে অনিশ্চিত যে এটি কি উল্লেখ করছে কিন্তু এটি কোন না কোন ভাবে মূর্তিপূজার সঙ্গে সম্পর্কিত।

২:২৩ “গর্ব” দেখুন বিশেষ বিষয় ২:১৭ পদে।

২:২৪ এটি সেন্টিয়াজিন্টের যিশাইয় ৫২:৫ পদের উদ্ধৃতি। নিয়ম পালনে ঈশ্বরের আশীর্বাদ ইস্রায়েলের প্রতি (দ্বি বি ২৭-২৮) এর মানে হল জগতের কাছে সাক্ষী হওয়া। যাহোক, ইস্রায়েল কখনো নিয়ম পালন করেনি, সেজন্য, পৃথিবী কেবল ঈশ্বরের দন্ড দেখেছে (যিহি ৩৬:২২-৩২)। ইস্রায়েল হয়েছিল যাজকদের রাজ্য (যাত্রা ১৯:৫-৬), যারা সারা জগতকে YHWH প্রতি বিশ্বাসে আনবে (আদি ১২:৩; ইফি ২:১১-৩:১৩)। বিশেষ বিষয় দেখুন: বব-এর ইভানজেলিক্যাল পক্ষপাত ১:৫ পদে।

NASB (আপডেটস) টেক্সট: ২:২৫-২৯

^{২৫} বাস্তবিক তুকছেদে লাভ আছে বটে, যদি তুমি ব্যবস্থা পালন কর; কিন্তু যদি ব্যবস্থা লঙ্ঘন কর, তবে তোমার তুকছেদ অতুকছেদ হয়ে পড়েছে। ^{২৬} অতএব অচ্ছিন্নতুক লোক যদি ব্যবস্থার নিয়ম কানুন পালন করে, তবে তাহার অতুকছেদ কি তুকছেদ বলে গণ্য হবে না? ^{২৭} আর স্বাভাবিক অচ্ছিন্নতুক লোক, যদি ব্যবস্থা পালন করে, তবে শাস্ত্র ও তুকছেদ সত্ত্বেও ব্যবস্থা লঙ্ঘন করছে যে তুমি, সে কি তোমার বিচার করবে না? ^{২৮} কারণ বাইরে যে যিহুদী সে যিহুদী নয়, এবং বাইরে মাংসে কৃত যে তুকছেদ তা তুকছদ নয়। ^{২৯} কিন্তু আন্তরিক যে যিহুদী সেই যিহুদী; এবং তুকছেদ যা হৃদয়ের, যা আক্ষরিক নয়, আত্মায়; তাই তুকছেদ, তার প্রশংসা মানুষ হতে হয় না, কিন্তু ঈশ্বর হতে হয়। ^{৩০} সব দিক থেকেই মহৎ। প্রথমত, এই যে তারা ঈশ্বরের কথায় বিশ্বাস স্থাপন করেছে। (অনুবাদকৃত টেক্সট)।

২:২৫ “তুকছেদ” পৌল এখনও তীব্র দোষারপ ব্যবহার করছেন। কেউ একজন প্রশ্ন তুলেছে যে ভাল অন্ততপক্ষে আমরা তুকছেদ প্রাপ্ত (আদি ১৭:১০-১১)। আমরা অত্রাহামের বংধর। পৌল সরল ভাবে এবং সাহসীকতার সাথে যিহুদীদের এই দাবীর যৌক্তিকতাকে ছিন্নভিন্ন করেছেন (মথি ৩:৭-১০; যোহন ৮:৩১-৫৯)।

পলেষ্টিয় ছাড়া ইস্রায়েলীয়দের সকল প্রতিবাসি তুকছেদ প্রাপ্ত ছিল। এটি সেই কাজ ছিল না যা তাৎপর্যপূর্ণ; এটি ছিল গ্রহণকারীদের অবিরত বিশ্বাস (২৬-২৭ পদ; দ্বি বি ১০:১৬; ৩০:৬)। এটি সকল ধর্মীয় অনুষ্ঠানের জন্য সত্য। ধর্মীয় লোক প্রায়ই ঈশ্বরীয় নিয়মের আশীর্বাদ চায় কিন্তু কোন দায়িত্ব ছাড়া।

২:২৫-২৬ “যদি...যদি..যদি” এগুলি হল তিনটি THIRD CLASS CONDITIONAL SENTENCES যেটি উল্লেখ করছে সাম্ভাব্য ভবিষ্যতের কাজ। বাধ্যতা (দ্বি বি ২৭-৩০) হল ২ অধ্যায়ে পৌলের যুক্তির চাবিকাঠি, কিন্তু ৩:২১-৩১ পদের নয় (গালা ৩)। বাধ্যতা হল পরিত্রাণের ফল কিন্তু অনুগ্রহ হল ভিত্তি (ইফি ২:৮-১০)।

২:২৬-২৭ এই পদগুলি এই আশা ধারণ করে যে কিছু কিছু পরজাতি তারা যে আলো পেয়েছে তাতে সাড়া প্রদান করেছে (ব্যাকরণ আশা করে “হ্যাঁ” উত্তর ২৬ পদে)। কেবলমাত্র এর সাম্ভাব্য বাইবেল ভিত্তিক উদাহরণ হবে প্রেরিত ১০ অধ্যায়ের কর্ণেলিয়াস। তথাপি সেও উপযুক্ত ভাবে এই পদের সাথে খাপ খায় না কারণ তিনি ছিলেন ঈশ্বর ভয়শীল ও স্থানীয় সমাজঘরে আরাধনাকারী। এই পদগুলি বাস্তবতায় পৌলের যিহুদীদের পরিত্রাণের আবশ্যিকতা সম্পর্কে তুলনামূলক যুক্তি। রোমীয় ৩:২৩ পদ হল সারাংশ যে সব মানুষ আত্মিক ভাবে খ্রীষ্টবিহীন হয়ে হারিয়ে গেছে। যদি সেখানে পরজাতি থাকে সে যে আলো পেয়েছে সৃষ্টি এবং তার অভ্যন্তরীণ নৈতিক অনুভূতি থেকে আর সেই আলোতে জীবন যাপন করে, তবে ঈশ্বর তাদের খ্রীষ্টের প্রতি সাড়া প্রদানের একটি সুযোগ দান করবেন, যে কোন ভাবে, যে কোন উপায়ে, যে কোন সময়ে।

২:২৮-২৯ “কারণ সে যিহুদী নয়সেই যিহুদী” এটি চরমতম গুরুত্বপূর্ণ আলোচনা কারণ কিছু আধুনিক ধর্মতত্ত্ববিদের দল পৃথক বা সংক্ষিপ্ত করলে চেষ্টা করেছে পুরাতন নিয়মের ঈশ্বরের লোক থেকে নূতন নিয়মের ঈশ্বরের লোক। কিন্তু একটিই মাত্র নিয়ম এবং লোক (রোমীয় ৯:৬; গালা ৩:৭-৯,২৯; ৬:১৬; ১ পিতর ৩:৬)। নূতন নিয়ম হল পুরাতন নিয়মের উন্নয়ন ও পরিপূর্ণতা। ঈশ্বরের লোকেরা সব সময়ই বিশ্বাসে ঈশ্বরে সংযুক্ত থাকে কিন্তু জাতিগত নয়। তারা হল “হৃদয়ের লোক” কিন্তু ধর্মীয় অনুষ্ঠানের বা জাতিগত লোক নয়। বিশ্বাস, মূল নয়, চাবিকাঠি। নিয়মের মন, কোন নিয়মের চিহ্ন নয়, হল প্রতিক।

□ “মাংস” ১:৩ পদে বিশেষ বিষয় দেখুন।

২:২৯ তুকছেদের নিয়মের চিহ্ন (আদি ১৭:১৪) ছিল পুরাতন নিয়মে কোন একজনের ঈশ্বরের প্রতি উন্মুক্ততার একটি রূপক। এটি রূপক ভাবেই কয়েকটি উপায়ে উন্ময়ন হয়েছে

১. হৃদয়ের তুকছেদ (দ্বি বি ১০:১৬; ৩০:৬; যির ৪:৪; ৯:২৪-২৫)
২. কর্ণের তুকছেদ (যির ৬:১০)
৩. ঠোঁটের তুকছেদ (যাত্রা ৬:১২,৩০)

ব্যবস্থার কখনোই বাহ্যিক নিয়ম হবার অর্থ ছিল না, কিন্তু জীবন পরিবর্তনকারী প্রতিদিনের সম্পর্ক YHWH এর সাথে যার মধ্যে দিয়ে তাঁর চরিত্র ও প্রতিজ্ঞা আদমের সকল সন্তানদের কাছে প্রকাশিত। বিশেষ বিষয় দেখুন: ১৩:৯ পদে পৌলের ব্যবস্থার প্রতি দৃষ্টিভঙ্গি।

□

NASB	“যা হৃদয়ের, আক্ষরিক নয়, আত্মায়”
NKJV	“যা হৃদয়ের, এবং আক্ষরিক নয়, আত্মায়”
NRSV	“হৃদয়ের বিষয় -- এটি আত্মিক এবং আক্ষরিক নয়”
TEV	“যেটি ঈশ্বরের আত্মার কাজ, লিখিত ব্যবস্থার নয়”
NJB	“অন্তরে – এমনকিছু যা আক্ষরিক নয় কিন্তু আত্মায়”

এই শব্দগুচ্ছ গ্রীকে দ্ব্যর্থব্যাঞ্জক। কোন কোন অনুবাদ একে নিয়েছে আত্মিক বনাম আক্ষরিক উল্লেখ করতে (NRSV, the Twentieth Century New Testament, the Knox translation, the Lamsa translation of the Peshitta, the Williams translation and the New Berkeley Version)। অন্য অনুবাদগুলি একে দেখেছে পবিত্র আত্মা (৭:৬; ২ করি ৩:৬, যেখানে একই রকম কাঠামো দেখা যায়) এবং লিখিত পাঠের (NASB, NKJV, NEB, NIV এবং TEV) মধ্যকার তুলনা হিসাবে। *The Jerome Biblical Commentary*, p. 299, ২ করি ৩:৬ পদ ভিত্তি করে এই পরামর্শ দেয় যে এটি ছিল পৌলের রূপকগত/আক্ষরিক উপায় পুরাতন নিয়ম (Covenant) এবং নূতন নিয়ম উল্লেখ করার; প্রথমটি বৈশিষ্ট্যমণ্ডিত হয়েছে বাহ্যিক নিয়ম দ্বারা এবং দ্বিতীয়টি আত্মার নূতন যুগে পবিত্র আত্মা দ্বারা দত্ত আভ্যন্তরীণ নূতন মন ও নূতন আত্মা দ্বারা।

পৌল এই সত্য নিয়ে আলোচনা করছিলেন যে কিছু কিছু পরজাতি ঈশ্বরকে সন্তুষ্ট করার চেষ্টা করতে পারে ব্যবস্থা ব্যতিরেকে। যদি এটা সত্যি হয় তাহলে ঈশ্বরের সন্তানেরা তাদের থেকে আরও বেশি সংযুক্ত হবেন যারা কেবল মাত্র দৈহিক ভাবে তুকছেদ প্রাপ্ত (গালাতীয়)। ঈশ্বরের পরিবার জাতিগত যিহুদীদের থেকেও বড় (আদি ৩:১৫; ১২:৩; যাত্রা ১৯:৫); ইয়োব, মন্সিয়েদক, যিশ্রো, কালেব, রাহব, এবং রত আতিগত ভাবে যিহুদী ছিলেন না। এমনকি ইফ্রায়িম ও মনগ্গশি গোষ্ঠি অর্ধ মিসরিয় ছিল (আদি ৪১:৫০-৫২)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর অর্থ আপনি আপনার নিজের বাইবেল অনুবাদের জন্য দায়িত্ববান। আমাদের প্রত্যেককে অবশ্যই যে আলো আমরা পেয়েছি সেই আলোতে চলতে হবে। আপনি, বাইবেল, এবং পবিত্র আত্মা হলেন অনুবাদের অগ্রণী। আপনি অবশ্যই ব্যাখ্যাকারকদের উপরে সব কিছু ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কিভাবে যিহুদীদের অবিশ্বস্ততা ঈশ্বরের প্রতিজ্ঞা প্রভাবিত করেছে (৩:৩-৪)?
২. যিহুদী হওয়াতে কি ঈশ্বরের কাছে কোন সুযোগ পাওয়া যায় (৩:১-৮)?
৩. diatribe (তীব্র সমালোচনা) কি?
৪. ৫-৮ পদে ধরে নেওয়া তীব্র সমালোচকের পয়েন্ট কি?
৫. একজন কিভাবে জীবন যাপন করছে তা কি গণনা করা হয় যদি বিশ্বাসের মাধ্যমে ধার্মিকতা লাভকে কাজ থেকে আলাদা রাখা হয় (৩:৮)?
৬. সম্পূর্ণ নৈতিক দৃষ্টতা সম্বন্ধে ধর্মতত্ত্বীয় ধারণা কি (৩:১০-১৮)?
৭. মোশির ব্যবস্থা বা সাধারণের ব্যবস্থার উদ্দেশ্য কি ছিল (৩:২০; গালা ৩:২৪-২৫)?
৮. ১-৩ অধ্যায়ে মানুষের হারিয়ে যাওয়া নিয়ে আলোচনায় কেন শয়তানের কথা একেবারেই উল্লেখ করা হয়নি?
৯. পুরাতন নিয়মের প্রতিজ্ঞা কি শর্তযুক্ত অথবা শর্তবিহীন?
১০. মোশির ব্যবস্থার উদ্দেশ্য কি ছিল এদের জীবনে: (১) যারা যিহুদী নয়; এবং (২) যিহুদী?
১১. ১:১৮-৩:২০ পদ পর্যন্ত প্যারাগ্রাফ প্যারাগ্রাফ অনুসারে আপনার নিজের কথায় পৌলের যুক্তিসমূহের রূপরেখা করুন।

রোমীয় ৩

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
যিহুদী এবং ব্যবস্থা (২:১৭-৩:৮)	ঈশ্বরের বিচার সুরক্ষিত	যিহুদীদের সুবিধা ১:১-৬	যিহুদী এবং ব্যবস্থা (২:১৭-৩:৮)	ঈশ্বরের প্রতিজ্ঞা তাদের রক্ষা করবে না
৩:১-৮	৩:১-৮	৩:১-৮	৩:১-৮ ৩:৫-৬ ৩:৭-৮	৩:১-৮
ধার্মিক একজনও নাই	সকলেই পাপ করেছে	সকলেই দোষী	কোন মানুষই ধার্মিক নয়	সকলেই দোষী
৩:৯-২০	৩:৯-২০	৩:৯-১৮ ৩:১৯-২০	৩:৯-১৮ ৩:১৯-২০	৩:৯-১৮ ৩:১৯-২০
বিশ্বাসে ধার্মিকতা লাভ	বিশ্বাসের মাধ্যমে ঈশ্বরের	সত্যিকার ধার্মিকতা	কিভাবে ঈশ্বর মানুষকে ধার্মিক করেন	ঈশ্বরের বিচারের প্রকাশ
৩:২১-২৬	৩:২১-২৬	৩:২১-২৬	৩:২১-২৬	৩:২১-২৬
	গর্ব বর্হিভূত	গর্ব বর্হিভূত		বিশ্বাস কি করে
৩:২৭-৩১	৩:২৭-৩১	৩:২৭-৩১	৩:২৭-৩১	৩:২৭-৩১

পাঠ চক্র তিন(দেখুন পৃষ্ঠা viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. ১-৮ পদ সম্পর্কযুক্ত বিষয়বস্তু, কিন্তু পৌলের যুক্তি অনুসরণ করা কঠিন কারণই তিনি সাহিত্যগত কৌশল ব্যবহার করেছেন যাকে বলা হয় তীব্র সমালোচক (ধরে নেওয়া বিষয়)।

- খ. মনে হয় পৌল আশঙ্কা করছিলেন কিভাবে কিছু কিছু যিহুদী লোক ২:১৭-২৯ পদের সাড়া প্রদান করবে, তাই তিনি তাদের আপত্তির উত্তর দিচ্ছেন(Corley, Vaughan, *Romans*, pp. 37-39)
১. প্রথম প্রশ্ন। যিহুদীদের জন্য কি সত্যিকার কোন সুযোগ নেই? (১-২ পদ)
 ২. দ্বিতীয় প্রশ্ন। কিছু যিহুদীর অবিশ্বস্ততার কারণে কি ঈশ্বরের বাক্য ব্যর্থ হয়েছে? (৩-৪ পদ)
 ৩. তৃতীয় প্রশ্ন। যদি ঈশ্বর যিহুদীদের ব্যবহার করে থাকেন তাঁর চরিত্র প্রকাশে তবে কি যিহুদীরা অর্থগত ভাবে দায়িত্ববান? (৫-৮ পদ)।
- গ. উপসংহার চলে গেছে ২:১১ পদে। ঈশ্বরের কাছে কোন পক্ষপাতিত্ব নেই। সকল মানুষই কৈফিয়তযোগ্য কারণ তারা যে আলো পেয়েছে তাকে বাদ দিয়ে জীবন যাপন করাতে (স্বাভাবিক প্রকাশ এবং/অথবা বিশেষ প্রকাশ)।
- ঘ. ৯-১৮ পদের বিষয়বস্তু হল পুরাতন নিয়মের ধারাবাহিক উদ্ধৃতি যেটি ঘোষণা করেছে যিহুদীদের পাপের কথা।
- ঙ. ১৯-২০ পদ ইস্রায়েলের আত্মিক অবস্থা এবং পুরাতন নিয়মের উদ্দেশ্যের সারাংশ (গালা ৩)।
- চ. ২১-৩১ পদ ১:১৮-৩:২০ পদের সারমর্ম। সেগুলি হল সুসমাচারের প্রথম ধর্মতাত্ত্বিক পয়েন্ট (দেখুন সংক্ষিপ্ত রূপরেখা, পৃষ্ঠা ২)।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড)টেক্সট: ৩:১-৮

^১তবে যিহুদীর বেশী কি সুযোগ আছে? অথবা তুচ্ছদেরই বা লাভ কি? ^২তাহা সর্বপ্রকারে প্রচুর। প্রথমত এই যে, ঈশ্বরের বচন তাদের কাছে গচ্ছিত হয়েছিল। ^৩তাহলে? কেউ কেউ যদি বিশ্বাসী না করে, তাতেই বা লাভ কি? তাদের অবিশ্বাস কি ঈশ্বরের বিশ্বস্ততা নিষ্ফল করবে? ^৪এমন না হোক, বরং, ঈশ্বরকে সত্য বলে স্বীকার করা যাক, মানুষ মিথ্যাবাদী হয় হোক; যেমন লেখা আছে, “তুমি যেন তোমার বাক্যে ধর্মময় প্রতিপন্ন হও, এবং তোমার বিচারকালে বিজয়ী হও।” ^৫কিন্তু আমাদের অধার্মিকতা যদি ঈশ্বরের ধার্মিকতা সাব্যস্ত করে, তবে কি বলবো? ঈশ্বর যিনি ক্রোধে প্রতিফল দেন, তিনি কি অন্যাযী? (আমি মানুষের মত বলছি।) ^৬এমন কখনো না হোক! কারণ তাহলে, ঈশ্বর কেমন করে জগতের বিচার করবেন? ^৭কিন্তু আমার মিথ্যায় যদি ঈশ্বরের সত্য তাঁর গৌরবার্থে উপচে পড়ে, তবে আমিও বা এখন পাপী বলে আর বিচারিত হচ্ছি কেন? ^৮আর কেনই বা বলবো না (যেমন আমাদের নিন্দা আছে, এবং যেমন কেউ কেউ বলে যে, আমরা বলে থাকি), “আস, মন্দ কাজ করি, যেন উত্তম ফল ফলে?” তাদের দগুজ্ঞা ন্যায্য। (অনুবাদকৃত টেক্সট)।

৩:১ “তবে যিহুদীর বেশী কি সুযোগ আছে” পৌল একই ভাবে তীব্র সমালোচনার সাহিত্য কৌশল ব্যবহার করেছেন, অথবা একটি মন গড়া প্রতিবাদকারী ধরে নিয়ে তার বার্তা প্রচার করেছেন। যিহুদী লোকদের সুবিধা সমূহের তালিকার জন্য ৩:২ ও ৯:৪-৫ পদ দেখুন। পৌল ৯-১০ অধ্যায়ে এই প্যারাফ্রাসের উন্নয়ন করেছেন।

৩:২ “প্রথমত” পৌল ১:৮ পদে “প্রথম” ব্যবহার করেছেন, কিন্তু তিনি দ্বিতীয় বিষয় উল্লেখ ছাড়াই। তিনি এখানেও তাই করেছেন। পৌলের লেখনী ছিল খুব শক্তিশালী, একই সঙ্গে ছিল dictate (মৌখিক), যে জন্য প্রায়ই তার ব্যাকরণগত গঠন অসম্পূর্ণ।

□ “ঈশ্বরের বচন তাদের কাছে গচ্ছিত হয়েছিল” ঈশ্বরের প্রকাশ লাভ করাটা ছিল ভয়ানক দায়িত্বের বিষয় একই সঙ্গে বিপ্লবকর সুযোগ (৯:৪-৫)। তারা ছিল ঈশ্বরের দানের ধনাধ্যক্ষ (AORIST PASSIVE, ১ খিষ ২:৪)।

logion (দৈববাণী) শব্দ ব্যবহৃত হয়েছে সেপ্টুয়াজিন্টে ঈশ্বরের কাছ থেকে বাক্য পাওয়া অর্থে (গণনা ২৪:৪,১৬; দ্বি বি ৩৩:৯; গীত ১০৭:১১: ১১৯:৬৭; যিশা ৫:২৪; ২৮:১৩), যেটি উল্লেখ করে পুরাতন নিয়ম। এটি সুসামঞ্জস্য ভাবে এই একই অর্থে নূতন নিয়মেও ব্যবহৃত হয়েছে (শ্রেণিত ৭:৩৮; ইব্রীয় ৫:১২; ১ পিতর ৪:১১)।

৩:৩ “যদি” এটি একটি প্রথম শ্রেণীর শর্তসাপেক্ষ বাক্য, যেটি মনে করা হয় সত্য লেখকের দৃষ্টিভঙ্গি থেকে অথবা তার সাহিত্যগত উদ্দেশ্যের কারণে। ৫ এবং ৭ পদ দুটিও প্রথম শ্রেণীর শর্তসাপেক্ষ বাক্য। ৩ পদের ব্যাকরণ আশা করে “না” উত্তর।

□

NASB, NKJV “কেউ কেউ যদি বিশ্বাসী না করে”

NRSV, NJB “কেউ কেউ অবিশ্বস্ত ছিল”

TEV “কেউ কেউ যদি অবিশ্বস্ত হয়েছিল”

এটি উল্লেখ করতে পারে প্রতিটি ইস্রায়েলীয়র (১) অবিশ্বস্ততা অথবা (২) YHWH উপরে ব্যক্তিগত বিশ্বাসের অভাব। এটি খুব কঠিন মেধাগতভাবে ঈশ্বরের শর্তহীন প্রতিজ্ঞার সাথে সংযুক্ত করা (অর্থাৎ পতিত মানবের পরিত্রাণ) এবং মানুষের সাড়া দানের প্রতি শর্তসাপেক্ষ আজ্ঞা। দেখুন বিশেষ বিষয়: নিয়ম ৯:৪ পদে। তথাপি এটি বাইবেল ভিত্তিক অসঙ্গত মনে হলেও সঙ্গত (৩:৪-৫)। ঈশ্বর বিশ্বস্ত তখনও যখন তাঁর লোকেরা বিশ্বস্ত নয় (হোশেয় ১,৩; ২ তীম ২:১৩)।

□ “নিষ্ফল” নিচে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: নিষ্ফল এবং শূন্য(*KATARGEŌ*)

এটি (*katargeō*) ছিল পৌলের একটি প্রিয় শব্দ। তিনি এটি প্রায় ২৫ বারের মত ব্যবহার করেছেন কিন্তু এর রয়েছে খুব ব্যাপক ভাষাগত অর্থের সীমা।

- ক. এর মূল শব্দতন্ত্রের উৎস *argos* থেকে যার অর্থ
১. নিষ্ক্রিয়
 ২. অলস
 ৩. অব্যবহৃত
 ৪. ব্যবহার অযোগ্য
 ৫. ফলপ্রদ নয়
- খ. এর সঙ্গে *kata* সমন্বয় করে ব্যবহৃত হয়েছে এটি প্রকাশ করতে
১. নিষ্ক্রিয়তা
 ২. অব্যবহার যোগ্য
 ৩. যেটি বাতিল করা হয়েছে
 ৪. যেটি দূর করা হয়েছে
 ৫. যেটি একেবারে ফলপ্রদ নয়
- গ. এটি একবারই মাত্র লুকে ব্যবহৃত হয়েছে ফলহীন, সেজন্য ব্যবহার অযোগ্য, গাছ বর্ণনা করতে (লুক ১৩:৭)
- ঘ. পৌল এটি ব্যবহার করেছেন রূপকার্থে দুটি প্রাথমিক উপায়ে
১. ঈশ্বর অকার্যকর জিনিস তৈরী করেছেন যেগুলি মানব বিরোধি
 - ক. মানুষের পাপের স্বভাব-রোমীয় ৬:৬
 - খ. মোশির ব্যবস্থা 'বীজ' বিষয়ক ঈশ্বরের প্রতিজ্ঞায় সম্পর্কিত-রোমীয় ৪:১৪; গালা ৩:১৭; ৫:৪,১১; ইফি ২:১৫
 - গ. আত্মিক শক্তিসমূহ-১ করি ১৫:২৪
 - ঘ. "ব্যবস্থা বিহীন মানুষ"-২ থিষ ২:৮
 - ঙ. দৈহিক মৃত্যু-১ করি ১৫:২৬; ২ তীম ১:১৬ (ইব্রীয় ২:১৪)
২. ঈশ্বর নৃতনের জন্য পুরাতনকে (নিয়ম, যুগ) পুনস্থাপন করেছেন
 - ক. যে বিষয়গুলি মোশির ব্যবস্থার সঙ্গে সম্পর্কযুক্ত-রোমীয় ৩:৩,৩১; ৪:১৪; ২ করি ৩:৭, ১১, ১৩, ১৪
 - খ. বিবাহে ব্যবহৃত ব্যবস্থার উপমা-রোমীয় ৭:২,৬
 - গ. এই যুগের বিষয়- ১ করি ১৩:৮, ১০, ১১
 - ঘ. এই দেহ- ১ করি ৬:১৩
 - ঙ. এই যুগের নেতারা-১ করি ১:২৮; ২:৬

এই শব্দ নানা উপায়ে অনুবাদ হয়েছে, কিন্তু এর প্রধান অর্থ হল কোন কিছুকে ব্যবহার অযোগ্য করা, নিষ্ফল এবং শূন্য, ফলপ্রদ নয়, শক্তিহীন, কিন্তু অস্তিত্বহীন, ধংস বা মুছে ফেলার জন্য নয়।

□ “ঈশ্বরের বিশ্বস্ততা” এই সত্য (১ করি ১:৯; ১০:১৩; ২ করি ১:১৮) হল ঈশ্বরের উপরে মানুষের নির্ভরতার ভিত্তি (দি বি ৭:৯; যিশা ৪৯:৭)।

১. অপরিবর্তনীয় চরিত্র
২. অনন্তকালীন প্রতিজ্ঞা

তিনি নিজেকে সৃষ্টিতে, প্রকাশে, নিয়মে এবং মশীহতে প্রকাশ করেছেন! এমনকি মানুষের অবিশ্বস্ততার মাঝেও তিনি বিশ্বস্ত থেকেছেন (২ তীম ২:১৩)!

৩:৪

NASB	“এমন কখনো না হোক!”
NKJV, TEV	“নিশ্চিতভাবেই না!”
NRSV	“কোন উপায়ে নয়!”
NJB	“যা অসম্ভব হবে।”

এটি হল OPTATIVE MOOD এর বিরল ব্যবহার যেটি প্রকাশ করে একটি ইচ্ছা বা প্রার্থনা এবং এই শব্দগুচ্ছ অবশ্যই অনুবাদ হওয়া উচিত “হয়তো কখনোই না”। এটি একটি ইব্রীয় বাগধারা প্রতিফলিত করে। এই “বিশ্বাস্যকর অবিশ্বাস” শব্দগুচ্ছ প্রায়ই ব্যবহৃত হয়েছে পৌলের দ্বারা তার তীব্র সমালোচনা সাহিত্য কৌশলের কারণে (৩:৪,৬,৩১; ৬:২,১৫; ৭:৭, ১৩; ৯:১৪; ১১:১; ১ করি ৬:১৫; গালা ২:১৭; ৩:২১; ৬:১৪)। এটি তার একটি উপায় ছিল ধরে নেওয়া বক্তব্যকে দৃঢ়তার সঙ্গে অস্বীকার করা।

লক্ষ্য করুন সাহিত্যগত উপায় যেভাবে পৌল বাতিল করেছেন ধরে নেওয়া প্রতিবাদকারীর প্রশ্ন এবং বক্তব্যকে।

১. হয়তো কখনোই না,” ৪, ৬ পদ
২. ঈশ্বরই সত্য, যদিও প্রতিটি মানুষ মিথ্যাবাদী” ৪ পদ
৩. “(আমি মানুষের মত কথা কহিতেছি),” ৫ পদ
৪. “(যেহেতু আমাদের নিন্দা আছে, যেমন কেহ কেহ বলে),” ৮ পদ

□ “ঈশ্বরকে সত্য বলে স্বীকার করা যাক, মানুষ মিথ্যাবাদী হয় হোক” এটি PRESENT MIDDLE IMPERATIVE । এর গঠনের দৃষ্টি বিষয়ের চলমান অবস্থার প্রতি; ঈশ্বর বিশ্বস্ত এবং সত্যময় (বিশেষ বিষয় দেখুন ১:১৮ পদে), মানুষ অবিশ্বস্ত এবং মিথ্যাবাদী! এটি গীত ১১৬:১১ পদের একটি উল্লেখ এবং ইয়োবের যা শিখতে হয়েছিল ৩২:২; ৪০:৮ পদে তার মত একই রকম ।

লক্ষ্য করুন পাপময়তার সার্বজনীন উপাদান এই অধ্যায়ে, পৌল প্রতিনিধিত্ব করছেন *pas* (সকলে, প্রত্যেকে) ব্যবহারে ৪, ৯, ১২, ১৯, ২০, ২৩, ২৪ পদে, কিন্তু ঈশ্বরের প্রশংসা হোক, সকলের জন্য সার্বজনীন পরিত্রাণের সুযোগ রয়েছে (৩:২২) ।

□ “যেমন লেখা আছে” আক্ষরিক ভাবে “এটি লেখা আছে এবং অবিরত লেখা হচ্ছে ।” এটি একটি PERFECT PASSIVE INDICATIVE । এটি একটি কৌশলগত বাগধারা হয়েছে যেখানে ঈশ্বরের শাস্ত্র অনুপ্রেরণার বিষয়ে বলতে চেষ্টা করেছে (মথি ৫:১৭-১৯) । এটি সেপ্টুয়াজিটের গীত ৫১:৪ পদের একটি উদ্ধৃতির পরিচয় করায় (LXX) ।

৩:৫-৬ এই পদগুলিতে পৌল যে যুক্তি তুলে ধরেছেন তা ইশ্রায়েলীয়দের ঈশ্বরের বিশেষ মনোনয়ন এবং তাদের মাধ্যমে তাঁর সারা জগতে পৌছাবার উপায় (আদি ১২:৩; যাত্রা ১৯:৫-৬) । পুরাতন নিয়মে “নির্বাচন” উল্লেখ করে সেবা, কোন বিশেষ সুযোগ নয়। ঈশ্বর তাদের সঙ্গে একটি চুক্তি করেছেন। তিনি বিশ্বস্ত ছিলেন; কিন্তু তারা ছিল অবিশ্বস্ত (নহিমিয় ৯) । সত্য হল যে ঈশ্বর অবিশ্বস্ত ইশ্রায়েলীয়দের বিচার করেছেন তাঁর ধার্মিকতার প্রমাণ হিসাবে ।

ইশ্রায়েল পরজাতীয়দের কাছে পৌছাবার উপায় হিসাবে ছিল। তারা ব্যর্থ হয়েছে (৩:২৪)! ঈশ্বরের উদ্দেশ্য সার্বজনীন পরিত্রাণ (আদি ৩:১৫) কার্যকর হয়নি ইশ্রায়েলের ব্যর্থতার কারণে। সত্য হিসাবে, ঈশ্বরের বিশ্বস্ততা তাঁর মূল নিয়মে নিশ্চিত করা হয়েছে রোমীয় ৯-১১ অধ্যায়ে। অবিশ্বাসী ইশ্রায়েল প্রত্যাখিত, কিন্তু বিশ্বাসী ইশ্রায়েল ঈশ্বরের পরিত্রাণের পরিকল্পনায় চূড়ান্তে পৌছাবে ।

পৌলের তীব্র সমালোচনা ৫-৬ পদ ৭-৮ পদের সঙ্গে সমান্তরাল ।

৩:৫ “যদি” এটি একটি প্রথম শ্রেণীর শর্তসাপেক্ষ বাক্য যেটি মনে করা হয় লেখকের দিক থেকে সত্য অথবা তার সাহিত্যগত উদ্দেশ্যে । ৩ ও ৭ পদও প্রথম শ্রেণীর শর্তসাপেক্ষ বাক্য ।

□ “আমাদের ধার্মিকতা যদি ঈশ্বরের ধার্মিকতা সাব্যস্ত করে” এই PRONOUN, “আমাদের” যেটি অবশ্যই উল্লেখিত হয়েছে সামগ্রিক অর্থে সকল যিহুদীর জন্য । বিশেষ বিষয় দেখুন ১:১৭ পদে ।

□ “তবে আমরা কি বলবো” পৌল এখনও তীব্র সমালোচনা ব্যবহার করেছেন (৩:৫; ৭:৭; ৮:৩১; ৯:১৪, ৩৯) । পৌল তার উপস্থাপনা ব্যাখ্যা করেছেন ধরে নেওয়া প্রতিবাদকারী ব্যবহার করে (মালাখী ১:২, ৬, ৭, ১২, ১৩; ২:১৪, ১৭[দুবার]; ৩:৭, ১৩, ১৪) ।

□

NASB	“(আমি মানুষের মত কথা বলছি)”
NKJV	“(আমি মানুষের মত বলছি)”
NRSV	“(আমি মানবিক ভাবে কথা বলছি)”
TEV	“(এখানে আমি মানুষ যেভাবে বলে সেভাবে বলছি)”
NJB	“-মানবিক উপমা ব্যবহার-”

পৌল প্রায়ই মানবিক যুক্তি তার ধর্মতত্ত্বীয় যুক্তিতে ব্যবহার করেছেন (৬:১৯; ১ করি ৯:৮; গালা ৩:১৫) । এখানে এটি কার্যকর ধরে নেওয়া প্রতিবাদকারীর দৃঢ় উক্তিকে প্রত্যাখ্যানের উপায় হিসাবে ।

৩:৭-৮ স্পষ্ট সমান্তরাল ৫ এবং ৭ পদের মধ্যে (উভয়ই শুরু হয়েছে *ei de* দিয়ে) । পৌল হয়

১. ক্রমাগত এই সাহিত্যগত তীব্র সমালোচনা কৌশল ব্যবহার করেছেন, একজন ধরে নেওয়া প্রতিবাদকারী (৩:৫, ৭; ৭:৭; ৮:৩১; ৯:১৪, ৩০)

২. একমাত্র তার বিশ্বাস দ্বারাই ধার্মিকতা লাভের প্রচারের সমালোচনার প্রতিক্রিয়ার (৮ পদ)

অভিযোগের বিশদ পৌল ব্যাখ্যা করেন নাই বা উত্তর দেন নাই কিন্তু দৃঢ়তার সাথে দোষারপকারীদের দোষী করেছেন । এটি সম্ভব যে প্রতিবাদ ছিল বিনামূল্যে পাবার যোগ্যতাহীন বিশ্বাস দ্বারা ধার্মিকতা লাভ ছিল যে এটি ব্যবস্থাহীনতা বা আরও অবিশ্বস্ত অবাধ্যতার দিকে পরিচালিত করে । পৌল বিশ্বাস করতেন যে বিনামূল্যে অনুগ্রহ খ্রীষ্ট সাদৃশ্যতার দিকে পরিচালিত করবে কৃতজ্ঞতার নূতন আত্মা ও জীবনের মাধ্যমে! যিহুদীরা, গ্রীক নৈতিকতাবাদীরা, এবং পৌল সকলেই চাইতেন তাদের ধর্মান্তরিতরা নৈতিক ভাবে জীবন যাপন করবেন! কিন্তু এটি এসেছে, বাহ্যিক ব্যবস্থার নিয়ম পালনের মাধ্যমে নয়, কিন্তু নূতন হৃদয়, নূতন মন, এবং নূতন আত্মা দ্বারা (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-২৬) ।

৩:৭ “যদি” এটি একটি প্রথম শ্রেণীর শর্তসাপেক্ষ বাক্য (আরও ৩ ও ৪ পদ) যেটি মনে করা হয় সত্য লেখকের দিক থেকে অথবা তার সাহিত্যগত উদ্দেশ্যে ।

□ “প্রচুররূপে” দেখুন বিশেষ বিষয় ১৫:১৩ পদে ।

□ “তাঁর গৌরব” দেখুন ৩:২৩ পদের নোট

NASB (আপডেটেড) টেক্সট: ৩:৯-১৮

^{১৩} তাহলে দাঁড়াল কি? আমাদের অবস্থা কি অন্য লোকদের থেকেও ভাল? তা নয়; কারণ আমরা ইতিমধ্যে যিহুদী ও গ্রীক উভয়ের বিরুদ্ধে দোষ দিয়েছি যে সকলেই পাপের অধীন; ^{১৪} যেমন লেখা আছে, “ধার্মিক কেউ নাই, এক জনও নাই; ^{১৫} বুঝে এমন কেউ নাই, ঈশ্বরের খোঁজ করে, এমন কেউই নাই। ^{১৬} সকলেই বিপথে গেছে, তারা এক সাথে অকর্মণ্য হয়েছে; সৎ কাজ করে এমন কেউই নাই, একজনও নাই।” ^{১৭} “তাদের কঠিন অনাবৃত্ত কবরের মত, তারা জিহ্বাতে ছলনা করেছে,” “তাদের ঠোঁটের নিচে কাল সাপের বিষ থাকে”; ^{১৮} “তাদের মুখ অভিশাপ ও কটুকাটব্যে”; ^{১৯} তাদের পা রক্তপাতের জন্য দ্রুতগামী, ^{২০} তাদের পথে পথে ধ্বংস ও বিনাশ, ^{২১} এবং শান্তির পথ তারা জানে নাই।” ^{২২} ঈশ্বর-ভয় তাহাদের চক্ষুর অগোচর।” (অনুবাদকৃত টেক্সট)।

৩:৯ “আমাদের অবস্থা কি অন্য লোকদের থেকেও ভাল” এই পয়েন্টের ব্যাকরণ দ্ব্যর্থব্যাঞ্জক। এটি স্পষ্ট যে এই প্যাসেজের প্রধান সত্য হল প্রতিটি মানুষের ঈশ্বরের অনুগ্রহের প্রয়োজন (৩:৯, ১৯, ২৩; ১১:৩২; গালা ৩:২২)। যাহোক, এটি অনিশ্চিত যে এই নির্দিষ্ট উল্লেখ যিহুদীদের (পৌল এবং তার জ্ঞাতি, TEV, RSV) জন্য ছিল না খ্রীষ্টিয়ানদের পৌল এবং সহ বিশ্বাসীরা ঈশ্বরের অনুগ্রহ থেকে আলাদা হয়েছিল) জন্য। যিহুদীরা কিছু সুবিধা ছিল (১-২ পদ; ৯:৪-৫), কিন্তু এই সুবিধাগুলি তাদের আরও বেশী দায়িত্ববান করেছিল (লুক ১২:৪৮)! সকল মানুষই আত্মিকভাবে হারান এবং তাদের ঈশ্বরের অনুগ্রহ প্রয়োজন।

“শ্রেষ্ঠ” টার্মটি অল্প সংখ্যক পন্ডিতির বোঝান PASSIVE VOICE হিসাবে MIDDLE এর পরিবর্তে (“শ্রেষ্ঠত্ব”), ফলস্বরূপ অনুবাদে “শ্রেষ্ঠত্ব দ্বারা” বা “অসুবিধা দ্বারা।”

রোমীয় পুস্তককে প্রায়ই বলা হয়ে থাকে পৌলের সবচেয়ে স্থানীয় নিরপেক্ষ পত্র। বেশীল ভাগ পৌলের পত্র স্থানীয় প্রয়োজন বা সমস্যা উল্লেখ করা হয়েছে (উপলক্ষ্য অনুযায়ী তথ্যাবলী)। যাহোক বিশ্বাসী যিহুদী ও বিশ্বাসী পরজাতিয় নেতাদের মধ্যে ঈর্ষা রোমীয় মণ্ডলীতে হতে পারে ১-৩ ও ৯-১১ অধ্যায়ের প্রেক্ষাপট।

□ “কারণ আমরা ইতিমধ্যে যিহুদী ও গ্রীক উভয়ের বিরুদ্ধে দোষ দিয়েছি যে সকলেই পাপের অধীন” এই VERB (AORIST MIDDLE [deponent] INDICATIVE) পাওয়া যায় কেবলমাত্র নতুন নিয়মের এখানে। পৌল এখানে উল্লেখ করছেন তার চলমান যুক্তিসমূহ ১:১৮-২:২৯ পদের।

□ “পাপের অধীন” পৌল “পাপ”-কে ব্যক্তিতে (*Jerome Biblical Commentary*, p. 300) প্রকাশ করেছেন পতিত মানবের উপরে একজন নির্ভর প্রভু হিসাবে (৬:১৬-২৩)।

৩:১০-১৮ “যেমন লেখা আছে” এই শব্দগুচ্ছ আরও দেখা যায় ৪ পদে। পরবর্তীতে উল্লেখিত বক্তব্যগুলি আসলে পুরাতন নিয়মের ধারাবাহিক উদ্ধৃতি মানুষ দেহের রূপক ব্যবহারে মানুষের পতনের উপরে গুরুত্ব আরোপ করে।

১. ১০-১২ পদ, উপদেশক ৭:২০ বা গীত ১৪:১-৩
২. ১৩ পদ, গীত ৫:৯ এবং ১৪০:৩
৩. ১৪ পদ, গীত ১০:৭
৪. ১৫-১৭ পদ, যিশা ৫৯:৭-৮ এবং হিতো ১:১৬ পদ
৫. ১৮ পদ, গীত ৩৬:১ পদ

এটা বিশ্বাস্যকর যে পৌল যিশা ৫৩:৬ পদ ব্যবহার করেন নাই।

NASB (আপডেটেড) টেক্সট: ৩:১৯-২০

^{১৯} আর আমরা জানি, ব্যবস্থা যা কিছু বলে, তা ব্যবস্থার অধীন লোকদের বলে, যেন প্রত্যেক মুখ বন্ধ এবং সমস্ত জগৎ ঈশ্বরের বিচারের অধীন হয়। ^{২০} কারণ ব্যবস্থার কাজ দ্বারা কোন প্রাণী তাঁর সামনে ধার্মিক গণ্য হবে না, কেননা ব্যবস্থার মাধ্যমে পাপের জ্ঞান জন্মে।” (অনুবাদকৃত টেক্সট)।

৩:১৯ “আর আমরা জানি” ২:২ পদের নোট দেখুন।

□ “ব্যবস্থা” এই প্রসঙ্গে এটি অবশ্যই সম্পূর্ণ পুরাতন নিয়ম (২১ পদ) উল্লেখ করেছে কারণ পেন্টাটকের নয় এমন প্যাসেজ ১০-১৮ পদে উদ্ধৃত হয়েছে। পৌল “ব্যবস্থা”-কে ব্যক্তিতে প্রকাশ করেছেন যেভাবে তিনি “পাপ” বুঝাতে ৯ পদে (৬:১৬-২৩) করেছিলেন।

□ “যারা ব্যবস্থার অধীন” এটি উল্লেখ করে অনন্যভাবে যিহুদী ও পরজাতি ধর্মান্তরিতদের। যদিও এটা অবশ্যই বলা হয়ে থাকে যে বেশ কিছু পুরাতন নিয়মের উদ্ধৃতি ব্যবহৃত হয়েছে তাদের মূল প্রসঙ্গে পরজাতি উল্লেখ। প্রতিটি মানুষই পাপী (৩:২৩)!

□

NASB	“যেন প্রত্যেক মুখ বন্ধ এবং সমস্ত জগৎ ঈশ্বরের বিচারের অধীন হয়”
NKJV	“যেন প্রত্যেক মুখ বন্ধ হতে পারে, এবং সমস্ত জগৎ ঈশ্বরের সামনে দোষী হয়”
NRSV	“যেন প্রত্যেক মুখ নিরব হয়, এবং সমগ্র জগৎ ঈশ্বরের কাছে কৈফিয়তযোগ্য হয়”
TEV	“মানুষের সব অজুহাত বন্ধ করতে এবং সমস্ত জগৎ ঈশ্বরের বিচারের অধীনে আনতে”
NJB	“কিন্তু এর মানে সকলে নিরব হবে এবং সমগ্র জগৎ ঈশ্বরের বিচারের জন্য অনাবৃত্ত হবে”

এটিই হল ১:১৮-৩:২০ পদের প্রধান ভাব যেটি সারাংশ করা হয়েছে ৩:২৩ পদে।

□ “প্রত্যেক মুখ” ২৯-২০ পদে অনেক শব্দগুচ্ছ আছে যেটি সকল মানবতাকে উল্লেখ করে।

১. “প্রত্যেক মুখ” ১৯ পদ
২. “সমগ্র জগৎ” ১৯ পদ
৩. “কোন প্রাণী”, ২০ পদ

৩:২০ “কারণ ব্যবস্থার কাজ দ্বারা কোন প্রাণী তাঁর সামনে ধার্মিক গণ্য হবে না” এটি গীত ১৪৩:২ পদের উল্লেখ (আরও উল্লেখ ইয়োব ৪:১৭; ৯:২; ২৫:৪; গীত ১৩০:৩; হিতো ২০:৯; উপ ৭:২০; ১ রাজা ৮:৪৬; ২ বংশ ৬:৩৬), কিন্তু এর সাথে যুক্ত হয়েছে আরম্ভের শব্দগুচ্ছ। এটি পৌলের সুসমাচারের একটি প্রধান দিক (গালা ২:১৬; ৩:১১)। একজন নিবেদিত প্রাণ ফরীশী হিসাবে, পৌল অদ্বিতীয় ভাবে জানতেন যে ধর্মীয় অতিশয্যের অক্ষমতা এবং অতিরিক্ত যত্নের কাজ যোগান দেয় আভ্যন্তরীণ শান্তি।

“মাংস” এর জন্য বিশেষ বিষয় দেখুন ১:৩ পদে।

□

NASB, NRSV “ব্যবস্থার মাধ্যমে পাপ সম্বন্ধে জ্ঞান জন্মে”

NKJV “কারণ ব্যবস্থার দ্বারা পাপের জ্ঞান জন্মে”

TEV “ব্যবস্থা কি করে, মানুষকে জানায় সে সে পাপ করেছে”

NJB “ব্যবস্থা সকলই করে আমাদের জানায় কোনটি পাপপূর্ণ”

এটি ছিল পুরাতন নিয়মের আর একটি উদ্দেশ্য। বিশেষ বিষয় দেখুন ১৩:৯ পদে। এটা কখনোই এই অর্থ করে না পতিত মানুষের পরিত্রাণ আনয়ন। এর উদ্দেশ্য ছিল পাপময়তা প্রকাশ করা এবং সকল মানুষকে YHWH এর অনুগ্রহ লাভের জন্য পরিচালিত করা (৪:১৫; ৫:১৩,২০; ৭:৭; গালা ৩:১৯-২২; ২৩-২৯)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর অর্থ আপনি আপনার নিজের বাইবেল অনুবাদের জন্য দায়িত্ববান। আমাদের প্রত্যেককে অবশ্যই যে আলো আমরা পেয়েছি সেই আলোতে চলতে হবে। আপনি, বাইবেল, এবং পবিত্র আত্মা হলেন অনুবাদের অগ্রণী। আপনি অবশ্যই ব্যাখ্যাকারকদের উপরে সব কিছু ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কিভাবে যিহুদীদের অবিশ্বস্ততা ঈশ্বরের প্রতিজ্ঞা প্রভাবিত করেছে? (৩:৩-৪)
২. ঈশ্বরের কাছে কি যিহুদী হওয়াতে বিশেষ কোন সুযোগ আছে? (৩:১-৮)
৩. ধরে নেওয়া প্রতিবাদকারীর পয়েন্ট কি ৫-৮ পদে?
৪. একজন কিভাবে জীবন যাপন করছে তা কি গণনা করা হয় যদি বিশ্বাসের মাধ্যমে ধার্মিকতা লাভকে কাজ থেকে আলাদা রাখা হয় (৩:৮)?
৫. সম্পূর্ণ নৈতিক দুঃস্থতা সম্বন্ধে ধর্মতত্ত্ব (ক্যালভিন) ব্যাখ্যা করুন (৩:১০-১৮)।
৬. মোশির ব্যবস্থা বা সাধারণের ব্যবস্থার উদ্দেশ্য কি ছিল (৩:২০; গালা ৩:২৪-২৫)?
৭. ১-৩ অধ্যায়ে মানুষের হারিয়ে যাওয়া নিয়ে আলোচনায় কেন শয়তানের কথা একেবারেই উল্লেখ করা হয়নি?

রোমীয় ৩:২১-৩১ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

ক. রোমীয় ৩:২১-৩১

১. ১:১৮-৩:২ পদের অনুভূতির সারাংশ
২. ১:১৬-১৭ পদের বন্ধিতকরণ
৩. ৪-৮ অধ্যায়ের ভূমিকা (বিশেষত: ৩:২৮)

খ. বিশ্বাসের মাধ্যমে অনুগ্রহে ধার্মিকতা লাভের মতবাদের এই চূড়ান্ত অনুভূতির সারাংশ বৈশিষ্ট্যমণ্ডিত হয়েছে সংস্কারবাদীদের দ্বারা।

১. মার্টিন লুথার “প্রধান পয়েন্ট ও প্রেরিত পত্রের এবং সমগ্র বাইবেলের একেবারে কেন্দ্রে”
২. জন ক্যালভিন “সমগ্র বাইবেলে সম্ভবত আর কোন প্যাসেজ নাই যেটি আরও গভীর ভাবে বলে খ্রীষ্টের ঈশ্বরের ধার্মিকতা।”

গ. এটি হল ইভানজেলিক্যাল খ্রীষ্টধর্মের ধর্মতত্ত্ব মূল বিষয়। এই প্রসঙ্গকে বোঝা হল খ্রীষ্ট ধর্মকে বোঝা। এটি হল দুই প্যারাগ্রাফের সারাংশের সুসমাচার যেভাবে যোহন ৩:১৬ পদ একটি পদে সুসমাচার। এটিই হল পৌলের সুসমাচার উপস্থাপনার হৃদয় এবং মন।

তিনটি মূল ব্যাখ্যা দানকারী প্রশ্ন হল:

১. “ব্যবস্থা” টার্মের অর্থ কি?
২. “ঈশ্বরের ধার্মিকতা” শব্দগুচ্ছের অর্থ কি?
৩. “বিশ্বাস” এবং “বিশ্বাস করা” টার্ম দুটির অর্থ কি?

ঘ. ২২ পদের (২৯ পদ) “সকল” শব্দের জন্য আমি ঈশ্বরকে ধন্যবাদ জানাই এবং ২৪ পদের (৫:১৫, ১৭; ৬:২৩) “দান” শব্দের জন্য।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ৩:২১-২৬

^{২১} কিন্তু এখন ব্যবস্থা ছাড়াই ঈশ্বরের ধার্মিকতা প্রকাশিত হয়েছে, আর ব্যবস্থা ও ভাববাদীদের দ্বারা সাক্ষ্য দেওয়া হচ্ছে, ^{২২} ঈশ্বরের সেই ধার্মিকতা যীশু খ্রীষ্টে বিশ্বাস দ্বারা যারা বিশ্বাস করে, তাদের সকলের প্রতি বর্তে; কারণ সেখানে কোন পার্থক্য নাই; ^{২৩} কারণ সকলেই পাপ করেছে এবং ঈশ্বরের গৌরব বিহীন হয়েছে, ^{২৪} তারা তাঁরই অনুগ্রহ দানে, খ্রীষ্ট যীশুতে প্রাপ্য মুক্তির মাধ্যমে ধার্মিক বলে গণ্য হয়; ^{২৫} তাঁকেই ঈশ্বর তাঁর রক্তে বিশ্বাস দ্বারা প্রায়শ্চিত্ত বলি হিসাবে সকলের সামনে প্রদর্শন করেছেন। এটি ছিল তাঁর নিজের ধার্মিকতা দেখান, কারণ ঈশ্বরের সহিষ্ণুতায় পূর্বে কৃত পাপ সমূহের প্রতি উপেক্ষা করা হয়েছিল; ^{২৬} যেন এখন যথা সময়ে, আমি বলি, তাঁর নিজের ধার্মিকতা দেখান, যেন তিনি নিজে ধার্মিক থাকেন, এবং যে কেউ যীশুতে বিশ্বাস করে, তাকেও ধার্মিক গণনা করেন। (অনুবাদকৃত টেক্সট)।

৩:২১ “কিন্তু এখন” পৌল নূতন নিয়মের (কভনেন্ট) সাথে পুরাতন নিয়মের, বিদ্রোহের পুরাতন যুগের সাথে ধার্মিকতার নূতন যুগের তুলনা করছেন। এটি তখন “বর্তমান কালে”-এর সাথে সমান্তরাল হবে (২৬ পদ; “কিন্তু এখন” ৬:২২; ৭:৬ পদের)।

□ “ব্যবস্থা ছাড়াই” এটি নিশ্চিত হওয়া কতকটা কঠিন যে পৌল মোশির ব্যবস্থা উল্লেখ (NASB) করছেন না সাধারণ নিয়মের (NRSV, TEV, NJB, NIV) কথা আরম্ভের এই অধ্যায়গুলিতে। এই প্রসঙ্গে যিহুদী ব্যবস্থা পৌলের যুক্তির সঙ্গে উপযুক্ত ভাবে খাপ খায়। প্রতিটি মানুষ নৈতিক, সামাজিক নিয়মবলী ভঙ্গ করেছে হয় আভ্যন্তরিন ভাবে না হয় বাহ্যিক ভাবে। পতিত মানুষ হিসাবে আমাদের সমস্যা এটা যে আমরা আমাদের স্বার্থপর, স্বার্থ-কেন্দ্রিক কামনা (আদি ৩) যেগুলি আধুনিক পশ্চিমা ব্যক্তি স্বাতন্ত্র্যবাদের বৈশিষ্ট্যমণ্ডিত সেগুলি ছাড়া অন্য কোন রকম নির্দেশনা চাইনা।

□

NASB “ঈশ্বরের ধার্মিকতা”
NKJV, NRSV “ঈশ্বরের ধার্মিকতা”
TEV “ঈশ্বরীয় উপায় হল লোকদের তাঁর নিজের ধার্মিকতা দান”
NJB “ঈশ্বরের উদ্ধারকারী ন্যায়পরায়নতা”

“ধার্মিকতার” সাথে কোন নির্দিষ্ট ARTICLE নেই। এটি ঈশ্বরের চরিত্র উল্লেখ করে না, কিন্তু ঈশ্বরীয় উপায়ে ক্ষমা দান এবং পাপী লোকদের গ্রহণ করা। এই শব্দগুচ্ছ রোমীয় ১:১৬-১৭ পদের ধর্মতাত্ত্বিক মূল ভাব-এ (theme) ব্যবহৃত হয়েছে। সম্পূর্ণ প্রকাশিত হাতিয়ার হল বিশ্বাস ক্রমশে হত যীশু খ্রীষ্টের উপরে (২২, ২৪-২৬)।

সত্য হল যে এই টার্ম (*dikaioōnē*) এবং এটি যেখান থেকে এসেছে (২:১৩ পদের নোট দেখুন) তা প্রায়ই ব্যবহৃত হয়েছে এই প্রসঙ্গে এর তাৎপর্য দেখিয়েছে (১:১৭; ৩:৫, ২১, ২২, ২৫, ২৬; ৪:৩, ৫, ৬, ৯, ১১, ১৩, ২২; ৫:১৭, ২১; ৬:১৩, ১৬, ১৮, ১৯, ২০; ৮:১০; ৯:২৮, ৩০, ৩১; ১০:৩, ৪, ৫, ৬, ১০, ১৭)। এই গ্রীক টার্ম এসেছে পুরাতন নিয়মে রূপকের (*tsadak*) গঠন “একটি মানদণ্ড” বা “একটি মাপার নলখাগড়া” (১:১৭ পদের বিশেষ নোট দেখুন) থেকে। মানদণ্ড হল ঈশ্বর নিজেই। এই টার্ম প্রতিফলিত করেছে ঈশ্বরের চরিত্র যেটি খ্রীষ্টে বিনামূল্যে পতিত মানবকে দেওয়া হয়েছে (৪ অধ্যায়; ২ করি ৫:২১)। তাদের প্রয়োজনকে স্বীকার এবং ঈশ্বরের দান গ্রহণ করা ছিল, এরকম, অহংকারী, আত্ম-কেন্দ্রিক মানুষের জন্য অত্যন্ত অপমানজনক -বিশেষ করে বৈধ, ধর্মীয় মানব জাতি।

□ “প্রকাশিত হয়েছে” এই শব্দগুচ্ছ ১:১৭ পদের মত একই রকমের। যাহোক, VERB TENSE পৃথক। এখানে ভাবটি অনুবাদ করা যেতে পারে, “হয়েছে এবং অবিরত স্পষ্টভাবে প্রকাশিত।” এটি একটি PERFECT PASSIVE INDICATIVE, যখন ১:১৭ পদের সংক্ষিপ্ত সার হল PRESENT PASSIVE INDICATIVE। ঈশ্বর সুসমাচার স্পষ্টভাবে প্রকাশ করেছেন পুরাতন নিয়মে (৪ অধ্যায়) এবং যীশুতে।

□ “ব্যবস্থা ও ভাববাদীদের দ্বারা সাক্ষ্য দেওয়া হচ্ছে” এটি উল্লেখ করছে ইব্রীয় নিয়মের [canon] (ব্যবস্থা, ভাববাদী ও লেখনীসমূহ) তিনটি বিভাগের মধ্যে দুইটি। এই প্রথম দুইটি, সম্পূর্ণটিই উল্লেখ করতে ব্যবহৃত হয়েছে (৩:১৯; মথি ৫:৫:১৭ পদের নোট দেখুন)। এটি স্পষ্টভাবে দেখায় যে পুরাতন নিয়মে সুসমাচার প্রাথমিক রূপে বিদ্যমান ছিল (লুক ২৪:২৭, ৪৪; প্রেরিত ১০:৪৩)। এটি পরবর্তীকালে যুক্ত ছিল না, “প্লান বি”, বা তাৎক্ষণিক প্রোগ্রাম (১:২)।

৩:২২ “যীশু খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে” এটি আক্ষরিক ভাবে “যীশু খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে”। এটি হল GENITIVE রূপ। এটি পুনরাবৃত্তি হয়েছে গালা ২:১৬ এবং ফিলি ৩:৯ পদে একই সঙ্গে একই রকম রোমীয় ৩:২৬; গালা ২:১৬, ২০; ৩:২২। এর অর্থ হতে পারে

১. বিশ্বাস অথবা যীশুর বিশ্বস্ততা (SUBJECTIVE GENITIVE)
২. যীশু হলেন আমাদের বিশ্বাসের বিষয় (OBJECTIVE GENITIVE)

একই ব্যাকরণগত রূপ গালা ২:১৬ পদে তৈরী করেছে #২ সবচেয়ে ভাল মনোনয়ন।

এটি দেখায় ঈশ্বরের ধার্মিক গণনার প্রধান দিক। এটি ঈশ্বরের ধার্মিকতা যা একজনের জীবনে কার্যকর হয় খ্রীষ্টের মাধ্যমে বিনামূল্যে দানের মাধ্যমে (৪:৫; ৬:২৩), যেটি অবশ্যই বিশ্বাসে/বিশ্বাস করে/নির্ভরতায় (ইফি ২:৮-৯) গ্রহণ করতে হবে এবং প্রতিদিনের জীবন সেভাবেই যাপন করতে হবে (ইফি ১:৪; ২:১০)।

□ “সকলের জন্য” সুসমাচার সকল মানুষের জন্য (২৪; যিশা ৫৩:৬; যিহি ১৮:২৩,৩২; যোহন ৩:১৬-১৭; ৪:৪২; ১ তীম ২:৪; ৪:১০; তীত ২:১১; ২ পিতর ৩:৯; ১ যোহন ২:১; ৪:১৪)। কি মহান সত্য! এটি অবশ্যই নির্বাচনের বাইবেলের সত্যের কিছু বনাম অন্যকিছু, কিন্তু নিয়মের অর্থে। পুরাতন নিয়মের নির্বাচন ছিল পরিচর্যার জন্য, কোন সুযোগ নয়! ঈশ্বরের প্রতিজ্ঞা পতিত মানবের উদ্ধার (আদি ৩:১৫)। ঈশ্বর ইশ্রায়েলের মাধ্যমে সকল মানুষকে আহ্বান করছেন এবং বেছে নিয়েছেন (আদি ১২:৩; যাত্রা ১৯:৫-৬)। ঈশ্বরের নির্বাচন খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে। ঈশ্বর সব সময়ই পরিব্রাণে অগ্রণী ভূমিকা পালন করেন (যোহন ৬:৪৪, ৬৫)। ইফিষীয় ১ এবং রোমীয় ৯ অধ্যায় সবচেয়ে শক্তিশালী বাইবেল প্যাসেজ পূর্ব অদৃষ্টবাদ মতবাদের যেটি আগস্টিন ও ক্যালভিন ধর্মতাত্ত্বিক ভাবে জোর দিয়েছিলেন।

ঈশ্বর কেবলমাত্র বিশ্বাসীদের পরিব্রাণের (ধার্মিক গণনা) জন্য বেছে নেননি, কিন্তু পবিত্রকরণের জন্যও (ইফি ১:৪; কল ১:১২)। এটি সম্পর্কযুক্ত হতে পারে

১. খ্রীষ্টে আমাদের মর্যাদা (২ করি ৫:২১)
২. ঈশ্বরের আকাংখ্যা তাঁর সন্তানদের মধ্যে তাঁর বৈশিষ্ট্য উৎপন্ন করা (রোমীয় ৮:২৮-২৯; গালা ৪:১৯; ইফি ২:১০)। ঈশ্বরের ইচ্ছা তাঁর সন্তানদের জন্য একদিন স্বর্গ এবং এখন খ্রীষ্ট সাদৃশ্যতা!

পূর্ব অদৃষ্টবাদের লক্ষ্য পবিত্রতা (ইফি ১:৪), সুযোগ নয়! ঈশ্বরের আহ্বান আদমের কিছু সংখ্যক সন্তানের জন্য নয় বরং সকলের জন্য! এটি ছিল ঈশ্বরের নিজের চরিত্রের আহ্বান (১ থিষ ৫:২৩; ২ থিষ ২:১৩)। পূর্ব অদৃষ্টবাদ থেকে ধর্মতাত্ত্বিক মানুষ হিসাবে ফেরাটা হল পবিত্র জীবনের পরিবর্তে মানবিক ধর্মতাত্ত্বিক পদ্ধতির দুঃখজনক পরিণতি। প্রায়ই আমাদের ধর্মতাত্ত্বিক নেটওয়ার্ক বাইবেলের লেখনীকে বিকৃত করে!

বিশেষ বিষয় দেখুন: ৮:৩৩ পদের নির্বাচন/পূর্ব অদৃষ্টবাদ এবং ধর্মতাত্ত্বিক সমতার প্রয়োজন।

□ “যারা বিশ্বাস করে” যীশু সকল মানুষের জন্য মরেছেন। সকল মানুষই রক্ষা পেতে পারে। এটি মানুষের ব্যক্তিগত গ্রহণ (PRESENT PARTICIPLE, বিশেষ বিষয় দেখুন ১০:৪ পদে) যা যীশুর ধার্মিকতাকে তাদের জীবনে প্রয়োগযোগ্য করে (১:১৬; যোহন ১:১২; ৩:১৬; ২০:৩১; রোমীয় ১০:৯-১৩; ১ যোহন ৫:১৩)। আরোপিত ধার্মিকতার বিষয়ে বাইবেল দুটি দিক উপস্থাপন করেছে: বিশ্বাস এবং মন পরিবর্তন (মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬,১৯; ২০:৩১ এবং ১:৫ পদের নোট দেখুন)। এই অংশ স্পষ্টভাবে সার্বজনীন পরিব্রাণের বিষয় প্রকাশ করেছে কিন্তু দুঃখজনক ও নিগূঢ় তত্ত্ব হল যে সকলে উদ্ধার পাবে না।

□ “কোন পার্থক্য নাই” একটি মাত্র উপায়ে এবং একজন ব্যক্তি যে ব্যক্তি (যিহুদী এবং পরজাতি) রক্ষা পেতে পারে (যোহন ১০:১-২,৭; ১১:২৫; ১৪:৬)। যে কোন লোক এবং প্রত্যেকে উদ্ধার পেতে পারে যীশু খ্রীষ্টে বিশ্বাস দ্বারা (১:১৬; ৪:১১,১৬; ১০:৪,১২; গালা ৩:২৮; কল ৩:১১)।

৩:২৩-২৬ এটি গ্রীকে একটি বাক্য।

৩:২৩

NASB, NKJV,

NRSV “সকলেই পাপ করেছে এবং গৌরব বিহীন হয়েছে”

TEV “সকল মানুষই পাপ করেছে এবং ঈশ্বর থেকে দূরে চলে গেছে”

NJB “পাপ করেছে এবং শাস্তির যোগ্য হয়েছে”

এটি ১:১৮-৩:২০ পদের একটি সারাংশ। প্রত্যেকেরই খ্রীষ্টের দ্বারা রক্ষা পাবার দরকার (৩:৯, ১৯; ১১:৩২; গালা ৩:২২; যিশা ৫৩:৬)। “পাপ করেছে” একটি AORIST ACTIVE INDICATIVE, যখন “অবিরত গৌরব বিহীন হয়েছে” হল একটি PRESENT MIDDLE INDICATIVE। সম্ভবত এই শব্দগুচ্ছ উভয়ই উল্লেখ করে (১) আদমে সকল মানুষই পতিত (৫:১২-২১) এবং (২) তাদের অবিরত একক ভাবে বিদ্রোহাত্মক কাজ। বর্তমান কোন ইংরাজি অনুবাদই নির্দিষ্ট ভাবে এই পার্থক্যটি প্রতিফলিত করেনি।

এই পদ ২১ পদের সঙ্গে ধর্মতাত্ত্বিক ভাবে সম্পর্কযুক্ত এবং ২৪ পদের সঙ্গে সরাসরি নয়।

□ “ঈশ্বরের গৌরব” মানুষ ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট (আদি ১:২৬-২৭), যেটি আর অন্য কোন সৃষ্ট জিনিসের বিষয়ে সত্য নয়। মানুষ গৌরবের ঈশ্বরের সঙ্গে সহভাগিতায় ছিল এবং তাঁর চরিত্র প্রতিফলিত করতো! পাপ সেই প্রতিমূর্তিকে ক্ষতিগ্রস্ত করেছে, কিন্তু খ্রীষ্টের মৃত্যু ও বিশ্বাসীদের বিশ্বাসের মধ্যে দিয়ে ঈশ্বরের অনুগ্রহ সেই প্রতিমূর্তিকে পুনরুদ্ধার করেছে (কল ৩:১০)।

পুরাতন নিয়মে সবচেয়ে সাধারণ ইব্রীয় শব্দ “গৌরব” (*kbd*) এর জন্য ছিল মূলত একটি বাণিজ্যিক টার্ম (যেটি উল্লেখ করে দাড়িপাল্লার জোড়া) যার অর্থ “ভারী হয়েছে”। নিচের বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: গৌরব

বাইবেলের যে ধারণা “গৌরব” সম্পর্কে তা ব্যাখ্যা করাটা কঠিন। বিশ্বাসীদের গৌরব বলতে তারা বোঝে সুসমাচার এবং ঈশ্বরের গৌরব, তাদের নিজেদের বিষয়ে নয় (যির ৯:২৩-২৪)।

পুরাতন নিয়মে “গৌরব”-এর জন্য সবচেয়ে প্রচলিত ইব্রীয় শব্দ (*kbd*, BDB 217) ছিল একটি বাণিজ্যিক টার্ম যেটি দাড়িপাল্লার সঙ্গে সম্পর্কযুক্ত (“ভারী হয়েছে”)। যেটি ভারী ছিল তা ছিল মূল্যবান বা সহজাত মূল্য ছিল। প্রায়ই উজ্জ্বলতার ধারণা শব্দের সঙ্গে যুক্ত করা হয়েছিল ঈশ্বরের মর্যাদা প্রকাশ করতে (যাত্রা ১৯:১৬-১৮; ২৪:১৭; যিশা ৬০:১-২)। তিনি একাই কেবলমাত্র যোগ্যতাসম্পন্ন ও সম্মানীয়। পতিত মানবের দেখার জন্য তিনি অত্যন্ত উজ্জ্বল (যাত্রা ৩৩:১৭-২৩; যিশা ৬:৫)। একমাত্র YHWH -কে জানা যেতে পারে খ্রীষ্টের মধ্যে দিয়ে (যোহন ১৪:৮-১১; কল ১:১৫; ইব্রীয় ১:৩; যাকোব ২:১)।

“গৌরব” টার্মটি মোটামুটি দ্ব্যর্থব্যাঞ্জক।

১. এটি হতে পারে “ঈশ্বরের ধার্মিকতার” সঙ্গে সমান্তরাল।
২. এটি উল্লেখ করতে পারে ঈশ্বরের “পবিত্রতা” বা “সিদ্ধতা”
৩. এটি হতে পারে ঈশ্বরের প্রতিমূর্তি যে প্রতিমূর্তিতে মানুষ সৃষ্ট হয়েছিল (আদি ১:২৬-২৭; ৫:১; ৯:৬), কিন্তু পরবর্তীকালে যেটি বিদ্রোহের কারণে নষ্ট হয়েছিল (আদি ৩:১-২২)। এটি প্রথম ব্যবহৃত হয়েছিল YHWH এর তাঁর লোকদের সঙ্গে উপস্থিতিতে প্রান্তরে তারা যখন ভ্রমণ করছিল যাত্রা ১৬:৭,১০; লেবীয় ৯:২৩ এবং গণনা ১৪:১০ পদে।

৩:২৪ “তাঁরই অনুগ্রহ দানে ধার্মিক গণ্য হয়” এটি একটি PRESENT PASSIVE PARTICIPLE। এটি হল যেখানে সুসমাচার আরম্ভ-ঈশ্বরের অনুগ্রহ যিনি ধার্মিকতা দান করেন (৫:১৫-১৭; ৬:২৩; ইফি ২:৮-৯)। গ্রীক টার্ম “ধার্মিক গণনা” (*dikaioō*) এসেছে একই মূল “ধার্মিকতা” (*dikaioōsunē*, দেখুন ১:১৭ পদে বিশেষ বিষয়) থেকে। ঈশ্বর সব সময়ই অগ্রণী ভূমিকা পালন করেন (যোহন ৬:৪৪, ৬৫)।

২৪-২৫ পদে তিনটি রূপক ব্যবহৃত হয়েছে পরিভ্রাণ বোঝাতে।

১. “ধার্মিক গণিত হওয়া” যেটি একটি বৈধ টার্ম যার অর্থ “কোন শাস্তি দেওয়া হয়নি” বা দোষী নয় বলে একজনকে ঘোষণা করা
২. “পরিভ্রাণ” এটি এসেছে ক্রীতদাস বাজার থেকে যার অর্থ “ফিরিয়ে আনা” বা “মুক্ত করা”
৩. “প্রায়শ্চিত্ত সাধন” যেটি এসেছে উপহার দানার্থক পদ্ধতি থেকে এবং অর্থ ঢেকে দেওয়ার বা প্রায়শ্চিত্তের স্থান

এটি উল্লেখ নিয়ম সিন্দুকের ঢাকনি যেখানে উপহারার্থক রক্ত রাখা হতো প্রায়শ্চিত্ত দিনে (লেবীয় ১৬: ইব্রীয় ৯:৫)।

বিশেষ বিষয়: নূতন নিয়মে কোন একজনের পরিভ্রাণের প্রমাণ

এটির ভিত্তি যীশুতে নূতন নিয়মে (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩৮):

১. পিতার চরিত্র (যোহন ৩:১৬), পুত্রের কাজ (২ করি ৫:২১) এবং আত্মার পরিচর্যা (রোমীয় ৮:১৪-১৬) কোন মানুষের কাজ নয়, বাধ্যতার জন্য কোন পাওনা নয়, কোন বিশ্বাস সূত্রও নয়
২. এটি একটি দান (রোমীয় ৩:২৪; ৬:২৩; ইফি ২:৫,৮-৯)
৩. এটি নূতন জীবন, একটি নূতন বিশ্ব-দর্শন (যাকোব এবং ১ যোহন)
৪. এটি জ্ঞান (সুসমাচার), সহভাগিতা (যীশুতে এবং তাঁর উপরে বিশ্বাস) এবং নূতন জীবন পদ্ধতি (আত্মা পরিচালিত খ্রীষ্টের সাদৃশ্যতা) এই তিনটি, কোন একটি নিজে নিজে হতে পারে না।
৫. দেখুন ১ যোহন ২:৩-৩:৩ পদের সত্যিকার পরিভ্রাণের পরীক্ষার প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি।

□ “দান” পৌল এই ধারণা কয়েকবার ব্যবহার করেছেন বিভিন্ন টার্মের ব্যবহারে।

১. *dōrean*, ADVERB, “বিনামূল্যে”
২. *dōrea*, NOUN, “বিনামূল্যে দান”
৩. *dōron*, NOUN, “দান” (ইফি ২:৮)
৪. *charisma*, NOUN, “দেনা মুক্ত” বা “স্বাধীন ভাবে সহায়তা” (১:১১; ৫:১৫, ১৬; ৬:২৩; ১১:২৯; ১২:৬)
৫. *charisomai*, VERB, “স্বাধীন ভাবে সহায়তা হিসাবে অনুমোদন” (৮:৩২)
৬. *charis*, NOUN, “স্বাধীন ভাবে সহায়তা” বা “বিনামূল্যে দত্ত” (৪:৪, ১৬; ১১:৫, ৬; ইফি ২:৫, ৮)

□ “খ্রীষ্ট যীশুতে প্রাপ্য মুক্তির মাধ্যমে” আমাদের পরিভ্রাণের হাতিয়ার হলেন যীশুর আমাদের পরিবর্তে মৃত্যু ও পুনরুত্থান। বাইবেলের দৃষ্টি কতটা মূল্য পরিশোধ করা হয়েছে সোদিকে নয় বা কার জন্য মূল্য পরিশোধ করা হয়েছে (আগস্টিন), কিন্তু প্রকৃত সত্য হল যে মানুষ পাপের দায় ও শাস্তি থেকে মুক্তি লাভ করেছে এক নির্দোষ প্রতিনিধির দ্বারা (যোহন ১:২৯; ২ করি ৫:২১; ১ পিতর ১:১৯)।

এই পদ আরও দেখায় আদি ৩:১৫ পদের মূল্য। যীশু অভিষাপকে ছিন্ন করেছেন (গালা ৩:১৩) এবং মৃত্যুবরণ (২ করি ৫:২১) করেছেন পতিত মানুষের পরিবর্ত হিসাবে। পরিভ্রাণ হতে পারে বিনামূল্যে দত্ত, কিন্তু নিশ্চিত ভাবেই এটি সস্তা নয়।

বিশেষ বিষয়: মুক্তিপণ/পুনরুদ্ধার

I. পুরাতন নিয়ম

ক. প্রাথমিক ভাবে দুটি ইব্রীয় বৈধ টার্ম রয়েছে যেগুলি এই ধারণা বহন করে

১. *Ga'al* (BDB 145, I), মূলত যার অর্থ “মূল্য পরিশোধে মুক্ত”। টার্মটির গঠনে *go'el* যুক্ত হয়ে এই ধারণা প্রকাশ করছে ব্যক্তিগত মধ্যস্থতা, সাধারণত পরিবারের একজন সদস্য (অর্থাৎ জ্ঞাতি মুক্তিকর্তা)। এই সংস্কৃতিগত পুরাতন বিষয় ক্রয়ের অধিকারের দিক, জীবজন্তু, ভূমি (লেবীয় ২৫, ২৭), অথবা আত্মীয় (রুত ৪:১৫; যিশা ২৯:২২) ধর্মতাত্ত্বিক ভাবে স্বাধীনতার হয়েছে YHWH মিসর থেকে ইস্রায়েলীয়দের উদ্ধারে (যাত্রা ৬:৬; ১৫:১৩; গীত ৭৪:২; ৭৭:১৫; যির ৩১:১১)। তিনি হয়েছেন “পুনরুদ্ধারকারী” (ইয়োব ১৯:২৫; গীত ১৯:১৪; ৭৮:৩৫; হিতো ২৩:১১; যিশা ৪১:১৪; ৪৩:১৪; ৪৪:৬, ২৪; ৪৭:৪; ৪৮:৭, ২৬;

- ৫৪:৫, ৮; ৫৯:২০; ৬০:১৬; ৬৩:১৬; যির ৫০:৩৪)।
২. *Padah* (BDB 804), মূলত যার অর্থ “মুক্ত করা” অথবা “উদ্ধার করা”
 ক. প্রথমজাতদের পুনরুদ্ধার (যাত্রা ১৩:১৩, ১৪ এবং গণনা ১৮:১৫-১৭)
 খ. দৈহিক পুনরুদ্ধার তুলনা করা হয়েছে আত্মিক পুনরুদ্ধারের সাথে (গীত ৪৯:৭, ৮, ১৫)
 গ. YHWH ইস্রায়েলীয়দের তাদের পাপ ও বিদ্রোহ থেকে উদ্ধার করবেন (গীত ১৩০:৭-৮)
- খ. কয়েকটি সম্পর্কযুক্ত টার্মের সাথে ধর্মতাত্ত্বিক ধারণা যুক্ত
১. একটি প্রয়োজন, বন্দিভুক্ত, শান্তির যোগ্য, কারাগারে বন্দি।
 ক. দৈহিক
 খ. সামাজিক
 গ. আত্মিক (গীত ১৩০:৮)
২. স্বাধীনতা, মুক্তি এবং পুনরুদ্ধারের জন্য একটি মূল্য অবশ্যই পরিশোধ করতে হবে।
 ক. ইস্রায়েল জাতির (দ্বি বি ৭:৮)
 খ. ব্যক্তিগত ভাবে (ইয়োব ১৯:২৫-২৭; ৩৩:২৮)
৩. কেউ একজন অবশ্যই মধ্যস্থতাকারী ও হিতকারীর ভূমিকা পালন করবেন। *gaal* অনুসারে ইনি সাধারণত পরিবারের সদস্য হন অথবা নিকটাত্মীয় (অর্থাৎ *go'el*, BDB 145)।
৪. YHWH প্রায়ই নিজেকে বর্ণনা করেছেন পারিবারিক টার্মে।
 ক. পিতা
 খ. স্বামী
 গ. নিকটাত্মীয় জ্ঞতি উদ্ধারকর্তা/প্রতিশোধদাতা
 উদ্ধার YHWH-র ব্যক্তিগত প্রতিনিধি দ্বারা সুরক্ষিত; মূল্য পরিশোধ করা হয়েছে, এবং পুনরুদ্ধার সংঘটিত হয়েছে!

II. নূতন নিয়ম

- ক. বেশ কয়েকটি টার্ম ব্যবহৃত হয়েছে ধর্মতাত্ত্বিক ধারণা প্রকাশ করতে।
১. *Agorazō* (১ করি ৬:২০; ৭:২৩; ২ পিতর ২:১; প্রকা ৫:৯; ১৪:৩-৪)। এটি একটি বাণিজ্যিক টার্ম যেটি প্রতিফলিত করে কোন কিছুর জন্য মূল্য পরিশোধ করা। আমরা রক্তে-ক্রীত লোক আমরা আমাদের জীবনকে নিয়ন্ত্রণ করতে পারি না। আমরা খ্রীষ্টের।
২. *Exagorazō* (গালা ৩:১৩; ৪:৫; ইফি ৫:১৬; কল ৪:৫)। এটিও বাণিজ্যিক টার্ম। এটি প্রতিফলিত করে আমাদের পরিবর্তে যীশুর মৃত্যু। যীশু ব্যবস্থা কার্য-ভিত্তিক (মোশির ব্যবস্থা। ইফি ২:১৪-১৬; কল ২:১৪), “অভিশাপ” কে ছিন্ন করেছেন, যেটি পাপী মানুষ কখনোই সম্পাদন করতে পারতো না। তিনি আমাদের সকলের জন্য অভিশাপ (দ্বি বি ২১:২৩) ছিন্ন করেছেন (মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১)! যীশুতে ঈশ্বরের ন্যায় বিচার ও ভালবাসা সমন্বিত হয়েছে সম্পূর্ণ ক্ষমা, গ্রহণ ও প্রবেশে!
৩. *Luō*, “স্বাধীন করা”
 ক. *Lutron*, “মূল্য পরিশোধ” (মথি ২০:২৮; মার্ক ১০:৪৫)। এগুলি শক্তিশালী শব্দ যীশুর নিজের মুখের তাঁর আগমনের উদ্দেশ্যের বিষয়ে, জগতের উদ্ধার কর্তা হতে যে দেনা তিনি করেন নাই সেই পাপের দেনা পরিশোধে (যোহন ১:২৯)।
 খ. *Lutroō*, “মুক্ত করা”
 (১) ইস্রায়েলকে পুনরুদ্ধার (লুক ২৪:২১)
 (২) লোকদের পুনরুদ্ধার ও ঋণটি করতে নিজেকে প্রদান (তীত ২:১৪)
 (৩) নির্দোষ বিকল্প হতে (১ পিতর ১:১৮-১৯)
 গ. *Lutrōsis*, “পুনরুদ্ধার”, “মুক্ত করা” বা “স্বাধীনতা”
 (১) যীশুর সম্বন্ধে সখরিয়ের ভাববাণী, লুক ১:৬৮
 (২) যীশুর জন্য হান্নার ঈশ্বরের প্রশংসা, লুক ২:৩৮
 (৩) যীশুই উত্তম, একবারই উৎসর্গ দান করেছেন, ইব্রীয় ৯:১২
৪. *Apolytrō sis*
 ক. দ্বিতীয় আগমনে পুনরুদ্ধার (থেরিত ৩:১৯-২১)
 (১) লুক ২১:২৮
 (২) রোমীয় ৮:২৩
 (৩) ইফিষীয় ১:১৪; ৪:৩০
 (৪) ইব্রীয় ৯:১৫
 খ. খ্রীষ্টের মৃত্যুতে পুনরুদ্ধার
 (১) রোমীয় ৩:২৪
 (২) ১ করিন্থীয় ১:৩০
 (৩) ইফিষীয় ১:৭
 (৪) কলসীয় ১:১৪
৫. *Antilytron* (১ তীম ২:৬)। এটি একটি গুরুত্বপূর্ণ পাঠ (যেভাবে তীত ২:১৪ পদে) যেটির সংযোগ ক্রুশে যীশুর বিকল্প মৃত্যুকে মুক্ত করে। তিনি একজন এবং একমাত্র গ্রহণযোগ্য উৎসর্গ, যিনি “সকলের” জন্য মরেছেন (যোহন ১:২৯; ৩:১৬-১৭; ৪:৪২; ১

তীম ২:৪; ৪:১৪; তীত ২:১১; ২ পিতর ৩:৯; ১ যোহন ২:২; ৪:১৪)।

খ. নূতন নিয়মে ধর্মতাত্ত্বিক ধারণা।

১. মানুষ পাপের দাস হয়েছে (যোহন ৮:৩৪; রোমীয় ৩:১০-১৮; ৬:২৩)।

২. পুরাতন নিয়মের মোশির ব্যবস্থা (গালা ৩) এবং পর্বতে দত্ত যীশুর উপদেশ (মথি ৫-৭) মানুষের পাপে বন্দি অবস্থা প্রকাশ করেছে। মানুষের কাজ মৃত্যুর যোগ্য হয়ে পড়েছে (কল ২:১৪)।

৩. যীশু ঈশ্বরের নির্দোষ মেসশাবক, এ জগতে এসেছিলেন এবং আমাদের স্থানে মৃত্যুবরণ করেছিলেন (যোহন ১:২৯; ২ করি ৫:২১)। পাপ থেকে আমাদের ক্রয় করা হয়েছে যেন আমরা ঈশ্বরের সেবা করতে পারি (রোমীয় ৬)।

৪. YHWH এবং যীশু “নিকটাত্মীয়ের” ইঙ্গিত দেয় যিনি আমাদের পক্ষে কাজ করছেন। এটি পারিবারিক রূপকের ধারাবাহিকতা (অর্থাৎ পিতা, স্বামী, পুত্র, ভাই, নিকটাত্মীয়)।

৫. পুনরুদ্ধার শয়তানকে দেওয়া কোন মূল্য ছিল না (মধ্যযুগের ধর্মতত্ত্ব), কিন্তু ঈশ্বরের বাক্য ও তাঁর ন্যায় বিচারের সাথে ঈশ্বরের ভালবাসা ও খ্রীষ্টে সম্পূর্ণ ভবিষ্যৎ বন্দোবস্ত। ক্রুশে শান্তি পুনরুদ্ধার হয়েছে, মানুষের বিদ্রোহ ক্ষমা হয়েছে, মানুষের মাঝে ঈশ্বরের প্রতিমূর্তি এখন সম্পূর্ণ ভাবে আবার ঘনিষ্ঠ সহভাগিতায় কাজ করছে!

৬. এছাড়াও পরিভ্রাণে ভবিষ্যতের বিষয় রয়েছে (রোমীয় ৮:২৩; ইফি ১:১৪; ৪:৩০), যেটিতে আমাদের পুনরুত্থিত দেহ এবং ত্রিভু ঈশ্বরের সঙ্গে ঘনিষ্ঠ ব্যক্তিগত সম্পর্ক অন্তর্ভুক্ত। আমাদের পুনরুত্থিত দেহ তাঁর মত হবে (১ যোহন ৩:২)। তাঁর একটি দৈহিক দেহ ছিল, কিন্তু অতিরিক্ত পরিমাপ যোগ্য দিক। ১ করিছীয় ১৫:১২-১৯ পদের সাথে ১ করিছীয় ১৫:৩৫-৫৮ পদ অসঙ্গত মনে হলেও সঙ্গত বলে ব্যাখ্যা করা কঠিন। স্পষ্টত দৈহিক, জাগতিক দেহ এবং স্বর্গীয়, আত্মিক দেহ রয়েছে। যীশুর দুটিই ছিল!

৩:২৫

NASB

“যাঁকে ঈশ্বর সকলের সামনে প্রদর্শন করেছেন”

NKJV

“যাঁকে ঈশ্বর সম্মুখে রেখেছিলেন”

NRSV

“যাঁকে ঈশ্বর অগ্রবর্তী করেছিলেন”

TEV

“ঈশ্বরের উপহার”

NJB

“যিনি ঈশ্বর দ্বারা নিয়োজিত হয়েছিলেন”

এটি একটি *protithēmi* এর AORIST MIDDLE INDICATIVE (রোমীয় ১:১৩ এবং ইফি ১:৯ পদের। এর অর্থ “উদ্দেশ্যে,” যেভাবে রোমীয় ৮:২৮ পদে NOUN করেছে), যার অর্থ ঈশ্বর নিজে তাঁর হৃদয় এবং অন্তর প্রকাশ করেছেন খ্রীষ্টের মৃত্যুর মাধ্যমে (ইফি ১:৯; গালা ৩:১)। ঈশ্বরের অনন্তকালীন উদ্ধারের পরিকল্পনা (শ্রেণিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; ১৩:২৯; ২৬:২২; এবং বিশেষ বিষয় ১:৫ পদে) অন্তর্ভুক্ত যীশুর উৎসর্গ (যিশা ৫৩:১০; প্রকা ১৩:৮)। ৯:১১ পদের নোট দেখুন।

□ “প্রদর্শন করেছেন” *endeiknumai* (*endeixis*, ৩:২৫, ২৬) এই গ্রীক টার্ম ব্যবহৃত হয়েছে বেশ কয়েকবার রোমীয়তে (২:১৫; ৯:১৭, ২৩; LXX যাত্রা ৯:১৬)। এর মূল অর্থ প্রকাশ করা প্রদর্শন করা। ঈশ্বর চেয়েছেন মানুষ যেন স্পষ্টভাবে বোঝে তাঁর পুনরুদ্ধারের উদ্দেশ্য, পরিকল্পনা, এবং ধার্মিকতা। এই প্রসঙ্গ বাইবেল ভিত্তিক বিশ্ব-দর্শন প্রতিষ্ঠা করেছে

১. ঈশ্বরের চরিত্র সম্বন্ধে
২. খ্রীষ্টের কাজ সম্বন্ধে
৩. মানুষের প্রয়োজন সম্বন্ধে
৪. পুনরুদ্ধারের উদ্দেশ্য সম্বন্ধে।

ঈশ্বর চান যেন আমরা বুঝি! এই প্রসঙ্গ খুব গুরুত্বপূর্ণ খ্রীষ্টধর্ম সম্পর্কে সঠিক উপলব্ধি। কিছু কিছু শব্দ এবং শব্দগুচ্ছ দ্ব্যর্থব্যাঞ্জক অথবা অন্য বেশ কয়েকটি উপায়ে বোঝা যেতে পারে, কিন্তু সামগ্রিক ভাবে এর জোড়াল আবেদন খুব স্পষ্ট এবং পরিকল্পিত। এই প্রসঙ্গ ধর্মতাত্ত্বিক ভাবে সুসমাচারের জন্য ধ্রুব তারা।

□

NASB

“তাঁর রক্তে প্রায়শ্চিত্ত বলি হিসাবে”

NKJV

“তাঁর রক্তের দ্বারা প্রায়শ্চিত্ত হওয়া”

NRSV

“তাঁর রক্তের দ্বারা প্রায়শ্চিত্ত উৎসর্গ হিসাবে”

TEV

“সেজন্য তাঁর রক্তের দ্বারা তিনি একটি উপায় হবেন যার মাধ্যমে লোকের পাপ ক্ষমা করা হবে”

NJB

“তাঁর জীবন উৎসর্গ যেন পুনর্মিলন জয়যুক্ত হয়”

গ্রীক-রোমীয় জগতে এই শব্দ বহন করছে সহভাগিতার পুনরুদ্ধারের ধারণা বিচ্ছিন্ন হয়ে যাওয়া ঈশ্বরের সঙ্গে মূল্য পরিশোধের মাধ্যমে। যাহোক, এই অর্থে এটি সেপ্টুয়াজিটে ব্যবহৃত হয়নি। এটি ব্যবহৃত হয়েছে সেপ্টুয়াজিটে এবং ইব্রীয় ৯:৫ পদে যেখানে অনুবাদ করা হয়েছে “অনুগ্রহ সিংহাসন” (যাত্রা ২৫:২১-২২; লেবীয় ১৬:১২-১৫), যেটি ছিল নিয়ম সিন্দুকের ঢাকনা যেটি থাকতো মহা পবিত্র স্থানে, যে জায়গায় প্রায়শ্চিত্ত লাভ হতো জাতির পক্ষে প্রায়শ্চিত্ত দিনে (লেবীয় ১৬)। স্পষ্টত পৌল উৎসর্গের রূপক ব্যবহার করেছেন ইস্রায়েলের উৎসর্গের পদ্ধতি থেকে (অর্থাৎ লেবীয় ১-৭)। এই রূপক (অর্থাৎ, প্রায়শ্চিত্ত, মুক্তিপণ, উৎসর্গ) কেবলমাত্র বোঝা যাবে পুরাতন নিয়মে ঈশ্বরের বাণীর সংযোগ থেকে। পৌল অবশ্যই ব্যাখ্যা করেছেন সকল মানুষের প্রতি সেগুলির সুসামঞ্জস্যতা। YHWH নিজেকে প্রকাশ করেছেন অব্রাহাম/ইশ্রায়েল থেকে সকলের কাছে; যারা তাঁর প্রতিমূর্তি; যারা বিদ্রোহী; প্রত্যেকেই খ্রীষ্টের (যিহূদীদের মশীহ) উপরে বিশ্বাসের মাধ্যমে রক্ষা পেতে পারে।

এই টার্ম অবশ্যই আলোচনা করেছে এন একটি উপায় নিয়ে যা কোনভাবেই পাপের প্রতি ঈশ্বরের বিরূপতাকে খাটো করে না, কিন্তু নিশ্চিত করে পাপীদের প্রতি তাঁর ইতিবাচক পুনরুদ্ধারের মনোভাব। এ বিষয়ে ভাল আলোচনা পাওয়া যাবে জেমস স্টুয়ার্টের 'A Man in Christ, pp. 214-224। এক ভাবে এটি সম্পন্ন করা যায় টার্মটি অনুবাদ করে যেন এটি খ্রীষ্টের কাজকে প্রতিফলিত করে; “এক প্রায়শ্চিত্তমূলক উৎসর্গ”, অথবা “প্রায়শ্চিত্তমূলক ক্ষমতার সাথে”।

“তাঁহার রক্তে” একটি ইব্রীয় উপায় ঈশ্বরের নির্দোষ মেসশাবকের (যোহন ১:২৯) অন্যের পরিবর্তে উৎসর্গের বিষয় উল্লেখ। এই ধারণা সম্পূর্ণ বুঝতে লেবীয় ১-৭ অধ্যায় অত্যন্ত গুরুত্বপূর্ণ সেই সঙ্গে ১৬ অধ্যায়ের প্রায়শ্চিত্ত দিন। রক্ত উল্লেখ করে এক পাপহীন জীবন দোষীর পক্ষে দেওয়া হয়েছে (যিশা ৫২:১৩-৫৩:১২)। সকলের জন্য একজন মরছেন (৫:১২-২১)!

□ “বিশ্বাসের মাধ্যমে” এখানে আবার সেই একই পদ্ধতি (১:১৭; ৩:২২, ২৫, ২৬, ২৭, ২৮, ৩০) যে কেউ এবং প্রত্যেকের জন্য ব্যক্তিগত উপকার সুপ্রাপ্য যীশুর বিকল্প মৃত্যুতে।

এই শব্দগুচ্ছ বাদ দেওয়া হয়েছে প্রাচীন uncial (লেখার একটি স্টাইল) পাল্লিলিপি A -তে ৫ম শতক (যদিও গ্রীক টেক্সট Chrysostom ব্যবহার করেছেন) এবং ১২ শতকের uncial MS (2127) থেকে। এটি অন্য সব প্রাচীন গ্রীক পাল্লিলিপিতে অন্তর্ভুক্ত হয়েছে। কোনটিতে DEFINITE ARTICLE (MSS P⁴⁰, B, C³, D³) আছে “বিশ্বাস” এর সাথে এবং কোনটিতে নেই (MSS κ , C^{*}, D^{*}, F, G), যদিও এটি অর্থের উপরে কোন প্রভাব ফেলে না। UBS³ এর মূল্যায়ন এর অন্তর্ভুক্তি B হিসাবে (প্রায় নির্দিষ্ট)।

□ “তাঁর ধার্মিকতা দেখানোর জন্য” ঈশ্বর অবশ্যই সত্য তাঁর চরিত্রে এবং তাঁর বাক্যে (মালাখী ৩:৬)। পুরাতন নিয়মে পাপ করা প্রাণ অবশ্যই মরবে (আদি ২:১৭; যিহি ১৮:৪,২০)। ঈশ্বর বলেছেন তিনি দোষীকে নির্দোষ সাব্যস্ত করবেন না (যাত্রা ২৩:৭)। ঈশ্বর পতিত মানুষকে খুব ভালবাসেন যার জন্য তিনি ইচ্ছুক হলেন মানুষ হতে, ব্যবস্থা পরিপূর্ণ করলেন এবং পতিত মানুষের স্থানে মরলেন (৫:১২-২১)। ঈশ্বরের ভালবাসা এবং ন্যায় পরায়ণতা যীশুতে পাওয়া যায় (২৬ পদ)।

□

NASB, NKJV,

NRSV “পূর্বে কৃত পাপ সমূহের প্রতি উপেক্ষা করা হয়েছিল”

TEV

“পূর্ব কালে তিনি ধৈর্য ধারণ এবং লোকদের পাপ উপেক্ষা করেছিলেন”

NJB

“অতীতে যখন পাপের শাস্তি প্রদান করা হয়নি”

টার্ম “উপেক্ষা করা” হল *paresis*, যেটি কেবলমাত্র নূতন নিয়মে ব্যবহার করা হয়েছে এবং সেপ্টুয়াজিটে কখনো নয়। গ্রীক আদি পিতারা এবং জেরোম এটিকে এর গ্রীক আক্ষরিক অর্থ “ঋণের ক্ষমাদান” সহ নিয়েছেন (Moulton and Milligan, p. 493)। যদিও *pariēmi*, VERB যার থেকে এটি এসেছে তার অর্থ “পাশে অতিক্রম করতে দাও” বা “স্বাচ্ছন্দ বোধ করা” (লুক ১১:৪২)।

প্রশ্ন হল যে ঈশ্বর কি অতীতে পাপের ক্ষমা করেছেন ভবিষ্যতে খ্রীষ্টের কাজের দিকে তাকিয়ে অথবা তিনি সহজভাবে তা উপেক্ষা করেছেন এটা জেনে যে খ্রীষ্টের ভবিষ্যৎ মৃত্যু পাপের সমস্যা নিয়ে কাজ করবে? ফলাফল একই। মানবের পাপ, অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ, খ্রীষ্টের উৎসর্গের দ্বারাই মিমাংসিত হবে।

এটি ছিল ঈশ্বরের অনুগ্রহের অতীত কাজ ভবিষ্যতে খ্রীষ্টের কাজের দিকে লক্ষ্য রেখে (শ্রেণিত ১৭:৩০; রোমীয় ৪:১৫; ৫:১৩) সেই সঙ্গে বর্তমান ও ভবিষ্যৎ কাজ (২৬ পদ)। ঈশ্বর পাপকে হালকা ভাবে কখনো দেখেন না নেন না, কিন্তু তিনি যীশুর উৎসর্গকে গ্রহণ করেন মানুষের বিদ্রোহের পরিপূর্ণ এবং চূড়ান্ত উপশম হিসাবে। এটা আর ঈশ্বরের সাথে ঘনিষ্ঠতায় বাধা হয় না, যেটি ছিল সৃষ্টির উদ্দেশ্য (আদি ১:২৬-২৭)।

৩:২৬ ২৫ পদের “ধার্মিকতা” টার্মটির শব্দতন্ত্র ২৬ পদের “ধার্মিক” এবং “ধার্মিক গণনাকারী” টার্মের সঙ্গে সম্পর্ক যুক্ত। ঈশ্বরের ইচ্ছা খ্রীষ্টে বিশ্বাসের মধ্যে দিয়ে বিশ্বাসীদের জীবনে তাঁর বৈশিষ্ট্য প্রকাশ পাবে। যীশু আমাদের ধার্মিকতা হয়েছেন (২ করি ৫:২১), কিন্তু বিশ্বাসীদের অবশ্যই তাঁর ধার্মিকতা, তাঁর সাদৃশ্যতা নিশ্চিত করতে হবে (৮:২৯; মথি ৫:৪৮; লেবীয় ১৯:২)। ১:১৭ পদে বিশেষ বিষয় দেখুন।

□

NASB, NKJV,

NRSV

“যে কেউ যীশুকে বিশ্বাস করে”

TEV

“প্রত্যেকে যারা যীশুকে বিশ্বাস করে”

NJB

“প্রত্যেকে যাদের যীশুতে বিশ্বাস রয়েছে”

REB

“যে কেউ যীশুতে বিশ্বাস রাখে”

NET

“যীশুর বিশ্বস্ততার কারণে যে জীবন যাপন করে”

গ্রীক টেক্সটে আছে “একজনের যীশুতে বিশ্বাস”। সমস্যা আসে বহুজনের GENITIVE GENITIVE ব্যবহারে (দেখুন G. B. Caird, *The Language and Imagery of the Bible*, p. 99)। বেশীর ভাগ ইংরাজি অনুবাদ একে দেখেছে একজন ব্যক্তির যীশুতে বিশ্বাস করা/বিশ্বাস/নির্ভরতা হিসাবে। NET বাইবেল একে নিয়েছে ৩:২২ পদের উল্লেখ হিসাবে। যদিও, ২২ পদে রয়েছে উভয়েরই উল্লেখ

১. যীশুর বিশ্বস্ততা

২. বিশ্বাসীদের বিশ্বাস

পরিত্রাণ হল যীশুর বিশ্বস্ততার ফলাফল যেটি অবশ্যই গ্রহণ করতে হবে (৩০ পদ)।

NASB (আপডেটেড) টেক্সট: ৩:২৭-৩০

^{২৭} অতএব গর্ব কোথায় থাকলো? তা দূরী হল। কেমন ব্যবস্থা দ্বারা? কাজের ব্যবস্থা দ্বারা? না, কিন্তু বিশ্বাসের ব্যবস্থা দ্বারা। ^{২৮} কারণ আমাদের মীমাংসা এই যে, ব্যবস্থার কাজ ছাড়া বিশ্বাস দ্বারাই মানুষ ধার্মিক বলে গণ্য হয়। ^{২৯} ঈশ্বর কি কেবল যিহুদীদের ঈশ্বর? তিনি কি পরজাতীয়দেরও ঈশ্বর নন? হ্যাঁ, পরজাতীয়দেরও ঈশ্বর, ^{৩০} কেননা বাস্তবিক ঈশ্বর এক, আর তিনি ছিন্নভুক লোকদেরকে বিশ্বাসের জন্য এবং অচ্ছিন্নভুক লোকদেরকেও বিশ্বাস দ্বারাই ধার্মিক বলে গণনা করবেন। (অনুবাদকৃত টেক্সট)।

৩:২৭ “গর্ব কোথায় থাকলো” ARTICLE উপস্থিতি “গর্ব”-র সাথে প্রতিফলিত করতে পারে যিহুদীদের অহংকারকে (২:১৭,২৩)। সুসমাচার হল নত ও নম্র। পতিত মানব (যিহুদী ও পরজাতি) নিজেদের সাহায্য করতে পারে না (ইফি ২:৮-৯)। বিশেষ বিষয় দেখুন: ২:৭ পদে গর্ব।

কেবলমাত্র আর একটু সংক্ষিপ্ত নোট আমার পূর্বের মন্তব্যকে ব্যাখ্যা করতে। যদিও মানুষ ঈশ্বরের ভালবাসা ও ক্ষমার দাবী করতে পারে না, তাদের নিজেদের পরিত্রাণে এর কোন অংশও নাই। মানুষকে তাদের পাপ/দোষ বুঝতে হবে এবং খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের দান গ্রহণ করতে হবে। ঈশ্বর পতিত মানবের সঙ্গে “নিয়মের” দ্বারা বন্দোবস্ত করেছেন। আমাদের অবশ্যই সাড়া প্রদান করতে হবে এবং সাড়া প্রদান করে যেতেই হবে।

১. মন পরিবর্তন
২. বিশ্বাস
৩. বাধ্যতা
৪. ধৈর্য ধারণ

ঈশ্বরের সঙ্গে সম্পর্কে আমাদের গুরুত্বপূর্ণ অংশটি করতে হবে। আমরা অবশ্যই সাড়া প্রদানকারী! স্বাধীন ইচ্ছা খুব গুরুত্বপূর্ণ যেমন সার্বভৌম হিসাবে বাইবেলের মতবাদ। বাইবেল, প্রাচ্যের বই হিসাবে, চাপে-পূর্ণ জোড়ায় উপস্থাপিত সত্য।

বিশেষ বিষয়: প্রাচ্য সাহিত্য

বড় ছবি-বাইবেল ভিত্তিক অসামঞ্জস্য অথচ সামঞ্জস্যপূর্ণ

১. ব্যক্তিগত ভাবে অর্ন্তদৃষ্টি আমার কাছে খুব সাহায্যকারী একজন হিসাবে যে ঈশ্বরের বাক্য হিসাবে বাইবেল ভালবাসে ও তাতে নির্ভর করে। বাইবেল গুরুত্ব সহকারে নেবার চেষ্টাতে এটি স্পষ্ট হয়েছে যে ভিন্ন ভিন্ন টেক্সট সত্য প্রকাশ করেছে নির্বাচিত, তবে পদ্ধতিগত উপায়ে নয়। একটি অনুপ্রাণিত টেক্সট বাতিল করা বা হীন করা যেতে পারে না আর একটি অনুপ্রাণিত টেক্সটের সাথে! সকল শাস্ত্র জানার মাধ্যমে সত্য আসে (সকল শাস্ত্র, কিছু সংখ্যক নয়, অনুপ্রাণিত, ২ তীম ৩:১৬-১৭), একটি মাত্র প্যাসেজ উদ্ধৃতিতে নয় (proof-texting)!
২. বেশীর ভাগ বাইবেলীয় সত্য (প্রাচ্য সাহিত্য) উপস্থাপিত হয়েছে কথপোকথন বা paradoxical (স্ববিরোধি) দ্বৈতে (মনে করুন নূতন নিয়মের লেখকদের, লুক ছাড়া, তারা ইব্রীয় চিন্তাবিদ, সারারণ গ্রীকে লিখেছেন। প্রজ্ঞা সাহিত্য এবং কাব্যধর্মী সাহিত্য সমান্তরাল লেখায় সত্য উপস্থাপন করেছে। বিপরীত সমান্তরাল বাদ কার্যকর স্ববিরোধির মত। এই ভ্রান্ত সমান্তরাল বাদ কার্যকর সমান্তরাল প্যাসেজের মত)। যে ভাবেই হোক উভয়ই সমান ভাবে সত্য! এই স্ববিরোধিতা যন্ত্রণাদায়ক আমাদের লালিত, সহজ সরল ঐতিহ্যে!
 - ক. পূর্ব অদৃষ্টবাদ বনাম মানুষের স্বাধীন ইচ্ছা
 - খ. বিশ্বাসীদের সুরক্ষা বনাম ধৈর্য ধারণের আবশ্যিকতা
 - গ. আদি পাপ বনাম ইচ্ছাকৃত পাপ
 - ঘ. ঈশ্বর হিসাবে যীশু বনাম মানুষ হিসাবে যীশু
 - ঙ. পিতার সঙ্গে যীশু সমান বনাম পিতার অধীনে যীশু
 - চ. ঈশ্বরের বাক্য হিসাবে বাইবেল বনাম মানবিক লেখকত্ব
 - ছ. পাপহীনতা (ত্রুটিহীনতাবাদ, রোমীয় ৬) বনাম কম পাপকারী
 - জ. প্রারম্ভিক তাৎক্ষণিক ধার্মিক গণনা করণ এবং পবিত্র করণ বনাম উন্নয়নশীল পবিত্রকরণ
 - ঝ. বিশ্বাস দ্বারা ধার্মিক গণনা (রোমীয় ৪) বনাম কাজ দ্বারা ধার্মিকতা নিশ্চিত করণ (যাকোব ২:১৪-২৬)
 - ঞ. খ্রীষ্টিয় স্বাধীনতা রোমীয় ১৪:১-২৩; ১ করি ৮:১-১৩; ১০:২৩-৩৩) বনাম খ্রীষ্টিয় দায়িত্ব (গালা ৫:১৬-২১; ইফি ৪:১)
 - ট. ঈশ্বরের transcendence (মানবিকতাকে অতিক্রম) বনাম তাঁর সর্ব বিরাজমানতা
 - ঠ. চূড়ান্ত ভাবে ঈশ্বর জানার যোগ্য নয় হিসাবে বনাম শাস্ত্র ও খ্রীষ্টে জানার যোগ্য
 - ড. পৌলের পরিত্রাণ বিষয়ে অনেক রূপক
 - (১) দত্তক গ্রহণ
 - (২) পবিত্রকরণ
 - (৩) ধার্মিক গণনা করণ
 - (৪) পুনরুদ্ধার
 - (৫) গৌরবান্বিত করণ
 - (৬) পূর্ব অদৃষ্টবাদ
 - (৭) পুনর্মিলন
 - ঢ. ঈশ্বরের রাজ্য বর্তমান হিসাবে বনাম ভবিষ্যৎ consummation (সম্পূর্ণতা)
 - ণ. মন পরিবর্তন ঈশ্বরের দান হিসাবে বনাম মন পরিবর্তন পরিত্রাণের জন্য বাধ্যবাধকতার সাড়া প্রদান হিসাবে (মার্ক ১:১৫; প্রেরিত ২০:২১)

ত.	পুরাতন নিয়ম স্থায়ী বনাম পুরাতন নিয়মের সময় চলে গেছে এবং এটি নিষ্ফল ও শূন্য (মথি ৩:১৭-১৯ বনাম ৫:২১-২৮; রোমীয় ৭ পদ বনাম গালা ৩)
খ.	বিশ্বাসীরা দাস/ক্রীতদাস অথবা সন্তান/উত্তরাধিকার

□ “তা দূরীকৃত হল” এই টার্ম (*ek* [বাইরে] সহ *kleiō* [বন্ধ]) ব্যবহৃত হয়েছে কেবলমাত্র এখানে এবং গালা ৪:১৭ পদে। এর আক্ষরিক ভাবে অর্থ “বন্ধ করা হইল”।

□ “বিশ্বাসের ব্যবস্থা দ্বারা” ঈশ্বরের নূতন ব্যবস্থা যিরমিয় ৩১:৩১-৩৪ পদের (যিহি ৩৬:২২-৩৮) কাজের উপরে ভিত্তি করে নয়, কিন্তু নির্ভরতা/বিশ্বাস/বিশ্বাস করা (*pistis*) তাঁর দয়াময় চরিত্র ও প্রতিজ্ঞাতে। পুরাতন ও নূতন উভয় নিয়মেই এর অর্থ পতিত মানুষের ঈশ্বরের চরিত্রে (ধার্মিক, অর্থাৎ লেবীয় ১৯:২; মথি ৫:৪৮; রোমীয় ৮:২৯) পরিবর্তন।

৩:২৮ “আমাদের মীমাংসা এই যে, ব্যবস্থার কাজ ছাড়া বিশ্বাস দ্বারাই মানুষ ধার্মিক বলে গণ্য হয়” এটি ৩:২১-২৬ পদের সারাংশ এবং ৪-৮ অধ্যায়ের পূর্ব ছায়া (২ তীম ১:৯; তীত ৩:৫)। পরিত্রাণ বিনামূল্যে দান খ্রীষ্টের কৃত সম্পূর্ণ কাজে বিশ্বাসের মধ্যে দিয়ে লাভ হয় (৩:২৪; ৫:১৫,১৭; ৬:২৩; ইফি ২:৮-৯)। যাহোক, পরিপক্বতা হল “সবকিছুর মূল্য” বাধ্যতার জীবন, পরিচর্যা এবং আরাধনা (গালা ৫:৬; ইফি ২:১০; ফিলি ২:১২; এবং ১:৫ পদের নোট দেখুন)।

৩:২৯ ঈশ্বরের প্রতিজ্ঞা সবসময়ই সকল মানুষ যারা তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট তাদের পুনরুদ্ধার করা (আদি ১:২৬-২৭; ৫:১; ৯:৬)। আদি ৩:১৫ পদের পুনরুদ্ধারের প্রতিজ্ঞা আদমের সকল বংশধরদের জন্য। তিনি অব্রাহামকে বেছে নিয়েছিলেন জগতকে বেছে নিতে (আদি ১২:৩১; যাত্রা ১৯:৪-৬; যোহন ৩:১৬)।

এই পদ, যেমন ৩:৯ পদ, হতে পারে উত্তেজনা প্রতিফলিত করছে রোমীয় মন্ডলীতে বিশ্বাসী যিহুদী নেতৃত্বের, যারা রোম ত্যাগ করেছিলেন নিরোর যিহুদী আরাধনা নিষিদ্ধ করণের কারণে যার ফলে বিশ্বাসী পরজাতীয়দের নেতৃত্ব আসে, যারা যিহুদীদের স্থলাভিষিক্ত হয়েছিল। ৯-১১ অধ্যায় হতে পারে এই একই উত্তেজনার বিষয়ে বলা হয়েছে।

৩:৩০

NASB	“বাস্তবিক ঈশ্বর এক”
NKJV	“বাস্তবিক কেবলমাত্র একজনই ঈশ্বর”
NRSV	“বাস্তবিক ঈশ্বর এক”
TEV	“ঈশ্বর এক”
NJB	“বাস্তবিক একজনই মাত্র ঈশ্বর”

এটি একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE যেটি লেখকের দিক থেকে অথবা তার সাহিত্যের উদ্দেশ্যে ধরে নেওয়া হয় সত্য বলে। যদি এক ঈশ্বর বাদ সত্য হয় তবে তিনি অবশ্যই সকল লোকের ঈশ্বর হবেন।

বিশেষ বিষয়: এক ঈশ্বরবাদ

“এক ঈশ্বরবাদের” (একজন কেবলমাত্র একজনই ঈশ্বর) ধারণা, বহু ঈশ্বরবাদের “সর্বোচ্চ ঈশ্বর” বা ইরানীয়দের দ্বৈতবাদের ভাল ঈশ্বর (Zoroastrianism) নন, কিন্তু ইস্রায়েলীয়দের কাছে অনন্য (অব্রাহাম, খ্রীষ্ট পূর্ব ২০০০)। কেবল মাত্র একজন সংক্ষিপ্ত দুর্লভ ব্যতিক্রম মিসরীয়দের (Amenhotep IV, যিনি পরিচিত Akhenaten বলে, খ্রীষ্ট পূর্ব ১৩৬৭-১৩৫০ অথবা ১৩৮৬-১৩৬১)।

এই ধারণা পুরাতন নিয়মে বেশ কয়েকটি শব্দগুচ্ছে প্রকাশ করা হয়েছে।

১. “YHWH মত কেউ নেই যিনি আমাদের, *Elohim*” যাত্রা ৮:১০; ৯:১৪; দ্বি বি ৩৩:২৬; ১ রাজা ৮:২৩
২. “তিনি ছাড়া আর কেউ নেই”, দ্বি বি ৪:৩৫,৩৯; ৩২:৩৯; ১ শমূ ২:২; ২ শমূ ২২:৩২; যিশা ৪৫:২১; ৪৪:৬,৮; ৪৫:৬,২১
৩. “YHWH এক,” দ্বি বি ৬:৪; রোমীয় ৩:৩০; ১ করি ৮:৪,৬; ১ তীম ২:৫; যাকোব ২:১৯
৪. “তাঁর মত কেউ নয়,” ২ শমূ ৭:২২; যির ১০:৬
৫. “তুমিই একমাত্র ঈশ্বর,” গীত ৮৬:১০; যিশা ৩৭:১৬
৬. “আমার আগে কোন ঈশ্বর হয়নি, এবং আমার পরেও কোন ঈশ্বর হবে না,” যিশা ৪৩:১০
৭. “আর অন্য কেউ নেই; আমি ছাড়া...আর অন্য কেউ নেই,” যিশা ৪৫:৫, ৬, ২২
৮. “আর কেউই নেই, অন্য কোন ঈশ্বর নেই,” যিশা ৪৫:১৪,১৮
৯. “আমি ছাড়া আর কোন ঈশ্বর নেই,” যিশা ৪৫:২১
১০. “আর কেউ নেই...আমার মত আর কেউ নেই,” যিশা ৪৬:৯

এটা অবশ্যই স্বীকার করতে হবে যে এই গুরুত্বপূর্ণ মতবাদ প্রকাশিত হয়েছে উন্নয়নশীল উপায়ে। প্রাথমিক বক্তব্য বোঝা যেতে পারে “henotheism” (একমাত্র একজনই ঈশ্বর) অথবা ব্যবহারিক এক ঈশ্বর বাদ হিসাবে (আরও দেবতা রয়েছে, কিন্তু কেবলমাত্র একজনই দেবতা আমাদের জন্য, যাত্রা ১৫:১১; ২০:২,৫; দ্বি বি ৩:২৮; ৫:৭; ৬:৪,১৪; ১০:১৭; ৩২:১২; ১ রাজা ৮:২৩; গীত ৮৩:১৮; ৮৬:৮; ১৩৬:১-২)।

প্রথম টেক্সট যা উল্লেখ করতে শুরু করেছে একবচনত্ব (দার্শনিক ভাবে এক ঈশ্বরবাদ) প্রথম দিকে (যাত্রা ৮:১০; ৯:১৪; দ্বি বি ৪:৩৫,৩৯;

৩৩:২৬)। পরিপূর্ণ এবং প্রতিদ্বন্দ্বি দাবী পাওয়া যায় যিশাইয় ৪৩-৪৫ অধ্যায়ে (৪৩:১১; ৪৪:৬, ৮; ৪৫:৭, ১৪, ১৮, ২২; ৪৬:৫, ৯)।

নূতন নিয়ম পরোক্ষ ভাবে দ্বি বি ৬:৪ পদ উল্লেখ করেছে রোমীয় ৩:৩০; ১ করি ৮:৪,৬; ইফি ৪:৬; ১ তীম ২:৫; এবং যাকোব ২:১৯ পদে। যীশু তাঁর প্রথম আদেশে এটি উদ্ধৃত করেছেন মথি ২২:৩৬-৩৭; মার্ক ১২:২৯-৩০; লুক ১০:২৭ পদে। পুরাতন নিয়ম, সেই সঙ্গে নূতন নিয়ম, বলতে চেষ্টা করেছে অন্যান্য আত্মিক সত্তার (মন্দ আত্মা, দূতগণ) বাস্তবতাকে, কিন্তু একজনই মাত্র সৃষ্টিকর্তা/উদ্ধারকর্তা ঈশ্বর (YHWH, আদি ১:১)।

বাইবেল অনুসারে এক ঈশ্বর বাদ বৈশিষ্ট্যমণ্ডিত যার দ্বারা

১. ঈশ্বর এক এবং অদ্বিতীয় (ontology ধরে নেওয়া হয়, সুনির্দিষ্ট নয়)
২. ঈশ্বর ব্যক্তিগত (আদি ১:২৬-২৭; ৩:৮)
৩. ঈশ্বর নৈতিকতাময় (যাত্রা ৩৪:৬; নহি ৯:১৭; গীত ১০৩:৮-১০)
৪. ঈশ্বর তাঁর প্রতিমূর্তিতে মানুষকে সৃষ্টি করেছেন (আদি ১:২৬-২৭) সহভাগিতার জন্য (অর্থাৎ, #২)। তিনি একজন ঈর্ষাধিত ঈশ্বর(যাত্রা ২০:২-৩)

নূতন নিয়ম থেকে

১. ঈশ্বরের তিনটি অনন্তকালীন, ব্যক্তিগত প্রকাশ রয়েছে (বিশেষ বিষয় দেখুন: ৮:১১ পদে ত্রিভুত)
২. ঈশ্বর নিখুঁত এবং যীশুতে সম্পূর্ণরূপে প্রকাশিত (যোহন ১:১-১৪; কল ১:১৫-১৯; ইব্রীয় ১:২-৩)
৩. পতিত মানবের জন্য ঈশ্বরের অনন্তকালীন পরিকল্পনা হল তাঁর একমাত্র পুত্রের উৎসর্গদানের মধ্যে দিয়ে পুনরুদ্ধার (যিশা ৫৩; মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১; ফিলি ২:৬-১১; ইব্রীয়)

□ “তিনি ছিলত্বক গোচদেরকে বিশ্বাসে জন্য ধার্মিক গণ্য করবেন” গ্রীক শব্দ “ধার্মিক গণনা করা” এসেছে একই মূল “ধার্মিকতা” থেকে। দেখুন বিশেষ বিষয় ১:১৭ পদে। একটিই মাত্র পথ ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কের জন্য (রোমীয় ৯:৩০-৩২)। পরিভ্রাণের জন্য দুটি অবশ্যকীয় বিষয় বিশ্বাস ও মন পরিবর্তন (মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬,১৯; ২০:২১; আরও ১:৫ পদের নোট দেখুন)। এটি যিহুদী পরজাতি সকলের জন্যই সত্য।

□ “বিশ্বাস দ্বারা..... বিশ্বাসের মধ্যে দিয়ে” এই দুটি বাক্যাংশের মধ্যে স্পষ্ট দুটি parallelism (সমান্তরাল বাদ)। এখানে PREPOSITIONS *ek* এবং *dia* ব্যবহৃত হয়েছে একই অর্থে। কোন স্মারিতা পরিলক্ষিত হয় না।

NASB (আপডেটেড) টেক্সট: ৩:৩১

“তবে আমরা কি বিশ্বাস দ্বারা ব্যবস্থা নিষ্ফল করছি? এমন কখনো না হোক! অপর দিকে, ব্যবস্থা প্রতিষ্ঠা করছি। (অনুবাদকৃত টেক্সট)।

৩:৩১

NASB	“তবে আমরা কি বিশ্বাস দ্বারা ব্যবস্থা নিষ্ফল করছি”
NKJV	“তবে আমরা কি ব্যবস্থা বিশ্বাস দ্বারা বাতিল করছি”
NRSV	“তবে আমরা কি এই বিশ্বাস দ্বারা ব্যবস্থা ছুড়ে ফেলছি”
TEV	“এর অর্থ কি এই যে বিশ্বাস দ্বারা আমরা ব্যবস্থা থেকে দূরে সরে যাচ্ছি”
NJB	“আমরা কি বলছি যে বিশ্বাস ব্যবস্থাকে নিষ্ফল করছে”

নূতন নিয়ম পুরাতন নিয়মকে দুটি ভিন্ন ভাবে উপস্থাপন করেছে।

১. এটি অনুপ্রাণিত, ঈশ্বর দত্ত প্রত্যাদেশ যা কখনো বিলিন হয়ে যাবে না (মথি ৫:১৭-১৯; রোমীয় ৭:১২, ১৪, ১৬)
২. এটি বাতিল এবং বিলিন হয়ে গেছে (ইব্রীয় ৮:১৩)।

পৌল “নিষ্ফল হয়ে গেছে” এই টার্মটি অন্তত ২৫ বার ব্যবহার করেছেন। এটি অনুবাদ হয়েছে “নিষ্ফল ও শূন্য করা,” “ক্ষমতাহীন করা” এবং “কার্যকারীতাহীন করা।” ৩:৩ পদে বিশেষ বিষয় দেখুন। পৌলের কাছে ব্যবস্থা ছিল অভিভাবক মত (গালা ৩:২৩) এবং শিক্ষকের মত (গালা ৩:২৪), কিন্তু অনন্ত জীবন দিতে পারে না (গালা ২:১৬,১৯; ৩:১৯)। এটি হল মানুষের দোষারপের ভিত্তি (গালা ৩:১৩; কল ২:১৪)। মোশির ব্যবস্থা কার্যকর ছিল প্রকাশ ও নৈতিক পরীক্ষার জন্য যেভাবে করা হয়েছে “সদৃশ জ্ঞান দায়ক বৃক্ষ”।

পৌল “ব্যবস্থা” বলতে কি বুঝিয়েছেন তা অনিশ্চিত।

১. যিহুদী ধর্মের ধার্মিকতার কাজের পদ্ধতি
২. পরজাতি বিশ্বাসীদের জন্য একটি মঞ্চ যার মধ্যে দিয়ে খ্রীষ্টে পরিভ্রাণের দিকে যাওয়া যায়(গালাতিয়ার Judaizers [ব্যবস্থা পালনে বিষয়ে গোঁড়া])
৩. একটি মানদণ্ড যার ভিত্তিতে সকল মানুষ গৌরব বিহীন হয়েছে (রোমীয় ১:১৮-৩:২০; ৭:৭-২৫; গালা ৩:১-২৯)।

□ “আমরা ব্যবস্থা প্রতিষ্ঠা করছি” পূর্ববর্তী শব্দগুচ্ছের আলোকে, এই শব্দগুচ্ছের অর্থ কি? এটি উল্লেখ করতে পারে যে

১. ব্যবস্থা কোন পরিভ্রাণের পথ নয় কিন্তু এটি অবিচল নৈতিক পথ প্রদর্শক
২. এটি “বিশ্বাসে ধার্মিক গণিত হওয়া” মতবাদ পরীক্ষা সিদ্ধ করে, ৩:২১; ৪:৩ (আদি ১৫:৬; গীত ৩২:১-২; ১০-১১)
৩. ব্যবস্থার দুর্বলতা (মানুষের বিদ্রোহ, রোমীয় ৭; গালা ৩) সম্পূর্ণরূপে খ্রীষ্টের মৃত্যু দ্বারা পরিতৃপ্ত করা হয়েছিল, ৮:৩-৪
৪. প্রত্যাদেশের উদ্দেশ্য হল মানুষের মাঝে ঈশ্বরের প্রতিমূর্তির পুনরুদ্ধার

ব্যবস্থা, ধার্মিকতা লাভের পরে, সত্যিকার ধার্মিকতা বা খ্রীষ্ট সাদৃশ্যতার সত্যিকার পথ প্রদর্শক হয়ে পড়ে। দেখুন বিশেষ বিষয়: ১৩:৯ পদে পৌলের মোশির ব্যবস্থার প্রতি দৃষ্টিভঙ্গি।

দুঃখজনক স্ববিরোধিতা হল এই যে ব্যবস্থা ঈশ্বরের ধার্মিকতা প্রতিষ্ঠায় ব্যর্থ হয়েছে, কিন্তু এর নিষ্ফলতার দ্বারা, বিশ্বাসের মাধ্যমে ঈশ্বরের অনুগ্রহ দানের উপায়ে খ্রীষ্টিয়ানেরা ধার্মিক, ঈশ্বর ভক্তির জীবন যাপন করতে পারে। ব্যবস্থার লক্ষ্য মিলিত হওয়া, মানুষের কার্য দ্বারা নয়, কিন্তু খ্রীষ্টে বিনামূল্যে দত্ত ঈশ্বরের অনুগ্রহ দ্বারা! “সংস্থাপন” এর জন্য বিশেষ বিষয় দেখুন: ৫:২ পদে দাঁড়ান।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর অর্থ আপনি আপনার নিজের বাইবেল অনুবাদের জন্য দায়িত্ববান। আমাদের প্রত্যেককে অবশ্যই যে আলো আমরা পেয়েছি সেই আলোতে চলতে হবে। আপনি, বাইবেল, এবং পবিত্র আত্মা হলেন অনুবাদের অগ্রণী। আপনি অবশ্যই ব্যাখ্যাকারকদের উপরে সব কিছু ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. আপনার নিজের কথায় রোমীয় ২:২১-৩১ পদের রূপরেখা করুন।
২. অতীতে কেন ঈশ্বর মানুষের পাপকে উপেক্ষা করেছেন (২৫ পদ)?
৩. কিভাবে পুরাতন নিয়মের বিশ্বাসীরা পাপ থেকে মুক্ত হয়েছে (৩:২৫)?
- 📖👉 কিভাবে যীশুর উপরে বিশ্বাস ব্যবস্থাকে নিশ্চিত করে (৩:৩১)?

রোমীয় ৪

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
অব্রাহামের উদাহরণ	বিশ্বাসে অব্রাহাম ধার্মিক গণিত হন	বিশ্বাসে অব্রাহাম ধার্মিক গণিত হন	অব্রাহামের উদাহরণ	বিশ্বাসে অব্রাহাম ধার্মিক গণিত হন
৪:১-১২	৪:১-৪ দায়ুদ একই সত্য উপভোগ করেছেন ৪:৫-৮ অব্রাহাম ধার্মিক গণিত হয়েছেন তুকেদের আগেই	৪:১-৮	৪:১-৮	৪:১-৮ তুকেদের আগেই ধার্মিক গণিত হওয়া
বিশ্বাসের মাধ্যমে প্রতিজ্ঞার উপলব্ধি	বিশ্বাসের মাধ্যমে প্রতিজ্ঞার অনুমোদন	অব্রাহামের সত্যিকার কংশধরগণ	ঈশ্বরের প্রতিজ্ঞা গ্রহণ করা	ব্যবস্থার প্রতি বাধ্যতার দ্বারা ধার্মিক গণিত হয় না
৪:১৩-২৫	৪:১৩-২৫	৪:১৩-১৫ ৪:১৬-২৫	৪:১৩-১৫ ৪:১৬-২৫	৪:১৩-১৭ অব্রাহামের বিশ্বাস হল খ্রীষ্টিয় বিশ্বাসের নমুনা ৪:১৮-২৫

পাঠ চক্র তিন(দেখুন পৃষ্ঠা viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. পৌলের বিশ্বাসের ধর্মতত্ত্ব বর্ণিত হয়েছে ৩:২১-৩১ পদে যেখানে বলতে চেষ্টা করা হয়েছে যে পতিত মানবকে ঘোষণা করা হয়েছে ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কে বিনামূল্যে দত্ত হিসাবে, যা সম্পূর্ণ ভাবে মোশির ব্যবস্থার বিপরিত। স্পষ্টত পৌলের মনে যিহুদী বিরোধিতা ছিল! পৌল এখানে প্রমাণ করতে চেষ্টা করছেন পুরাতন নিয়মের অব্রাহাম ও দায়ুদের উদাহরণ (৬-৮ পদ) দিয়ে যে তার সুসমাচার কোন উদ্ভাবিত (৩:২১) বিষয় ছিল না।

- খ. রোমীয় ৪ অধ্যায় উপস্থাপন করেছে প্রমাণ যেটি মোশির ব্যবস্থা থেকে নেওয়া হয়েছিল, আদি পুস্তক-দ্বিতীয় বিবরণ, ধার্মিক গণনার মতবাদ বিশ্বাসের মধ্যে দিয়ে অনুগ্রহের দ্বারা। এর সারাংশ করা হয়েছে ৩:২১-৩১ পদে। যিহুদীদের জন্য, মোশির লেখা থেকে একটি উদ্ধৃতির বিরাট ধর্মতাত্ত্বিক ওজন ছিল, বিশেষ করে অব্রাহামের সঙ্গে সম্পর্কে, যাকে দেখা হয় যিহুদী জাতির আদি পিতা হিসাবে। দায়ুদকে দেখা হয় যে মশীহ আসছেন তাঁর প্রতিক্রম হিসাবে (২ শমূয়েল ৭)।
- গ. রোমীয় মন্ডলীতে বিশ্বাসী যিহুদী ও পরজাতি বিশ্বাসীদের মধ্যকার উত্তেজনা হতে পারে এই আলোচনার উপলক্ষ্য। এটি সম্ভব যে যিহুদী খ্রীষ্টিয়ান নেতারা সম্রাট নিরোর (যিনি সকল যিহুদী ধর্মীয় অনুষ্ঠান নিষিদ্ধ করেছিলেন) দ্বারা বাধ্য হয়েছিল রোম ছেড়ে যেতে। মধ্যবর্তী সময়কালে তাদের স্থানে পরজাতি খ্রীষ্টিয়ানরা নেতৃত্বের স্থানে বসেছিলেন। অতঃপর প্রথম দলের ফিরে আসার পরে কে আসলে নেতৃত্বের মর্যাদায় থাকবেন তা নিয়ে বিতর্ক দেখা দিয়েছিল।
- ঘ. রোমীয় ৪ অধ্যায় দেখায় যে পতিত মানুষের যে আত্মিক আলো রয়েছে তারই সমন্বয়ে সব সময়ই উদ্ধার পেয়েছে ঈশ্বরের প্রতি বিশ্বাস এবং মন পরিবর্তনের মাধ্যমে ঈশ্বরের অনুগ্রহ দ্বারা (আদি ১৫:৬; রোমীয় ৪:৩)। নূতন নিয়ম (সুসমাচার, যির ৩১:১৩-৩৪; যিহি ৩৬:২২-৩৮) অনেক দিক থেকে পুরাতন নিয়ম থেকে ব্যাপক ভাবে ভিন্ন নয়।
- ঙ. বিশ্বাসের মাধ্যমে অনুগ্রহের দ্বারা ধার্মিকতার লাভের উপায় সকলের জন্য উন্মুক্ত, কেবলমাত্র আদি পিতা বা ইস্রায়েল জাতির জন্য নয়। এখানে পৌল অব্রাহামকে ব্যবহারের মাধ্যমে তার ধর্মতাত্ত্বিক যুক্তি তর্ক উন্নয়ন ও প্রসারিত করছেন, যেটি তিনি গালা ৩ অধ্যায়ে পূর্বে উন্নয়ন করেছিলেন।
- চ. আমি অবশ্যই স্বীকার করি যে সেটি সুসমাচার প্রচার হিসাবে, রোমীয় ৩:২১-৩১; ৪:১-২৫; ৫:১-২১ এবং গালাতীয় ৩ অধ্যায় হল চূড়ান্ত টেক্সট। এগুলি খ্রীষ্ট ধর্মকে এমন একটি উপায়ে ব্যাখ্যা করে যা আমি বুঝতে পারি! আমার প্রত্যাশা যার উপরে রয়েছে
১. ঈশ্বরের অনুগ্রহ
 ২. খ্রীষ্টের কাজ
 ৩. শাস্ত্রের নির্ভরযোগ্যতা
 ৪. পৌলের স্পষ্ট লেখনী

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ৪:১-৮

^১ তবে কি বলবো যে অব্রাহাম, মাংসের সম্বন্ধে আমাদের আদি পিতা, তিনি কি পেয়েছেন ^২ কারণ অব্রাহাম যদি কাজের জন্য ধার্মিক বলে গণ্য হয়ে থাকেন, তবে গর্বের বিষয় তার আছে, কিন্তু ঈশ্বরের সামনে নাই। ^৩ কারণ শাস্ত্রে কি বলে? “অব্রাহাম ঈশ্বরে বিশ্বাস করলেন, এবং তা তার পক্ষে ধার্মিকতা বলে গণ্য হল।” ^৪ এখন যে কাজ করে, তার বেতন ত তার পক্ষে অনুগ্রহের বিষয় বলে নয়, প্রাপ্য বলে গণিত হয়। ^৫ কিন্তু যে লোক কাজ করে না, তাঁরই উপরে বিশ্বাস করে যিনি ভক্তিহীনকে ধার্মিক গণনা করেন, তার বিশ্বাসই ধার্মিকতা বলে গণ্য হয়। ^৬ এই ভাবে দায়ুদও সেই লোককে ধন্য বলে উল্লেখ করেন যার পক্ষে ঈশ্বর কাজ ছাড়াই ধার্মিকতা গণনা করেন: ^৭ “ধন্য যাদের অধর্ম ক্ষমা হয়েছে, যাদের পাপ আচ্ছাদিত হয়েছে।” ^৮ ধন্য সেই লোক, যার পক্ষে প্রভু পাপ গণনা করেন না।” (অনুবাদকৃত টেক্সট)।

৪:১ “তবে কি বলবো যে অব্রাহাম, মাংসের সম্বন্ধে আমাদের আদি পিতা” অব্রাহামের নামের অর্থ “বহুলোকের পিতা” (১৬-১৮ পদ)। তার আসল নাম অব্রাম, অর্থ “প্রশংসিত পিতা”। এখানে যে সাহিত্যের কৌশল ব্যবহৃত হয়েছে তাকে বলা হয় তীব্র সমালোচনা (৪:১; ৬:১; ৭:৭; ৮:৩১; ৯:১৪,৩০)। অব্রাহামকে (আদি ১১:২৭-২৫:১১) ব্যবহারের কারণ উদাহরণ হিসাবে নিচের যে কোন একটি

১. কারণ যিহুদীরা তাদের বংশগত উৎপত্তিকে এই কৃতিত্ব দিয়েছিল (মথি ৩:৯; যোহন ৮:৩৩, ৩৭, ৩৯)
২. কারণ তার নিজের ব্যক্তিগত বিশ্বাস নিয়মের নমুনার সঙ্গে উদাহরণ হিসাবে ব্যাখ্যা করা (আদি ১৫:৬)
৩. তার বিশ্বাস মোশির ব্যবস্থা দানের পূর্বকার (যাত্রা ১৯-২০)
৪. তিনি ভ্রান্ত শিক্ষকদের দ্বারা ব্যবহৃত হয়েছিলেন (অর্থাৎ, Judaizers, গালাতীয়রা)

কিছু কারণে প্রাচীন অধ্যাপকেরা দ্বিধাগ্রস্ত ছিলেন দুটির মধ্যে

১. পূর্ব পুরুষ, MSS, κ^{*2} , A, C*
২. পিতা, MSS κ^1 , C³, D, E, G

সম্ভবত এটি এই প্রশ্ন নিয়ে আলোচনা করেছে ইস্রায়েল জাতির অব্রাহামের পূর্ব পুরুষ (অর্থাৎ আদি পিতা, পৌল যিহুদীদের উদ্দেশ্যে বলছিলেন) বনাম সকলের পিতা হিসাবে যারা ঈশ্বরের উপরে বিশ্বাস অনুশীলন করবে (যিহুদী ও পরজাতি উভয়েরই পিতা, ২:২৮-২৯)।

□ “মাংস” ১:৩ পদে বিশেষ বিষয় দেখুন।

৪:২ “যদি” এটি একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE (A. T. Robertson, *Word Pictures*, vol. 4, p. 350), যেটি ধরে নেওয়া হয় লেখকের দিক থেকে অথবা তার সাহিত্যগত উদ্দেশ্যের দিক থেকে সত্য। এটি একটি ভাল উদাহরণ প্রথম FIRST CLASS CONDITIONAL SENTENCE এর যা বাস্তবতায় ভ্রান্ত, কিন্তু একটি ধর্মতাত্ত্বিক পয়েন্ট উল্লেখ করা হয়েছে (১৪ পদ)।

Joseph A. Fitzmyer, *The Anchor Bible*, vol. 33, p. 372, বলেছেন, এটি হতে পারে একটি মিশ্র শর্তসাপেক্ষ বাক্য যার প্রথম অংশ দ্বিতীয় শ্রেণী (সত্যের বিপরিত, “যদি” অব্রাহাম কাজ দ্বারা ধার্মিক গণিত হয়েছিলেন যেটি তিনি ছিলেন না...) এবং দ্বিতীয় অংশটি হয়েছে প্রথম শ্রেণী।

□ “কাজের দ্বারা ধার্মিক গণিত হওয়া” এটি খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে অনুগ্রহের দ্বারা ধার্মিক গণিত হওয়ার ঠিক বিপরীত। যদি এই ভাবে মানুষের প্রচেষ্টা (৪:৪) দ্বারা পরিত্রাণ লাভ সম্ভব হতো, তবে এটি খ্রীষ্টের পরিচর্যা কাজকে অপ্রয়োজনীয় করতো। ব্যবস্থার কাজ দ্বারা ধার্মিক গণিত হওয়া ঠিক সেরকমই যেরকম অনেক যিহুদী রাব্বি চেষ্টা করেছেন অব্রাহামের সঙ্গে সংযুক্ত করতে (*Wisdom ১০:৫; Ecclesiasticus ৪৪:২০-২১; I Mac ২:৫২; ৬:১৯-২০; Jubilees ১৫:১-২*)। পৌল, একজন রাব্বিদের ছাত্র হিসাবে, সম্পূর্ণ রূপে ওয়াকিবহাল ছিলেন এই পাঠ সম্বন্ধে।

যাহোক, পুরাতন নিয়ম স্পষ্ট ভাবে দেখিয়েছে পতিত মানুষের ঈশ্বরীয় নিয়মের কাজ করতে অক্ষমতাকে। সেজন্য পুরাতন নিয়ম একটি অভিশাপ, একটি মৃত্যু দণ্ড হয়েছে (গালা ৩:১৩; কল ২:১৪)।

যিহুদী পণ্ডিতেরা জানতো যে মোশির ব্যবস্থার আগে অব্রাহাম এ জগতে ছিলেন, কিন্তু তারা বিশ্বাস করতো যে তিনি ব্যবস্থার প্রত্যাশী ছিলেন এবং তা পালন করতেন(*Ecclesiasticus ৪৪:২০ এবং Jubilees ৬:১৯; ১৫:১-২*)।

□ “তবে গর্বের বিষয় তার আছে” এই মূল ভাব (থিম) প্রায়ই পৌলের লেখায় এসেছে। ফরীশী হিসাবে এই সমস্যা তাকে স্পর্শকাতর করেছে (৩:২৭; ১ করি ১:২৯; ইফি ২:৮-৯)। বিশেষ বিষয় দেখুন: ২:১৭ পদে গর্ব বা শ্লাঘা।

৪:৩

NASB, NKJV,

NRSV, TEV “অব্রাহাম ঈশ্বরে বিশ্বাস করলেন”

NJB

“অব্রাহাম ঈশ্বরের উপরে বিশ্বাস রাখলেন”

এটি আদি ১৫:৬ পদের একটি উদ্ধৃতি। এই অধ্যায়ে পৌল এটি তিন বার ব্যবহার করেছেন (৪:৩, ৯, ২২), যেটি আমাদের দেখায় পৌলের পরিত্রাণের বিষয়ে ধর্মতাত্ত্বিক উপলব্ধিতে এর গুরুত্ব। পুরাতন নিয়মে “বিশ্বাস” টার্মের অর্থ অনুগত, বিশ্বস্ত, বা নির্ভরযোগ্যতা এবং ঈশ্বরের প্রকৃতির একটি বর্ণনা, আমাদের নয়। এটি এসেছে ইব্রীয় টার্ম (*emun, emunah*) থেকে যার অর্থ “নিশ্চিত বা অটল হওয়া।” উদ্ধারকারী বিশ্বাস হল

১. মানসিক সম্মতি (একগুচ্ছ সত্যের উপরে)
২. ইচ্ছাশক্তির অঙ্গীকার (একটি সিদ্ধান্ত)
৩. নৈতিক জীবন যাপন (একটি জীবন পদ্ধতি)
৪. প্রাথমিকভাবে সম্পর্কগত (একজন ব্যক্তিকে স্বাগতম)

বিশেষ বিষয় দেখুন, ১:৫ পদে পুরাতন নিয়মে বিশ্বাস করা, নির্ভরতা, বিশ্বাস ও বিশ্বস্ততা।

এটি অবশ্যই গুরুত্ব দেয় যে অব্রাহামের বিশ্বাস ভবিষ্যৎ মশীহের উপরে ছিল না কিন্তু ঈশ্বরের প্রতিজ্ঞায় যে তার সন্তান এবং বংশধর হবে (আদি ১২:২; ১৫:২-৫; ১৭:৪-৮; ১৮:১৪)। অব্রাহাম ঈশ্বরে নির্ভর করে এই প্রতিজ্ঞায় সাড়া প্রদান করেছিলেন। তার এই প্রতিজ্ঞা সম্বন্ধে সন্দেহ ও সমস্যা ছিল, সত্য হল যে, এটি ১৩ বৎসর সময় নিয়েছিল পরিপূর্ণ হতে। তার ত্রুটিপূর্ণ বিশ্বাস সত্ত্বেও তা ঈশ্বরের কাছে গ্রহণীয় হয়েছিল। ঈশ্বর ইচ্ছুক ছিলেন ত্রুটিপূর্ণ মানুষের সাথে কাজ করতে যে বিশ্বাসে তাঁর প্রতি ও তাঁর প্রতিজ্ঞায় সাড়া প্রদান করেছিল, যদিও তার সেই বিশ্বাস হয় সরিষা দানার তুল্য (মথি ১৭:২০)।

৪:৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ২২, ২৩, ২৪

NASB, NRSV “তা তার পক্ষে গণিত হয়েছিল”

NKJV

“এটি তার পক্ষে গণিত হয়েছিল”

TEV

“কারণ ঈশ্বর তাকে গ্রহণ করেছিলেন”

NJB

“এই বিশ্বাস বিবেচ্য হয়েছিল”

“ইহা” উল্লেখ করে ঈশ্বরের প্রতিজ্ঞায় অব্রাহামের বিশ্বাস।

“গণনা করা” (*logizomia*, ৩:২৮ পদ এবং ৪ অধ্যায়ে ১১ বার ব্যবহৃত হয়েছে) হল একটি হিসাব বিষয়ক টার্ম যার অর্থ “আরোপ করা”

অথবা “একজনের হিসাবে জমা করা” (*LXX* আদি ১৫:৬; লেবীয় ৭:১৮; ১৭:৪)। এই একই সত্য খুব সুন্দর ভাবে প্রকাশিত হয়েছে ২ করি ৫:২১ এবং গালা ৩:৬ পদে। এটি সম্ভব যে পৌল আদি ১৫:৬ এবং গীত ৩২:২ পদ সমন্বয় করেছিলেন কারণ দুটিই হিসাব সংক্রান্ত টার্ম “গণনা করা” অর্থে ব্যবহৃত হয়। এই সমন্বিত টেক্সট ছিল একটি শাস্ত্র ব্যাখ্যার নীতি যেটি রাব্বিরা ব্যবহার করতেন।

পুরাতন নিয়ম এই টার্ম ব্যবহার করেছে সেপ্টুয়াজিটে খুব বেশী বার বুক কিপিং টার্ম হিসাবে ব্যাংকিং টার্মে নয়, সম্ভবত দানিয়েল ৭:১০; ১২:১ পদের “পুস্তকগুলি” সঙ্গে সম্পর্কিত। এই দুটি রূপক বই (ঈশ্বরের স্মরণার্থক) হল

১. কার্যাবলীর বা স্মরণার্থক পুস্তক (গীত ৫:৬; ১৩৯:১৬; যিশা ৬৫:৬; মালা ৩:১৬; প্রকা ২০:১২-১৩)
২. জীবন পুস্তক (যাত্রা ৩২:৩২; গীত ৬৯:২৮; যিশা ৪:৩; দানি ১২:১; লুক ১০:২০; ফিলি ৪:৩; ইব্রীয় ১২:২৩; প্রকা ৩:৫; ১৩:৮; ১৭:৮; ২০:১৫; ২১:২৭)।

যে পুস্তকে বলা হয়েছে অব্রাহামের বিশ্বাস ঈশ্বর ধার্মিকতা বলে ধরে নিয়েছেন সেই পুস্তক হল “জীবন পুস্তক।”

৪:৩, ৫, ৬, ৯, ১০, ১১, ১৩, ২২, ২৫ “ধার্মিকতা হিসাবে” এটি প্রতিফলিত করছে পুরাতন নিয়মের “মাপনি কাঠি (নল খাগড়া) টার্ম (*tsadak*) এর বিষয়। এটি একটি গঠিত রূপক ব্যবহৃত হয়েছে ঈশ্বরের চরিত্র বর্ণনায়। ঈশ্বর সোজা এবং সকল মানুষ বক্র হয়েছে। নতুন নিয়মে এটি ব্যবহৃত হয়েছে মর্যাদাগত, বৈধ অর্থে যেটি প্রত্যাশিত ভাবে ঈশ্বর ভক্তির জীবন পদ্ধতির বৈশিষ্ট্যের দিকে পরিচালিত করে। প্রতিটি খ্রীষ্টিয়ানের জন্য ঈশ্বরের লক্ষ্য হল তাঁর নিজের চরিত্র, অথবা এটি নেওয়া যায় অন্য ভাবে, খ্রীষ্ট সাদৃশ্যতা (৮:২৮-২৯; গালা ৪:১৯)। বিশেষ বিষয় দেখুন: ১:১৭ পদে ধার্মিকতা।

৪:৫ বিশ্বাসের মূল বিষয় চূড়ান্ত ব্যক্তিগত প্রচেষ্টা বা যোগ্যতা ছাড়া ঈশ্বরের প্রতি সাড়া প্রদান, যিনি নিজেই প্রকাশ করেছেন। এটি এই ইঙ্গিত দেয় না যে একবার যখন আমরা উদ্ধার পেয়েছি এবং আমাদের ভিতরে বাসকারী আত্মা রয়েছেন তখন আমাদের জীবন পদ্ধতি গুরুত্বপূর্ণ নয়। খ্রীষ্ট ধর্মের মূল লক্ষ্য কেবলমাত্র স্বর্গ নয় যখন আমরা মারা যাব, কিন্তু এখন খ্রীষ্ট সাদৃশ্যতা। আমরা আমাদের কাজ দ্বারা উদ্ধার পাই নাই, ধার্মিক গণিত হইনি বা দাঁড়ানোর অধিকারও দেওয়া হয়নি, কিন্তু আমরা উদ্ধার পেয়েছি ভাল কাজের প্রতি (ইফি ২:৮-৯ এবং ১০; যাকোব ও ১ যোহন)। পরিবর্তন ও পরিবর্তিত জীবন হল প্রমাণ যে একজন উদ্ধার পেয়েছে। ধার্মিকতা অবশ্যই পবিত্রকরণ উৎপন্ন করে!

□ “বিশ্বাস করা” এটি একটি PRESENT ACTIVE PARTICIPLE । নিচের বিশেষ বিষয় দেখুন ।

বিশেষ বিষয়: বিশ্বাস, বিশ্বাস করা, অথবা নির্ভরতা (Pistis [NOUN], Pisteuō, [VERB] Pistos, [ADJECTIVE])

- ক. এটি সত্যিই বাইবেলে খুব গুরুত্বপূর্ণ একটি টার্ম (ইব্রীয় ১১:১,৬)। এটি ছিল যীশুর প্রাথমিক প্রচারের বিষয় (মার্ক ১:১৫)। অন্ততঃপক্ষে দুটি নূতন নিয়মের দরকার: মন পরিবর্তন এবং বিশ্বাস (১:১৫; প্রেরিত ৩:১৬,১৯; ২০:২১)।
- খ. এর শব্দতত্ত্ব
১. পুরাতন নিয়মে “বিশ্বাস” টার্মের অর্থ আনুগত্য, বিশ্বস্ততা, বা নির্ভরযোগ্যতা এবং এটি ছিল ঈশ্বরের প্রকৃতি, আমাদের নয়।
 ২. এটি এসেছে ইব্রীয় টার্ম (*emun, emunah*) থেকে যার অর্থ “নিশ্চিত বা অটল হওয়া”। উদ্ধারকারী বিশ্বাস হল একটি মানসিক সম্মতি (একগুচ্ছ সত্য), নৈতিক জীবন যাপন (জীবন পদ্ধতি), এবং মূখ্যত সম্পর্কগত (একজন ব্যক্তিকে স্বাগত জানান) এবং ইচ্ছাশক্তির অঙ্গিকার (একটি সিদ্ধান্ত) সেই ব্যক্তির প্রতি।
- গ. এর পুরাতন নিয়মের ব্যবহার
- এটি অবশ্যই গুরুত্বারোপ করে যে অব্রাহামের বিশ্বাস ভবিষ্যৎ মশীহের উপরে ছিল না, ঈশ্বরের প্রতিজ্ঞার উপরে যা ছিল তার সন্তান ও বংশধর হবে (আদি ১২:২; ১৫:২-৫; ১৭:৪-৮; ১৮:১৪)। অব্রাহাম ঈশ্বরের উপরে নির্ভরতায় এই প্রতিজ্ঞার প্রতি সাড়া প্রদান করেছিলেন। যদিও তার সন্দেহ ও সমস্যা ছিল প্রতিজ্ঞার বিষয়ে, যে প্রতিজ্ঞা পূরণে ১৩ বৎসর সময় লেগেছিল। তার ত্রুটিপূর্ণ বিশ্বাস, যাহোক, ঈশ্বর দ্বারা গৃহিত হয়েছিল। ঈশ্বর ত্রুটিপূর্ণ মানুষের সঙ্গে কাজ করতে ইচ্ছুক যারা তাঁর প্রতি এবং তাঁর প্রতিজ্ঞায় বিশ্বাসে সাড়া প্রদান করে, এমনকি তা যদি সরিষা দানার তুল্যও হয় (মথি ১৭:২০)।
- ঘ. এর নূতন নিয়মের ব্যবহার
- “বিশ্বাস করেছে” টার্মটি এসেছে গ্রীক টার্ম (*pisteuō*) থেকে যেটি অনুবাদ করা যেতে পারে “বিশ্বাস করা”, “বিশ্বাস” অথবা নির্ভরতা”। উদাহরণ স্বরূপ, যোহনের সুমাচারে NOUN দেখা যায় না, কিন্তু প্রায়ই VERB ব্যবহৃত হয়েছে। যোহন ২:২৩-২৫ পদে মশীহ হিসাবে নাসরতীয় যীশুর প্রতি জনতার খাঁটি অঙ্গিকারের অনিশ্চতার হিসাবে। “বিশ্বাস করা” এই বাহ্যিক টার্মের অন্য উদাহরণ হিসাবে ব্যবহার যোহন ৮:৩১-৫৯ এবং প্রেরিত ৮:১৩,১৮-২৪ পদে। সত্যিকার বাইবেল ভিত্তিক বিশ্বাস প্রাথমিক সাড়া প্রদানের চেয়েও বেশি কিছু। এটি অবশ্যই শিষ্যত্ব প্রক্রিয়ার অনুসরণীয় হবে (মথি ১৩:২০-২২, ৩১-৩২)।
- ঙ. PREPOSITIONS এর সঙ্গে এর ব্যবহার
১. *eis* অর্থ “অভ্যন্তরে”। এই অনন্য গঠন গুরুত্ব দিয়েছে বিশ্বাসীরা যীশুতে তাদের নির্ভরতা/বিশ্বাস রাখবে
 - ক. তাঁর নামে (যোহন ১:১২; ২:২৩; ৩:১৮; ১ যোহন ৫:১৩)
 - খ. তাঁহাতে (যোহন ২:১১; ৩:১৫,১৮; ৪:৩৯; ৬:৪০; ৭:৫, ৩১, ৩৯, ৪৮; ৮:৩০; ৯:৩৬; ১০:৪২; ১১:৪৫, ৪৮; ১৭:৩৭, ৪২; মথি ১৮:৬; প্রেরিত ১০:৪৩; ফিলি ১:২৯; ১ পিতর ১:৮)
 - গ. আমাতে (যোহন ৬:৩৫; ৭:৩৮; ১১:২৫, ২৬; ১২:৪৪, ৪৬; ১৪:১, ১২; ১৬:৯; ১৭:২০)
 - ঘ. পুত্রে (যোহন ৩:৩৬; ৯:৩৫; ১ যোহন ৫:১০)
 - ঙ. যীশুতে (যোহন ১২:১১; প্রেরিত ১৯:৪; গালা ২:১৬)
 - চ. জ্যোতিতে (যোহন ১২:৩৬)
 - ছ. ঈশ্বরে (যোহন ১৪:১)
 ২. *en* অর্থ “মধ্যে” যেভাবে যোহন ৩:১৫; মার্ক ১:১৫; প্রেরিত ৫:১৪ পদে।
 ৩. *epi* অর্থ “মধ্যে” অথবা উপরে, যেভাবে মথি ২৭:৪২; প্রেরিত ৯:৪২; ১১:১৭; ১৬:৩১; ২২:১৯; রোমীয় ৪:৫, ২৪; ৯:৩৩; ১০:১১; ১ তীম ১:১৬; ১ পিতর ২:৬
 ৪. PREPOSITION ছাড়া DATIVE CASE যেভাবে গালা ৩:৬; প্রেরিত ১৮:৮; ২৭:২৫; ১ যোহন ৩:২৫; ৫:১০
 ৫. *hoti* যার অর্থ “তাতে বিশ্বাস করা”, সম্ভ্রুতি দান করে কি বিশ্বাস করবে সে হিসাবে
 - ক. যীশু ঈশ্বরের পবিত্রতম (যোহন ৬:৬৯)
 - খ. যীশু হলেন আছি (যোহন ৮:২৪)
 - গ. যীশু পিতাতে এবং পিতা তাঁর মধ্যে আছেন (যোহন ১০:৩৮)
 - ঘ. যীশুই মশীহ (যোহন ১১:২৭; ২০:৩১)
 - ঙ. যীশু ঈশ্বরের পুত্র (যোহন ১১:২৭; ২০:৩১)

- চ. পিতা যীশুকে প্রেরণ করেছিলেন (যোহন ১১:৪২; ১৭:৮,২১)
 ছ. যীশু পিতার সাথে এক (যোহন ১৪:১০-১১)
 জ. যীশু পিতার কাছ থেকে এসেছিলেন (যোহন ১৬:২৭,২৩)
 বা. যীশু নিজেকে পিতার নিয়মের (covenant) নাম “আছি” বলে চিহ্নিত করেছেন (যোহন ৮:২৪; ১৩:১৯)।
 এ৪. আমরা তাঁর সঙ্গে জীবিত থাকবো (রোমীয় ৬:৮)
 ট. যীশু মরেছেন এবং জীবিত হয়ে উঠেছেন (১ থিষ ৪:১৪)



NASB, NKJV “তার বিশ্বাস”

NRSV “এরকম বিশ্বাস”

TEV, NJB “এটা হল সেই বিশ্বাস”

অব্রাহামের বিশ্বাস তার কাছে ধার্মিকতা হিসাবে গণিত হয়েছিল। এটি অব্রাহামের কাজের উপরে ভিত্তি করে নয়, কিন্তু তার সাড়া প্রদানের উপরে। তার বিশ্বাসকে নিশ্চিত করেছিল তার কাজ (যাকোব ২:১৪-১৬)।

“reckoned” (গণনা বা বিবেচনা করা) শব্দটি আরও ব্যবহৃত হয়েছে Phinehas এর LXX -এ গীত ১০৬:৩১, যেটি গণনা ২৫:১১-১৩ পদে উল্লেখ করেছে। এই ক্ষেত্রে ‘reckoning’ ভিত্তি ছিল Phinehas’কাজ, কিন্তু অব্রাহামের বেলায় এরকম নয় আদি ১৫:৬ পদে!

□ “কিন্তু তাঁরই উপরে বিশ্বাস করে যিনি ভক্তিহীনকে ধার্মিক গণনা করেন, তার বিশ্বাসই ধার্মিকতা বলে গণ্য হয়” এটি একটি দুঃখজনক বিবৃতি! এটি ৩ পদের (আদি ১৫:৬) স্পষ্টত সমান্তরাল অব্রাহামের কাছে। ধার্মিকতা ঈশ্বরের দান (নোট দেখুন ৩:২৪ পদে), মানুষের কাজের কোন ফলাফল নয়। ১:১৭ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “দায়ুদ” যেহেতু অব্রাহাম নিখুঁত ব্যক্তি ছিলেন না, তথাপি তিনি বিশ্বাসে ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কে ছিলেন, সেরকমই, দায়ুদ পাপী ছিলেন (গীত ৩২ এবং ৫২)। ঈশ্বর পতিত মানবকে ভালবাসেন ও তার সঙ্গে কাজ করেন (আদি ৩) যে তাঁর প্রতি (পুরাতন নিয়ম) এবং তাঁর পুত্রে (নূতন নিয়ম) বিশ্বাস প্রদর্শন করে।

৪:৬ “কাজ ছাড়া” পৌল এই শব্দগুচ্ছের উপরে জোর দিয়েছেন তার পুরাতন নিয়ম উদ্ধৃতির (গীত ৩২:১-২) ঠিক আগে। মানুষ ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কে যেতে পারে তাঁর অনুগ্রহে খ্রীষ্টের মধ্যস্থতায় ব্যক্তির নিজস্ব বিশ্বাসের দ্বারা, কিন্তু তাদের ধর্মীয় কাজের জন্য নয় (৩:২১-৩১; ইফি ২:৮-১০)।

৪:৭-৮ এটি গীত ৩২:১-২ পদের উদ্ধৃতি। উভয় VERBS -ই ৭ পদে, “ক্ষমা করা হয়েছে” এবং “আচ্ছাদন করা হয়েছে” হল AORIST PASSIVE। ঈশ্বর হলেন পরোক্ষ প্রতিনিধি। ৮ পদে রয়েছে শক্তিশালী DOUBLE NEGATIVE, “যে কোন পরিস্থিতিতে হবে না” আরোপিত, বিবেচিত, গণনা করা হয়েছে। লক্ষ্য করুন এই উদ্ধৃতিতে তিনটি VERBS; সবগুলিই পাপ থেকে মুক্তির পাবার কথা উল্লেখ করছে।

৪:৭ “যাদের অধর্ম আচ্ছাদিত হয়েছে” এটি গীত ৩২:১ পদের উদ্ধৃতি। “আচ্ছাদিত” ধারণাটি ছিল ইস্রায়েলীয় আরাধনায় উৎসর্গ বিষয়ের কেন্দ্রীয় বিষয় (অর্থাৎ লেবীয় ১-৭)। ঈশ্বর দ্বারা আচ্ছাদিত পাপ (AORIST PASSIVE INDICATIVE), তিনি তাঁর দৃষ্টির সম্মুখ থেকে এটি দূর করেছেন (যিশা ৩৮:১৭; Mic ৭:১৯; Brown, Driver, Briggs, p. 491)। এই একই ধারণা, যদিও বিভিন্ন ইব্রীয় শব্দ “আচ্ছাদন” (caphar)-এর জন্য ব্যবহৃত হয়েছিল প্রায়শ্চিত্ত দিনের (আচ্ছাদন) ধর্মীয় আনুষ্ঠানে, যেখানে “অনুগ্রহ সিংহাসনের” উপরে রাখা রক্ত ইস্রায়েলীয়দের পাপ আচ্ছাদন করতো (লেবীয় ১৬)। সম্পর্কযুক্ত বাইবেল ভিত্তিক রূপক হতে পারে মুছে ফেলা (যিশা ১:১৮; ৪৩:২৫) অথবা শুশিয়া লওয়া (প্রেরিত ৩:১৯; কল ২:১৪; প্রকা ৩:৫) হতো কারও পাপ।

৪:৮ “ধন্য সেই ব্যক্তি, যার পক্ষে প্রভু পাপ গণনা করেন না” এটি গীত ৩২:২ পদের একটি উদ্ধৃতি। এটি টার্ম “reckon”(গণনা), “আরোপ” অথবা “অন্য হিসাবে জমা করা” ব্যবহৃত হয়েছে নেতিবাচক অর্থে। ঈশ্বর বিশ্বাসীদের আত্মিক ব্যাংক হিসাবে পাপ (DOUBLE NEGATIVE) আরোপ করেন না; তিনি ধার্মিকতা আরোপ করেন। এটির ভিত্তি ঈশ্বরের দয়াময় চরিত্র, দান, এবং ঘোষণা, মানবিক যোগ্যতা নয়, সম্পাদন অথবা মর্যাদা!

NASB (আপডেটেড) টেক্সট: ৪:৯-১২

^৯ এই ধন্য কি ছিন্তুক লোকের প্রতি, না অচ্ছিন্তুক লোকের প্রতিও বর্তে? কারণ আমরা বলি, “অব্রাহামের পক্ষে তার বিশ্বাস ধার্মিকতা বলে গণ্য হয়েছিল।” ^{১০} কোন অবস্থায় গণ্য হয়েছিল? তিনি যখন ছিন্তুক অবস্থায়, না অচ্ছিন্তুক অবস্থায়? ছিন্তুক অবস্থায় নয়, কিন্তু অচ্ছিন্তুক অবস্থায়; ^{১১} আর তিনি তুকছেদ চিহ্ন পেয়েছিলেন, এটা সেই বিশ্বাসের ধার্মিকতার মুদ্রাংক ছিল যে বিশ্বাস অচ্ছিন্তুক থাকা অবস্থায় তার ছিল, যেন অচ্ছিন্তুক অবস্থায় যারা বিশ্বাস করে, তিনি তাদের সকলের পিতা হন, যেন তাদের পক্ষে সেই ধার্মিকতা গণ্য হয়, ^{১২} আর যেন ছিন্তুক লোকদেরও পিতা হন; অর্থাৎ যারা ছিন্তুক কেবল তাদের নয়, কিন্তু অচ্ছিন্তুক অবস্থায় আমাদের পিতা অব্রাহামের যে বিশ্বাস ছিল, যারা তার পদচিহ্ন ধরে চলে তিনি তাদেরও পিতা। (অনুবাদকৃত টেক্সট)।

৪:৯-১২ সম্ভবত পৌল এই আলোচনায় তুকছেদের বিষয়টি অর্ন্তভুক্ত করেছেন কারণ Judaizers রা গুরুত্ব দিয়েছিল পরিত্রাণের জন্য তুকছেদের আবশ্যকতার উপরে (গালাতীয় পত্র এবং প্রেরিত পুস্তকের যিরুশালেম মহাসভা)।

পৌল, রাবিরদের ধর্মীয় ব্যাখ্যায় প্রশিক্ষিত, এটি জানতেন, আদি ১৫:৬ এবং গীত ৩২:২ পদে একই VERB দেখা যায় (উভয়ই ইব্রীয় টেক্সট এবং গ্রীক সেপ্টুয়াজিটে)। হতে পারে এটি একত্রিত করেছে এই অংশকে ধর্মতাত্ত্বিক উদ্দেশ্যের জন্য।

৪:৯ ৯ পদের প্রশ্ন ‘না’ উত্তর আশা করে। ঈশ্বর সকল মানুষকে গ্রহণ করেছেন, এমনকি পরজাতিদেরও, বিশ্বাস দ্বারা। আদি ১৫:৬ পদ আবার উদ্ধৃত হয়েছে। অব্রাহাম, যিহূদী জাতির আদি পিতা, ধার্মিক বরে বিবেচ্য/গণিত হয়েছিলেন (আদি ১৫) মোশির ব্যবস্থার আগে (১৩ পদ) এবং তার তৃকছেদেরও আগে (আদি ১৭)।

৪:১০-১১ “তৃকছেদ চিহ্ন, বিশ্বাসের ধার্মিকতার মুদ্রাংক” অব্রাহামকে আহবানের পরে এবং ধার্মিক গণিত করে, ঈশ্বর তাকে তৃকছেদের নিয়ম দিলেন নিয়মের চিহ্ন হিসাবে (আদি ১৭:৯-১৪)। প্রাচীন নিকট প্রাচ্যের সকল লোকেরা তৃকছেদ করেছিল কেবল পলেষ্টিয়রা ছাড়া যাদের আদি উৎস ছিল গ্রীক Aegean Islands। তৃকছেদ, তাদের জন্য, একটি ধর্মীয় অনুষ্ঠান ছিল বালক থেকে প্রাপ্ত বয়স্কে উত্তরণের। যিহূদী জীবনে এটি ছিল নিয়মের সদস্য হিসাবে ধর্মীয় প্রতীক, পুরুষ শিশুদের জন্মের ৮ দিনের দিন তৃকছেদ করা হতো।

এই পদে “চিহ্ন” এবং “মুদ্রাংক” সমান্তরাল এবং উভয়ই উল্লেখ করছে অব্রাহামের বিশ্বাস। তৃকছেদ ছিল তাদের জন্য একটি দৃশ্যমান চিহ্ন যারা ঈশ্বরের উপরে বিশ্বাসের অনুশীলন করতো। GENITIVE শব্দগুচ্ছ “বিশ্বাসে ধার্মিকতা” পুনরাবৃত্তি করা হয়েছে ১৩ পদে। পবিত্র ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কের জন্য মূল বিষয় ঘোষিত হয়েছে তৃকছেদ নয় কিন্তু বিশ্বাস।

৪:১১ “যেন অচ্ছিন্নতৃক অবস্থায় যারা বিশ্বাস করে, তিনি তাদের সকলের পিতা হন” রোমীয় পুস্তকটি গালাতীয় পত্রের পরে লেখা হয়েছিল। পৌল খুব স্পর্শকাতর ছিলেন যিহূদী নির্ভরতার মনোভাবের প্রতি (১) তাদের জাতিগত ধারণা (মথি ৩:৯; যোহন ৮:৩৩, ৩৭, ৩৯) এবং (২) তাদের মোশির নিয়মের বর্তমান ব্যাখ্যা সম্পাদনের উপরে (মৌখিক ঐতিহ্য, অথবা তাদের প্রাচীনদের ঐতিহ্য যেগুলি পরে লেখা হয়েছে যাকে বলা হয়েছে তালমুদ)। সেজন্য তিনি অব্রাহামকে ব্যবহার করেছেন তাদের সকলের জন্য একটি নমুনা হিসাবে যারা বিশ্বাস করবে (বিশ্বাসীদের পিতা, অচ্ছিন্নতৃক পরজাতিয়, ২:২৮-২৯; গালা ৩:২৯)।

□ “মুদ্রাংক” নিচে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: মুদ্রাংক

মুদ্রাংক ছিল একটি প্রাচীন উপায় যার দ্বারা দেখান হতো

১. সত্য (যোহন ৩:৩৩)
২. মালিকত্ব (যোহন ৬:২৭; ২ তীম ২:১৯; প্রকা ৭:২-৩)
৩. নিরাপত্তা বা সুরক্ষা (আদি ৪:১৫; মথি ২৭:৬৬; রোমীয় ১৫:২৮; ২ করি ১:২২; ইফি ১:১৩; ৪:৩০)
৪. এটি আরও হতে পারে ঈশ্বরীয় দানের প্রতিজ্ঞার বিষয়ে বাস্তবতা (রোমীয় ৪:১১ এবং ১ করি ৯:২)

এই মুদ্রাংকের উদ্দেশ্য ছিল ঈশ্বরের লোকদের চিহ্নিত করণ যেন ঈশ্বরের ক্রোধ তাদের উপরে প্রভাব না ফেলে। শয়তানের মুদ্রাংক তার লোকদের চিহ্নিত করে, যারা ঈশ্বরের ক্রোধের বিষয়। প্রকাশিত বাক্যে “নির্ঘাতন” (অর্থাৎ *thlipsis*) সব সময়ই অবিশ্বাসীদের বিশ্বাসের উপরে নির্ঘাতন, যখন ক্রোধ/রাগ (অর্থাৎ *orgē* অথবা *thumos*) সব সময়ই ঈশ্বরের দণ্ড অবিশ্বাসীদের প্রতি যেন তারা মন পরিবর্তন করে এবং খ্রীষ্টের প্রতি বিশ্বাসে মন ফিরায়। দণ্ডের এই ইতিবাচক উদ্দেশ্য দেখা যেতে পারে দ্বি বি ২৭-২৮ অধ্যায়ের নিয়মের অভিশাপ/আর্শিবাদে।

৪:১২ “পদচিহ্ন ধরে চলা” এটি একটি সামরিক টার্ম (*stoicheō*) যখন সেনারা মার্চ করে একজন একজন করে সারি দিয়ে (প্রেরিত ২১:২৪; গালা ৫:২৫; ৬:১৬; ফিলি ৩:১৬)। পৌল এই পদে যিহূদীদেরকে বলছেন (“চ্ছিন্নতৃকদের পিতা”) যারা ঈশ্বর ও তাঁর প্রতিজ্ঞায় বিশ্বাস রাখে।

double ARTICLE (*tois*) এর কারণে এটি সম্ভব যে এই দ্বিতীয় বিষয় (“পদচিহ্নের অনুগমন”) যুক্ত করেছে জীবন পদ্ধতির বিশ্বাসের (PRESENT MIDDLE [deponent] PARTICIPLE) ধারণা এবং কেবলমাত্র একবারই বিশ্বাস নয়। পরিত্রাণ একটি চলমান সম্পর্ক, একটি সিদ্ধান্ত বা ইচ্ছাশক্তির মুহূর্ত নয়।

NASB (আপডেটেড) টেক্সট: ৪:১৩-১৫

^{১৩} কারণ ব্যবস্থা দ্বারা নয়, কিন্তু বিশ্বাসের ধার্মিকতা দ্বারা অব্রাহামের বা তার বংশের প্রতি জগতের উত্তরাধিকারী হবার প্রতিজ্ঞা করা হয়েছিল। ^{১৪} কারণ যারা ব্যবস্থাবলম্বি, তারা যদি উত্তরাধিকারী হয়, তবে বিশ্বাসকে নিরর্থক এবং প্রতিজ্ঞাকে নিষ্ফল করা হল। ^{১৫} ব্যবস্থা ত ক্রোধ আনে, কিন্তু যেখানে ব্যবস্থা নাই, সেখানে ব্যবস্থার লংঘনও নাই। (অনুবাদকৃত টেক্সট)।

৪:১৩ “অব্রাহাম বা তার বংশের প্রতি প্রতিজ্ঞা করা হয়েছিল” “ঈশ্বর ভূমি ও বংশের” প্রতিজ্ঞা করেছিলেন অব্রাহামের প্রতি (আদি ১২:১-৩; ১৫:১-৬; ১৭:১-৮; ২২:১৭-১৮)। পুরাতন নিয়মের দৃষ্টি ভূমির (প্যালেস্টাইন) দিকে, কিন্তু নূতন নিয়মের দৃষ্টি “বংশের” প্রতি(মশীহ যীশু, গালা ৩:১৬, ১৯), কিন্তু এখানে “বংশ” উল্লেখ করছে বিশ্বাসী লোকদের (গালা ৩:২৯)। ঈশ্বরের প্রতিজ্ঞা সকল বিশ্বাসীদের বিশ্বাসের ভিত্তি (গালা ৩:১৪, ১৭, ১৮, ১৯, ২১, ২২, ২৯; ৪:২৮; ইব্রীয় ৫:১৩-১৮)।

□ “যেন তিনি জগতের উত্তরাধিকারী হতে পারেন” এই বিশ্বজনীন বক্তব্য আদি ১২:৩; ১৮:১৮; ২২:১৮ এবং যাত্রা ১৯:৫-৬ পদের আলোকে খুব তাৎপর্যপূর্ণ। ঈশ্বর সকল মানুষকে আহ্বান করার জন্য অব্রাহামকে আহ্বান করেছিলেন (আদি ১:২৬-২৭; ৩:১৫)! অব্রাহাম ও তার বংশধরেরা জগতের কাছে প্রকাশের একটি উপায় হবে। এই জগতে ঈশ্বরের রাজ্য উল্লেখ করার এটি একটি অন্য উপায় (মথি ৬:১০)।

□ “ব্যবস্থার মাধ্যমে নয়” মোশির ব্যবস্থা তখনও প্রকাশিত হয় নাই। এই শব্দগুচ্ছ গ্রীক বাক্যে প্রথমে বসে এর গুরুত্ব প্রকাশে। এটি একটি খুব গুরুত্বপূর্ণ পয়েন্ট যেটি গুরুত্ব দিয়েছে ঈশ্বরীক অনুগ্রহ ও মানুষের প্রচেষ্টার মধ্যকার (৩:২১-২৩)। অনুগ্রহ ব্যবস্থাকে অচল করেছে পরিত্রাণের উপায় হিসাবে (ইব্রীয় ৮:৭,১৩)। বিশেষ বিষয় দেখুন: ১৩:৯ পদে পৌলের মোশির ব্যবস্থার প্রতি দৃষ্টিভঙ্গি।

8:১৪ “যদি” এটি একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE যেটি মনে করা হয় লেখকের দিক থেকে সত্য অথবা তার সাহিত্যের উদ্দেশ্যে। পৌল এই বিস্ময়কর মন্তব্য ব্যবহার করেছেন তার যুক্তিগত বিতর্ক প্রস্তুতে। এটি একটি FIRST CLASS CONDITIONAL এর উত্তম দৃষ্টান্ত ব্যবহৃত হয়েছে বাক্যালংকারের গুরুত্বে। তিনি এই বক্তব্য সত্য বলে বিশ্বাস করেন না, কিন্তু এটি বর্ণনা করেছেন এর স্পষ্ট ভুল দেখাতে (২ পদ)।

জাতিগত যিহুদীসহ তুর্কছেদের দৃশ্যমান চিহ্ন জগতের উত্তরাধিকারী হবে না, কিন্তু যারা বিশ্বাসে ঈশ্বরের ইচ্ছা ও বাক্যের অনুশীলন করে তারা উত্তরাধিকারী হবে। দৈহিক তুর্কছেদ সত্যিকার নিয়মের চিহ্ন নয় কিন্তু বিশ্বাস (২:২৮-২৯)।

□

NASB, NKJV “বিশ্বাসকে নিরর্থক করা হল”

NRSV “বিশ্বাস নিষ্ফল”

TEV “মানুষের বিশ্বাস অর্থ কিছুই না”

NJB “বিশ্বাস মূল্যহীন হল”

এটি *kenoō* এর PERFECT PASSIVE INDICATIVE, যেটি গুরুত্ব দিচ্ছে একটি দৃঢ় গ্রীক VERB এর নির্ধারিত অবস্থা যার অর্থ “খালি করা”, “দেখান যে ভিত্তি নেই” এমনকি “মিথ্যাচার” (১ করি ১:১৭)। এই টার্ম পৌল ১ করি ১:১৭; ৯:১৫; ২ করি ৯:৩ এবং ফিলি ২:৭ পদে ব্যবহার করেছেন।

□

NASB “প্রতিজ্ঞাকে নিষ্ফল করা হল”

NKJV “প্রতিজ্ঞাকে অকার্যকর করা হল”

NRSV “প্রতিজ্ঞা বাতিল করা হল”

TEV “ঈশ্বরের প্রতিজ্ঞা মূল্যহীন”

NJB “প্রতিজ্ঞার মূল্য কিছুই না”

এটিও একটি PERFECT PASSIVE INDICATIVE, যেখানে জোর দেওয়া হচ্ছে নির্ধারিত অবস্থা একটি দৃঢ় গ্রীক VERB এর যার অর্থ “শূন্য করা”, “রহিত করা”, “সমাপ্তি ঘোষণা করা” এবং এমনকি ““বিনাশ করা বা নিশ্চিহ্ন করা।” পৌল এই টার্ম আরও ব্যবহার করেছেন রোমীয় ৩:৩, ৩১; ৬:৬; ৭:২,৬; ১ করি ২:৬; ১৩:৮; ১৫:২৪, ২৬; ২ করি ৩:৭; গালা ৫:৪; ২ থি ২:৮। এই পদে সুস্পষ্ট সমান্তরাল বর্তমান। পরিত্রাণের জন্য দুটি উপায় নেই। অনুগ্রহের নূতন নিয়ম পুরাতন নিয়মের কাজকে নিষ্ফল ও শূন্য করেছে! দেখুন বিশেষ বিষয়: ৩:৩ পদে নিষ্ফল ও শূন্য।

8:১৫ “ব্যবস্থা....ব্যবস্থা” এই টার্মের প্রথম ব্যবহার গ্রীক ARTICLE এ, যেখানে দ্বিতীয়টি নেই। যদিও এটি খুব বিপদজনক গ্রীক ARTICLE এর উপস্থিতি বা অনুপস্থিতির বিষয়ে বেশি মনোযোগ দেওয়া, এই ক্ষেত্রে এটি মনে হয় সাহায্যকারী হয়েছিল দেখাতে যে পৌল এই টার্ম দুটি অর্থে ব্যবহার করেছিলেন।

১. প্রচলিত ঐতিহ্যের সাথে মোশির ব্যবস্থা যার উপরে অনেক যিহুদী নির্ভরতা রেখেছিল তাদের পরিত্রাণের বিষয়ে

২. সাধারণ ভাবে ব্যবস্থার প্রতি ধারণা

এই ব্যাপক অর্থ আত্র ধার্মিক পরজাতিদের অর্ন্তভুক্ত করেছে যারা এটি বা ঐ সংস্কৃতির নৈতিকতা বা ধর্মীয় অনুষ্ঠানের সংকেতকে নিশ্চিত করেছিল এবং মনে করতো তাদের কাজের কারণে ঈশ্বর তাদের গ্রহণ করবেন।

□ “ব্যবস্থা ক্রোধ আনে” এটি একটি দুঃখজনক মন্তব্য (৩:২০; গালা ৩:১০-১৩; কল ২:১৪)। মোশির ব্যবস্থার কখনোই এই অর্থ ছিল না যে তা পরিত্রাণের উপায় (গালা ৩:২৩-২৯)। এটি আসলে যে কোন যিহুদীর (অথবা গাওঁড়া যিহুদী) জন্য কঠিন সত্য ছিল বোঝার বা গ্রহণের জন্য, এটাই আসলে পৌলের যুক্তির মূল ভিত্তি। বিশেষ বিষয় দেখুন ১৩:৯ পদে।

□ “কিন্তু যেখানে ব্যবস্থা নাই, সেখানে ব্যবস্থার লঙ্ঘনও নাই” মানুষ যে আলো পেয়েছে ঈশ্বর তাতেই মানুষকে ধরবেন। পরজাতিয়েরা মোশির ব্যবস্থা দ্বারা বিচারিত হবে না যেটি তারা কখনো শোনে নাই। তারা প্রাকৃতিক প্রকাশে গণিত হবে (১:১৯-২০; ২:১৪-১৫)।

এখানে এই সত্য পৌলের যুক্তিকে এক ধাপ এগিয়ে নিয়ে। মোশির ব্যবস্থা স্পষ্টরূপে ঈশ্বরকে প্রকাশের আগে, তিনি মানুষের নিয়মভঙ্গকে ধরেন নাই (৩:২০, ২৫; ৪:১৫; ৫:১৩,২০; ৭:৫,৭-৮; প্রেরিত ১৪:১৬; ১৭:৩০; ১ করি ১৫:৫৬)।

NASB (আপডেটেড) টেক্সট: ৪:১৬-২৫

^{১৬} এই জন্য এটি বিশ্বাস দ্বারা হয়, অনুগ্রহ অনুসারে হতে পারার অভিপ্রায় এই, যেন সেই প্রতিজ্ঞা সমস্ত বংশের পক্ষে নিশ্চিত হয়, কেবল ব্যবস্থাবলম্বী বংশের পক্ষে নয়, কিন্তু অব্রাহামের বিশ্বাসাবলম্বী বংশেরও পক্ষে অটল থাকে; তিনি আমাদের সকলের পিতা, ^{১৭} (যেমন লেখা আছে, “আমি তোমাকে বহুজাতির পিতা করলাম”) সেই ঈশ্বরের সামনে যাকে তিনি বিশ্বাস করলেন, এমনকি ঈশ্বর, যিনি মৃতদেরকে জীবন দেন এবং যা নাই, তা আছে বলেন। ^{১৮} অব্রাহাম প্রত্যাশা না থাকলেও প্রত্যাশায়ুক্ত হয়ে বিশ্বাস করলেন, যেন “এই রকম তোমার বংশ হবে,” এই কথা অনুসারে তিনি বহুজাতির পিতা হন। ^{১৯} আর বিশ্বাসে দুর্বল না হয়ে তার বয়স প্রায় শত বৎসর হলেও, তিনি নিজের মৃতকল্প শরীর, এবং সারার গর্ভের মৃতকল্পতা টের পেলেন ঠিকই, ^{২০} তবুও ঈশ্বরের প্রতিজ্ঞার দিকে লক্ষ্য রেখে অবিশ্বাস বশতঃ সন্দেহ করলেন না; কিন্তু বিশ্বাসে বলবান হলেন, ঈশ্বরের গৌরব করলেন, ^{২১} এবং সম্পূর্ণ নিশ্চিত হলেন, ঈশ্বর যা প্রতিজ্ঞা করেছেন, তা সফল করতে সমর্থও আছেন। ^{২২} আর এই জন্য তার পক্ষে এটা ধার্মিকতা বলে গণ্য হল। ^{২৩} তার পক্ষে গণ্য হল এটা যে কেবল তার জন্য লেখা হয়েছে এমন নয়, ^{২৪} কিন্তু আমাদেরও জন্য, আমাদের পক্ষেও তা গণ্য হবে, যেহেতু যারা তাঁকে বিশ্বাস করে যিনি আমাদের প্রভু যীশুকে মৃতদের মধ্য থেকে জীবিত করেছেন, ^{২৫} যিনি আমাদের অপরাধের জন্য সমর্পিত হলেন এবং আমাদের ধার্মিক গণনার জন্য উত্থাপিত হলেন। (অনুবাদকৃত টেক্সট)।

৪:১৬ এটি ১৪ পদের পৌলের যুক্তির সুন্দর সারাংশ,

১. মানুষকে বিশ্বাসে অবশ্যই সাড়া প্রদান করতে হবে
২. ঈশ্বরের অনুগ্রহের প্রতিজ্ঞা
৩. অব্রাহামের সকল বংশধরদের (যিহুদী এবং পরজাতি) জন্য প্রতিজ্ঞা নিশ্চিত যারা বিশ্বাসের অনুশীলন করে
৪. অব্রাহাম ছিলেন বিশ্বাসী সকলের নমুনা



NASB, NRSV,
TEV, NIV “নিশ্চয়তা দান”
NKJV “নিশ্চয়”
REB “বৈধ”
NET “নিশ্চিত”

পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: নিশ্চয়তা

এটি হল গ্রীক টার্ম *bebaios*, যার তিনটি অন্তর্নিহিত অর্থ রয়েছে।

১. হল নিশ্চয়, নিশ্চিত, বা নির্ভর করার যোগ্য (রোমীয় ৪:১৬; ২ করি ১:৭; ইব্রীয় ২:২০; ৩:৬,১৪; ৬:১৯; ২ পিতর ১:১০,১৯)।
২. একটি প্রক্রিয়া যার মধ্যে দিয়ে কোন কিছুর নির্ভরযোগ্যতা দেখান বা প্রতিষ্ঠা করা যায় (রোমীয় ১৫:৮; ইব্রীয় ২:২; Louw and Nida, *Greek-English Lexicon of the New Testament*, Vol. 1, pp. 340,377,670)।
৩. papyri (এক প্রকার গাছের পাতা)-তে এটি একটি কৌশলগত টার্ম হয়েছে বৈধ নিশ্চয়তার পক্ষে (Moulton and Milligan, *The Vocabulary of the Greek New Testament*, pp. 107-8)।

এটি হল ১৪ পদের বৈপরিত্য। ঈশ্বরের প্রতিজ্ঞা নিশ্চিত!

□ “সকল....সকল” এটি সকল বিশ্বাসীকে (যিহুদী এবং পরজাতি) উল্লেখ করে।

৪:১৭-২৩ পৌল আবার অব্রাহামকে ব্যবহার করছেন অগ্রগণ্যতা দেখাতে (১) ঈশ্বরের প্রারম্ভিক অনুগ্রহের প্রতিজ্ঞা (নিয়ম) এবং (২) মানুষের প্রাথমিক বিশ্বাস এবং অবিরত বিশ্বাসে সাড়া প্রদান আবশ্যিক (নিয়ম, ১:৫ পদের নোট দেখুন)। নিয়মে সব সময়ই দুটি দলেরই কাজ অর্ন্তভুক্ত থাকে।

৪:১৭ “যেমন লেখা আছে, ‘বহু জাতির পিতা’” এটি আদি ১৭:৫ পদের উদ্ধৃতি। সেপ্টুয়াজিন্টে (LXX) আছে “পরজাতিদের”। ঈশ্বর সব সময় চেয়েছেন আদমের সকল বংশধরদের পরিত্রাণ (আদি ৩:১৫), কেবল মাত্র অব্রাহামের সন্তানেরা নয়। অব্রাহামের নূতন নাম অব্রাহামের অর্থ “বহুজাতির পিতা”। এখন আমরা জানি যে এটিতে কেবল দৈহিক বংশধর অর্ন্তভুক্ত নয় কিন্তু বিশ্বাসের বংশধরগণ।

□ “যিনি মৃতদের জীবন দান করেন” এই প্রসঙ্গে এটি উল্লেখ করে অব্রাহাম ও সারার পুনর্জীবিত যৌন ক্ষমতা (১০ পদ)।

□ “যা নাই, তা আছে বলেন” এই প্রসঙ্গে এটি উল্লেখ করে সারার ইসহাককে গর্ভধারণ, কিন্তু এটি আরও উল্লেখ করে বিশ্বাসের গুরুত্বপূর্ণ দিক (ইব্রীয় ১১:১)।

৪:১৮

NASB “প্রত্যাশা না থাকিলেও প্রত্যাশায়ুক্ত হয়ে বিশ্বাস করলেন”
NKJV “যিনি প্রত্যাশায় দ্বিধায়ুক্ত, প্রত্যাশায় বিশ্বাস করলেন”

NRSV “প্রত্যাশার বিপরীতে প্রত্যাশায় তিনি বিশ্বাস করলেন”
TEV “অব্রাহাম বিশ্বাস ও প্রত্যাশা রাখলেন, এমনকি যখন প্রত্যাশার কোন চিহ্ন দেখা যাচ্ছিল না”
NJB “যদিও মনে হচ্ছিল কোন প্রত্যাশা নাই, তিনি প্রত্যাশা রাখলেন ও বিশ্বাস করলেন”

“প্রত্যাশা” বিষয়ে বিশেষ বিষয় পাওয়া যায় ১২:১২ পদে। এই টার্মের একটি ব্যাপক ভাষাগত অর্থের ক্ষেত্র রয়েছে। Harold K. Moulton, *The Analytical Greek Lexicon Revised*, p. 133, কয়েকটি ব্যবহার লিপিবদ্ধ করেছেন।

১. মূল অর্থ, প্রত্যাশা (রোমীয় ৫:৪; প্রেরিত ২৪:১৫)
২. প্রত্যাশার বিষয় (রোমীয় ৮:২৪; গালা ৫:৫)
৩. আদিকর্তা অথবা উৎস (কল ১:২৭; ১ তীম ১:১)
৪. নির্ভরতা, দৃঢ় আস্থা (১ পিতর ১:২১)
৫. নিশ্চয়তা সহকারে নিরাপত্তা (প্রেরিত ২:২৬; রোমীয় ৮:২০)

এই প্রসঙ্গে প্রত্যাশা ব্যবহৃত হয়েছে দুটি ভিন্ন অর্থে। প্রত্যাশা মানুষের ক্ষমতা ও শক্তিতে (১৯-২১ পদ) বনাম ঈশ্বরের প্রতিজ্ঞায় প্রত্যাশা (১৭ পদ)।

□
NASB, NKJV “এই রকম তোমার বংশ হবে”
NRSV “এই রকম অসংখ্য তোমার বংশ হবে”
TEV “তোমার অনেক বংশধর হবে”
NJB “তারার মত অসংখ্য তোমার বংশধর হবে”

এটি আদি ১৫:৫ থেকে একটি উদ্ধৃতি যেখানে গুরুত্ব দেওয়া হয়েছে পুত্র সম্বন্ধে অব্রাহামের কাছে করা ঈশ্বরের প্রতিজ্ঞার নিশ্চয়তা (১৯-২২)। মনে রাখুন যে ইসহাকের জন্ম হয়েছিল

১. প্রতিজ্ঞার ১৩ বছর পরে
২. অব্রাহামের সারাকে দূরে রাখার চেস্তার পরে (দুবার, আদি ১২:১০-১৯; ২০:১-৭)
৩. হাগার, সারার মিসরিয় দাসীর গর্ভে অব্রাহামের সন্তান হবার পরে (আদি ১৬:১-১৬)
৪. সারা (আদি ১৮:১২) এবং অব্রাহাম (আদি ১৭:১৭) উভয়ে এই প্রতিজ্ঞায় হাসার পরে

অব্রাহাম এবং সারার খাঁটি বিশ্বাস ছিল না! ঈশ্বরকে ধন্যবাদ, পরিত্রাণ খাঁটি বিশ্বাস চায় না কিন্তু কেবলমাত্র সঠিক বিষয় (পুরাতন নিয়মে ঈশ্বর এবং নূতন নিয়মে তাঁর পুত্র)।

৪:১৯ “নিজের মৃতকল্প” এই অনুবাদ অনুসরণ করেছে MSS κ , A, B, C.। কিন্তু কিছু প্রাচীন uncial (লেখনীর ষ্টাইল)পাণ্ডুলিপি negative PARTICLE (*ou*) যুক্ত করেছে D, F, G। UBS⁴ কোন সিদ্ধান্ত (“C” rating) নিতে সক্ষম নয়, কিন্তু সংক্ষিপ্ত টেক্সট প্রিন্ট করেছে। NET Bible সংক্ষিপ্ত টেক্সটকে অনুমোদন করেছে।

৪:২০ মূলতঃ অব্রাহাম সম্পূর্ণ ভাবে প্রতিজ্ঞা বোঝেন নাই, যে সন্তান সারার গর্ভে আসবে। যদিও অব্রাহামের বিশ্বাস একেবারে খাঁটি ছিল না। তথাপি ঈশ্বর অব্রাহামকে গ্রহণ করেছিলেন এবং ত্রুটিপূর্ণ বিশ্বাসই নিয়ে কাজ করেছিলেন কারণ ঈশ্বর ত্রুটিপূর্ণ মানুষকে ভালবাসেন!

□ “অবিশ্বাস বশতঃ সন্দেহ করলেন না” এটি একই VERB, *diakrinō*, মথি ২১:১২; মার্ক ১১:২৩ পদে যীশু ব্যবহার করেছেন। অব্রাহামের যুক্তি (১৯ পদ) ছিল ঈশ্বরের কথায় (প্রতিজ্ঞায়) প্রশ্ন করার, কিন্তু তার পরিবর্তে তিনি শক্তিশালী হয়ে উঠলেন।

২০ পদের VERBS দুটি হল AORIST PASSIVE INDICATIVES। The PASSIVE VOICE ঈশ্বরের পরোক্ষ ইঙ্গিতের প্রতিনিধি, কিন্তু অব্রাহাম সুযোগ দিয়েছিলেন (covenant) ঈশ্বরের ক্ষমতাকে তাকে সতেজ করার!

□ “ঈশ্বরের গৌরব করলেন” ৩:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

৪:২১
NASB “সম্পূর্ণ নিশ্চিত হলেন”
NKJV, NRSV “সম্পূর্ণ অনুপ্রাণিত হলেন”
TEV “সম্পূর্ণ ভাবে নিশ্চিত হলেন”
NJB “সম্পূর্ণ অনুপ্রাণিত”

এটি একটি AORIST PASSIVE PARTICIPLE, যেটি উল্লেখ করছে কোন কিছুর সম্পূর্ণ নিশ্চয়তা (লুক ১:১; কল ৪:১২) বা কোন একজনকে (রোমীয় ৪:২১; ১৪:৫)। ব্যবহৃত NOUN সম্পূর্ণ নিশ্চয়তায় কল ২:২ এবং ১ থিখ ১:৫ পদে। ঈশ্বরের ইচ্ছা, বাক্য এবং ক্ষমতার প্রতি এই নির্ভরতা মানুষকে সক্ষম করে বিশ্বাসের কাজ করতে!

□ “ঈশ্বর যা প্রতিজ্ঞা করেছেন, তা সফল করতে সমর্থও আছেন” এটি একটি PERFECT MIDDLE (deponent) INDICATIVE, যার অর্থ অতীতের কোন কাজ সম্পূর্ণ হয়েছে এবং বাস্তবতার বিষয় হয়েছে। বিশ্বাসের মূল অর্থ হল একজনের নির্ভরতা ঈশ্বরের প্রতিজ্ঞার ও তাঁর চরিত্রে (১৬:২৫; ইফি ৩:২০; যিহুদা ২৪) এবং মানবিক কাজের উপরে নয়। প্রতিজ্ঞার ঈশ্বরের উপরে বিশ্বাসে নির্ভরতা (যিশা ৫৫:১১)।

৪:২২ এটি আদি ১৫:৬ পদের একটি উল্লেখ (৩ পদ), যেটি পৌলের ধর্মতাত্ত্বিক যুক্তির পয়েন্ট যে কিভাবে ঈশ্বর তাঁর নিজের ধার্মিকতা পাপী মানুষকে দেন।

৪:২৩-২৫ এই পদ দুটি গ্রীকে একটি বাক্য। লক্ষ্য করুন অগ্রগতি।

১. অব্রাহামের কারণে, ২৩ পদ
২. সকল বিশ্বাসীর কারণে, ২৪ পদ
৩. ঈশ্বরের যীশুকে জীবিত করে তোলার দ্বারা, ২৪ পদ
৪. আমাদের পাপের জন্য যীশুকে দেওয়া হয়েছিল (যোহন ৩:১৬), আমাদের পাপ যেন ক্ষমা (পবিত্রকরণ) হয় সেজন্য যীশু জীবিত হয়ে উঠেছিলেন, ২৫ পদ

৪:২৪ অব্রাহামের বিশ্বাস একটি নমুনা তার সকল সত্যিকার বংশধরদের অনুসরণের জন্য। অব্রাহাম ঈশ্বরে বিশ্বাস করেছিলেন (বিশেষ বিষয় দেখুন ৪:৫ পদে) একটি পুত্র ও বংশধরদের প্রতিজ্ঞায়। নতুন নিয়মে বিশ্বাসীরা বিশ্বাস করেন যে যীশু মশীহ হলেন পতিত মানুষের জন্য ঈশ্বরের সকল প্রতিজ্ঞার পরিপূর্ণতা।

“বংশধর” টার্মটি একবচন ও বহুবচন উভয়ই (একজন পুত্র, একদল লোক)।

□ কারণ “উত্থাপিত” নোট দেখুন ৮:১১ পদে।

৪:২৫ “যিনি আমাদের অপরাধের জন্য সমর্পিত হলেন” এটি একটি বৈধ টার্ম যার অর্থ “একজনকে শাস্তির জন্য তুলে দেওয়া”। ২৫ পদ খুব চমৎকার Christological (যীশু বিষয়ক ধর্মতাত্ত্বিক) মন্তব্য যেটি সেপ্টুয়াজিট (LXX) যিশা ৫৩:১১-১২ পদকে প্রতিফলিত করেছে।

□ “আমাদের ধার্মিক গণ্য করার জন্য জীবিত হলেন” ২৫ পদের দুটি বাক্যাংশ হল সমান্তরাল (একই PREPOSITIO এবং উভয়ই হল AORIST PASSIVE INDICATIVES), কিন্তু সাহিত্যগত পদ্ধতির জন্য ধর্মতাত্ত্বিক কারণে নয় (৫:৯-১০; ২ করি ১৩:৪)। Frank Stagg’s অনুবাদ (*New Testament Theology*, p. 97) “সমর্পিত হইলেন আমাদের পাপের কারণে এবং আমাদের ধার্মিক গণনার নিমিত্ত উত্থাপিত হইলেন” বেশ তারিফ করার মত। এই ব্যাখ্যায় অর্ন্তভুক্ত পৌলের “ধার্মিক গণনা” টার্ম ব্যবহারের দুটি দিক (১) একটি আইনগত মর্যাদা এবং (২) ঈশ্বর ভক্তি, খ্রীষ্ট সাদৃশ্য জীবন! ১:১৭ পদে বিশেষ বিষয় দেখুন।

যীশুর পুনরুত্থান পৌলের ধর্মতাত্ত্বিক সত্যের কেন্দ্রবিন্দু (১:৩-৪; ৪:২৫-২৬; ৬:৪,৯; ৭:৪; ৮:১১,৩৪; ১০:৯; ১ করি ৬:১৪; ১৫:৩-১০,২০-২৩; ২ করি ১:৯; ৪:১৪; ৫:১৫; ১৩:৪; গালা ১:১; ইফি ২:২০; কল ২:১২; ১ থিথ ১:১০; ২ তীম ২:৯)। কবরটি শুন্য অথবা খ্রীষ্ট ধর্ম একটি মিথ্যা! (১ করি ১৫:১২-১৯)!

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেষ্কারী, চূড়ান্ত নয়।

১. কেন রোমীয় পুস্তকের এই অংশটি এত গুরুত্বপূর্ণ?
২. কেন পৌল অব্রাহাম ও দাবুদকে উদাহরণ হিসাবে ব্যবহার করেছেন?
৩. পৌলের ব্যবহার অনুসারে পরবর্তী মূল শব্দগুলি ব্যাখ্যা করুন (আপনার ব্যাখ্যা নয়)
 - ক. “ধার্মিক গণনা”
 - খ. “বিবেচনা করা বা গণনা করা”
 - গ. “বিশ্বাস”
 - ঘ. “প্রতিজ্ঞা”
৪. যিহুদীদের কাছে ত্বকছেদ কেন এত গুরুত্বপূর্ণ (৯-১২ পদ)?
৫. ১৩ এবং ১৬ পদে কার কাছে “বংশধর” উল্লেখ করা হয়েছে?

রোমীয় ৫

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
ধার্মিকতার ফলাফল	সমস্যায় বিশ্বাস বিজয় লাভ করে	ধার্মিকতার ফলাফল	ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্ক	বিশ্বাস পরিভ্রাণের নিশ্চয়তা দেয়
৫:১-১১	৫:১-৫	৫:১-৫	৫:১-৫	৫:১-১১
	আমাদের স্থানে খ্রীষ্ট			
	৫:৬-১১	৫:৬-১১	৫:৬-১১	
আদম এবং খ্রীষ্ট	আদমে মৃত্যু, খ্রীষ্টে জীবন	আদম ও খ্রীষ্ট; সাদৃশ্য ও তুলনা	আদম ও খ্রীষ্ট	আদম ও যীশু খ্রীষ্ট
৫:১২-১৪	৫:১২-২১	৫:১২-১৪	৫:১২-১৪ ^৭ ৫:১৪ ^৭ -১৭	৫:১২-১৪
৫:১৫-২১		৫:১৫-১৭ ৫:১৮-২১	৫:১৮-১৯ ৫:২০-২১	৫:১৫-২১

পাঠ চক্র তিন(দেখুন পৃষ্ঠা viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

ক. ১-১১ পদ গ্রীকে একটি বাক্য। সেগুলি পৌলের মূল ধারণা “বিশ্বাস দ্বারাই ধার্মিকতা লাভ” (৩:২১-৪:২৫) উন্নয়ন করেছে।

খ. ১-১১ পদের সম্ভাব্য রূপরেখা:

১-৫ পদ	৬-৮ পদ	৯-১১ পদ
১. পরিত্রাণের উপকারিতা	১. পরিত্রাণের ভিত্তি	১. পরিত্রাণের ভবিষ্যৎ নিশ্চয়তা
২. ধার্মিকতার বিষয় ভিত্তিক অভিজ্ঞতা	২. ধার্মিকতার উদ্দেশ্যমূলক সত্য	২. ধার্মিকতার ভবিষ্যৎ নিশ্চয়তা
৩. ধার্মিকতা	৩. পবিত্রকরণের অগ্রযাত্রা	৩. মহিমাম্বিত
৪. নৃত্য	৪. ধর্মতত্ত্ব	৪. ছড়ান্ত বিচার তত্ত্ব

গ. ১২-২১ পদ হল দ্বিতীয় আদম হিসাবে যীশুর আলোচনা (১ করি ১৫:২১-২২, ৪৫-৪৯; ফিলি ২:৬-৮)। এটি গুরুত্ব দিয়েছে ব্যক্তিগত পাপ ও যৌথ পাপের ধর্মতাত্ত্বিক ধারণার উপরে। পৌল উন্নয়ন করেছেন আদমে মানুষের (সৃষ্টির) পতন খুব অনন্য এবং রাব্বীদের (যারা আদি ৬ অধ্যায় থেকে তাদের মতবাদ উন্নয়ন করেছিল) থেকে আলাদা, যখন তার দৃষ্টি দলীয় ভাবে অনেকটা রাব্বীদের শিক্ষার অনুরূপ। এটি দেখিয়েছে পৌলের ক্ষমতা অনুপ্রেরণার অধীনে ব্যবহার অথবা পূর্ণাঙ্গ সত্য যা তিনি শিখেছেন যিরুশালেমে গমলীয়ের কাছ থেকে (প্রেরিত ২২:৩)।

আদি ৩ অধ্যায় থেকে পাপের উৎস সম্পর্কে রিফর্মড ইভানজেলিক্যাল মতবাদ উন্নয়ন হয়েছে আগস্টিন ও ক্যালভিনের দ্বারা। এটি মূলত চেষ্টা করেছে যে মানুষ পাপ নিয়েই জন্ম গ্রহণ করে (সম্পূর্ণরূপে দুষ্টি)। প্রায়ই গীত ৫১:৫; ৫৮:৩; এবং ইয়োব ১৫:১৪; ২৫:৪ পদ ব্যবহৃত হয়েছে পুরাতন নিয়মের proof-texts (পরিশিষ্ট দেখুন) হিসাবে। বিকল্প ধর্মতাত্ত্বিক স্থান হল মানুষ ক্রমাগত ভাবে, নৈতিক এবং আত্মিক ভাবে, তাদের নিজেদের মনোনয়ন ও অদৃষ্টির জন্য দায়ী যেটি উন্নয়ন করেছেন Pelagius এবং Arminius। তাদের দৃষ্টিভঙ্গি সম্পর্কে দ্বি বি ১:৩৯; যিশা ৭:১৫; এবং যোনা ৪:১১; যোহন ৯:৪১; ১৫:২২,২৪; প্রেরিত ১৭:৩০; রোমীয় ৪:১৫ পদে কিছু প্রমাণ রয়েছে। এই ধর্মতাত্ত্বিক স্থানের চালিকা হল সেই সন্তানেরা ততক্ষণ পর্যন্ত নির্দোষ যতক্ষণ না তাদের নৈতিক দায়িত্ব বোধ জন্মে (রাব্বীদের কাছে বালকদের জন্য ১৩ বছর এবং বালিকাদের জন্য ১২ বছর)।

এখানে একটি মধ্যস্থতার ব্যবস্থা যেখানে জন্মগত মন্দতা এবং নৈতিক দায়িত্ব বোধের বয়স উভয়ই সত্য! মন্দতা কেবল মাত্র যৌথ নয়, কিন্তু ব্যক্তির নিজস্ব পাপের (জীবন ক্রমান্বয়ে ঈশ্বরের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে দূরে চলে যায়)। মানুষের দুষ্টিতা মূল বিষয় নয় (আদি ৬:৫, ১১-১২, ১৩; রোমীয় ৩:৯-১৮, ২৩), যখন জন্ম গ্রহণ করে বা পরবর্তীকালে জীবনে?

ঘ. ১২ পদের তাৎপর্যের বেশ কয়েকটি তত্ত্ব রয়েছে

১. সকল লোকই মরবে কারণ সকল লোকই পাপ মনোনয়ন করেছে (Pelagius)
২. আদমের পাপ সমগ্র সৃষ্টিকে প্রভাবিত করেছে, সেজন্য, সকলে মরবে (১৮-১৯ পদ, Augustine)
৩. বাস্তবতায় এটি সম্ভবত আদি পাপ ও ইচ্ছা শক্তির পাপের সমন্বয়

ঙ. পৌলের তুলনা “ঠিক সেভাবে” শুরু হয়েছে ১২ পদ থেকে এবং শেষ হয়েছে ১৮ পদ পর্যন্ত। ১৩-১৭ পদ এসেছে সংযুক্তি থেকে যা পৌলের লেখায় খুবই বৈশিষ্ট্যমূলক।

চ. মনে রাখুন পৌলের সুসমাচার উপস্থাপনা, ১:১৮-৮:৩৯ পদ, একটি চলমান যুক্তি। সম্পূর্ণটি অবশ্যই দেখা যাবে নিয়মানুসারে সঠিক ব্যাখ্যা এবং অংশের গুণে।

ছ. মার্টিন লুথার বলেছেন ৫ অধ্যায় সম্পর্কে, “সম্পূর্ণ বাইবেলে আর একটি অধ্যায় খুঁজে পাওয়া খুব কঠিন যেটি এই বিজয়মূলক পাঠের সমতুল্য।”

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ৫:১-৫

^১ সেজন্য, বিশ্বাসে ধার্মিক গণিত হওয়াতে আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা আমরা ঈশ্বরের উদ্দেশ্যে শান্তি লাভ করেছি; ^২ আর তাঁরই দ্বারা আমরা বিশ্বাসে এই অনুগ্রহের মধ্যে প্রবেশ লাভ করেছি যার মধ্যে দাঁড়িয়ে আছি; এবং ঈশ্বরের প্রতাপের প্রত্যাশায় গৌরব করছি। ^৩ কেবল তাই নয়, কিন্তু নানাবিধ ক্লেশও গৌরব করছি, এটা জেনে যে, ক্লেশ ধৈর্য্যকে উৎপন্ন করে; ^৪ ধৈর্য চরিত্রকে প্রমাণ করে; এবং চরিত্র প্রত্যাশাকে প্রমাণ করে; ^৫ আর প্রত্যাশা হতাশাজনক হয় না, কারণ ঈশ্বরের ভালবাসা আমাদের হৃদয়ে সেচিত হয়েছে পবিত্র আত্মার মাধ্যমে যাকে আমাদের জন্য দেওয়া হয়েছে। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১ “সেজন্য” এই শব্দ প্রায়ই ইঙ্গিত দেয়

১. এই পর্যন্ত ধর্মতাত্ত্বিক যুক্তির সারাংশ
২. এই ধর্মতাত্ত্বিক উপস্থাপনার উপসংহারের ভিত্তি

৩. নূতন সত্যের উপস্থাপনা (৫:১; ৮:১; ১২:১)

□ “ধার্মিক গণ্য হওয়াতে” এটি একটি AORIST PASSIVE PARTICIPLE; ঈশ্বরের বিশ্বাসীদের ধার্মিক গণনা করেন। গুরুত্ব দেবার জন্য এটি গ্রীক বাক্যে প্রথমে বসে (১-২ পদ)। ১-১১ পদে মনে হয় সময় ক্রম রয়েছে।

১. ১-৫ পদ, আমাদের বর্তমান অভিজ্ঞতা হল অনুগ্রহ
২. ৬-৮ পদ, আমাদের পক্ষে খ্রীষ্টের সম্পাদিত কাজ
৩. ৯-১১ পদ, আমাদের ভবিষ্যৎ প্রত্যাশা এবং পরিত্রাণের নিশ্চয়তা

প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টির রূপরেখা খ দেখুন।

পুরাতন নিয়মের প্রেক্ষাপটে (মনে রাখুন নূতন নিয়মের লেখকেরা ছিলেন ইব্রীয় এবং তারা চলতি গ্রীকে লিখেছেন) টার্ম “ধার্মিক গণিত হওয়া” (*dikaioō*) ছিল একটি “সরল প্রাপ্ত” বা “মাপার নল খাণ্ডা”। এটি ঈশ্বরের জন্য রূপক ভাবে ব্যবহৃত হয়েছে। বিশেষ বিষয় দেখুন: ১:১৭ পদে ধার্মিকতা। ঈশ্বরের চরিত্র, পবিত্রতা, বিচারের একমাত্র মানদণ্ড (LXX এর লেবীয় ২৪:২২; এবং ধর্মতত্ত্বগত ভাবে মথি ৫:৪৮)। যীশুর উৎসর্গ, বিকল্প মৃত্যুর কারণে (যিশা ৫৩), বিশ্বাসীরা লাভ করে একটি আইনগত মর্যাদা ঈশ্বরের সামনে দাঁড়ানোর (৫:২ পদের নোট দেখুন)। এটি কখনোই বিশ্বাসীদের দোষহীনতার কথা বলে না, বরং এমন কিছু দোষ মার্জনার মত। শান্তির জন্য অন্য কোন কিছু পরিশোধ করা হয়েছে (২ করি ৫:২১)। বিশ্বাসীদের ঘোষণা করা হয়েছে ক্ষমাপ্রাপ্ত (৯, ১০ পদ)।

□ “বিশ্বাস দ্বারা” বিশ্বাস হল একটি হাত যেটি ঈশ্বরের দান গ্রহণ করে (২ পদ; রোমীয় ৪:১..)। বিশ্বাস কখনই দেখে না বিশ্বাসীদের অঙ্গিকারের গভীরতা বা অথবা সংকল্প (মথি ১৭:২০), কিন্তু ঈশ্বরের চরিত্র ও প্রতিজ্ঞা (ইফি ২:৮-৯)। “বিশ্বাস” এর জন্য পুরাতন নিয়মের শব্দ মূলত উল্লেখ করে একজনের অটল দাড়িয়ে থাকার ভঙ্গি। এটি কোন একজনের জন্য রূপক ভাবে ব্যবহৃত হয়েছে যে অনুগত, নির্ভরযোগ্য, এবং বিশ্বাসযোগ্য। বিশ্বাস কখনোই দেখে না আমাদের বিশ্বস্ততা বা বিশ্বাসযোগ্যতা, কিন্তু ঈশ্বরের। বিশেষ বিষয় দেখুন: ৪:৫ পদে বিশ্বাস।

□ “আমরা শান্তি লাভ করেছি” এখানে গ্রীক পাল্লিলিপি পার্থক্য। এই VERB হয় PRESENT ACTIVE SUBJUNCTIVE (*echōmen*, MSS κ^* , A, B^{*}, C, D) অথবা PRESENT ACTIVE INDICATIVE (*echomen*, MSS κ^1 , B², F, G)। এই একই ব্যাকরণগত দ্ব্যর্থকতা ১, ২ এবং ৩ পদে পাওয়া যায়।

১. যদি এটি SUBJUNCTIVE তবে এটি অনুবাদ হতে পারে “আস আমরা অবিরত শান্তি উপভোগ করি” অথবা “শান্তি উপভোগ করতে থাক”।
২. যদি এটি INDICATIVE তবে এটি অনুবাদ হতে পারে “আমরা শান্তি পেয়েছি”।

১-১১ পদের প্রসঙ্গ উৎসাহমূলক নয়, কিন্তু একটি ঘোষণা যে বিশ্বাসীরা খ্রীষ্টের মধ্যে দিয়ে কি পেয়েছে। সেজন্য, VERB সম্ভবত PRESENT ACTIVE INDICATIVE, “আমাদের শান্তি আছে”। ইউএসবি^১ এই সুযোগ “A” রেটিং(নির্দিষ্ট)।

আমাদের অনেক প্রাচীন গ্রীক পাল্লিলিপি একজন মূল পাঠ পড়েছে এবং অন্য অনেকে তা কপি করেছে। শব্দ যেগুলি একই রকম উচ্চারিত হয়েছে সেগুলো প্রায়ই ঈশ্বরের সৃষ্টি করেছে। এখানে প্রসঙ্গ এবং মাঝে মাঝে লেখনির পদ্ধতি এবং সাধারণ লেখকের শব্দ ভাঙার অনুবাদের সিদ্ধান্ত সহজ করতে সাহায্য করেছে।

□ “শান্তি” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: শান্তি (বিভিন্ন অর্থে)

গ্রীক টার্মের মূল অর্থ “যা ভেঙ্গে গিয়েছিল তা একত্রে বন্ধন”। নূতন নিয়ম তিন ভাবে শান্তির কথা বলেছে:

১. একটি উদ্দেশ্যমূলক দিক, খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের সাথে আমাদের শান্তি (কল ১:২০)
২. বিষয় ভিত্তিক দিক, ঈশ্বরের সঙ্গে আমাদের সঠিক সম্পর্ক (যোহন ১৪:২৭; ১৬:৩৩; ফিলি ৪:৭)
৩. খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বর এক নূতন দেহে গ্রথিত করেছেন, বিশ্বাসী যিহূদী ও পরজাতি উভয়কেই (ইফি ২:১৪-১৭; কল ৩:১৫)। একবার যখনই ঈশ্বরের সঙ্গে আমাদের শান্তি হয়, এটি তখন অন্যদের সঙ্গে শান্তির একটি বিষয় হয়ে দাঁড়ায়! উলম্ব অবশ্যই সমান্তরাল হবে।

Newman এবং Nida, *A Translator's Handbook on Paul's Letter to the Romans*, p. 92, এখানে আছে “শান্তি” সম্পর্কে ভাল মন্তব্য।

“পুরাতন নিয়ম ও নূতন নিয়ম উভয় নিয়মেই শান্তি টার্মটির অর্থ ব্যাপক। মূলত এটি বর্ণনা করে একজন মানুষের জীবনের সম্পূর্ণ কল্যাণ; এটি যিহূদীদের মধ্যেও গৃহিত হয়েছে শুভেচ্ছা (*shalom*) জানাবার একটি সূত্র হিসাবে। এটি টার্মের রয়েছে একটি গভীর অর্থ যার ফলে এটি যিহূদীরাও ব্যবহার করেছে মশীহের পরিত্রাণ বর্ণনা করতে। এই সত্যের কারণে, এক সময়ে এটি ব্যবহৃত হয়েছে প্রায় একই অর্থে এই টার্মের সাথে যার অনুবাদ হয়েছে “ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্ক হওয়া”। এখানে টার্মটি ব্যবহৃত হতে দেখা যায় মানুষ এবং ঈশ্বরের মধ্যে সুসামঞ্জস্য পূর্ণ সম্পর্ক প্রতিষ্ঠার বর্ণনা করতে যার ভিত্তি ঈশ্বরের তাঁর নিজের সঙ্গে সঠিক সম্পর্কে রাখা” (৯২ পৃষ্ঠা)।

□ “আমাদের প্রভু যীশু খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের সঙ্গে” যীশু হলেন প্রতিনিধি (*dia*, ২, ৯, ১১, ১৭, ২১; ৫ পদে আত্রার) যিনি ঈশ্বরের শান্তি আনেন। যীশু হলেন ঈশ্বরের শান্তির একমাত্র উপায় (যোহন ১০:৭-৮; ১৪:৬; প্রেরিত ৪:১২; ১ তীম ২:৫)। টার্ম যার শিরোনাম “প্রভু যীশু খ্রীষ্ট” এর জন্য ১:৪ পদের নোট দেখুন।

৫:২ “আমরা আমাদের প্রবেশ লাভ করেছি” এই VERB হল PERFECT ACTIVE INDICATIVE; এটি অতীতের কাজের বিষয় বলছে যা সুসম্পন্ন করা হয়েছে এবং এখন তার ফল হল বাস্তবতা।

“পরিচিতি” টার্মের আক্ষরিক অর্থ “প্রবেশ” বা “ভর্তি হওয়া” (*prosagōgē*, ইফি ২:১৮; ৩:১২)। এটি রূপক ভাবেও ব্যবহৃত হয়েছে

১. মর্যাদার ব্যক্তিগত পরিচিতি
২. বন্দরে নিরাপদে আনয়ন করা (১ পিতর ৩:১৮)

এই শব্দগুচ্ছ গ্রীক পাণ্ডুলিপি পার্থক্য ধারণ করে। কোন কোন প্রাচীন পাণ্ডুলিপি যোগ করেছে “বিশ্বাস দ্বারা” ($\kappa^{\ast 2}$, C, সঙ্গে সঙ্গে কতগুলি প্রাচীন ল্যাটিন ভালগেট, Syriac এবং Coptic সংস্করণ)। অন্য পাণ্ডুলিপি সমূহ PREPOSITION যুক্ত করেছে “বিশ্বাস দ্বারা” (κ^1 , A, এবং কিছু ভালগেট সংস্করণ)। যাহোক, uncial পাণ্ডুলিপি B, D, F, এবং G সম্পূর্ণ ভাবে একে বাদ দিয়েছে। এটি মনে হয় যে অধ্যাপকেরা সাধারণ ভাবে ৫:১ এবং ৪:১৬ (দুবাব), ১৯ এবং ২০ পদের সমান্তরাল পূর্ণ করেছেন। “বিশ্বাস দ্বারা” পৌলের বার বার বলা মূল ভাব (থিম)!

□ “এই অনুগ্রহে” এই টার্ম (*charis*) অর্থ ঈশ্বরের কাছ থেকে পাওয়ার যোগ্য নয়, কোন-সুতা-যুক্ত নয়, অর্জনকৃত নয় ভালবাসা ইফি ২:৪-৯)। এটি স্পষ্ট দেখা গেছে পাপী মানুষের জন্য খ্রীষ্টের মৃত্যুতে (৮ পদ)।

□ “যাতে আমরা দাঁড়িয়ে আছি” এটি আর একটি PERFECT ACTIVE INDICATIVE; আক্ষরিক ভাবে “আমরা দাঁড়িয়েছি এবং অবিরত দাঁড়িয়ে থাকবো।” এটি খ্রীষ্টে বিশ্বাসীদের ধর্মতাত্ত্বিক অবস্থান প্রতিফলিত করে এবং তাদের বিশ্বাসে অবিচল থাকার অঙ্গিকার যেটি একত্রে ঈশ্বরের সার্বভৌমত্বের (১ করি ১৫:১) ধর্মতাত্ত্বিক সত্যের ভিত্তি এবং মানুষের স্বাধীন ইচ্ছার (ইফি ৬:১১, ১৩, ১৪)।

বিশেষ বিষয়: দাঁড়ান (*HISTĒMI*)

এটি একটি সাধারণ টার্ম ব্যবহৃত হয়েছে নূতন নিয়মে কয়েকটি ধর্মতাত্ত্বিক অর্থে

১. প্রতিষ্ঠা করা
 - ক. পুরাতন নিয়মের ব্যবস্থা, রোমীয় ৩:৩১
 - খ. একজনের নিজের ধার্মিকতা, রোমীয় ১০:৩
 - গ. নূতন নিয়ম, ইব্রীয় ১০:৯
 - ঘ. একটি অভিযোগ, ২ করি ১৩:১
 - ঙ. ঈশ্বরের সত্য, ২ তীম ২:১৯
২. আত্মিক ভাবে প্রতিরোধ
 - ক. শয়তান, ইফি ৬:১১
 - খ. বিচার দিন, প্রকা ৬:১৭
৩. কোন একজনের ভিত্তি-তে দাঁড়ানোর দ্বারা প্রতিরোধ
 - ক. সামরিক রূপক, ইফি ৬:১৪
 - খ. সামাজিক রূপক, রোমীয় ১৪:৪
৪. সত্যে একটি মর্যাদা, যোহন ৮:৪৪
৫. অনুগ্রহে একটি মর্যাদা
 - ক. রোমীয় ৫:২
 - খ. ১ করি ১৫:১
 - গ. ১ পিতর ৫:১২
৬. বিশ্বাসে মর্যাদা
 - ক. রোমীয় ১১:২০
 - খ. ১ করি ৭:৩৭
 - গ. ১ করি ১৫:১
 - ঘ. ২ করি ১:২৪
৭. ঔদ্যতের একটি মর্যাদা, ১ করি ১০:১২

এই টার্ম প্রকাশ করছে সার্বভৌম ঈশ্বরের নিয়মবদ্ধ অনুগ্রহ ও দয়া উভয়ই এবং সত্য হল যে বিশ্বাসীদের এতে সাড়া প্রদান করতে হয় এবং বিশ্বাসে তা আকড়ে ধরতে হয়! উভয়ই বাইবেল ভিত্তিক সত্য। তাদের অবশ্যই একত্রে ধরতে হবে।

□ “আমরা গৌরব করছি” এই ব্যাকরণগত গঠন বোঝা যেতে পারে (১) একটি PRESENT MIDDLE (deponent) INDICATIVE, “আমরা শ্লাঘা করিতেছি” অথবা (২) একটি PRESENT MIDDLE (deponent) SUBJUNCTIVE, “এস আমরা শ্লাঘা করি”। পন্ডিতেরা এই বাছাইকে বিভক্ত করেছেন। যদি কেউ গ্রহণ করে “আমাদের আছে” ১ পদের একটি INDICATIVE হিসাবে তাহলে অনুবাদ অবশ্যই ৩ পদের মতই সুসামঞ্জস্যপূর্ণ হবে।

“গৌরব করা” শব্দের মূল হল “গর্ব করা” (NRSV, JB)। ২:১৭ পদের বিশেষ বিষয় দেখুন। বিশ্বাসীরা কখনোই নিজেদের মধ্যে শ্লাঘা করবে না (৩:২৭), কিন্তু প্রভু যা তাদের জন্য করেছেন তাতে করবে (যির ৯:২৩-২৪)। ৩ ও ১১ পদে এই একই গ্রীক মূল পুনরাবৃত্তি হয়েছে।

□ “বিশ্বাসে” পৌল প্রায়ই এই টার্মটি ব্যবহার করেছেন বিভিন্ন ভাবে কিন্তু সম্বন্ধযুক্ত অর্থে। ৪:১৮ পদে নোট দেখুন। প্রায়ই এটি বিশ্বাসীদের সম্পূর্ণ বিশ্বাসের সঙ্গে সম্পর্কযুক্ত। এটা প্রকাশ করা যেতে পারে গৌরব, অনন্ত জীবন, চূড়ান্ত পরিত্রাণ, দ্বিতীয় আগমন, ইত্যাদি হিসাবে। সুস্পন্ন হওয়াটা নিশ্চিত, কিন্তু সময়ের উপাদান হল ভবিষ্যৎ এবং অজ্ঞাত। এটি প্রায়ই “বিশ্বাস” এবং “ভালবাসার” সঙ্গে সম্বন্ধযুক্ত (১ করি ১৩:১৩; গালা ৫:৫-৬; ইফি ৪:২-৫; ১ থি ১:৩; ৫:৮)। পৌলের কিছু ব্যবহারের আংশিক তালিকা নিম্নে উল্লেখ করা হল

১. দ্বিতীয় আগমন, গালা ৫:৫; ইফি ১:১৮; তীত ২:১৩
২. যীশু আমাদের প্রত্যাশা, ১ তীম ১:১
৩. ঈশ্বরের কাছে বিশ্বাসীরা উপস্থিত হবে, কল ১:২২-২৩; ১ থি ২:১৯
৪. প্রত্যাশা স্বর্গে রয়েছে, কল ১:৫
৫. চূড়ান্ত পরিত্রাণ, ১ থি ৪:১৩
৬. ঈশ্বরের মহিমা, রোমীয় ৫:২; ২ করি ৩:১২; কল ১:২৭
৭. পরিত্রাণের নিশ্চয়তা, ১ থি ৫:৮-৯
৮. অনন্ত জীবন, তীত ১:২; ৩:৭
৯. খ্রীষ্টিয় পরিপক্বতার ফলাফল, রোমীয় ৫:২-৫
১০. সমস্ত সৃষ্টির পুনরুদ্ধার, রোমীয় ৮:২০-২২
১১. ঈশ্বরের জন্য উপাধি, রোমীয় ১৫:১৩
১২. দত্তক গ্রহণ সুস্পন্ন, রোমীয় ৮:২৩-২৫
১৩. পুরাতন নিয়ম নির্দেশক হিসাবে রয়েছে নূতন নিয়মের বিশ্বাসীদের জন্য, রোমীয় ১৫:৪

বিশেষ বিষয়:নিশ্চয়তা

- ক. খ্রীষ্টিয়ানেরা কি জানতে পারে যে তারা উদ্ধার পেয়েছে (১ যোহন ৫:১৩)? ১ যোহনে তিনটি পরীক্ষা বা প্রমাণ রয়েছে
১. মতবাদগত (বিশ্বাস) (১, ৫, ১০; ২:১৮-২৫; ৪:১-৬, ১৪-১৬; ৫:১১-১২)
 ২. জীবন পদ্ধতি (বাধ্যতা) (২-৩; ২:৩-৬; ৩:১-১০; ৫:১৮)
 ৩. সামাজিক (ভালবাসা) (২-৩; ২:৭-১১; ৩:১১-১৮; ৪:৭-১২, ১৬-২১)
- খ. নিশ্চয়তা হয়ে পড়েছে একটি ডিনোমিনেশনাল বিষয়
১. জন ক্যালভিন ভিত্তি করেছেন ঈশ্বরের নির্বাচনের নিশ্চয়তা। তিনি বলেছেন যে আমরা এই জীবনে কখনোই নিশ্চিত হতে পারি না।
 ২. জন ওয়েসলী ধর্মীয় অভিজ্ঞতার নিশ্চয়তা ভিত্তি করেছেন। তিনি বিশ্বাস করেন যে আমাদের জানা পাপের উর্দে জীবন যাপনের ক্ষমতা আমাদের রয়েছে।
 ৩. রোমান কাথলিক এবং চার্চ অফ ক্রাইস্ট কর্তৃত্বমূলক চার্চের নিশ্চয়তার উপরে ভিত্তি করেছেন। এই দলের মধ্যে একদল নিশ্চয়তার চাবির অধিকারী।
 ৪. বেশীর ভাগ ইভানজেলিক্যাল দল বাইবেলের প্রতিজ্ঞার নিশ্চয়তার উপরে ভিত্তি করেছেন, বিশ্বাসীদের জীবনে আত্মার ফল সংযুক্ত (গালা ৫:২২-২৩)।
- গ. আমি মনে করি পতিত মানুষের প্রাথমিক নিশ্চয়তা হল ত্রিভু ঈশ্বরের চরিত্রের সঙ্গে সংযুক্ত থাকা
১. পিতা ঈশ্বরের ভালবাসা
 - ক. যোহন ৩:১৬; ১০:২৮-২৯
 - খ. রোমীয় ৮:৩১-৩৯
 - গ. ইফিসীয় ২:৫, ৮-৯
 - ঘ. ফিলিপীয় ১:৬
 - ঙ. ১ পিতর ১:৩-৫
 - চ. ১ যোহন ৪:৭-২১
 ২. পুত্র ঈশ্বরের কাজ
 - ক. আমাদের পক্ষে মৃত্যুবরণ করা
 - ১) শ্রেণিত ২:২৩
 - ২) রোমীয় ৫:৬-১১
 - ৩) ২ করিন্থীয় ৫:২১
 - ৪) ১ যোহন ২:২; ৪:৯-১০
 - খ. মহা যাজকীয় প্রার্থনা (যোহন ১৭:১২)
 - গ. অবিরত মধ্যস্থতা
 - ১) রোমীয় ৮:৩৪
 - ২) ইব্রীয় ৭:২৫
 - ৩) ১ যোহন ২:১
 ৩. আত্মা ঈশ্বরের পরিচর্যা
 - ক. আহবান করা (যোহন ৬:৪৪, ৬৫)

- খ. মুদ্রাংকন করা,
১) ২ করিন্থীয় ১:২২; ৫:৫
২) ইফিসীয় ১:১৩-১৪; ৪:৩
- গ. আশ্বস্ত করা
১) রোমীয় ৮:১৬-১৭
২) ১ যোহন ৫:৭-১৩
- ঘ. কিন্তু মানুষকে অবশ্যই ঈশ্বরের নিয়মের দানে (প্রারম্ভিক ও অবিরত ভাবে) সাড়া প্রদান করতে হবে।
১. বিশ্বাসীদের অবশ্যই পাপ থেকে ফিরতে হবে (মন পরিবর্তন) এবং খ্রীষ্টের মধ্যে দিয়ে যেতে হবে (বিশ্বাস)
ক. মার্ক ১:১৫
খ. প্রেরিত ৩:১৬, ১৯; ২০:২১
২. বিশ্বাসীদের খ্রীষ্টে অবশ্যই ঈশ্বরের দান গ্রহণ করতে হবে
ক. যোহন ১:১২; ৩:১৬
খ. রোমীয় ৫:১ (এবং উপমা দ্বারা ১০:৯-১৩)
গ. ইফিসীয় ২:৫, ৮-৯
৩. বিশ্বাসীদের সব সময়ই বিশ্বাসের মধ্যে থাকতে হবে
ক. মার্ক ১৩:১৩
খ. ১ করিন্থীয় ১৫:২
গ. গালাতীয় ৬:৯
ঘ. ইব্রীয় ৩:১৪
ঙ. ২ পিতর ১:১০
চ. যিহুদা ২০-২১
ছ. প্রকাশিত বাক্য ২:২-৩, ৭, ১০, ১৭, ১৯, ২৫-২৬; ৩:৫, ১০, ১১, ২১
৪. বিশ্বাসীরা তিনটি পরীক্ষার সম্মুখীন হয়
ক. মতবাদগত (১, ৫, ১০; ২:১৮-২৫; ৪:১-৬, ১৪-১৬)
খ. জীবন পদ্ধতি (২-৩; ২:৩-৬; ৩:১-১০)
গ. সামাজিক (২-৩; ২:৭-১১; ৩:১১-১৮; ৪:৭-১২, ১৬-২১)
- ঙ. নিশ্চয়তা কঠিন কারণ
১. বিশ্বাসীরা প্রায়ই নিশ্চিত অভিজ্ঞতার অন্বেষণ করে কিন্তু বাইবেলের প্রতিজ্ঞা নয়
২. প্রায়ই বিশ্বাসীরা সম্পূর্ণ ভাবে সুসমাচার বোঝে না
৩. প্রায়ই বিশ্বাসীরা অবিরত ইচ্ছাকৃত ভাবে পাপ করে (১ করি ৩:১০-১৫; ৯:২৭; ১ তীম ১:১৯-২০; ২ তীম ৪:১০; ২ পিতর ১:৮-১১)
৪. কোন কোন লোক (অর্থাৎ perfectionists [নৈতিক ও ধর্মীয় শুদ্ধতায় বিশ্বাসী]) আছে যারা কখনো ঈশ্বরের শর্তহীন গ্রহণ ও ভালবাসা গ্রহণ করে না
৫. বাইবেলে ভ্রান্ত পেশার উদাহরণ রয়েছে (মথি ১৩:৩-২৩; ৭:২১-২৩; মার্ক ৪:১৪-২০; ২ পিতর ২:১৯-২০; ১ যোহন ২:১৮-১৯)

□ “ঈশ্বরের প্রতাপ” এই শব্দগুচ্ছ হল ঈশ্বরের ব্যক্তিগত উপস্থিতির জন্য পুরাতন নিয়মের একটি বাগধারা। এটি উল্লেখ করে বিশ্বাসীদের বিশ্বাসে ঈশ্বরের সম্মুখে দাঁড়ান-ধার্মিকতা যীশু পুনরুত্থান দিনে যোগাবেন (২ করি ৫:২১)। এটিকে প্রায়ই ধর্মতাত্ত্বিক টার্মে বলা হয় “মহিমাম্বিত করা” (৯-১০; ৮:৩০)। বিশ্বাসীরা যীশুর মত হওয়ার আংশী হবে (১ যোহন ৩:২; ২ পিতর ১:৪)। বিশেষ বিষয় দেখুন: ৩:২৩ পদে মহিমা

৫:৩

NASB	“কেবল এটা নয়, কিন্তু”
NKJV	“কেবল তা নয়, কিন্তু”
NRSV	“কেবল তা নয়, কিন্তু”
TEV	–বাদ দেওয়া হয়েছে–
NJB	“কেবল তা নয়”

পৌল এই সব টার্মের সমন্বয় ব্যবহার করেছিলেন বেশ কয়েকবার (৫:৩, ১১; ৮:২৩; ৯:১০, এবং ২ করি ৮:১৯)।

□

NASB	“আমরা আমাদের ক্রেশেও গৌরব করছি”
NKJV	“আমরা আমাদের ক্রেশেও গৌরব করছি”
NRSV	“আমরা আমাদের ক্রেশেও গর্ব করছি”
TEV	“আমরা আমাদের সমস্যায়ও গর্ব করছি”
NJB	“আস আমরা গৌরবও করি, আমাদের কঠিন সময়ে”

যদি জগৎ যীশুকে ঘৃণা করে, তাঁর অনুসারীদেরও করবে (মথি ১০:২২; ২৪:৯; যোহন ১৫:১৮-২১)। যীশু পরিপক্ব, মানবিক ভাবে কথা বলছিলেন সেই সব বিষয়ে যে সব বিষয়ে তিনি কষ্টভোগ করেছিলেন (ইব্রীয় ৫:৮)। কষ্টভোগ নির্ভরতা ও পরিপক্বতা উৎপন্ন করে। খ্রীষ্ট সাদৃশ্যতা প্রতিটি বিশ্বাসীর জন্য ঈশ্বরের পরিকল্পনা, কষ্টভোগ এরই একটি অংশ (৮:১৭-১৯; শ্রেণিত ১৪:২২; যাকোব ১:২-৪; ১ পিতর ৪:১২-১৯)!

বিশেষ বিষয়: কেন খ্রীষ্টিয়ানেরা কষ্টভোগ করে

১. ব্যক্তিগত পাপের কারণে (জাগতিক বিচার)। এটি এই ইঙ্গিত দেয় না যে সকল সমস্যা এবং নেতিবাচক পরিস্থিতি পাপের ফল (ইয়োব: গীত ৭৩; লুক ১৪:১-৫; নহি ৯; শ্রেণিত ৫:১-১১; ১ করি ১১:২৯-৩০; গালা ৬:৭)।
২. খ্রীষ্ট সাদৃশ্যতা উন্নয়নে (ইব্রীয় ৪:৮)। এমনকি যীশুও, মানবিক ভাবে কথা বলেছেন, পরিপক্ব হয়েছেন, ঠিক সেরকমই, তাঁর বিশ্বাসীরা (রোমীয় ৫:৩-৪; ৮:২৮-২৯; ২ করি ১২:৭-১০; ফিলি ৩:১০; ইব্রীয় ১২:৫-১২; যাকোব ১:২-৪; ১ পিতর ১:৭)।
৩. একটি শক্তিশালী, কার্যকর সাক্ষ্য উন্নয়ন করা (মথি ৫:১০-১২; যোহন ১৫:১৮-২২; ১ পিতর ২:১৮-২১, ৩:১৩-১৭)।
৪. নূতন যুগের প্রসব যন্ত্রণার চিহ্ন হিসাবে (মথি ২৪:৬; মার্ক ১৩:৮)।

□ “জেনে” এটি “*oida*” এর একটি PERFECT PARTICIPLE। এটি গঠনগত দিক থেকে PERFECT, কিন্তু এটি কার্যকর PRESENT TENSE হিসাবে। বিশ্বাসীদের সুসমাচারে সত্য বুঝতে যখন তারা কষ্টভোগকে তাদের জীবনে সুযোগ দেবে আনন্দ ও নির্ভরতা হিসাবে যেটি পরিস্থিতি উপরে নির্ভরশীল নয়, এমনকি নির্ঘাতনের সময়েও (ফিলি ৪:৪; ১ থিষ ৫:১৬,১৮)। বিশ্বাসীরা শ্লাঘা করবে নির্ঘাতনের “মধ্যে”, তাদের “কারণে” নয়!

□ “ক্লেশ” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: নির্ঘাতন

একটি ধর্মতাত্ত্বিক স্বাতন্ত্র্যতা দরকার পৌলের টার্ম (*thlipsis*) ব্যবহার এবং যোহনের ব্যবহারের মধ্যে।

ক. পৌলের ব্যবহার (যেটি প্রতিফলিত করে যীশুর ব্যবহার)

১. সমস্যা, কষ্টভোগ, পতিত জগতে মন্দতা অর্ন্তভুক্ত
 - ক. মথি ১৩:২১
 - খ. রোমীয় ৫:৩
 - গ. ১ করি ৭:২৮
 - ঘ. ২ করি ৭:৪
 - ঙ. ইফি ৩:১৩
২. সমস্যা, কষ্টভোগ, মন্দতার কারণে অবিশ্বাসীদের দ্বারা
 - ক. রোমীয় ৫:৩; ৮:৩৫; ১২:১২
 - খ. ২ করি ১:৪,৮; ৬:৪; ৭:৪; ৮:২,১৩
 - গ. ইফি ৩:১৩
 - ঘ. ফিলি ৪:১৪
 - ঙ. ১ থিষ ১:৬
 - চ. ২ থিষ ১:৪

৩. সমস্যা, কষ্টভোগ, শেষ কালের মন্দতা

- ক. মথি ২৪:২১,২৯
- খ. মার্ক ১৩:১৯,২৪
- গ. ২ থিষ ১:৬-৯

খ. যোহনের ব্যবহার

১. যোহন সুনির্দিষ্ট পার্থক্য করেছেন প্রকাশিত বাক্যে *thlipsis* এবং *orgē* অথবা *thumos* (ক্রোধ) এর মধ্যে। *Thlipsis* হল অবিশ্বাসীরা বিশ্বাসীদের প্রতি যা করে এবং *orgē* ও *thumos* হল ঈশ্বর অবিশ্বাসীদের প্রতি কি করবেন।
 - ক. *thlipsis* – প্রকা ১:৯; ২:৯-১০,২২; ৭:১৪
 - খ. *orgē* – প্রকা ৬:১৬-১৭; ১১:১৮; ১৬:১৯; ১৯:১৫
 - গ. *thumos* – প্রকা ১২:১২; ১৪:৮,১০,১৯; ১৫:২,৭; ১৬:১; ১৮:৩
২. যোহন আরও এই টার্মটি ব্যবহার করেছেন তার সুসমাচারে প্রতিটি যুগের বিশ্বাসীরা যে সমস্যার সম্মুখীন হন তা প্রতিফলিত করতে—যোহন ১৬:৩৩।

৫:৩, ৪ “ধৈর্যধারণ” এই টার্মের অর্থ “স্বৈচ্ছাভিত্তিতে,” “সক্রিয়,” “অবিচল ভাবে,” “সহিষ্ণুতা।” এটা একটি টার্ম ছিল যা লোকদের সঙ্গে ধৈর্য ধরার সঙ্গে সঙ্গে পরিস্থিতির সাথে সম্পর্কযুক্ত। ৮:২৫ পদে বিশেষ বিষয় দেখুন।

৫:৪

NASB

“প্রমাণিত চরিত্র”

NKJV, NRSV “চরিত্র”

TEV “ঈশ্বরের অনুমোদন”

NJB “পরীক্ষিত চরিত্র”

LXX এর আদি ২৩:১৬; ১ রাজা ১০:১৮; ১ করি ২৮:১৮ পদের এই টার্ম ব্যবহৃত হয়েছে ধাতু খাঁটি ও নির্ভেজাল কিনা তা পরীক্ষার বিষয়ে (২ করি ২:৯; ৮:২; ৯:১৩; ১৩:৩; ফিলি ২:২২; ২ তীম ২:১৫; যাকোব ১:১২)। ঈশ্বরের পরীক্ষা সব সময়ই শক্তিশালী হবার জন্য (ইব্রীয় ১২:১০-১১)। বিশেষ বিষয় দেখুন: ২:১৮ পদের পরীক্ষা।

বিশেষ বিষয়: খ্রীষ্টিয় বৃদ্ধি

রোমীয় ৫:৩-৪

নির্যাতনের কারণে
* দীর্ঘসহিষ্ণুতা
* প্রমাণিত চরিত্র
* প্রত্যাশা (২ পদ)

* বিশ্বস্ততা

গালাতীয় ৫:২২-২৩

আত্মার ফল
* ভালবাসা
* আনন্দ
* শান্তি
* ধৈর্য
* মধুর ভাব
* দয়ালু

* মৃদুশীলতা
* আত্ম-নিয়ন্ত্রণ

যাকোব ১:৩-৪

পরীক্ষা উৎপন্ন করে
* অধ্যবসায়
* পরিপক্বতা
১. অবিচলতা
২. সম্পূর্ণ

(philadelphia)

২ পিতর ১:৫-৭

পরিশ্রমের প্রয়োগ
* নৈতিক উৎকর্ষতা
* জ্ঞান
* আত্ম-নিয়ন্ত্রণ
* ধৈর্যধারণ
* ঈশ্বর ভক্তি
* ভ্রাতৃসূলভ দয়া

* খ্রীষ্টিয় ভালবাসা
(agapē)

৫:৫ “প্রত্যাশা হতাশাজনক হয় না” এটি হতে পারে ইব্রীয় বাগধারার একটি পরোক্ষ উল্লেখ (অর্থাৎ লজ্জা, গীত ২৫:৩,২০; ৩১:১,১৭; ১১৯:১১৬; যিশা ২৮:১৬ [রোমীয় ৯:৩৩ পদ থেকে উদ্ধৃতি]; ফিলি ১:২০)।

□ “কারণ ঈশ্বরের ভালবাসা আমাদের হৃদয়ে সেচিত হয়েছে” এটি একটি PERFECT PASSIVE INDICATIVE; আক্ষরিক ভাবে, “ঈশ্বর ভালবাসা সব সময় আমাদের হৃদয়ে সেচিত হইতেছে।” এই VERB প্রায়ই সময়ই পবিত্র আত্মার বিষয়ে ব্যবহৃত হয়েছে (প্রেরিত ২:১৭; ১৮:৩৩; ১০:৪৫ এবং তীত ৩:৬), যেটি প্রতিফলিত করতে পারে যোয়েল ২:২৮-২৯ পদ (যিশা ৩২:১৫)।

GENITIVE PHRASE, “ঈশ্বরের প্রেম” ব্যাকরণগত ভাবে উল্লেখ করতে পারে (১) ঈশ্বরের জন্য আমাদের ভালবাসা অথবা (২) আমাদের জন্য ঈশ্বরের ভালবাসা (যোহন ৩:১৬; ২ করি ৫:১৪)। ২ নম্বরটি কেবলমাত্র প্রসঙ্গের বাছাই।

□ “পবিত্র আত্মা যাকে আমাদের দেওয়া হয়েছে” এটি একটি AORIST PASSIVE PARTICIPLE। PASSIVE VOICE প্রায়ই ব্যবহৃত হয়েছে ঈশ্বরের প্রতিনিধিত্ব প্রকাশে। এটি ইঙ্গিত দেয় যে বিশ্বাসীদের অধিক আত্মার প্রয়োজন নেই। হয় তাদের আত্মা রয়েছে না হয় তারা খ্রীষ্টিয়ান নয় (৮:৯)। এই আত্মাকে দান করা ছিল নূতন যুগের (যোয়েল ২:২৮-২৯), নূতন নিয়মের (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩২) চিহ্ন।

□ লক্ষ্য করুন এই প্যারাগ্রাফে ত্রিভুজের তিন জন ঐশ্বরীয় ব্যক্তির উপস্থিতি।

১. ঈশ্বর, ১, ২, ৫, ৮, ১০ পদ
২. যীশু, ১, ৬, ৮, ৯, ১০ পদ
৩. আত্মা, ৫ পদ

বিশেষ বিষয় দেখুন: ৮:১১ পদে ত্রিভুজ।

NASB (আপডেটেড) টেক্সট: ৫:৬-১১

^৬ কারণ আমরা যখন শক্তিশীল ছিলাম, তখন খ্রীষ্ট উপযুক্ত সময়ে ভক্তিশীলদের জন্য মৃত্যুবরণ করলেন। ^৭ বস্ত্রতঃ ধার্মিক লোকের জন্য প্রায় কেউ প্রাণ দেবে না, সজ্জনের জন্য হয় ত কেউ সাহস করে প্রাণ দিলেও দিতে পারে। ^৮ কিন্তু ঈশ্বর আমাদের প্রতি তাঁর নিজের প্রেম প্রদর্শন করছেন, কারণ আমরা যখন পাপী ছিলাম, তখনও খ্রীষ্ট আমাদের জন্য প্রাণ দিলেন। ^৯ এর চেয়েও বেশি হল, এখন যখন আমরা তাঁর রক্তে ধার্মিক বলে গণ্য হয়েছি, তখন তাঁর মাধ্যমে ঈশ্বরের ক্রোধ থেকেও পরিত্রাণ পাব। ^{১০} কারণ যখন আমরা শত্রু ছিলাম তখন যদি ঈশ্বরের সাথে তাঁর পুত্রের মৃত্যুর মাধ্যমে সম্মিলিত হলাম, তবে সম্মিলিত হয়ে কত অধিক নিশ্চিত যে, তাঁর জীবনে পরিত্রাণ পাব। ^{১১} কেবল তাই নয়, কিন্তু আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা ঈশ্বরে গৌরবও করে থাকি যার মাধ্যমে এখন আমরা সেই সম্মিলন লাভ করেছি। (অনুবাদকৃত টেক্সট)।

৫:৬

NASB “কারণ যখন আমরা শক্তিশীল ছিলাম”

NKJV “কারণ যখন আমরা একেবারে শক্তিশীল ছিলাম”

NRSV “কারণ যখন আমরা দুর্বল ছিলাম”

TEV “কারণ যখন আমরা অসহায় ছিলাম”

NJB “যখন আমরা অসহায় ছিলাম”

এই VERB হল একটি PRESENT PARTICIPLE। এটি উল্লেখ করেছে পতিত মানুষের আদমের স্বভাব। মানুষ পাপের বিরুদ্ধে ক্ষমতাহীন। PRONOUN “আমরা” ব্যাখ্যা করেছে এবং ৬ পদের “ভক্তিশীন”, ৮ পদের “পাপী”, এবং ১০ পদের “শত্রু” সমান্তরাল বর্ণনামূলক NOUN। ৬ এবং ৮ পদ ধর্মতত্ত্বগত এবং কাঠামোগত ভাবে সমান্তরাল। সমান্তরালবাদ নোট করুন:

	১)	২)	৩)
৬ পদ	আমরা অসহায়	খ্রীষ্ট ভক্তিশীনের জন্য মরলেন	-----
৮ পদ	আমরা পাপী	খ্রীষ্ট আমাদের জন্য মরেছেন	-----
৯ পদ	-----	তঁার রক্ত দ্বারা	এখন ধার্মিক গণিত হয়েছে
১০ পদ	আমরা শত্রু ছিলাম	তঁার পুত্রের মৃত্যু	পুনর্মিলিত হয়েছে

প্রধান সত্য গুরুত্ব দেবার জন্য বার বার বলা হয়েছে।

১. আমাদের প্রয়োজন
২. খ্রীষ্টের বন্দোবস্ত
৩. আমাদের নূতন মর্যাদা



NASB, NRSV “উপযুক্ত সময়ে”

NKJV “নির্ধারিত সময়ে”

TEV “ঈশ্বরের মনোনীত নির্ধারিত সময়ে”

NJB “তঁার নির্ধারিত সময়ে”

এটি ঐতিহাসিক ভাবে উল্লেখ করতে পারে

১. রোমীয় শান্তি (এবং সড়ক) স্বাধীন ভাবে ভ্রমণের সুযোগ
২. গ্রীক ভাষা সাংস্কৃতিক বাধা পার হয়ে যোগাযোগের সুবিধা
৩. গ্রীক ও রোমীয় দেবতাদের ক্ষয় যা উৎপন্ন করেছিল আগ্রহশীল, আত্মিক ভাবে ক্ষুধার্ত জগতের (মার্ক ১:১৫; গালা ৪:৪; ইফি ১:১০; তীত ১:৩)

ধর্মতত্ত্বগত ভাবে দেহধারণ ছিল পরিকল্পিত, ঐশ্বরীক ঘটনা (লুক ২২:২২; প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; ইফি ১:১১)।

৫:৬, ৮, ১০ “ভক্তিশীনের জন্য মৃত্যুবরণ করলেন” এটি একটি AORIST ACTIVE INDICATIVE। এটি যীশুর জীবন ও মৃত্যু দেখেছে সমন্বিত ঘটনা হিসাবে। “যীশু সেই ঋণ শোধ করলেন যা তিনি করেন নাই এবং আমরা যে ঋণ করেছি তা আমরা শোধ করতে পারিনি”(গালা ৩:১৩; ১ যোহন ৪:১০)।

যীশুর মৃত্যু ছিল পৌলের লেখনীতে বার বার উল্লেখিত একটি বিষয় (থিম)। যীশুর বিকল্প মৃত্যু উল্লেখ করতে তিনি বেশ কয়েকটি টার্ম ও শব্দগুচ্ছ ব্যবহার করেছেন।

১. “রক্ত” (৩:২৫; ৫:৯ ১ করি ১১:২৫,২৭; ইফি ১:৭; ২:১৩; কল ১:২০)
২. “নিজেকে সমর্পণ করলেন” (ইফি ৫:২,২৫)
৩. “সমর্পিত হলেন” (রোমীয় ৪:২৫; ৮:৩২)
৪. “উৎসর্গ” (১ করি ৫:৭)
৫. “মৃত্যু বরণ করলেন” (রোমীয় ৫:৬; ৮:৩৪; ১৪:৯, ১৫; ১ করি ৮:১১; ১৫:৩; ২ করি ৫:১৫; গালা ৫:২১; ১ থিম ৪:১৪; ৫:১০)
৬. “ক্রুশ” (১ করি ১:১৭-১৮; গালা ৫:১১; ৬:১২-১৪; ইফি ২:১৬; ফিলি ২:৮; কল ১:২০; ২:১৪)
৭. “ক্রুশবিদ্ধকরণ” (১ করি ১:২৩; ২:২; ২ করি ১৩:৪; গালা ৩:১)

এই প্রসঙ্গে PREPOSITION *huper* এর অর্থ কি

১. পুন-উপস্থাপন, “আমাদের পক্ষে”
২. প্রতিনিধিত্ব, “আমাদের স্থানে”

সাধারণত GENITIVE এর সাথে *huper* এর মূল অর্থ “পক্ষে”(Louw এবং Nida)। এটি কিছু সুবিধা প্রকাশ করে যা ব্যক্তির সহজাত (*The New International dictionary of New Testament Theology*, vol. 3, p.1196)। যাহোক, *huper* এর এই *anti* অর্থ করেন নাই, যেটি উল্লেখ করে “স্থানে”, এভাবে, ধর্মতত্ত্বগত ভাবে “অন্যের জন্য প্রতিনিধিত্বমূলক প্রায়শ্চিত্ত” উল্লেখ করে (মার্ক ১০:৪৫; যোহন ১১:৫০; ১৮:১৪; ২ করি ৫:১৪; ১ তীম ২:৬)। M. J. Harris (NIDNTT, vol. 3, p. 1197) বলেছেন, “কিন্তু কেন পৌল কখনো বলেন নাই খ্রীষ্ট মরেছিলেন *anti hēmōn* (১ তীম ২:৬ পদ খুব কাছাকাছি, তিনি বলেছেন— *antilutron huper pantōn*)? সম্ভবত কারণ prep. *huper*, *anti* মত নয়, একই সঙ্গে প্রকাশ করতে পারে পুন-উপস্থাপন এবং প্রতিনিধিত্বমূলক।”

M. R. Vincent, *Word Studies*, vol. 2, বলেছেন,

“এটি অনেক বিতর্কের যে *hyper*, কখনো *anti* এর সাথে সমার্থক। classical লেখকেরা তাৎক্ষণিক উদাহরণ যুগিয়েছেন যেখানে অর্থ মনে হয় আন্ত-পরিবর্তনীয় ... এই প্যাসেজের অর্থ, খুব অনিশ্চিত যাতে এটি প্রমাণ হিসাবে উদ্ধৃত করা সমিচিন নয়। preposition এর হতে পারে একটি স্থানীয় অর্থ রয়েছে, মৃতদের উপরে। এই প্যাসেজের কোন কিছুই বিবেচনা করা যেতে পারে না চূড়ান্ত বলে। বেশীর ভাগ বলেন *hyper* সীমারেখা দিয়েছেন *anti* অর্থে। পরিবর্তে বিতর্কিত করেছে ব্যাপকভাবে অন্ধবিশ্বাসের ভিত্তিতে। এই প্যাসেজের বৃহত্তর অংশের অর্থ স্পষ্টত *এর পক্ষে, এর সমর্থনে*। সত্যিকার ব্যাখ্যা মনে হয় হতে পারে, প্যাসেজে নীতিগত ভাবে প্রশ্নবিদ্ধ, সেগুলি, উল্লেখযোগ্য ভাবে খ্রীষ্টের মৃত্যুর সঙ্গে সম্পর্কযুক্ত, যেমন এখানে, গালা ৩:১৩; রোমীয় ১৪:১৫; ১ পিতর ৩:১৮, *hyper* বৈশিষ্ট্যমণ্ডিত বেশীর ভাগ indefinite এবং সাধারণ proposition-খ্রীষ্ট মৃত্যু বরণ করেছেন পক্ষে-রেখে গেছেন বোঝার পক্ষে অদ্ভুত অর্থ, এবং যেটি অন্যান্য প্যাসেজ দ্বারা নির্দ্বারিত হয়েছে। পরিবর্ত অর্থ হতে পারে এর সঙ্গে অর্ন্তভুক্ত, কিন্তু কেবলমাত্র অনুমানসিদ্ধ”(p. 692)।

৫:৭ এই পদ দেখায় মানবিক ভালবাসা যখন ৮ পদ দেখায় ঈশ্বরের ভালবাসা!

□

NASB, NKJV,

TEV “ধার্মিক লোকের জন্য”

NRSV

“ধার্মিক ব্যক্তির জন্য”

NJB

“ভাল লোকের জন্য”

এই টার্ম ব্যবহৃত হয়েছিল একই অর্থে নোহ ও ইয়োব ধার্মিক ছিলেন বা নির্দোষ লোক ছিলেন হিসাবে। তারা তাদের সময়ের ধার্মিকতার অবশ্যকীয় বিষয়গুলি অনুসরণ করে চলতেন। এটা এই ইঙ্গিত দেয় না তাদের পাপাহীনতার বিষয়ে। দেখুন ১:১৭ পদের বিশেষ বিষয়।

৫:৮ “ঈশ্বর তাঁর নিজের প্রেম প্রদর্শন করছেন” এটি হল একটি PRESENT ACTIVE INDICATIVE (৩:৫)। পিতা পুত্রকে পাঠিয়েছিলেন (৮:৩,৩২; ২ করি ৫:১৯)। ঈশ্বরের প্রেম অবেগপ্রবণ নয়, কিন্তু কাজ সম্পর্কযুক্ত (যোহন ৩:১৬; ১ যোহন ৪:১০) এবং অবিচল।

□ “যখন আমরা পাপী ছিলাম” এটি আমাদের উপলব্ধি করে অবাক করায় যে ঈশ্বরের ভালবাসা “পাপীদের” প্রতি প্রকাশিত, ঈশ্বর ভক্ত লোকদের প্রতি নয় বা নির্দিষ্ট জাতির লোকদের জন্যও নয়, কিন্তু বিদ্রোহীদের প্রতি! অনুগ্রহ, যোগ্যতা নয়, হল ভিত্তির সত্য! ঈশ্বর আজও কামনা করেন মানুষের সঙ্গে সহভাগিতা। এটি তাঁর অপরিবর্তনীয় চরিত্র যা আমাদের দিয়েছে শান্তি ও প্রত্যাশা (যাত্রা ৩৪:৬; নহি ৯:১৭; গীত ১০৩:৮; ১৪৫:৮)।

৫:৯ “এর চেয়েও বেশি” এটি পৌলের প্রিয় অভিব্যক্তির একটি (১০,১৫,১৭)। বিশ্বাসীরা যখন পাপী ছিল তখন যদি ঈশ্বর বিশ্বাসীদের খুব ভালবাসেন তাহলে এখন তিনি তাদের আরও কত না অধিক ভালবাসবেন কেননা এখন তারা তাঁর সন্তান (৫:১০; ৮:২২)।

□ “ধার্মিক বলে গণ্য হয়েছি” এটি একটি AORIST PASSIVE PARTICIPLE, যেটি জোর দিচ্ছে যে ধার্মিকতা হল ঈশ্বরের দ্বারা সম্পাদিত সম্পূর্ণ একটি কাজ। পৌল ১ পদের সত্যকে পুনরাবৃত্তি করেছেন। তাছাড়া লক্ষ্য করুন “ধার্মিক গণিত হওয়া” (৯ পদ) এবং “পুনর্মিলিত হওয়া” (১০-১১ পদ) টার্মের এর মধ্যকার সমান্তরাল।

□ “তাঁর রক্তের মাধ্যমে” এটি ছিল খ্রীষ্টের উৎসর্গমূলক মৃত্যুর উল্লেখ (৩:৫; ৪:২৫; মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১)। উৎসর্গের এই ধারণা, দোষীর লোকদের স্থানে একজন নির্দোষ লোক তার জীবন দেবেন, আমাদেরকে লেবীয় ১-৭ অধ্যায়ে নিয়ে যায় এবং সম্ভবত যাত্রা ১২ অধ্যায় (নিস্তার পর্বীয় মেঘ শাবক), এবং এটি ধর্মতত্ত্বগত ভাবে যিশা ৫৩:৪-৬ পদে যীশুর উপরে প্রয়োগ করা হয়েছে। এটি ইব্রীয় পুস্তকের (৯-১০ অধ্যায়) Christological খ্রীষ্ট বিষয়ক মতবাদ। অর্থ উন্নয়ন করেছে। ইব্রীয় পুস্তক কার্যকর ভাবে পুরাতন ও নতুন নিয়মের অনেক বিষয় নিয়ে তুলনা করেছে।

□ “আমরা রক্ষা পাব” এটি FUTURE PASSIVE INDICATIVE (১০ পদের)। এটি উল্লেখ করেছে আমাদের চূড়ান্ত পরিত্রাণের বিষয়, যাকে বলা হয়েছে “মহিমামণ্ডিত হওয়া” (২ পদ; ৮:৩০, ১ যোহন ৩:২)।

নতুন নিয়ম পরিত্রাণকে বর্ণনা করেছে সকল VERB tenses এ।

১. একটি সম্পূর্ণ করা কাজ (AORIST), প্রেরিত ১৫:১১; রোমীয় ৮:২৪; ২ তীম ১:৯; তীত ৩:৫

২. অতীতের কাজ বর্তমান অবস্থায় ফল দিচ্ছে (PERFECT), ইফি ২:৫,৮

৩. উন্নয়নশীল প্রক্রিয়া (PRESENT), ১ করি ১:১৮; ১৫:২; ২ করি ২:১৫; ১ থিথ ৪:১৪; ১ পিতর ৩:২১

৪. ভবিষ্যতে সুসম্পন্ন হবে (FUTURE), রোমীয় ৫:৯,১০; ১০:৯

১০:৪ পদে বিশেষ বিষয় দেখুন। পরিত্রাণ শুরু হয় একটি প্রাথমিক সিদ্ধান্তে (১০:৯-১৩; যোহন ১:১২; ৩:১৬) কিন্তু উন্নয়ন হয় প্রতিটি মুহূর্তের সুসম্পর্কের মধ্যে দিয়ে যা একদিন সুসম্পন্ন হয়। এই ধারণা প্রায়ই বর্ণিত হয়েছে তিনটি ধর্মতাত্ত্বিক টার্মে।

১. ধার্মিক গণিত হওয়া, যার অর্থ “পাপের শাস্তি থেকে উদ্ধার পাওয়া”

২. পবিত্রকরণ, যার অর্থ “পাপের ক্ষমতা থেকে মুক্ত করা”

৩. মহিমামণ্ডিত হওয়া” যার অর্থ “পাপের উপস্থিতি থেকে মুক্ত করা”

এটি উল্লেখযোগ্য কারণ ধার্মিকতা ও পবিত্রকরণ এই উভয়ই ঈশ্বরের অনুগ্রহের কাজ, যেটি বিশ্বাসীদের খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে দান করা হয়। যদিও, নতুন নিয়ম আরও বলছে যে পবিত্রকরণ হল খ্রীষ্টের সাদৃশ্যতা লাভের একটি চলমান প্রক্রিয়া। এই কারণে ধর্মতাত্ত্বিকেরা বলেন “অবস্থানগত পবিত্রকরণ” এবং “চলমান পবিত্রকরণ।” এটি হল বিনামূল্যের পরিত্রাণের নিগূঢ় তত্ত্ব যার সঙ্গে যুক্ত ঈশ্বর ভক্তির জীবন! ৬:৪ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “ঈশ্বরের ক্রোধ হতে” এটি হল একটি শেষ কালীন বিচার প্রসঙ্গ। ঈশ্বরের মহান, আমরা যার যোগ্য নই, আমরা যা অর্জন করতে পারি না সেই ভালবাসার কথা বাইবেল বলে, কিন্তু আরও পরিষ্কার ভাবে বলছে ঈশ্বরের পাপ ও বিদ্রোহের প্রতি বিপরীত অবস্থানের কথা। ঈশ্বর খ্রীষ্টের মধ্যে দিয়ে পরিত্রাণ ও রক্ষার একটি উপায় দিয়েছেন, কিন্তু যারা তা প্রত্যাখ্যান করে তারা তাঁর ক্রোধের নিচে আছে (১:১৮-৩:২০)। এটি একটি anthropomorphic [ঈশ্বরকে মানবিক রূপ দান] শব্দগুচ্ছ ১:১৮ পদে বিশেষ বিষয় দেখুন), কিন্তু এটি বাস্তবতা প্রকাশ করে। ক্রুদ্ধ ঈশ্বরের হাতে পতিত হওয়া খুব ভয়ংকর একটি বিষয় (ইব্রীয় ১০:৩১)।

৫:১০ “যদি” এটি একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE যেখানে মনে করা হয় লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে সত্য। মানবিকতা, ঈশ্বরের চূড়ান্ত সৃষ্টি (আদি ১:২৬-২৭), হয়ে পড়েছে শত্রু! মানুষের (আদি ৩:৫) নিজেকে নিয়ন্ত্রণের ইচ্ছা, ঈশ্বর হবার আকাংখ্যা।

□ “আমরা ঈশ্বরের সঙ্গে সম্মিলিত হয়েছি.....সম্মিলিত হয়ে” এটি একটি AORIST PASSIVE INDICATIVE এবং AORIST PASSIVE PARTICIPLE উভয়ই। VERB “সম্মিলিত হওয়া” (১ করি ৭:১১; ২ করি ৫:১৮, ১৯, ২০; আরও নোট লক্ষ্য করুন কল ১:২০) মূল অর্থ “বিনিময় করা”। ঈশ্বর যীশুর ধার্মিকতার সাথে আমাদের পাপ বিনিময় করেছেন (যিশা ৫৩:৪-৬)। শান্তি পুনরুদ্ধার হয়েছে (১ পদ)!

□ “তাঁর পুত্রের মৃত্যুর মাধ্যমে” ক্ষমার সুসমাচারের ভিত্তি রয়েছে

১. ঈশ্বরের ভালবাসা, (যোহন ৩:১৬)
২. খ্রীষ্টের কাজ (৮:৩২; গালা ১:৪; ২:২০)
৩. আত্মার সমর্থন (যোহন ৬:৪৪, ৬৫)
৪. বিশ্বাস/মন পরিবর্তন একজন ব্যক্তির সাড়া প্রদান (মার্ক ১:১৫; যোহন ১:১২; প্রেরিত ২০:২১)

আর কোন উপায় নাই ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্ক (১০:১-২, ৭-৮; যোহন ১৪:৬; প্রেরিত ৪:১২; ১ তীম ২:৫)। পরিত্রাণের আশ্বাসের ভিত্তি দ্বিত্ব ঈশ্বরের চরিত্রের উপরে (যাত্রা ৩৪:৬; নহি ৯:১৭; গীত ১০৩:৮; ১৪৫:৮), মানবিক কোন কাজের উপরে নয়! সত্যের ভিত্তি হল এই যে মানবিক কাজ পরিত্রাণের পরে হল একটি বিনামূল্যের পরিত্রাণের প্রমাণ(যাকোব এবং ১ যোহন)।

□ “আমরা পরিত্রাণ পাব” নতুন নিয়ম পরিত্রাণের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ নিয়ে বলেছে। এখানে ভবিষ্যৎ উল্লেখ করা হয়েছে আমাদের চূড়ান্ত, সম্পূর্ণ পরিত্রাণ হবে দ্বিতীয় আগমনে (১ যোহন ৩:২)। ৯ পদের নোট দেখুন এবং ১০:১৩ পদের বিশেষ বিষয় দেখুন।

□ “তাঁর জীবন দ্বারা” জীবনের জন্য এই গ্রীক টার্ম হল *zōa*। যোহনের লেখায় সব সময় উল্লেখ করা হয়েছে পুনরুত্থিত জীবন, অনন্ত জীবন, অথবা স্বর্গ রাজ্যের জীবন। পৌল এটি ধর্মতাত্ত্বিক অর্থে ব্যবহার করেছেন। এই প্রসঙ্গে চালিকা শক্তি হল যে যেহেতু ঈশ্বর বিশ্বাসীদের ক্ষমার জন্য এত উচ্চ মূল্য প্রদান করেছেন সেহেতু তিনি এর কার্যকারিতা চলমান রাখবেন।

“জীবন” উল্লেখ করা যেতে পারে যেভাবে

১. যীশুর পুনরুত্থান (৮:৩৪; ১ করি ১৫)
২. যীশুর মধ্যস্থতার কাজ (৮:৩৪; ইব্রীয় ৭:২৫; ১ যোহন ২:১)
৩. আত্মা আমাদের মধ্যে খ্রীষ্টকে গড়ে তোলেন (রোমীয় ৮:২৯; গালা ৪:১৯)

পৌল বলতে চেষ্টা করেছেন যে যীশুর জাগতিক জীবন এবং মৃত্যু সেই সঙ্গে তাঁর মর্যাদাপূর্ণ জীবন (স্বর্গারোহন, প্রেরিত ১) আমাদের সম্মিলিত হওয়া ভিত্তি।

৫:১১ “কেবল তাই নয়, কিন্তু” ৩ পদের নোট দেখুন।

□ “আমরা গৌরব করে থাকি” ৫:২ পদে নোট দেখুন। এটি হল এই প্রসঙ্গে “গৌরব” (গর্ব) তৃতীয় ব্যবহার।

১. গৌরবের প্রত্যাশায় শ্লাঘা, ২ পদ
২. নির্যাতনে গৌরব, ৩ পদ
৩. সম্মিলনে গৌরব, ১১ পদ

২:১৭ ও ২৩ পদে নেতিবাচক শ্লাঘা দেখা যায়!

□ “এখন আমরা সেই সম্মিলন লাভ করেছি” এটি একটি AORIST ACTIVE INDICATIVE, একটি সম্পূর্ণ কাজ। বিশ্বাসে সম্মিলিত (“বিনিময় করা”) হওয়াটাও আলোচিত হয়েছে ১০ পদ এবং ২ করি ৫:১৮-২১; ইফি ২:১৬-২২; কল ১:১৯-২৩ পদে। এই প্রসঙ্গে “সম্মিলিত হওয়া” হল ধর্মতাত্ত্বিক ভাবে “ধার্মিক গণিত হওয়ার” মত একই অর্থ বোধক।

NASB (আপডেটেড) টেক্সট: ৫:১২-১৪

^{১২} সেইজন্য, যেমন এক মানুষের মধ্যে দিয়ে পাপ, ও পাপের মধ্যে দিয়ে মৃত্যু জগতে প্রবেশ করেছে; আর এই রকম মৃত্যু সকল মানুষের কাছে উপস্থিত হয়েছে, কারণ সকলেই পাপ করেছে— ^{১৩} কারণ ব্যবস্থার পূর্বেও জগতে পাপ ছিল, কিন্তু ব্যবস্থা না থাকলে পাপ গণ্য হয় না। ^{১৪} তথাপি যারা আদমের আঞ্জালঙ্ঘনের মত পাপ করেনি, আদম থেকে মোশি পর্যন্ত তাদের উপরেও মৃত্যু রাজত্ব করেছিল, আর আদম সেই আসন্ন ব্যক্তির প্রতিরূপ। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১২ “সেইজন্য” রোমীয়তে বেশ কয়েকবার কৌশলগত ভাবে “সেইজন্য” স্থান নিয়েছে (৫:১; ৮:১; ১২:১)। ব্যাখ্যামূলক প্রশ্ন হল তাদের মধ্যে সম্পর্ক কি। সেগুলি হতে পারে পৌলের সমগ্র যুক্তি উল্লেখের উপায়। নিশ্চয়তার জন্য এটি আদিপুস্তকের সঙ্গে সম্পর্কযুক্ত, সেজন্য, রোমীয় ১:১৮-৩২ পদে ফিরে এসেছে।

□ “যেমন এক মানুষের মধ্যে দিয়ে পাপ জগতে প্রবেশ করেছে” ১২ পদে তিনটি VERBS ই হল AORIST TENSE। আদমের পতন মৃত্যু এনেছিল (১ করি ১৫:২২)। বাইবেল বলে নাই যে পাপের উৎস জগত থেকে। পাপ দূতগণের রাজ্যেও ঘটেছিল (আদি ৩ এবং প্রকা ১২:৭-৯)। কিভাবে এবং কখন তা অনিশ্চিত (যিশা ১৪:১২-২৭; যিহি ২৮:১২-১৯; ইয়োব ৪:১৮; মথি ২৫:৪১; লুক ১০:১৮; যোহন ১২:৩১; প্রকা ১২:৭-৯)।

আদমের পাপের দুটি দিক ছিল (১) নির্দিষ্ট আদেশের প্রতি অবাধ্যতা (আদি ২:১৬-১৭), এবং (২) আত্ম কেন্দ্রিক গর্ব (আদি ৩:৫-৬)। এটি আদি ৩ অধ্যায়ের চলমান পরোক্ষ ইঙ্গিত আরম্ভ হয়েছে রোমীয় ১:১৮-৩২ পদে।

এটি হল পাপের ধর্মতত্ত্ব যা খুব স্পষ্ট ভাবে পৌলকে রাব্বিদের চিন্তা থেকে আলাদা করেছে। রাব্বিরা আদি ৩ অধ্যায়ের দিকে দৃষ্টি দেন নাই; তার পরিবর্তে তারা বলতে চেষ্টা করেছেন যে প্রতিটি ব্যক্তির মধ্যে দুটি “উদ্দেশ্য” (yetzers) রয়েছে। তাদের বিখ্যাত রাব্বিদের প্রবাদ, “প্রতিটি মানুষের হৃদয় হল কাল এবং সাদা কুকুর। যাকে আপনি বেশী খাওয়াবেন সেটি তত বড় হবে।” পৌল দেখেছেন পবিত্র ঈশ্বর ও তাঁর সৃষ্টির মধ্যে প্রধান বাধা হল পাপ। পৌল সিস্টেমটিক ধর্মতাত্ত্বিক ছিলেন না (James Steward’s *A Man in Christ*)। তিনি পাপের বেশ কয়েকটি উৎস সম্পর্কে বলেছেন (১) আদমের পতন, (২) শয়তানের প্রলোভন, এবং মানুষের অবিরত বিদ্রোহ (অর্থাৎ, ইফি ২:২-৩)।

ধর্মতত্ত্বগত ভাবে তুলনা এবং সমান্তরাল ভাবে আদম ও যীশুর মধ্যে দুটি সম্ভাব্য তাৎপর্য উপস্থিত।

১. আদম ছিল সত্যিকার ঐতিহাসিক ব্যক্তি।

২. যীশু ছিলেন সত্যিকার মানব সত্তা।

উভয় সত্যই বাইবেলকে নিশ্চিত করেছে ভ্রান্ত শিক্ষার সামনে। লক্ষ্য করুন “এক মানুষ” বা “একজন” কথার বার বার ব্যবহার। আদম ও যীশুর উল্লেখের এই দুটি উপায় ১১ বার ব্যবহৃত হয়েছে এই প্রসঙ্গে।

□ “এক মানুষ” এই সম্পূর্ণ শব্দগুচ্ছ (lit. *henos anthrōpou*) ব্যবহৃত হয়েছে আদমকে প্রতিনিধিত্ব করতে (১২, ১৬, ১৭, ১৮, ১৯ পদ) অথবা যীশু (১৫ পদ [দুই বার], ১৭ পদ [দুই বার] ১৮, ১৯)। তারা প্রত্যেকে এক একটি দলকে বা সমাজকে প্রতিনিধিত্ব করছে (অর্থাৎ, “অনেক”, ১৫ পদ [দুই বার], ১৯ পদ [দুই বার], “সকলে”, ১২, ১৩, ১৮ পদ [দুই বার])।

□ “পাপের মধ্যে দিয়ে মৃত্যু” অগস্টিন প্রথম “আদি পাপ” টার্মটি উদ্ভাবন করেন। এটি বর্ণনা করে আদি পুস্তকের ৩ অধ্যায়ের আদম/হবার মনোনয়নের ফলাফল। তাদের বিদ্রোহ সকল সৃষ্টিকে প্রভাবিত করেছে। মানুষ প্রভাবিত হয়েছে

১. পতিত জগতের সিস্টেম

২. ব্যক্তিগত প্রলোভন

৩. পতিত স্বভাব

আদি পাপ (১২-১৪ পদ, ১৬^ক, ১৭) রূপ ধারণ করে ব্যক্তিগত পাপের অংশাদারিত্বে (১২^ন, ১৬^খ) সকল মানুষকে পাপী করতে! পাপের ফল “মৃত্যুতে” (১:৩২; ৬:১৩, ১৬, ২১, ২৩; ৭:৫, ৯, ১০, ১১, ১৩, ১৪; ৮:১৩)।

Jerome Biblical Commentary (p. 308) উল্লেখ করেছে রাব্বিদের ঐতিহ্য যে ইতিহাসে তিনটি সময়কাল রয়েছে।

১. আদম – মোশি

২. মোশি – মশীহ

৩. মশীহ – শেষ দিনে

যদি পৌল এই সব বিভাগ চিন্তা করতেন তাহলে

১. আদম – মোশি (আদি পাপ, কোন ব্যবস্থা নেই কিন্তু মৃত্যু)

২. মোশি – মশীহ (ব্যক্তিগত পাপ, ইচ্ছাকৃত ব্যবস্থা লঙ্ঘন)

৩. মশীহ – (অনুগ্রহের মাধ্যমে ব্যবস্থা/আইন-কানুন থেকে স্বাধীনতা)

□ “মৃত্যু সকল মানুষের কাছে উপস্থিত হয়েছে” প্রধান চালিকা শক্তি এই প্যারাড্রামে পাপের ফলাফলের সার্বজনীনতা (১৬-১৯; ১ করি ১৫:২২; গালা ১:১০), তা হল মৃত্যু।

১. আত্মিক মৃত্যু – আদি ২:১৭; ৩:১-২৪; যিশা ৫৯:২; রোমীয় ৭:১০-১১; ইফি ২:১; কল ২:১৩; যাকোব ১:১৫

২. দৈহিক মৃত্যু – আদি ৩:৪-৫; ৫:১-৩২

৩. অনন্ত কালীন মৃত্যু – প্রকা ২:১১; ২০:৬,১৪; ২১:৮

□ “কারণ সকলে পাপ করেছে” সকল মানুষের পাপ আদমের সঙ্গে মিলিত (অর্থাৎ, পাপাবস্থা ও পাপ প্রবণতার উত্তরাধিকারী)। এই কারণে প্রতি ব্যক্তি পাপ বেছে নেয় এবং বার বার তা করে। বাইবেল জোর দিয়েছে যে প্রতিটি মানুষই পাপী যৌথ ও ব্যক্তিগত ভাবে (১ রাজা ৮:৪৬; ২ বংশ ৬:৩৬; গীতা ১৪:১-২; ১৩০:৩; ১৪৩:২; হিতো ২০:৯; উপ ৭:২০; যিশা ৯:১৭; ৫৩:৬; রোমীয় ৩:৯-১৮, ২৩; ৫:১৮; ১১:৩২; গালা ৩:২২; ১ যোহন ১:৮-১০)।

তথাপি এটি অবশ্যই বলা যায় যে প্রসঙ্গকৃত গুরুত্ব (১৫-১৯ পদ) হল যে একটি কাজ মৃত্যুর কারণ (আদম) এবং আর একটি কাজ জীবনের কারণ (যীশু)। যাহোক, ঈশ্বর খুবই নিয়মতান্ত্রিক তাঁর মানুষের সঙ্গে সম্পর্কে, মানুষের ইচ্ছাশক্তি হল একটি তাৎপর্যপূর্ণ দিক “হারিয়ে যাবার” এবং “ধার্মিক গণনার”। মানুষ ইচ্ছাশক্তিতে অন্তর্ভুক্ত তাদের ভবিষ্যৎ অদৃষ্টের। তারা অবিরত পাপ মনোনয়ন করেই চলেছে অথবা খ্রীষ্টকে মনোনয়ন করেছে। তারা এই দুটি মনোনয়নে প্রভাব বিস্তার করতে পারে না, কিন্তু তারা ইচ্ছাকৃত ভাবে দেখাতে পারে তারা কোনটির অধীন!

অনুবাদ “কারণ” খুব সাধারণ, কিন্তু প্রায়ই এর অর্থ সন্দেহজনক। পৌল ২ করি ৫:৪; ফিলি ৩:১২; এবং ৪:১০ পদে *eph' hō* ব্যবহার করছেন “কারণ” অর্থে। এই ভাবে প্রত্যেক মানুষ ব্যক্তিগত ভাবে পাপে এবং ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহে অংশগ্রহণ বেছে নিয়েছে। কেউ কেউ বিশেষ প্রত্যাশা প্রত্যাখানের দ্বারা, কিন্তু সকলেই স্বাভাবিক প্রত্যাশা প্রত্যাখানের দ্বারা (১:১৮-৩:২০)।

৫:১৩-১৪ এই একই সত্য শিক্ষা দেওয়া হয়েছে রোমীয় ৩:২০; ৪:১৫ এবং প্রেরিত ১৭:৩০ পদে। ঈশ্বর নিরপেক্ষ। মানুষই কেবল সে যা পায় তার জন্য দায়ী। এই পদ চমৎকার ভাবে বলছে বিশেষ প্রত্যাশা (পুরাতন নিয়ম, যীশু, নূতন নিয়ম), কোন স্বাভাবিক প্রত্যাশা নয় (গীত ১৯:১-৬; রোমীয় ১:১৮-২৩; ২:১১-১৬)।

লক্ষ্য করুন যে NKJV ১২ পদের তুলনা দেখছে যেভাবে পৃথক দীর্ঘ ব্যাকরণগত কাঠামো দ্বারা (১৩-১৭ পদ) এর ১৮-২১ পদের উপসংহার থেকে।

৫:১৪

NASB, NKJV,

NJB

NRSV

TEV

“মৃত্যুর রাজত্ব”

“মৃত্যু প্রাধান্য প্রাপ্ত”

“মৃত্যুর শাসন”

রাজার মতই মৃত্যু রাজত্ব করছে (১৭ এবং ২১ পদ)। নির্ভর শাসক হিসাবে মৃত্যু ও পাপের এই নরত্বারোপ চলবে এই অধ্যায় ও ৬ অধ্যায় পর্যন্ত। মৃত্যুর সার্বজনীন অভিজ্ঞতা নিশ্চিত করে মানুষের পাপের সার্বজনীনতা। ১৭ এবং ২১ পদে, অনুগ্রহকে নরত্বারোপ করা হয়েছে। অনুগ্রহ রাজত্ব করিল! মানুষের মনোনয়ন রয়েছে (পুরাতন নিয়মে দুটি উপায়ে, অর্থাৎ মৃত্যু অথবা জীবন, দ্বি বি ১১:২৬; ৩০:১,১৯), মৃত্যু অথবা জীবন। আপনার জীবনে কে রাজত্ব করে?

□ “তবুও যারা আদমের আজ্ঞালঙ্ঘনের মত পাপ করে নাই” আদম ঈশ্বরের আদেশ অমান্য করেছিল (অর্থাৎ আদি ২:১৫-১৭), এমনকি হবাও এই একই ভাবে পাপ করে নাই। সে আদমের কাছ থেকে শুনেছিল সেই গাছের বিষয়ে, কিন্তু সরাসরি ঈশ্বরের কাছ থেকে নয়। আদম থেকে মোশি পর্যন্ত মানুষ আদমের বিদ্রোহের দ্বারা প্রভাবিত হয়েছে! তারা ঈশ্বরের নির্দিষ্ট আদেশ অমান্য করে নাই, কিন্তু ১:১৮-৩২ পদ, যেটি নিশ্চিত ভাবেই এই ধর্মতাত্ত্বিক প্রসঙ্গের অংশ, সত্য প্রকাশ করা হয়েছে যে তারা সৃষ্টি থেকে যে আলো পেয়েছে তা অমান্য করেছে আর সেজন্য তারা ঈশ্বরের কাছে বিদ্রোহ/পাপের জন্য দায়ী। আদমের পাপময় প্রবৃত্তি তার সকল সন্তানদের মধ্যে ব্যাপ্ত হয়েছে।

□

NASB, NKJV,

NRSV

TEV

NJB

“সেই আসন্ন ব্যক্তির প্রতিরূপ”

“আদম যে ব্যক্তি আসছে তার প্রতিরূপ”

“আদম যে আসছে তার পূর্ব-প্রতিরূপ”

এটি প্রকাশ করছে খুব দৃঢ় ভাবে আদম-খ্রীষ্ট প্রতীকিত্ব (১ করি ১৫:২১-২২, ৪৫-৪৯; ফিলি ২:৬-৮)। উভয়কেই দেখা যায় ধারাবাহিকতার প্রথমে, একটি দৌড়ের উৎসে (১ করি ১৫:৪৫-৪৯)। আদম পুরাতন নিয়মে একমাত্র ব্যক্তি নির্দিষ্টভাবে নূতন নিয়মে বলা হয় একটি “নমুনা” (“ইশ্রায়েল”) এর জন্য দেখুন ১ করি ১০:৬)। বিশেষ বিষয় দেখুন: ৬:৭ পদে গঠন (*Tupos*)।

NASB ব(আপডেটেড) টেক্সট: ৫:১৫-১৭

^{১৫} কিন্তু অপরাধ যে রকম অনুগ্রহ-দানটি সে রকম নয়। কারণ সেই একজনের অপরাধে যখন অনেকে মারা গেল, তখন ঈশ্বরের অনুগ্রহ এবং আর এক ব্যক্তি যীশু খ্রীষ্টের অনুগ্রহে দেওয়া দান, অনেকের প্রতি আরও বেশি উপচে পড়লো। ^{১৬} আর এক ব্যক্তি পাপ করতে যেমন ফল হয়েছিল এই দান তেমন নয়; কারণ বিচার এসেছে একের অপরাধের ফলস্বরূপ দণ্ডা পর্যন্ত, কিন্তু অন্যদিকে অনুগ্রহ-দান এসেছে অনেক অপরাধ থেকে ধার্মিক গণ্য করা পর্যন্ত। ^{১৭} কারণ সেই এক জনের অপরাধে যখন, সেই একের দ্বারা মৃত্যু রাজত্ব করলো, তখন সেই আর এক ব্যক্তি, যীশু খ্রীষ্ট দ্বারা যারা অনুগ্রহের ও ধার্মিকতা দানের উপচয় পায়, তারা কত বেশি নিশ্চিত জীবনে রাজত্ব করবার। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১৫-১৯ এটি একটি চলতে থাকা যুক্তি যেখানে সমান্তরাল শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে। NASB, NRSV এবং TEV ১৮ পদে প্যারাফ্রাফ বিভাগ করেছে। যাহোক, UBS⁴, NKJV এবং JB এটি একটি একক হিসাবে অনুবাদ করেছে। মনে রাখতে হবে ব্যাখ্যার চাবিকাঠি হল মূল লেখকের উদ্দেশ্য একটি প্রধান সত্য প্রতি প্যারাফ্রাফে।

লক্ষ্য করুন ১৫ ও ১৯ পদের “অনেক” টার্মটি, ১২ এবং ১৮ পদের “সকল” এর সাথে একই অর্থবোধক। এটি যিশা ৫৩:১১-১২ এবং ৬ পদেও সত্য। কোন ধর্মতাত্ত্বিক পার্থক্য (ক্যালভিনের নির্বাচন বনাম নির্বাচন-নয়) করা উচিত নয় এই টার্মগুলিতে!

৫:১৫ “অনুগ্রহে দান” “দানের” জন্য দুটি ভিন্ন গ্রীক শব্দ এই প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে— *charisma*, ১৫, ১৬ পদ (৬:২৩) এবং *dorea/dorama*, ১৫, ১৬, ১৭ (৩:২৪ পদের নোট দেখুন)—কিন্তু সেগুলি একই অর্থবোধক। এটি সত্যিই পরিভ্রাণের বিষয়ে একটি সুখবর। যীশু খ্রীষ্টের মাধ্যমে এটি ঈশ্বরের বিনামূল্যে দান (৩:২৪; ৬:২৩; ইফি ২, ৯) সকলের জন্য যারা খ্রীষ্টকে বিশ্বাস করে।

□ “যদি” এটি একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE যেটি মনে করা হয় লেখকের দিক থেকে অথবা তার সাহিত্যের উদ্দেশ্যের জন্য সত্য। আদমের পাপ সকল মানুষের জন্য মৃত্যু বহন করে এনেছে। এটি ১৭ পদের সাথে সমান্তরাল।

□ “উপচয়” বিশেষ বিষয় দেখুন ১৫:১৩ পদে।

৫:১৬ “দণ্ডাজ্ঞা...ধার্মিক-গণনা” উভয়ই আইনগত, বৈধ টার্ম। প্রায়ই পুরাতন নিয়ম উপস্থাপন করেছে ভাববাদীদের বার্তা বিচারালয়ের দৃশ্য হিসাবে। পৌল এই রূপটি ব্যবহার করেছেন (রোমীয় ৮:১, ৩১-৩৪)।

৫:১৭ “যদি” এটি আর একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE যেটি মনে করা হয় লেখকের দিক থেকে অথবা তার সাহিত্যের উদ্দেশ্যের জন্য সত্য। আদমের আজ্ঞালঙ্ঘনের ফল সকল মানুষের জন্য মৃত্যু।

□ “যারা উপচয় পায় তারা কত বেশি” ১৮-১৯ পদ সঠিক ধর্মতাত্ত্বিক সমতায় নয়। এই শব্দগুচ্ছ রোমীয় ১-৮ অধ্যায়ের প্রসঙ্গ থেকে বাদ দেওয়া এবং সার্বজনীনতার জন্য proof-text (পরিশিষ্ট দেখুন) হিসাবে ব্যবহৃত হতে পারে না (যা হল সকলে চূড়ান্ত ভাবে রক্ষা পাবে)। মানুষকে অবশ্যই গ্রহণ (১৭-১৮ পদ) করতে হবে খ্রীষ্টে ঈশ্বরের দান। পরিত্রাণ সকলের জন্য সুপ্রাপ্য, কিন্তু তা অবশ্যই গ্রহণ করতে হবে ব্যক্তিগত ভাবে (যোহন ১:১২; ৩:১৬; রোমীয় ১০:৯-১৩)।

আদমের বিদ্রোহের একটি কাজ সকল মানুষের বিদ্রোহের কারণ হয়ে দাড়িয়েছে। একটি পাপের কাজ বিবর্ধিত হয়েছে! কিন্তু খ্রীষ্টের একটি মাত্র ধার্মিক উৎসর্গ বিবর্ধিত হয়ে অনেক ব্যক্তির পাপ ঢেকেছে সেই সঙ্গে পাপের যৌথ প্রভাবকে। খ্রীষ্টের “কত অধিক” কাজ গুরুত্ব দিয়েছে (৯, ১০, ১৫, ১৭)। অনুগ্রহের উপচয়!

৫:১৭, ১৮ “ধার্মিকতা দান জীবনে রাজত্ব করবে.....জীবনের ধার্মিকতা” পতিত সকল মানুষের প্রয়োজনে যীশু খ্রীষ্ট ঈশ্বরে দান ও একটি ব্যবস্থা (১ করি ১:৩০)। এই সমান্তরাল শব্দগুচ্ছ অর্থ হতে পারে

১. পতিত মানুষকে খ্রীষ্টের সম্পাদিত কাজের মাধ্যমে ঈশ্বরের কাছে সঠিক মানদণ্ড দেওয়া হয়েছে যার ফলাফল একটি “ঈশ্বর ভক্তির জীবন।”
২. এই শব্দগুচ্ছ “অনন্ত জীবনের” সাথে একই অর্থ বোধক।

প্রসঙ্গ প্রথম অপশনটিকে সমর্থ করে। ধার্মিকতার উপরে শব্দ অধ্যয়নের জন্য ১:১৭ পদের বিশেষ বিষয় দেখুন।

VERB “রাজত্ব” এই প্রসঙ্গে বেশ কয়েকবার ব্যবহৃত হয়েছে।

১. “মৃত্যু আদম থেকে মোশি পর্যন্ত রাজত্ব করিল”, ১৪ পদ (AORIST ACTIVE INDICATIVE)
২. “একজনের মাধ্যমে মৃত্যু রাজত্ব করিল”, ১৭ পদ (AORIST ACTIVE INDICATIVE)
৩. “যাহারা অনুগ্রহের ও ধার্মিকতা দানের উপচয় পায়, তাহারা জীবনে রাজত্ব করিবে”, ১৭ পদ (FUTURE ACTIVE INDICATIVE)
৪. “পাপ মৃত্যুতে রাজত্ব করিল”, ২১ পদ (AORIST ACTIVE INDICATIVE)
৫. “অনুগ্রহ রাজত্ব করিবে”, ২১ পদ (AORIST ACTIVE SUBJUNCTIVE)
৬. “পাপকে রাজত্ব করিতে দিও না”, ৬ পদ (PRESENT ACTIVE IMPERATIVE)

পৌলের পাপ ও মৃত্যু বনাম অনুগ্রহ দানকে ব্যক্তিরূপ দেওয়া ধর্মতাত্ত্বিক সত্যকে প্রকাশ করার একটি শক্তিশালী উপায়!

বিশেষ বিষয়: ঈশ্বরের রাজ্যে রাজত্ব

খ্রীষ্টের সঙ্গে রাজত্ব করার ধারণা হল বৃহত্তর ধর্মতাত্ত্বিক শ্রেণীর অংশ যাকে বলা হয় “ঈশ্বরের রাজ্য।” এটি পুরাতন নিয়ম থেকে চলে আসা ঈশ্বর সম্পর্কে ধারণা ইস্রায়েলের সত্যিকারের রাজা হিসাবে (১ শমু ৮:৭)। সে প্রতিকিভাবে রাজত্ব করবে (১ শমু ৮:৭; ১০:১৭-১৯) যিহূদা বংশের বংশধরদের (আদি ৪৯:১০) এবং যিশয়ের বংশের মাধ্যমে (২ শমু ৭)।

যীশু মশীহ বিষয়ক প্রতিজ্ঞার পুরাতন নিয়মের ভাববাণী পূর্ণতা। তিনি ঈশ্বরের রাজ্যকে সকলের জন্য উৎসর্গ করেছেন বেথলেহেমে তাঁর দেহধারণের সাথে। ঈশ্বরের রাজ্য হয়েছে যীশুর প্রচারের কেন্দ্রীয় স্তম্ভ। রাজ্য পরিপূর্ণ ভাবে তাঁর সাথে এসেছে (মথি ১০:৭; ১১:১২; ১২:২৮; মার্ক ১:১৫; লুক ১০:৯,১১; ১১:২০; ১৬:১৬; ১৭:২০-২১)।

যাহোক, স্বর্গরাজ্যও ভবিষ্যৎ (eschatological)। এটি বর্তমান কিন্তু সুসম্পন্ন নয় (মথি ৬:১০; ৮:১১; ১৬:২৮; ২২:১-১৪; ২৬:২৯; লুক ৯:২৭; ১১:২; ১৩:২৯; ১৪:১০-২৪; ২২:১৬,১৮)। যীশু প্রথম বার এসেছেন দুঃখভোগী দাস হিসাবে (যিশা ৫২:১৩-৫৩:১২); নশুতায় (সখ ৯:৯) কিন্তু তিনি আবার আসবেন রাজার রাজা হিসাবে (মথি ২:২; ২১:৫; ২৭:১১-১৪)। “রাজত্ব করার” ধারণা নিশ্চিত ভাবেই এই “স্বর্গরাজ্য” ধর্মতত্ত্বের অংশ। ঈশ্বর যীশুর অনুসারীদের স্বর্গরাজ্য দিয়েছেন (লুক ১২:৩২ পদ দেখুন)।

খ্রীষ্টের সঙ্গে রাজত্ব করার ধারণার কয়েকটি দিক ও প্রশ্ন রয়েছে।

১. প্যাসেজটি কি বলতে চেষ্টা করছে যে ঈশ্বর খ্রীষ্টের মাধ্যমে বিশ্বাসীদের “স্বর্গরাজ্য” দিয়েছেন “রাজত্ব করা” উল্লেখ করে (মথি ৫:৩,১০; লুক ১২:৩২)?
২. প্রথমে শতকের যিহূদী প্রসঙ্গে যীশুর কথা কি সকল বিশ্বাসীদের উল্লেখ করেছে (মথি ১৯:২৮; লুক ২২:২৮-৩০)?
৩. পৌলের এই জীবনে রাজত্বের গুরুত্ব কি এখন তুলনা অথবা উপরের টেক্সটের পরিপূরক (রোমীয় ৫:১৭; ১ করি ৪:৮)?
৪. কিভাবে কষ্টভোগ ও রাজত্ব করা সম্পর্ক যুক্ত (রোমীয় ৮:১৭; ২ তীম ২:১১-১২; ১ পিতর ৪:১৩; প্রকা ১:৯)?
৫. বার বার বলা প্রকাশিত বাক্যের মূল ভাব (থিম) হল মহিমাশিত খ্রীষ্টের রাজত্ব বিভাগ করা, কিন্তু রাজত্ব হল

ক. জাগতিক, ৫:১০
খ. সহস্রাব্দের, ২০:৫,৬
গ. অনন্তকালীন, ২:২৬; ৩:২১; ২২:৫ এবং দানি ৭:১৪,১৮,২৭

NASB (আপডেটেড) টেক্সট: ৫:১৮-২১

^{১৮} অতএব যেমন এক অপরাধ দ্বারা সকল মানুষের কাছে দন্ডাজ্ঞা পর্যন্ত ফল আসল, তেমনি ধার্মিকতার একটি কাজ দ্বারা সকল মানুষের কাছে জীবনদায়ক ধার্মিক গণ্য হওয়া পর্যন্ত ফল আসল। ^{১৯} কারণ যেমন সেই এক মানুষের অবাধ্যতা দ্বারা অনেককে পাপী বলে ধরা হল, তেমনি সেই এক ব্যক্তির বাধ্যতা দ্বারা অনেককে ধার্মিক বলে ধরা হবে। ^{২০} আর ব্যবস্থা তারপরে আসল যেন অপরাধের বাহুল্য হয়; কিন্তু যেখানে পাপের বৃদ্ধি হল, সেখানে অনুগ্রহ আরও বেশি উপচে পড়ল, ^{২১} যেন, পাপ যেমন মৃত্যুতে রাজত্ব করেছিল, তেমনি আবার অনুগ্রহ ধার্মিকতা দ্বারা অনন্ত জীবনের জন্য আমাদের প্রভু যীশু দ্বারা রাজত্ব করে। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১৮

NASB

“তেমনি ধার্মিকতার একটি কাজ দ্বারা সকল মানুষের কাছে জীবনদায়ক ধার্মিক গণ্য হওয়া পর্যন্ত ফল আসল”

NKJV

“তেমনি একজন মানুষের ধার্মিকতার কাজে বিনামূল্যের দান সকলের কাছে উপস্থিত হল”

NRSV

“তেমনি ধার্মিকতার একটি কাজ দ্বারা সকল মানুষকে জীবন ও ধার্মিকতার দিকে পরিচালিত করলো”

TEV

“একই ভাবে ধার্মিকতার একটি কাজ দ্বারা সকল মানুষ মুক্ত এবং তাদের জীবন দান করা হল”

NJB

“সেরকমই একজন মানুষের ভাল কাজ প্রত্যেকের জীবন এনেছে এবং তাদের ধার্মিক করেছে”

এটি বলা হচ্ছে না যে সকলেই উদ্ধার পেয়েছে (সার্বজনীন তত্ত্ব)। এই পদ অনুবাদ করা যেতে পারে না রোমীয় পুস্তকের বার্তা এবং তাৎক্ষণিক প্রসঙ্গ ব্যতিরেকে। এটি উল্লেখ করেছে যীশুর জীবন/মৃত্যু/পুনরুত্থানের মাধ্যমে সকল মানুষের সম্ভাব্য পরিত্রাণ। মানুষকে অবশ্যই সুসমাচারের আবেদন মন পরিবর্তন ও বিশ্বাসে সাড়া প্রদান করতে হবে (মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬,১৯; ২০:২১)। ঈশ্বর সব সময়ই অগ্রণী ভূমিকা পালন করেন (যোহন ৬:৪৪,৬৫), কিন্তু তিনি মনোনীত করেছেন যে প্রত্যেক ব্যক্তি অবশ্যই ব্যক্তিগত ভাবে সাড়া প্রদান করবে (মথি ১১:২৮-২৯; যোহন ১:১২; ৩:১৬; এবং রোমীয় ১০:৯-১৩)। তাঁর দান সার্বজনীন (১ তীম ২:৪; ২ পিতর ৩:৯; ১ যোহন ২:২), কিন্তু অধার্মিকতার রহস্য এই যে অনেকেই “না” বলে।

ধার্মিকতার “কাজ” হতে পারে

১. যীশুর সারা জীবনের বাধ্যতা এবং শিক্ষা সম্পূর্ণভাবে পিতাকে প্রকাশ করেছে
২. বিশেষ করে তাঁর মৃত্যু পাপী মানুষের পক্ষে

যেহেতু একজন মানুষের জীবন সকলের জীবনকে প্রভাবিত করেছে (যিহুদী দৈহিকভাবে, যিহো ৭), সেরকমই, একজনের নির্দোষ জীবন সকলকে প্রভাবিত করেছে (লেবীয় ১-৭, ১৬)। এই দুটি কাজ সমান্তরাল, কিন্তু সমান নয়। সকলেই আদমের পাপ দ্বারা প্রভাবিত কিন্তু সকলেই কেবলমাত্র সম্ভাব্য প্রভাবিত যীশুর জীবন দ্বারা, কেবলমাত্র বিশ্বাসীরা যারা ধার্মিকতার দান গ্রহণ করেছে। যীশুর কাজ সকল মানবিক পাপকে প্রভাবিত করেছে, তাদের জন্য যারা বিশ্বাস করে এবং গ্রহণ করে, অতীতের, বর্তমানের এবং ভবিষ্যতের।

৫:১৮-১৯ “সকল মানুষের কাছে দন্ডাজ্ঞা... সকল মানুষের কাছে জীবনদায়ক... অনেককে পাপী বলে ধরা হল.... অনেককে ধার্মিক বলে ধরা হবে” এটি সমান্তরাল শব্দগুচ্ছ যেটি দেখায় যে “অনেক” টার্মটি সীমাবদ্ধ কিন্তু ব্যাপক নয়। এই একই রকম সমান্তরালতত্ত্ব আমরা পাই যিশা ৫৩:৬ পদে “সকলে” এবং ৫৩:১১, ১২ পদে “অনেক”। “অনেক” টার্মটি সীমাবদ্ধ অর্থে ব্যবহৃত হতে পারে না সকল মানুষের পরিত্রাণের দানে ঈশ্বরকে সীমাবদ্ধ করতে (ক্যালাভিনের নির্বাচন বনাম নির্বাচন নয়)।

লক্ষ করুন দুটি VERBS এর PASSIVE VOICE। সেগুলি ঈশ্বরের কার্যাবলী উল্লেখ করেছে। মানুষের পাপ ঈশ্বরের বৈশিষ্ট্য সম্পর্কযুক্ত (একটি অসম্মানের মানদণ্ড) এবং সেগুলি বিচার হয় তাঁর বৈশিষ্ট্যের সম্পর্কে (তাঁর অনুগ্রহের একটি দান)।

৫:১৯ “এক মানুষের অবাধ্যতা..... এক ব্যক্তির বাধ্যতা” পৌল দৈহিক ভাবে পুরাতন নিয়মের ধর্মতাত্ত্বিক ধারণা ব্যবহার করেছেন। একজন মানুষের কাজ সমগ্র সমাজকে প্রভাবিত করেছে (যিহো ৭ আখন)। আদম ও হবার অবাধ্যতা সমস্ত সৃষ্টির উপরে ঈশ্বরের দন্ডাজ্ঞা এনেছে (আদি ৩)। সমস্ত সৃষ্টি আদমের বিদ্রোহের ফলাফলে প্রভাবিত (৮:১৮-২৫)। জগৎ একই রকম নয়। মানুষও একই রকম নয়। জাগতিক জীবনের শেষ হয়েছে মৃত্যুতে (আদি ৫)। এটি সেই জগৎ নয় যে রকম হবার ইচ্ছা ঈশ্বরের ছিল!

এই একই রকম মিলিত অর্থ যীশুর একটি বাধ্যতার কাজ, কালভেরী, ফলাফল হল (১) একটি নূতন যুগ (২) এক নূতন প্রজা, এবং (৩) একটি নূতন নিয়ম। এই প্রতিনিধিত্বমূলক ধর্মতত্ত্বকে বলে “আদম-খ্রীষ্ট প্রতিকীতত্ত্ব” (ফিলি ২:৬)। যীশু হলেন দ্বিতীয় আদম। তিনি হলেন পতিত মানব বংশের নূতন সূচনা।

□ “ধার্মিক বলে গণ্য করা” ১:১৭ পদে বিশেষ বিষয় দেখুন।

৫:২০

NASB

“আর ব্যবস্থা তারপরে আসল যেন অপরাধের বাহুল্য হয়”

NKJV

“উপরন্তু ব্যবস্থা আসল যেন বিরোধিতা বৃদ্ধি পায়”

NRSV

“কিন্তু ব্যবস্থা আসল, ফলস্বরূপ ব্যবস্থালঙ্ঘনও বহুগুণ হল”

TEV

“ব্যবস্থা আসল যেন খারাপ কাজের বৃদ্ধি পায়”

ব্যবস্থার উদ্দেশ্য ছিল মানুষকে কখনো উদ্ধার করা নয় কিন্তু পতিত মানবকে দেখান তার প্রয়োজন এবং অসহায়ত্ব (ইফি ২:১-৩) এবং সেজন্য খ্রীষ্টের কাছে আনা (৩:২০; ৪:১৫; ৭:৫; গালা ৩:১৯; ২৩-২৬)। ব্যবস্থা উত্তম, কিন্তু মানুষ পাপময় (রোমীয় ৭)!

□ “অনুগ্রহ আরও বেশি উপচে পড়লো” এই অংশে এটি হল পৌলের প্রধান চালিকা শক্তি। পাপ ভয়ংকর ও ব্যাপ্তিশীল, কিন্তু অনুগ্রহ প্রচুর এবং এর মৃত্যুজনক প্রভাবকে ছাপিয়ে যায়! এই ছিল একটি উপায় যার দ্বারা প্রথম শতকের সদ্যজাত মন্ডলীকে উৎসাহিত করা হয়েছিল তারা খ্রীষ্টেতে বিজয়ী হয়েছিল (৫:৯-১১; ৮:৩১-৩৯; ১ যোহন ৫:৪)। এটি আসলে আরও পাপ করার লাইসেন্স নয়! বিশেষ বিষয় দেখুন: ১:৩০ পদে পৌলের *Huper* -এর মিশ্রণ ব্যবহার।

১৫:১৩ পদের বিশেষ বিষয় দেখুন সম্পর্কযুক্ত শব্দের (উপচয়) যেটি ব্যবহৃত হয়েছে ১৫ পদে।

৫:২১ “পাপ” এবং “অনুগ্রহ” উভয়েরই নরত্বারোপ হয়েছে রাজা হিসাবে। পাপ রাজত্ব করেছে সার্বজনীন মৃত্যুর ক্ষমতা নিয়ে (১৪, ১৭ পদ)। অনুগ্রহ রাজত্ব করেছে আরোপিত ধার্মিকতার শক্তিতে যীশু খ্রীষ্টের সম্পন্ন কাজ এবং সুসমাচারের প্রতি বিশ্বাসীদের ব্যক্তিগত বিশ্বাস এবং মন পরিবর্তনে সাড়া দানের মাধ্যমে।

ঈশ্বরের নূতন মানুষ হিসাবে, খ্রীষ্টের দেহ হিসাবে, খ্রীষ্টিয়ানেরাও খ্রীষ্টের সঙ্গে রাজত্ব করবে (৫:১৭; ২ তীম ২:১২; প্রকা ২২:৫)। এটা দেখা যেতে পারে জাগতিক বা সহস্রাব্দের রাজত্বে (প্রকা ৫:৯-১০; ২০)। বাইবেলও এই একই সত্য বলছে এই কথার দ্বারা স্বর্গরাজ্য পবিত্র লোকদের দেওয়া হয়েছে (মথি ৫:৩,১০; লুক ১২:৩২; ইফি ২:৫-৬)। বিশেষ বিষয় দেখুন। ৫:১৭,১৮ পদে ঈশ্বরের রাজ্যে রাজত্ব করা।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. ঈশ্বরের ধার্মিকতা” ব্যাখ্যা করুন।
২. “অবস্থানগত পবিত্রকরণ” এবং “অগ্রসরমান অধিকার” এর মধ্যকার ধর্মতাত্ত্বিক পার্থক্য কি?
৩. আমরা কি বিশ্বাস অথবা অনুগ্রহ দ্বারা রক্ষা প্রাপ্ত (ইফি ২:৮-৯)?
৪. কেন খ্রীষ্টিয়ানেরা কষ্টভোগ করে?
৫. আমরা কি রক্ষা পেয়েছি অথবা রক্ষা পাচ্ছি অথবা রক্ষা পাব?
৬. আমরা কি পাপী কারণ আমরা পাপ করি, অথবা আমরা পাপ করি কারণ আমরা পাপী?
৭. কিভাবে “ধার্মিক গণনা”, “রক্ষা পাওয়া” এবং “সম্মিলিত হওয়া” এই অধ্যায়ের সঙ্গে সম্পর্কযুক্ত?
৮. কেন ঈশ্বর আমাদের অন্যান্য পাপের জন্য ধরেন যে লোক হাজার বছর আগে বাস করতো (১২-২১ পদ)?
৯. কেন আদম থেকে মোশি পর্যন্ত সকলে মরবে যদি পাপ সেই সময়ে গণনা করা না হয় (১৩-১৪)?
১০. “সকল” এবং “অনেক” টার্ম দুটি কি একই অর্থ বোধক (১৮-১৯ পদ, যিশা ৫৩:৬, ১১-১২)?

রোমীয় ৬

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
পাপে মৃত কিন্তু খ্রীষ্টে জীবিত	পাপে মৃত কিন্তু খ্রীষ্টে জীবিত	খ্রীষ্টের সঙ্গে মৃত এবং জীবিত	পাপে মৃত কিন্তু খ্রীষ্টে জীবিত	বাণ্ডিত্ব
৬:১-১১	৬:১-১৪	৬:১-৪	৬:১-৪ ৬:৫-১১	৬:১-৭ ৬:৫-১১ ৬:৮-১১
৬:১২-১৪		৬:১২-১৪	৬:১২-১৪	৬:১২-১৪
ধার্মিকতার দাস	পাপের দাস থেকে ঈশ্বরের দাস	দুটি দাসত্ব	ধার্মিকতার দাস	খ্রীষ্টিয়ানেরা পাপের দাসত্ব থেকে মুক্ত
৬:১৫-২৩	৬:১৫-২৩	৬:১৫-১৯	৬:১৫-১৯	৬:১৫-১৯ পাপের পুরস্কার এবং ধার্মিকতার পুরস্কার
		৬:২০-২৩	৬:২০-২৩	৬:২০-২৩

পাঠ চক্র তিন (দেখুন p. viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. ক। ৬:১-৮:৩৯ একটি চিন্তার একক গঠন করেছে (সাহিত্যের একক) যা পাপের সঙ্গে খ্রীষ্টিয়ানদের সম্পর্ক নিয়ে আলোচনা করেছে (অর্থাৎ, পবিত্রকরণ)। এটি খুব গুরুত্বপূর্ণ বিষয় কারণ সুসমাচারের ভিত্তি না পাবার যোগ্য ঈশ্বরের অনুগ্রহ খ্রীষ্টের মাধ্যমে বিনামূল্যে লাভ (৩:২১-৫:২১) সেজন্য, কিভাবে পাপ বিশ্বাসীদের প্রভাবিত করতে পারে? ৬ অধ্যায়ের ভিত্তি ১ এবং ১৫ পদের দুটি অনুমিত প্রশ্নের উপরে। ১ পদ

৫:২০ পদের সঙ্গে সম্পর্কযুক্ত যেখানে ১৫ পদ ৬:১৪ পদের সঙ্গে সম্পর্কযুক্ত। প্রথমটি জীবন পদ্ধতি হিসাবে পাপের সঙ্গে সম্পর্কযুক্ত (PRESENT TENSE), দ্বিতীয়টি ব্যক্তির ব্যক্তিগত পাপ কাজের সাথে (AORIST TENSE)। এটি আরও স্পষ্ট যে ১-১৪ পদ আলোচনা করেছেন বিশ্বাসীদের পাপের কর্তৃত্ব থেকে স্বাধীনতার বিষয়ে, যখন ১৫-২৩ পদ আলোচনা করেছে বিশ্বাসীদের ঈশ্বরের সেবা করার স্বাধীনতা যেভাবে তারা পূর্বে পাপের সেবা করেছে-সম্পূর্ণভাবে এবং সমস্ত হৃদয় দিয়ে।

- খ. পবিত্রকরণ উভয়ই (৬:৪ পদে বিশেষ বিষয় দেখুন)
১. একটি অবস্থান (আরোপিত যেন পরিত্রাণে ধার্মিক গণনা করা, ৩:২১-৫:২১)
 ২. একটি অগ্রসরমান খ্রীষ্ট সাদৃশ্যতা
 - ক. ৬:১-৮:৩৯ পদ প্রকাশ করছে ধর্মতত্ত্বগত ভাবে এই সত্যকে
 - খ. ১২:১-১৫:১৩ পদ ব্যবহারিক ভাবে এটি প্রকাশ করছে (৬:৪ পদে বিশেষ বিষয় দেখুন)
- গ. প্রায়ই ব্যাখ্যাকারকেরা ধর্মতত্ত্বগত ভাবে বিষয়টি ভেঙ্গে ফেলে ধার্মিকতা এবং অবস্থানগত পবিত্রকরণের সাথে তাদের বাইবেলে ভিত্তিক অর্থকে আকড়ে ধরে সাহায্যের জন্য। বাস্তবতায় সেগুলি হল একই সঙ্গে কৃত অনুগ্রহের কাজ (অবস্থানগত, ১ করি ১:৩০; ৬:১১)। উভয়ের জন্য কলাকৌশল একই-যীশুর জীবন, মৃত্যু, এবং পুনরুত্থানের/স্বর্গারোহন এর মধ্যে দিয়ে ঈশ্বরের অনুগ্রহ প্রদর্শিত হয়েছে যা কেবলমাত্র বিশ্বাসের দ্বারা পাওয়া যায় (ইফি ২:৮-৯)।
- ঘ. এই অধ্যায় শিক্ষা দিয়েছে সাম্রাজ্য পরিপূর্ণ পরিপক্বতা (পাপহীনতা, ১ যোহন ৩:৬,৯; ৫:১৮) খ্রীষ্টে ঈশ্বরের সন্তানদের। ৭ অধ্যায় এবং ১ যোহন ১:৮-২:১ পদ দেখায় যে বিশ্বাসীদের চলমান পাপময়তার বাস্তবতা।
- পৌলের ক্ষমার দৃষ্টিভঙ্গির বিষয়ে অনেক দ্বন্দ্ব (অর্থাৎ, বিশ্বাস দ্বারা ধার্মিকতা লাভ) সম্পর্কিত ছিল নৈতিকতার বিষয়ে। যিহূদীরা চাইতো নিশ্চিত ঈশ্বর ভক্তির জীবন যাপনের দ্বারা নূতন বিশ্বাসীরা মোশির ব্যবস্থা মেনে চলবে। এটা অবশ্যই স্বীকার করতে হবে যে কেউ কেউ করেছে এবং পৌলের দৃষ্টিতে তা ছিল পাপের জন্য অনুমতি দেওয়ার মত (১, ১৫ পদ; ২ পিতর ৩:১৫-১৬)। পৌল বিশ্বাস করতেন যে বাসকারী আত্মা, কোন বাহ্যিক সঙ্কেত (code) নন, যা ঈশ্বর ভক্ত খ্রীষ্ট সাদৃশ্যতা অনুসারীরা উৎপন্ন করবে। বাস্তবতায় এটা হল পুরাতন নিয়ম (দি বি ২৭-২৮) এবং নূতন নিয়মের (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২৬-২৭) মধ্যকার পার্থক্য।
- ঙ. বাস্তব হল সহজ সরল একটি দৈহিক দৃষ্টান্ত ধার্মিক গণনার/পবিত্রকরণের আত্মিক বাস্তবতার। রোমীয়তে অবস্থানগত পবিত্রকরণ (ধার্মিক গণনা) এবং অভিজ্ঞতালব্ধ পবিত্রকরণ (খ্রীষ্ট সাদৃশ্যতা) এই জমজ মতবাদ উভয়কেই চাপে ফেলেছে। তাঁর সঙ্গে সমাধিস্থ হওয়া (৪ পদ) হল “তাঁর সহিত ক্রুশারোপিত হওয়ার” (৬ পদ) সাথে সমান্তরাল।
- চ. খ্রীষ্টিয় জীবনে প্রলোভন ও পাপ জয় করার চাবিকাঠি হল
১. খ্রীষ্টে আপনি কে তা জানা। তিনি আপনার জন্য কি করেছেন তা জানা। আপনি পাপ থেকে মুক্ত! আপনি পাপের কাছে মৃত!
 ২. বিবেচনা করণ/গণনা করণ আপনার প্রতিদিনের জীবনের অবস্থা বিবেচনায় খ্রীষ্টে আপনার অবস্থান।
 ৩. এখন আর আমরা আমাদের নই! আমাদের অবশ্যই আমাদের প্রভুর সেবা/বাধ্য। আমরা সেবা/বাধ্য হবো আমাদের কৃতজ্ঞতায় এবং ভালবাসায় সেই একজনের জন্য যিনি প্রথমে আমাদের ভালবাসলেন এবং নিজেকে আমাদের জন্য প্রদান করলেন!
 ৪. খ্রীষ্টিয় জীবন হচ্ছে অতিলৌকিক জীবন। এটি, পরিত্রাণের মত, খ্রীষ্টে ঈশ্বর দত্ত একটি দান। তিনি এটি সূচনা করেছেন এবং এর ক্ষমতা যুগিয়েছেন। মন পরিবর্তন ও বিশ্বাসে আমাদের অবশ্যই সাড়া প্রদান করতে হবে, উভয়ই আরম্ভ এবং প্রতিদিনই।
 ৫. পাপ নিয়ে খেলা করবেন না। এটা কি তা চিহ্নিত করণ। এর থেকে ফিরণ; পালিয়ে যান। কখনোই নিজেকে প্রলোভনে পতিত করবেন না।
 ৬. বিশ্বাসীদের মধ্যে পাপ একটি আসক্তি যা ভেঙ্গে ফেলা যেতে পারে, কিন্তু এর জন্য সুসমাচারের জ্ঞান দরকার, আত্মার উপস্থিতি, সময়, চেষ্টা, এবং ইচ্ছাশক্তি।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড)টেক্সট: ৬:১-৭

^১ তবে আমরা কি বলবো? অনুগ্রহের বৃদ্ধি যেন হয় সেই জন্য কি পাপে থাকবো? ^২ তা যেন কখনো না হয়! আমরা ত পাপের সম্বন্ধে মরেছি তাহলে আমরা কি ভাবে আবার পাপে জীবন যাপন করবো? ^৩ অথবা তোমরা কি জান না যে আমরা যত লোক খ্রীষ্ট যীশুর উদ্দেশ্যে বাণ্ডাইজিত হয়েছি আমরা সকলে তাঁর মৃত্যুর উদ্দেশ্যে বাণ্ডাইজিত হয়েছি? ^৪ সেই জন্য আমরা তাঁর মৃত্যুর উদ্দেশ্যে বাস্তব দ্বারা তাঁর সাথে সমাধি লাভ করেছি; যেন খ্রীষ্ট যেমন পিতার মহিমা দ্বারা মৃতদের মধ্য থেকে উত্থাপিত হলেন, তেমনি আমরাও জীবনের নূতনত্বে চলি। ^৫ কারণ যখন আমরা তাঁর মৃত্যুর সাদৃশ্যে তাঁর সাথে একীভূত হয়েছি, তখন অবশ্য পুনরুত্থানের সাদৃশ্যেও হব, ^৬ আমরা ত এটা জানি যে, আমাদের পুরাতন মানুষ তাঁর সাথে ক্রুশারোপিত হয়েছে, যেন পাপদেহ শক্তিশীল হয়, যেন আমরা পাপের দাস আর না থাকি; ^৭ কারণ যে মরেছে সে পাপ থেকে ধার্মিক বলে গণ্য হয়েছে। (অনুবাদকৃত টেক্সট)।

৬:১

NASB

“অনুগ্রহের বৃদ্ধি যেন হয় এই জন্য কি পাপে থাকবো”

NKJV

“আমরা কি সব সময় পাপে থাকবো যেন অনুগ্রহ উপচে পড়ে”

NRSV

“আমাদের কি সব সময় পাপে থাকা উচিত যেন অনুগ্রহ উপচে পড়ে”

TEV

“আমাদের উচিত সব সময় পাপে জীবন যাপন করা যেন অনুগ্রহ বৃদ্ধি পেতে পারে”

NJ

“এটা কি ঠিক যে আমরা পাপে থাকবো যেন অনুগ্রহের সুযোগ বাড়ে”

এটি একটি PRESENT ACTIVE SUBJUNCTIVE। এটি আক্ষরিক ভাবে প্রশ্ন জিজ্ঞাসা করছে, খ্রীষ্টিয়ানদের কি পাপ “পরিধান করা” অথবা “আকড়ে ধরা” ঠিক? এই প্রশ্ন আমাদের পিছনে ৫:২০ পদের দিকে দেখায়। পৌল কোন ঘটনার ব্যাখ্যাদানের প্রক্রিয়ায় এক কাল্পনিক

আপত্তিকারীকে (diatribe) বেছে নিয়েছেন অনুগ্রহের সাজ্যাব্য অপব্যবহারের (১ যোহন ৩:৬,৯; ৫:১৮) বিষয়ে আলোচনার জন্য। ঈশ্বরের অনুগ্রহ ও দয়ার এই অর্থ নয় যে বিদ্রোহাত্মক জীবন যাপনের অনুমতি দান।

পৌলের সুসমাচার খ্রীষ্টের মাধ্যমে বিনামূল্যে দত্ত পরিত্রাণ হল ঈশ্বরের অনুগ্রহ দান (৩:২৪; ৫:১৫, ১৭; ৬:২৩) অনেক প্রশ্ন উত্থাপন করেছে জীবন পদ্ধতির ধার্মিকতা সম্বন্ধে। কিভাবে একটি বিনামূল্যের দান নৈতিক বিশুদ্ধতা উৎপন্ন করতে পারে? ধার্মিক গণনা এবং পবিত্র করণ অবশ্যই পৃথক করা যায় না (মথি ৭:২৪-১৭; লুক ৮:২১; ১১:২৮; যোহন ১৩:১৭; রোমীয় ২:১৩; যাকোব ১:২২-২৫; ২:১৪-২৬)।

এই পয়েন্টে আমি F. F. Bruce in *Paul: Apostle of the Heart Set Free*, থেকে একটি উদ্ধৃতি উল্লেখ করছি,

“খ্রীষ্টিয়ানদের বাপ্তিষ্ম অনুষ্ঠান তাদের পুরাতন অ-নৃতনীকৃত অস্তিত্ব এবং তাদের খ্রীষ্টে নূতন জীবনের মধ্যে সম্মুখাসম্মুখী অবস্থান: এটি চিহ্নিত করেছে তাদের পুরাতন স্বভাবের মৃত্যু, যেন এতে একজন বাপ্তিষ্ম প্রাপ্ত খ্রীষ্টিয়ান পাশে চলা অসঙ্গত হয়েছে যেহেতু এটি তার পূর্বের প্রভুর বন্ধনে আবদ্ধ থাকার দাসত্ব থেকে মুক্ত করেছে (রোমীয় ৬:১-৪, ১৫-২৩) অথবা একজন বিধবা যেমন “তার স্বামীর ব্যবস্থার” বশীভূত থাকে” (pp. 281-82, রোমীয় ৭:১-৬)।

James S. Stewart’s book, *A Man in Christ*, তিনি লিখেছেন:

“*locus classicus* সকলের জন্য এই দিকের খেরিতের ভাবনা রোমীয় ৬ অধ্যায়ে পাওয়ার যাবে। সেখানে পৌল, চমৎকার উৎসাহ ও প্রচেষ্টায়, হৃদয় ও বিবেকের দিকে পরিচালিত করেছেন এই শিক্ষায় যে যীশুর মৃত্যুতে তাঁর সঙ্গে একীভূত হওয়ার অর্থ বিশ্বাসীদের জন্য যে তারা সম্পূর্ণভাবে এবং প্রচণ্ড ভাবে পাপের সাথে সম্পর্ক ছিন্ন করেছে”(pp. 187-88)।

৬:২ “তা যেন কখনো না হয়” এটি একটি দুর্লভ OPTATIVE গঠন যেটি ব্যাকরণগত ভাবে MOOD অথবা MODE ব্যবহৃত হয়েছে ইচ্ছা অথবা প্রার্থনার জন্য। এটি পৌলের পদ্ধতিগত উপায় (অর্থাৎ, ইব্রীয় বাগধারা) কাল্পনিক বিষয়ের উত্তর দান। এটি প্রকাশ করেছে পৌলের হতাশা এবং বিভিন্নিকা অবিশ্বাসী মানুষের ভুল বোঝা এবং অনুগ্রহ নষ্ট করার বিষয়ে (৩:৪,৬)।

□ “আমরা যারা পাশে মৃত” এটি একটি AORIST ACTIVE INDICATIVE, যার অর্থ “আমরা মরেছি”। SINGULAR “পাপ” এই অধ্যায়ের সর্বত্র প্রায়ই ব্যবহৃত হয়েছে। এটি মনে হয় উল্লেখ করেছে আমাদের “পাপ স্বভাব” আদমের কাছ থেকে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত (রোমীয় ৫:১২-২১; ১ করি ১৫:২১-২২)। পৌল মৃত্যুর ধারণাকে প্রায়ই রূপক হিসাবে ব্যবহার করেছেন বিশ্বাসীদের যীশুর সাথে নূতন সম্পর্ক দেখাবার জন্য। তারা আর পাপ প্রভুর বশীভূত নয়।

□ “এখনও ইহাতে বাস করিতেছি” এটি আক্ষরিক ভাবে “চলা”। এই রূপক ব্যবহৃত হয়েছিল এই উদ্দিগ্নতায় হয় আমাদের জীবন পদ্ধতির বিশ্বাস (ইফি ৪:১; ৫:২, ১৫) না হয় জীবন পদ্ধতির পাপ (৪ পদ; ইফি ৪:১৭)। বিশ্বাসীরা কখনোই পাশে সুখী হতে পারে না!

৬:৩-৪ “বাণ্ডাইজিত হয়েছে... সমাধি লাভ করেছে” এই উভয়ই AORIST PASSIVE INDICATIVES। এই ব্যাকরণগত গঠন প্রায়ই জোর দেওয়া হয়েছে একটি সম্পূর্ণ কাজ যা সম্পাদিত হয়েছে বাহ্যিক প্রতিনিধি দ্বারা, এখানে আত্মা। এই প্রসঙ্গে তারা সমান্তরাল।

বিশেষ বিষয়: বাপ্তিষ্ম

Curtis Vaughan, *খেরিতদের কার্য বিবরণি*, ২৮ পৃষ্ঠায় একটি চমৎকার ফুটনোট দিয়েছে।

“বাপ্তিষ্মের” জন্য গ্রীক শব্দ হল third person imperative; ‘মন পরিবর্তন’ এর জন্য শব্দ হল second person imperative। এই পরিবর্তন অধিক direct second person command থেকে less direct third person “বাণ্ডাইজিত হওয়া” ইঙ্গিত দেয় যে পিতরের মূল প্রাথমিক আকাংখ্যা ছিল মন পরিবর্তনের জন্য।”

এটি যোহন বাণ্ডাইজক (মথি ৩:২) ও যীশুর (মথি ৪:১৭) প্রচারের গুরুত্ব দিয়েছে। মন পরিবর্তন মনে হয় আত্মিক চাবিকাঠি এবং বাপ্তিষ্ম হল বাহ্যিক প্রকাশ আত্মিক পরিবর্তনের। নূতন নিয়ম অ-বাণ্ডাজিত বিশ্বাসীদের সম্পর্কে কিছুই জানে না! প্রাথমিক মন্ডলীর কাছে বাপ্তিষ্ম ছিল বিশ্বাসের প্রকাশ্য স্বীকার। এটি ছিল খ্রীষ্টে বিশ্বাসের প্রকাশ্য স্বীকারোক্তির উপলক্ষ্য, কিন্তু পরিত্রাণের কোন কলা কৌশল নয়! এটা স্মরণ রাখা দরকার যে পিতরের দ্বিতীয় বক্তৃতায় বাপ্তিষ্মের কথা উল্লেখিত হয়নি, যদিও মন পরিবর্তনের কথা বলা হয়েছে (৩:১৯; লুক ২৪:১৭)। বাপ্তিষ্ম একটি উদাহরণ যা স্থাপন করেছিলেন যীশু (মথি ৩:১৩-১৮)। বাপ্তিষ্মের আদেশ যীশু দিয়েছেন (মথি ২৮:১৯)। আধুনিক প্রশ্ন হল পরিত্রাণের জন্য বাপ্তিষ্মের আবশ্যিকতার কথা নূতন নিয়মে বলা হয়নি; সকল বিশ্বাসী প্রত্যাশা করা হয় যে বাণ্ডাইজিত হবে। যাহোক, একজনকে অবশ্যই পবিত্র ধর্মানুষ্ঠানের কলাকৌশলের বিরুদ্ধতাকে সুরক্ষা করতে হবে! পরিত্রাণ একটি বিশ্বাসের বিষয়, কোন সঠিক স্থান নয়, সঠিক বাক্য নয়, সঠিক ধর্মানুষ্ঠানের বিষয় নয়!

□ “খ্রীষ্ট যীশুতে” *eis* (মধ্যে) এর ব্যবহার মথি ২৮:১৯ পদের মহান আদেশের সঙ্গে সমান্তরাল, যেখানে নূতন বিশ্বাসীরা বাণ্ডাইজিত হবে *eis* (মধ্যে) পিতা পুত্র ও পবিত্র আত্মার নামে। PREPOSITION ব্যবহৃত হয়েছে এটা বর্ণনা করতে যে বিশ্বাসীরা খ্রীষ্টের মন্ডলীতে আত্মীয় বাপ্তিষ্ম লাভ করেছে ১ করি ১২:১৩ পদে। *Eis* এই প্রসঙ্গে ১১ পদের *en* (খ্রীষ্টেতে) এর সঙ্গে একই অর্থবোধক, যেটি পৌলের প্রিয় উপায় বিশ্বাসীদের উল্লেখ করতে। এটি হল একটি LOCATIVE OF SPHERE। বিশ্বাসীদের জীবন এবং আন্দোলন এবং খ্রীষ্টেতে তাদের থাকা। এই PREPOSITIONS প্রকাশ করে যে এই ঘনিষ্ঠ একতা, এই সহভাগিতার ক্ষেত্র, এই শাখা ও দ্রাক্ষালতা সম্পর্ক। বিশ্বাসীদের পরিচিতি তাঁর সাথে এবং খ্রীষ্টে যুক্ত তাঁর মৃত্যুতে (৬ পদ, ৮:১৭), তাঁর পুনরুত্থানে (৫ পদ), ঈশ্বরের প্রতি তাঁর বাধ্যতার পরিচর্যা, এবং তাঁর স্বর্গরাজ্যে!

□ তাঁর মৃত্যুতে.....তাঁর সাথে সমাধি লাভ করেছে” জলে নিমজ্জমান হয়ে বাপ্তিষ্ম মৃত্যু ও সমাধি হবার দৃষ্টান্ত (৫ পদ এবং কল ২:১২)। যীশু বাপ্তিষ্ম ব্যবহার করেছেন রূপক হিসাবে তাঁর নিজের মৃত্যুর জন্য (মার্ক ১০:৩৮-৩৯; লুক ১২:৫০)। এখানে জোর দেওয়া হয়েছে বাপ্তিষ্মের মতবাদের উপরে নয়,

কিন্তু খ্রীষ্টিয়ানদের নূতন, ঘনিষ্ঠ সম্পর্ক খ্রীষ্টের মৃত্যু ও সমাধির সাথে। বিশ্বাসীরা খ্রীষ্টের বাস্তবতার সাথে, তাঁর চরিত্রের সাথে, তাঁর উৎসর্গের সাথে, তাঁর উদ্দেশ্যের সাথে চিহ্নিত হয়। বিশ্বাসীদের উপরে পাপের কোন শক্তি নেই!

৬:৪ “আমরা তাঁর মৃত্যুর উদ্দেশ্যে বাস্তবতা দ্বারা তাঁর সাথে সমাধি লাভ করেছি” এই অধ্যায়ে, পৌলের সকল লেখার বৈশিষ্ট্য অনুসারে, তিনি অনেক *sun* (সাথে) যুক্ত করেছেন (অর্থাৎ তিনটি ইফি ২:৫-৬ পদে)।

১. *sun + thaptō* = সহ-সমাধি হওয়া, ৪ পদ, কল ২:১২; আরও নোট করুন ৮ পদ
২. *sun + phuō* = সহ-রোপিত হওয়া, ৫ পদ
৩. *sun + stauroō* = সহ-ক্রুশারোপিত হওয়া, ৬ পদ, গাল ২:২০
৪. *sun + zaō* = সহ-অস্তিত্ব, ৮ পদ; ২ তীম ২:১১ (এছাড়াও সহ-মৃত্যু এবং সহ-রাজত্ব)

□ “তেমনি আমরাও জীবনের নূতনত্বে চলি” এটি একটি AORIST ACTIVE SUBJUNCTIVE। পরিব্রাজনের প্রত্যাশিত ফল পবিত্রকরণ। কারণ বিশ্বাসীরা খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের অনুগ্রহ লাভ করেছে এবং তাদের মধ্যে বাসকারী আত্মা রয়েছেন, তাদের জীবন অবশ্যই ভিন্ন হবে। আমাদের নূতন জীবন (*zoē*) আমাদের কাছে পরিব্রাজন আনে না, কিন্তু এটি হল পরিব্রাজনের ফল (১৬, ১৯ পদ; ৮:৪; ১৩:১৩; ১৪:১৫; এবং ইফি ১:৪; ২:৮-৯,১০; যাকোব ২:১৪-২৬)। এটি অন্যতম/অথবা প্রশ্ন নয়, বিশ্বাস অথবা কাজ, কিন্তু সেখানে আছে ধারাবাহিক নিয়ম।

বিশেষ বিষয়: পবিত্রকরণ

নূতন নিয়ম বলতে চেষ্টা করেছে যখন পাপীরা যীশুর দিকে ফেরে মন পরিবর্তন ও বিশ্বাস, তারা তৎক্ষণাৎ ধার্মিক গণিত ও পবিত্রকৃত হয়। খ্রীষ্টে এটি তাদের নূতন মর্যাদা। তাঁর ধার্মিকতা তাদের উপরে আরোপিত হয় (রোমীয় ৪)। তাদের ধার্মিক ও পবিত্র (ঈশ্বরের আইনগত কাজ) বলে ঘোষণা করা হয়।

কিন্তু নূতন নিয়ম জোর দিয়েছে বিশ্বাসীদের পবিত্রতা অথবা পবিত্রকরণের উপরে। এটি ধর্মতাত্ত্বিক অবস্থান খ্রীষ্টের সম্পাদিত কাজের এবং খ্রীষ্টের সাদৃশ্য হবার আহবান প্রতিদিনকার কাজে ও মনোভাবে। যেহেতু পরিব্রাজন একটি বিনামূল্যে দান এবং জীবন পদ্ধতির সবকিছুতে মূল্য রয়েছে, সেরকমই, পবিত্রকরণ।

প্রারম্ভিক সাত্তা প্রদান

প্রেরিত ২০:২৩; ২৬:১৮

রোমীয় ১৫:১৬

১ করি ১:২-৩; ৬:১১

২ থি ২:১৩

ইব্রীয় ২:১১; ১০:১০,১৪; ১৩:১২

১ পিতর ১:১২

অগ্রসরমান খ্রীষ্ট সাদৃশ্যতা

রোমীয় ৬:১৯

২ করি ৭:১

ইফি ১:৪; ২:১০

১ থি ৩:১৩; ৪:৩-৪, ৭; ৫:২৩

১ তীম ২:১৫

২ তীম ২:২১

ইব্রীয় ১২:১৪

১ পিতর ১:১৫-১৬

□ “জীবনের নূতনতায়” এটি পরিমাণে “নূতন”, কেবলমাত্র সময়ে নূতন নয়। এটি ব্যবহার করেছে বিভিন্ন উপায় মশীহ যে ব্যাপক পরিবর্তন এনেছেন তা বলতে। এটি হল নূতন যুগ, যিশা ৪০-৬৬।

১. নূতন আন্দোলন, লুক ২২:২০; ১ করি ১১:২৫; ২ করি ৩:৬; ইব্রীয় ৮:৮, ১৩; ৯:১৫
২. নূতন আদেশ, যোহন ১৩:৩৪; ১ যোহন ২:৭,৮; ২ যোহন ৫ পদ
৩. নূতন সৃষ্টি, ২ করি ৫:১৭; গালা ৬:১৫
৪. জীবনের নূতনতা, রোমীয় ৬:৪
৫. আত্মার নূতনতা, রোমীয় ৭:৬
৬. নূতন মানুষ, ইফি ২:১৫; ৪:২৪
৭. নূতন স্বর্গ এবং পৃথিবী, ২ পিতর ৩:১৩; প্রকা ২১:১ (যিশা ৬৬:২২)
৮. নূতন নাম, প্রকা ২:১৭; ৩:১২ (যিশা ৬২:২)
৯. নূতন যিরূশালেম, প্রকা ৩:১২; ২১:২
১০. নূতন গীত, প্রকা ৫:৯; ১৪:৩ (যিশা ৪২:১০)

□ “খ্রীষ্ট উত্থাপিত হলেন” এই প্রসঙ্গে পুত্রের কথা এবং কাজ পিতার গ্রহণ এবং অনুমোদন দুটি মহান ঘটনার মাধ্যমে প্রকাশ করা হয়েছে।

১. যীশুর মৃতদের মধ্যে থেকে পুনরুত্থান
২. যীশুর পিতার দক্ষিণে বসার জন্য স্বর্গারোহন

ত্রিভ্রের তিন ব্যক্তিত্ব খ্রীষ্টের মৃত্যুর রাজ্য থেকে উত্থানে অর্ন্তভুক্ত। ৯ পদ এবং ৮:১১ পদে পরিপূর্ণ নোট দেখুন।

□ “পিতার মহিমা” “মহিমার” জন্য ৩:২৩ পদে বিশেষ বিষয় দেখুন। “পিতার” জন্য ১:৭ পদের বিশেষ বিষয় দেখুন।

৬:৫ “যদি” এটি একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE, লেখকের দিক থেকে ধরে নেওয়া হয় সত্য বলে অথবা তার সাহিত্যের উদ্দেশ্যে। পৌল ধরে নিয়েছেন তার পাঠকেরা হলেন বিশ্বাসীরা।

□ “আমরা তাঁর সাথে একীভূত হয়েছি” এটি একটি PERFECT ACTIVE INDICATIVE যেটি অনুবাদ করা যেতে পারে, “হয়েছি এবং অবিরত একত্রে যুক্ত আছি” অথবা “হয়েছি অথবা অবিরত একত্রে রোপিত হইতেছি”। এই সত্য ধর্মতাত্ত্বিক ভাবে যোহন ১৫ অধ্যায়ের “থাকা” এর সাথে একই রকম। যদি বিশ্বাসীদের যীশুর মৃত্যুর সাথে চিহ্নিত করা হয় (গালা ২:১৯-২০; কল ২:২০; ৩:৩-৫), ধর্মতত্ত্বগত ভাবে তাদের তাঁর পুনরুত্থিত জীবনের সাথে চিহ্নিত হওয়া উচিত (১০ পদ)।

মৃত্যু হিসাবে বাপ্তিস্মের এই রূপক দিকের অর্থ দেখিয়েছে

১. আমরা পুরাতন জীবনে, পুরাতন নিয়মে মৃত
২. আমরা আত্মায় জীবিত, নতুন নিয়মে

খ্রীষ্টিয় বাপ্তিস্ম সেজন্য বাপ্তিস্ম দাতা যোহন, যিনি পুরাতন নিয়মের শেষ ভাববাদী ছিলেন, তার বাপ্তিস্মের মত একই রকম নয়। প্রাথমিক মন্ডলীর কাছে বাপ্তিস্ম ছিল নতুন বিশ্বাসীদের প্রকাশ্যে বিশ্বাস ঘোষণার একটি সুযোগ। প্রাচীন বাপ্তিস্ম নিয়ম, প্রার্থীদের দ্বারা পুনরাবৃত্তি হয়েছে, যা ছিল “আমি বিশ্বাস করি যীশুই প্রভু” (রোমীয় ১০:৯-১৩)। প্রকাশ্যে ঘোষণা ছিল আনুষ্ঠানিক, ধর্মীয় কাজ আগে যা ঘটেছে তার অভিজ্ঞতার। বাপ্তিস্ম ক্ষমা লাভ, পরিব্রাজন বা আত্মার আগমনের কোন কলাকৌশল ছিল না, কিন্তু উপলক্ষ্য ছিল তাদের প্রকাশ্যে ঘোষণা ও স্বীকারোক্তি (প্রেরিত ২:৩৮)। যাহোক, এটি ঐচ্ছিক ছিল না। যীশুর এই আদেশ করেছিলেন (মথি ২৮:১৯-২০), এবং একে ব্যাখ্যা করেছিলেন (মথি ৩; মার্ক ১; লুক ৩) এবং এটি হয়ে পড়েছিল প্রেরিতদের বক্তৃতা ও কাজের প্রক্রিয়ার একটি অংশ।

৬:৬

NASB “এটা জানি যে, আমাদের পুরাতন মানুষ তাঁর সাথে ক্রুশারোপিত হয়েছে”

NKJV “এটা জানি যে, আমাদের পুরাতন মানুষ তাঁর সঙ্গে ক্রুশারোপিত হয়েছে”

NRSV “আমরা জানি যে আমাদের পুরাতন আমি তুমি তাঁর সঙ্গে ক্রুশারোপিত হয়েছে”

TEV “এবং আমরা এটা জানি: আমাদের পুরাতন সত্তা খ্রীষ্টের সাথে ক্রুশারোপিত”

NJB “আমাদের অবশ্যই উপলব্ধি করতে হবে যে আমাদের পুরাতন আমি তুমি তাঁর সঙ্গে ক্রুশারোপিত”

এটি একটি AORIST PASSIVE INDICATIVE যার অর্থ “আমাদের পুরাতন আমি তুমি সকলের জন্য একবারই ক্রুশারোপিত আত্মার দ্বারা।” PASSIVE VOICE উল্লেখ করে ঐশ্বরীক প্রতিনিধিত্ব। এই সত্য চূড়ান্ত বিজয়ী খ্রীষ্টিয় জীবন যাপনের জন্য। বিশ্বাসীদের অবশ্যই তাদের পাপের সঙ্গে নতুন সম্পর্ক উপলব্ধি করতে হবে (গালা ২:২০; ৬:১৪)। মানুষ হল পুরাতন পতিত সত্তা (আদমের স্বভাব) খ্রীষ্টের সাথে মৃত্যুবরণ করেছে (৭ পদ; ইফি ৪:২২ এবং কল ৩:৯)। বিশ্বাসী হিসাবে আমাদের এখন পাপ যেটি মূলত আদম করেছিলেন সে বিষয়ে একটি মনোমনয়ন রয়েছে।

□

NASB, NKJV “যেন আমাদের পাপদেহ শক্তিহীন হয়”

NRSV “যেন পাপদেহ ধ্বংস হয়”

TEV “এইজন্য যে পাপ স্বভাবের শক্তি যেন ধ্বংস হয়”

NJB “পাপময় দেহ ধ্বংস হয়”

পৌল “দেহ”(soma) শব্দটি ব্যবহার করেছেন বেশ কয়েকটি GENITIVE শব্দগুচ্ছের সাথে।

১. পাপ দেহ, রোমীয় ৬:৬
২. এই মৃত্যুর দেহ, রোমীয় ৭:২৪
৩. মাংসিক দেহ, কল ২:১১

পৌল এই পাপ এবং বিদ্রোহের যুগে দৈহিক জীবনের কথা বলছেন। যীশুর নতুন পুনরুত্থিত দেহ হল নতুন যুগের ধার্মিকতার দেহ (২ করি ৫:১৭)। দৈহিকত্ব কোন সমস্যা নয় (গ্রীক দর্শন), কিন্তু পাপ ও বিদ্রোহ। দেহ মন্দ নয়। খ্রীষ্ট ধর্ম এই বিশ্বাসে স্থির যে দৈহিক দেহের অনন্তকাল স্থায়ীত্ব (১ করি ১৫)। যাহোক, দৈহিক দেহ হল প্রলোভন, পাপ এবং আমিত্বের যুদ্ধ ক্ষেত্র।

এটি একটি AORIST PASSIVE SUBJUNCTIVE। শব্দগুচ্ছ “সাথে দূরীকৃত” অর্থ “নির্জীব করা”, “শক্তিহীন করা” অথবা “অনুৎপাদনশীল করা”, “ধ্বংস করা” নয়। এটি পৌলের একটি প্রিয় শব্দ, যেটি ২৫ বারেও বেশী ব্যবহার করেছেন। বিশেষ বিষয় দেখুন: নিষ্ফল এবং গুণ্য (katargeō) করা ৩:৩ পদে। আমাদের দৈহিক দেহ নৈতিকভাবে নিরপেক্ষ, কিন্তু এটি হল যুদ্ধক্ষেত্র অবিরত আত্মিক দ্বন্দ্বের জন্য (১২-১৩ পদ; ৫:১২-২১; ১২:১-২)।

৬:৭ “কারণ যে মরছে, সে পাপ থেকে ধার্মিক বলে গণ্য হয়েছে” এটি একটি AORIST ACTIVE PARTICIPLE এবং একটি PERFECT PASSIVE INDICATIVE, অর্থ “যিনি মরিয়াছেন এবং পাপ থেকে নিরন্তর মুক্ত হয়েছেন”। কারণ বিশ্বাসীরা খ্রীষ্টের নতুন সৃষ্টি এবং তারা নিরন্তর পাপের দাসত্ব এবং আদমের পতন থেকে আত্ম উত্তরাধিকার থেকে মুক্ত (৭:১-৬)।

গ্রীক টার্ম এখানে অনুবাদ করা হয়েছে “মুক্ত হওয়া” এই একই টার্ম অন্য স্থানে আরম্ভের অধ্যায়ে অনুবাদ হয়েছে “ধার্মিক গণিত হওয়া” হিসাবে (ASV)। এই প্রসঙ্গে “মুক্ত হওয়া” (NKJV, NRSV) আরও বেশী অর্থ প্রকাশ করেছে (এর একই ব্যবহার প্রেরিত ১৩:৩৯ পদে)। মনে রাখুন, প্রসঙ্গ শব্দের অর্থ স্থির করে, কোন অভিধান বা পূর্ব নির্দ্ধারিত টেকনিক্যাল ব্যাখ্যা নয়। বাক্যের মধ্যেই কেবলমাত্র শব্দের অর্থ হয় এবং প্যারাফ্রাসের মধ্যে কেবল বাক্যের।

NASB (আপডেটস) টেক্সট:৬:৮-১১

৮ আর আমরা যখন খ্রীষ্টের সাথে মরেছি, তখন বিশ্বাস করি যে, তাঁর সাথে জীবনও পাব। ৯ কারণ আমরা জানি, মৃতদের মধ্য থেকে উঠেছেন বলে, খ্রীষ্ট আর কখনও মরবেন না; তাঁর উপরে মৃত্যুর আর কর্তৃত্ব নাই। ১০ কারণ তাঁর যে মৃত্যু হয়েছে, তার দ্বারা তিনি সকলের পাপের সম্বন্ধে একবারই মরলেন; কিন্তু তাঁর যে জীবন আছে, তার দ্বারা তিনি ঈশ্বরের সম্বন্ধে জীবিত আছেন। ১১ সেরকমই, তোমরাও নিজেদের পাপের সম্বন্ধে মৃত, কিন্তু খ্রীষ্ট যীশুতে ঈশ্বরের সম্বন্ধে জীবিত বলে গণ্য কর। (অনুবাদকৃত টেক্সট)।

৬:৮ “যখন” এটি একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE, যেটি লেখকের দিক থেকে ধরে নেওয়া হয় সত্য বলে অথবা তার সাহিত্যের উদ্দেশ্যে। বিশ্বাসীদের বাস্তব দৃশ্যমান ভাবে বিবর্ধিত করা হয়েছে খ্রীষ্টের সাথে একজনের মৃত্যুকে।

□ “তাঁর সাথে জীবনও পাব” এই প্রসঙ্গ চায় একটি “এখানে এবং এখন” পারিপার্শ্বিকতা (১ যোহন ১:৭), সম্পূর্ণরূপে ভবিষ্যৎ অবস্থান নয়। ৫ পদ বলছে খ্রীষ্টের মৃত্যুতে আমাদের অংশীদারিত্ব, যখন ৮ পদ বলছে আমাদের তাঁর জীবনে অংশীদারিত্ব। এই একই চাপ উত্তরাধিকার হিসাবে এসেছে ঈশ্বরের রাজ্য সম্পর্কে বাইবেলের ধারণা। এটা এখানে এবং এখন উভয়ই, তথাপি ভবিষ্যতের। বিনামূল্যে দান অবশ্যই উৎপন্ন করে আত্ম-নিয়ন্ত্রণ, অনুমতি নয়।

৬:৯ “মৃতদের মধ্য থেকে উঠেছেন” এটি একটি AORIST PASSIVE PARTICIPLE (৬:৪ পদ দেখুন, AORIST PASSIVE INDICATIVE)।

নতুন নিয়ম নিশ্চিত করেছে যে ত্রিঙ্কের তিনটি ব্যক্তিত্বই যীশুর পুনরুত্থানে কার্যকর ছিল।

১. আত্মা (রোমীয় ৮:১১)

২. পুত্র (যোহন ২:১৯-২২; ১০:১৭-১৮)

৩. আর বেশীর সময়ই, পিতা (প্রেরিত ২:২৪, ৩২; ৩:১৫, ২৬; ৪:১০; ৫:৩০; ১০:৪০; ১৩:৩০, ৩৩, ৩৪, ৩৭; ১৭:৩১; রোমীয় ৬:৪, ৯)

পিতার কাজ ছিল যীশুর জীবন, মৃত্যু এবং শিক্ষা গ্রহণ করার নিশ্চয়তা। এটা ছিল প্রাথমিক প্রেরিতদের প্রচারের প্রধান দিক। বিশেষ বিষয় দেখুন: ১:২ পদের *Kerygma*।

□

NASB “তাঁর উপরে মৃত্যুর আর কর্তৃত্ব নাই”

NKJV, NRSV “তাঁর উপরে মৃত্যুর আর প্রাধান্য নেই”

TEV “মৃত্যু আর তাঁর উপরে রাজত্ব করবে না”

NJB “তাঁর উপরে মৃত্যুর আর কোন ক্ষমতা নেই”

VERB *kurieuō* এসেছে *kurios* টার্ম (অর্থাৎ, প্রভু) থেকে, যার অর্থ “মালিক”, “কর্তা”, “স্বামী” বা “প্রভু”, যীশু এখন মৃত্যুর উপরে প্রভু (প্রকা ১:১৮)। যীশু হলেন পুনরুত্থানের প্রথম ফল। আরও কিছু লোক আছেন

১. জীবিত স্বর্গে তুলে নেওয়া হয়েছে (অর্থাৎ, রূপান্তর, হনোক, এলিয়)

২. দৈহিক জীবনে বেঁচে উঠেছেন (অর্থাৎ, পুনর্জীবন প্রাপ্ত)

যীশুই একমাত্র ব্যক্তি যিনি পুনরুত্থিত হয়েছেন নতুন যুগের দেহ নিয়ে। যীশুই প্রথম মৃত্যুর শক্তিকে ভেঙ্গে ফেলেছেন (১ করি ১৫)!

৬:১০ “তাঁর যে মৃত্যু হয়েছে, তার দ্বারা তিনি পাপের সম্বন্ধে মরলেন” যীশু এক পাপময় জগতে বাস করেছিলেন যদিও তিনি নিজে কখনো পাপ করেন নাই, পাপময় জগত তাঁকে ক্রুশে দিয়েছিল (ইব্রীয় ১০:১০)। যীশু মানুষের পক্ষে বিকল্প মৃত্যু ব্যবস্থার দাবী ও তাদের উপরে যে ফল ছিল তাকে বাতিল করেছেন (গালা ৩:১৩; কল ২:১৩-১৪)।

□ “সকলের জন্য একবারই” এই প্রসঙ্গে পৌল যীশুর ক্রুশারোপনের উপরে জোর দিয়েছেন। তাঁর পাপের জন্য একবারের মৃত্যু তাঁর অনুসারীদের পাপে মৃত্যুর প্রতি প্রভাব ফেলেছে।

ইব্রীয় পুস্তকও জোর দিয়েছে যীশুর চূড়ান্ত ভাবে একবারে দত্ত উৎসর্গের মৃত্যুকে। এই একবারে কৃত পরিত্রাণ এবং ক্ষমা চিরকালের কার্য সাধন করেছে (“একবারই” [*ephapax*], ৭:২৭; ৯:১২; ১০:১০ পদ এবং “সকলের জন্য একবার” [*hapax*], ৬:৪; ৯:৭, ২৬, ২৭, ২৮; ১০:২; ১২:২৬, ২৭)। এটি বার বার বলা, সম্পাদিত, উৎসর্গের নিশ্চয়তা।

□ “কিন্তু তাঁর যে জীবন আছে, তার দ্বারা তিনি ঈশ্বরের সম্বন্ধে জীবিত আছেন” ১০^ক পদের দুটি AORISTS ১০^খ পদের দুটি PRESENT ACTIVE INDICATIVES সঙ্গে তুলনীয়। বিশ্বাসীরা খ্রীষ্টের সাথে মরেছেন; বিশ্বাসীরা খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের উদ্দেশ্যে জীবিত (গালা ২:১৯-২০)। সুসমাচারের লক্ষ্য কেবলমাত্র ক্ষমা নয় (ধার্মিক গণনা করা) কিন্তু ঈশ্বরের পরিচর্যা করা (পবিত্রকরণ)। বিশ্বাসীরা রক্ষা পেয়েছে পরিচর্যা করার জন্য!

৬:১১ “সেরকম তোমরাও নিজেদের পাপের সম্বন্ধে মৃত বলে গণ্য কর” এটি একটি PRESENT MIDDLE (deponent) IMPERATIVE। এটি বিশ্বাসীদের জন্য একটি চলমান, অভ্যাসগত আদেশ। খ্রীষ্টিয়ানদের খ্রীষ্টের উপরে জ্ঞান তাদের পক্ষে দৈনন্দিন জীবনে চূড়ান্ত কাজ করে। টার্ম “বিবেচনা” (৪:৪, ৯), একটি হিসাবের টার্ম যার অর্থ “যত্নসহকারে এর সঙ্গে যুক্ত এবং তারপর সেই জ্ঞানে কাজ করা। ১-১১ পদ খ্রীষ্টে একটি মর্যাদা (অবস্থানগত পবিত্রকরণ) স্বীকৃতি দেয়, অন্যদিকে ১২-১৩ পদ তাঁর সঙ্গে চলার উপরে জোর দেয় (অগ্রসরমান পবিত্রকরণ)। ৪ পদের বিশেষ বিষয় দেখুন।

□

NASB, NRSV,
TEV, NJB “যীশু খ্রীষ্ট”
NKJV “আমাদের প্রভু যীশু খ্রীষ্ট”

সংক্ষিপ্ত পাঠ ঘটছে MSS P⁴⁶, A, B, D, F, G তে। UBS⁴ একে দিয়েছে “A” rating (নির্দিষ্ট)। প্রসারিত শব্দগুচ্ছ হল প্রাথমিক (MSS P9⁴, ৪, C), কিন্তু ২৩ পদ থেকে কোন ক্রাইব দ্বারা সম্ভবত যুক্ত হয়েছিল। পাঠের পার্থক্যের ব্যাপক প্রাধান্যের মত, এটি টেক্সটে সামান্য অর্থগত পরিবর্তন এনেছে।

NASB (আপডেটেড) টেক্সট: ৬:১২-১৪

^{১২} সেজন্য পাপকে তোমাদের মরণশীল দেহে রাজত্ব করতে দিও না, দিলে তোমরা এর অভিলাষের বাধ্য হয়ে পড়বে। ^{১৩} আর নিজ নিজ অঙ্গপ্রত্যঙ্গ অধার্মিকতার অস্ত্র হিসাবে পাপের কাছে সমর্পিত কোর না; কিন্তু নিজেদের মৃতদের মধ্য থেকে জীবিত জেনে ঈশ্বরের কাছে সমর্পণ কর, এবং নিজ নিজ অঙ্গপ্রত্যঙ্গ ধার্মিকতার অস্ত্র হিসাবে ঈশ্বরের কাছে সমর্পণ কর। ^{১৪} পাপ তোমাদের উপরে আর কর্তৃত্ব করবে না; কারণ তোমরা ব্যবস্থার অধীন নও, কিন্তু অনুগ্রহের অধীন। (অনুবাদকৃত টেক্সট)।

৬:১২ “সেজন্য পাপকে তোমাদের মরণশীল দেহে রাজত্ব করতে দিও না” এটি NEGATIVE PARTICLE NEGATIVE PARTICLE এর সাথে একটি ACTIVE IMPERATIVE ACTIVE IMPERATIVE, যার সাধারণত অর্থ প্রক্রিয়াধীন থাকা কোন কাজকে বন্ধ করা। টার্ম “রাজত্ব” ৫:১৭-২১ এবং ৬:২৩ পদের সঙ্গে সম্পর্কযুক্ত। পৌল বেশ কিছু ধর্মতাত্ত্বিক ধারণাকে ব্যক্তিরূপ দিয়েছেন।

১. মৃত্যু রাজার মত রাজত্ব করেছে (৫:১৪, ১৭; ৬:২৩)
২. অনুগ্রহ রাজার মত রাজত্ব করেছে (৫:২১)
৩. পাপ রাজার মত রাজত্ব করেছে (৬:১২, ১৪)

আসল প্রশ্ন হল কে আপনার জীবনে রাজত্ব করছে? বিশ্বাসীদের খ্রীষ্টের ক্ষমতা রয়েছে মনোনয়ন করার! ব্যক্তির জন্য দুঃখজনক হল, স্থানীয় মডেলী এবং ঈশ্বরের রাজ্য যখন বিশ্বাসীরা মনোনয়ন করে আমিত্ব ও পাপকে, এমনকি তখনও অনুগ্রহ দাবী করে!

বিশেষ বিষয় দেখুন: ৫:১৭-১৮ পদের ঈশ্বরের রাজ্যে রাজত্ব।

৬:১৩ “নিজ নিজ অঙ্গপ্রত্যঙ্গ অধার্মিকতার অস্ত্র হিসাবে পাপের কাছে সমর্পিত কোর না” এটি NEGATIVE PARTICLE এর সাথে একটি PRESENT ACTIVE IMPERATIVE যার সাধারণত অর্থ প্রক্রিয়াধীন থাকা কোন কাজকে বন্ধ করা। এটি দেখায় বিশ্বাসীদের জীবনে অবিরত পাপের সম্ভাবনাকে (৭:১.; ১ যোহন ১:৮-২:১)। কিন্তু পাপের আবশ্যিকতা বিশ্বাসীদের খ্রীষ্টের সাথে নূতন সম্পর্কে দুরিভূত হয়েছে, ১-১১ পদ।

□ “অস্ত্র হিসাবে” এই টার্ম (*hoplon*) উল্লেখ করে “একজন সৈনিকের অস্ত্র” (১৩:১২; যোহন ১৮:৩; ২ করি ৬:৭; ১০:৪)। আমাদের দৈহিক দেহ প্রলোভনের জন্য একটি যুদ্ধ ক্ষেত্র (১২-১৩ পদ; ১২:১-২; ১ করি ৬:২০; ফিলি ১:২০)। আমাদের জীবন প্রকাশ্যে সুসমাচার প্রদর্শন করবে।

□ “নিজেদের ঈশ্বরের কাছে সমর্পণ কর” এটি একটি AORIST ACTIVE IMPERATIVE যেটি একটি আহবান গুরুত্ব পূর্ণ কাজের জন্য (১২:১)। বিশ্বাসীরা এটা করে বিশ্বাস দ্বারা পরিব্রাজ্যে, কিন্তু এটি তাদের সারা জীবন ধরেই অবশ্যই করে যেতে হবে।

এই পদের সমান্তরাল লক্ষ্য করুন।

১. একই VERB এবং উভয়ই IMPERATIVES
২. যুদ্ধ রূপক
 - ক. অধার্মিকতার অস্ত্র
 - খ. ধার্মিকতার অস্ত্র
৩. বিশ্বাসীরা তাদের দেহকে উৎসর্গ করতে পারে পাপের কাছে অথবা নিজেদেরকে ঈশ্বরের কাছে।

মনে রাখতে হবে, এই পদ বিশ্বাসীদের উল্লেখ করছে—মনোনয়ন অবিরত চলছে: যুদ্ধ অবিরত চলছে (৬:১২, ১৯; ১ করি ৬:১৮-১৯; ইফি ৬:১০-১৮)!

৬:১৪ পাপ তোমাদের উপরে আর কর্তৃত্ব করবে না” এটি একটি FUTURE ACTIVE INDICATIVE (গীত ১৯:১৩) কার্যকর ভাবে একটি IMPERATIVE, “পাপ তোমাদের উপরে প্রভুত্ব না করুক!” পাপ আর বিশ্বাসীদের উপরে প্রভু নয় কারণ এটি খ্রীষ্টের উপরে প্রভুত্ব করে না (৯ পদ; যোহন ১৬:৩৩)।

NASB (আপডেটেড) টেক্সট: ৬:১৫-১৯

^{১৫} তবে দাঁড়াল কি? আমরা ব্যবস্থার অধীন নই কিন্তু অনুগ্রহের অধীন এই জন্য কি পাপ করবো? এমন যেন কখনো না হয়! ^{১৬} তোমরা কি জান না যে আজ্ঞা পালনার্থে যার কাছে দাস হিসাবে নিজেদেরকে সমর্পণ কর, যার আজ্ঞা মান তোমরা তারই দাস, হয় মৃত্যুজনক পাপের দাস, নয় ধার্মিকতাজনক আজ্ঞা পালনের দাস? ^{১৭} কিন্তু ঈশ্বরের ধন্যবাদ হোক যে তোমরা পাপের দাস ছিলে বটে, কিন্তু হৃদয়ের সাথে শিক্ষার যে আদর্শে সমর্পিত হয়েছো সেই আদর্শের বাধ্য হয়েছো, ^{১৮} এবং পাপ থেকে মুক্ত হয়ে তোমরা ধার্মিকতার দাস হয়েছো। ^{১৯} তোমাদের মাংসের দুর্বলতার কারণে আমি মানুষের মত বলছি। কারণ তোমরা যেমন আগে অধর্মের জন্য নিজ নিজ অঙ্গপ্রত্যঙ্গ অশুচিতার ও অধর্মের কাছে দাস হিসাবে সমর্পণ করেছিলে, তেমনি এখন পবিত্রতার জন্য নিজ নিজ অঙ্গপ্রত্যঙ্গ ধার্মিকতার কাছে দাস হিসাবে সমর্পণ কর। (অনুবাদকৃত টেক্সট)।

৬:১৫ এটি ৬:১ পদের মত একই রকমের দ্বিতীয় ধরে নেওয়া প্রশ্ন (diatribe)। উভয় পাপের সঙ্গে খ্রীষ্টিয়ানদের সম্পর্কের বিষয়ে বিভিন্ন প্রশ্নের উত্তর দিয়েছে। ১ পদ অনুগ্রহের বিষয় নিয়ে আলোচনা করেছে কিন্তু তার ব্যবহার পাপ করার লাইসেন্স হিসাবে নয়, অন্যদিকে ১৫ পদ খ্রীষ্টিয়ানদের যুদ্ধ করার বিষয়ে আলোচনা করেছে, অথবা প্রতিরোধের বিষয়ে, ব্যক্তিগত পাপ কাজ করার বিষয়ে। তাছাড়া এই একই সময়ে বিশ্বাসীরা অবশ্যই ঈশ্বরের পরিচর্যা করবে একই রকমের ঐকান্তিকতা নিয়ে যে রকম আগ্রহ নিয়ে সে পূর্বে পাপের সেবা করতো (৬:১৪)।



NASB, NKJV,

TEV “আমরা কি পাপ করবো”

NRSV

“আমাদের কি পাপ করা উচিত”

NJB

“এইজন্য আমরা স্বাধীন ভাবে পাপ করবো”

Williams এবং Phillips অনুবাদ উভয়ই অনুবাদ করেছেন এই AORIST ACTIVE SUBJUNCTIVE একটি PRESENT ACTIVE SUBJUNCTIVE হিসাবে ১ পদের মত একই রকম। এটি সঠিক লক্ষ্য নয়। বিকল্প অনুবাদ লক্ষ্য করুন

১. KJV, ASV, NIV – “আমরা কি পাপ করবো?”

২. The Centenary Translation – “আমরা পাপ কাজে নিজেদের লিপ্ত রাখবো?”

৩. RSV – “আমরা কি পাপ করবো?”

গ্রীকে এই প্রশ্নটির উপরে জোর দেওয়া হয় এবং “হ্যাঁ” উত্তর প্রত্যাশা করা হয়। এটি ছিল পৌলের তীব্র সমালোচনা পদ্ধতি সত্যকে তুলে ধরার। এই পদ ভ্রান্ত ধর্মতত্ত্ব প্রকাশ করেছে! পৌল তার স্বভাব-সুলভ “এটা কখনো হতে পারে না” বৈশিষ্ট্যে উত্তর দিয়েছেন। পৌলের ঈশ্বরের বিনামূল্যে দত্ত অনুগ্রহের সুসমাচার ভুল বোঝা হয়েছিল এবং অনেক ভ্রান্ত শিক্ষকদের দ্বারা অপব্যবহার হচ্ছিল।

৬:১৬ এই প্রশ্ন ‘হ্যাঁ’ উত্তর আশা করছে। মানুষ কোন কিছুর বা কোন একজনের সেবা করছে। আপনার জীবনে কে রাজত্ব করছে, পাপ অথবা ঈশ্বর? যাকে মানুষ মান্য করে সেটা দেখায় যে সে কার সেবা করছে (গালা ৬:৭-৮)।

৬:১৭ “কিন্তু ঈশ্বরের ধন্যবাদ হোক” পৌল প্রায়ই ঈশ্বরের প্রশংসায় উল্লসিত হয়েছেন। তার লেখনীর প্রবাহ তার প্রার্থনা এবং তার প্রার্থনা তার সুসমাচারের জ্ঞান থেকে। বিশেষ বিষয় দেখুন: ৭:২৫ পদে পৌলের প্রার্থনা, প্রশংসা, এবং ঈশ্বরের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন।

□ “তোমরা ছিলে.....হয়েছে” এটি VERB, “to be এর একটি IMPERFECT TENSE, যেটি বর্ণনা করে তাদের অতীতের (পাপের দাস) অবস্থার কথা যার প্রেক্ষিতে এসেছে AORIST TENSE যেটি বলতে চেষ্টা করছে তাদের বিদ্রোহের অবস্থার অবসান ঘটেছে।

□ “হৃদয়ের সাথে সেই আদর্শের বাধ্য হয়েছে” এই প্রসঙ্গে, এটি উল্লেখ করছে তাদের বিশ্বাসের মাধ্যমে অনুগ্রহের দ্বারা ধার্মিকতার কথা, যেটি তাদের প্রতিদিন খ্রীষ্টের সাদৃশ্যতার দিকে পরিচালিত করছে। “শিক্ষা” এই টার্ম উল্লেখ করছে প্রেরিতিক শিক্ষা অথবা সুসমাচার।

□ “হৃদয়” বিশেষ বিষয় দেখুন: ১:২৪ পদে অন্তর।



NASB

“শিক্ষার যে আদর্শে সমর্পিত হয়েছে”

NKJV

“শিক্ষার যে আদর্শ যা তোমাদের কাছে সমর্পিত হয়েছে”

NRSV, NIV

“সেই শিক্ষা যার উপরে তোমরা নির্ভর করেছো”

TEV

“তোমরা সে শিক্ষা লভ্য করেছো সেই শিক্ষার সত্য যা পেয়েছো”

NJB

“সেই শিক্ষার আদর্শ যা তোমাদের কাছে সমর্পিত হয়েছে”

এই চিন্তা ১ করি ১৫:১ পদের সঙ্গে সমান্তরাল এবং উল্লেখ করেছে সুসমাচারের সত্য যা এই বিশ্বাসীরা শুনেছে এবং গ্রহণ করেছে। সুসমাচার হল

১. একজন ব্যক্তিকে স্বাগতম
২. সেই ব্যক্তির সম্পর্কে বিশ্বাস করার সত্য
৩. সেই ব্যক্তির জীবনের মত জীবন যাপন!

□ “আদর্শ” নিচের বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: আদর্শ (TUPOS)

সমস্যা হল *tupos* শব্দে, যার রয়েছে বহুবিশ ব্যবহার।

১. Moulton এবং Milligan, *The Vocabulary of the Greek New Testament*, p. 645

ক. নমুনা

খ. পরিকল্পনা

গ. গঠন অথবা লেখার পদ্ধতি

- ঘ. বিধান অথবা রাজাজ্ঞা
 ঙ. রায় অথবা সিদ্ধান্ত
 চ. মানবিক দেহের নমুনা আরোগ্যকারী দেবতার প্রতি মানত হিসাবে উৎসর্গ
 ছ. VERB ব্যবহৃত ব্যবস্থার আদেশ পালনে জোর করা এই অর্থে
২. Louw Ges Nida, *Greek-English Lexicon*, vol. 2, p. 249
 ক. চিহ্ন (শ্রেণিত ৭:৪৩)
 খ. প্রতিমূর্তি (শ্রেণিত ৭:৪৩)
 গ. নমুনা (ইব্রীয় ৮:৫)
 ঘ. উদাহরণ (১ করি ১০:৬; ফিলি ৩:১৭)
 ঙ. আসল নমুনা (রোমীয় ৫:১৪)
 চ. শ্রেণী (শ্রেণিত ২৩:২৫)
 ছ. পরিমাণ (শ্রেণিত ২৩:২৫)
৩. Harold K. Moulton, *The Analytical Greek Lexicon Revised*, p. 411
 ক. আঘাত, ছাপ দেওয়া, একটি চিহ্ন (যোহন ২০:২৫)
 খ. একটি বর্ণনা
 গ. একটি প্রতিমূর্তি (শ্রেণিত ৭:৪৩)
 ঘ. একটি নিয়ম, পরিকল্পনা (রোমীয় ৬:১৭)
 ঙ. গঠন, তাৎপর্য (শ্রেণিত ২৩:২৫)
 চ. একটি নমুনা, প্রতিরূপ (১ করি ১০:৬)
 ছ. একটি পূর্ব প্রত্যাশিত নমুনা, প্রকার (রোমীয় ৫:১৪; ১ করি ১০:১১)
 জ. একটি আদর্শ নমুনা (শ্রেণিত ৭:৪৪; ইব্রীয় ৮:৫)
 বা. একটি নৈতিক নমুনা (ফিলি ৩:১৭; ১ থিষ ১:৭; ২ থিষ ৩:৯; ১ তীম ৪:১২; ১ পিতর ৫:৩)

এই প্রসঙ্গে উপরের # ঝ মনে হয় সবচেয়ে উত্তম। সুসমাচারের রয়েছে মতবাদগত ও জীবন পদ্ধতিগত তাৎপর্য। খ্রীষ্টে বিনামূল্যে দত্ত পরিব্রাণ দাবী করে খ্রীষ্টের মত জীবন!

৬:১৮ “পাপ থেকে মুক্ত হয়ে” এটি একটি AORIST PASSIVE PARTICIPLE। খ্রীষ্টের কাজের মাধ্যমে সুসমাচার বিশ্বাসীদের মুক্ত করেছে আত্মার প্রতিনিধিত্ব থেকে। বিশ্বাসীরা মুক্ত হয়েছে পাপের শক্তি (ধার্মিকতা লাভ) এবং পাপের উৎপীড়ন (পবিত্রকরণ, ৭ এবং ২২ পদ) থেকে। একদিন তারা পাপের উপস্থিতি থেকে মুক্ত হবে (মহিমাম্বিত হওয়া, ৮:২৯-৩০)।

□ “তোমরা ধার্মিকতার দাস হয়েছো” এটি একটি AORIST PASSIVE INDICATIVE, “তোমরা ধার্মিকতার দাসত্ব লাভ করেছো”। ১:১৭ পদে বিশেষ বিষয় দেখুন। বিশ্বাসীরা ঈশ্বরের সেবা করার জন্য পাপ থেকে মুক্ত হয়েছে (১৪, ১৯, ২২ পদ: ৭:৪; ৮:২)! বিনামূল্যে দত্ত অনুগ্রহের লক্ষ্য হল ঈশ্বর ভক্তির জীবন। ধার্মিকতা লাভ হল বৈধ ঘোষণা এবং আরোপিত ব্যক্তিগত ধার্মিকতার জন্য। ঈশ্বর আমাদের রক্ষা ও পরিবর্তন করতে চান যেন আমরা অন্যদের কাছে পৌঁছাতে পারি! অনুগ্রহ একজন ব্যক্তির পরিব্রাণেই খেমে যায় না (মথি ২৮:১৮-২০; লূক ২৪:৪৭; শ্রেণিত ১:৮)।

৬:১৯ “তোমাদের মাংসের দুর্বলতা কারণে আমি মানুষের মত বলছি” পৌল রোমের বিশ্বাসীদের উদ্দেশ্য করে বলছেন। তিনি কি স্থানীয় মন্ডলীর সমস্যা সম্পর্কে বলছিলেন যা তিনি শুনেছিলেন (যিহুদী বিশ্বাসী ও অযিহুদী বিশ্বাসীদের মধ্যকার ঈর্ষা) অথবা তিনি কি সকল বিশ্বাসীদের সম্পর্কে একটি সত্য বলতে চেষ্টা করছিলেন? পৌল এর আগেও শব্দগুচ্ছ রোমীয় ৩:৫ পদে ব্যবহার করেছেন, যেমন তিনি গালা ৩:১৫ পদে করেছিলেন।

১৯ পদ ১৬ পদের সাথে সমান্তরাল। পৌল গুরুত্ব দেওয়ার জন্য তার ধর্মতাত্ত্বিক পয়েন্ট পুনরাবৃত্তি করেছেন।

কেউ কেউ হয়তো বলতে পারেন এই শব্দগুচ্ছ যা পৌল ব্যবহার করেছিলেন তা ছিল দাস রূপক ব্যবহারের জন্য দু:খ প্রকাশ। যাহোক, “কারণ তোমার মাংসের দুর্বলতা প্রযুক্ত” এই ব্যাখ্যায় খাপ খায় না। প্রথম শতকের সমাজে দাসত্ব মন্দতা হিসাবে দেখা হতো না, বিশেষ করে রোমে। এটা ছিল সে সময়ের শুধুমাত্র সংস্কৃতি। রোমীয় জগতের দুই তৃতীয়াংশ ছিল ক্রীতদাস।

□ “মাংস” বিশেষ বিষয় দেখুন ১:৩ পদে।

□ “পবিত্রকরণের ফল” এটি হল ধার্মিক গণনার লক্ষ্য (২২ পদ)। নূতন নিয়ম এই টার্মকে পরিব্রাণ সম্পর্কে দুটি ধর্মতাত্ত্বিক অর্থে ব্যবহার করেছে।

১. অবস্থানগত পবিত্রকরণ, যেটি ঈশ্বরের দান (উদ্দেশ্যমূলক দিক) পরিব্রাণে দেওয়া হয় ধার্মিকতার সঙ্গে খ্রীষ্টের বিশ্বাসের মাধ্যমে (শ্রেণিত ২৬:১৮; ১ করি ১:২; ৬:১১; ইফি ৫:২৬-২৭; ১ থিষ ৫:২৩; ২ থিষ ২:১৩; ইব্রীয় ১০:১০; ১৩:১২; ১ পিতর ১:২)
২. অগ্রসরমান পবিত্রকরণ যেটি আরও পবিত্র আত্মার মাধ্যমে ঈশ্বরের কাজ যার মধ্যে দিয়ে বিশ্বাসীদের জীবন রূপান্তর হবে খ্রীষ্টের প্রতিমূর্তি ও পরিপক্বতায় (বিষয়ভিত্তিক দিক, ২ করি ৭:১; ১ থিষ ৪:৩, ৭; ১ তীম ২:১৫; ২ তীম ২:২১; ইব্রীয় ১২:১০, ১৪)

বিশেষ বিষয় দেখুন: ৬:৪ পদে পবিত্রকরণ।

পবিত্রকরণ একটি দান ও একটি আদেশ উভয়ই! এটি একটি মর্বাদা (অবস্থান) এবং একটি কাজ (জীবন পদ্ধতি)! এটি একটি INDICATIVE (একটি বক্তব্য) এবং একটি IMPERATIVE (একটি আদেশ)! এটি এসেছে গুরুত্বে কিন্তু শেষ না আসা পর্যন্ত পরিপক্ব হয়নি (ফিলি ১:৬; ২:১২-১৩)।

NASB ব(আপডেটেড) টেক্সট: ৬:২০-২৩

^{২০} কারণ যখন তোমরা পাপের দাস ছিলে, তখন ধার্মিকতার সম্বন্ধে স্বাধীন ছিলে। ^{২১} সেজন্য যে সমস্ত বিষয়ে তোমাদের লজ্জা বোধ হয় সে সময়ে সেই সকল বিষয়ে তোমাদের কি ফল হতো? কারণ সেই সকলের পরিণাম মৃত্যু। ^{২২} কিন্তু এখন পাপ থেকে মুক্ত হয়ে এবং ঈশ্বরের দাস হয়ে তোমরা পবিত্রতার জন্য ফল পাচ্ছ, এবং তার পরিণাম অনন্ত জীবন। ^{২৩} কারণ পাপের বেতন মৃত্যু, কিন্তু ঈশ্বরের অনুগ্রহ-দান আমাদের প্রভু যীশু খ্রীষ্টে অনন্ত জীবন। (অনুবাদকৃত টেক্সট)।

৬:২০-২১ এটি সহজ ভাবে ১৮ ও ১৯ পদের বিপরিত বলা। বিশ্বাসীরা কেবল একজন প্রভুর সেবা করতে পারে (লুক ১৬:১৩)।

৬:২২-২৩ যাকে একজন সেবা করে তার দ্বারা মজুরী পরিশোধের বিষয়ে এই পদগুলি একটি যুক্তি-সঙ্গত অগ্রসরমানতা গঠন করেছে। ঈশ্বরকে ধন্যবাদ পাপ বিষয়ে এই আলোচনা এবং বিশ্বাসীদের প্রান্তে অনুগ্রহের দিকে লক্ষ্য! প্রথমত হল পরিত্রাণের দান আমাদের সহযোগিতার মাধ্যমে, এবং তারপর খ্রীষ্টিয় জীবনের দান, আমাদের সহযোগিতার মাধ্যমে। এই উভয়ই দানই লাভ করা যায় বিশ্বাস ও মন পরিবর্তনের মাধ্যমে।

৬:২২ “তোমরা পবিত্রতার জন্য ফল পাচ্ছ এবং তার পরিণাম অনন্ত জীবন” “উপকার” টার্ম আক্ষরিক ভাবে “ফল” ২১ পদে ব্যবহৃত হয়েছে পাপের ফল বলার জন্য, কিন্তু ২২ পদে এটি বলছে ঈশ্বরের সেবা করার ফলাফল। তাৎক্ষণিক উপকার হল বিশ্বাসীদের খ্রীষ্ট সাদৃশ্যতা। চূড়ান্ত উপকার হল তাঁর সঙ্গে থাকা এবং অনন্তকালীন রূপে তাঁর মত হওয়া (১ যোহন ৩:২)। যদি কোন তাৎক্ষণিক ফল (জীবন পরিবর্তন, যাকোব ২) না হয় তাহলে চূড়ান্ত ফলাফল হতে পারে বৈধতার প্রশ্ন (অনন্ত জীবন, মথি ৭)। “কোন ফল নেই কোন মূল নেই!”

৬:২৩ এটি হল সমগ্র অধ্যায়ের সারমর্ম। পৌল মনোনয়নকে একেছেন কারো এবং সাদা। মনোনয়ন আমাদের – পাপ ও মৃত্যু অথবা খ্রীষ্টের মাধ্যমে বিনামূল্যে দান এবং অনন্ত জীবন। এটি একই রকম পুরাতন নিয়মের প্রজ্ঞা সাহিত্যের “দুটি পথ” (দ্বি বি ৩০:১,১৭; গীত ১; হিতো ৪; ১০-১৯; মথি ৭:১৩-১৪)।

□ “পাপের বেতন” পাপকে ব্যক্তিত্বরূপে করা হয়েছে (১) একজন ক্রীতদাসের মালিক (২) একজন সামরিক জেনারেল, অথবা (৩) একজন রাজা যে বেতন দেয় সেই হিসাবে (৩:৯; ৫:২১; ৬:৯, ১৪, ১৭)।

□ “ঈশ্বরের অনুগ্রহ-দান অনন্ত জীবন” এই শব্দ, অনুবাদ করা হয়েছে “বিনামূল্যে দান” (*charisma*) অনুগ্রহের (*charis*, ৩:২৪; ৫:১৫, ১৬, ১৭; ইফি ২:৮-৯) জন্য মূল শব্দ থেকে। ৩:২৪ পদের নোট দেখুন।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর অর্থ আপনি আপনার নিজের বাইবেল অনুবাদের জন্য দায়িত্ববান। আমাদের প্রত্যেককে অবশ্যই যে আলো আমরা পেয়েছি সেই আলোতে চলতে হবে। আপনি, বাইবেল, এবং পবিত্র আত্মা হলেন অনুবাদের অগ্রণী। আপনি অবশ্যই ব্যাখ্যাকারকদের উপরে সব কিছু ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কিভাবে ভাল কাজ পরিত্রাণের সঙ্গে সম্পর্কযুক্ত (ইফি ২:৮-৯,১০)?
২. কিভাবে বিশ্বাসীদের জীবনে অবিরত করা পাপ পরিত্রাণের সঙ্গে সম্পর্কযুক্ত (১ যোহন ৩:৬,৯)?
৩. এই অধ্যায় কি “পাপহীন সিদ্ধতার” কথা শিক্ষা দিয়েছে?
৪. কিভাবে ৬ অধ্যায় ৫ ও ৭ অধ্যায়ের সঙ্গে সম্পর্কযুক্ত?
৫. কেন বাস্তব এখানে আলোচিত হয়েছে?
৬. খ্রীষ্টিয়ানেরা কি তাদের পুরাতন স্বভাবেই থাকবে? কেন?
৭. PRESENT TENSE এর এখানে মৌখিক ভাবে প্রাধান্য ১-১৪ পদের তাৎপর্য কি এবং ১৫-২৩ পদে AORIST TENSE VERBALS এর?

রোমীয় ৭

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
বিয়ে থেকে একটি উপমা	ব্যবস্থা থেকে মুক্ত	বিয়ে থেকে একটি উপমা	বিয়ে থেকে একটি উদাহরণ	ব্যবস্থার দাসত্ব থেকে খ্রীষ্টিয়ানেরা মুক্ত
৭:১-৬	৭:১-৬	৭:১-৩ ৭:৪-৬	৭:১-৬	৭:১-৬
পাপে থাকার সমস্যা	ব্যবস্থায় পাপের সুযোগ	ব্যবস্থা এবং পাপ	ব্যবস্থা এবং পাপ	ব্যবস্থার কার্যাবলী
৭:৭-১২	৭:৭-১২	৭:৭-১২	৭:৭-১১	৭:৭-৮ ৭:৯-১১
	ব্যবস্থা পাপ থেকে রক্ষা করতে পারে না		৭:১২-১৩	৭:১২-১৩
৭:১৩-২৫	৭:১৩-২৫	৭:১৩		
		আভ্যাস্তরীণ দ্বন্দ্ব	মানুষের মধ্যে দ্বন্দ্ব	আভ্যাস্তরীণ সমস্যা
		৭:১৪-২০	৭:১৪-২০	৭:১৪-২০
		৭: ২১-২৫ ^ক	৭:২১-২৫ ^ক	৭:২১-২৩
		৭: ৭:২৫ ^খ	৭:২৫ ^খ	৭:২৪-২৫ ^ক ৭:২৫ ^খ

পাঠ চক্র তিন(দেখুন পৃষ্ঠা p. viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১-৬পদের প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

ক. ৭ অধ্যায় অবশ্যই অনুবাদ হবে

১. ৬ অধ্যায়ের আলোকে, বিশেষ করে ১২-১৪ পদ (এছাড়াও ৩:২০, ২১-৩১; ৪:১৩-১৬; ৫:২০)
২. এটি আরও সম্পর্কযুক্ত হবে রোমের মন্ডলীতে বিশ্বাসী যিহুদী ও বিশ্বাসী পরজাতিদের মধ্যকার উত্তেজনার সঙ্গে, যেটি আমরা দেখেছি ৯-১১ অধ্যায়ে।

সমস্যার প্রকৃত প্রকৃতি অনিশ্চিত; এটা হতে পারে

- ক. মোশির ব্যবস্থার উপরে বৈধতার ভিত্তি,
 - খ. গোড়া যিহুদীরা গুরুত্ব দিত মোশি প্রথমে, পরে খ্রীষ্ট,
 - গ. কি ভাবে সুসমাচার যিহুদীর প্রতি প্রয়োগ হবে সে বিষয়ে ভুল বোঝাবুঝি,
 - ঘ. পুরাতন নিয়ম ও নূতন নিয়মের মধ্যকার সম্পর্ক নিয়ে ভুল বোঝাবুঝি।
 - ঙ. রোম সশাসনের আদেশের সময়ে মন্ডলীতে পরজাতিদের নেতৃত্বের পুনস্থাপনের ফলে বিশ্বাসী যিহুদী নেতৃত্বের ঈর্ষা, যেটি রোমে সকল যিহুদী ধর্মীয় অনুষ্ঠানকে বন্ধ করেছিল। অনেক যিহুদী বিশ্বাসী চলেও যেতে পারে
- খ. রোমীয় ৭:১-৬ পদ ধারাবাহিক ভাবে রোমীয় ৬ অধ্যায়ের প্রতিকি ভাষা ব্যবহার করেছে খ্রীষ্টিয়ানদের পুরাতন জীবনের সঙ্গে তার সম্পর্কের বিষয়ে। যে রূপক ব্যবহৃত হয়েছে
১. আর এক প্রভুর মৃত্যু এবং দাসত্ব থেকে মুক্তি (৬ অধ্যায়)
 ২. মৃত্যু এবং মুক্তি বিবাহের বাধ্যতা থেকে (৭ অধ্যায়)
- গ. ৬ এবং ৭ অধ্যায় সাহিত্যগত ভাবে সমান্তরাল; ৬ অধ্যায় আলোচনা করেছে বিশ্বাসীদের “পাপের” সঙ্গে সম্পর্ক এবং ৭ অধ্যায় আলোচনা করেছে “ব্যবস্থার” সঙ্গে বিশ্বাসীদের সম্পর্ক নিয়ে। মৃত্যুর তাৎপর্য দাসত্ব মুক্তি (৬:১২-২৩) এর সমান্তরাল মৃত্যু বিবাহ বন্ধনকে মুক্ত করে (৭:১-৬)।

৬ অধ্যায়	৭ অধ্যায়
৬:১ “পাপ”	৭:১ “ব্যবস্থা”
৬:২ “পাপে মৃত”	৭:২ “ব্যবস্থায় মৃত”
৬:৪ “যেন আমরা জীবনের নূতনতায় চলিতে পারি”	৭:৬ “যেন আমরা আত্মার নূতনতায় সেবা করিতে পারি”
৬:৭ “যে মরেছে সে পাপ থেকে মুক্ত হইয়াছি”	৭:৬ “আমরা ব্যবস্থা হইতে মুক্ত হইয়াছি কেননা যাহাতে আবদ্ধ ছিলাম তাহার সম্বন্ধে মরিয়াছি”
৬:১৮ “পাপ হইতে মুক্ত হইয়াছি”	৭:৩ “ব্যবস্থা হইতে মুক্ত হইয়াছি”

(Anders Nygren's এর *Commentary on Romans*, translated by Carl C. Rasmussen, p. 268 থেকে নেওয়া হয়েছে)

- ঘ. ব্যবস্থা ও এর অনুষ্ঠা সমূহ ছিল মৃত্যুদণ্ড। সকল মানুষই ব্যবস্থার অধীনে দোষি (রোমীয় ৬:১৪; ৭:৪; গালা ৩:১৩; ইফি ২:১৫; কল ২:১৪)। মোশির ব্যবস্থা হয়ে পড়েছিল একটি অভিশাপ!
- ঙ. ৭ অধ্যায় কিভাবে ব্যাখ্যা হবে সে বিষয়ে ৪টি প্রধান তত্ত্ব রয়েছে
১. পৌল তার নিজের সম্বন্ধে বলছেন (আত্মজীবনী মূলক)
 ২. পৌল সকল মানুষের প্রতিনিধি হিসাবে কথা বলছেন (প্রতিনিধিত্বমূলক, Chysostom)
 ৩. পৌল আদমের অভিজ্ঞতা থেকে কথা বলছিলেন (Theodore of Mopsuetia)
 ৪. পৌল ইস্রায়েলীয়দের অভিজ্ঞতা থেকে কথা বলছিলেন
- চ. অনেক দিক থেকে রোমীয় ৭ অধ্যায় আদি ৩ অধ্যায়ের মত কাজ করেছে। এটি দেখিয়েছে বিদ্রোহের নিঃশব্দমুখ গতি তাদেরও প্রতি যারা ঈশ্বরের নিজস্ব অধিকারের। জ্ঞান কখনোই পতিত মানবকে মুক্ত করতে পারে না; কেবলমাত্র ঈশ্বরের অনুগ্রহ, কেবলমাত্র একটি নূতন হৃদয়, একটি নূতন মন এবং এক নূতন আত্মা তা করতে পারে (নূতন নিয়ম, যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২৬-২৭)। এবং তারপরেও চলমান দ্বন্দ্ব রয়েছে যার (৬:১২, ১৯; ১ করি ৬:১০-১৯; ইফি ৬:১০-১৮)!

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ৭:১-৩

^১ অথবা ভাইয়েরা তোমরা কি জান না (কারণ যারা ব্যবস্থা জানে, আমি তাদেরকেই বলছি), মানুষ যতদিন জীবিত থাকে, তত দিন পর্যন্ত ব্যবস্থা

তার উপরে কর্তৃত্ব করে? ^১ কারণ যতদিন স্বামী জীবিত থাকে, তত দিন সখবা স্ত্রী ব্যবস্থা দ্বারা তার কাছে আবদ্ধ থাকে; কিন্তু স্বামী মারা গেলে সে স্বামীর ব্যবস্থা থেকে মুক্ত হয়। ^২ সুতরাং, যদি সে স্বামী জীবিত থাকতে অন্য পুরুষের হয়, তবে ব্যভিচারিণী বলে আখ্যাত হবে; কিন্তু স্বামী মারা গেলে সে ঐ ব্যবস্থা থেকে স্বাধীন হয়, অন্য স্বামীর হলেও ব্যভিচারিণী হবে না। (অনুবাদকৃত টেক্সট)।

৭:১ “কারণ যারা ব্যবস্থা জানে, আমি তাদেরকেই বলছি” এটি উল্লেখ করতে পারে

১. কেবলমাত্র বিশ্বাসী যিহুদী
২. রোমের মন্ডলীতে বিশ্বাসী যিহুদী ও পরজাতিদের মধ্যকার দ্বন্দ্ব
৩. সাধারণ অর্থে ব্যবস্থা সকল মানুষের সঙ্গে সম্পর্কিত (২:১৪-১৫)
৪. নূতন পরজাতি বিশ্বাসী যারা তাদের নূতন বিশ্বাস সম্পর্কে শিক্ষায় জড়িত ছিল (প্রশ্নোত্তরে ধর্মীয় শিক্ষা, ৬:১৭) পুরাতন নিয়ম থেকে।

□ “ব্যবস্থা” এটি হল এই অধ্যায়ের প্রধান চালিকা শক্তি (১, ২, ৪, ৫, ৬ পদ)। যাহোক, পৌল টার্মটি বিভিন্ন অর্থে ব্যবহার করেছেন (প্রাকৃতিক ব্যবস্থা; মোশির ব্যবস্থা; সামাজিক আদর্শ)। এটি মনে হয় যে পৌলের আলোচনা ৬:১৪ পদ দ্বারা চালিত হয়েছে। তার উপস্থাপনা ৬ অধ্যায়ের কাঠামোর সঙ্গে সমান্তরাল। দেখুন প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি গ। মোশির ব্যবস্থা এবং খ্রীষ্টে নূতন ব্যবস্থার সাথে এর সম্পর্ক আলোচিত হয়েছে ৩:২১-৩১ এবং ৪:১৩-১৬ পদে।

□

NASB “মানুষ যত দিন জীবিত থাকে, তত দিন পর্যন্ত ব্যবস্থা তার উপরে কর্তৃত্ব করে”

NKJV “মানুষ যত দিন জীবিত থাকে, তত দিন পর্যন্ত ব্যবস্থা তার উপরে প্রাধান্য বিস্তার করে”

NRSV “একজন মানুষকে ব্যবস্থা বন্দি করে রাখে তার সমগ্র জীবনকাল পর্যন্ত”

TEV “মানুষ যত দিন জীবিত থাকে ব্যবস্থা ততদিন তার উপরে শাসন করে”

NJB “মানুষের জীবনকালেই ব্যবস্থা তার উপরে কার্যকর থাকে”

সাহিত্যগত ভাবে এটি “এর উপরে প্রভু” (*kurieuō*, ৬:৯,১৪)। মোশির ব্যবস্থা এক মহা আশীর্বাদ (গীত ১৯; ১১৯), আবার এক ভয়ংকর অভিশাপ (গালা ৩:১৩; ইফি ২:১৫; কল ২:১৪)। দৈহিক মৃত্যুর সাথে ব্যবস্থা বাধ্যতা সমাপ্তি। এটি একই রকমের রূপক যা ব্যবহৃত হয়েছে ৬ অধ্যায়ে বিশ্বাসীদের পাপে মৃত্যুর বিষয়ে।

৭:২ “কারণ যতদিন স্বামী জীবিত থাকে” ১-৬ পদে এটি পৌলের সবচেয়ে বড় উদাহরণ। ৬ অধ্যায়ে তিনি মৃত্যুকে নিয়েছেন একজন মানুষের ক্রীতদাস হিসাবে বাধ্যতার সমাপ্তি হিসাবে। এখানে, বিবাহ এবং এর বাধ্যবাধকতা হল লক্ষ্য। উদাহরণটি উল্টা হিসাবে নিতে হবে কারণ স্বামী মারা গেছে তাই তার বিধবা স্ত্রী পুনরায় বিবাহ করতে পারে, সেমত পৌলের অন্তর্নিহিত তাৎপর্য ছিল যে বিশ্বাসীরা যারা মারা গেছে, এবং সেজন্য ঈশ্বরের উদ্দেশ্যে জীবিত।

□ “সে মুক্ত হয়” এই একই VERB যেমন আছে ৬:৬ পদে; এর অর্থ “অপ্রচলিত করা”, “অপ্রয়োজনীয় করা” অথবা “যাহা করা হইয়াছে”। ৬:৬ পদে, এটি ছিল AORIST PASSIVE এর মধ্যে, এখানে এটি AORIST PASSIVE, যার অর্থ “মুক্ত হয়েছে এবং মুক্ত অবস্থায় থাকবে”। বিশেষ বিষয় দেখুন ৩:৩ পদে।

৭:৩ “সে ব্যভিচারিণী বলে আখ্যাত হবে” এই মন্তব্য দ্বি বি ২৪:১-৪ পদ নিয়ে রাব্বীদের শিক্ষা Shammai এবং Hillel এর মধ্যকার যিহুদী বিতর্ক সম্পর্কযুক্ত; বিশেষ করে “কিছু অশিষ্টাচার”। Hillel শিক্ষকেরা ছিল উদারপন্থী দল যারা বিবাহ বিচ্ছেদ যে কোন কারণে অনুমোদন করতো। Shammai শিক্ষকেরা ছিল গোড়াপন্থী দল যারা বিবাহ বিচ্ছেদ অনুমোদন করতো কেবল মাত্র ব্যভিচারের দোষে বা অন্য কোন যৌন বিষয়ক মন্দতায় (মথি ৫:৩২; ১৯:৯)।

NASB (আপডেটেড) টেক্সট: ৭:৪-৬

^৪ সেজন্য, আমার ভাইয়েরা, খ্রীষ্টের দেহ দ্বারা ব্যবস্থার সম্বন্ধে তোমাদেরও মৃত্যু হয়েছে, যেন তোমরা অন্যের সাথে যুক্ত হও, যিনি মৃতদের মধ্য থেকে উত্থাপিত হয়েছেন তাঁরই হও, যেন আমরা ঈশ্বরের উদ্দেশ্যে ফল উৎপন্ন করি। ^৫ কারণ যখন আমরা মাংসের বশে ছিলাম, তখন ব্যবস্থার কারণে পাপ-বাসনাগুলি মৃত্যুর জন্য ফল উৎপন্ন করার জন্য আমাদের অঙ্গের মধ্যে কাজ করত। ^৬ কিন্তু এখন আমরা ব্যবস্থা থেকে মুক্ত হয়েছি; কারণ যাতে আবদ্ধ ছিলাম তার সম্বন্ধে মরেছি, যেন আমরা ব্যবস্থার প্রাচীনতায় নয়, কিন্তু আত্মার নূতনত্বে দাস্যকর্ম করি। (অনুবাদকৃত টেক্সট)।

৭:৪ “তোমাদেরও মৃত্যু হয়েছে” এটি হল এই প্যারাভ্রাফের প্রধান চালিকা শক্তি (এবং ৬ অধ্যায়)। এটি ৬ অধ্যায়ের উপমা পাপে খ্রীষ্টিয়ানেরা মৃত কারণ তারা খ্রীষ্টের সাথে (২ করি ৫:১৪-১৫; গালা ২:২০) “সহ-সমাধিচ্ছ” (৬:৪) এবং “সহ-ক্রুশোবিদ্ধ” (৬:৬)। বিশ্বাসীরা খ্রীষ্টে নূতন সৃষ্টি (দেখুন ৬:৪ পদের সম্পূর্ণ নোট), আত্মার এই নূতন যুগে (২ করি ৫:১৭)। বাস্তব পুরাতন যুগ ও পুরাতন মানুষ এবং নূতন যুগ, নূতন মানুষের মধ্যকার সীমারেখা।

□ “খ্রীষ্টের দেহ দ্বারা” এটি আসলে খ্রীষ্টের দেহ হিসাবে মণ্ডলীর (১ করি ১২:১২,২৭) ধর্মতাত্ত্বিক ধারণার উল্লেখ নয়, কিন্তু খ্রীষ্টের দৈহিক দেহ যেভাবে ৬:৩-১১ পদে উল্লেখিত হয়েছে সেখানে, যখন খ্রীষ্ট মরেছেন, বিশ্বাসীরা, চিহ্নিত হয়েছেন বাস্তবের মাধ্যমে তাঁর সঙ্গে তারাও মরেছেন। তাঁর মৃত্যু তাদেরও মৃত্যু ছিল (২ করি ৫:১৪-১৫; গালা ২:২০)। তাঁর পুনরুত্থিত জীবন তাদের স্বাধীন করেছে ঈশ্বর ও অন্যদের সেবা করণার্থে।

□ “যেন আমরা ঈশ্বরের উদ্দেশ্যে ফল উৎপন্ন করি” এটি ৬ অধ্যায়ের সঙ্গে সমান্তরাল বিশেষ করে ৬:২২ পদ। বিশ্বাসীরা এখন খ্রীষ্টের মাধ্যমে স্বাধীন হয়ে নিজেদেরকে খ্রীষ্টে আবদ্ধ করেছে। এটি ধারাবাহিক বিবাহের উপমা। যেমন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য মরলেন, এখন তাদেরও অবশ্যই পাপে মৃত হতে হবে (২

করি ৫:১৩-১৪; গালা ২:২০)। যেমন খ্রীষ্ট জীবিত হয়ে উঠেছেন, তারাও উঠবে, ঈশ্বরের (রোমীয় ৬:২২; ইফি ২:৫-৬) এবং একে অন্যের সেবার জন্য নতুন আত্মিক জীবনে উঠবে (১ যোহন ৩:১৬)।

৭:৫

NASB	“কারণ যখন আমরা মাংসের বশে ছিলাম”
NKJV	“কারণ যখন আমরা মাংসে ছিলাম”
NRSV	“যখন আমরা মাংসে বাস করতাম”
TEV	“কারণ যখন আমরা মানবিক স্বভাব অনুসারে চলতাম”
NJB	“আমাদের ধর্মান্তরের পূর্বে”

৪ পদের সঙ্গে এই পদ তুলনীয়। ৪ পদ বিশ্বাসীদের অভিজ্ঞতার সঙ্গে সম্পর্কযুক্ত, যেভাবে ৬ পদে করা হয়েছে। ৫ পদ বর্ণনা করেছে ঈশ্বরের শক্তি ছাড়া জীবনের “ফল” সম্পর্কে (গালা ৫:১৮-২৪)। ব্যবস্থা বিশ্বাসীদের তাদের পাপ দেখিয়ে দিত (৭-৯ পদ, গালা ৩:২৩-২৫), কিন্তু তাদের এটা জয় করার শক্তি দিতে পারতো না।

প্রসঙ্গের মধ্যে শব্দগুচ্ছ উল্লেখ করছে বিশ্বাসীদের পতন, পাপময় স্বভাব যা তারা পেয়েছে উত্তরাধিকার সূত্রে আদমের কাছ থেকে (৬:১৯)। পৌল এই টার্ম *sarx* ব্যবহার করেছেন দুটি উপায়ে (১) পাপ স্বভাব (পুরাতন মানুষ) (২) দৈহিক দেহ (১:৩; ৪:১; ৯:৩৫)। এখানে এটি নেতিবাচক, কিন্তু লক্ষ্য করুন রোমীয় ১:৩; ৪:১; ৯:৩,৫; গালা ২:২০ পদ। মাংস/দেহ (*sarx/soma*) ভিতরে এবং এটি নিজে মন্দ নয়, কিন্তু এটি, মনের মত (*nous*), যুদ্ধক্ষেত্র, এই যুগের মন্দ শক্তি এবং পবিত্র আত্মার সম্মুখাসম্মুখী দ্বন্দ্বের স্থান। পৌল এই টার্ম এমন একটি উপায়ে ব্যবহার করেছেন যার সঙ্গে সেপ্টুয়াজিন্টের সামঞ্জস্য রয়েছে, কিন্তু গ্রীক সাহিত্যের সঙ্গে নয়। বিশেষ বিষয় দেখুন: ১:৩ পদে মাংস (*sarx*)।

□ “যা ব্যবস্থার জন্য ফল উৎপন্ন করতো” বিদ্রোহী মানুষের স্বভাবের এই দিক, যেটি যে কোন বাধায় আগ্রাসীভাবে প্রতিক্রিয়া করতো, যা স্পষ্ট ভাবে দেখতে পাই আদি ৩ অধ্যায়ে এবং সকল মানুষের মধ্যে। ব্যবস্থা সীমারেখা নির্ণয় করেছে (৭-৮ পদ)। এই সীমারেখা ছিল মানুষের সুরক্ষার জন্য, কিন্তু মানুষ একে দেখেছে শৃংখল ও সীমাবদ্ধতা হিসাবে। এই পাপময়, স্বাধীন আত্মা পরিচালিত হতো ঈশ্বরের ব্যবস্থা দ্বারা। সীমাবদ্ধতা সমস্যা ছিল না (ব্যবস্থা, ১২-১৩ পদ), কিন্তু মানুষের স্বাধীনচেতা ভাব ও আত্ম-ইচ্ছা।

□ “মৃত্যুর জন্য ফল উৎপন্ন করার জন্য” কি নিদারুণ তুলনা করা হয়েছে এর মধ্যে

১. ৫ পদ- ঈশ্বরের জন্য ফল উৎপাদন
২. ৬ পদ- মৃত্যুর জন্য ফল উৎপাদন

বিশ্বাসীরা মৃত্যু, পাপ এবং ব্যবস্থায় মরেছে এবং এখন তারা জীবিত ঈশ্বরের রাজ্যের জন্য ফল উৎপাদনের জন্য! পৌল সাদা ও কালো রং করেছেন (অথবা উত্তম স্ববিরোধী শ্রেণীবিভাগ, ৮:২ পদের নোট দেখুন)। একজন ব্যক্তি এই দুটি দলের যে কোন একটি দলে- আদম অথবা যীশু (৫:১২-২১)। যারা যীশুতে তারা স্বাধীন, মুক্ত, এবং নতুন (গালা ২:১৯-২০)! এর মধ্যে গমনাগমন করুন! এর মধ্যে উত্তম সময় কাটান!

৭:৬ “কিন্তু এখন” Newman এবং Nida, *A Translator's Handbook on Paul's Letter to the Romans*, এখানে রয়েছে একটি চমৎকার মন্তব্য।

“এটা লক্ষ্য করা খুব গুরুত্বপূর্ণ, ৫ পদ ও ৬ পদের মধ্যকার সমান্তরাল, এবং এই একই সময়ে পরবর্তীতে যা আসছে তার সঙ্গে তাদের সম্পর্ক। ৫ পদ বর্ণনা করছে খ্রীষ্টিয়ান হবার আগের অভিজ্ঞতা, এবং এর সমান্তরাল রয়েছে ৭:৭-২৫ পদে; ৬ পদ বর্ণনা করছে ঈশ্বরের আত্মার নেতৃত্বে বিশ্বাসের বর্তমান জীবন, আর এর সমান্তরাল আছে ৮:১-১১ পদে”(p. 130)।

□ “আমরা মুক্ত হয়েছি” এটি একটি AORIST PASSIVE INDICATIVE। এটি একটি তুলনা ৫ পদের IMPERFECT MIDDLE INDICATIVE সঙ্গে। বিশ্বাসীরা অবিরত পাপে আবদ্ধ ছিল যেভাবে ব্যবস্থায় প্রকাশিত হয়েছে, কিন্তু এখন তারা সুসমাচারের সুখবরের মাধ্যমে আত্মার দ্বারা মুক্ত হয়েছে। এই একই শব্দ মহিলাদের জন্যও ব্যবহৃত হয়েছে যাদের স্বামী মারা গেছে ২ পদে।

□ “কারণ যাতে আবদ্ধ ছিলাম, তার সম্বন্ধে মরেছি” এটি একটি AORIST ACTIVE PARTICIPLE যার পরেই এসেছে IMPERFECT PASSIVE INDICATIVE। ঈশ্বর বিশ্বাসীদের স্বাধীন করেছেন খ্রীষ্টের মৃত্যুর মধ্যে দিয়ে

১. পুরাতন নিয়মের অভিশাপ থেকে
২. তাদের আভ্যন্তরীণ পাপময় আমিত্ব থেকে

তারা অবিরত ঈশ্বরীয় প্রকাশিত ইচ্ছার বিরুদ্ধে, পাপ স্বভাবে, ব্যক্তিগত পাপে, এবং অতিলৌকিক প্রলোভনে তাদের বিদ্রোহের দ্বারা আবদ্ধ (ইফি ২:২-৩)।

□ “প্রাচীনতায়.....নতনত্বে” এই নতুন আত্মিক উপায় মনে হয় উল্লেখ করছে নতুন নিয়মের বিষয় (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩২)। গ্রীক টার্ম “নতন” (*kainos - kainotēs*) পৌলের দ্বারা ব্যবহৃত হয়েছে

১. জীবনের নতনতায়, রোমীয় ৬:৪ (৬:৪ পদের সম্পূর্ণ নোট দেখুন)
২. আত্মার নতনতায়, রোমীয় ৭:৬
৩. নতন নিয়ম, ১ করি ১১:২; ২ করি ৩:৬
৪. নতন সৃষ্টি, ২ করি ৫:১৭; গালা ৬:১৫
৫. নতন মানুষ, ইফি ২:১৫; ৪:২৪

টার্ম “পুরাতন” মোশির ব্যবস্থার প্রতি প্রয়োগ হয়েছে এবং অর্থ “সম্পূর্ণ রূপে নষ্ট হওয়া”। পৌল পুরাতন নিয়ম ও নূতন নিয়মের তুলনা করেছেন, যেভাবে ইব্রীয় লেখক করেছেন (৮:৭ এবং ১৩ পদ)।



NASB, NKJV “যেন আত্মার নূতনত্বে দাস্যকর্ম করি”

NRSV “যেন আমরা পুরাতন লেখা নিয়মের দাস না থাকি কিন্তু আত্মার নূতন জীবনের”

TEV “কিন্তু আত্মার নূতন উপায়ে”

NJB “নূতন আত্মিক উপায়ে সেবার জন্য মুক্ত”

এটি সাহিত্যগত ভাবে “আত্মার নূতনীকরণ”। এটা অনিশ্চিত যে এখানে পূর্নজন্মপ্রাপ্ত মানবিক আত্মা না পবিত্র আত্মার বিষয়ে উল্লেখ করা হয়েছে। বেশির ভাগ ইংরাজি অনুবাদ বড় হাতের অক্ষরে এটি লিখেছে, যার অর্থ হল পবিত্র আত্মা, যিনি রোমীয় ৮ অধ্যায়ে (১৫ বার) প্রথম বারের মত দ্ব্যর্থব্যাঞ্জক ভাবে উল্লেখিত হয়েছেন। টার্ম “আত্মা” উল্লেখ করতে পারে মানুষের আত্মার পূর্নজন্ম এবং শক্তিশালী করণ সুসমাচার এবং আত্মা দ্বারা রোমীয় ১:৪,৯; ২:২৯; ৭:৬; ৮:১৫; ১১:৮; ১২:১১; ১ করি ২:১১; ৪:২১; ৫:৩, ৪, ৫; ৭:৩৪; ১৪:১৫, ১৬, ৩২; ১৬:১৮।

পৌলের লেখায় “মাংস” এবং “আত্মা” প্রায়ই চিন্তা ও জীবন যাপনের দুটি স্বতন্ত্র উপায়ে তুলনা করা হয়েছে (৭:১৪; ৮:৪; গালা ৩:৩; ৫:১৬, ১৭, ২৫; ৬:৮)। ঈশ্বরের ছাড়া দৈহিক জীবন “মাংস” (দেখুন বিশেষ বিষয় ১:৩ পদে), কিন্তু ঈশ্বরের সাথে জীবন হল “আত্মা” বা “পবিত্র আত্মা”। ভিতরে বাসকারী পবিত্র আত্মা (৮:৯, ১১) বিশ্বাসীদের খ্রীষ্টে নূতন সৃষ্টিক্রমে রূপান্তর করেন (অবস্থানগত ভাবে এবং অভিজ্ঞতা অনুসারে)।

প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি রোমীয় ৭:৭-২৫ পদের

ক. রোমীয় ৭:৭-২৫ পদ প্রকাশ করছে মানুষের বাস্তবতা। সকল মানব সত্তা, রক্ষা প্রাপ্ত ও হারিয়ে যাওয়া উভয়েই উদ্দিগ্নতার অভিজ্ঞতা লাভ করেছে তাদের জগতে ভাল এবং মন্দ, এবং তাদের হৃদয়ে ও মনে। শাস্ত্রের ব্যাখ্যার প্রশ্ন হল, “পৌল কিভাবে এই অংশের বোঝার উপায় ঠিক করেছিলেন?” এটি অবশ্যই প্রসঙ্গত সম্পর্কযুক্ত ১:১৮-৬:২৩ এবং ৮:১-৩৯ পদের সঙ্গে। কেউ কেউ একে দেখেন সকল মানুষের সত্তা হিসাবে এবং সেজন্য, পৌলের ব্যক্তিগত অভিজ্ঞতাকেও দেখেন একটি নমুনা হিসাবে। এই অনুবাদকে বলে “আত্মজীবনীমূলক তত্ত্ব”।

পৌল ১ করি ১৩:১-৩ পদে ব্যবহার করেছেন “আমি” কোন ব্যক্তিগত অর্থে নয়। এই অ-ব্যক্তিগত “আমি” ব্যবহার হতে পারে যিহূদী রাব্বীদের লেখনী থেকে। যদি এটা সত্য হয়, এই অংশ উল্লেখ করবে মানবজাতির ক্রান্তিকাল নির্দোষিতা থেকে পরিত্রাণের জন্য দোষী (৮ অধ্যায়) “প্রতিনিধিত্বমূলক তত্ত্ব” (অর্থাৎ, Jerome Biblical Commentary, p. 312)।

যাহোক, এই অংশকে দেখেছেন পতিত মানব স্বভাব নিয়ে বিশ্বাসীদের ক্রমাগত ভয়ংকর দ্বন্দ্ব (অর্থাৎ, Augustine, Thomas Aquinas, Martin Luther, John Calvin, Karl Barth)। ২৪ পদের হৃদয় থেকে উঠিত ক্রন্দন ভিতরের দ্বন্দ্বের প্রকাশ। AORIST এবং IMPERFECT VERB TENSES ৭-১৩ পদ নিয়ন্ত্রণ করছে, যখন PRESENT এবং PERFECT VERB TENSES ১৪-২৫ পদ নিয়ন্ত্রণ করছে। এটি মনে হয় ধার করা বিশ্বাস “আত্মজীবনীমূলক তত্ত্বের” যা পৌল বর্ণনা করছেন তার নিজের অভিজ্ঞতা নির্দোষিতা থেকে, দোষী, ধার্মিক গণিত হওয়া এবং দ্বন্দ্ব পূর্ণ পবিত্রকরণের অগ্রসরমান পথ (*autos egō*, “আমি নিজে”, ২৫ পদ)।

এটি সম্ভব যে তাদের উভয়েরই দৃষ্টিভঙ্গি সত্য। ৭-১৩ ও ২৫ পদে পৌল বলছেন আত্মজীবনীমূলক, অন্য দিকে ১৪-২৫ পদে তিনি বলছেন তার পাপের সম্বন্ধে আভ্যন্তরীণ দ্বন্দ্বের অভিজ্ঞতার বিষয়ে, সকল পরিত্রাণপ্রাপ্ত মানবতার প্রতিনিধি হিসাবে। যাহোক, এটা অবশ্যই মনে রাখতে হবে যে এই সমগ্র অংশকে দেখতে হবে পূর্নজন্মের পূর্বে একজন নিবেদিত যিহূদী ধার্মিক হিসাবে পৌলের পশ্চাৎপটের বিপরীত হিসাবে। পৌলের অভিজ্ঞতা একমাত্র তারই ছিল।

খ. ব্যবস্থা ভাল। এটা ঈশ্বরের কাছ থেকে এসেছে। এটা সেবা করে, এবং অবিরত সেবা করছে, একটি ঐশ্বরীক উদ্দেশ্যে (৭:৭, ১২, ১৪, ২২, ২৫; মথি ৫:১৭-১৯)। এটি শান্তি বা পরিত্রাণ আনতে পারে না (গালাতীয় ৩)। James Stewart তার বই *A Man in Christ*, -এ দেখিয়েছেন পৌলের স্ববিরোধী চিন্তা এবং লেখা:

“আপনি স্বাভাবিক ভাবেই আশা করবেন একটি লোক যে নিজেকে প্রতিষ্ঠা করেছে চিন্তা ও মতবাদের একটি পদ্ধতি গঠন করে সমাধান করতে যতটা সম্ভব কঠোর ভাবে টার্মের অর্থ করতে যেখানে সে নিয়োজিত। আপনি হয়তো তার কাছে আশা করবেন যথাযথ ভাবে তার প্রাধান্যকারী ধারণার শব্দ ও শব্দগুচ্ছ ব্যবহারের তত্ত্ব। আপনি চাইতে পারেন একটি শব্দ, একবার লেখা হয়েছে আপনার লেখকের দ্বারা একটি নির্দিষ্ট অর্থে যে অর্থ অবশ্যই সম্পূর্ণ অংশে বিস্তারিত হবে। কিন্তু পৌলের কাছ থেকে এটা দেখতে হতাশ হতে হয়েছে। তার বেশির ভাগ শব্দ ও শব্দগুচ্ছ ব্যবহারের তত্ত্ব তরল, কঠিন নয়।...ব্যবস্থা পবিত্র, তিনি লিখেছেন, “আমি ঈশ্বরের ব্যবস্থায় আনন্দিত আভ্যন্তরীণ মানুষের কাছে (রোমীয় ৭:১২-১৩) কিন্তু এটি স্পষ্টত *nomos* আর একটি দিক যা তাকে সর্বত্র বলতে সাহায্য করেছে, “খ্রীষ্ট আমাদের ব্যবস্থার অভিশাপ থেকে মুক্ত করেছেন (গালা ৩:১৩)” (p. 26)।

গ. লেখনীগত প্রমাণ এই প্রশ্ন নিয়ে আলোচনা করেছে, “পৌল ১৪-২৫ পদে কি রক্ষা প্রাপ্ত অথবা রক্ষা প্রাপ্ত নয় এমন ব্যক্তির বিষয়ে উল্লেখ করছেন?” যেভাবে এটি এসেছে

১. রক্ষা প্রাপ্ত নয় এমন ব্যক্তি

ক. এটি ছিল প্রাথমিক গ্রীক ভাষাভাষি মণ্ডলীর নেতাদের ব্যাখ্যা

খ. পরবর্তীতে উল্লেখিত শব্দগুচ্ছ সমূহ এই দৃষ্টিভঙ্গিকে সমর্থন করে

- (১) “আমি মাংসময়”, ১৪ পদ
- (২) “পাপের অধীনে বিক্রীত”, ১৪ পদ
- (৩) আমাতে উত্তম কিছুই বাস করে না”, ১৮ পদ
- (৪) “পাপের যে ব্যবস্থা আমার অঙ্গপ্রত্যঙ্গে আছে, আমাকে তাহার বন্দি দাস করে”, ২৩
- (৫) দুর্ভাগ্য মনুষ্য আমি! এই মৃত্যুর দেহ হইতে কে আমাকে নিস্তার করিবে?” ২৪ পদ

গ. নিকটস্থ ৬ অধ্যায়ের প্রসঙ্গ হল যে আমরা পাপের দাসত্ব থেকে মুক্ত। ৮ অধ্যায়ের প্রসঙ্গ শুরু হয়েছে “অতএব” দিয়ে।
ঘ. এই প্রসঙ্গের সমাপ্তির কাছাকাছি না আসা পর্যন্ত আত্মা বা খ্রীষ্টের উল্লেখ নেই (২৫ পদ)।

২. রক্ষা প্রাপ্ত ব্যক্তি

ক. এটি ব্যাখ্যা ছিল আগস্টিন, ক্যালভিন এবং সংস্কারবাদী ঐতিহ্যের

খ. পরবর্তী শব্দগুচ্ছ এই দৃষ্টিভঙ্গিকে সমর্থন করে

- (১) “আমরা জানি, ব্যবস্থা আত্মিক”, ১৪ পদ
- (২) “ব্যবস্থা যে উত্তম, ইহা স্বীকার করি”, ১৬ পদ
- (৩) “আমি যাহা ইচ্ছা করি, সেই উত্তম ক্রিয়া করি না”, ১৯ পদ
- (৪) “আন্তরিক মানুষের ভাব অনুসারে আমি ঈশ্বরের ব্যবস্থায় আমোদ করি”, ২২ পদ

গ. রোমীয় পুস্তকের বৃহৎ প্রসঙ্গ ৭ অধ্যায়ে স্থাপিত, এই অংশে পবিত্রকরণের বিষয়ে আলোচিত হয়েছে।

ঘ. স্পষ্টত verb tenses এর পরিবর্তন IMPERFECT থেকে এবং AORISTS ৭-১৩ পদে সুসামঞ্জস্যভাবে ব্যবহৃত হয়েছে PRESENT tense ১৪-২৪ পদে যেটি ইঙ্গিত করছে পৌলের জীবনের ভিন্ন এবং নূতন অংশ (অর্থাৎ ধর্মান্তর)।

ঘ. একজন বিশ্বাসী যতই খ্রীষ্ট সাদৃশ্যতার জন্য ক্ষুধিত থাকবে, ততই সে অভিজ্ঞতা লাভ করবে তার নিজের পাপময়তা। এই স্ববিরোধিতা ভালভাবে খাপ খায় এই প্রসঙ্গে এবং পৌলের ব্যক্তিত্বের সঙ্গে (এবং, এই বিষয়ের জন্য, বেশীর ভাগ বিশ্বাসী; বিপরীত দৃষ্টিভঙ্গির জন্য দেখুন Gordon Fee এর, *Paul, The Spirit, and the People of God*)।

Henry Twells এর লুথারেন সমবেত সঙ্গীতের একটি লাইন:

“এবং কেউ নাই, ও প্রভু, নিখুঁত শাস্ত্রনায়,
কেউই সম্পূর্ণ ভাবে পাপ থেকে মুক্ত নয়;
এবং তারা যারা দুর্বল তোমায় উত্তম সেবা করবে
তারা সচেতন তাদের মধ্যে সবচেয়ে বেশি দোষ আছে।”

আমি মনে করি পৌল তার অতীত ফরীশী মতের বিরুদ্ধে সংগ্রাম করছেন যেটি তাকে দিয়েছে তার “ব্যবস্থা” ও “পাপ/মৃত্যু” উপস্থাপনার একটি কাঠামো। যাহোক, আমি নিজেও পরিত্রাণের পরে প্রলোভন ও পাপের বিরুদ্ধে সংগ্রাম করেছি। এটি নিশ্চিত ভাবে আমার ব্যাখ্যার উপরে ছাপ ফেলেছে। আমি মনে করি, Gordon Fee এর *Paul, the Spirit and the People of God*, প্রতিনিধিত্ব করছে আর একটি বৈধ খ্রীষ্টীয় অভিজ্ঞতা এবং দিক। একটা বিষয় আমি জানি, উত্তেজনা বা দ্বন্দ্ব যার মধ্যে রয়েছে

১. পুরাতন যুগ-নূতন যুগ
২. পুরাতন মানুষ-নূতন মানুষ
৩. ব্যবস্থা-আত্মা

খ্রীষ্টে আলোচিত হয়েছে! বিজয় আমাদের। কখনোই ৬ ও ৮ অধ্যায় না দেখে ৭ অধ্যায় দেখবেন না। তাঁতে বিজয় আমাদেরই!

ঙ. Sun (রোমীয় ৮:৩২ পদে PREPOSITION) রোমীয় ৮ অধ্যায়ে সমন্বিত

১. ১৬ পদ- sun +সাক্ষী/সাক্ষ্য
২. ১৭ পদ- sun +উত্তরাধিকারী
৩. ১৭ পদ - sun +কষ্টভোগ
৪. ১৭ পদ- sun +গৌরাবান্বিত
৫. ২২ পদ- sun +আর্তনাদ
৬. ২২ পদ- sun +প্রসব যন্ত্রণা
৭. ২৬ পদ- sun +ধারণ করা
৮. ২৮ পদ- sun + কাজ করা/সহভাগিতা
৯. ২৯ পদ- sun +মানিয়া চলা

এই সমন্বয় উল্লেখ করে “যৌথ অংশগ্রহণ” বা “সহভাগিতা করা”।

NASB (আপডেটেড) টেক্সট: ৭:৭-১২

^১ তবে কি বলবো? ব্যবস্থা কি পাপ? এমন যেন কখনো না হয়! বরং পাপ কি, তা আমি জানতাম না, কেবল ব্যবস্থা দ্বারা জেনেছি; কারণ “লোভ কোর না,” এই কথা যদি ব্যবস্থা না বলতো তবে লোভ কি তা জানতাম না; ^২ কিন্তু পাপ, সুযোগ পেয়ে সেই আজ্ঞা দ্বারা, আমার হৃদয়ে সব রকমের লোভ উৎপন্ন করলো; কারণ ব্যবস্থা ছাড়া পাপ মৃত থাকে; ^৩ আর আমি এক সময়ে ব্যবস্থা ছাড়াই জীবিত ছিলাম; কিন্তু আজ্ঞা আসলে পাপ জীবিত হয়ে উঠলো আর আমি মরলাম; ^৪ এবং জীবনজনক যে আজ্ঞা, তা আমার মৃত্যুজনক বলে দেখা গেল। ^৫ কারণ পাপ, সুযোগ পেয়ে আজ্ঞা দ্বারা আমাকে প্রতারণা করলো ও তার দ্বারা আমাকে মেরে ফেললো। ^৬ তাই, ব্যবস্থা পবিত্র, এবং আজ্ঞা পবিত্র ও ন্যায্য ও উত্তম। (অনুবাদকৃত টেক্সট)।

৭:৭ “তবে কি বলবো” পৌল তার তীব্র সমালোচনা ব্যবহারে ফিরে এসেছেন (৬:১, ১৫; ৭:১, ১৩)।

□ “ব্যবস্থা কি পাপ” প্রত্যাদেশের একটি সত্যের ভিত্তি হল এই যে ঈশ্বর পবিত্রতা ও ব্যবস্থার মহত্ত্ব ব্যবহার করেছেন আয়না হিসাবে পাপ দেখাবার জন্য, যেন পতিত মানুষকে মন পরিবর্তন ও বিশ্বাসের স্থানে আনা যায় (১২-১৩ পদ; গালা ৩)। তাছাড়া বিস্ময়কর ভাবে ব্যবস্থা পবিত্রকরণের কাজ করে গিয়েছে কিন্তু ধার্মিকতা নয় (বিশেষ বিষয় দেখুন: ১৩:৯ পদে পৌলের মোশির ব্যবস্থার প্রতি দৃষ্টিভঙ্গি।

□ “এমন যেন কখনো না হয়” পৌলের বৈশিষ্ট্যমণ্ডিত প্রত্যাখ্যান ভ্রান্ত উক্তি (১৩ পদ; ৩:৪, ৬, ৩১; ৬:২, ১৫; ৯:১৪; ১১:১, ১১; গালা ২:১৭; ৩:২১)।

□ “অন্যদিকে” পৌলের রোমীয় পুস্তকে সাহিত্যের পদ্ধতি দৃঢ় তুলনা ব্যবহার করেছে তার পয়েন্ট প্রতিষ্ঠা করতে (৩:৪, ৬, ৩১; ৬:২, ১৫; ৭:১৩; ৯:১৪; ১১:১, ১১)।

□ “আমি” আপনার বাইবেলে চিহ্নিত করণ যে কতবার ব্যক্তিগত সর্বনাম “আমি”, “আমার”, অথবা “আমাকে” দেখা যায় ৭-২৫ পদের প্রসঙ্গে। এটি আপনাকে বিস্মিত করবে। এটা প্রায় ৪০ বারেও বেশিবার ব্যবহার করা হয়েছে।

□ “পাপ কি, তা আমি জানতাম না, কেবল ব্যবস্থা দ্বারা জেনেছি” এটি একটি মূল প্যাসেজ যেখানে প্রকাশিত হয়েছে মোশির ব্যবস্থার ধারণা যে ব্যবস্থা আয়নার মত কাজ করছে ব্যক্তিগত পাপ দেখাবার জন্য (৩:২০; ৪:৬৫; ৫:২০; গালা ৩:১৪-২৯, বিশেষ করে ২৪ পদ)। এবার ব্যবস্থার নিয়ম ভাঙ্গা ছিল নিয়ম ভাঙ্গার মতই, সেজন্য এর ফলাফলও বহন করতে হবে (১০ পদ এবং যাকোব ২:১০)!

□ “কেবল ব্যবস্থা দ্বারা” এটি একটি SECOND CLASS CONDITIONAL SENTENCE যাকে বলা হয় “সত্যের বিপরীত”। পৌল পাপের দোষে দোষী ছিলেন। রোমীয়তে এটি হল একমাত্র উদাহরণ ব্যাকরণগত বৈশিষ্ট্যের। পৌল যেভাবে এটি গালা ১:১০; ৩:২১ পদ সেই সাথে ১ করি ২:৮; ৫:১০; ১১:৩১; এবং ২ করি ১২:১১ পদে ব্যবহার করেছেন।

□ “তুমি লোভ কোর না” এটি একটি উদ্ধৃতি দশ আজ্ঞার শেষ আজ্ঞা (যাত্রা ২০:১৭; দ্বি বি ৫:২১)। এই শেষ আজ্ঞা দৃষ্টি দিয়েছে সঠিক মনোভাবের উপরে, যেটি প্রকৃত পক্ষে তাদের সকলের মূল বিষয় হবে (মথি ৫-৭)। ব্যবস্থাকে প্রায়ই “আজ্ঞাসমূহ” বলে উল্লেখ করা হয়েছে (৮, ৯, ১১, ১২, ১৩ পদ)।

টার্ম “লোভ” অর্থ “কারো হৃদয় স্থির করা” বা “দৃঢ় ভাবে আকাঙ্ক্ষা করা”। ঈশ্বর মানুষকে দিয়েছেন (হারানো এবং রক্ষা প্রাপ্ত) সৃষ্টির মধ্যে দিয়ে অনেক ভাল জিনিস, কিন্তু মানুষের প্রবৃত্তি হল ঈশ্বরের দানকে গ্রহণ করা ঈশ্বর দিতে বাধ্য সেই হিসাবে। “যে কোন মূল্যে আমার আরও আরও চাই” হয়ে পড়েছে তাদের আদর্শ! আমি তুমি হল ভয়ানক উৎপীড়ক! বিশেষ বিষয় দেখুন: ১৩:৮-৯ পদে যাত্রা ২০:১৭ পদের ব্যাখ্যা।

৭:৮

NASB, NKJV “সুযোগ গ্রহণ”

NRSV “সুযোগ গ্রহণ করা”

TEV “এর সুযোগ লাভ”

NJB “সুযোগ গ্রহণ করা”

এটি একটি সামরিক টার্ম যেটি ব্যবহৃত হয় স্থল সেনাদের দুর্গসদৃশ্য অবস্থা অথবা যুদ্ধ অভিযানের ভিত্তি হিসাবে (৮ এবং ১১ পদ)। এই প্রসঙ্গে এটি ব্যক্তিগত রূপ দেওয়া হয়েছে (৯, ১১ পদ)। পাপকে সামরিক নেতাদের দ্বারা সামরিক অভিযান হিসাবে বৈশিষ্ট্যমণ্ডিত করা হয়েছে (১১ এবং ১৭ পদ; ৬:১২, ১৪, ১৬)।

□ “ব্যবস্থা ব্যতিরেকে পাপ মৃত” পাপ হল ঈশ্বরের ইচ্ছার বিরুদ্ধে বিদ্রোহ (রোমীয় ৪:১৫; ৫:১৩; ১ করি ১৫:৫৬)। এই শব্দগুচ্ছে কোন ভাব নেই; একটি অবশ্যই সরবরাহ করতে হবে। যদি কেউ PRESENT TENSE সরবরাহ করে, এটি এই ইঙ্গিত দেয় যে এটি নীতিগত ভাবে সার্বজনীন। যদি কেউ AORIST TENSE সরবরাহ করে, তবে এটি বিশেষ করে পৌলের জীবন উল্লেখ করে।

৭:৯ “আমি এক সময় জীবিত ছিলাম” এটি উল্লেখ করতে পারে পৌল (১) নির্দোষীতার যুগের সময়ে একটি শিশু (*BarMitzvah* আগে) হিসাবে অথবা (২) তার হৃদয়ে সুসমাচারের সত্য প্রবেশের আগে একজন নিবেদিত ফরীশী হিসাবে (প্রেরিত ২৩:১; ফিলি ৩:৬; ২ তীম ১:৩)। প্রথমটি প্রতিনিধিত্ব করে ৭ অধ্যায়ের ব্যাখ্যার “আত্ম-জীবনীমূলক তত্ত্ব” এবং দ্বিতীয়টি ৭ অধ্যায়ের ব্যাখ্যার “প্রতিনিধিত্বমূলক তত্ত্ব”।

□ “আজ্ঞা আসলে পাপ জীবিত হয়ে উঠলো আর আমি মরলাম” মানুষের বিদ্রোহী আত্মা নিষেধাজ্ঞা দ্বারা সজীব হয়ে উঠেছিল। ঈশ্বরীয় ব্যবস্থায় “কোর না” পতিত মানবের আত্ম-পরিচালিত গর্বকে উৎসাহিত করেছিল (আদি ২:১৬-১৭; ৩:১-৬)। লক্ষ্য করণ কিভাবে পাপ অবিরত ব্যক্তিরূপ পেয়েছে, যেমন ৫:২১ এবং ৭:৮, ১১, ১৭, ১০ পদে দেখা যায়।

৭:১০ “জীবনজনক যে আজ্ঞা তা আমার মৃত্যুজনক বলে দেখা গেল” এটি সম্ভবত লেবীয় ১৮:৫; দ্বি বি ৪:১; অথবা সম্ভবত রোমীয় ২:১৩ পদের প্রতিজ্ঞার উল্লেখ। ব্যবস্থা প্রতিজ্ঞা করেছে যা এটি পূর্ণ করতে পারবে না, এর কারণ এই নয় যে তা পাপময়, কিন্তু মানুষ দুর্বল এবং বিদ্রোহাত্মক। ব্যবস্থা হয়েছে মৃত্যুজনক (গালা ৩:১৩; ইফি ২:১৫; কল ২:১৪)।

৭:১১ “আমাকে প্রভাষণ করলো ও তার দ্বারা আমাকে মেরে ফেললো” এটি AORIST ACTIVE INDICATIVE VERBS উভয়ই। এই টার্ম “প্রবঞ্চনা” অর্থে ব্যবহৃত হয়েছে সেপ্টুয়াজিন্টে (LXX) আদি ৩:১৩ পদে যখন হবাকে সাপ প্রবঞ্চনা করেছিল। পৌল এই VERB বেশ কয়েকবার ব্যবহার করেছেন (রোমীয় ১৬:১৮; ১ করি ৩:১৮; ২ করি ১১:৩; ২ থিথ ২:৩; ১ তীম ২:১৪)। আদম ও হবার সমস্যাও ছিল লোভ করা (২ করি ১১:৩; ১ তীম ২:১৪)। আদম ও হবার আত্মিক ভাবে মারা গিয়েছিল ঈশ্বরের আদেশের অব্যাহত হয়ে (এখন ব্যবস্থায় প্রকাশিত হয়েছে, ১ করি ১৫:৫৬), এবং এইরূপই পৌলের এবং সমগ্র মানবের প্রতি (১:১৮-৩:২০)।

৭:১২ ব্যবস্থার মহত্ত্ব সম্পর্কে এটি পৌলের নিশ্চয়তা। এটা সমস্যা নয়। যাহোক, পৌলের সমান্তরাল কাঠামো, ৬ অধ্যায়ে “পাপ” এবং ৭ অধ্যায়ে “ব্যবস্থা” ব্যবহার, অবশ্যই গোঁড়া যিহুদী বিশ্বাসীদের নিরাশ করেছে (১৪:১-১৫:১৩৪ পদের দুর্বলতা) রোমীয় মণ্ডলীতে।

NASB (আপডেটেড) টেক্সট: ৭:১৩

^{১৩} সেজন্য যা উত্তম তাই কি আমার মৃত্যুর কারণ হল? এমন যেন কখনো না হয়! বরং পাপই এই রকম হল, যেন ভাল কিছু দ্বারা আমার মৃত্যু সাধনে তা পাপ বলে প্রকাশ পায়, যেন আজ্ঞা দ্বারা পাপ অতি মাত্রায় বৃদ্ধিলাভ করে। (অনুবাদকৃত টেক্সট)।

৭:১৩

NASB “পাপই এই রকম হল.... পাপ বলে প্রকাশ পায়.....পাপ অতি মাত্রায় বৃদ্ধিলাভ করে”

NKJV “পাপ, যা পাপ বলে প্রকাশ পেল.....পাপ অতিমাত্রায় পাপময় হল”

NRSV “যা পাপ বলে প্রকাশ পেল...পাপময় যা পরিমাপ করা যায় না”

TEV “এই রকম হল যে এর পাপ হিসাবে সত্যিকার যেন প্রকাশ পেল”

NJB “পাপ, এর প্রকৃত স্বভাব নিয়ে প্রকাশ পায়...এর সকল পাপময় ক্ষমতায় প্রকাশিত হয়েছিল”

পাপের মন্দ প্রকৃতি স্পষ্ট দেখা গিয়েছে এই সত্যে যে এটা কোন কিছু গ্রহণ করেছে ভাল, স্বাস্থ্যকর এবং ঈশ্বর ভক্তি হিসাবে যেমন মোশির ব্যবস্থা (গীতা ১৯,১১৯) এবং একে মৃত্যু ও দোষারপের হাতিয়ারে জড়িয়ে নিয়েছে (ইফি ২:১৫; কল ২:১৪)। পতিত মানুষ ঈশ্বরের দেওয়া প্রতিটি উত্তম দানকে নিয়েছে ঈশ্বর দত্ত সীমারেখার উর্দে!

লক্ষ্য করুন দুটি *hina* (উদ্দেশ্য) বাক্যাংশ অনুবাদ হয়েছে “এইরূপ হইল যেন” এবং এইরূপ যে”। PREPOSITIONS ব্যাখ্যা করেছে লেখকের উদ্দেশ্যকে!

□ “অতিমাত্রায় পাপময়” বিশেষ বিষয় দেখুন: ১:৩০ পদে পৌলের *Huper* এর সমন্বয় ব্যবহার। পাপকে ব্যক্তিরূপ দান করা হয়েছে ব্যক্তিগত মন্দতার প্রকৃতি দেখাতে। বিশেষ বিষয় দেখুন: ১৬:২০ পদে ব্যক্তিগত মন্দতা।

NASB (আপডেটেড) টেক্সট: ৭:১৪-২০

^{১৪} কারণ আমরা জানি ব্যবস্থা আত্মিক, কিন্তু আমি মাংসময়, পাপের কাছে বিক্রীত। ^{১৫} কারণ আমি যা করি, তা বুঝি না; কারণ আমি যা ইচ্ছা করি তাই যে কাজে করি এমন নয়, কিন্তু যা ঘৃণা করি, তাই করি। ^{১৬} কিন্তু আমি যা ইচ্ছা করি না তাই করি, আমি ব্যবস্থার সাথে একমত, স্বীকার করি যে ব্যবস্থা উত্তম। ^{১৭} তাই এখন, সেই কাজ আর আমি করি না, আমার মধ্যে বাসকারী পাপ তা করে। ^{১৮} কারণ আমি জানি যে আমার মধ্যে, অর্থাৎ, আমার মাংসে ভাল কিছুই বাস করে না, আমার মধ্যে ইচ্ছা রয়েছে বটে, কিন্তু উত্তম কাজ করাটা নয়। ^{১৯} কারণ আমি যা ভাল ইচ্ছা করি, আমি তা করি না, কিন্তু মন্দ যা ইচ্ছা করি না কাজে তাই করি। ^{২০} উপরন্তু যা আমি ইচ্ছা করি না তাই যদি করি, তবে তা আর আমি সম্পন্ন করি না, কিন্তু আমার মধ্যে বাসকারী পাপ তা করে। (অনুবাদকৃত টেক্সট)।

৭:১৪ “ব্যবস্থা আত্মিক” ঈশ্বরের ব্যবস্থা উত্তম। এটি সমস্যা নয় (১২ এবং ১৬ পদ)।

□ “আমি মাংসময়” এই টার্ম পৌল ব্যবহার করেছেন (১) একটি নিরপেক্ষ অর্থে যা হল দৈহিক দেহ (১:৩; ২:২৮; ৪:১; ৯:৩, ৫); এবং (২) একটি নেতিবাচক অর্থে যা হল পতিত মানুষের আদমের স্বভাব (৫ পদ)। এটি অনিশ্চিত যে কোনটি এখানে উল্লেখিত হয়েছে।

□ “পাপের কাছে বিক্রীত” এটি একটি PERFECT PASSIVE PARTICIPLE যার অর্থ “আমি পাপে আছি এবং অবিরত পাপের অধীনে বিক্রীত।” পাপ আবার ব্যক্তিরূপ পেয়েছে, এখানে ক্রীতদাসের মালিক হিসাবে। PASSIVE VOICE এর প্রতিনিধি অনিশ্চিত। এটা শয়তানকে, পাপকে, পৌলকে বা ঈশ্বরকে উল্লেখ করতে পারে।

পুরাতন নিয়মে ঈশ্বরের জন্য বৃহৎ টার্ম মানুষকে আকর্ষিত করেছে তাঁর কাছে ফিরে যাবার তাহল “মুক্তিপণ” অথবা “পুনরুদ্ধার” (এবং তাদের সমরূপতা)। এর মূল অর্থ “আবার ক্রয় করা” (এবং এর সমরূপতা)। বিশেষ বিষয় দেখুন ৩:২৪ পদে)। বিপরীত ধারণার শব্দগুচ্ছ এখানে ব্যবহৃত হয়েছে, “পাপের হাতে বিক্রীত...” (বিচার ৪:২; ১০:৭; ১ শমু ১২:৯)।

৭:১৫-২৪ ঈশ্বরের সন্তানদের রয়েছে “ঐশ্বরীক প্রকৃতি” (২ পিতর ১:৪), কিন্তু আরও রয়েছে পতিত স্বভাব (গালা ৫:১৭)। সম্ভবত, পাপ অকার্যকর হয়েছে (রোমীয় ৬:৬), কিন্তু মানবিক অভিজ্ঞতা ৭ অধ্যায়ে অনুসৃত হয়েছে। যিহুদীরা বলে যে প্রতিটি মানুষের হৃদয়ে রয়েছে একটি সাদা ও একটি কালো কুকুর। যাকে বেশি খাওয়ানো হবে সেই বড় হয়ে দেখা দেবে।

যখন আমি প্যাসেজটি পাঠ করেছি আমি অভিজ্ঞতায় অনুভব করেছি পৌলের যন্ত্রণা যেভাবে তিনি বর্ণনা করেছেন আমাদের দুটি প্রকৃতির প্রতিদিনকার দ্বন্দ্বের কথা। বিশ্বাসীরা তাদের পতিত স্বভাব থেকে মুক্ত হয়েছে, কিন্তু, ঈশ্বর আমাদের সাহায্য করেছেন, তথাপি আমরা অবিরত এর প্রলোভনে প্রলুব্ধ হচ্ছি। এটি প্রায়ই বিস্ময়কর ভাবে সত্যি যে পরিব্রাজকের পরেই আত্মিক নিবিড় যুদ্ধ আরম্ভ হয়। পরিপক্বতা হল একটি চাপে পূর্ণ প্রতিদিনকার সহভাগিতা ত্রিভু ঈশ্বরের সাথে এবং মন্দের সাথে প্রতিদিনকার দ্বন্দ্ব (৮:১২-২৫, ২৬; গালা ৫:১৬-১৮; ইফি ৬:১০-১৮; কল ৩:৫-১০; দেখুন J. D. G. Dunn, *Jesus and the Spirit*)।

৭:১৬, ২০ “যদি” এই দুটিই FIRST CLASS CONDITIONAL SENTENCES, যাকে দেখা হয় লেখকের দিক থেকে সত্যি বলে অথবা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে।

৭:১৮ “আমি জানি যে আমার মধ্যে, অর্থাৎ আমার মাংসে ভাল কিছুই বাস করে না” পৌল এই কথা বলতে চেষ্টা করছেন না যে দৈহিক দেহ মন্দ, কিন্তু এটি হল পতিত স্বভাব ও ঈশ্বরের আত্মার মধ্যকার যুদ্ধ ক্ষেত্র। গ্রীকদের ধারণা ছিল যে দেহ, এর সঙ্গে সকল বস্তু, ছিল মন্দ। এটি উন্নয়ন করেছিল জ্ঞানবাদের দ্বৈত ভ্রান্ত মতবাদের (ইফিথীয়, কলসীয় এবং ১ যোহন)। গ্রীকদের প্রবণতা ছিল আত্মিক সমস্যায় “দৈহিক” বিষয়কে দোষারপ করার। পৌল এই ভাবে আত্মিক দ্বন্দ্বকে দেখেন নাই। তিনি পাপকে ব্যক্তিরূপ দিয়েছেন এবং মানুষের বিদ্রোহকে ব্যবহার করেছেন ঈশ্বরের ব্যবস্থার বিরোধী হিসাবে যেটি মন্দতাকে সুযোগ দিয়েছে মানুষের প্রকৃতিতে প্রবেশের। টার্ম “মাংস” পৌলের লেখায় অর্থ হতে পারে (১) দৈহিক দেহ যেটি নৈতিক ভাবে নিরপেক্ষ (১:৩; ২:২৮; ৪:১; ৯:৩, ৫) এবং (২) আদমের উত্তরাধিকারী হিসাবে পাওয়া পাপে পতিত প্রকৃতি (৫ পদ)। বিশেষ বিষয় দেখুন: ১:৩ পদে মাংস (*sarx*)।

৭:২০ “আমার মধ্যে বাসকারী পাপ” এটি বেশ মজার যে রোমীয় পুস্তক খুব স্পষ্ট ভাবে দেখিয়েছে মানুষের পাপ, কিন্তু এখানে শয়তানের কোন উল্লেখ নেই ১৬:২০ পদ পর্যন্ত। মানুষ কখনোই শয়তানকে তাদের পাপের জন্য দোষারপ করতে পারে না। আমাদের একটি মনোনয়ন রয়েছে। পাপকে ব্যক্তিরূপ দেওয়া হয়েছে রাজা, অত্যাচারী, ক্রীতদাসের মালিক হিসাবে। এটি আমাদের প্রলোভিত ও প্রলুব্ধ করে ঈশ্বরের কাছ থেকে স্বাধীন হবার, যে কোন মূল্যে আত্ম স্বীকৃতি। পৌলের পাপকে ব্যক্তিরূপ দান মানুষের মনোনয়নের সঙ্গে সংযুক্ত যা হল আদি ৪:৭ পদের প্রতিফলন।

পৌল “বাসকারী” টার্ম ব্যবহার করেছেন বেশ কয়েকবার এই অধ্যায়ে (১৭, ১৮, ২০ পদে)। পাপ স্বভাব পরিব্রাজণে ধংস হয় না বা দুরিভূত হয় না, কিন্তু এর সম্ভাবনাকে অকার্যকর করে। এর অবিরত ক্ষমতাহীনতা নির্ভর করে বাসকারী আত্মার সাথে আমাদের সহভাগিতায় (৮:৯, ১১)। ঈশ্বর বিশ্বাসীদের জন্য দরকারী সকল কিছু দিয়েছেন ব্যক্তিরূপী (আক্ষরিক) এবং ব্যক্তিগত (শয়তান এবং মন্দ আত্মা) মন্দতার বিরুদ্ধে যুদ্ধ করার জন্য। এটি হল পবিত্র আত্মার উপস্থিতি ও ক্ষমতা। যেমন আমরা পরিব্রাজণে ঈশ্বরের বিনামূল্যে দত্ত দান প্রত্যাশা করি, ঠিক সেভাবে, আমাদের অবশ্যই ঈশ্বর দত্ত পবিত্র আত্মার কার্যকর জিনিস গ্রহণ করতে হবে। পরিব্রাজণ এবং খ্রীষ্টিয় জীবন হল প্রতিদিনকার প্রক্রিয়া যার শুরু এবং শেষ বিশ্বাসীদের প্রতিদিনকার সিদ্ধান্তে। ঈশ্বর আমাদের যা কিছু দরকার তার সবই যুগিয়ে দিয়েছেন: পবিত্র আত্মা (রোমীয় ৮), আত্মিক অস্ত্রশস্ত্র (ইফি ৬:১১), প্রত্যাদেশ (ইফি ৬:১৭), এবং প্রার্থনা (ইফি ৬:১৮)।

যুদ্ধ ভয়ংকর (রোমীয় ৭), কিন্তু জয় হয়েছে (রোমীয় ৮)।

NASB (আপডেটেড) টেক্সট: ৭:২১-২৫

^{১৯} অতএব আমি এই নীতি দেখতে পাচ্ছি যে সৎকার্য করতে ইচ্ছা করলেও মন্দ আমার কাছে উপস্থিত হয়। ^{২০} কারণ আন্তরিক মানুষের ভাব অনুসারে আমি ঈশ্বরের ব্যবস্থায় আনন্দ করি। ^{২১} কিন্তু আমার অঙ্গপ্রত্যঙ্গে অন্য রকম এক ব্যবস্থা দেখতে পাচ্ছি, তা আমার মনের ব্যবস্থার বিরুদ্ধে যুদ্ধ করে এবং পাপের যে ব্যবস্থা আমার অঙ্গপ্রত্যঙ্গে আছে আমাকে তার বন্দি দাস করে। ^{২২} দুর্ভাগ্য মানুষ আমি! এই মৃত্যুর দেহ থেকে কে আমাকে নিস্তার করবে? ^{২৩} আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা আমি ঈশ্বরের ধন্যবাদ করি! যেন আমি নিজে মন দিয়ে ঈশ্বরের ব্যবস্থার দাসত্ব করি, কিন্তু মাংস দিয়ে পাপ ব্যবস্থার। (অনুবাদকৃত টেক্সট)।

৭:২২ “ঈশ্বরের ব্যবস্থা” যিহুদীদের জন্য এটি উল্লেখ ছিল মোশির ব্যবস্থার। অযিহুদীদের জন্য এটি উল্লেখ করেছিল

১. প্রকৃতির সাক্ষ্য (রোমীয় ১:১৯-২০; গীত ১৯:১-৬)
২. আভ্যন্তরীণ নৈতিক বিবেক (রোমীয় ২:১৪-১৫)
৩. সামাজিক আদর্শ বা প্রথা

□

এনএএসবি	“আন্তরিক মানুষ”
এনকেজেভি	“আন্তরিক মানুষ অনুসারে”
এনআরএসভি, এনজেবি	“আমার অভ্যন্তরের আমিহু”
টিইভি	“আমার আন্তরিক সত্তা”

পৌলের তুলনা বাহ্যিক মানুষ (দৈহিক) এর সাথে আন্তরিক মানুষে (আত্মিক) ২ করি ৪:১৬ পদে। এই প্রসঙ্গে শব্দগুচ্ছ উল্লেখ করছে পৌলের অংশ বা রক্ষা প্রাপ্ত মানবিকতা যা নিশ্চিত করেছে ঈশ্বরের ইচ্ছা ও ব্যবস্থাকে।

১. “ব্যবস্থা আত্মিক”, ৭:১৪
২. “আমি যা করতে চাই”, ৭:১৫
৩. “আমি ব্যবস্থার সাথে একমত, স্বীকার করছি যে ব্যবস্থা উত্তম”, ৭:১৬
৪. “ইচ্ছা আমার মধ্যে উপস্থিত রয়েছে”, ৭:১৮
৫. “ভাল যা আমি চাই”, ৭:১৯
৬. “আমি মন্দ ফল উৎপন্ন করি যা আমি চাই না”, ৭:১৯

৭. “আমি সেই সব কাজ করি যা আমি করতে চাই না”, ৭:২০
৮. “একজন যে ভাল কাজ করতে চায়”, ৭:২১
৯. “আমি ঈশ্বরের ব্যবস্থায় আমোদ করি”, ৭:২২
১০. “মনের ব্যবস্থা”, ৭:২৩
১১. “আমি নিজে মন দিয়া ঈশ্বরের ব্যবস্থার দাসত্ব করি”, ৭:২৫

৭ অধ্যায় দেখায় যে ঈশ্বরীয় জ্ঞান এবং তাঁর বাক্য যথেষ্ট নয়। বিশ্বাসীদের আত্মা দরকার (৮ অধ্যায়)!

৭:২৩ এখানে সত্যিকার তুলনা ৬:২; ৮:২ এবং ৭:২৩ পদের মধ্যে। এই পদ স্পষ্ট দেখায় যে পৌল ব্যবস্থা (*nomos*) ব্যবহার করছেন এটা উল্লেখ করতে (১) পাপের ব্যবস্থা (২১, ২৫ পদ) এবং (২) ঈশ্বরের ব্যবস্থা (২২, ২৫ পদ)। পূর্বে ৪, ৫, ৬, ৭, ৯ এবং ১২ পদে পৌল ব্যবহার করেছেন পুরাতন নিয়মের জন্য টার্ম। পৌল পদ্ধতিগত ধর্মতাত্ত্বিক ছিলেন না। তিনি “ব্যবস্থার” ধারণা নিয়ে সংগ্রাম করছিলেন। এক অর্থে এটি ছিল ঈশ্বরের প্রকাশ, মানুষের জন্য চমৎকার একটি দান, তথাপি অন্য অর্থে এটি ব্যাখ্যা করতো পাপ এবং স্পষ্টরূপে সীমারেখা স্থির করেছিল যা পতিত মানুষ রক্ষা করতে সমর্থ ছিল না। এই সীমারেখা কেবল মাত্র পুরাতন নিয়মের প্রকাশ ছিল না (গীত ১৯:৭-১৪; ১১৯), কিন্তু সকল নৈতিক নির্দেশনা: প্রাকৃতিক প্রকাশ (গীত ১৯:১-৬: রোমীয় ১:১৮-৩:৩১) অথবা সামাজিক প্রথা বা আদর্শ। মানুষ বিদ্রোহী যে সম্পূর্ণ ভাবে নিজের জীবনকে নিয়ন্ত্রণ করতে চায়!

৭:২৪ এটা কি হতে পারে যে একজন রক্ষা প্রাপ্ত ব্যক্তির মন্তব্য? কেউ কেউ বলেন না এবং, সেজন্য, এই অধ্যায় উল্লেখ করছে নৈতিক, ধর্মীয় কিন্তু পুনরুদ্ধার প্রাপ্ত নয় এমন ব্যক্তির। অন্যেরা বলেন হ্যাঁ, যেখানে এটি উল্লেখ করছে সুসমাচারের চাপ, “তারা ইতিমধ্যে এবং এখনও নয়” বিশ্বাসীদের জীবনে। শেষ কালীন পরিপূর্ণতা এখনও প্রকাশিত হয়নি। পরিপক্ব বিশ্বাসীরা মনে করেন এই ফাঁক সবচেয়ে সাংঘাতিক।

□

এনএএসবি	“এই মৃত্যুর দেহ”
এনকেজেভি, এনআরএসভি	“এই মৃত্যুর দেহ”
টিইভি	“এই দেহ যা আমাকে মৃত্যুর কাছে নিয়েছে”
এনজেবি	“এই দেহের পরিণতি মৃত্যু”

দৈহিক দেহ ও মন মন্দ নয় ভিতরে এবং নিজেদের মধ্যে। এগুলি ঈশ্বর দ্বারা সৃষ্ট এই গ্রহে জীবনের জন্য এবং তাঁর সঙ্গে সহভাগিতার জন্য। সেগুলির সৃষ্টি হয়েছে “খুব উত্তম” ভাবে (আদি ১:৩১)। কিন্তু আদি ৩ অধ্যায় মানুষ এবং এই গ্রহ পরিবর্তিত হয়েছে। এই রকম জগৎ হোক তা ঈশ্বরের উদ্দেশ্য ছিল না এবং আমরা সেরকম লোক হই যা ঈশ্বরের উদ্দেশ্য ছিল না। পাপ ইতিমধ্যে সৃষ্টিতে প্রভাব ফেলেছে। যা ভাল তা পাপ নিয়ে নিয়েছে এবং সেগুলিকে আত্ম-কেন্দ্রিকতার মন্দতায় জড়িয়েছে। দেহ ও মন হয়ে পড়েছে প্রলোভন ও পাপের যুদ্ধক্ষেত্র। পৌল সাংঘাতিক ভাবে এই যুদ্ধ অনুভব করতেন! তিনি নূতন যুগ, নূতন দেহ, ঈশ্বরের সঙ্গে সহভাগিতার আকাঙ্খী ছিলেন (৮:২৩)।

৭:২৫ এটি হল একটি সারাংশ এবং রোমীয় ৮ অধ্যায়ের উচ্চমার্গে রূপান্তর। যাহোক, ৮ অধ্যায়েও এই একই চাপ দেখা যায় ৫-১১ পদে।

অনুবাদকদের সমাধানের জন্য প্রশ্ন কাকে পৌল বলছেন?

১. নিজেকে এবং যিহূদী ধর্ম সম্পর্কে তার অভিজ্ঞতা
২. সকল খ্রীষ্টিয়ানদের প্রতি
৩. মানবিক সত্তার উদাহরণ হিসাবে আদমকে
৪. ইস্রায়েলীয় ও তাদের ব্যবস্থা সম্পর্কে জ্ঞান, কিন্তু এটি পালনে ব্যর্থতা।

ব্যক্তিগত ভাবে আমি সম্মত করেছি #১ (৭-১৩, ২৫ পদ) এবং #২ (১৪-২৫ পদ)। দেখুন প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি রোমীয় ৭:৭-২৫ পদ। ৭ অধ্যায়ের যন্ত্রণা এবং কষ্ট খাপ খেয়েছে এবং অতিক্রম করেছে ৮ অধ্যায়ের গৌরবের দ্বারা!

□ “ঈশ্বরের ধন্যবাদ করি” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: পৌলের প্রশংসা, প্রার্থনা এবং ঈশ্বরের প্রতি ধন্যবাদজ্ঞাপন

পৌল ছিলেন প্রশংসার মানুষ। তিনি পুরাতন নিয়ম জানতেন। গীতের প্রথম চারটি বিভাগের (অর্থাৎ, পুস্তকগুলি) প্রতিটির শেষ হয়েছে প্রশংসা দিয়ে (গীত ৪১:১৩; ৭২:১৯; ৮৯:৫২; ১০৬:৪৮)। তিনি ঈশ্বরের প্রশংসা ও আরাধনা করেছেন কয়েকটি ভিন্ন ভিন্ন উপায়ে।

১. তার পত্রের আরম্ভের প্যারাগ্রাফে
 - ক. প্রারম্ভিক শুভেচ্ছা ও আশীর্বাচন (রোমীয় ১:৭; ১ করি ১:৩; ২ করি ১:২)
 - খ. প্রারম্ভিক আশীর্বাচন (*eulogētos*, ২ করি ১:৩-৪; ইফি ১:৩-১৪)
২. সংক্ষিপ্ত প্রশংসার উল্লাস
 - ক. রোমীয় ১:২৫; ৯:৫
 - খ. ২ করি ১১:৩১
৩. প্রশংসা গীত (ব্যবহারের বৈশিষ্ট্য (১) *doxa* {অর্থাৎ গৌরব} এবং (২) “চিরকাল এবং চিরকালের জন্য”)
 - ক. রোমীয় ১১:৩৬; ১৬:২৫-২৭
 - খ. ইফি ৩:২০-২১

গ. ফিলি ৪:২০

ঘ. ১ তীম ১:১৭

ঙ. ২ তীম ৪:১৮

৪. ধন্যবাদজ্ঞাপন (অর্থাৎ, *eucharisteō*)

ক. পত্রের আরম্ভ (রোমীয় ১:৮; ১ করি ১:৪; ২ করি ১:১১; ইফি ১:১৬; ফিলি ১:৩; কল ১:৩, ১২; ১ থিষ ১:২; ২ থিষ ১:৩; ফিলিমন ৪ পদ; ১ তীম ১:১২; ২ তীম ১:৩)

খ. ধন্যবাদ দানের আহ্বান (ইফি ৫:৪,২০; ফিলি ৪:৬; কল ৩:১৫, ১৭; ৪:২; ১ থিষ ৫:১৮)

৫. সংক্ষিপ্ত ধন্যবাদের উল্লাস

ক. রোমীয় ৬:১৭; ৭:২৫

খ. ১ করি ১৫:৫৭

গ. ২ করি ২:১৪; ৮:১৬; ৯:১৫

ঘ. ১ থিষ ২:১৩

ঙ. ২ থিষ ২:১৩

৬. শেষ আশীর্বাদ

ক. রোমীয় ১৬:২০, ২৪(?)

খ. ১ করি ১৬:২৩-২৪

গ. ২ করি ১৩:১৪

ঘ. গালা ৬:১৮

ঙ. ইফি ৬:২৪

পৌল ধর্মতত্ত্বগত ভাবে এবং অভিজ্ঞতার ভিত্তিতে ত্রিভু ঈশ্বর সম্পর্কে জানতেন। তার লেখনী তিনি শুরু করেছেন প্রার্থনা এবং প্রশংসা দিয়ে। তার উপস্থাপনার মাঝখানে তিনি প্রশংসা ও ধন্যবাদ দানে উল্লাস করেছেন। তার পত্রের সমাপ্তিতে তিনি সব সময়ই মনে রেখেছেন প্রার্থনা, প্রশংসা ও ঈশ্বরের ধন্যবাদ দান। পৌলের লেখার শ্বাস প্রশ্বাস ছিল প্রার্থনা, প্রশংসা ও ধন্যবাদ জ্ঞাপন। তিনি ঈশ্বরকে জানতেন, তিনি তার নিজেকে জানতেন এবং তিনি সুসমাচার জানতেন।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. ৬ অধ্যায় কিভাবে ৭ অধ্যায়ের সঙ্গে সম্পর্কযুক্ত?
২. পুরাতন নিয়মের ব্যবস্থার সাথে নূতন নিয়মের বিশ্বাসীদের সম্পর্ক কি (২ করি ৩:১-১১; ইব্রীয় ৮:৭, ১৩)?
৩. ৬ ও ৭ অধ্যায়ে আমাদের পুরাতন জীবনের সাথে সম্পর্কযুক্ত কোন দুটি উদাহরণ পৌল ব্যবহার করেছেন?
৪. কিভাবে খ্রীষ্টিয়ানেরা মোশির ব্যবস্থার সঙ্গে সম্পর্কযুক্ত?
৫. আপনার নিজের ভাষায় ব্যাখ্যা করুন রোমীয় ৭:৭-২৫ পদ ব্যাখ্যায় আত্ম-জীবনীমূলক এবং প্রতিনিধিত্বমূলক তত্ত্বের মধ্যে পার্থক্য কি?
৬. রোমীয় ৭ অধ্যায় কি একজন হারান ব্যক্তি, একজন অপরিপক্ব বিশ্বাসী বা সকল বিশ্বাসীর বর্ণনা?

রোমীয় ৮

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
আত্মায় জীবন	বাসকারী পাপ থেকে স্বাধীন	ঈশ্বরের উদ্ধারকারী কাজ	আত্মায় জীবন	আত্মায় জীবন
৮:১-১১	৮:১-১১	৮:১-৪ মাংসে জীবন এবং আত্মায় জীবন ৮:৫-৮ ৮:৯-১১	৮:১-৮ ৮:৯-১১	৮:১-১১
৮:১২-১৭	৮:১২-১৭	৮:১২-১৭	৮:১২-১৭	৮:১২-১৩ ঈশ্বরের সন্তান ৮:১৪-১৭
গৌরব যাহা হবে	কষ্টভোগ থেকে গৌরব	পূর্ণতার আশা	ভবিষ্যৎ গৌরব	গৌরব যেমন আমাদের অদৃষ্ট
৮:১৮-২৫	৮:১৮-৩০	৮:১৮-২৫ মানবিক দুর্বলতা স্থায়ী	৮:১৮-২৫	৮:১৮-২৫
৮:২৬-৩০		৮:২৬-২৭	৮:২৬-২৭	৮:২৬-২৭ ঈশ্বর আমাদের আহ্বান করেছেন তাঁর গৌরবের ভাগী হতে
		৮:২৮-৩০	৮:২৮-৩০	৮:২৮-৩০
ঈশ্বরের ভালবাসা	ঈশ্বরের চিরস্থায়ী ভালবাসা	ঈশ্বরের ভালবাসায় আমাদের নির্ভরতা	যীশু খ্রীষ্টে ঈশ্বরের ভালবাসা	ঈশ্বরের ভালবাসা স্তোত্র
৮:৩১-৩৯	৮:৩১-৩৯	৮:৩১-৩৯	৮:৩১-৩৯	৮:৩১-৩৯

পাঠ চক্র তিন (দেখুন পৃষ্ঠা p. viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. ১৮ পদে পৌল যে যুক্তি উত্থাপন শুরু করেছিলেন এই অধ্যায়ে তা চূড়ান্ত পর্যায়ে পৌঁছেছে। এটি শুরু হয়েছিল “কোন দোষ নেই” (বৈধ অবস্থান) এবং শেষ হয়েছে “কোন পৃথকীকরণ নয়” (ব্যক্তিগত সহভাগিতা) দিয়ে। ধর্মতত্ত্বগত ভাবে, এটি পবিত্রকরণের মাধ্যমে ধার্মিক গণনা থেকে মহিমাম্বিত হওয়া পর্যন্ত এগিয়েছে (২৯-৩০ পদ)।
- খ. ঈশ্বর তাঁর আত্মা বিশ্বাসীদের দিয়েছেন সে বিষয়ে এটি হল পৌলের ধর্মতাত্ত্বিক উন্নয়ন (যোহন ১৪:১২-৩১; ১৬:৭-১৬ পদে যোহনের উপস্থাপনা)। ১৪ পদে আত্মা হল PASSIVE VERB এর প্রতিনিধি যা সুসমাচারের সঙ্গে সম্পর্কযুক্ত পতিত মানবের জীবনে সক্রিয় হয়েছে। আত্মা তাদের সঙ্গে থাকবেন এবং তাদের মধ্যে থাকবেন এবং তাদের মধ্যে খ্রীষ্টকে রূপ দিতে শুরু করবেন। ৮ অধ্যায় আত্মা *pneuma*, টার্মটি ব্যবহার করেছে, ২১ বারেরও বেশি, অন্য দিকে ৭ অধ্যায়ে এটি একেবারে দেখা যায় না (সেই সঙ্গে ৩-৬ অধ্যায়ে এবং ১-২ অধ্যায়ে এটি দেখা যায় কেবলমাত্র ৩ বার; তবে এটি নিশ্চিত হওয়া খুব কঠিন যে এখানে *pneuma* উল্লেখ করেছে মানুষের আত্মা অথবা পবিত্র আত্মাকে)।
- গ. জীবনে দুটি দিক (ব্যক্তিগত বিশ্বদর্শন), দুটি জীবন পদ্ধতি, দুটি প্রাধান্যতা, দুটি পথ (প্রশস্ত পথ ও সংকীর্ণ পথ) থাকে যা মানুষ অনুসরণ করে, এখানে মাংস অথবা আত্মা। একটি মৃত্যুর দিকে পরিচালিত করে; অন্যটি জীবনের দিকে। ঐতিহ্যগত ভাবে একে বলা হয় পুরাতন নিয়মের প্রজ্ঞা সাহিত্যে “দুটি পথ” (গীত ১ এবং হিতো ৪:১০-১৯)। অনন্তকালীন আত্মা, আত্মার জীবন, এ সবার রয়েছে দৃশ্যমান বৈশিষ্ট্য (অর্থাৎ, মাংসের পরে বনাম আত্মার পরে)।
লক্ষ্য করুন শয়তান স্পষ্টত: এই সমগ্র ধর্মতাত্ত্বিক প্রসঙ্গে (রোমীয় ১-৮) অনুপস্থিত। ১৬:২০ পদের আগে পর্যন্ত তার কোন উল্লেখ নেই। এটি হল পতিত মানবের আদমের স্বভাব যা ছিল মূল লক্ষ্য। এটি ছিল পৌলের মানুষের ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহের জন্য অতিলৌকিক প্রলোভনের অজুহাত (অর্থাৎ, “শয়তান আমাকে বাধ্য করেছে এটি করতে!”) গ্রাহ্য না করার উপায়। মানবই হল দায়িত্ববান!
- ঘ. এই অধ্যায়ের রূপরেখা করা খুব কঠিন কারণ চিন্তা বিন্যাস হয়েছে একত্রে অনেক সত্যের সুতা দিয়ে পুনরাবৃত্তির নমুনায়, কিন্তু সাহিত্যের একক ব্যাতিরেকে।
- ঙ. ১২-১৭ পদ বিশ্বাসীদের বিশ্বাসের নিশ্চয়তার আশ্বাস সম্বন্ধে জ্ঞাত করে
 ১. প্রথমটি হল আত্মার মাধ্যমে সম্পাদিত পরিবর্তিত বিশ্বদর্শন এবং জীবন পদ্ধতি।
 ২. দ্বিতীয়টি হল আমাদের ঈশ্বর ভয় পুনস্থাপিত হয়েছে আত্মার দ্বারা পারিবারিক ভালবাসার অর্থে।
 ৩. তৃতীয়টি হল আমাদের মধ্যে বাসকারী পবিত্র আত্মার দ্বারা আমাদের পুত্রত্ব বিষয়ে আভ্যন্তরীণ নিশ্চয়তা লাভ।
 ৪. চতুর্থটি হল এই নিশ্চয়তা এই পতিত জগতের সমস্যা ও দ্বন্দ্বের মাঝখানে আরও নিশ্চিত হয়েছে।
- চ. ৩১-৩৯ পদ হল একটি বিচারালয়ের দৃশ্য, এটি হল পুরাতন নিয়মের ভাববাদীদের প্রচলিত সাহিত্যের কৌশল। ঈশ্বর হলেন বিচারক; শয়তান হল অভিযোগকারী; যীশু হলেন পক্ষ সমর্থনকারী উকিল (paraclete); আর স্বর্গদূতেরা হলেন দর্শক; এবং বিশ্বাসী মানুষ শয়তানের দোষের অধীনে (অর্থাৎ, ইয়োব ১-২; সখরিয় ৩)।
 ১. বৈধ টার্ম
 - ক. আমাদের বিরুদ্ধে (৩১ পদ)
 - খ. এটি দোষারপ (৩৩ পদ)
 - গ. ন্যায্যতা প্রমাণ (৩৩ পদ)
 - ঘ. দোষারপ করা (৩৪ পদ)
 - ঙ. মধ্যস্থতা করা (৩৪ পদ)
 ২. নির্যাতন, “কে” (৩১, ৩৩, ৩৪ [তিনবার], ৩৫ পদ)
 ৩. খ্রীষ্টে ঈশ্বরের বন্দোবস্ত (৩২, ৩৪^৭ পদ)
 ৪. ঈশ্বরের কাছ থেকে আলাদা হওয়া নয়

- ক. জাগতিক পরিস্থিতি (৩৫ পদ)
খ. পুরাতন নিয়মের উদ্ধৃতি গীত ৪৪:২২ পদ থেকে (৩৬ পদ)
গ. বিজয় (৩৭, ৩৯ পদ)
ঘ. অতিলৌকিক পরিস্থিতি বা প্রতিনিধি (৩৭-৩৯ পদ)

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ৮:১-৮

^১ সেজন্য এখন যারা খ্রীষ্ট যীশুতে আছে তাদের প্রতি কোন দণ্ডাজ্ঞা নাই। ^২ কারণ খ্রীষ্ট যীশুতে জীবনের আত্মার যে ব্যবস্থা, তা তোমাকে পাপের ও মৃত্যুর ব্যবস্থা থেকে মুক্ত করেছে। ^৩ কারণ ব্যবস্থা যা করতে পারেনি মাংস দ্বারা দুর্বল হওয়াতে, ঈশ্বর তা করেছেন: নিজ পুত্রকে পাপময় মাংসের সাদৃশ্য এবং পাপার্থক বলি হিসাবে পাঠিয়ে, মাংসে পাপের দণ্ডাজ্ঞা করেছেন, ^৪ যেন ব্যবস্থার নিয়ম সমূহ আমাদের মধ্যে পূর্ণতা পায়, যারা মাংসের বশে নয় কিন্তু আত্মার বশে চলছে। ^৫ কারণ যারা মাংসের বশে আছে, তারা মাংসিক বিষয় ভাবে, কিন্তু যারা আত্মার বশে আছে, তারা আত্মার বিষয় ভাবে। ^৬ কারণ মাংসের ভাব মৃত্যু, কিন্তু আত্মার ভাব জীবন ও শান্তি। ^৭ যেহেতু মাংসের ভাব ঈশ্বরের প্রতি শত্রুতা; কারণ তা ঈশ্বরের ব্যবস্থায় বশীভূত হয় না, আর এটা এরকম হতে পারে না। ^৮ আর যারা মাংসের অধীনে থাকে, তারা ঈশ্বরকে সন্তুষ্ট করতে পারে না। (অনুবাদকৃত টেক্সট)।

৮:১

এনএএসবি “সেজন্য এখন”
এনকেজেভি, এনআরএসভি “সেই জন্য এখন”
টিইভি “সেখানে”
এনজেবি “কারণ, সেইজন্য”

এটি পিছনে আগের প্রসঙ্গের সঙ্গে সম্পর্কযুক্ত। কেউ কেউ একে দেখেন ৭:২৪-২৫ পদের সঙ্গে সম্পর্কযুক্ত কিন্তু এটা মনে হয় সবচেয়ে ভাল যে একে আরও পিছনে ৩:২১-৭:২৫ পদের দিকে নেওয়া।

□ “না” “না” হল গ্রীক বাক্যের প্রথম। এটি জোর দিয়ে বলা, “কোন দোষারপ নেই” যারা খ্রীষ্টে রয়েছে (১-৩ পদ), এবং যারা আত্মার ইচ্ছানুসারে গমনাগমন করেন (৪-১১ পদ)। এখানে নূতন নিয়মের উভয় দিক।

- এটি খ্রীষ্টের বিনামূল্যের দান
- এটি একটি জীবন পদ্ধতি, নিয়মভিত্তিক সাড়া প্রদান আবশ্যিক

ধার্মিক গণিত হওয়া (৫:১-১১) হল উদ্দেশ্যমূলক (INDICATIVE) এবং বিষয়ভিত্তিক (IMPERATIVE) উভয়ই। এই উভয়ই অবস্থাই একটি মর্যাদা ও জীবন পদ্ধতি।

□ “দণ্ডাজ্ঞা” এই টার্ম *katakrima* সেন্টুয়াজিন্টে তেমন একটা ব্যবহার হয়নি, কিন্তু এটি প্রতিফলিত করেছে দ্বি বি ২৭:২৬ পদের অবাধ্যতার অভিলাষ (দ্বি বি ২৭:২৬ উদ্ধৃত করা হয়েছে গালা ৩:১০ পদে যেখানে এটি “অভিশাপের” সমতুল্য)। এর অর্থ “বিচারের আদেশে শাস্তি।” এটি বৈধ, ধার্মিক গণিত হওয়ার বৈধ বিপরীত। পৌলের লেখায় এটি একটি দুর্লভ টার্ম (৫:১৬, ১৮) এবং নূতন নিয়ম ছাড়া আর কোথাও ব্যবহৃত হয়নি।

দোষারপের ধারণা প্রথম দেখা যায় যেখানে শয়তান ঈশ্বরের লোকদের নিয়ম ভঙ্গের ও পরবর্তীতে অ-ইশ্রায়েলীয় যেমন ইয়োবকে (ইয়োব ১-২) দোষারপ করতে। কিন্তু এখন বিশ্বাসীরা ব্যবস্থায় খ্রীষ্টের সাথে মরছে (রোমীয় ৬) এবং, সেই জন্য, ব্যবস্থা বা শয়তানের কোন ভিত্তি নেই দোষারপ করার।

King James Version ১ পদে যোগ করেছে “যে মাংসে নয় কিন্তু আত্মায় গমনাগমন করে”। এই শব্দগুচ্ছ অনেক প্রাচীন গ্রীক পাবুলিপি ১ পদে দেখা যায় না। UBS⁴ একে “A” rating (নির্দিষ্ট) বাদ দিয়েছে। এটি ৪ পদে দেখা যায় না। এটি সম্পূর্ণরূপে ধর্মভ্রগত ভাবে অনুপযুক্ত ১ পদে, কিন্তু সুন্দরভাবে খাপ খায় ৪ পদে। ১-৩ পদ আলোচনা করেছে অবস্থানগত পবিত্রকরণ (INDICATIVE), যেখানে ৪-১১ পদ আলোচনা করেছে অভিজ্ঞতালব্ধ পবিত্রকরণ (৬:৪ পদে বিশেষ বিষয় দেখুন) অথবা খ্রীষ্ট সাদৃশ্যতা (IMPERATIVE, ৮:২৯ পদের নোট দেখুন)। ২৮৯ পাতায় William R. Newell’s *Romans Verse by Verse*. (Moody, 1938). ফুটনোট লক্ষ্য করুন।

“The Revised Version সঠিকভাবে বাদ দিয়েছে “যে মাংসে নয় কিন্তু আত্মায় গমনাগমন করে”। যেহেতু কিং জেমস অনুবাদ, ৩০০ বছরেরও বেশি আগে, অনেক এবং সবচেয়ে ভাল, সবচেয়ে সঠিক, প্রাচীন গ্রীক পাবুলিপি যেটি আমাদের কাছে রয়েছে, পুনরুদ্ধার করা হয়েছে; এবং উৎসুক, ঈশ্বর ভক্ত লোক দৃঢ়ভাবে এগিয়ে গেছেন বিরক্তিকর ভাবে কিন্তু ভুল সংশোধনের ফলপ্রসূ কাজ যা কপি করণে অর্ন্তভুক্ত হয়েছে। কারণ, যেমন আমরা সকলে জানি, আমাদের কাছে শাস্ত্রের মূল পাবুলিপি নেই: ঈশ্বর সন্তুষ্ট হয়েছেন এগুলি মানুষের পুত্র হিসাবে পৌত্তলিকতার প্রবণতা সম্পন্ন সৃষ্টির কাছ থেকে ফিরিয়ে নিতে।

আমাদের অবশ্যই ১ পদ শেষ করতে হবে এই কথায়, “যীশু খ্রীষ্টেতে” চারটি কারণে (১) গ্রীক পাবুলিপির প্রমাণ খুব অভিজ্ঞতাকারী ১ পদ থেকে এই বাক্যাংশ “যে মাংসে নয় কিন্তু আত্মায় গমনাগমন করে” বাদ দেবার সমর্থনে, -যেমন প্রমাণ সার্বজনীন ভাবে এই শব্দগুলি ৪ পদে অর্ন্তভুক্ত, (২) আত্মিক বিচারও একমত, ১ পদে এই শব্দগুলির ভূমিকার জন্য আমাদের নিরাপদ নির্ভরতা আমাদের গমনাগমনে, ঈশ্বরের আত্মার উপরে নয়। কিন্তু সকলে যারা যীশু খ্রীষ্টে আছে তারা দোষারপ থেকে মুক্ত, যেভাবে এটি সহজভাবে শিক্ষা দিয়েছে সমগ্র প্রেরিতপত্রে। অন্যদিকে, আমাদের নিরাপত্তা আমাদের গমনাগমনে নির্ভর করে, এবং খ্রীষ্টে আমাদের অবস্থানের উপরে নয়। (৩) বাক্যাংশ সহজ সরল ভাবে ৪ পদের শেষে সঠিক স্থানে রয়েছে-যেখানে বিশ্বাসীদের গমনাগমনের উপায়, দোষারপ থেকে তারা নিরাপদ নয়, যা বর্ণনা করা হয়েছে। (৪) King James ভারশনে ১ পদের শেষে এই বাক্যাংশ হল একটি চাকচিক্যময় (কিছু কিছু অনুলিপি কারকেরা ক্ষুদ্র নোট দিয়েছে) দেখায়, কেবলমাত্র মহান uncial পাবুলিপি, Aleph, A, B, C, D, F, G; A, D (corr.) দ্বারা এটি বাদ দেওয়াতে নয়;

কিছু ভাল যুক্ত অক্ষর এবং প্রাচীন সংস্করণে (দেখুন Olshausen, Meyer, Alford, J. F. and B., এবং Darby's, চমৎকার আলোচনা তার *Synopsis, in loc* -য়ে); কিন্তু এটি আরও দেখা যায় একই রকমের এই চাকচিক্যময় সংযুক্তির মত যা করেছে বৈধ ভয়ের মাধ্যমে, যা অন্য প্যাসেজে পাওয়া যায়।

ঈশ্বর মনোনীত করেছেন তাঁর বাক্য অনুবাদের এবং এখনও কর্তৃত্বকারী যা দেখা যায় হিব্রু পুরাতন নিয়মের গ্রীক অনুবাদ, সেপ্টুয়াজিন্টে নূতন নিয়ম ব্যবহারে।

আমাদের সেই সব নিবেদিত প্রাণ লোকদের জন্য ঈশ্বরের ধন্যবাদ জানানো উচিত যারা তাদের সমগ্র জীবন ব্যয় করেছেন পাণ্ডুলিপি, যেটি ঈশ্বর আমাদের জন্য রেখেছেন তার নিবির অধ্যয়নে, এবং যারা আমাদের দিয়েছেন চমৎকার নিখুঁত অনুবাদ আজকে যা আমাদের কাছে রয়েছে। আমাদের অবশ্যই এই ধরণের পণ্ডিতদের স্বাতন্ত্র্যতা রক্ষা করতে হবে সম্পূর্ণ ভাবে এবং সব সময়ের জন্য আজকের উদ্ধৃত "Modernists" কাছ থেকে (অথবা, আগেকার দিনে, "উচ্চ সমালোচক"), যারা দায়িত্ব নিয়েছিলেন গভীর নন্দনায় ঈশ্বর কি বলেছেন তার অন্বেষণ করার চেয়ে বাইবেলে ঈশ্বরের কি বলা উচিত ছিল তা আমাদেরকে বলার" (p. 289)।

□ "যারা খ্রীষ্ট যীশুতে আছে" পৌলের এই বৈশিষ্ট্যময় শব্দগুচ্ছ (অর্থাৎ, একটি LOCATIVE OF SPHERE) অধুনিক অভিব্যক্তি "ব্যক্তিগত সম্পর্ক" এর সঙ্গে সম পর্যায়ের। পৌল জানতেন, ভালবাসতেন, সেবা করেছেন এবং আনন্দ করেছেন যীশুতে। সুসমাচার হল একটি বার্তা যা বিশ্বাস করতে হবে, এবং একজন ব্যক্তিকে স্বাগতম জানাতে হবে এই উভয়ই। বেঁচে থাকার শক্তি তাঁর জীবিত খ্রীষ্টের সঙ্গে সম্পর্ক, যার সঙ্গে তার দেখা হয়েছিল দমেশকের পথে (প্রেরিত ৯)। যীশুর সঙ্গে তার অভিজ্ঞতা এগিয়ে নিয়েছে তার যীশুর ধর্মতত্ত্বে। তার অভিজ্ঞতার বিষয় আশ্রমবাসী রহস্যময়তায় নয় কিন্তু আশ্রাসি প্রেরিত কাজের পরিচর্যা (মথি ২৮:১৮-২০; লুক ২৪:৪৭; প্রেরিত ১:৮)। তাঁকে জানা হল তাঁকে সেবা করা। পরিপক্ব খ্রীষ্টিয় তত্ত্ব একটি বার্তা, একজন ব্যক্তি, এবং একটি জীবন পদ্ধতি! (১:৫ পদের নোট দেখুন)।

৮:২ "জীবনের আত্মার যে ব্যবস্থাপাপের ও মৃত্যুর ব্যবস্থা" এটি উল্লেখ করতে পারে

১. পাপের ব্যবস্থা (রোমীয় ৭:১০, ২৩, ২৫) এবং ঈশ্বরের নূতন ব্যবস্থার (রোমীয় ৭:৬, ২২, ২৫) মধ্যে তুলনা
 ২. "ভালবাসার ব্যবস্থা" (যাকোব ১:২৫; ২:৮, ১২) বনাম "মোশির ব্যবস্থা" (৭:৬-১২)
 ৩. পুরাতন যুগ বনাম নূতন যুগ
 ৪. পুরাতন নিয়ম বনাম নূতন নিয়ম (যির ৩১:৩১-৩৪; নূতন নিয়মের ইব্রীয় পুস্তক)
- এই তুলনা পদ্ধতি অবিরত চলেছে।

১. খ্রীষ্টে আত্মিক জীবনের ব্যবস্থা বনাম মৃত্যু এবং পাপের ব্যবস্থা, ২ পদ
২. মাংস অনুসারে বনাম আত্মা অনুসারে, ৪ এবং ৫ পদ
৩. মাংসিক বিষয় বনাম আত্মার বিষয়, ৫ পদ
৪. মাংসিক বিষয়ে মনস্থির বনাম আত্মার বিষয়ে মনস্থির, ৫ পদ
৫. মাংসিক মনস্থির বনাম আত্মায় মনস্থির, ৬ পদ
৬. মাংসে বনাম আত্মায়, ৯ পদ
৭. দেহ মৃত বনাম আত্মা জীবিত, ১০ পদ
৮. তুমি অবশ্যই মরবে বনাম তুমি বাঁচবে, ১৩ পদ
৯. দাসত্বের আত্মা নয় বনাম দত্তকতার আত্মা, ১৫ পদ

NASB স্টাডি বাইবেল (p.1645) একটি মজার তালিকা করেছে রোমীয় পুস্তকে পৌলের টার্ম "ব্যবস্থা"-র ব্যবহারের।

১. একটি নিয়ন্ত্রণকারী শক্তি, ৮:২
২. ঈশ্বরের ব্যবস্থা, ২:১৭-২০; ৯:৩১; ১০:৩-৫
৩. পেন্টাটুক, ৩:২১*
৪. সমগ্র পুরাতন নিয়ম, ৩:১৯
৫. একটি নীতি, ৩:২৭

□

NASB, NRSV,

NJB "তোমাকে মুক্ত করেছে"

NKJV, TEV "আমাকে মুক্ত করেছে"

২-৩ পদ হল ৬ অধ্যায়ের ধর্মতাত্ত্বিক বার্তা। বেশ কয়েকটি ভিন্ন ভিন্ন PRONOUNS রয়েছে যেগুলি প্রাচীন গ্রীক টেক্সটে দেখা যায়

১. "আমাকে" A, D, K & P পাণ্ডুলিপিতে দেখা যায়
২. "তুমি" ৪, B, F & G দেখা যায়
৩. "আমাদের" uncial পাণ্ডুলিপিতে পরবর্তিতে দেখা যায়, Ψ

UBS⁴ সংগ্রহকারীরা দিয়েছে "তুমি"(SINGULAR) একটি "B" rating (প্রায় নির্দিষ্ট)। UBS³ একে দিয়েছে D" rating (মহা সমস্যা সংকুল)। পাণ্ডুলিপির ভিন্নতা "আমাদের" "তুমি" বা "আমাকে/আমরা" PRONOUNS সঙ্গে সম্পর্কযুক্ত যেগুলি পৌলের লেখনীতে বার বার এসেছে।

৮:৩ "ব্যবস্থা যা করতে পারে নাই" মোশির ব্যবস্থা ভাল এবং পবিত্র, কিন্তু মানবিকতা দুর্বল এবং পাপময় (৭:১২,১৬)। এখানে VERB সত্যিকারের ADJECTIVE *adunaton*, যার সাধারণত অর্থ "অসম্ভব" (মথি ১৯:২৬; ইব্রীয় ৬:৪, ১৮; ১০:৪; ১১:৬), কিন্তু এর অর্থ হতে পারে "সবলতাহীন" (প্রেরিত ১৪:৮; রোমীয় ১৫:১)। ব্যবস্থা অক্ষম ছিল মুক্ত করতে (গালা ৩:২১)। অন্যদিকে, এটি এনেছে দোষারপ, মৃত্যু ও অভিশাপ (গালা ৩)!

□ “যেমন ব্যবস্থা মাংস দ্বারা দুর্বল” এটি হল পৌলের ৭ অধ্যায়ের মূল যুক্তি। ঈশ্বরের ব্যবস্থা ভাল এবং পবিত্র, কিন্তু পাপময়, পতিত, বিদ্রোহাত্মক মানুষ এর দাবী দাওয়া পূরণ করতে পারে না। পৌল, রাব্বিদের মত নয়, আদি ৩ অধ্যায়ের ফলাফলের উপরে জোর দিয়েছেন। বেশির ভাগ রাব্বি আদি ৬ অধ্যায়কে জগতকে পাপে প্রলোভিত করার দায় বর্তান।

□ “ঈশ্বর তা করেছেন: নিজ পুত্রকে পাঠিয়েছেন” পুরাতন নিয়মের অধীনে পতিত মানুষ যা করতে পারে নাই, ঈশ্বর তা নূতন নিয়মের অধীনে করেছেন (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩৬) যীশুর মাধ্যমে (যিশা ৫৩; যোহন ৩:১৬)। বাহ্যিক আবশ্যিকতার পরিবর্তে ঈশ্বর আভ্যন্তরীণ আত্মা, এক নূতন হৃদয় দিলেন এবং এক নূতন মন দিলেন। নূতন নিয়মের ভিত্তি মন পরিবর্তন এবং খ্রীষ্টের সম্পাদিত কাজে বিশ্বাস, কোন মানুষের কাজের উপরে নয় (ইফি ২:৮-৯)। যাহোক, উভয় নিয়মই আশা করে ঈশ্বর ভক্তির এক নূতন জীবন পদ্ধতি (ইফি ১:৪; ২:১০)।

□ “পাপময় মাংসের সাদৃশ্য” এই একই সত্য বলা হয়েছে ফিলি ২:৭-৮ পদে। যীশুর সত্যিকারের মানবিক দেহ ছিল (কিন্তু কোন পাপ স্বভাব ছিল না, ফিলি ২:৭-৮; ইব্রীয় ৭:২৬)। তিনি সত্যিকার ভাবেই আমাদের মতই একজন। আমরা যেভাবে পাপে পতিত হই তিনিও ঠিক সেভাবে সব দিক থেকে প্রলোভনে পতিত হয়েছিলেন কিন্তু কোন পাপ করেন নাই (ইব্রীয় ৪:১৫)। তিনি আমাদের বোঝেন। তিনি আমাদের জন্য মধ্যস্থতা করেন (৮:৩৪; ইব্রীয় ৭:২৫; ৯:২৪)।

□ “পাপার্থক বলি হিসাবে” এই কাত করে লেখা শব্দ NJB -তে দেখা যায় এবং NRSV-র ফুটনোটে। এই একই ধারণা বর্ণিত হয়েছে ২ করি ৫:২১ এবং ১ পিতর ২:২৪ পদে। যীশু মরিতে আসিয়াছিলেন (যিশা ৫৩:৪-৬, ১০-১২; মার্ক ১০:৪৫)। যীশুর নিষ্পাপ (নির্দোষ) জীবন পাপার্থক উপহার হয়েছিল (যোহন ১:২৯) সকল মানুষের জন্য (ইব্রীয় ১০:৬,৮; ১৩:১১)।

□ “তিনি মাংসে পাপের দণ্ডাজ্ঞা করেছেন” যীশুর দৈহিক মৃত্যু মানুষের পাপ স্বভাবের সমস্যাকে গুরুত্ব দিয়েছে এবং এ বিষয়ে কাজ করেছে, তবে মানুষের ব্যক্তিগত পাপ কাজ নিয়ে নয় (যেভাবে মোশির ব্যবস্থা করেছে)। এটি ছিল তাঁর জীবন, মৃত্যু, পুনরুত্থান এবং স্বর্গারোহন যা সম্পাদিত করেছিল ঈশ্বরের অনন্তকালীন পুনরুদ্ধারের উদ্দেশ্যকে (প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; ১৩:২৯)। তিনি আমাদের আরও দেখিয়েছেন মানুষ কি হতে পারে এবং হওয়ার উচিত (যোহন ১৩:১৫; ১ পিতর ২:২১)।

৮:৪ এই পদ সম্ভবত নূতন নিয়মের কথা উল্লেখ করছে (যির ৩১:৩৩ এবং যিহি ৩৬:২৬-২৭)। এটি আমাদের পরিত্রাণের দুটি দিক নিয়ে আলোচনা করেছে।

১. যীশু পুরাতন নিয়মের আবশ্যিকতা সমূহ পূর্ণ করেছিলেন এবং তাঁর উপরে বিশ্বাসের মাধ্যমে এই ধার্মিকতা বিশ্বাসীদের উপরে স্থানান্তর হয় বিনামূল্যে দান হিসাবে নিজস্ব কোন যোগ্যতা ছাড়াই। আমরা একে বলি ধার্মিক গণনা করণ বা অবস্থানগত পবিত্রকরণ।
২. ঈশ্বর বিশ্বাসীদের একটি নূতন হৃদয়, নূতন মন, এবং একটি নূতন আত্মা দান করেন। আমরা এখন আত্মায় গমনাগমন করছি, মাংসে নয়। একে বলা হয় “অগ্রসরমান পবিত্রকরণ।”

খ্রীষ্ট ধর্ম হল একটি নূতন নিয়ম যার উভয় অধিকারই রয়েছে (পরিত্রাণের দান) এবং দায়িত্ব (খ্রীষ্ট সাদৃশ্যতা, ৬:১৩)।

Jerome Bible Commentary (p. 315) একটি চমৎকার ব্যাকরণগত মন্তব্য করেছে যে PRESENT PARTICIPLE plus the ME PARTICLE উল্লেখ করে একটি শর্তসাপেক্ষ মন্তব্য যেটি ইংগিত দেয় যে একটি কার্যকর খ্রীষ্টিয় জীবন বাস্তব থেকে স্বয়ংক্রিয় ভাবে প্রবাহিত হয় না। মানুষ হিসাবে আমাদের পরিত্রাণে একটি মনোনয়ন রয়েছে এবং খ্রীষ্টসাদৃশ্যতায়ও মনোনয়ন রয়েছে! আত্মা পরিচালিত করে ও উৎসাহ দেয় কিন্তু বাধ্য করতে জোর করে না!

□ “যারা মাংসের বশে নয়, কিন্তু আত্মার বশে চলছে” এই একই তুলনা আমরা পাই গালা ৫:১৬-২৫ পদে। একটি বিচারসিদ্ধ ধার্মিকতা জীবন পদ্ধতিগত ধার্মিকতার সহবর্তী হয়। নূতন ধর্মান্তরিতদের নূতন হৃদয় এবং মন আমাদের পরিত্রাণের উপরে ভিত্তি নয় কিন্তু ফলাফলের উপরে। অনন্ত জীবনের দৃশ্যমান বৈশিষ্ট্য রয়েছে (মথি ৭)!

৮:৫ পৌল ৫-৮ পদে তুলনা করেছেন “মাংসিক” জীবন ও “আত্মিক” জীবনের মধ্যে (“মাংসের কাজ”, গালা ৫:১৯-২১ পদের সঙ্গে “আত্মার ফল”, ৫:২২-২৫ পদের)। সম্পূর্ণ নোট দেখুন ৮:২ পদে।

৮:৬ “মাংসের ভাব” যিহুদীরা উপলব্ধি করতো যে চোখ ও মন হল প্রাণের জানলা। পাপ গুরু হয় চিন্তার জীবনে। আমরা সেরকম হয়ে পড়ি যা কিছু আমরা নিজেদের মধ্যে রাখি (রোমীয় ১২:১-২; ফিলি ৪:৮)!

পৌল রাব্বিদের ঐতিহ্যগত দৃষ্টিভঙ্গি মানবিকতার দুটি “সংকল্প” (yetzers) অনুসরণ করেন নাই। কারণ পৌলের উত্তম সংকল্প ছিল পতিত সৃষ্টিকে উপস্থাপন করা নয় কিন্তু ধর্মান্তর থেকে। পৌলের জন্য এটি ছিল বাসকারী পবিত্র আত্মা যার সূচনা হয়েছে আভ্যন্তরীণ আত্মিক দ্বন্দ্ব থেকে (যোহন ১৬:৭-৭-১৪)।

□ “জীবন” এটি (zoē) উল্লেখ করে অনন্ত জীবন, নূতন যুগের জীবন।

□ “শান্তি” এই টার্মের মূল অর্থ “যা ভেঙ্গে গিয়েছিল তা একসাথে বাধা” (যোহন ১৪:২৭; ১৬:৩৩; ফিলি ৪:৭)। বিশেষ বিষয় দেখুন: ৫:১ পদে শান্তি। নূতন নিয়ম তিনটি উপায়ে শান্তির কথা বলেছে:

১. ঈশ্বরের সঙ্গে আমাদের শান্তির উদ্দেশ্যমূলক সত্য খ্রীষ্টের মাধ্যমে (কল ১:২০)
২. ঈশ্বর সঙ্গে আমাদের সঠিক সম্পর্ক রক্ষার বিষয়ে আমাদের বিষয় ভিত্তিক অনভূতি (যোহন ১৪:২৭; ১৬:৩৩; ফিলি ৪:৭)

৩. ঈশ্বর আমাদের এক নূতন দেহে ঐক্যবদ্ধ করেছেন, খ্রীষ্টের মাধ্যমে, যিহূদী এবং পরজাতি উভয়কেই (ইফি ২:১৪-১৭; কল ৩:১৫)

৮:৭-১১ পৌল বর্ণনা করেছেন যে মানুষ ঈশ্বর থেকে আলাদা হয়েছে কয়েক ভাবে।

১. ঈশ্বর প্রতি বিরুদ্ধতা, ৭ পদ
২. ঈশ্বরের বশীভূত হয়নি, ৭ পদ
৩. ঈশ্বরকে খুশী করতে সক্ষম হয়নি, ৮ পদ
৪. আত্মিক ভাবে মৃত যার ফলাফল হল অনন্তকালীন মৃত্যু, ১০-১১ পদ

রোমীয় ৫:৬,৮ এবং ১০ পদের সমান্তরাল দেখুন।

৮:৭

NASB, NRSV “মাংসের ভাব ঈশ্বরের প্রতি শত্রুতা”

NKJV “ইন্দ্রিয়াসক্ত মন হল ঈশ্বরের বিরুদ্ধে শত্রুতা”

TEV “লোকেরা ঈশ্বরের শত্রুতে পরিণত হয়েছে”

NJB “বাহ্যিক দৃশ্যমান বিশৃঙ্খল মানবিক স্বভাব ঈশ্বরের বিপক্ষতা”

লক্ষ্য করুন যে এই শব্দগুচ্ছ সমান্তরাল “মাংসিক ভাব মৃত্যু” ৬ পদের এবং “যারা মাংসের ভাব অনুসারে চলে” ৫ পদের। লক্ষ্য করুন, পতিত মানবের স্বভাব উভয়ই মনের ভাব (বিশ্বদর্শন) এবং জীবন পদ্ধতি (৭:৫)। বিশেষ বিষয় দেখুন: ১:৩ পদে মাংস (*sarx*)।

□ “কারণ তা করতে সক্ষম হয়না” পতিত মানুষ কেবলমাত্র ঈশ্বরকে অনুসরণ না করাটাই বেছে নেয়নি, তারা ঈশ্বরকে অনুসরণ করতে অক্ষম হয় পড়েছে। পতিত মানব, পবিত্র আত্মার সাহায্য ছাড়া, আত্মিক বিষয়ে সাড়া প্রদান করতে পারে না (যিশা ৫৩:৬; ১ পিতর ২:২৪-২৫)। ঈশ্বর অবশ্যই সব সময় অগ্রণী ভূমিকা পালন করেন (যোহন ৬:৪৪,৬৫)। এটি কখনোই নিয়মের মনোনয়নকে বাদ দেয় না, কিন্তু এটি স্পষ্ট ভাবে চেষ্টা করে যে মানব যেন সাড়া প্রদান করায়, সূচনাকারী নয়।

৮:৮ “যারা মাংসের অধীনে থাকে” পৌল এই শব্দগুচ্ছকে দুই ভাবে ব্যবহার করেছেন।

১. দৈহিক দেহ (রোমীয় ১:৩; ২:২৮; ৪:১; ৯:৩, ৫)
২. মানবিক চেষ্টা ঈশ্বর থেকে দুরে থাকা (রোমীয় ৭:৫; ৮:৪-৫)

এখানে এটি #২। এটি উল্লেখ করছে বিদ্রোহাত্মক, অবিশ্বাসী মানবকে। বিশেষ বিষয় দেখুন: ১:৩ পদে মাংস (*sarx*)।

NASB (আপডেটেড) টেক্সট: ৮: ৯-১১

^৯ যাহোক, তোমরা মাংসের অধীন নও কিন্তু আত্মার অধীনে রয়েছো, যদি সত্যিকার ভাবে ঈশ্বরের আত্মা তোমাদের মধ্যে বাস করেন। কিন্তু খ্রীষ্টের আত্মা যার নাই, সে খ্রীষ্টের নয়। ^{১০} আর যদি খ্রীষ্ট তোমাদের মধ্যে থাকেন, তবে দেহ পাপের কারণে মৃত, কিন্তু আত্মা ধার্মিকতার কারণে জীবিত। ^{১১} আর যিনি মৃতদের মধ্য থেকে যীশুকে উঠালেন, তাঁর আত্মা যদি তোমাদের মধ্যে বাস করেন, তবে যিনি মৃতদের মধ্য থেকে খ্রীষ্ট যীশুকে উঠালেন, তিনি তোমাদের অন্তরে বাসকারী নিজ আত্মা দ্বারা তোমাদের মর্ত্য দেহকেও জীবিত করবেন। (অনুবাদকৃত টেক্সট)।

৮:৯ “যদি” ৯, ১০, ১১, ১৩ (দু’বার), ১৭ (তিন বার) পদে একটি ধারাবাহিক CONDITIONAL SENTENCES রয়েছে। সেগুলি সবই FIRST CLASS CONDITIONAL SENTENCES, যেটি লেখকের দৃষ্টিভঙ্গি থেকে সত্য অথবা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে। পৌল ধরে নিয়েছেন রোমীয় মণ্ডলীর তার পাঠকেরা খ্রীষ্টিয়ান (৯^ক পদ)।

□ “খ্রীষ্টের আত্মা” ব্যক্তির হয় আত্মা আছে, এবং সেইজন্য বিশ্বাসীর অথবা তাদের আত্মা নেই এবং আত্মিক ভাবে হারিয়ে গেছে। আমরা পরিত্রাণে পবিত্র আত্মার সব কিছু পাই। আমাদের তাঁর কাছ থেকে আরও পাবার প্রয়োজন নেই; তাঁর আমাদের কাছে আরও পাবার প্রয়োজন আছে!

শব্দগুচ্ছ “আত্মা” ৯^ক পদের; “ঈশ্বরের আত্মা” ৯^খ পদের, এবং “খ্রীষ্টের আত্মা” ৯^গ পদের, সবগুলিই একই রকম।

বিশেষ বিষয়: যীশু এবং আত্মা

আত্মার কাজ এবং পুত্রের মধ্যে নমনীয়তা রয়েছে। G. Campbell Morgan G. Campbell Morgan বলেছেন আত্মার জন্য সবচেয়ে ভাল নাম হল “অন্য যীশু”(যাহোক, তারা স্বতন্ত্র, অনন্তকালীন ব্যক্তি)। পরবর্তীতে হল পুত্র এবং আত্মার কাজ এবং উপাধির একটি তুলনামূলক রূপরেখা।

১. আত্মাকে বলা হয় “যীশুর আত্মা” বা এই রকমের অভিব্যক্তি (রোমীয় ৮:৯; ২ করি ৩:১৭; গালা ৪:৬; ১ পিতর ১:১১)।
২. উভয়কেই একই টার্মে ডাকা হয়
 - ক. “সত্য”
 - (১) যীশু (যোহন ১৪:৬)
 - (২) আত্মা (যোহন ১৪:১৭; ১৬:১৩)
 - খ. “উকিল”
 - (১) যীশু (১ যোহন ২:১)

- (২) আত্মা (যোহন ১৪:১৬, ২৬; ১৫:২৬; ১৬:৭)
- গ. “পবিত্র”
- (১) যীশু (লুক ১:৩৫; ৪:৩৪)
- (২) আত্মা (লুক ১:৩৫)
৩. উভয়ই বিশ্বাসীদের মধ্যে বাস করেন
- ক. যীশু (মথি ২৮:২০; যোহন ১৪:২০, ২৩; ১৫:৪-৫; রোমীয় ৮:১০; ২ করি ১৩:৫; গালা ২:২০; ইফি ৩:১৭; কল ১:২৭)
- খ. আত্মা (যোহন ১৪:১৬-১৭; রোমীয় ৮:৯,১১; ১ করি ৩:১৬; ৬:১৯; ২ তীম ১:১৪)
- গ. পিতা (যোহন ১৪:২৩; ২ করি ৬:১৬)

৮:১০ “যদি” এটি একটি FIRST CLASS CONDITIONAL (ei সাথে ধরে নেওয়া হয় INDICATIVE VERB “to be”)। পৌল ধরে নিয়েছেন তার পাঠকেরা (অর্থাৎ রোমের মন্ডলী) হলেন

১. খ্রীষ্টের মধ্যে আছেন
২. খ্রীষ্ট তাদের মধ্যস্থানে আছেন

□ “খ্রীষ্ট তোমাদের মধ্যে বাস করেন” “তোমাদের” হল বহুবচন। টার্ম “খ্রীষ্ট” উল্লেখ করে বাসকারী পুত্র/আত্মা (যোহন ১৪:১৬-১৭; কল ১:২৭)। লোকদের আছে পুত্র/আত্মা অথবা তারা খ্রীষ্টিয়ান নন (১ যোহন ৫:১২)। পৌলের জন্য “খ্রীষ্টেতে” ধর্মতত্ত্বগত ভাবে “আত্মাতে” একই।

□ “তবে দেহ পাপের কারণে মৃত” খ্রীষ্টিয়ানেরাও দৈহিক ভাবে মারা যেতে পারেন আদমের পাপ, পতিত জগত, এবং ব্যক্তিগত বিদ্রোহের কারণে (৫:১২-২১)। পাপ সবসময় তার অভিমুখে চলে। আত্মিক মৃত্যু (আদি ৩; ইফি ২:১) দৈহিক মৃত্যুর ফলাফল (আদি ৫; ইব্রীয় ৯:২৭, ৮:১৩ পদের নোট দেখুন)। বিশ্বাসীদের জীবন যাপন আত্মার নূতন যুগে (যোয়েল ২:২৮-২৯; প্রেরিত ২:১৬) এবং পাপ ও বিদ্রোহের পুরাতন যুগে উভয়ই (২১, ৩৫)।

□ “কিন্তু আত্মা ধার্মিকতার কারণে জীবিত” এখানে অনুবাদ এবং ব্যাখ্যাকারকদের মধ্যে কিছু অনৈক্য রয়েছে এটা নিয়ে যে “আত্মা” বলতে কি মানুষের আত্মা (NASB, ASV, NIV, Williams, Jerusalem Bible), অথবা পবিত্র আত্মা (KJV, TEV, REB, Karl Barth, C. K. Barrett, John Murray, and Everett Harrison)।

বৃহত্তর প্রসঙ্গ প্রসারিত করে আমাদের এই সংক্ষিপ্ত শব্দগুচ্ছ বুঝতে। এমনি তারা, যারা খ্রীষ্টে নির্ভরতা রাখেন তারাও মারা যাবেন কারণ তারা একটি পতিত জগতে বাস করেন। যাহোক, ধার্মিকতার কারণে যেটি যীশুর উপরে বিশ্বাসের মাধ্যমে আসে, তারা ইতিমধ্যে অনন্ত জীবন লাভ করেছে (ইফি ২:৪-৬)। এটি হল “ইতিমধ্যে কিন্তু এখনও নয়” দ্বন্দ্ব ঈশ্বরের রাজ্যের। পুরাতন যুগ এবং নূতন যুগ কালক্রমে একটি অপরটিকে আংশিক ঢেকে রাখে।

□ “ধার্মিকতা” এই প্রসঙ্গে এটি উল্লেখ করতে পারে

১. আরোপিত ধার্মিকতা (ধার্মিক গণনা করা এবং অবস্থানগত পবিত্রকরণ) যা আসে খ্রীষ্টের উপরে বিশ্বাসের মাধ্যমে (রোমীয় ৪)।
২. আত্মায় নূতন জীবন (অগ্রসরমান পবিত্রকরণ) যেটি হল পুনরুদ্ধারকৃত জীবনের প্রমাণ, ১:১৭ পদে বিশেষ বিষয় দেখুন।

৮:১১ “যদি” ৯ পদের নোট দেখুন।

□ “আর যিনি মৃতদের মধ্য থেকে যীশুকে উঠালেন, তাঁর আত্মা যদি তোমাদের মধ্যে বাস করেন” ত্রিভূতের কোন ব্যক্তি বিশ্বাসীদের মধ্যে বাস করেন? বেশীর ভাগ খ্রীষ্টিয়ান উত্তর দেবেন “আত্মা”। এটা নিশ্চিত ভাবেই সত্য, কিন্তু বাস্তবতায়, ত্রিভূতের সকল ব্যক্তিই বিশ্বাসীদের মধ্যে বাস করেন।

১. আত্মা, যোহন ১৪:১৬-১৭, রোমীয় ৮:১১; ১ করি ৩:১৬; ৬:১৯; ২ তীম ১:১৪
২. পুত্র, মথি ২৮:২০; যোহন ১৪:২০, ২৩; ১৫:৪-৫; রোমীয় ৮:১০; ২ করি ১৩:৫; গালা ২:২০; ইফি ৩:১৭; কল ১:২৭
৩. পিতা, যোহন ১৪:২৩; ২ করি ৬:১৬

এই শব্দগুচ্ছ হল একটি চমৎকার সুযোগ দেখান যে নূতন নিয়ম প্রায়ই পুনরুদ্ধারের কাজের কৃতিত্ব ত্রিভূতের তিন ব্যক্তির উপরেই আরোপ করে।

১. পিতা ঈশ্বর যীশুকে মৃতদের মধ্যে থেকে তুলেছেন (প্রেরিত ২:২৪; ৩:১৫; ৪:১০; ৫:৩০; ১০:৪০; ১৩:৩০, ৩৩, ৩৪, ৩৭; ১৭:৩১; রোমীয় ৬:৪, ৯; ১০:৯; ১ করি ৬:১৪; ২ করি ৪:১৪; গালা ১:১; ইফি ১:২০; কল ২:১২; ১ থিষ ১:১০)
২. পুত্র নিজেই মৃত্যু থেকে উঠেছেন (যোহন ২:১৯-২২; ১০:১৭-১৮)
৩. আত্মা ঈশ্বর যীশুকে মৃত্যু থেকে জীবিত করেছেন (রোমীয় ৮:১১)

এই একই ত্রিভূত উপরে গুরুত্বদান ৯-১১ পদে দেখা যেতে পারে।

বিশেষ বিষয়: ত্রিভূত

লক্ষ্য করুন যে ত্রিভূতের সকল ব্যক্তির কাজ প্রসঙ্গে ঐক্যবদ্ধ। “ত্রিভূত” টার্মটি প্রথম উদ্ভাবন করে তার্জুলিয়ান, এটি কোন বাইবেলের শব্দ নয়, কিন্তু এই ধারণাটি ব্যক্তিগত।

- ক. সুসমাচার
১. মথি ৩:১৬-১৭; ২৮:১৯ (এবং সমান্তরাল)
 ২. যোহন ১৪:২৬

- খ. প্রেরিত- প্রেরিত ২:৩২-৩৩, ৩৮-৩৯
 গ. পৌল
 ১. রোমীয় ১:৪-৫; ৫:১, ৫; ৮:১-৪, ৮-১০
 ২. ১ করি ২:৮-১০; ১২:৪-৬
 ৩. ২ করি ১:২১; ১৩:১৪
 ৪. গালা ৪:৪-৬
 ৫. ইফি ১:৩-১৪, ১৭; ২:১৮; ৩:১৪-১৭; ৪:৪-৬
 ৬. ১ থিম ১:২-৫
 ৭. ২ থিম ২:১৩
 ৮. তীত ৩:৪-৬
 ঘ. পিতর- ১ পিতর ১:২
 ঙ. যিহূদা- ২০-২১ পদ

পুরাতন নিয়মে ঈশ্বরের বহুবচন ইঙ্গিত করা হয়েছে।

ক. ঈশ্বরের জন্য বহুবচন ব্যবহার

১. নাম *Elohim* হল বহুবচন, কিন্তু যখন ঈশ্বরের জন্য ব্যবহৃত হয়েছে তখন সবসময় SINGULAR VERB
২. “আমাদের” আদি ১:২৬-২৭; ৩:২২; ১১:৭ পদে

খ. সদাপ্রভুর দূত ঈশ্বরের দৃশ্যমান প্রতিনিধিকারী ছিল

১. আদি ১৬:৭-১৩; ২২:১১-১৫; ৩১:১১, ১৩; ৪৮:১৫-১৬
২. যাত্রা ৩:২, ৪; ১৩:২১; ১৪:১৯
৩. বিচার ২:১; ৬:২২-২৩; ১৩:৩-২২
৪. সখরিয় ৩:১-২

গ. ঈশ্বর এবং তাঁর আত্মা পৃথক, আদি ১:১-২; গীত ১০৪:৩০; যিশা ৬৩:৯-১১; যিহি ৩৭:১৩-১৪

ঘ. ঈশ্বর (YHWH) এবং মশীহ (*Adon*) আলাদা, গীত ৪৫:৬-৭; ১১০:১; সখ ২:৮-১১; ১০:৯-১২

ঙ. মশীহ এবং আত্মা আলাদা, সখ ১২:১০

চ. এই তিনটির সবগুলিই উল্লেখিত হয়েছে যিশা ৪৮:১৬; ৬১:১ পদে

যীশুর ঈশ্বরত্ব এবং আত্মার ব্যক্তিত্ব সমস্যার কারণ হয়েছিল, গোড়া, এক-ঈশ্বরবাদী, প্রাথমিক বিশ্বাসীদের।

১. Tertullian - পুত্র পিতার অধীন
 ২. Origen - পুত্র ও আত্মার ঐশ্বরীক মূল অধীনস্থ
 ৩. Arius - পুত্র ও আত্মার ঈশ্বরত্ব অস্বীকার
 ৪. Monarchianism - বিশ্বাস করে এক ঈশ্বরের একজনের পরে অন্যজনের প্রকাশ যেমন পিতা, পুত্র এবং পরে আত্মা
- ত্রিভুত্র ঐতিহাসিক ভাবে বাইবেল ভিত্তিক উপকরণের দ্বারা উন্নয়নকৃত গ্রন্থিত সূত্র
১. যীশুর সম্পূর্ণ ঈশ্বরত্ব, পিতার সাথে সমান, এবং ৩২৫ খ্রীষ্টাব্দে নাইসিয়ান কাউন্সিল দ্বারা বিবৃত করা হয়েছিল
 ২. সম্পূর্ণ ব্যক্তিত্ব এবং আত্মার ঈশ্বরত্ব পিতার সাথে সমান কন্সটান্টিনোপলের কাউন্সিল দ্বারা বিবৃত হয়েছিল (৩৮১ খ্রীষ্টাব্দে)
 ৩. আগস্টিনের কাজ *De Trinitate*-তে ত্রিভুত্র মতবাদ সম্পূর্ণভাবে প্রকাশিত হয়েছিল

এটি সত্যিকার ভাবেই রহস্যময়। কিন্তু নূতন নিয়ম মনে হয় একজন ঐশ্বরীক প্রকৃতির সাথে তিনটি অনন্তকালীন ব্যক্তির প্রকাশ নিশ্চিত করেছে।

□ “তোমাদের মর্ত্য দেহকেও জীবিত করবেন” VERB -টি হল FUTURE ACTIVE INDICATIVE যেটি পুনরুত্থানের দিনের দিকে লক্ষ্য করায়। যীশু এবং তাঁর উপরে বিশ্বাসী সকল বিশ্বাসীর পুনরুত্থান হল চূড়ান্ত মতবাদ (১ করি ১৫:১...; ২ করি ৪:১৪)। খ্রীষ্ট ধর্ম বলতে চেপ্টা করে যে বিশ্বাসীরা অনন্তকালীন দেহে অস্তিত্ব লাভ করবে (১ যোহন ৩:২)। যদি খ্রীষ্ট আত্মার দ্বারা জীবিত হয়ে থাকেন (১ করি ১৫:১২-২১), তাহলে তাঁর উপরে বিশ্বাসীরাও উঠবে (২৩ পদ)।

□

NASB, NKJV,

NRSV, NJB

REB, NET

“তাঁর আত্মার দ্বারা”

NRSV footnote

“তাঁর আত্মার বিবরণ”

TEV

“তাঁর আত্মার উপস্থিতির দ্বারা”

এখানে পাভুলিপির পার্থক্য এই শব্দগুচ্ছের ব্যাকরণগত গঠনের সাথে সম্পর্কযুক্ত।

১. GENITIVE, MSS α , A, C, P^c

২. ACCUSATIVE, MSS B, D, F, G

UBS4 GENITIVE -কে দিয়েছে “ B ”(প্রায় সুনির্দিষ্ট) rating।

NASB (আপডেটেড) টেক্সট: ৮:১২-১৭

^{১২} অতএব, ভাইয়েরা, আমরা দায়িত্বের অধিন, কিন্তু মাংসের কাছে নয় যে, মাংসের বশে জীবন যাপন করবো— ^{১৩} কারণ যদি তুমি মাংসের বশে জীবন যাপন কর, তবে তোমরা নিশ্চয়ই মরবে; কিন্তু যদি আত্মাতে দেহের সব কাজ মৃত্যুসাৎ কর, তবে জীবিত থাকবে। ^{১৪} কারণ যত লোক ঈশ্বরের আত্মা দ্বারা পরিচালিত হয়, তারাই ঈশ্বরের পুত্র। ^{১৫} যেহেতু তোমরা দাসত্বের আত্মা পাও নাই যে আবার ভয় করবে, কিন্তু দত্তকপুত্রতার আত্মা পেয়েছো যে আত্মাতে আমরা আব্বা! পিতা! বলে ডাকি। ^{১৬} আত্মা নিজেও আমাদের আত্মার সাথে সাক্ষ্য দিচ্ছেন যে আমরা ঈশ্বরের সন্তান, ^{১৭} আর যখন সন্তান, তখন উত্তরাধিকারী, ঈশ্বরের উত্তরাধিকারী ও খ্রীষ্টের সহ-উত্তরাধিকারী, যদি বাস্তবিক আমরা তাঁর সাথে দুঃখভোগ করি, যেন তাঁর সাথে প্রতাপাধিতও হই। (অনুবাদকৃত টেক্সট)।

৮:১২ “অতএব” পৌল ক্রমাগত বলে চলেছিলেন ১-১১ পদে তার উপস্থাপনার পরামর্শ।

□ “আমরা দায়িত্বে অধিন” এটি খ্রীষ্টিয় স্বাধীনতার অন্য দিক (১৪:১-১৫:১৩)। এটি হল উপসংহার যা নেওয়া হয়েছে ১-১১ পদের পবিত্রতার আলোচনা থেকে, যা উভয়ই অবস্থানগত (INDICATIVE) এবং অগ্রসরমান (IMPERATIVE, ৬:৪ পদে বিশেষ বিষয় দেখুন)। এটি আরও স্পষ্টরূপে দেখায় যে বিশ্বাসীরা এখনও পুরাতন পতিত স্বভাবের সাথে সংগ্রামরত (অর্থাৎ, ৬:১২, ১৯; ৭:৭-২৪; ১ করি ৬:১৮-১৯; ইফি ৬:১০-১৯)। একটি মনোনয়ন করতে হয় (প্রারম্ভিক বিশ্বাস) এবং অবিরত মনোনয়ন করতে হয় (জীবন পদ্ধতির বিশ্বাস)।

৮:১৩ “যদি” ৯, ১০, ১১, ১৩ (দু’বার), এবং ১৭ (তিনবার) পদে ধারাবাহিক CONDITIONAL SENTENCES রয়েছে। এগুলি হল সবই FIRST CLASS CONDITIONAL SENTENCES, যেটি মনে হয় লেখকের দৃষ্টিভঙ্গি থেকে অথবা তার সাহিত্যের উদ্দেশ্যে সত্য। পৌল ধরে নিয়েছেন রোমীয় মণ্ডলীতে তার পাঠকেরা খ্রীষ্টিয়ান এবং আত্মায় জীবন যাপন করছেন। কিন্তু এখানে রয়েছে সাম্ভাব্য ঘটনা (অর্থাৎ মানবিক সহভাগিতা)।

□ “তোমরা মাংসের বশে জীবন যাপন করছো, তোমরা নিশ্চয়ই মরবে” ১৩ পদে উভয়ই VERBALS হল PRESENT TENSE, যেটি বলছে অবিরত কাজ করার কথা। বাইবেল প্রকাশ করেছে মৃত্যুর তিনটি ধাপ।

১. আত্মিক মৃত্যু (আদি ২:১৭; ৩:১-৭; ইফি ২:১)
২. দৈহিক মৃত্যু (আদি ৫)
৩. অনন্তকালীন মৃত্যু (প্রকা ২:১১; ২০:৬,১৪; ২১:৮)

এই প্যাসেজে একজন বলছে আদমের আত্মিক মৃত্যুর কথা (আদি ৩:১৪-১৯) যার ফল হল মানব জাতির দৈহিক মৃত্যু (আদি ৫)।

আদমের পাপ মানবের অভিজ্ঞতায় মৃত্যুকে এনেছিল (৫:১২-২১)। আমরা প্রত্যেকেই স্বইচ্ছায় পাপ কাজে অংশ গ্রহণ বেছে নিয়েছি। যদি আমরা পাপে থাকাটা বেছে নেই, এটি “অনন্তকালীন ভাবে” আমাদের মেরে ফেলবে (প্রকা ২০:৬,১৪, “দ্বিতীয় মৃত্যু”)। খ্রীষ্টিয়ান হিসাবে আমরা অবশ্যই বিশ্বাস দ্বারা পাপ এবং আমিত্বে মরবো খ্রীষ্টের সাথে চিহ্নিত হতে এবং ঈশ্বরে জীবিত থাকবো (রোমীয় ৬)।

□ “যদি আত্মাতে দেহের সব কাজ মৃত্যুসাৎ কর, তবে জীবিত থাকবে” বিশ্বাসীদের পরিব্রাণের নিশ্চয়তার বৈধতা বা তাদের খ্রীষ্টিয় জীবন পদ্ধতির উদাহরণ (নূতন নিয়মের বই যাকোব এবং ১ যোহন)। বিশ্বাসীরা তাদের নিজেদের চেষ্টিয় এই নূতন জীবনে বাস করতে পারে না, কিন্তু আত্মার গুণে (১৪ পদ)। যাহোক, তারা অবশ্যই প্রতিদিন নিজেদেরকে তাঁর নিয়ন্ত্রণে রাখবে (ইফি ৫:১৭-১৮; ৬:১০-১৮)।

এই প্রসঙ্গে “দেহের ক্রিয়া সকল” দেখা গিয়েছে পুরাতন পাপময় যুগের জীবনে (গালা ৫:১৯-২১)। এটি অস্বীকার করা নয় অনন্তকালীন দৈহিক আস্তিত্বকে (৮:২৩), কিন্তু বাসকারী আত্মা (নূতন যুগ) এবং পাপের সাথে অবিরত আত্মিক সংগ্রামের মধ্যে তুলনা (পুরাতন যুগ)।

৮:১৪ “যত লোক ঈশ্বরের আত্মা দ্বারা পরিচালিত হয়” এটি হল একটি PRESENT PASSIVE PARTICIPLE, যেটি উল্লেখ আত্মার অবিরত পরিচালনার কথা। আত্মা আমাদের খ্রীষ্টের দিকে পরিচালিত করে (যোহন ৬:৪৪) এবং তারপর আমাদের খ্রীষ্টকে রূপ দান করে (২৯-৩০)। সিদ্ধান্ত নেবার চাইতেও খ্রীষ্ট ধর্ম বেশি কিছু। এটি সত্যিকার ভাবে একটি চলমান শিষ্যত্ব প্রক্রিয়া (মথি ২৮:১৯) যা সিদ্ধান্ত নেবার দ্বারা সূচনা হয় (১০:৯-১৩; যোহন ১:১২; ৩:১৬)। এটি বিশেষ ঘটনা, সময় বা পরিচর্যার কথা উল্লেখ করে না, কিন্তু প্রতিদিনকার কার্যক্রম।

□ “ঈশ্বরের পুত্র” এই PLURAL শব্দগুচ্ছ পুরাতন নিয়মে ব্যবহৃত হয়েছে স্বর্গদূতদের জন্য এবং খুব কমই মানুষের জন্য (বিশেষ বিষয় দেখুন অনলাইনে www.freebiblecommentary.org এই ওয়েব সাইটে)। SINGULAR ব্যবহৃত হয়েছে আদম, ইস্রায়েল, ইস্রায়েলের রাজা, এবং মশীহের জন্য। এখানে এটি সকল বিশ্বাসীকে উল্লেখ করেছে (গালা ৪:৬-৭)। ১৪ পদে গ্রীক টার্ম *huioi* (পুত্রগণ) ব্যবহৃত হয়েছে, ১৬ পদে *tekna* (ছেলেমেয়ে)। এই প্রসঙ্গে এগুলি একই ভাবে ব্যবহৃত হয়েছে। বিশ্বাসীরা আর ক্রীতদাস নয় কিন্তু পরিবারের সদস্য (১৫-১৭ পদ; গালা ৪:৭)।

৮:১৫ “আত্মা” এই পদ, ১০ পদের মত, অস্পষ্ট। এটা উল্লেখ করতে পারে পুনরুদ্ধার করা মানবের খ্রীষ্টে নূতন আত্মা অথবা পবিত্র আত্মাকে। ১৬ পদে উভয়ই পাওয়া যায়।

পৌলের লেখার বেশ কয়েকটি স্থানে এই ব্যাকরণগত রূপ ব্যবহৃত হয়েছে এটা বর্ণনা করতে যে একজন বিশ্বাসীর মধ্যে পবিত্র আত্মা কি উৎপন্ন করেন।

১. এখানে “দাসত্বের আত্মা নয়”, “দত্তকতার একটি আত্মা”, ১৫ পদ
২. “নন্দতার একটি আত্মা”, ১ করি ৪:২১
৩. “একটি বিশ্বাসের (বিশ্বস্ততার) আত্মা”, ২ করি ৪:১৩
৪. “প্রজ্ঞা ও প্রত্যাদেশের একটি আত্মা”, ইফি ১:১৭

৫. “ভীরুতার আত্মা নয়”, ২ তীম ১:৭

আরও বেশ কিছু জায়গা আছে, বিশেষ করে ১ করিন্থীয়তে, যেখানে পৌল *pneuma* ব্যবহার করেছেন নিজের বিষয়ে উল্লেখ করতে (১ করি ২:১১; ৫:৩,১৪; ৭:৩৪; ১৬:৮; এবং কল ২:৫)। এই প্রসঙ্গে নিশ্চিত ভাবেই সবচেয়ে উত্তম ভাবে খাপ খায় ১০ এবং ১৫ পদ।

□ “দাসত্ব আবার ভয়ের দিকে পরিচালিত করে” এটা হল ভয়ের পুরাতন স্বভাবের বৈশিষ্ট্য (ইব্রীয় ২:১৫)। নূতন স্বভাবের বৈশিষ্ট্য বর্ণনা করা হয়েছে ১৪-১৭ পদে।

□ “দত্তক পুত্রত্ব” রোমীয় আইন দত্তক গ্রহণে খুব কঠিন ছিল, কিন্তু যদি একবার করা হতো, তবে তা হতো স্থায়ী (গালা ৪:৪-৬)। এই রূপক বিশ্বাসীদের নিরাপত্তার ধর্মতাত্ত্বিক সত্যকে সমর্থন করে (৫:২ পদে বিশেষ বিষয় দেখুন)। একজন স্বাভাবিক পুত্র হতে পারে উত্তরাধিকারহীন অথবা হত, কিন্তু দত্তক হতে পারে না। এটি ছিল পৌলের খুব প্রিয় একটি রূপক পরিভ্রাণ বর্ণনায় (১৫, ২৩ পদ)। যোহন এবং পিতর আর একটি পরিচিত রূপক “পুনরায় জন্ম” ব্যবহার করেছেন (যোহন ৩:৩; ১ পিতর ১:৩,২৩)। সম্পূর্ণ নোটের জন্য গালা ৪:৫ পদ দেখুন অনলাইনে www.freebiblecommentary.org এই ওয়েবসাইটে।

□ “আব্বা” এই অরামীয় টার্মটি ছিল যে শিশুরা বাড়ীতে তাদের বাবাকে কি বলে ডাকে (“daddy” অথবা “papa”)। যীশু এবং তাঁর প্রেরিতদের অরামীয় ভাষা বলতেন (মার্ক ৫:৪১; ১৪:৩৬; ১ করি ১৬:২২)। বিশ্বাসীরা এখন পবিত্র ঈশ্বরের কাছে আসতে পারে খ্রীষ্টের রক্ত, বাসকারী আত্মার দৃঢ় বিশ্বাস এবং পারিবারিক নির্ভরতার মাধ্যমে (মার্ক ১৪:৩৬; গালা ৪:৬)। এটা কি বিশ্বাসের নয় যে পতিত মানব ঈশ্বরকে ডাকতে পারে পিতা বলে, এবং এটাই অনন্তকালীন পবিত্রতম আকাংখ্যা করেন! দেখুন বিশেষ বিষয়: ১:৭ পদে পিতা।

৮:১৬ “আত্মা নিজে” আত্মার গ্রীক শব্দ হল NEUTER, সেই জন্য, KJV একে অনুবাদ করেছে “আত্মা, নিজেও” বলে, কিন্তু আত্মা একজন ব্যক্তি; তিনিও শোক করতে পারেন (ইফি ৪:৩০; ১ থি ৫:১৯), সেজন্য, “আপনিও” হল সবচেয়ে ভাল অনুবাদ। বিশেষ বিষয় দেখুন: ৮:২৭ পদে আত্মার ব্যক্তিত্ব।

□ “আমাদের আত্মার সাথে সাক্ষ্য দিচ্ছেন যে আমরা ঈশ্বরের সন্তান” ১৩ পদে যেভাবে উল্লেখিত হয়েছে, বিশ্বাসীদের বিশ্বাসের নিশ্চয়তার একটি দিক পরিবর্তন এবং পরিবর্তিত জীবন (নূতন নিয়মের বই যাকোব এবং ১ যোহন)। নিশ্চয়তার আর একটি দিক হল বাসকারী আত্মা ঈশ্বর ভয়কারী থেকে পারিবারিক ভালবাসায় স্থানান্তরিত করে (১ যোহন ৪:১৭-১৮)।

লক্ষ্য করুন RSV এবং NRSV অনুবাদ এবং যতি চিহ্নের ব্যবহার, “যখন আমরা কাঁদি, আব্বা! পিতা! আত্মা আপনিও আমাদের আত্মার সাথে সাক্ষ্য বহন করছেন যে আমরা ঈশ্বরের সন্তান” (গালা ৪:৬)। এটি এই ইঙ্গিত দেয় যে নিশ্চয়তা তখনই আসে যখন বিশ্বাসীরা আত্মার দ্বারা ঈশ্বরকে পিতা বলে ডাকতে পারে।

আত্মার আভ্যন্তরীণ সাক্ষ্য শ্রুতিযোগ্য নয়, কিন্তু ব্যবহারিক।

১. পাপের উপরে দোষী
২. খ্রীষ্টের মত হবার আকাংখ্যা
৩. ঈশ্বরের পরিবারের একজন হওয়ার আকাংখ্যা
৪. ঈশ্বরের বাক্যের জন্য ক্ষুধা
৫. সুসমাচার প্রচারের প্রয়োজন অনুভব করা
৬. খ্রীষ্টিয় বলিদানার্থক দানের প্রয়োজন অনুভব করণ

এইগুলি হল আভ্যন্তরীণ আকাংখ্যার প্রকারভেদ যা ধর্মান্তরে বিশ্বাসের প্রমাণ যোগায়।

পরিভ্রাণের নিশ্চয়তা ডিনোমিনেশনাল বিষয়ের দিকে ঘুরে গেছে।

১. রোমীয় কাথলিক ধর্মতত্ত্ব এই জীবনে নিশ্চয়তার সম্ভাবনাকে অস্বীকার করেছে কিন্তু একজনের নির্ভরতা মূল ভিত্তি “সত্যিকার” মন্ডলীর সদস্য হওয়া
২. জন ক্যালভিনের (সংস্কারবাদী ঐতিহ্য) নিশ্চয়তার ভিত্তি নির্বাচনের উপরে (পূর্ব-অদৃষ্টবাদ), কিন্তু কেউই নিশ্চিত ভাবে জানতে পারে না ততক্ষণ পর্যন্ত বিচার দিনের পরের জীবন
৩. জন ওয়েসলী (মেথোডিস্ট ঐতিহ্য) নিশ্চয়তার ভিত্তি নিখুঁত ভালবাসার উপরে (জানা পাপের উর্দে বাস)
৪. বেশীর ভাগ ব্যাপটিস্টদের নিশ্চয়তার ভিত্তি প্রবণতা হল বাইবেলে প্রতিজ্ঞাত বিনামূল্যে দত্ত অনুগ্রহ দানের উপরে (কিন্তু সকল সতর্কবাণী ও উপদেশ অবহেলা করে)।

খ্রীষ্টিয় নিশ্চয়তার বিষয়ে নূতন নিয়মের সত্যের ভিত্তি উপস্থাপনায় দুটি বিপদজনক বিষয় সম্পর্কযুক্ত।

১. “একবার রক্ষাপ্রাপ্ত, সবসময়ই রক্ষাপ্রাপ্ত” এর উপরে বেশী গুরুত্ব দান।
২. পরিভ্রাণ রক্ষা করার বিষয়ে মানবিক কাজের উপরে বেশী গুরুত্ব দান।

ইব্রীয় ৬ অধ্যায় পরিষ্কার ভাবে শিক্ষা দিয়েছে “একবার বাহির, সবসময়ই বাহির।” মানবিক চেষ্টা (ভাল কাজ) বিশ্বাসীদের রক্ষা প্রাপ্ত রাখবে না (গালা ৩:১-১৪)। কিন্তু ভাল কাজ হল খ্রীষ্টিয় জীবনের লক্ষ্য (ইফি ২:১০)। এগুলি হল ঈশ্বরের সঙ্গে সাক্ষাতের এবং বাসকারী আত্মা লাভের স্বাভাবিক ফল। এগুলি হল একজনের সত্যিকারের ধর্মান্তরের প্রমাণ।

নিশ্চয়তার অর্থ পবিত্রতার জন্য বাইবেলের আহ্বানকে হালকা করা নয়! ধর্মতত্ত্বগত ভাবে বলা, নিশ্চয়তার ভিত্তি ত্রিভুত ঈশ্বরের কাজ এবং বৈশিষ্ট্যের উপরে।

১. পিতার ভালবাসা এবং দয়া
২. পুত্রের বলিদানার্থক কাজের সমাপ্তি

৩. আত্মার খ্রীষ্টে উৎসাহ এবং পরে অনুতপ্ত বিশ্বাসীদের মধ্যে খ্রীষ্টের রূপ গঠন

এই পরিব্রাণের প্রমাণ হল একটি পরিবর্তিত বিশ্ব-দর্শন, একটি পরিবর্তিত হৃদয়, একটি পরিবর্তিত জীবন পদ্ধতি এবং একটি পরিবর্তিত প্রত্যাশা! এটা কখনোই অতীতের আবেগগত সিদ্ধান্তের উপরে নির্ভর করে না যার কোন জীবন পদ্ধতিগত প্রমাণ নেই (অর্থাৎ, ফল, মথি ৭:১৫-২৩; ১৩:২০-২২; যোহন ১৫)। নিশ্চয়তা, পরিব্রাণের মত, খ্রীষ্টিয় জীবনের মত শুরু হয় ঈশ্বরের দয়ার প্রতি সাড়া প্রদানের মাধ্যমে এবং এই সাড়া প্রদান অবিরত থাকে সমগ্র জীবনব্যাপী। এটি একটি পরিবর্তিত এবং বিশ্বাসের পরিবর্তিত জীবন!

□ “সাক্ষ্য দিচ্ছেন” এটি হল আর একটি *syn* সমন্বয়। আত্মা বিশ্বাসীদের আত্মার সাথে সহ-সাক্ষী। পৌল এই সমন্বয়কৃত টার্ম ব্যবহার করেছেন ২:১৫; ৮:১৬ এবং ৯:১ পদে।

৮:১৭ “যদি” ৯, ১০, ১১, ১৩ (দু’বার), এবং ১৭ (তিনবার) পদে ধারাবাহিক **CONDITIONAL SENTENCES** রয়েছে। এগুলি হল সবই **FIRST CLASS CONDITIONAL SENTENCES**, যেটি মনে হয় লেখকের দৃষ্টিভঙ্গি থেকে অথবা তার সাহিত্যের উদ্দেশ্যে সত্য। পৌল ধরে নিয়েছেন রোমীয় মণ্ডলীতে তার পাঠকেরা খ্রীষ্টিয়ান।

□ এই পদে তিনটি সমন্বয়কৃত শব্দ ব্যবহৃত হয়েছে *syn*, যার অর্থ “যুক্ত অংশগ্রহন”

১. বিশ্বাসীরা খ্রীষ্টের সাথে উত্তরাধিকার বিভাগ করে
২. বিশ্বাসীরা খ্রীষ্টের সাথে কষ্টভোগ বিভাগ করে
৩. বিশ্বাসীরা খ্রীষ্টের সাথে গৌরব বিভাগ করবে

২২ (দু’বার), ২৬, ২৮ পদে আরও *syn* সমন্বয় রয়েছে। ইফি ২:৫-৬ পদে তিনটি *syn* সমন্বয় রয়েছে যেটি বর্ণনা করে বিশ্বাসীদের খ্রীষ্টে জীবন।

□ “উত্তরাধিকারী” এটি আর একটি পারিবারিক রূপক বিশ্বাসীদের বর্ণনায় (৪:১৩-১৪; ৯:৮; গালা ৩:২৯)। পরবর্তিতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: বিশ্বাসীদের উত্তরাধিকার

শাস্ত্র বিশ্বাসীদের উত্তরাধিকার (খ্রিঃ ২০:৩২; ২৬:১৮; ইফি ১:৪; কল ১:১২; ৩:২৪) সম্বন্ধে অনেক কিছু বলেছে কারণ তাদের পারিবারিক সম্পর্ক খ্রীষ্টের সাথে যিনি সব কিছুর উত্তরাধিকারী (ইব্রীয় ১:২), এবং তারা সহ-উত্তরাধিকারী (রোমীয় ৮:১৭; গালা ৪:৭) হল

- স্বর্গরাজ্য (মথি ২৫:৩৪, ১ করি ৬:৯-১০; ১৫:৫০; ইফি ৫:৫)
- অনন্তজীবন (মথি ১৯:২৯; ইব্রীয় ৯:১৫)
- ঈশ্বরের প্রতিজ্ঞা (ইব্রীয় ৬:১২)
- ঈশ্বরের সুরক্ষা তাঁর প্রতিজ্ঞায় (১ পিতর ১:৪-৫)

□ “সহ-উত্তরাধিকারী” এটি আর একটি *sun* সমন্বয়। পৌল এরকম অনেক নূতন টার্ম উদ্ভাবন করেছেন ৮ অধ্যায়ে খ্রীষ্টের জীবন ও মৃত্যু এবং বিশ্বাসীদের অংশী হবার বিষয়ে গুরুত্ব দিতে।

১. সহ-উত্তরাধিকারী, ১৭ পদ
২. সহ-দুঃখভোগী, ১৭ পদ
৩. সহ-প্রতাপাশ্রিত, ১৭ পদ

□

NASB, NKJV “যদি বাস্তবিক আমরা তাঁর সাথে দুঃখভোগ করি”

NRSV “যদি, সত্যিকার ভাবে, আমরা তাঁর সাথে কষ্টভোগ করি”

TEV “কারণ আমরা যদি খ্রীষ্টের দুঃখভোগের ভাগী হই”

NJB “তাঁর দুঃখভোগের ভাগী হই”

পতিত জগতে কষ্টভোগ হল বিশ্বাসীদের আদর্শ (মথি ৫:১০-১২; যোহন ১৫:১৮-২১; ১৬:১-২; ১৭:১৪; খ্রিঃ ১৪:২২; রোমীয় ৫:৩-৪; ৮:১৭; ২ করি ৪:১৬-১৮; ফিলি ১:২৯; ১ থিঃ ৩:৩; ২ তীম ৩:১২; যাকোব ১:২-৪; ১ পিতর ৪:১২-১৯)। যীশু নমুনা স্থির করেছেন (ইব্রীয় ৫:৮)। এই অধ্যায়ের বাকী অংশে এই ভাব (থিম) উন্নয়ন করা হয়েছে। বিশেষ বিষয় দেখুন: ৫:৩ পদে কেন খ্রীষ্টিয়ানেরা কষ্টভোগ করে?

□ “তাঁর সাথে প্রতাপাশ্রিতও হব” যোহনের লেখায় যীশু তাঁর মৃত্যু সম্বন্ধে কথা বলেছেন, তিনি একে “মহিমাম্বিত হইব” বলেছেন। যীশু তাঁর কষ্টভোগের দ্বারা মহিমাম্বিত হয়েছিলেন। বিশ্বাসীদের অবস্থানগত এবং প্রায়ই অভিজ্ঞতায় যীশুর জীবনের ঘটনাবলীর ভাগী হয় (রোমীয় ৬)। বিশেষ বিষয় দেখুন: ৫:১৭-১৮ পদে ঈশ্বরের রাজ্যে রাজত্ব।

NASB (আপডেটেড) টেক্সট: ৮:১৮-২৫

^{১৮} কারণ আমার বিবেচনা এই যে বর্তমান কালের দুঃখভোগ তুলনার যোগ্য নয় আমাদের প্রতি যে প্রতাপ প্রকাশিত হবে তার সাথে। ^{১৯} কারণ সৃষ্টির ঐকান্তিক প্রতীক্ষা ঈশ্বরের পুত্রদের প্রকাশপ্রাপ্তির অপেক্ষা করছে। ^{২০} যেহেতু সৃষ্টি অসারতায় বশীভূত হল, স্বেচ্ছায় নয়, কিন্তু যিনি বশ করেন তাঁর

ইচ্ছায়; এই প্রত্যাশায় ^{১১} হইল যে সৃষ্টি নিজেও ক্ষয়ের দাসত্ব থেকে মুক্ত হয়ে ঈশ্বরের সন্তানদের প্রতাপের স্বাধীনতা পাবে। ^{১২} কারণ আমরা জানি সমস্ত সৃষ্টি এখন পর্যন্ত একসঙ্গে আর্তস্বর করছে ও প্রসব বেদনা ভোগ করছে। ^{১৩} কেবল তাই নয়, কিন্তু আমরা নিজেরাও আত্মার প্রথম ফল লাভ করেছি, এমনকি আমরা নিজেরাও নিজেদের মধ্যে আর্তস্বর করছি, পুত্র হিসাবে আগ্রহের সাথে আমাদের দণ্ডকতার, নিজ নিজ দেহের মুক্তির জন্য অপেক্ষা করছি। ^{১৪} কারণ প্রত্যাশায় আমরা পরিত্রাণ পেয়েছি, কিন্তু দৃষ্টিগোচরে যে প্রত্যাশা তা প্রত্যাশাই নয়; কারণ যে যা ইতিমধ্যে দেখেছে সে তার প্রত্যাশা কেন করবে? ^{১৫} কিন্তু আমরা যা দেখতে না পাই, তার প্রত্যাশা যদি করি, তবে ঈশ্বরের সাথে তার অপেক্ষায় থাকি। (অনুবাদকৃত টেক্সট)।

৮:১৮ “বিবেচনা” এটি আক্ষরিক ভাবে “এতে সংযুক্ত”। এটি হল PRESENT MIDDLE INDICATIVE। পৌল ক্রমাগত খ্রীষ্টিয় দুঃখভোগের তাৎপর্য বিবেচনা করছেন। এটি একটি হিসাবের টার্ম সতর্কতার সাথে গবেষণালব্ধ উপসংহারে পৌছাবার জন্য। এটি রোমীয়তে একটি বারবার বলা থিম (২:৩ পদের নোট দেখুন)। বিশ্বাসীদের অবশ্যই তারা যতটুকু বোঝে সেমত আত্মিক সত্যের আলোতে জীবন যাপন করতে হবে।

□ “দুঃখভোগ” আমরা কিছু ধারণা পাই খ্রীষ্টের সেবার সাথে কষ্টভোগ অর্ন্তভুক্তির বিষয়ে ১ করি ৪:৯-১২; ২ করি ৪:৭-১২; ৬:৪-১০; ১১:২৪-২৭; ইব্রীয় ১১:৩৫-৩৮ পদ থেকে।

□ “বর্তমান কালের” যিহূদীরা বিশ্বাস করে যে জগতের ইতিহাস দুটি যুগে বিভক্ত, বর্তমানের মন্দতার যুগ এবং ধার্মিকতার যুগ যার আগমন ঘটবে (মথি ১২:৩২; মার্ক ১০:৩০)। পুরাতন নিয়ম আশা করে যে মশীহ আসবেন এবং ধার্মিকতার নূতন যুগ স্থাপন করবেন। যাহোক, খ্রীষ্টের দুটি আগমন, উদ্ধারকর্তা (দেহ ধারণ) হিসাবে একবার, এবং প্রভু (দ্বিতীয়) হিসাবে দ্বিতীয়বার, এই দুটি যুগ একটি অপরটিকে আংশিক ঢেকে ফেলার কারণ ঘটবে। বিশ্বাসীরা বাস করবে ঈশ্বরের রাজ্য “ইতিমধ্যে” এবং “এখনও হয়নি” এই দুইয়ের চাপের মধ্যে। বিশেষ বিষয় দেখুন: ১২:২ পদে এই যুগ এবং যে যুগ আসছে।

□ “যোগ্য...মহিমা” এই উভয় টার্মই পুরাতন নিয়মের ওজনের ধারণার সঙ্গে সম্পর্কযুক্ত- ওজনে ভারী ছিল মূল্যবান। “যোগ্য” একটি বাণিজ্যিক টার্ম যার অর্থ “যতটা সম্ভব ওজন”। ইব্রীয় টার্ম “মহিমা” এসেছে একটি মূল থেকে “ভারী হওয়া” মূল্যবান অর্থে, যেমন সোনা। ৩:২৩ পদে সম্পূর্ণ নোট দেখুন।

“মহিমা” টার্মটি পৌলের লেখায় ছিল একটি শেষ কালীন বিষয় (২ করি ৪:১৬-১৮)। এটি উল্লেখ করেছে জমকালো এবং ক্ষমতা প্রশংসিত খ্রীষ্টের মহিমাময় ফিরে আসা (কল ৩:৪)। বিশেষ বিষয় দেখুন: ৩:২৩ পদে মহিমা।

□ “আমাদের প্রতি যে প্রতাপ প্রকাশিত হইবে” এই PASSIVE (deponent) VOICE উল্লেখ করেছে ঈশ্বরের প্রতিনিধি বা আত্মার (২০ পদ)। বিশ্বাসীরা এই জীবনে বাস করবে বিশ্বাসে কিন্তু দেখে নয় (২৪ পদ; ১ করি ২:৯; ১৩:১২; ২ করি ৫:৭; ইব্রীয় ১১:১)।

শব্দ ব্যবহৃত হয়েছে রোমীয়তে পৌলের দ্বারা এবং জোর দেওয়া হয়েছে যে সত্য ঈশ্বরের কাছ থেকে আসে, এটি মানুষের কোন আবিষ্কার নয়।

১. VERB

ক. ১:১৭ পদ - ঈশ্বরের ধার্মিকতা প্রকাশ পেয়েছে (PRESENT PASSIVE INDICATIVE)

খ. ১:১৮ পদ - ঈশ্বরের ক্রোধ প্রকাশ পেয়েছে (PRESENT PASSIVE INDICATIVE)

গ. ৮:১৮ পদ - ভবিষ্যৎ মহিমা প্রকাশ পাবে (AORIST PASSIVE INFINITIVE)

২. NOUN

ক. ২:৫ পদ - ক্রোধের দিন এবং ধার্মিকতা প্রকাশে ঈশ্বরের বিচারের দিন

খ. ৮:১৯ পদ - সৃষ্টি অধীর আগ্রহে অপেক্ষা করছে ঈশ্বরের পুত্রগণের প্রকাশের

গ. ১৬:২৫ পদ - প্রকাশ প্রাপ্তির রহস্য অনুসারে

৮:১৯ “সৃষ্টির ঐকান্তিক প্রতীক্ষা অপেক্ষা করছে” বাস্তব সৃষ্টিকে ব্যক্তি হিসাবে ব্যক্তিত্ব দেওয়া হয়েছে যে গলা বাড়িয়ে দিগন্তে অনুসন্ধান করছে। সৃষ্টি নেতিবাচক ভাবে প্রভাবিত হয়েছে যখন আদম ও হবা পাপ করেছিল (আদি ৩:১৭-১৯)। সকল সৃষ্টি চূড়ান্ত ভাবে পুনরুদ্ধার পাবে (ব্যতিক্রম কেবল বিদ্রোহী দূতগণ, অবিশ্বাসী মানব, এবং তাদের প্রস্তুত করা পৃথক স্থান, Bruce Corley and Curtis Vaughan, *Romans*, p. 95, footnote 46)।

“অধীর আগ্রহে” VERB টি (PRESENT MIDDLE [deponent] INDICATIVE) এই প্রসঙ্গে তিনবার এসেছে।

১. ১৯ পদ - সৃষ্টি অধীর আগ্রহে নূতন যুগের অপেক্ষা করছে

২. ২৩ পদ - বিশ্বাসীরা অধীর আগ্রহে অপেক্ষার করছে নূতন দেহের

৩. ২৫ পদ - বিশ্বাসীরা নূতন যুগের আশায় অধীর আগ্রহে অপেক্ষা করছে

পৌল এই একই VERB ব্যবহার করেছেন এই একই অর্থে ১ করি ১:৭; গালা ৫:৫; ফিলি ৩:২০ পদে। দ্বিতীয় আগমন বিশ্বাসীদের জন্য ভীতিকর ঘটনা হবে না, বরং পারিবারিক পুনর্মিলন!

বিশেষ বিষয়: প্রাকৃতিক উৎস

I. ভূমিকা

ক. মানুষের সাথেই সকল সৃষ্টি ঈশ্বরের ভালবাসা থেকে পর্দার অন্তরালে অথবা মঞ্চের অন্তরালে চলে গেছে।

খ. পতনে এটি বিভাগ (আদি ৩:১৭; ৬:১ থেকে কয়েকটি পদ; যিশা ২৪:৩-৮; রোমীয় ৮:১৮-২০)। এছাড়া, এটি শেষ কালীন পরিত্রাণ বিভাগ করবে (যিশা ১১:৬-৯; রোমীয় ৮:২০-২২; প্রকা ২১-২২)।

গ. পাপময়, পতিত মানুষ প্রাকৃতিক পরিবেশকে ধর্ষণ করেছে স্বার্থপর বর্জনের সাথে। পরবর্তীতে উল্লেখিত একটি উদ্ধৃতি Edward

Carpenter এর থেকে *The Canon of Westminster* ।

“ ... মানুষের নিষ্ঠুর আঘাত, এই বিশ্ব প্রসঙ্গে, যে বিশ্ব তার চারদিকে বর্তমান-তাহল ঈশ্বরের সৃষ্টি- বাতাসে আক্রমণ যা সে দুষ্টিত করেছে; স্বভাবিক জলপথ যা সে কলুষিত করেছে; মাটি যা সে বিঘাত করেছে; বন যা সে কেটে ফেলেছে, মনোযোগহীন দীর্ঘমেয়াদী প্রভাব এই স্বেচ্ছাচারী ধংসের। এই আক্রমণ টুকরা টুকরা করেছে এবং অসমস্বয়কৃত হয়েছে। সীমাবদ্ধ বিবেচনা করা হয়েছে যে কোন প্রাকৃতিক সুখমতার দিকে এবং ফলস্বরূপ খুব সামান্য দায়িত্ববোধ এক প্রজন্মের আর এক প্রজন্মের প্রতি। ”

ঘ. আমরা কেবল মাত্র আমাদের গ্রহের জনসংখ্যা ও শোষণের ফলাফল ভোগ করছি না, কিন্তু আমাদের উত্তরসূরীরা আরও ভয়ংকর ভাবে তা ভোগ করবে, উল্টানো যায় না এমন ফলাফল।

II. বাইবেলের উপকরণ

ক. পুরাতন নিয়ম

১. আদি পুস্তক ১-৩

ক. সৃষ্টি হল বিশেষ জায়গা ঈশ্বর সৃষ্টি করেছেন মানুষের সাথে সহভাগিতা রাখার জন্য (আদি ১:১-২৫)।

খ. সৃষ্টি উত্তম (আদি ১:৪, ১০, ১২, ১৮, ২১, ২৫), হ্যা খুবই ভাল (আদি ১:৩১)। এর অর্থ হল এটি ঈশ্বরের সাক্ষ্য হবে (গীত ১৯:১-১৬)।

গ. মানবতাকে সৃষ্টির উদ্দেশ্যে মুকুটে বিভূষিত করা হয়েছে (১:২৬-২৭)।

ঘ. মানবতা কর্তৃত্ব করবে (ইব্রীয় “পদদলিত করা”) ঈশ্বরের ধনাধ্যক্ষ হিসাবে (আদি ১:২৮-৩০; গীত ৮:৩-৮; ইব্রীয় ২:৬-৮)। ঈশ্বর আছেন এবং সৃষ্টিকর্তা/ধারণকারী/পুনরুদ্ধারকারী/সৃষ্টির প্রভু (যাত্রা ১৯:৫; ইয়োব ৩৭-৪১; গীত ২৪:১-২; ৯৫:৩-৫; ১০২:২৫; ১১৫:১৫; ১২১:২; ১২৪:৮; ১৩৪:৩; ১৪৬:৬; যিশা ৩৭:১৬)।

ঙ. মানুষের সৃষ্টির প্রতি ধনাধ্যক্ষতা দেখা যেতে পারে আদি ২:১৫ পদে, “কৃষিকর্ম ও রক্ষার্থে” (লেবীয় ২৫:২৩; ১ বংশ ২৯:১৪)।

২. ঈশ্বর সৃষ্টিকে ভালবাসেন, বিশেষ করে জীব-জন্তু।

ক. জীব জন্তুর প্রতি সঠিক আচরণের জন্য মোশির ব্যবস্থা

খ. Leviathan এর সঙ্গে YHWH খেলা করতেন (গীত ১০৪:২৬)

গ. ঈশ্বর জীব জন্তুর যত্ন নেন (যোনা ৪:১১)

ঘ. প্রকৃতির শেষ কালীন উপস্থিতি (যিশা ১১:৬-৯; প্রকা ২১-২২)

৩. প্রকৃতি, কিছু দিক দিয়ে, ঈশ্বরের মহিমা করে।

ক. গীত ১৯:১-৬

খ. গীত ২৯:১-৯

গ. ইয়োব ৩৭-৪১

৪. প্রকৃতি একটি উপায় যার মাধ্যমে ঈশ্বর তাঁর ভালবাসা ও নিয়মের প্রতি আনুগত্যতা দেখিয়েছেন।

ক. দ্বি বি ২৭-২৮; ১ রাজা ১৭

খ. সমগ্র ভাববাদীগণ

খ. নূতন নিয়ম

১. ঈশ্বরকে দেখা হয়েছে সৃষ্টিকর্তা হিসাবে। এক মাত্র সৃষ্টিকর্তা, ত্রিভু ঈশ্বর (Elohim, আদি ১:১; আত্মা, আদি ১:২; এবং যীশু, নূতন নিয়ম)। সব কিছুই সৃষ্টি হয়েছে।

ক. প্রেরিত ১৭:২৪

খ. ইব্রীয় ১১:৩

গ. প্রকা ৪:১১

২. যীশু হলেন সৃষ্টিতে ঈশ্বরের প্রতিনিধি

ক. যোহন ১:৩, ১০

খ. ১ করিন্থীয় ৮:৬

গ. কলসীয় ১:১৬

ঘ. ইব্রীয় ১:২

৩. যীশু তাঁর বক্তৃতায় পরোক্ষভাবে প্রকৃতির প্রতি যত্ন নিতে পিতাকে বলেছেন

ক. মথি ৬:১৬, ২৮-৩০ পদ, আকাশের পাখি এবং ক্ষেত্রের পুষ্প

খ. মথি ১০:২৯ পদ, চড়াই

৪. পৌল বলতে চেপ্টা করেছেন যে সকল মানুষ সৃষ্টিতে ঈশ্বরীয় জ্ঞানের জন্য দায়িত্ববান (অর্থাৎ প্রাকৃতিক প্রকাশ, (রোমীয় ১:১৯-২০; প্রকা ২১-২২)।

III. উপসংহার

ক. আমরা এই প্রাকৃতিক শৃংখলে বন্দি!

খ. পাপময় মানুষ ঈশ্বরের প্রাকৃতিক দানকে খারাপ ভাবে ব্যবহার করছে যেভাবে তারা ঈশ্বরের অন্য সকল ভাল দানকেও ব্যবহার করেছে।

গ. এই প্রাকৃতিক শৃংখলা সাময়িক। এটা একদিন বিলিন হয়ে যাবে (২ পিতর ৩:৭)। ঈশ্বর আমাদের জগতকে ঐতিহাসিক ধারাবাহিকতায় সংযুক্তিতে নিয়ে যাবেন। পাপ এর গতিতে চলবে, কিন্তু ঈশ্বর এর বন্ধনকে স্থির করবেন। সৃষ্টি পুনরুদ্ধার পাবে (রোমীয় ৮:১৮-২৫)।

□ “প্রকাশপ্রাপ্তির জন্য” এই টার্মের অর্থ “পর্দা পিছনে সরিয়ে নেওয়া” যেন প্রকাশ পায় বা জানানো যায়। এটি আরও নূতন নিয়মের শেষ পুস্তকের শিরোনাম, “শেষকালীন ধংস”। দ্বিতীয় আগমনকে প্রায়ই উল্লেখ করা হয়েছে প্রকাশ বা আগমন বলে (১ করি ১:৭-৮; ১ পিতর ১৭,১৩)।

□ “ঈশ্বরের পুত্রদের” এটি একটি সাধারণ পারিবারিক রূপক খ্রীষ্টিয়ানদের বর্ণনা করতে ব্যবহৃত হয়েছে (৮:১৪, ১৬)। এটি ঈশ্বরকে পিতা ও যীশুকে তাঁর একমাত্র অদ্বিতীয় পুত্র হিসাবে বলছে (যোহন ১:১৮; ৩:১৬, ১৮; ইব্রীয় ১:২; ৩:৬; ৫:৮; ৭:২৮; ১ যোহন ৪:৯)।

পুরাতন নিয়মে ইস্রায়েলীয়া ছিল ঈশ্বরের সন্তান (হোশেয় ১১:১), এছাড়াও রাজা ছিলেন ঈশ্বরের সন্তান (২ শমু ৭)। এই ধারণা প্রথম উল্লেখিত হয় নূতন নিয়মের মথি ৫:৯ পদে (তাছাড়া যোহন ১:১২; ২ করি ৬:১৮; গালা ৩:২৬; ১ যোহন ৩:১,১০; প্রকা ২১:৭)।

৮:২০

NASB, NKJV,

NRSV “কারণ সৃষ্টি অসারতায় বশীভূত হল”

TEV

“কারণ সৃষ্টি অযোগ্য বলে দোষীকৃত হল”

NJB

“এটি সৃষ্টির কোন অংশের ত্রুটির জন্য নয় যে এটি যে কারণে সৃষ্ট সেই উদ্দেশ্য পূরণ করতে অক্ষম হয়েছে”

এটা অনুবাদ হতে পারে “অসার”। এটি সেপ্টুয়াজিন্টে ব্যবহৃত হয়েছে কয়েকটি অর্থে-অর্থহীন, যোগ্যতাহীন, ব্যবহার যোগ্য নয়, ভ্রান্ত দেবতা (মূর্তি), এবং শূন্যতা। সমস্ত সৃষ্টি ঈশ্বরের ভবিষ্যৎ উদ্দেশ্যের জন্য অযোগ্য হয়ে পড়েছে (আদি ৩:১৭-১৯; যিশা ২৪:৩-৮), কিন্তু একদিন ঈশ্বর পতিত হওয়ার অভিশাপ দূর করবেন (প্রকা ২২:৩)। এটি সেই জগৎ নয় যেটি ঈশ্বরের পরিকল্পনায় ছিল!

□ “কিন্তু যিনি বশ করেন তাঁর ইচ্ছায়, এই প্রত্যাশায়” এই VERB হল AORIST PASSIVE এবং দৃশ্যত উল্লেখ করছে ঈশ্বরকে (NASB, NKJV, TEV)। তিনি বাস্তব সৃষ্টিকে নিষ্ফলতায় বশীভূত করেছেন

১. মানুষের বিদ্রোহের কারণে

২. তাঁর নিজের দিকে মানুষকে ফেরানোর প্রচেষ্টা হিসাবে (দ্বি বি ২৭-২৯)।

এই উদ্দেশ্যমূলক নিষ্ফলতা কেবল মাত্রও একটি নির্দিষ্ট সময়ের জন্য (রোমীয় ১১:১১-৩২)। পুনরুদ্ধারকৃত মানবের বাস্তব ভবিষ্যতের (দেহ এবং জগৎ) প্রতিজ্ঞা রয়েছে।

ঈশ্বর পূর্বেই জানতেন আদমের বিদ্রোহ। এটি ঘটতে দিয়েছিলেন এবং পতিত মানবের সঙ্গে পতিত জগতে কাজ করাটা বেছে নিয়েছিলেন। এটি সেই জগৎ নয় যে জগৎ ঈশ্বর হবার আকাংখ্যা করেছিলেন। এটি সেই জগৎ নয় যেটি একদিন হবে (২ পিতর ৩:১০; প্রকা ২১:১-৩)। ৫:২ পদে “আশা” নোট দেখুন।

৮:২১ “সৃষ্টি নিজেও ক্ষয়ের দাসত্ব থেকে মুক্ত হবে” প্রকৃতি অনন্তকালের অংশ (যিশা ১১:৬-১০)। পুনরায় সৃষ্টি পৃথিবীতে স্বর্গ ফিরে আসবে (মথি ৫:১৮; ২৪:৩৫; ২ পিতর ৩:১০; প্রকা ২১:১)। ভবিষ্যৎ হতে পারে এদোনের আনন্দে ফিরে আসবে; সহভাগিতা মানুষ ও ঈশ্বরের মধ্যকার, ব্যক্তির সঙ্গে ব্যক্তির, মানুষের সঙ্গে জীব জন্তর, এবং মানুষের সঙ্গে পৃথিবীর! বাইবেল শুরু হয়েছে ঈশ্বর, মানুষ ও জীব জন্তর (অর্থাৎ যিশা ১১:৬-৯) এদোন বাগানে স্থাপিত সহভাগিতা ও ঐক্য দিয়ে (আদি ১-২) এবং বাইবেল ঠিক একই ভাবে শেষ হয়েছে (প্রকা ২১-২২)।

□ “ক্ষয়” ১:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “ঈশ্বরের সন্তানদের প্রতাপের স্বাধীনতা” ১৪ পদে বিশ্বাসীদের বলা হয়েছে “ঈশ্বরের পুত্রগণ,” ১৬ পদে “ঈশ্বরের সন্তান,” এবং ১৭ পদে “ঈশ্বরের উত্তরাধিকারীগণ।” ১৮ পদে ঈশ্বরের শেষ কালীন গৌরব বিশ্বাসীদের কাছে প্রকাশিত হয়েছে। ১৯ পদে এখন সৃষ্টি অপেক্ষা করছে ঈশ্বরের পুত্রগণের প্রকাশপ্রাপ্তির কারণ এটি তাদের শেষ কালীন গৌরব বিভাগ করবে (২১ পদ)। সৃষ্টির এই পুনরুদ্ধার, এবং বিশেষ করে মানব, সৃষ্টির মূল উদ্দেশ্য পূর্ণ করতে সাহায্য করবে-ঈশ্বর এবং মানুষের (তাঁর প্রতিমূর্তিতে সৃষ্টি) ঘনিষ্ঠ সহভাগিতায়।

৮:২২ “সমস্ত সৃষ্টি আর্তস্বর করছে” এটি পৌলের আর একটি *syn* সমন্বয়, “একসঙ্গে আর্তস্বর করিতেছে।” তিনি অবশ্যই এরকম অনেক উদ্ভাবন করেছেন। সম্ভবত তিনি পরোক্ষভাবে যিরমিয় ১২:৪,১১ পদ (দ্বি বি ২৭-২৯) উল্লেখ করেছেন, যেখানে ইস্রায়েল দেশের মাটি আর্তস্বর করছে কারণ মানুষের পাপের কারণে দুর্দশার জন্য।

লক্ষ্য করুন যে “আর্তস্বর” তিনবার এই প্রসঙ্গে উল্লেখ করা হয়েছে।

১. সৃষ্টি আর্তস্বর করছে (PRESENT ACTIVE INDICATIVE) কারণ নূতন যুগ আসছে, ২২ পদ (১৯-২১ পদ)

২. বিশ্বাসীরা তাদের পরিপূর্ণ এবং সম্পূর্ণ পরিত্রাণের জন্য আর্তস্বর করছে (অর্থাৎ, একটি নূতন দেহ, ২ করি ৫:২,৪), ২৩ পদ

৩. আত্মা যিনি তাঁকে দিয়েছেন নূতন যুগের প্রথম ফল হিসাবে তিনিও আর্তস্বর করছেন (বিশ্বাসীদের জন্য প্রার্থনা, PRESENT ACTIVE INDICATIVE), ২৬ পদ

□ “প্রসব বেদনা ভোগ করছে” যিহূদীদের মধ্যে এই ধারণাকে প্রায়ই বলা হয় “নূতন যুগের প্রসব যন্ত্রণা” (মার্ক ১৩:৮)। ধার্মিকতার নূতন যুগের সকাল সমস্যা বিহীন হবে না। নৈতিক ও আত্মিক অবস্থা এই পতিত গ্রহের খারাপ থেকে খারাপ হবে (মথি ২৪; মার্ক ১৩; লুক ২১; ২ থিষ ২:১-১২; এবং আরও নোট করুন প্রকাশিত বাক্য ৫-১৮ অধ্যায়ের সাতটি মুদ্রাঙ্ক, তুরী এবং বাটি)। যাহোক, প্রসবযন্ত্রণার ব্যাথা হল আসন্ন প্রসব, নূতন যুগের আনন্দ ও আশার যন্ত্রণা!

৮:২৩ “আমরা নিজেরাও....আমরা নিজেরাও....নিজেদের” PRONOUNS জোর করে বলা এবং বার বার বলা।

□ “আত্মার প্রথম ফল” এই টার্ম (*aparchē*) ধর্মতান্ত্রিকভাবে উপমা “আত্মার মুদ্রাঙ্ক” ২ করি ১:২২ পদে; এবং “আত্মার প্রতিজ্ঞা” ২ করি ৫:৫ পদে; এবং ইফি ১:১৪ পদ।

পুরাতন নিয়মের প্রথম ফল ছিল ফসল সংগ্রহের সময় আগমনের প্রতিজ্ঞা। তারা প্রতিকিরণ করেছিল সকল সংগ্রহিত শস্যের মালিকানা ঈশ্বরের বলে (অর্থাৎ দ্বি বি ২৬:১-১১)। নূতন যুগের প্রথম ফল হল আত্মা, যেমন যীশু ছিলেন পুনরুত্থানের প্রথম ফল (১ করি ১৫:২০)। বিশ্বাসীরা, ঈশ্বরের সন্তান হিসাবে, এখন কোন কিছুর স্বর্গীয় আনন্দ অভিজ্ঞতা লাভ করেছে পবিত্র আত্মার দ্বারা যিনি তাদের সাথে ও তাদের মধ্যে বাস করছেন। এটি হল “ইতিমধ্যে” কিন্তু “এখনও হয়নি” চাপ দুটি যিহুদী যুগ একটি অপরটির উপরে অংশিক ঢেকে রেখেছে। বিশ্বাসীরা স্বর্গের নাগরিক এবং জগতে বাসকারী!

□ “আমরা নিজেরাও, আমাদের মধ্যে আর্তস্বর করছি” এটি মনে হয় উল্লেখ করছে বিতর্কের চাপ “ইতিমধ্যে” এবং “এখনও হয়নি” মধ্যে দুটি যিহুদী যুগ একটি অপরটির উপরে অংশিক ঢেকে ফেলেছে (দেখুন Gordon Fee and Douglas Stuart, *How To Read the Bible For All Its Worth*, pp. 145-148)। ঈশ্বরের রাজ্য উপস্থিত কিন্তু সুসম্পূর্ণ হয়নি। বিশ্বাসীদের রয়েছে পুনরুত্থিত জীবন, তথাপি তারা এখনও দৈহিক ভাবে মৃত্যু লাভ করে (২ করি ৫:২-৪)। আমরা পাপ থেকে রক্ষা প্রাপ্ত কিন্তু এখনও আমরা পাপের সাথে সংগ্রামরত (রোমীয় ৭; ইফি ৬:১০-১৮)।

□ “পুত্র হিসাবে আমাদের দত্তকতার অপেক্ষা করছি” পরিব্রাণের জন্য দত্তকপুত্রতা পৌলের প্রিয় পারিবারিক রূপক (১৫ পদ)। বিশ্বাসীদের পরিব্রাণ হল একটি প্রক্রিয়া যার সূচনা হয় প্রারম্ভিক মন পরিবর্তন ও বিশ্বাসের সিদ্ধান্তে এবং উন্নত হয় খ্রীষ্ট সাদৃশ্যতায় বেড়ে ওঠায়। পুনরুত্থানের দিন পর্যন্ত বিশ্বাসীরা সম্পূর্ণরূপে উদ্ধার পায় না (৩০ পদ এবং ১ যোহন ৩:২)।

“দত্তকপুত্রতা” টার্মটি কিছু গ্রীক পাণ্ডুলিপিতে বাদ দেওয়া হয়েছে (MSS P⁴⁶, D, F, G, এবং কিছু পুরাতন ল্যাটিন সংস্করণে)। যাহোক এটি সংযুক্ত হয়েছে N, A, B, C, কিছু পুরাতন ল্যাটিন, ভালগেট, সিরিয়াক, কপটিক এবং আরমেনিয়ান ভারশনে। UBS⁴ rates এর অন্তর্ভুক্তি “A” (নির্দিষ্ট) হিসাবে।

□ “নিজ দেহের মুক্তির” এই টার্ম অর্থ “আবার ক্রয় করা।” এই ধারণা পুরাতন নিয়মে ব্যবহার করা হয়েছে যে কোন একজন তার আত্মীয় (*go'el*) দ্বারা দাসত্ব হতে মুক্ত হয়েছে তা বর্ণনায়। এটি আবার ব্যবহৃত হয়েছে রূপক ভাবে পাপের দাসত্ব থেকে পতিত মানবকে ঈশ্বরের উদ্ধারের বিষয়ে। মূল্য দেওয়া হয়েছে দেহধারী পুত্রের পাপহীন জীবন। ৩:২৪ পদে বিশেষ বিষয় দেখুন।

খ্রীষ্ট ধর্ম, যিহুদী ধর্মের মত (ইয়োব ১৪:১৪-১৫; ১৯:২৫-২৬; দানি ১২:২) বলতে চেষ্টা করেছে যে বিশ্বাসীরা অনন্তকালীন দৈহিক (যদিও মানবের মত হওয়ার প্রয়োজন নেই, ১ করি ১৫:৩৫-৪৯) মানবিক দেহ লাভ করবে। বিশ্বাসীদের আত্মিক দেহ নিখুঁত ভাবে প্রস্তুত নূতন যুগের জীবনের জন্য, ঈশ্বরের সঙ্গে ঘনিষ্ঠ সহভাগিতার জীবন।

৮:২৪ “প্রত্যাশায় আমরা উদ্ধার পেয়েছি” এটি একটি AORIST PASSIVE INDICATIVE। যেমন ২৩ পদ উল্লেখ করছে আমাদের ভবিষ্যৎ পরিব্রাণ, ২৪ পদ উল্লেখ করছে আত্মার প্রতিনিধিত্বের মাধ্যমে আমাদের অতীতের পরিব্রাণ। নূতন নিয়ম কয়েকটি VERB TENSES ব্যবহার করেছে পরিব্রাণ বর্ণনা করতে (১০:৪ পদে বিশেষ বিষয় দেখুন)।

1. AORIST, প্রেরিত ১৫:১১ রোমীয় ৮:২৪; ২ তীম ১:৯; তীত ৩:৫; এবং রোমীয় ১৩:১১ সমন্বিত AORIST সাথে FUTURE ওরিয়েন্টেশন)
2. PERFECT, ইফিষীয় ২:৫, ৮
3. FUTURE, ১ করি ১:১৮; ১৫:২; ২ করি ২:১৫; ১ পিতর ৩:২১; ৪:১৮
4. FUTURE (VERB TENSE অথবা প্রসঙ্গকৃত অনুসিদ্ধান্ত), রোমীয় ৫:৯, ১০; ১০:৯; ১ করি ৩:১৫; ফিলি ১:২৮; ১ থিষ ৫:৮-৯; ইব্রীয় ১:১৪; ৯:২৮।

সেইজন্য, পরিব্রাণ শুরু হয় প্রাথমিক বিশ্বাসের সিদ্ধান্ত এবং জীবন পদ্ধতির বিশ্বাসের প্রক্রিয়ার বিষয় যা একদিন দৃষ্টিতে সম্পূর্ণতা লাভ করবে (১ যোহন ৩:২)।

৮:২৫ “প্রত্যাশা” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: প্রত্যাশা

পৌল প্রায়ই এই টার্মটি ব্যবহার করেছেন কয়েকটি ভিন্নতায় কিন্তু সম্পর্কযুক্ত অর্থে। প্রায়ই এটি সংযুক্ত বিশ্বাসীদের বিশ্বাসের সম্পূর্ণতার সঙ্গে (অর্থাৎ, ১ তীম ১:১)। এটি ব্যক্ত করতে পারে মহিমা, অনন্তজীবন, চূড়ান্ত পরিব্রাণ, দ্বিতীয় আগমন, ইত্যাদি। এই সুসম্পূর্ণতা নিশ্চিত, কিন্তু সময়ের উপাদান হল ভবিষ্যৎ এবং অজ্ঞাত। এটি প্রায়ই যুক্ত ছিল “বিশ্বাস” এবং “ভালবাসা” এর সাথে (১ করি ১৩:১৩; ১ থিষ ১:৩; ২ থিষ ২:১৬)। পৌলের এর ব্যবহারের একটি আংশিক তালিকা:

1. দ্বিতীয় আগমন, গালা ৫:৫; ইফি ১:১৮; ৪:৪; তীত ২:১৩
2. যীশু আমাদের প্রত্যাশা, ১ তীম ১:১
3. বিশ্বাসীরা ঈশ্বরের কাছে উপস্থিত হবে, কল ১:২২-২৩; ১ থিষ ২:১৯
4. প্রত্যাশা স্বর্গে শায়িত, কল ১:৫
5. সুসমাচারে নির্ভরতা, কল ১:২৩; ১ থিষ ২:১৯
6. চূড়ান্ত পরিব্রাণ, কল ১:৫; ১ থিষ ৪:১৩; ৫:৮
7. ঈশ্বরের মহিমা, রোমীয় ৫:২, ২ করি ৩:১২; কল ১:২৭
8. খ্রীষ্টের দ্বারা পরজাতিদের পরিব্রাণ, কল ১:২৭

৯. পরিত্রাণের নিশ্চয়তা, ১ থিষ ৫:৮
১০. অনন্ত জীবন, তীত ১:২; ৩:৭
১১. খ্রীষ্টিয় পরিপক্বতার ফল, রোমীয় ৫:২-৫
১২. সকল সৃষ্টির পুনরুদ্ধার, রোমীয় ৮:২০-২২
১৩. দত্তকপুত্রতা সুসম্পন্ন, রোমীয় ৮:২৩-২৫
১৪. ঈশ্বরের জন্য শিরোনাম, রোমীয় ১৫:১৩
১৫. বিশ্বাসীদের জন্য পৌলের আকাংখ্যা, ২ করি ১:৭
১৬. নূতন নিয়মের বিশ্বাসীদের নির্দেশক হিসাবে পুরাতন নিয়ম, রোমীয় ১৫:৪

□ “ধৈর্যের সাথে” এই টার্ম *hupomonē* আরও ব্যবহৃত হয়েছে ৫:৩ এবং ১৫:৪-৫ পদে। বিশ্বাসীদের পরিত্রাণ হল পরিপক্বতার একটি প্রক্রিয়া এবং একদিন তা সুসম্পন্ন হবে। ধৈর্যধারণ (প্রকা ২:৮, ১১, ১৭, ২৬; ৩:৫, ১২, ২১; ২১:৭) প্রয়োজনীয় বাইবেল ভিত্তিক “প্রারম্ভিক পরিত্রাণ” বিষয়ে সুসম গুরুত্বদানে। বেশীর ভাগ বাইবেলের সত্য (অর্থাৎ, প্রাচ্যদেশীয় সাহিত্য, দেখুন ৩:২৭ পদে বিশেষ বিষয়) ব্যক্ত হয়েছে বিতর্কের ভঙ্গিতে, চাপ-পূর্ণ জোড়ায়।

বিশেষ বিষয়: ধৈর্যধারণের অবশ্যকতা

খ্রীষ্টিয় জীবনের সঙ্গে সংযুক্ত বাইবেলের মতবাদ ব্যাখ্যা করা খুব কঠিন কারণ সেগুলি উপস্থাপন করেছে প্রাচ্য দেশীয় প্রচলিত যুক্তি-তর্কের মাধ্যমে সত্যে পৌছানোর জোড়ায়। এই জোড়া মনে হয় দ্বন্দ্বপূর্ণ, তথাপি উভয়ই বাইবেল ভিত্তিক। পশ্চিমা খ্রীষ্টিয়ানদের প্রবণতা আছে একটি সত্যকে বেছে নেওয়া এবং অবহেলা বা অবমূল্যায়িত করা বিপরীত সত্যকে। আমি ব্যাখ্যা করছি।

- ক. পরিত্রাণ কি খ্রীষ্টে নির্ভরতার এক প্রারম্ভিক সিদ্ধান্ত অথবা শিষ্যত্বের জন্য সারা জীবনের অঙ্গীকার?
 - খ. পরিত্রাণ কি একটি নির্বাচন যার মাধ্যম সার্বভৌম ঈশ্বরের কাছ থেকে আসা অনুগ্রহ অথবা ঐশ্বরীক দানের প্রতি মানুষের বিশ্বাস এবং মন পরিবর্তনের সাড়া প্রদান?
 - গ. পরিত্রাণ কি, একবার লাভ করলে, হারানো অসম্ভব, অথবা অবিরত বাধ্যতার কি প্রয়োজন রয়েছে?
- ধৈর্যধারণের বিষয়টি সমগ্র মণ্ডলীর ইতিহাসে বিতর্কের বিষয়। সমস্যার শুরু হয় দৃশ্যত নূতন নিয়মের দ্বন্দ্বপূর্ণ প্যাসেজ থেকে:
- ক. নিশ্চয়তার লেখনী
 ১. যীশুর মন্তব্য (যোহন ৬:৩৭; ১০:২৮-২৯)
 ২. পৌলের মন্তব্য (রোমীয় ৮:৩৫-৩৯; ইফি ১:১৩; ২:৫,৮-৯; ফিলি ১:৬; ২:১৩; ২ থিষ ৩:৩; ২ তীম ১:১২; ৪:১৮)
 ৩. পিতরের মন্তব্য (১ পিতর ১:৪-৫)
 - খ. ধৈর্যধারণের আবশ্যকতার লেখনী
 ১. যীশুর মন্তব্য (মথি ১০:২২; ১৩:১-৯,২৪-৩০; ২৪:১৩; মার্ক ১৩:১৩; যোহন ৮:৩১; ১৫:৪-১০; প্রকা ২:৭,১৭,২০; ৩:৫, ১২, ২১)
 ২. পৌলের মন্তব্য (রোমীয় ১১:২২; ১ করি ১৫:২; ২ করি ১৩:৫; গালা ১:৬; ৩:৪; ৫:৪; ৬:৯; ফিলি ২:১২; ৩:১৮-২০; কল ১:২৩)
 ৩. ইব্রীয় পুস্তকের লেখকের মন্তব্য (২:১; ৩:৬, ১৪; ৪:১৪; ৬:১১)
 ৪. যোহনের মন্তব্য (১ যোহন ২:৬; ২ যোহন ৯)
 ৫. পিতার মন্তব্য (প্রকা ২১:৭)

বাইবেল ভিত্তিক পরিত্রাণের বিষয়টি এসেছে ভালবাসা, দয়া, এবং সার্বভৌম ত্রিভু ঈশ্বরের অনুগ্রহ থেকে। কোন মানুষই রক্ষা পেতে পারে না আত্মার সূচনা ছাড়া (যোহন ৬:৪৪, ৬৫)। ঈশ্বর প্রথমে আসেন এবং এজেন্ডা স্থির করেন, কিন্তু দাবী করে যে মানুষ অবশ্যই বিশ্বাসে এবং মন পরিবর্তনের সাড়া প্রদান করবে, উভয়ই প্রারম্ভিক ভাবে ও সবসময়। ঈশ্বর মানুষের সাথে কাজ করেন নিয়মের সম্বন্ধে। সেখানে রয়েছে সুযোগ ও দায়িত্ব!

পরিত্রাণ সকল মানুষকে দেওয়া হয়েছে। যীশুর রক্ত পতিত সৃষ্টির পাপ সমস্যার বিষয়ে কাজ করেছে। ঈশ্বর একটি পথ দিয়েছেন এবং চেয়েছেন সকল মানুষ যারা তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট তাঁর ভালবাসায় এবং যীশুর ব্যবস্থায় সাড়া প্রদান করবে।

যদি আপনি এই বিষয়ে আরও পড়তে আগ্রহী হন নন-ক্যালভিনিষ্টিক দিক ছাড়া, তাহলে দেখুন

১. Dale Moody, *The Word of Truth*, Eerdmans, 1981 (pp. 348-365)
২. Howard Marshall, *Kept by the Power of God*, Bethany Fellowship, 1969
৩. Robert Shank, *Life in the Son*, Westcott, 1961

এই ক্ষেত্রে বাইবেল দুটি ভিন্ন সমস্যার বিষয়ে বলেছে: (১) নিশ্চয়তাকে নেওয়া হয়েছে ফলহীন, স্বার্থপর জীবন যাপনের লাইসেন্স হিসাবে এবং (২) তাদেরকে উৎসাহ দান যারা পরিচর্যা এবং ব্যক্তি পাপের জন্য সংগ্রাম করছে। সমস্যা হল যে ভুল দল ভুল বার্তা গ্রহণ করেছে এবং সীমাবদ্ধ বাইবেলের প্যাসেজ নিয়ে ধর্মতাত্ত্বিক পদ্ধতি নির্মাণ করছে। কিছু কিছু খ্রীষ্টিয়ানের প্রচলিত ভাবে দরকার নিশ্চয়তার বার্তা, যখন অন্যদের দরকার কঠোর সতর্কবাণী! আপনি কোন দলে আছেন?

NASB (আপডেটেড) টেক্সট: ৮:২৬-২৭

^{২৬} আর সেই ভাবে আত্মাও আমাদের দুর্বলতায় সাহায্য করেন; কারণ উচিত মতে কি প্রার্থনা করতে হয় তা আমরা জানি না, কিন্তু আত্মা নিজে অবজ্ঞায় আর্ন্তস্বর দ্বারা আমাদের পক্ষে অনুরোধ করেন; ^{২৭} আর যিনি সব হৃদয়ের অনুসন্ধান করেন তিনি জানেন আত্মার ভাব কি, কারণ ইনি পবিত্রাগণের পক্ষে ঈশ্বরের ইচ্ছা অনুসারেই অনুরোধ করেন। (অনুবাদকৃত টেক্সট)।

৮:২৬ “আর সেই ভাবে” আত্মার মধ্যস্থতার পরিচর্যার সাথে “আর্তস্বর এবং আশাপূর্ণ”র সংযুক্তি উল্লেখিত হয়েছে ১৮-২৫ পদে।

□ “আত্মাও সাহায্য করেন” এটি একটি PRESENT MIDDLE (deponent) INDICATIVE। VERB এর দ্বিগুণ সমন্বয় রয়েছে, *syn* (২৮ পদ) এবং *anti*। এটি সবচেয়ে ভাল অনুবাদ “ধরিয়া লওয়া”। এই টার্ম কেবলমাত্র এখানে এবং লুক ১০:৪০ পদে পাওয়া যায়। সম্পূর্ণ ত্রিভু ঈশ্বর বিশ্বাসীদের জন্য। পিতা পুত্রকে পাঠিয়েছিলেন মানবের পক্ষে মৃত্যুবরণ করতে (যোহন ৩:১৬), এবং তিনি এখন আমাদের জন্য মধ্যস্থতা করছেন (৩৪ পদ; ইব্রীয় ৭:২৫; ৯:২৪; ১ যোহন ২:১)। আত্মা পতিত মানবকে খ্রীষ্টের কাছে নিয়ে আসেন এবং তাদের মধ্যে খ্রীষ্টকে রূপ দেন (যোহন ১৬:৮-১৫)। যাহোক, VERB “সাহায্য করা”, যার অর্থ “কারণ সঙ্গে ধরিয়া লওয়া,” এই ইঙ্গিত দেয় যে বিশ্বাসীদেরও একটি অংশ রয়েছে আত্মার সাহায্য (মধ্যস্থতা) নিখুঁত করায়।

□ “দুর্বলতায়” এই NOUN পৌলের দ্বারা ব্যবহৃত হয়েছে বেশ কয়েকটি অর্থে (BAGD, p. 115)

১. দেহের দুর্বলতা বা অসুস্থতা, ২ করি ১১:৩০; ১২:৫, ৯, ১০; গালা ৪:১৩; ১ তীম ৫:২৩
২. মানবিক অবস্থা, ১ করি ১৫:৪৩; ২ করি ১৩:৪
৩. রূপরেখার জন্য
 - ক. ভীর্ণতা, ১ করি ২:৩
 - খ. দণ্ড, রোমীয় ৬:১৯
 - গ. ধার্মিকতার অর্ন্তদৃষ্টির অভাব, রোমীয় ৮:২৬

VERB ব্যবহৃত হয়েছে একই ভাবে।

১. দেহের দুর্বলতা, ফিলি ২:২৬-২৭; ২ তীম ৪:২০
২. মানবিক অবস্থা, রোমীয় ৮:৩; ২ করি ১১:২১, (নোট করুন মথি ৮:১৭; যিশা ৫৩:৪ পদের উদ্ধৃতি)
৩. রূপরেখার জন্য
 - ক. ধর্মীয় অথবা নৈতিক দুর্বলতা, রোমীয় ১৪:২; ১ করি ৮:১১-১২
 - খ. বিশ্বাসে দুর্বল, রোমীয় ৪:১৯; ১৪:১
 - গ. দুর্বলচিত্ত এবং ভীত, ২ করি ১১:২৯

মনে রাখুন প্রসঙ্গ অর্থ ঠিক করে ভাষাগত অর্থের আভ্যন্তরিন মাপনি। অভিধান কেবলমাত্র তালিকা করে সম্ভাব্য তাৎপর্য ও ব্যবহারের।

□ “আত্মা নিজে অবজ্ঞব্য আর্তস্বর দ্বারা আমাদের পক্ষে অনুরোধ করেন” বিশ্বাসীরা আর্তস্বর করছে তাদের পতিত অবস্থার জন্য এবং আত্মা আর্তস্বর করছেন তাদের মধ্যস্থতার জন্য। আত্মা তাদের জন্য পুনরুদ্ধারের প্রার্থনা করছেন এবং যীশুও ঈশ্বরের দক্ষিণ পাশে বসে তাদের জন্য প্রার্থনা করছেন, (২৭, ৩৪ পদ; ইব্রীয় ৭:২৫; ৯:২৪; ১ যোহন ২:১)। এই মধ্যস্থতা বিশ্বাসীদের শক্তি যোগায় প্রার্থনা করতে (১৫ পদ; গালা ৪:৬)। প্রসঙ্গে এই প্যাসেজ কখনোই উল্লেখ করে না পরভাষায় কথার বলার আত্মিক দানের, কিন্তু পিতার কাছে বিশ্বাসীদের পক্ষে আত্মার মধ্যস্থতা।

□

NASB, NRSV “অবজ্ঞব্য”

NKJV “যা উচ্চারণ করা যায় না”

TEV “বাক্য ব্যক্ত করা যায় না”

NJB “যা বাক্যে বলা যায় না”

বাক্য হল সাধারণ শব্দ “কথা বলা” “ভাষা”(১ করি ১৩:১) সাথে ALPHA PRIVATIVE। নূতন নিয়মে কেবলমাত্র এখানেই এটি ঘটেছে। আর এক ধরনের শব্দের রূপ ব্যবহৃত হয়েছে মার্ক সুসমাচারে বোবা/বধির লোকদের জন্য (৭:৩৭; ৯:১৭, ২৫)।

□ “মধ্যস্থতা” বিশেষ বিষয় দেখুন: ১:৩০ পদে পৌলের *Huper* সমন্বয় ব্যবহার।

৮:২৭ “যিনি সব হৃদয়ের অনুসন্ধান করেন” পুরাতন নিয়মে এটি একটি বার বার বলা থিম (১ শমূ ২:৭; ১৬:৭; ১ রাজা ৮:৩৯; ১ বংশ ২৮:৯; ২ বংশ ৬:৩০; গীত ৭:৯; ৪৪:২১; হিতো ১৫:১১; ২০:২৭; ২১:২; যির ১১:২০; ১৭:৯-১০; ২০:১২; লুক ১৬:১৫; প্রেরিত ১:২৪; ১৫:৮)। ঈশ্বর সত্যিকার ভাবে আমাদের জানেন এবং আজও আমাদের ভালবাসেন (গীত ১৩৯)।

□ “ইনি পবিত্রগণের পক্ষে অনুরোধ করেন” যোহন ১৬:২-১৫ পদে আত্মার কাজ স্পষ্ট ভাবে বলা হয়েছে। এর মধ্যে একটি অনুরোধ করা বা মধ্যস্থতা করা।

টার্ম “পবিত্রগণ” সব PLURAL ছিল ব্যতিক্রম কেবল ফিলি ৪:২১ পদে যেখানে এটি আরও উল্লেখ করেছে সকল বিশ্বাসীদের। খ্রীষ্টিয়ানেরা ঈশ্বরের পরিবারের সদস্য, খ্রীষ্টের দেহ, নূতন মন্দির নির্মিত প্রতিটি বিশ্বাসীদের থেকে। একটি ধর্মতাত্ত্বিক সমতা প্রয়োজন পশ্চিমা (আমেরিকান) ব্যক্তি স্বাতন্ত্র্যবাদের সাথে। বিশেষ বিষয় দেখুন ১:৭ পদে পবিত্র গণ।

বিশেষ বিষয়: আত্মার ব্যক্তিরূপ

পুরাতন নিয়মে “ঈশ্বরের আত্মা” (অর্থাৎ, *ruach*) ছিল একটি শক্তি যেটি সম্পাদন করতো YHWH উদ্দেশ্যে, কিন্তু এখানে কোন ইঙ্গিত দেয়

না যে এটি ছিল ব্যক্তিগত(অর্থাৎ, পুরাতন নিয়মে এক ঈশ্বরবাদ)। যাহোক, নূতন নিয়মে সম্পূর্ণ ব্যক্তিত্ব এবং আত্মার ব্যক্তিত্ব লিখিত হয়েছে।

১. তিনি নিন্দিত হতে পারেন (মথি ১২:৩১; মার্ক ৩:২৯)
২. তিনি শিক্ষা দেন (লুক ১২:১২; যোহন ১৪:২৬)
৩. তিনি সাক্ষ্য বহন করেন (যোহন ১৫:২৬)
৪. তিনি দোষী করেন, পরিচালনা দেন (যোহন ১৬:৭-১৫)
৫. তাঁকে বলা হয় “কে” (অর্থাৎ *hos*) (ইফি ১:১৪)
৬. তিনি দুঃখ পেতে পারেন (ইফি ৪:৩০)
৭. তিনি নিবৃত্ত করতে পারেন (১ থিম ৫:১৯)

ত্রিভু বিষয়ক লেখনীও তিন ব্যক্তির বিষয়ে বলে

১. মাথি ২৮:১৯
২. ২ করি ১৩:১৪
৩. ১ পিতর ১:২

আত্মা মানবিক কাজের সঙ্গে সংযুক্ত।

১. প্রেরিত ১৫:২৮
২. রোমীয় ৮:২৬
৩. ১ করি ১২:১১
৪. ইফি ৪:৩০

প্রেরিত পুস্তকের একেবারে শুরুতে আত্মার ভূমিকাতে গুরুত্ব দেওয়া হয়েছে। পঞ্চশতমি আসলে আত্মার কাজের সূচনা ছিল না, কিন্তু একটি নূতন অধ্যায়ের। যীশুর সঙ্গে সব সময় আত্মা ছিলেন। তাঁর বাপ্তিস্ম আসলে আত্মার কাজের সূচনা ছিল না, কিন্তু একটি নূতন অধ্যায়ের। লুক মন্ডলীকে প্রস্তুত করেছেন কার্যকর পরিচর্যার নূতন অধ্যায় রূপে। আজও যীশুই মূল দৃষ্টি, আজও আত্মা কার্যকরী উপায় এবং পিতার ভালবাসা, ক্ষমা, এবং সকল মানুষের পুনরুদ্ধার যারা তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট হল আসল লক্ষ্য!

NASB (আপডেটেড)টেক্সট: ৮:২৮-৩০

^{২৮} আর আমরা জানি যারা ঈশ্বরকে প্রেম করে, যারা তাঁর উদ্দেশ্য অনুসারে আহবান প্রাপ্ত, তাদের পক্ষে সকলই মঙ্গলার্থে একসঙ্গে কাজ করছে।

^{২৯} কারণ তিনি যাদেরকে পূর্বে জানলেন, তাদেরকে নিজ পুত্রের প্রতিমূর্তির মত হবার জন্য পূর্বে নিরূপণও করলেন; যেন ইনি অনেক ভাইয়ের মধ্যে প্রথমজাত হন; ^{৩০} আর তিনি যাদেরকে পূর্বে নিরূপণ করলেন; তাদেরকে আহবানও করলেন; আর যাদেরকে আহবান করলেন, তাদেরকে ধার্মিক বলে গণ্যও করলেন; আর যাদেরকে ধার্মিক গণ্য করলেন, তাদের প্রতাপাশ্রিতও করলেন। (অনুবাদকৃত টেক্সট)।d.

৮:২৮ “আর আমরা জানি” এই VERB (*oida*) এই প্রসঙ্গে চার বার দেখা যায়।

১. বিশ্বাসীরা জানে সকল সৃষ্টি আর্তস্বর করছে (২২ পদ)
২. বিশ্বাসীরা জানে না কিভাবে প্রার্থনা করতে হয় (২৬ পদ)
৩. পিতা মানুষের অন্তর ও আত্মার মন জানেন (২৭ পদ)
৪. বিশ্বাসীরা জানে যে সকল বিষয় একসঙ্গে মঙ্গলের জন্য কাজ করছে (২৮ পদ)



এনএএসবি, টিসিএনটি “ঈশ্বর সব কিছুই কারণ”

এনকেজেডি, এনআরএসভি,

এনইটি “সকল বিষয়”

টিইভি, এনআইভি “সকল কিছুই ঈশ্বরের কাজ”

লেখনীগত প্রশ্ন হল কতবার “*Theos*” (অথবা “*Theon* ”) এই পদে দেখা যায়?

কোন পাদুলিপির ভিন্নতা “তারা যারা ঈশ্বরকে ভালবাসে” এই শব্দগুচ্ছের সঙ্গে সম্পর্কযুক্ত নয়, কিন্তু ভিন্নতা “সকল বিষয় মঙ্গলার্থে এক সঙ্গে কাজ করিতেছে” শব্দগুচ্ছের সঙ্গে সম্পর্কযুক্ত।

১. কোন কোন পাদুলিপি VERB পরে যুক্ত করেছে “*ho Theos*”, P⁴⁶, A, B, 81, এবং কিছু কপটিক এবং ইথিয়পিয়ান ভারশন।
২. বেশীর ভাগ পাদুলিপি বাদ দিয়েছে এর X, C, D, F, G, এবং ভালগেট, পেশিটা, আমেরিকান ভারশন। UBS⁴ এর rates করেছে এর ত্রুটি বিচ্যুতি “B” (প্রায় নির্দিষ্ট) হিসাবে।

NASB একে অন্তর্ভুক্ত করেছে উদ্ভিন্নতার ঐশ্বরিক কার্যক্রমের পয়েন্ট হিসাবে। এই প্রসঙ্গ থেকে এটি স্পষ্ট যে আত্মার প্রতিনিধিত্ব প্রত্যাশিত (২৭ পদ; NEB, REB)।

□ “সকলই মঙ্গলার্থে একসঙ্গে কার্য করছে” এটি হল PRESENT ACTIVE INDICATIVE। এটি আর একটি সমন্বয় *syn* (২৬ পদ) সাথে। সেজন্য, এর আক্ষরিক অর্থ “সকল বিষয় মঙ্গলের জন্য অবিরত কাজ করছে একে অন্যের সহভাগিতায়।” এটি মন্দতা ও দুঃখভোগের জগতে একটি কঠিন ধারণা (এই বিষয়ে দুটি সাহায্যকারী পুস্তক হল *The Goodness of God* by Wenham and Hannah Whithall Smith, *The*

Christian's Secret of a Happy Life)। এখানে “মঙ্গল” ২৯ পদে ব্যাখ্যা করা হয়েছে “তঁার পুত্রের প্রতিমূর্তির উপযোগ হওয়া” হিসাবে। খ্রীষ্ট সাদৃশ্যতা, সমৃদ্ধি, সুখ্যাতি বা স্বাস্থ্য নয়, এটি হল প্রতিটি বিশ্বাসীদের জন্য ঈশ্বরের অপরিবর্তনীয় পরিকল্পনা।

□ “যারা ঈশ্বরকে প্রেম করে, যারা তাঁর উদ্দেশ্য অনুসারে আহবান প্রাপ্ত” এগুলি হল দুটি PRESENT ACTIVE PARTICIPLES। এগুলি হল দুটি শর্ত যেটি সব সময় বিশ্বাসীদেরকে সুযোগ দিচ্ছে জীবন দেখার, পরিস্থিতি যাই হোক না কেন, ইতিবাচক আলোতে (১৫ পদ)। আবার লক্ষ্য করুন মানবের স্বাধীনতার (“ভালবাসা” দুটি জমজ চুক্তিবদ্ধ দিক এবং ঈশ্বরের সার্বভৌমত্ব (“আহবান”))।

টার্ম “উদ্দেশ্য” ঈশ্বরের অনন্তকালীন পরিকল্পনায় সংযুক্ত যা পাওয়া যায় রোমীয় ৯:১১; ইফি ১:১১; এবং ২ তীম ১:৯ পদে। ঈশ্বরের পতিত মানুষের জন্য একটি অনন্তকালীন পুনরুদ্ধারের পরিকল্পনা রয়েছে। বিশেষ বিষয় দেখুন: ১:৫ পদে ববের ইভানজেলিক্যাল পক্ষপাতিত্ব।

৮:২৯-৩০ এই পদে সব VERBS হল AORIST ACTIVE INDICATIVES। সেগুলি একটি শিকল গঠন করেছে সময়ের পূর্ব থেকে সময় বলে কিছু না থাকা পর্যন্ত। ঈশ্বর আমাদের জানের এবং আমাদের জন্য আছেন এবং তিনি চান আমরা যেন তাঁর সাথে থাকি। এটি একটি মিলিত, ব্যক্তিগত নয়, প্রসঙ্গ। মহিমার চূড়ান্ত কাজ এখনও ভবিষ্যতের, কিন্তু এই প্রসঙ্গে এটি বর্ণনা করা হয়েছে সম্পাদিত ঘটনা হিসাবে।

৮:২৯ “পূর্বে জানিলেন” পৌল এই টার্ম ব্যবহার করেছেন দুবার, এখানে এবং ১১:২ পদে। ১১:২ পদে, এটি উল্লেখ করেছে সময়ের পূর্বে ঈশ্বরের নিয়মের ভালবাসা ইস্রায়েলীয়দের জন্য। মনে রাখুন যে হিব্রুতে টার্ম “জানা” ঘনিষ্ঠ, ব্যক্তিগত সম্পর্ক, কারো সম্বন্ধে কোন সত্য নয় (আদি ৪:১; যির ১:৫)। এখানে এটি অন্তর্ভুক্ত ঘটনার শৃংখলে (২৯-৩০ পদ)।

এই টার্ম যুক্ত পূর্ব নিরূপিত অদৃষ্টের সাথে। যাহোক, এটি অবশ্যই বর্ণনা করেছে যে ঈশ্বরের পূর্ব জ্ঞান নির্বাচনে ভিত্তি করে নয় কারণ যদি তাই হতো, তাহলে নির্বাচন হতো পতিত মানুষের ভবিষ্যৎ সাড়া প্রদানের ভিত্তি, যেটি হতো মানুষের কাজ। এই টার্ম আরও আমরা পাই প্রেরিত ২৬:৫; ১ পিতর ১:২,২০ এবং ২ পিতর ৩:১৭।

□ “পূর্ব নিরূপণ” টার্ম “পূর্ব জ্ঞান”(proginōskō) অথবা “পূর্ব নির্ধারিত ভাগ্য” (proorizō) উভয়ই সমন্বিত PREPOSITION পূর্বে (pro) এবং এই কারণে, অনুবাদ হওয়া উচিত “পূর্বে জানা,” “পূর্বে সীমা নির্ধারণ,” অথবা “পূর্বে চিহ্নিত করণ।”

পূর্ব নির্ধারিত অদৃষ্ট বিষয়ে নূতন নিয়মে চূড়ান্ত প্যাসেজ হল রোমীয় ৮:২৮-৩০; ইফি ১:৩-১৪ এবং রোমীয় ৯ অধ্যায়। এই টেক্সট স্পষ্টত জোর দিচ্ছে যে ঈশ্বর হলেন সার্বভৌম। তাঁর নিয়ন্ত্রণে সকল বিষয়, মানবিক ইতিহাসও অন্তর্ভুক্ত। একটি পূর্ব নির্ধারিত ঐশ্বরিক পুনরুদ্ধারের পরিকল্পনা সময়ের মধ্যেই কাজ করতে শুরু করেছে। যাহোক, এই পরিকল্পনা হঠাৎ নির্ধারিত বা নির্বাচিত নয়। এর ভিত্তি কেবলমাত্র ঈশ্বরের সার্বভৌমত্ব এবং পূর্বজ্ঞান নয়, কিন্তু তাঁর অপরিবর্তনীয় ভালবাসা, দয়া এবং মহিমা যা আমরা পাবার যোগ্য নই।

আমরা অবশ্যই আমাদের পশ্চিমা (আমেরিকান) ব্যক্তি স্বাভাবিকদের প্রতি সতর্ক থাকবো অথবা আমাদের সুসমাচারের প্রচারের আগ্রহ এই অশ্রুত সত্যকে কালারিং করবে। আমরা অবশ্যই সুরক্ষা করবো ঐতিহাসিক, ধর্মতাত্ত্বিক মেরুপকরণ হওয়ার দ্বন্দ্ব আগস্টিন বনাম পেলেগ্রিয়াস বা ক্যালভিন তত্ত্ব বনাম আর্মেনিয়াজমের মধ্যকার।

পূর্ব নির্ধারিত অদৃষ্ট কোন মতবাদ নয় অর্থাৎ ঈশ্বরের ভালবাসা, অনুগ্রহ এবং দয়াকে সীমাবদ্ধ করা অথবা সুসমাচার থেকে কিছু বাদ দেওয়া। এর অর্থ বিশ্বাসীদের সবল করা তাদের বিশ্ব দর্শনকে ছাচে ঢেলে। ঈশ্বর সকল মানুষের জন্য (যোহন ৩:১৬; ১ তীম ২:৪; ২ পিতর ৩:৯)। ঈশ্বর সব কিছুই নিয়ন্ত্রণে। কে অথবা কি তাঁর থেকে আমাদের পৃথক করতে পারে (রোমীয় ৮:৩১-৩৯)? পূর্ব নির্ধারিত অদৃষ্ট রূপ দুটি উপায়ের একটি উপায়ে জীবনকে দেখে। ঈশ্বর সকল ইতিহাসকে বর্তমান হিসাবে দেখেন; মানুষ হল সময়ে সীমাবদ্ধ। আমাদের উদ্দেশ্য এবং মানসিক ক্ষমতা সীমাবদ্ধ। ঈশ্বরের সার্বভৌমত্ব এবং মানুষের স্বাধীন ইচ্ছার মধ্যে কোন দ্বন্দ্ব নেই। এটি হল একটি নিয়মবদ্ধ কাঠামো। এটি হল আর একটি বাইবেলের সত্যের উদাহরণ যুক্তি তর্কের মাধ্যমে সত্যে পৌছানোতে চাপ দেওয়া হয়েছে (বিশেষ বিষয় দেখুন: ৩:২৭ প্রাচ্য দেশীয় সাহিত্য। বাইবেলের মতবাদ সাধারণত উপস্থাপিত হয় ভিন্ন ভিন্ন উদ্দেশ্য থেকে। এগুলি প্রায়ই দেখা যায় স্ববিরোধী। সত্য হল একটি সমতা মধ্যে হওয়া বিপরীত জোড়ার মধ্যকার। আমরা অবশ্যই চাপ সরাব না একটি সত্য তুলে নেবার দ্বারা। আমরা অবশ্যই কোন বাইবেলের সত্যকে আলাদা করে ধর্মতাত্ত্বিক পদ্ধতিতে নেবো না যা নির্দিষ্ট প্রসঙ্গের সাথে সম্পর্কহীন।

এটি আরও গুরুত্বপূর্ণ যোগ করা যে নির্বাচনের লক্ষ্য কেবলমাত্র স্বর্গ নয় যখন আমরা মারা যাই, কিন্তু এখন খ্রীষ্ট সাদৃশ্যতা (ইফি ১:৪; ২:১০)। আমাদের বেছে নেওয়া হয়েছে “পবিত্র ও নিষ্কলঙ্ক” হবার জন্য। ঈশ্বর বেছে নিয়েছেন আমাদের পরিবর্তন করার জন্য যেন অন্যরা আমাদের পরিবর্তন দেখে এবং খ্রীষ্টের মাধ্যমে বিশ্বাসে সাড়া প্রদান করে। পূর্ব নির্ধারিত অদৃষ্ট ব্যক্তিগত সুযোগ সুবিধা নয় কিন্তু নিয়মবদ্ধ দায়িত্ব।

□ “তাদেরকে নিজ পুত্রের প্রতিমূর্তির মত হবার জন্য” এই প্যাসেজে এটি একটি প্রধান সত্য। এটাই খ্রীষ্ট ধর্মের প্রধান লক্ষ্য (৮:৯; ২ করি ৩:১৮; গালা ৪:১৯; ইফি ১:৪; ২:১০; ৪:১৩; ১ থিথ ৩:১৩; ৪:৩; ১ পিতর ১:১৫)। পবিত্রতা প্রত্যেক বিশ্বাসীর জন্য ঈশ্বরের ইচ্ছা। ঈশ্বরের নির্বাচন হল খ্রীষ্ট সাদৃশ্যতা (ইফি ১:৪), কোন বিশেষ মর্যাদা নয়। ঈশ্বরে প্রতিমূর্তি যেটি সৃষ্টিতে মানুষকে দেওয়া হয়েছে (আদি ১:২৬; ৫:১, ৩; ৯:৬) তা পুনরুদ্ধার হবে (কল ৩:১০)। ৮:২১ পদে নোট এবং বিশেষ বিষয় দেখুন: ১:৬ পদে আহবান।

□ “যেন ইনি অনেক ভাইয়ের মধ্যে প্রথমজাত হন” গীত ৮:৯:২৭ পদে “প্রথমজাত” মশীহের জন্য একটি উপাধি। পুরাতন নিয়মে প্রথম জাত পুত্রের ছিল শ্রেষ্ঠত্ব এবং সুযোগ-সুবিধা। টার্ম ব্যবহৃত হয়েছিল কল ১:১৫ পদে যীশুর শ্রেষ্ঠত্ব সৃষ্টিতে এবং কল ১:১৮ ও প্রকা ১:৫ পদে পুনরুত্থানে যীশুর শ্রেষ্ঠত্ব দেখাতে। এই টেক্সটে বিশ্বাসীরা, তাঁর মাধ্যমে, তাঁর শ্রেষ্ঠত্বে আনিত হবে।

এই টার্ম যীশুর দেহধারণকে উল্লেখ করে না, কিন্তু তাঁকে নূতন বংশের মস্তক হিসাবে (৫:১২-২১), ধারাবাহিকতায় প্রথম, আমাদের বিশ্বাসের পোষাকের চিহ্ন, বিশ্বাসের পরিবারের প্রতি পিতার আশীর্বাদের পথ! নিচে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: প্রথমজাত

এই শব্দ “প্রথমজাত” (*prōtotokos*) বাইবেলে ব্যবহৃত হয়েছে বেশ কয়েকটি স্বতন্ত্র অর্থে।

১. এর পুরাতন নিয়মের প্রেক্ষাপট উল্লেখ করে পরিবারে প্রথমজাত সন্তানের আসন্ন আগমন (গীত ৮৯:২৭; লূক ২:৭; রোমীয় ৮:২৯; ইব্রীয় ১১:২৮)
২. এটি ব্যবহার হয়েছে কল ১:১৫ পদে যীশুকে সৃষ্টির প্রথমজাত বলতে যেটি ছিল পুরাতন নিয়মের সাক্ষ্য উল্লেখ হিতো ৮:২২-৩১; অথবা সৃষ্টিতে ঈশ্বরের প্রতিনিধি (যোহন ১:৩; ১ করি ৮:৬; কল ১:১৫-১৬; ইব্রীয় ১:২)
৩. কল ১:১৮; ১ করি ১৫:২০ (এবং এখানে) পদে ব্যবহৃত হয়েছে এটা উল্লেখ করতে যে যীশু মৃতগণের মধ্যে প্রথমজাত
৪. এটি একটি পুরাতন নিয়মের উপাধি যেটি মশীহের জন্য ব্যবহৃত হয়েছে (গীত ৮৯:২৭; ইব্রীয় ১:৬; ১২:২৩)। এটি একটি উপাধি যার মধ্যে সমন্বিত রয়েছে কয়েকটি দিক যীশুর প্রাধান্যতা এবং কেন্দ্রিকতা। এই প্রসঙ্গে # ৩ এবং # ৪ উপযুক্ত ভাবে খাপ খায়।

৮:৩০ “প্রতাপান্বিতও” বাইবেল প্রায়ই ঈশ্বরকে বর্ণনা করা হয়েছে “প্রতাপ” টার্ম দিয়ে। এই টার্মটি এসেছে একটি বাণিজ্যিক মূল শব্দ থেকে যার অর্থ “ভারী/প্রবল” এবং প্রয়োগে মূল্যবান, সোনার মত। দেখুন ৩:২৩ পদে বিশেষ বিষয়।

ধর্মতত্ত্বগত ভাবে ঈশ্বর পতিত মানুষকে পুনরুদ্ধার করছেন একটি ধারাবাহিক পদক্ষেপের মাধ্যমে যার তালিকা রয়েছে ২৯-৩০ পদে। শেষ ধাপ হল প্রতাপান্বিত”। এটি হবে বিশ্বাসীদের সম্পূর্ণ পরিগ্রহণ। এটি ঘটবে পুনরুত্থান দিনে যেদিন তাদের দেওয়া হবে নূতন আত্মিক দেহ (১ করি ১৫:৫০-৫৮) এবং একত্র হবে সম্পূর্ণ ভাবে ত্রিভু ঈশ্বরের সঙ্গে এবং একে অন্যের সঙ্গে (১ থিষ ৪:১৩-১৮; ১ যোহন ৩:২)।

প্রায়ই ২৯-৩০ পদে উল্লেখিত প্রক্রিয়াটি ধর্মতাত্ত্বিক শ্রেণীবিভাগে রাখা হয়েছে।

১. ধার্মিক গণনা করা, ৩০ পদ-পাপের শাস্তি থেকে মুক্ত (দত্তকপুত্র, উত্তরাধিকার, ১৬-১৭ পদ)
২. পবিত্রকরণ (অর্থাৎ, “তঁার পুত্রের প্রতিমূর্তির অনুরূপ হওয়া”), ২৯ পদ-পাপের ক্ষমতা থেকে মুক্ত (খ্রীষ্ট সাদৃশ্য জীবন যাপন)
৩. প্রতাপান্বিত”, ৩০ পদ-পাপের উপস্থিতি থেকে মুক্ত (অর্থাৎ, স্বর্গ)

NASB (আপডেটেড) টেক্সট: ৮:৩১-৩৯

“এই সকল বিষয়ে আমরা কি বলব? ঈশ্বর যখন আমাদের স্বপক্ষ হন, তখন আমাদের বিপক্ষ কে হয়? ^{৩২} যিনি নিজ পুত্রকে ছাড় দিলেন না, কিন্তু আমাদের সকলের জন্য তাঁকে সমর্পণ করলেন, তিনি কি তাঁর সাথে সমস্তই আমাদেরকে বিনামূল্যে দান করবেন না? ^{৩৩} ঈশ্বরের মনোনীতদের বিপক্ষে কে অভিযোগ করবে? ঈশ্বর ত তাদের ধার্মিক করেন; ^{৩৪} তবে সে কে যে দোষী করবে? খ্রীষ্ট যীশু হলেন তিনি যিনি মরলেন, হ্যাঁ, বরং তিনি উত্থাপিতও হলেন, তিনিই ঈশ্বরের দক্ষিণে আছেন, আর আমাদের পক্ষে অনুরোধ করছেন। ^{৩৫} খ্রীষ্টের ভালবাসা থেকে কে আমাদের পৃথক করবে? কি ক্রোধ, কি সঙ্কট, কি তাড়না, কি দুর্ভিক্ষ, কি উলঙ্গতা, কি প্রাণ-সংশয়, কি খড়গ? ^{৩৬} যেমন লেখা আছে, “তোমার জন্য আমরা সমস্ত দিন নিহত হচ্ছি; আমরা বধ্য মেঘের মত গণ্য হলাম।” ^{৩৭} কিন্তু যিনি আমাদের ভালবেসেছেন তাঁরই দ্বারা আমরা এই সকল বিষয়ে বিজয়ী থেকে আরও বিজয়ী হই। ^{৩৮} কারণ আমি নিশ্চিত যে কি মৃত্যু, কি জীবন, কি দূতগণ, কি নীতিসমূহ, কি বর্তমান বিষয় সমূহ, কি ভাবী বিষয় সমূহ, কি পরাক্রম সমূহ, ^{৩৯} কি উর্দ্ধ স্থান, কি গভীর স্থান, কি অন্য কোন সৃষ্ট বস্তু, কিছুই আমাদের ঈশ্বরের প্রেম থেকে পৃথক করতে পারবে না যা আমাদের প্রভু খ্রীষ্ট যীশুতে অবস্থিত। (অনুবাদকৃত টেক্সট)।

৮:৩১ “এই সকল বিষয়ে আমরা কি বলব” এটি পৌলের একটি প্রিয় শব্দগুচ্ছ যেখানে প্রতিফলিত হয়েছে তার উপস্থাপনার তীব্র সমালোচনার রূপ (৩:৫; ৪:১; ৬:১; ৭:৭; ৯:১৪, ৩০)। এই প্রশ্ন সম্পর্কযুক্ত পূর্বে দেওয়া সত্যের সাথে। এটি অনিশ্চিত যে এটা কতটা পিছনের বিষয় উল্লেখ করেছে। এটি উল্লেখ করতে পারে ৩:২১-৩১ পদ অথবা ৮:১৮ পদ। যেহেতু ৮:১ পদে এবং প্রসঙ্গে “সেজন্য” ব্যবহার, ৮:১৮ পদ সম্ভবত একটি ভাল অনুমান।

□ “যদি” এটি একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE যেখানে মনে করা হয় লেখকের দিক থেকে সত্য অথবা তার সাহিত্যের উদ্দেশ্যে। বিস্ময়কর, পাপের সাথে আমাদের সকল সংগ্রামে ঈশ্বর আমাদের পক্ষে!

□ “কে আমাদের বিপক্ষ” PRONOUN “কে” ৩৩, ৩৪, ৩৫ পদে পুনরাবৃত্তি করা হয়েছে। এটি শয়তানের উল্লেখ করেছে (১৬:২০ পর্যন্ত যার নাম উল্লেখ করা হয়নি)। ৩১ থেকে ৩৯ পদ পর্যন্ত এই প্যারাগ্রাফ, ব্যবহার করেছে পুরাতন নিয়মের ভাববাদীদের সাহিত্য কৌশল, একটি বিচার সভার বিচার (মীখা ১,৬)। YHWH তাঁর লোকদের আত্মিক ব্যাভিচারের জন দরবারে নিয়ে যাবেন। এটি যিশা ৫০:৮৯ পদের একটি পরোক্ষ উক্তি।

লক্ষ্য করুন বৈধ টার্ম: “বিপক্ষ”, ৩১ পদে; “একটি অভিযোগ”, ৩৩ পদ; “ধার্মিক গণনা”, ৩৩ পদে; “দোষারপ”, ৩৪ পদ এবং “মধ্যস্থতা”, ৩৪ পদে। ঈশ্বর বিচারক। খ্রীষ্ট হলেন পক্ষ সমর্থনকারী উকিল। শয়তান হল অভিযোগ কারী বৈধ উকিল (কিন্তু সে নিরব)। দরবার সভা পরিপূর্ণ স্বর্গদূতগণের দ্বারা (১ করি ৪:৯; ইফি ২:৭; ৩:১০)।

৮:৩২ “যিনি নিজ পুত্রকে ছাড় দিলেন না” পিতা ঈশ্বর পতিত মানুষকে তাঁর সবচেয়ে উত্তম কিছু দিয়েছেন। তিনি বিশ্বাসীদের ত্যাগ করবেন না এমনকি কম দেবেনও না (যোহন ৩:১৬; রোমীয় ৫:৮)। কতটা লক্ষ্য বর্হিভূত পুরাতন নিয়মের প্রতিহিংসা পরায়ণ ঈশ্বর এবং প্রেমময় যীশু! এই চূড়ান্ত দান প্রতিফলিত হয়েছে আদি পুস্তকের ২২:১২, ১৬ পদে অব্রাহামের কাছে করা ঈশ্বরের কথায়। রাবিরা পুরাতন নিয়মের এই প্যাসেজ ব্যবহার করেছে অব্রাহামের বংশধরদের প্রতিনিধিত্বমূলক প্রায়শ্চিত্ত মতবাদের সমর্থনে।

□ “কিন্তু আমাদের সকলের জন্য তাঁকে সমর্পণ করলেন” এই টেক্সটে “সকল” শব্দ তাৎপর্যপূর্ণ। যীশু জগতের পাপের জন্য মৃত্যুবরণ করেছেন (লূক ২:১০-১১; যোহন ৩:১৬; ৪:৪২; ১১:৫১; ১ তীম ৪:১০; ১ যোহন ২:২; ৪:১৪)। এটি প্রতিফলিত করে ৫:১২-২১ পদের আদম-খ্রীষ্ট মতবাদগত তত্ত্ব। যীশুর মৃত্যু পাপের সমস্যার সমাধান করেছে। এখন এটি হল “বিশ্বাস ও গ্রহণ করা” সমস্যা।

□ “সমস্তই আমাদেরকে বিনামূল্যে দান করবেন” এই VERB এসেছে অনুগ্রহের জন্য গ্রীক মূল থেকে। “সমস্তই” ১:৭ পদে উল্লেখিত। ৩:২৪ পদের নোট দেখুন।

৮:৩৩-৩৪ “অভিযোগ...ধার্মিক গণ্য করা...দোষী করা...মধ্যস্থতা/অনুরোধ” এগুলি সবই বৈধ টার্ম। ৩১-৩৯ পদ স্বর্গে একটি বিচার সভার দৃশ্য। এটি হতে পারে যিশা ৫০:৮-৯ পদের একটি পরোক্ষ উল্লেখ।

৮:৩৩ “ঈশ্বরের মনোনীত” সকল মানুষের জন্য যীশু হলেন ঈশ্বরের মনোনীত মানুষ (Barth)। স্পষ্ট ও সম্পূর্ণ প্যাসেজ এই সত্যের বিষয়ে নূতন নিয়মে হল ইফি ১:৩-৪ এবং রোমীয় ৯:১৪-২৬ পদ। পিতা যীশুকে বেছে নিয়েছেন সকল মানুষকে বেছে নেবার জন্য। যীশু হলেন ঈশ্বরের “হ্যাঁ” পতিত মানবের “না”!

বিশেষ বিষয়: মনোনয়ন/পূর্ব নির্ধারিত অদৃষ্টবাদ এবং ধর্মতাত্ত্বিক সমতা আবশ্যিক

মনোনয়ন একটি বিশ্বয়কর মতবাদ। যাহোক, এটি আসলে পক্ষ সর্থনের আহবান নয়, কিন্তু একটি পথ, একটি হাতিয়ার বা একটি উপায় হওয়ার আহবান অন্যদের পরিত্রাণের জন্য! পুরাতন নিয়মে টার্মটি ব্যবহৃত হয়েছিল প্রাথমিক ভাবে সেবার জন্য; নূতন নিয়মে এটি প্রাথমিক ভাবে ব্যবহৃত হয়েছে পরিত্রাণের জন্য যেটি সেবার মধ্যের বিষয়। বাইবেল কখনোই পূর্ব নির্ধারিত করে নাই ধরে নেওয়া দ্বন্দ্ব ঈশ্বরের সার্বভৌমত্ব এবং মানুষের স্বাধীন ইচ্ছার মধ্যে, কিন্তু উভয়কেই নিশ্চিত করেছে! বাইবেলের এই চাপের একটি ভাল উদাহরণ হল রোমীয় ৯ অধ্যায় ঈশ্বরের সার্বভৌম মনোনয়ন এবং রোমীয় ১০ অধ্যায় মানুষের আবশ্যিকীয় সাড়া প্রদান (১০:১১, ১৩)।

এই ধর্মতাত্ত্বিক চাপের মূল হয়তো আমরা পেতে পারি ইফি ১:৪ পদে। যীশু হলেন ঈশ্বরের মনোনীত মানুষ এবং সকলে সম্ভাব্য ভাবে তাতে মনোনীত (Karl Barth)। যীশু হলেন পতিত মানুষের প্রয়োজনে ঈশ্বরের “হ্যাঁ” (Karl Barth)। ইফিযীয় ১:৪ পদ আরও সাহায্য করে এই বিষয়টি ব্যাখ্যা করে এটি বলতে চেষ্টা করে যে পূর্ব নির্ধারিত অদৃষ্ট বাদের লক্ষ্য স্বর্গ নয়। কিন্তু পবিত্রতা (খ্রীষ্ট সাদৃশ্যতা)। আমরা প্রায়ই আকর্ষিত হই সুসমাচারের উপকারের দিকে এবং দায়িত্বকে অবহেলা করি! ঈশ্বরের আহবান (মনোনয়ন) হল সময়ের জন্য সেই সঙ্গে অনন্তকালীন!

মতবাদ এসেছে অন্য সত্যের সম্পর্কের মধ্যে, একক, সম্পর্কহীন সত্য হিসাবে নয়। একটি উত্তম উপমা হতে পারে নক্ষত্রপুঞ্জ বনান একটি একক তারার। ঈশ্বর সত্য উপস্থাপন করেছেন প্রাচ্যের কলা কৌশলে, প্রতিচ্যের নয়। আমরা অবশ্যই চাপ বাদ দেব না যার কারণ মতবাদগত সত্যের যুক্তি-তর্কের মাধ্যমে সত্যে পৌছানোর (স্ববিরোধীতা) জোড়ার:

১. পূর্ব নির্ধারিত অদৃষ্ট বনাম মানুষের স্বাধীন ইচ্ছা
২. বিশ্বাসীদের নিরাপত্তা বনাম ধৈর্যধারণের আবশ্যিকতা
৩. আদি পাপ বনাম ইচ্ছাশক্তি দ্বারা কৃত পাপ
৪. পাপহীনতা (শুদ্ধতাবাদ) বনাম কম পাপ করা
৫. প্রারম্ভিক তাত্ত্বিক ধার্মিক গণনা করণ এবং পবিত্র করণ বনাম অগ্রসরমান পবিত্রকরণ
৬. খ্রীষ্টিয় স্বাধীনতা বনাম খ্রীষ্টিয় দায়িত্ববোধ
৭. ঈশ্বরের সকল কিছুকে অতিক্রম করা বনাম ঈশ্বরের স্বাভাবিক উপস্থিতি
৮. ঈশ্বর চূড়ান্ত ভাবে জানার অগম্য বনাম ঈশ্বর শাস্ত্রে জানার যোগ্য
৯. ঈশ্বর রাজ্য উপস্থিত হিসাবে বনাম ভবিষ্যৎ সুসম্পন্ন করা
১০. ঈশ্বরের দান হিসাবে মন পরিবর্তন বনাম নিয়মবদ্ধ সাড়া প্রদান হিসাবে মানুষের মন পরিবর্তনের প্রয়োজনীয়তা
১১. ঐশ্বরীয় হিসাবে যীশু বনাম মানুষ হিসাবে যীশু
১২. যীশু পিতার সমান বনাম পিতার অধীনস্থ হিসাবে যীশু

“নিয়ম” এর ধর্মতাত্ত্বিক ধারণা সার্বভৌম ঈশ্বরকে একতাবদ্ধ করেছে (যিনি সব সময়ই অগ্রণী ভূমিকা গ্রহণ করেন এবং বিষয় সকল স্থির করেন) বাধ্যতামূলক প্রারম্ভিক এবং চলমান মন পরিবর্তন, মানবিক বিশ্বাসে সাড়া প্রদানের সাথে। proof-texting থেকে সতর্ক থাকবেন এক দিক স্ববিরোধি এবং অন্যদিক হীনমূল্য করার! সতর্ক থাকবেন কেবলমাত্র আপনার প্রিয় ধর্মতাত্ত্বিক মতবাদ বা পদ্ধতির!

৮:৩৪ এই পদ তালিকা করেছে বেশ কয়েকটি কারণের কেন “দোষারপ নেই” (১ পদ)।

১. তিনি মরেছেন
২. তিনি জীবিত হয়েছেন
৩. তিনি এখন ঈশ্বরের দক্ষিণ পাশে
৪. তিনি বিশ্বাসীদের জন্য মধ্যস্থতা করছেন

আমাদের পাপের শাস্তি যীশুর মৃত্যু পরিশোধ করেছে (যিশা ৫৩; মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১)। যীশুর পুনরুত্থান দেখায় পুত্রের পরিচর্যা পিতা গ্রহণ করেছেন এবং আশা দান করেন (যারা ঘুমিয়ে গেছেন তাদের মধ্যে থেকে প্রথম ফল) মৃত্যু ও নির্যাতনের মুখে। যীশু প্রতাপাশ্বিত পিতার দক্ষিণে বসে এবং বিশ্বাসীদের জন্য মধ্যস্থতা তাদেরকে দেয় সাহস বিশ্বাসে উত্তম যুদ্ধের।

□ “ঈশ্বরের দক্ষিণ পাশে” এটি হল ঈশ্বরকে নরত্বারোপের রূপক (১:১৮ পদে বিশেষ বিষয় দেখুন)। ঈশ্বরের দৈহিক কোন দেহ নেই। তিনি “আত্মা।” এই রূপক বলছে শক্তির, কর্তৃত্বের এবং সর্বোৎকৃষ্টতার কথা। পৌল প্রায় সময়ই অভিব্যক্তি ব্যবহার করতেন না (ইফি ১:২০; কল ৩:১)। পৌল হয়তো ৩৪ পদে প্রাথমিক খ্রীষ্টিয়ানদের বিশ্বাস সূত্রটি উল্লেখ করেছেন (ফিলি ২:৬ কয়েকটি পদ...; ১ তীম ৩:১৬)।

□ “অনুরোধ/মধ্যস্থতা” যীশুর পরিচর্যা অবিরত চলছে। যীশু আমাদের জন্য অনুরোধ করছেন (ইব্রীয় ৪:৪-১৬; ৭:২৫; ৯:২৪; ১ যোহন ২:১) যেভাবে আত্মা করেন (২৬-২৭ পদ)। এটি *paraclete* টার্ম থেকে এসেছে, যেটি যোহন ১৪:১৬ পদে আত্মার জন্য এবং ১ যোহন ২:১ পদে পুত্রের জন্য ব্যবহৃত হয়েছে। এটি আর একটি পরোক্ষ উল্লেখ দুঃখভোগী দাসের গানের (যিশা ৫৩:১২)।

৮:৩৫ “খ্রীষ্টের প্রেম” এটি হয় SUBJECTIVE না হয় OBJECTIVE GENITIVE উভয়ই। এটি হতে পারে (১) বিশ্বাসীদের জন্য খ্রীষ্টের ভালবাসা অথবা (২) খ্রীষ্টের জন্য বিশ্বাসীদের ভালবাসা। গণনা ১ অধ্যায় এই প্রসঙ্গে উপযুক্ত ভাবে খাপ খায় (এবং ২ করি ৫:১৪) কারণ বিশ্বাসীদের খ্রীষ্টের জন্য ভালবাসা আসে আবার যায়, কিন্তু আমাদের জন্য খ্রীষ্টের ভালবাসা নিশ্চিত এবং অটল।

এই শব্দগুচ্ছের সাথে গ্রীক পাদুলিপির সম্পর্ক রয়েছে।

১. একটি পুরাতন গ্রীক টেক্সটে আছে “ঈশ্বরের প্রেম” (MS X)।
২. একটি পুরাতন পাদুলিপি উভয়কে সমন্বয় করেছে “খ্রীষ্টে ঈশ্বরের প্রেম” (MS B)।
৩. UBS⁴ সংকলনকারীরা দিয়েছে “খ্রীষ্টের প্রেম” এবং “A” (নির্দিষ্ট)। এটি দৃষ্টিগোচরে এসেছে MSS C, D, F, G, এবং সবচেয়ে প্রাচীন ল্যাটিন ভারশন এবং ভালগেট ও পেশিটা-তে।

□ “কি ক্রেশ? কি সঙ্কট? কি তাড়না” খ্রীষ্টিয়ানেরা এই জগতে সমস্যায় পড়বে, কিন্তু এই সমস্যা কি মন্দতার শক্তি কোন কিছুই আমাদের ঈশ্বর থেকে পৃথক করতে পারবে না। বিশেষ বিষয় দেখুন: ৫:৩ পদে নির্ধারিত।

৮:৩৬ এটি হল গীত ৪৪:২২ পদের একটি উদ্ধৃতি। এই গীতে ঈশ্বরকে আহবান জানানো হয়েছে তার আঘাত প্রাপ্ত লোকদের উদ্ধার করার জন্য।

৮:৩৭

NASB “কিন্তু এই সকল বিষয় বিজয়ী অপেক্ষা আরও বিজয়ী”

NKJV “তথাপি এই সব বিষয়ে বিজয়ী থেকে অধিক বিজয়ী”

NRSV “না, এই সব বিষয়ের চেয়েও আমরা অধিক বিজয়ী হই”

TEV “না, এই সব বিষয়ে তাঁর মধ্যে দিয়ে আমরা সম্পূর্ণ বিজয়ী হই”

NJB “এইসব পরীক্ষার মাধ্যমে আমরা বিজয়ী হই”

এটি ছিল একটি টার্ম “বিজয়ী”-র একটি দৃঢ় গঠন। পৌল অবশ্যই এই টার্মটি (*huper + nikaō*) উদ্ভাবন করেছিলেন। এটি একটি চমৎকার মিশ্রিত রূপক, “বিজয়ী মেঘ।” খ্রীষ্টের মাধ্যমে বিশ্বাসীরা বিজয়ী (যোহন ১৬:৩৩; ১ যোহন ২:১৩-১৪; ৪:৪; ৫:৪)। বিশেষ বিষয় দেখুন: ১:৩০ পদে পৌলের *Huper* এর সমন্বয় ব্যবহার।

□ “তাঁরই দ্বারা যিনি আমাদের ভালবেসেছেন” এই PRONOUN উল্লেখ করতে পারে পিতা বা পুত্র।

৮:৩৮ “আমি নিশ্চিত” এটি একটি PERFECT PASSIVE INDICATIVE, অর্থ “আমি আছি এবং সব সময়ই প্রভাবিত হবো।”

□ “দূতগণ” রাব্বীদের চিন্তা ছিল যে দূতগণ ঈশ্বরের ভালবাসা এবং মানবের প্রতি মনোযোগ দেওয়াতে ঈর্ষান্বিত এবং সেজন্য, তাদের প্রতি বিরোধি ছিল। জ্ঞানবাদের ভ্রান্ত শিক্ষকেরা বলতে চেষ্টা করতেন যে পরিত্রাণ কেবলমাত্র পাওয়া যায় একটি গোপন পাসওয়ার্ডের দ্বারা বিরোধী দূতগণের ক্ষেত্রে বা *eons* (কলসীয় এবং ইফিষীয়)। George Eldon Ladd এর বই *A Theology of the New Testament* একটি চমৎকার সারাংশ রয়েছে এই টার্মের যেটি পৌল দূতদের জন্য ব্যবহার করেছেন:

“পৌল কেবলমাত্র ভাল বা মন্দ দূত, শয়তান এবং মন্দ আত্মাদের কথা উল্লেখ করেন নাই; তিনি অন্য আর কিছু শব্দ ব্যবহার করেছেন দূত বিষয়ক আত্মাদের মর্যাদা উল্লেখে। টার্মতত্ত্ব পরবর্তীতে উল্লেখ্যর মতই:

‘শাসন’ [*arche*], ১ করি ১৫:২৪; ইফি ১:২১; কল ২:১০

‘শাসকেরা’ [*archai*; RSV, নীতিসমূহ], ইফি ৩:১০; ৬:১২; কল ১:১৬; ২:১৫; রোমীয় ৮:৩৮

‘কর্তৃত্ব’ [*exousia*], ১ করি ১৫:২৪; ইফি ১:২১; কল ২:১০

‘কর্তৃপক্ষ’ [*exousiai*; RSV, “কর্তৃপক্ষ”], ইফি ৩:১০; ৬:১২; কল ১:১৬; ২:১৫

‘ক্ষমতা’ [*dynamis*], ১ করি ১৫:২৪; ইফি ১:২১

‘সমন্বয় করা ক্ষমতা’ [*dynameis*], রোমীয় ৮:৩৮

‘সিংহাসন’ [*thronoi*], কল ১:১৬

‘প্রভুত্ব’ [*kyriotes*; RSV, “নিয়ন্ত্রণ”], ইফি ১:২১

‘সমন্বয় করা প্রভুত্ব’ [*kyriotetes*], কল ১:১৬

‘এই অন্ধকারে জগতের শাসকেরা’ ইফি ৬:১২

‘স্বর্গীয় স্থানে দূতগণের (বাহিনি) আত্মা’, ইফি ৬:১২

‘অন্ধকারের কর্তৃত্ব’, কল ১:১৩

‘যত নাম যা উল্লেখ করা যায়’, ইফি ১:২১

‘স্বর্গীয়, জাগতিক এবং পাতাল নিবাসী’, ফিলি ২:১০(p. 401)।

কিভাবে পুরাতন নিয়মের পতিত স্বর্গদূতগণ নূতন নিয়মের মন্দ আত্মার সঙ্গে সম্পর্কযুক্ত সে বিষয়ে সরাসরি কোন বাইবেলের তথ্য বা লেখনী নেই। অনেকে মনে করেন যে এরা সকলে একই রকমের। যিহুদীদের শেষ কালীন ধংসের ভবিষ্যতবাণীর সাহিত্যে, যাহোক, মন্দ আত্মারা হল আদি পুস্তকের ৬ অধ্যায়ের Nephilim, যারা ছিল অর্দ্ধ দূত অর্দ্ধ মানব। তাদের দেহ বন্যায় নষ্ট হয়ে গেছে, সেজন্য, তারা দেহ আশ্রয়ের চেষ্টা করে! এটি কেবলমাত্র একটি কল্পনা। বাইবেল কখনোই উৎপত্তি সম্বন্ধে আমাদের সব প্রশ্নের উত্তর দেয় না। বাইবেলের উদ্দেশ্য মানুষের পুনরুদ্ধার, তাদের কৌতুহলের নয়!

□ “আধিপত্য...পরাক্রম” এটি উল্লেখ করছে (১) এই যুগের মন্দ দূতগণ বা মন্দ আত্মার শক্তি (ইফি ২:২; ৬:১২; ১ করি ১৫:২৪; কল ১:১৬) অথবা (২) পতিত জগতের সাম্রাজ্য ব্যক্তিত্বহীন কাঠামো (ধর্ম, সরকার, শিক্ষা, ওষুধ, ইত্যাদি) যা পতিত মানবকে সুযোগ করে দেয় ঈশ্বর থেকে স্বাধীন থাকতে (Hendrickus Berkhoff, *Principalities and Powers*)। ১৩:১ পদের নোট দেখুন।

বিশেষ বিষয়: *ARCĒ*

“ক্ষেত্র” টার্মটির গ্রীক টার্ম *archē*, যার অর্থ “আরম্ভ,” বা “উৎপত্তি,” কোন কিছুর।

১. সৃষ্টিকৃত শৃংখলের আরম্ভ (যোহন ১:১; ১ যোহন ১:১; ইব্রীয় ১:১০)
 ২. সুসমাচারের আরম্ভ (মার্ক ১:১; ফিলি ৪:১৫; ২ থিষ ২:১৩; ইব্রীয় ২:৩)
 ৩. প্রথম প্রত্যক্ষদর্শী (লুক ১:২)
 ৪. চিহ্নের আরম্ভ (অলৌকিক কাজ, যোহন ২:১১)
 ৫. নীতির আরম্ভ (ইব্রীয় ৫:১২)
 ৬. নিশ্চয়তার আরম্ভের ভিত্তি সুসমাচারের সত্যের উপরে (ইব্রীয় ৩:১৪)
 ৭. আরম্ভ, কল ১:১৮; প্রকা ৩:১৪
- ‘শাসন’ বা ‘কর্তৃপক্ষ’ হিসাবে ব্যবহার হয়েছে

১. মানবিক সরকারী কর্মচারী
 - ক. লুক ১২:১১
 - খ. লুক ২০:২০
 - গ. রোমীয় ১৩:৩; তীত ৩:১
২. দূতগণের কর্তৃত্ব বিষয়ক
 - ক. রোমীয় ৮:৩৮
 - খ. ১ করি ১৫:২৪
 - গ. ইফি ১:২১; ৩:১০; ৬:১২
 - ঘ. কল ১:১৬; ২:১০, ১৫
 - ঙ. যিহুদা ৬ পদ

এই ভ্রান্ত শিক্ষকেরা অবহেলা করেছে সকল কর্তৃত্বকে, জাগতিক বা স্বর্গীয় সবই। তারা নৈতিকতাহীন ইন্দিয়াসক্ত। তারা নিজেদেরকে এবং তাদের আকাংখ্যাগুলোকে রেখেছে ঈশ্বর, দূতগণ, সিভিল কর্তৃপক্ষ এবং মন্ডলীর নেতাদের প্রথমে।

৮:৩৯ “কি উর্দ্ধ স্থান, কি গভীর স্থান” এই টার্ম ব্যবহৃত হয়েছে তারাদের পৃথিবী থেকে দূরতম পয়েন্ট এবং নিকটতম পয়েন্টের জন্য, যা বিশ্বাস করা হয় যে তিনি দেবতা যিনি মানব জীবনকে নিয়ন্ত্রণ করেন (জ্যোতির্বিজ্ঞান)। পরবর্তীতে এগুলি হয়ে পড়ে ধর্মত্যাগীদের কৌশলগত টার্ম যাদের বলা হতো জ্ঞানবাদ *eons* জন্য অথবা দূতগণের স্তর পবিত্র দেবতা এবং তার থেকে একটু নিচু দেবতার মধ্যে যিনি পাপপূর্ণ বিষয় গঠন করেন।

□ “অন্য কোন সৃষ্ট বস্তু” এটি আক্ষরিক ভাবে “অন্য ধরনের সৃষ্ট জীব” (*heteros*)। প্রসঙ্গ দাবী করে যে এটি হল দূতগণের ক্ষমতার পুনরায় উল্লেখ। গ্রীক PREPOSITION *heteros*, আর একটি ভিন্ন প্রকার, এবং *allos*, আর একটি একই ধরনের, হয়ে গেছে Koine গ্রীকে অপ্রচলিত, কিন্তু এই প্রসঙ্গে এখনও দেখায় কিছু স্বতন্ত্রতা।

□ “কিছুই ... এমনকি ঈশ্বরের ভালবাসা থেকে আমাদের পৃথক করতে পারবে না” নিশ্চয়তার কি বিশ্বাসের মস্তব্য। এই অধ্যায় শুরু হয়েছে কোন দোষারপণ নয় দিয়ে এবং শেষ হয়েছে কোন পৃথক নয় দিয়ে। কেউই বিশ্বাসীদের পরিত্রাণ হরণ করতে পারবে না। যাহোক, একজনকে উভয়েই সাড়া প্রদান করতে হবে প্রারম্ভিক ভাবে (৩:২১-৩১) এবং অবিরতভাবে (৪-৮ অধ্যায়)। আত্মা হলেন চাবি, কিন্তু এখানে রয়েছে একটি বাধ্যতার শর্তসাপেক্ষ নিয়মবদ্ধ সাড়া প্রদান। মন পরিবর্তন ও বিশ্বাস আবশ্যিক (মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬, ১৯; ২০:২১), যেমন বাধ্যতা এবং ধৈর্য ধারণ দরকার।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেককারী, চূড়ান্ত নয়।

১. ৭ অধ্যায় কিভাবে ৮ অধ্যায়ের সঙ্গে সম্পর্ক যুক্ত?
২. যদি কোন দোষারপ না থাকে, তাহলে পাপ বিশ্বাসীদের জীবনে কি প্রভাব ফেলবে?
৩. আত্মা অথবা যীশু কে বিশ্বাসীদের মধ্যে বাস করেন (৯ পদ)?
৪. প্রকৃতি কিভাবে মানুষের পাশে প্রভাবিত হয়েছে (১৯-২২ পদ)? প্রকৃতি কি স্বর্গের একটি অংশ হবে (যিশা ১১:৬-১০)?
৫. কিভাবে আত্মা আমাদের জন্য প্রার্থনা করেন (২৬-২৭ পদ)? এটা কি “পরভাষায় কথা বলার” উল্লেখ?
৬. এরকম একটি মন্দ জগতে বাইবেল কিভাবে বলতে পারে যে সকলই একসঙ্গে মঙ্গলার্থে কাজ করছে (২৮ পদ)? ব্যাখ্যা করুন “উত্তম” (২৯ পদ)।
৭. ৩০ পদে কেন পবিত্রকরন ধর্মতাত্ত্বিক ঘটনার শৃংখল থেকে বাদ পড়েছে?
৮. কেন ৩১-৩৯ পদকে বলা হয় বিচারের দৃশ্য?
৯. যীশু সম্পর্কে ৩৪ পদে যে চারটি বিষয় বলতে চেষ্টা করেছে তার তালিকা করুন।

রোমীয় ৯

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
ঈশ্বরের মনোনয়ন	ইশ্রায়েলীয়দের খ্রীষ্টকে প্রত্যাখ্যান	ইশ্রায়েলীয়দের অবিশ্বাসের সমস্যা	ঈশ্বর এবং তাঁর লোকেরা	ইশ্রায়েলীয়দের সুযোগ সুবিধা
৯:১-৫	৯:১-৫	৯:১-৫	৯:১-৫	৯:১-৫
	ইশ্রায়েলীয়দের প্রত্যাখ্যান এবং ঈশ্বরের উদ্দেশ্য	ইশ্রায়েলীয়দের প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞা ব্যর্থ হবে না		ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা রক্ষা করবেন
৯:৬-১৩	৯:৬-১৩	৯:৬-১৩	৯:৬-৯ ৯:১০-১৩	৯:৬-১৩
৯:১৪-১৮	ইশ্রায়েলের প্রত্যাখ্যান এবং ঈশ্বরের ন্যায় বিচার ৯:১৪-২৯	ঈশ্বরের বেছে নেবার অধিকার ৯:১৪-১৮	৯:১৪-১৮	ঈশ্বর অন্যায় নন ৯:১৪-১৮
ঈশ্বরের ক্রোধ এবং দয়া			ঈশ্বরের রাগ এবং দয়া	
৯:১৯-২৯		৯:১৯-২৬ ৯:২২-২৯	৯:১৯-২১ ৯:২২-২৪ ৯:২৫-২৯	৯:১৯-২১ পুরাতন নিয়মে আগেই সব কিছু বলা হয়েছিল
ইশ্রায়েল এবং সুসমাচার	ইশ্রায়েলের বর্তমান অবস্থা	বিশ্বাস দ্বারা সত্যিকার ধার্মিকতা লাভ	ইশ্রায়েল এবং সুসমাচার	
৯:৩০-১০:৪	৯:৩০-৩৩	৯:৩০-১০:৪	৯:৩০-১০:৪	৯:৩০-৩৩

পাঠ চক্র তিন (দেখুন পৃষ্ঠা p. viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ

৩. তৃতীয় প্যারাগ্রাফ

৪. ইত্যাদি।

১-৭ অধ্যায়ের সঙ্গে ৯-১১ অধ্যায়ের সম্পর্ক

ক. বোঝার দুটি উপায় আছে ১-৮ অধ্যায়ের সঙ্গে এই সাহিত্যের এককের সম্পর্ক।

১. এটি একটি সম্পূর্ণ পৃথক বিষয়, একটি ধর্মতাত্ত্বিক (পরিশিষ্ট দেখুন)।

ক. ৮:৩৯ পদ এবং ৯:১ পদের মধ্যে একটি একটি কঠোর তুলনা এবং যুক্তিগত সম্পর্কের অভাব রয়েছে।

খ. এটি সরাসরি সম্পর্কযুক্ত রোমের মঞ্জলীর যিহূদী বিশ্বাসী ও পরজাতি বিশ্বাসীদের মধ্যকার ঐতিহাসিক উত্তেজনার সাথে। এটি সম্ভবত সম্পর্ক যুক্ত মন্ডলীতে দিনে দিনে বৃদ্ধি প্রাপ্ত পরজাতি নেতৃত্বের সঙ্গে।

গ. সেখানে পৌলের ইস্রায়েল (এবং ব্যবস্থা) এবং পরজাতিদের (বিনামূল্যে দত্ত অনুগ্রহ) প্রেরিত তত্ত্ব বিষয়ে প্রচার সম্পর্কে ভুল বোঝাবুঝি রয়েছে, সেজন্য, তিনি এই অংশে সেই বিষয়ে আলোচনা করেছেন।

২. পৌলের সুসমাচার উপস্থাপনার এটি হল চূড়ান্ত এবং যুক্তিগত উপসংহার।

ক. পৌল ৮ অধ্যায় উপসংহার করেছেন “ঈশ্বরের ভালবাসা থেকে কোন পৃথকীকরণ নয়” এই প্রতিজ্ঞা দিয়ে। নিয়মবদ্ধ লোকদের অবিশ্বাসের বিষয়ে কি হবে?

খ. রোমীয় ৯-১১ অধ্যায় ইস্রায়েলীয়দের অবিশ্বাস স্ববিরোধি উত্তর দান করেছে!

গ. পৌল এই বিষয়টি বলেছেন সমগ্র পত্রের মাধ্যমে (১:৩, ১৬; ৩:২১, ৩১ এবং ৪:১ কয়েকটি পদ)।

ঘ. পৌল দাবী করেছেন যে ঈশ্বর তাঁর বাক্যে সত্যময়। ইস্রায়েলের প্রতি তাঁর পুরাতন নিয়মের বাক্যের কি হবে? সব প্রতিজ্ঞা কি নিষ্ফল ও শূন্য?

খ. কয়েকটি সাম্ভাব্য উপায় আছে এই সাহিত্য এককের রূপরেখা করার

১. পৌলের ধরে নেওয়া বিষয় ব্যবহারের দ্বারা

ক. ৯:৬ পদ

খ. ৯:১৪ পদ

গ. ৯:১৯ পদ

ঘ. ৯:৩০ পদ

ঙ. ১১:১ পদ

চ. ১১:১১ পদ

২. রোমীয় ৯-১১ অধ্যায় একটি সাহিত্যের একক গঠন করেছে (অধ্যায় এবং পদ বিভাগ অনুপ্রাণিত নয় যেগুলি পরে যুক্ত করা হয়েছে)। এটি অবশ্যই ব্যাখ্যা করতে সম্পূর্ণটি একক হিসাবে। যাহোক, এখানে তিনটি প্রধান বিষয়ের বিভাগ রয়েছে।

ক. ৯:১-২৯ (ঈশ্বরের সার্বভৌমত্বের প্রতি দৃষ্টি)

খ. ৯:৩০-১০:২১ (মানুষের দায়িত্বের প্রতি দৃষ্টি)

গ. ১১:১-৩২ (ঈশ্বরের ব্যাপক, অনন্তকালীন, পুনরুদ্ধারের উদ্দেশ্য)

৩. প্রধান বিষয় দ্বারা: রোমীয় পুস্তকের এই অংশের একটি ভাল রূপরেখা পাওয়া যায় Thomas Nelson Publishers এর করা কেজেভি-র প্যারাগ্রাফ বিভাগে

ক. খ্রীষ্টকে ইস্রায়েলীয়দের প্রত্যাখ্যান, ৯:১-৫ পদ

খ. ইস্রায়েলীয়দের ঈশ্বরের উদ্দেশ্য প্রত্যাখ্যান, ৯:৬-১৩ পদ

গ. ইস্রায়েলীয়দের ঈশ্বরের ন্যায় বিচার প্রত্যাখ্যান, ৯:২৪-২৯ পদ

ঘ. ইস্রায়েলীয়দের বর্তমান অবস্থা, ৯:৩০-৩৩ পদ

ঙ. ইস্রায়েল এবং সুসমাচার, ১০:১-১৩ পদ

চ. ইস্রায়েলের সুসমাচার প্রত্যাখ্যান, ১০:১৪-২১ পদ

ছ. ইস্রায়েলের প্রত্যাখ্যান সম্পূর্ণ নয়, ১১:১-১০ পদ

জ. ইস্রায়েলের প্রত্যাখ্যান চূড়ান্ত নয়, ১১:১১-৩৬ পদ

গ. এই অংশ অনেকটা হৃদয়ের ক্রন্দনের মত যেমন মন থেকে উপস্থাপিত হয়েছে (যুক্তিগত রূপরেখা)। এর আবেগ মনে করায় হোশেয় ১১:১-৪, ৮-৯ পদে বিদ্রোহী ইস্রায়েলের প্রতি ঈশ্বরের হৃদয় ভঙ্গ। অনেক দিক থেকে ৭ অধ্যায়ের যন্ত্রণা এবং ব্যবস্থার উৎকর্ষতা ৯-১০ অধ্যায়ের সঙ্গে সমান্তরাল। এই উভয় ক্ষেত্রে পৌলের হৃদয় ভঙ্গ হয়েছে ঈশ্বরের ব্যবস্থার কৌতুকে যা এনেছে জীবনের পরিবর্তে মৃত্যু!

ঘ. পৌল ৯-১১ অধ্যায়ে ২৫ টির বেশি পুরাতন নিয়মের উদ্ধৃতি ব্যবহার করেছেন পুরাতন নিয়মের উৎস থেকে ইস্রায়েলের স্ববিরোধী উদাহরণ দেখাতে তার আকাংক্ষা, যেভাবে তিনি ৪ অধ্যায়ে করেছেন, কেবলমাত্র বর্তমান অভিজ্ঞায় নয়। অব্রাহামের দৈহিক বংশধরদের বৃহৎ অংশ ঈশ্বরকে প্রত্যাখ্যান করেছিল, এমনকি অতীতেও (প্রেরিত ৭; নহি ৯)।

ঙ. এই টেক্সট, ইফি ১:৩-১৪ পদের মত, সমস্ত মানুষের পুনরুদ্ধারের জন্য ঈশ্বরের অনন্তকালীন উদ্দেশ্য নিয়ে আলোচনা করেছে। প্রথমে এটি মনে হয় যে বর্ণনা করছে ঈশ্বর কিছু লোককে বেছে নিয়েছেন এবং অন্যদের প্রত্যাখ্যান করেছেন (supralapsarian Calvinism), যাহোক, আমি মনে করি লক্ষ্য ব্যক্তির উপরে নয়, কিন্তু ঈশ্বরের পুনরুদ্ধারের অনন্তকালীন পরিকল্পনার উপরে (আদি ৩:১৫; ১২:৩; প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; এবং ১৩:২৯ পদ, ৮:২৮ পদে বিশেষ বিষয় দেখুন)।

The Jerome Biblical Commentary, vol. 2, “The New Testament,” edited by Joseph A. Fitzmyer and Raymond E. Brown, বলেছেন:

“এটি শুরু থেকে উপলব্ধি করা গুরুত্বপূর্ণ যে পৌলের উদ্দেশ্য সমন্বিত; তিনি ব্যক্তির দায়িত্ব সম্পর্কে আলোচনা করছেন না। যদি তিনি মনে হয় ঐশ্বরীক পূর্ব নির্ধারিত অদৃষ্ট বিষয়ে প্রশ্ন এনেছেন, এর আসলে কিছুই করার নেই ব্যক্তির মহিমার পূর্ব নির্ধারিত অদৃষ্টের” (p. 318)।

৯ অধ্যায়ের প্রসঙ্গকৃত অন্তর্ভুক্তি

- ক. ৮ এবং ৯ অধ্যায়ের মধ্যে মনোভাবের কি দারুণ পরিবর্তন ঘটেছে।
- খ. এই সাহিত্যের একক(৯-১১) ধর্মতত্ত্বগত ভাবে আলোচনা করেছে
১. পরিব্রাজকের ভিত্তি
 ২. ঈশ্বরের মনোনয়নের উদ্দেশ্য
 ৩. অবিশ্বাসী ইস্রায়েলের অবিশ্বস্ততা বনাম YHWH এর বিশ্বস্ততা
 ৪. যীশুর পুনরুদ্ধারে সকল মানুষের অন্তর্ভুক্তি
- গ. ৯ অধ্যায় ঈশ্বরের সার্বভৌমত্বের (অর্থাৎ, অন্য সত্তা, ইফি ১:৩-৪) যখন ১০ অধ্যায় মানুষের স্বাধীন ইচ্ছা নিয়ে স্পষ্টভাবে ও বার বার বলেছে (“প্রত্যেকে” ৪ পদ); “যে কেউ” ১১, ১৩ পদ; “সকলে” ১২ পদ [দু’বার])। পৌল কখনো চেষ্টা করেন নাই এই ধর্মতাত্ত্বিক চাপের সাথে আপোষ করতে। তারা উভয়েই সত্য! বেশির ভাগ বাইবেল মতবাদ উপস্থাপন করেছে স্ববিরোধীতায় অথবা যুক্তি তর্কের জোড়া। বেশির ভাগ ধর্মতত্ত্বের পদ্ধতি যুক্তিসঙ্গত, কিন্তু proof-text কেবলমাত্র বাইবেলের সত্যের একটি দিক। Augustinianism এবং Calvinism বনাম semi-Pelagianism এবং Arminianism উভয়েরই সত্য এবং ভুলের উপাদান রয়েছে। মতবাদের মধ্যকার বাইবেল ভিত্তিক চাপ proof-texted, dogmatic, যুক্তিসম্মত, ধর্মতাত্ত্বিক পদ্ধতিকে বাঞ্ছনীয় যা বাইবেলকে বাধ্য করে পূর্ব থেকে ধারণা করতে ব্যাখ্যামূলক কাঠামো করতে! বিশেষ বিষয় দেখুন: ৩:২৭ পদে প্রাচ্য দেশীয় সাহিত্য।
- ঘ. ৯:৩০-৩৩ পদ হল ৯ অধ্যায়ের সারাংশ এবং ১০ অধ্যায়ের থিম।
- ঙ. লক্ষ্য করুন পৌল তার যুক্তি প্রতিষ্ঠার জন্য কতটা পুরাতন নিয়মের টেক্সট ব্যবহার করেছেন। এটি রোমে যিহুদী পাঠকদের সম্পর্কে পূর্ব ধারণা দেয়।
১. ৭ পদ – আদি ২১:১২ পদ
 ২. ৯ পদ – আদি ১৮:১০, ১৪
 ৩. ১২ পদ – আদি ২৫:৩২ পদ
 ৪. ১৩ পদ – মালাখী ১:২-৩ পদ
 ৫. ১৫ পদ – যাত্রা ৩৩:১৯ পদ
 ৬. ১৭ পদ – যাত্রা ৯:১৬ পদ
 ৭. ২৫ পদ – হোশেয় ২:২৩ পদ
 ৮. ২৬ পদ – হোশেয় ১:১০ পদ
 ৯. ২৭ পদ – যিশা ১০:২২ পদ
 ১০. ১০ পদ – যিশা ১০:২৩ পদ
 ১১. ২৯ পদ – যিশা ১:৯ পদ
 ১২. ৩৩ পদ – যিশা ২৮:১৬ এবং ৮:১৪ পদ
- ৯ এবং ১১ অধ্যায়ে আরও অনেক পুরাতন নিয়মের উদ্ধৃতি রয়েছে!

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ৯:১-৫

^১ আমি খ্রীষ্টেতে সত্য বলছি, মিথ্যা বলছি না, আমার বিবেকও পবিত্র আত্মাতে আমার পক্ষে সাক্ষ্য দিচ্ছে, ^২ যে আমার হৃদয়ে ভারী দুঃখ ও নিরন্তর যাতনা হচ্ছে। ^৩ কারণ আমি কামনা করতে পারতাম যেন আমি নিজে অভিশপ্ত হই, আমার ভাইদের জন্য খ্রীষ্টের কাছ থেকে পৃথক হই, যারা মাংসের সম্বন্ধে আমার স্বজাতীয় তাদের জন্য, ^৪ তারা ইস্রায়েলীয়; পুত্র হিসাবে দণ্ডক প্রাপ্ত, এবং প্রতাপ ও ধর্মনিয়ম সকল ও ব্যবস্থাদান ও মন্দিরে আরাধনা ও প্রতিজ্ঞাসমূহ তাদেরই, ^৫ পিতৃপুরুষেরা তাদের, এবং মাংস অনুসারে তাদেরই মধ্য থেকে খ্রীষ্ট এসেছেন, যিনি সর্বোপরিস্থ, যুগে যুগে ধন্য ঈশ্বর। আমেন। (অনুবাদকৃত টেক্সট)।

৯:১-২ পদ ১ এবং ২ গ্রীকে একটি বাক্য গঠন করেছে। পৌল বেশ কয়েকটি কারণ দিয়েছেন যেন তারা (রোমের মন্ডলী) জানতে পারে যে তিনি সত্য বলেছেন।

১. খ্রীষ্টের সঙ্গে তার ঐক্য, ১ পদ
২. তার আত্মা-পরিচালিত বিবেক, ১ পদ
৩. ইস্রায়েলের জন্য তার গভীর অনুভূতি, ২ পদ

৯:১ “আমি খ্রীষ্টেতে সত্য বলছি, মিথ্যা বলছি না” পৌল প্রায়ই এই ধরনের মন্তব্য করেছেন তার সত্যনিষ্ঠতার বিষয়ে (২ করি ১১:১০; গালা ১:২০; ১ তীম ২:৭) অথবা এই রকমই কিছু তার সাক্ষী হিসাবে ঈশ্বর সম্বন্ধে (রোমীয় ১:৯; ২ করি ১:২৩; ১১:৩১; ফিলি ১:৮; ১ থি ২:৫, ১০)। তার শিক্ষা এবং প্রচার সম্পর্কে সত্যবাদীতা বিষয়ে বলতে চেষ্টা করার এটি ছিল তার একটি পথ। দম্মেশকের পথের অভিজ্ঞতা সবকিছু বদলে দিয়েছিল!

□ “আমার বিবেক” এটি উল্লেখ করছে বিশ্বাসীদের ঈশ্বর দত্ত, আত্মায় পরিচালিত নৈতিক বোধ। এক অর্থে এটি হল বিশ্বাসীদের জন্য কর্তৃত্বের মূল উৎস। এটি হল ঈশ্বরের বাক্য, আমাদের মনে ঈশ্বরের আত্মা দ্বারা বুঝতে ও প্রয়োগে সাহায্য করে (১ তীম ১:৫, ১৯)। সমস্যা তখনই আসে যখন বিশ্বাসীরা—এবং সেই বিষয়ের জন্য—অবিশ্বাসীরা—অবিরত বাক্য ও আত্মা প্রত্যখ্যান করে; এর ফলে সহজ হয়ে পড়ে একজনের পাপ বিচার করার (১ তীম ৪:২)। আমাদের বিবেক সংস্কৃতিগত এবং অভিজ্ঞতায় অভ্যস্ত হয়ে পড়ে।

বিশেষ বিষয়: বিবেক

পৌল করিন্থীয় পত্রে প্রায়ই “বিবেক” টার্ম ব্যবহার করেছেন (৪:৪; ৮:৭, ১০, ১২; ১০:২৫, ২৭, ২৮, ২৯; ২ করি ১:১২; ৪:২; ৫:১১)। এটি উল্লেখ করে সেই আভ্যন্তরীণ নৈতিক বোধ যে কোনটি ঠিক আর কোনটি ঠিক নয় (প্রেরিত ২৩:১)। বিবেক প্রভাবিত হতে পারে আমাদের অতীত জীবনের দ্বারা, আমাদের ভুল মনোনয়ন, অথবা ঈশ্বরের আত্মা দ্বারা। এটি আসলে কোন ক্রটিহীন নির্দেশনা নয়, কিন্তু এটি ব্যক্তিগত বিশ্বাসের সীমানা স্থির করে। সেজন্য, আমাদের বিবেককে এড়িয়ে যাওয়া, এমনকি যদিও এটি ভুল বা দুর্বলতা, এটি হল বিশ্বাসের প্রধান সমস্যা।

বিশ্বাসীদের বিবেকের দরকার ঈশ্বরের বাক্য এবং ঈশ্বরের আত্মায় অধিক থেকে অধিকতর রূপ গ্রহণ করা (১ তীম ৩:৯)। বিশ্বাসীরা যে আলো পেয়েছে সেই অনুসারে ঈশ্বর তাদের বিচার করবেন (অর্থাৎ, দুর্বল অথবা সবল), কিন্তু আমাদের সকলেরই দরকার বাইবেল এবং আত্মার কাছে আরও আলোর জন্য খোলাখুলি হওয়া এবং প্রভু যীশু খ্রীষ্টের জ্ঞানে বৃদ্ধি পাওয়া। ২ করি ১০:২৫ পদে “বিবেক” এর উপরে ফুলারের নোট দেখুন। বিশেষ বিষয় দেখুন: দুর্বলতা।

□

NASB, NKJV “পবিত্র আত্মাতে আমার পক্ষে সাক্ষ্য দিচ্ছে”

NRSV “পবিত্র আত্মা দ্বারা এটি নিশ্চিত”

TEV “পবিত্র আত্মা দ্বারা শাসিত”

NJB “পবিত্র আত্মার সাথে ঐক্য আমাকে গ্রহণ করেছে”

পৌল বিশ্বাস করতেন যে খ্রীষ্টের কাছ থেকে তার রয়েছে একটি বিশেষ আহ্বান এবং বাধ্যবাধকতা (প্রেরিত ৯:১-২২; গালা ১:১)।

VERBAL (PRESENT ACTIVE PARTICIPLE, ২:১৫) হল *sun* (পৌলের কাছে খুব সাধারণ) এর সাথে একটি সমন্বয়।

তিনি তার নূতন উপলব্ধিতে অনুপ্রাণিত হয়েছিলেন যার ভিত্তি ছিল

১. খ্রীষ্টের প্রকাশ
 - ক. দম্মেশকের পথে
 - খ. আরবের শিক্ষা (Nabeteam [আরবের একটি স্থানের নাম])
২. আত্মার আভ্যন্তরীণ সাক্ষ্য

তিনি ছিলেন একজন প্রেরিত এবং ঈশ্বরীক কর্তৃত্ব সহকারে কথা বলতেন (১ করি ৭:২৫, ৪০)। তিনি জানিয়েছেন অবিশ্বাসীদের জন্য ঈশ্বরের দুঃখ এবং ইস্রায়েল জাতির অনমনীয় প্রতিরোধ (২ পদ)। তাদের অনেক সুযোগ সুবিধা ছিল (৪-৫ পদ)।

৯:৩

NASB, NKJV,

NRSV “আমি কামনা করতে...”

TEV “তাদের পক্ষে কামনা করতে”

NJB “আমি ইচ্ছা করতে...”

পৌল তার লোক, ইস্রায়েলীয়দের জন্য গভীর অনুভূতি অনুভব করতেন, যেন তার পৃথকীকরণ তাদের অর্ন্তভুক্তিতে প্রভাব ফেলতে পারে, যেমন তিনি ইচ্ছা করেন ৩ পদে। এই পদের রয়েছে এরকম শক্তিশালী, জোড়াল ব্যাকরণগত কাঠামো (*autos* এবং *egō* উভয়ের সাথে IMPERFECT MIDDLE INDICATIVE এবং একটি PRESENT INFINITIVE)। এই প্রার্থনার গভীরতা এবং বোঝা যাত্রা পুস্তক ৩২:৩০-৩৫ পদে পাপময় ইস্রায়েলের জন্য মোশির মধ্যস্থতার প্রার্থনার মত একই রকম। এর সবচেয়ে ভাল উপলব্ধি আকাংখ্যার মন্তব্য হিসাবে, প্রকৃত নয়। এটি গালা ৪:২০ পদে IMPERFECT TENSE এর একই রকমের ব্যবহার। নিচে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: মধ্যস্থতার প্রার্থনা

I. ভূমিকা

- ক. যীশুর উদাহরণের কারণে প্রার্থনা খুব তাৎপর্যপূর্ণ
১. ব্যক্তিগত প্রার্থনা, মার্ক ১:৩৫; লুক ৩:২১; ৬:১২; ৯:২৯; ২২:২৯-৪৬
 ২. মন্দির পরিস্কারকরণ, মথি ২১:১৩; মার্ক ১১:১৭; লুক ১৯:৪৬
 ৩. আদর্শ প্রার্থনা, মথি ৬:৫-১৩; লুক ১১:২-৪
- খ. প্রার্থনা ব্যক্তিগত ভাবে আমাদের বিশ্বাসকে স্পর্শযোগ্য, কাজের মধ্যে রাখে, ঈশ্বরের তত্ত্বাবধান যিনি উপস্থিত, ইচ্ছুক এবং আমাদের ও অন্যদের পক্ষে কাজ করতে সমর্থ আমাদের প্রার্থনার দ্বারা।
- গ. ঈশ্বর ব্যক্তিগত ভাবে নিজেই সীমাবদ্ধ করেছেন অনেক ক্ষেত্রে তাঁর সন্তানদের প্রার্থনা অনুসারে কাজ করার (যাকোব ৪:২)
- ঘ. প্রার্থনার প্রধান উদ্দেশ্য হল আমাদের ত্রিভু ঈশ্বরের সঙ্গে সহভাগিতা ও সময় কাটানো।
- ঙ. প্রার্থনার ক্ষেত্রে যে কোন বিষয়ে বা যে কোন ব্যক্তির জন্য যা বিশ্বাস সম্পর্কিত। আমরা প্রার্থনা করতে পারি একবার, বিশ্বাস করে, অথবা প্রতিউত্তর পাবার চিন্তায় বা উদ্বেগে বার বার করতে পারি।
- চ. প্রার্থনায় বেশ কিছু উপাদান অন্তর্ভুক্ত করা যেতে পারে
১. ত্রিভু ঈশ্বরের প্রশংসা ও আরাধনা
 ২. ঈশ্বরকে তাঁর উপস্থিতির, সহভাগিতার এবং সব কিছু দানের জন্য ধন্যবাদজ্ঞাপন
 ৩. অতীত ও বর্তমান, উভয় ক্ষেত্রে আমাদের পাপময়তা স্বীকার করা
 ৪. আমাদের বোধগম্য প্রয়োজন অথবা আকাঙ্খ্যার জন্য আবেদন
 ৫. মধ্যস্থতা যেখানে আমরা পিতার সাক্ষাতে অন্যদের প্রয়োজনে দায়িত্ববান
- ছ. মধ্যস্থতার প্রার্থনা একটি নিগূঢ়তত্ত্ব। ঈশ্বর তাদের ভালবাসেন যাদের জন্য আমরা আমাদের চেয়ে বেশি প্রার্থনা করি, তথাপি আমাদের প্রার্থনা প্রায়ই পরিবর্তনে, সাড়া প্রদানে বা প্রয়োজনে প্রভাবিত হয়, কেবলমাত্র আমাদের মধ্যেই নয়, কিন্তু তাদের মধ্যেও।

II. বাইবেল ভিত্তিক উপকরণ

- ক. পুরাতন নিয়ম
১. মধ্যস্থতার প্রার্থনার কয়েকটি উদাহরণ:
 - ক. সদোমের জন্য অব্রাহামের আবেদন, আদি ১৮:২২...
 - খ. ইস্রায়েলীয়দের জন্য মোশির প্রার্থনা
 - (১) যাত্রা ৫:২২-২৩ পদ
 - (২) যাত্রা ৩২:৩ পদ থেকে কয়েকটি পদ
 - (৩) দ্বি বি ৫:৫ পদ
 - (৪) দ্বি বি ৯:১৮, ২৫ থেকে কয়েকটি পদ
 - গ. শমুয়েলের ইস্রায়েলের জন্য প্রার্থনা
 - (১) ১ শমু ৭:৫-৬, ৮-৯ পদ
 - (২) ১ শমু ১২:১৬-২৩ পদ
 - (৩) ১ শমু ১৫:১১ পদ
 - ঘ. দায়ুদ ও তার সন্তান, ২ শমু ১২:১৬-১৮ পদ
 ২. ঈশ্বর মধ্যস্থতাকারীর অন্বেষণ করেন, যিশা ৫৯:১৬ পদ
 ৩. জানা, অস্বীকৃত পাপ বা মন পরিবর্তন না করার মনোভাব আপনার প্রার্থনাকে প্রভাবিত করে
 - ক. গীত ৬৬:১৮ পদ
 - খ. হিতো ২৮:৯ পদ
 - গ. যিশা ৫৯:১-২; ৬৪:৭ পদ
- খ. নূতন নিয়ম
১. পুত্র এবং আত্মার মধ্যস্থতার পরিচর্যা
 - ক. যীশু
 - (১) রোমীয় ৮:৩৪ পদ
 - (২) ইব্রীয় ৭:২৫ পদ
 - (৩) ১ যোহন ২:১ পদ
 - খ. পবিত্র আত্মা, রোমীয় ৮:২৬-২৭ পদ
 ২. পৌলের মধ্যস্থতার পরিচর্যা
 - ক. যিহুদীদের জন্য প্রার্থনা
 - (১) রোমীয় ৯:১ থেকে কয়েকটি পদ
 - (২) রোমীয় ১০:১ পদ
 - খ. মণ্ডলীর জন্য প্রার্থনা
 - (১) রোমীয় ১:৯ পদ
 - (২) ইফি ১:১৬ পদ
 - (৩) ফিলি ১:৩-৪, ৯ পদ
 - (৪) কল ১:৩, ৯ পদ
 - (৫) ১ থিষ ১:২-৩ পদ

(৬) ২ খিষ ১:১১ পদ

(৭) ২ তীম ১:৩ পদ

(৮) ফিলিমন, ৪ পদ

গ. পৌল মণ্ডলীকে আহবান জানিয়েছেন তার জন্য প্রার্থনা করতে

(১) রোমীয় ১৫:৩০ পদ

(২) ২ করি ১:১১ পদ

(৩) ইফি ৬:১৯ পদ

(৪) কল ৪:৩ পদ

(৫) ১ খিষ ৫:২৫ পদ

(৬) ২ খিষ ৩:১ পদ

৩. মণ্ডলীর মধ্যস্থতার পরিচর্যা

ক. একজন অন্যের জন্য প্রার্থনা

(১) ইফি ৬:১৮ পদ

(২) ১ তীম ২:১ পদ

(৩) যাকোব ৫:১৬ পদ

খ. বিশেষ দলের জন্য প্রার্থনার অনুরোধ

(১) আমাদের শত্রুদের জন্য, মথি ৫:৪৪ পদ

(২) খ্রীষ্টিয় কর্মীদের জন্য, ইব্রীয় ১৩:১৮ পদ

(৩) শাসকদের জন্য, ১ তীম ২:২ পদ

(৪) অসুস্থদের জন্য, যাকোব ৫:১৩-১৬ পদ

(৫) যারা ধর্মত্যাগ করেছে তাদের জন্য, ১ যোহন ৫:১৬ পদ

III. প্রার্থনার উত্তরের জন্য শর্তসমূহ

ক. খ্রীষ্টের এবং আত্মার সঙ্গে আমাদের সম্পর্ক

১. তাঁহাতে থাকা, যোহন ১৫:৭ পদ

২. তাঁর নামে, যোহন ১৪:১৩, ১৪: ১৫:১৬; ১৬:২৩-২৪ পদ

৩. আত্মায়, ইফি ৬:১৮ এবং যিহুদা ২০ পদ

৪. ঈশ্বরের ইচ্ছানুসারে, মথি ৬:১০; ১ যোহন ৩:২২; ৫:১৪-১৫ পদ

খ. উদ্দেশ্য

১. দোদুল্যমান না হওয়া, মথি ২১:২২; যাকোব ১:৬-৭ পদ

২. নশ্রতা ও মন পরিবর্তন, লুক ১৮:৯-১৪ পদ

৩. ক্রুটিপূর্ণ ভাবে চাওয়া, যাকোব ৪:৩ পদ

৪. স্বার্থপরতা, যাকোব ৪:২-৩ পদ

গ. অন্য দিকসমূহ

১. ধৈর্যধারণ

ক. লুক ১৮:১-৮ পদ

খ. কল ৪:২ পদ

২. চাইতে থাকা

ক. মথি ৭:৭-৮ পদ

খ. লুক ১১:৫-১৩ পদ

গ. যাকোব ১:৫ পদ

৩. গৃহে অনৈক্য, ১ পিতর ৩:৭ পদ

৪. জগত পাপ থেকে মুক্ত

ক. গীত ৬৬:১৮ পদ

খ. হিতো ২৮:৯ পদ

গ. যিশা ৫৯:১-২ পদ

ঘ. যিশা ৬৪:৭ পদ

IV. ধর্মতাত্ত্বিক উপসংহার

ক. কি সুবিধা। কি সুযোগ। কি কর্তব্য এবং দায়িত্ব

খ. যীশু আমাদের উদাহরণ। আত্মা আমাদের পরিচালক। পিতা অধীর আগ্রহে অপেক্ষা করছেন।

গ. এটি আপনাকে, আপনার পরিবারকে, আপনার বন্ধু-বান্ধবকে এবং জগতকে পরিবর্তন করতে পারে।



NASB “খ্রীষ্ট কাছ থেকে পৃথক থেকে অভিশপ্ত হই”

NKJV “খ্রীষ্ট থেকে অভিশপ্ত”

NRSV “অভিশপ্ত এবং খ্রীষ্ট থেকে বিচ্ছিন্ন”

TEV “ঈশ্বরের অভিশাপের অধীনে এবং খ্রীষ্ট থেকে পৃথক”

NJB “ইচ্ছাকৃত ভাবে দোষীকৃত এবং খ্রীষ্ট থেকে বিচ্ছিন্ন হয়েছে”

“পবিত্র” এর মূল শব্দতত্ত্ব হল ঈশ্বরের উদ্দেশ্যে পৃথকিকৃত তাঁর ব্যবহারের জন্য। এই একই ধারণা “অভিশাপ” এর জন্য। এই টার্মগুলি সম্পর্কযুক্ত (*anathema*, ১ করি ১২:৩; ১৬:২২; গালা ১:৮, ৯)। কোন কিছু বা কেউ একজনকে ঈশ্বরের উদ্দেশ্যে আলাদা রাখা হয়েছে। এটি হতে পারে একটি ইতিবাচক অভিজ্ঞতা (লেবীয় ২৭:২৮; লুক ২১:৫) অথবা নেতিবাচক অভিজ্ঞতা (যিহো ৬-৭; রোমীয় ৯:৩), প্রসঙ্গের উপরে নির্ভর করে।

বিশেষ বিষয়: অভিশাপ (*ANATHEMA*)

“অভিশাপ” এর জন্য ইব্রীয়তে বেশ কয়েকটি শব্দ রয়েছে। *Herem* (BDB 356) ব্যবহৃত হয়েছে ঈশ্বরকে কোন কিছু দেওয়া হয়েছে (*anathema* হিসাবে LXX (BAGD 54), লেবীয় ২৭-২৮), সাধারণত ধংসের জন্য (দি বি ৭:২৬; যিহো ৬:১৭-১৮; ১৭:১২)। এটি ছিল একটি টার্ম “পবিত্র যুদ্ধ”-র ধারণা নিয়ে ব্যবহৃত হয়েছে। ঈশ্বর বলেছিলেন কনানীয়দের ধংস করতে এবং যিরিহো ছিল প্রথম সুযোগ, “প্রথম ফল”।

নূতন নিয়মে *anathema* এবং এর সম্পর্কিত রূপ ব্যবহৃত হয়েছে কয়েকটি ভিন্ন ভিন্ন অর্থে:

১. দান হিসাবে বা ঈশ্বরের উদ্দেশ্যে উৎসর্গ (লুক ২১:৫)
২. মৃত্যু শপথ হিসাবে (প্রেরিত ২৩:১৪)
৩. অভিশাপ এবং শপথ (মার্ক ১৪:৭১)
৪. অভিশাপের সূত্র যীশুর সঙ্গে সম্পর্কযুক্ত (১ করি ১২:৩)
৫. ঈশ্বরের বিচারের বা ধংসের জন্য কোন একজনকে বা কোন কিছুকে দেওয়া (রোমীয় ৯:৩; ১ করি ১৬:২২; গালা ১:৮-৯)।

□ “মাংসের সম্বন্ধে আমার স্বজাতীয়” ১:৩ পদে বিশেষ বিষয় দেখুন।

৯:৪-৫ এই ধারাবাহিক NOUN PHRASES ইশ্রায়েলের সুযোগসমূহ হুবহু বিশদ ভাবে প্রকাশ করেছে। তাদের অবিশ্বাস ছিল এই সুবিধা সমূহের আলোতে আরো বেশি নিন্দনীয়। যাকে বেশি দেওয়া হয়েছে তার কাছে বেশি আশা করা হয়েছে (লুক ১২:৪৮)!

৯:৪ “ইশ্রায়েলীয়” এটি ছিল অব্রাহামের বংশধরদের জন্য পুরাতন নিয়মের নিয়মবদ্ধ নাম। ঈশ্বরের সঙ্গে চূড়ান্ত সাক্ষাতের পরে যাকোবের নাম পরিবর্তিত হয়ে ইশ্রায়েল হয় (আদি ৩২:২৮)। এটি হয়ে পড়ে যিহুদী জাতির জন্য সমবেত উপাধি। এর শব্দতত্ত্ব হতে পারে “*El* (ঈশ্বর) সংরক্ষণ করেন” এবং তাৎপর্যের দ্বারা, যাকোবের কৌশল নয়।

বিশেষ বিষয়: ইশ্রায়েল (নাম)

১. নামের অর্থ অনিশ্চিত (BDB 975)।
 - ক. *El* অবিরত দৃঢ়তার সাথে
 - খ. *El* কে অবিরত দৃঢ়তার সাথে করতে দাও (JUSSIVE)
 - গ. *El* সংরক্ষণ করেন
 - ঘ. *El* কে চেষ্টা করতে দাও
 - ঙ. *El* যুদ্ধকারী
 - চ. তিনি যিনি ঈশ্বরের সাথে যুদ্ধ করেন (আদি ৩২:২৮)
২. পুরাতন নিয়মে ব্যবহার
 - ক. যাকোবের নাম (স্থানচ্যুত কারী, পাদগ্রাহী, BDB 784, আদি ২৫:২৬) পরবর্তিত হয় যকোব নদীর তীরে আত্মিক ব্যক্তির সহিত মল্লযুদ্ধ করার পরে (আদি ৩২:২২-৩২; যাত্রা ৩২:১৩)। প্রায়ই ইব্রীয় নামের অর্থ নাটকীয়, শব্দতত্ত্ব অনুসারে নয় (৩২:২৮)। তার নাম হয় ইশ্রায়েল (অর্থাৎ, আদি ৩৫:১০)।
 - খ. এই নামটি সমবেত নাম হয়ে পড়ে তার ১২ জন পুত্র সকলের (অর্থাৎ, আদি ৩২:৩২; ৪৯:১৬; যাত্রা ১:৭; ৪:২২; ২৮:১১; দি বি ৩:১৮; ১০:৬)।
 - গ. এটি ১২ বংশের দ্বারা গঠিত জাতীর প্রতিনিধিত্বকারী হয়ে পড়ে মহা প্রস্থানের আগে (আদি ৪৭:২৭; যাত্রা ৪:২২; ৫:২) এবং পরে (দি বি ১:১; ১৮:৬; ৩৩:১০)।
 - ঘ. শৌল, দায়ুদ এবং শলোমনের যৌথ রাজতন্ত্রের পরে রহবিয়ামের সময়ে বংশগুলি বিভক্ত হয়ে পড়ে (১ রাজা ১২)।
 ১. স্বাতন্ত্র্যতা শুরু হয়েছিল অফিশিয়ালী বিভক্তির আগেই (অর্থাৎ, ২ শমূ ৩:১০; ৫:৫; ২০:১; ২৪:৯; ১ রাজা ১:৩৫; ৪:২০)
 ২. উত্তরাধ্বলের বংশের উপাধি থাকে ৭২২ খ্রীষ্ট পূর্বে অশুরীয়দের কাছে শমরিয়ার পতন পর্যন্ত (২ রাজা ১৭)।
 - ঙ. সামান্য কিছু স্থানে যিহুদার জন্য ব্যবহৃত হয়েছে (অর্থাৎ, যিশা ১; মীখা ১:১৫-১৬)।
 - চ. অশুরীয় ও বাবিলীয় নির্বাসনের পরে এটি আবার যাকোবের সকল বংশধরদের সমবেত নাম হয়ে পড়ে (অর্থাৎ, যিশা ১৭:৭, ৯; যির ২:৪; ৫০:১৭, ১৯)।

□ “কারণ তারা দত্তকপুত্র” পুরাতন নিয়মে “পুত্রগণ” এর PLURAL সাধারণত উল্লেখ করেছে দূতদের বিষয় (ইয়োব ১:৬; ২:১; ৩৮:৭; দানি ৩:২৫; গীত ২৯:১; ৮৯:৬-৭), যখন SINGULAR উল্লেখ করেছে

১. ইস্রায়েলীয় রাজা (২ শমূ ৭:১৪)
২. জাতি (যাত্রা ৪:২২, ২৩; দ্বি বি ১৪:১; হোশেয় ১১:১)
৩. মশীহ (গীত ২:৭)
৪. এটি মানুষকেও উল্লেখ করতে পারে (দ্বি বি ৩২:৫; গীত ৭৩:১৫; যিহি ২:১; হোশেয় ১:১০। আদি ৬:২ পদ দ্ব্যর্থব্যাঞ্জক; এটা হতে পারে যে কোন একটি)। নূতন নিয়মে এটি উল্লেখ করে একজনকে যিনি ঈশ্বরের পরিবারের একজন।

পৌলের পরিভ্রাণের জন্য সবচেয়ে বড় রূপক ছিল “দত্তকপুত্রতা” রোমীয় ৮:১৫, ২৩; গালা ৪:৫; ইফি ১:৫), যখন পিতার এবং যোহনের ছিল “পুনরায় জন্ম।” এগুলি উভয়ই পারিবারিক রূপক। এটি যিহুদী নয়, কিন্তু রোমীয় রূপক। দত্তকপুত্রতা ছিল খুব ব্যয়বহুল এবং সময় সাপেক্ষ বৈধ প্রক্রিয়া রোমীয় আইনের অধীনে। একবার দত্তক প্রাপ্ত ব্যক্তিকে বিবেচনা করা হতো এক নূতন ব্যক্তি হিসাবে যাকে বৈধ ভাবে অস্বীকার বা হত্যা করা যাবে না তাদের দত্তক গ্রহণকারী পিতার দ্বারা।

□ “প্রতাপ” ইব্রীয় মূলের অর্থ “ভারী হওয়া” যেটি একটি রূপক সেই সবের জন্য যেগুলি খুব মূল্যবান। এখানে উল্লেখ করেছে

১. সিনাই পর্বতে ঈশ্বর নিজেকে প্রকাশ করেছেন (যাত্রা ১৯:১৮-১৯)
২. *Shekinah* হতে পারে প্রতাপ যা ইস্রায়েলীয়দের পরিচালনা দিয়েছিল প্রান্তরে ঘুরে বেড়াবার সময়ে (যাত্রা ৪০:৩৪-৩৮)

YHWH অনন্য ভাবে নিজেকে ইস্রায়েলীয়দের কাছে প্রকাশ করেছেন। YHWH -র উপস্থিতি উল্লেখ করে তাঁর প্রতাপের (১ রাজা ৮:১০-১১; যিহি ১:২৮)। ৩:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “ধর্মনিয়ম” পুরাতন গ্রীক পাতুলিপি P⁴⁶, B, F, এবং G-তে SINGULAR “ধর্মনিয়ম” ব্যবহৃত হয়েছে। যাহোক, PLURAL হল MSS X, C, এবং কিছু পুরাতন ল্যাটিন, ভালগেট, এবং কপটিক ভারশানে। UBS⁴ দিয়েছে PLURAL -কে “B” রেটিং (প্রায় নির্দিষ্ট)। যাহোক, পুরাতন নিয়মে PLURAL কখনো ব্যবহৃত হয়নি। পুরাতন নিয়মে বেশ কয়েকটি নির্দিষ্ট ধর্ম নিয়ম রয়েছে: আদম, নোহ, অব্রাহাম, মোশি এবং দায়ুদ। যদিও পরবর্তিতে প্রদত্ত ব্যবস্থা উল্লেখ করা হয়েছে, এটি সম্ভবত উল্লেখ করেছে অব্রাহামের কাছে করা নিয়ম, যার মধ্যে একটিকে পৌল দেখেছেন মূল ভিত্তি হিসাবে (৪:১-২৫; গালা ৩:১৬-১৭) এবং বেশ কয়েকবার তা পুনরাবৃত্তি করেছেন (অর্থাৎ, আদি ১২, ১৫, ১৭) এবং প্রত্যেক পিতৃপুরুষদের কাছে।

বিশেষ বিষয়: নিয়ম/ধর্মনিয়ম

পুরাতন নিয়মের টার্ম *berith* (BDB 136), ধর্মনিয়ম, ব্যাখ্যা করা খুব সহজ নয়। হিব্রুতে কোন সমরূপ VERB নেই। শব্দতত্ত্বগত ব্যাখ্যা উদ্ভবের সকল প্রচেষ্টা বিশ্বাসজনক বলে প্রমাণিত হয়নি। যাহোক, স্পষ্ট কেন্দ্রীভূত ধারণা পণ্ডিতদের বাধ্য করেছে এর কার্যকর অর্থ স্থির করার প্রচেষ্টায় শব্দ ব্যবহার পরীক্ষা করতে।

ধর্মনিয়ম বা নিয়ম হল উপায় যার মাধ্যমে একমাত্র সত্যময় ঈশ্বর তাঁর মানব সৃষ্টির সঙ্গে যোগাযোগ করেন। ধর্মনিয়ম, চুক্তি, বা একমত হওয়ার ধারণা বাইবেলে প্রত্যাশিত বোঝার ক্ষেত্রে খুব গুরুত্বপূর্ণ। ধর্মনিয়মের ধারণায় ঈশ্বরের সার্বভৌমত্ব এবং মানুষের স্বাধীন ইচ্ছার মধ্যকার চাপ স্পষ্টভাবে দৃশ্যমান। কিছু ধর্মনিয়মের ভিত্তি ঈশ্বরের চরিত্র এবং কাজের উপরে।

১. সৃষ্টি নিজে (আদি ১-২)
২. অব্রাহামের আহবান (আদি ১২)
৩. অব্রাহামের সঙ্গে নিয়ম স্থাপন (আদি ১৫)
৪. রক্ষা এবং প্রতিজ্ঞা করা নোহের কাছে (আদি ৬-৯)

যাহোক, ধর্মনিয়মের মূল প্রকৃতি সাড়া প্রদান দাবী করে।

১. বিশ্বাসে আদম অবশ্যই ঈশ্বরকে মান্য করবেন এবং এদোনের মধ্যকার গাছের ফল খাবেন না
২. বিশ্বাসে অব্রাহাম অবশ্যই তার পরিবার ত্যাগ করবেন, ঈশ্বরকে অনুসরণ করবেন, এবং ভবিষ্যৎ বংশধরদের বিষয়ে বিশ্বাস করবেন
৩. বিশ্বাসে নোহ অবশ্যই জল থেকে অনেক দূরে বিশাল একটি নৌকা তৈরী করবেন এবং জীবজন্তু একত্র করবেন
৪. বিশ্বাসে মোশি ইস্রায়েলীয়দের মিসর থেকে বের করে সিনাই পর্বতে নিয়ে আসবেন এবং ধর্মীয় ও সামাজিক সুনির্দিষ্ট নির্দেশনা যার সাথে রয়েছে আশীর্বাদ ও অভিশাপ তা লাভ লাভ করবেন (দ্বি বি ২৭-২৮)

এই একই চাপ অর্ন্তভুক্ত মানুষের সঙ্গে ঈশ্বরের সম্পর্কে যা বলা হয়েছে “নূতন ধর্মনিয়মে।” এই চাপ স্পষ্ট ভাবে দৃশ্যমান হতে পারে যিহিস্কেল ১৮ অধ্যায়ের সঙ্গে যিহিস্কেল ৩৬:২৭-৩৭ পদের তুলনায় (YHWH -র কাজ)। ঈশ্বরের অনুগ্রহময় কাজের উপরে কি নিয়মের ভিত্তি অথবা মানবিক সাড়া প্রদানের বাধ্যবাধকতায়? এটাই হল পুরাতন নিয়ম এবং নূতনের মধ্যকার জ্বলন্ত বিষয়। উভয়েরই লক্ষ্য একই: (১) YHWH সাথে মানুষের আদি ৩ অধ্যায়ে হারানো সহযোগিতার পুনরুদ্ধার এবং (২) ধার্মিক লোকদের প্রতিষ্ঠা যারা ঈশ্বরের চরিত্র প্রতিফলিত করবে।

যির ৩১:৩১-৩৪ পদের নূতন ধর্মনিয়ম চাপ সমস্যার সমাধান করেছে মানবিক কাজ দূর করার দ্বারা সম্পূর্ণ গ্রহণ করার উপায় হিসাবে। ঈশ্বরের ব্যবস্থা বাহ্যিক ব্যবস্থার পদ্ধতির পরিবর্তে হয়েছে আভ্যন্তরিন আকাংখ্য। একজন ঈশ্বরভক্ত, ধার্মিক লোকের লক্ষ্য একই থাকে, কিন্তু পদ্ধতি পরিবর্তিত হয়। পতিত মানব প্রমাণ করেছে যে তাদের ঈশ্বরের প্রতিমূর্তির প্রতিফলন যথেষ্ট নয়। সমস্যা ঈশ্বরের নিয়মে নয়, কিন্তু মানুষের পাপময়তা ও দুর্বলতা (রোমীয় ৭; গালা ৩)।

পুরাতন নিয়মের শর্তহীন ও শর্তসাপেক্ষ নিয়মের মধ্যকার একই চাপ নূতন নিয়মের মধ্যেও রয়ে গেছে। যীশু খ্রীষ্টের সমাপ্ত করা কাজে

পরিব্রাজ্য একেবারে বিনামূল্যে দত্ত, কিন্তু এর জন্য আবশ্যিক মন পরিবর্তন ও বিশ্বাস (উভয়ই প্রারম্ভিক ও অবিরত)। এই উভয়ই বৈধ মন্তব্য এবং খ্রীষ্ট সাদৃশ্য হবার আহ্বান, গ্রহণের একটি নির্দেশক পদ্ধতি এবং পবিত্রতায় অত্যন্ত গুরুত্বপূর্ণ! বিশ্বাসীরা তাদের কাজের দ্বারা রক্ষা পায় না, কিন্তু বাধ্যতায় (ইফি ২:৮-১০)। ঈশ্বর ভক্তির জীবন যাপন পরিব্রাজ্যের প্রমাণ, পরিব্রাজ্যের উপায় নয়। যাহোক, অনন্তজীবনের দৃশ্যমান বৈশিষ্ট্য রয়েছে! এই চাপ স্পষ্টরূপে ইব্রীয়তে দৃশ্যমান।

□ “ব্যবস্থাদান এবং মন্দিরের আরাধনা” এটি উল্লেখ করতে পারে

১. সিনাই পর্বতে মোশির ব্যবস্থা লাভ (যাত্রা ১৯-২০)
২. প্রান্তরে পরিভ্রমণকালে সমাগম তাম্বু (যাত্রা ২৫-৪০ এবং লেবীয়)

□ “প্রতিজ্ঞাসমূহ” ঈশ্বর তাঁর ভবিষ্যতের পরিকল্পনা প্রকাশ করেছেন (১:২; প্রেরিত ১৩:৩২; তীত ১:২; ইব্রীয় ১:১) পুরাতন নিয়মের মাধ্যমে।

মেহেতু “ধর্মনিয়ম” পূর্বেই উল্লেখিত হয়েছে, “প্রতিজ্ঞাসমূহ” সম্ভবত উল্লেখ করেছে মশীহকে (৫ পদ, অর্থাৎ, আদি ৩:১৫; ৪৯:১০; দ্বি বি ১৮:১৫, ১৮-১৯; ২ শমু ৭; গীত ১৬:১০; ১১৮:২২; যিশা ৭:১৪; ৯:৬; ১১:১-৫; দানি ৭:১৩-২৭; মীখা ৫:২-৫; সখ ২:৬-১৩; ৬:১২; ৯:৯; ১১:১২)।

এই প্রতিজ্ঞাসমূহ (ধর্মনিয়ম) উভয়ই শর্তহীন এবং শর্তসাপেক্ষ। সেগুলি যতদূর সম্ভব ঈশ্বরের কাজে শর্তহীন (আদি ১৫:১২-২১), কিন্তু মানুষের বিশ্বাস ও বাধ্যতায় শর্তসাপেক্ষ (আদি ১৫:৬ এবং রোমীয় ৪)। খ্রীষ্ট আসার আগে কেবলমাত্র ইস্রায়েলের কাছে ঈশ্বরের প্রত্যাদেশ ছিল (কিন্তু প্রত্যাদেশ সাথে যেমন ইয়োব, যিথ্রো)।

৯:৫ “পিতৃপুরুষেরা” এটি উল্লেখ করে অব্রাহাম, ইসাহাক, এবং যাকোব, আদি পুস্তকের ১২-৫০ অধ্যায়ের পিতৃপুরুষেরা (রোমীয় ১১:২৮; দ্বি বি ৭:৮; ১০:১৫)।

□ “মাংস অনুসারে তাদেরই মধ্য থেকে খ্রীষ্ট এসেছেন” এটি উল্লেখ করে মশীহের দৈহিক বংশধারা (১:৩, বিশেষ বিষয় দেখুন: ১:৪ পদে মশীহ), অভিষিক্ত একজন, ঈশ্বরের বিশেষ মনোনীত দাস যিনি ঈশ্বর প্রতিজ্ঞা ও পরিকল্পনা পরিপূর্ণ করবেন (১০:৬)।

টার্ম “অভিষিক্ত একজন” এই ইব্রীয় টার্মের গ্রীক অনুবাদ “খ্রীষ্ট”। পুরাতন নিয়মে তিন দল নেতারা বিশেষ পবিত্র তেল দ্বারা অভিষিক্ত হতেন।

১. ইস্রায়েলের রাজারা
২. ইস্রায়েলের মহা পুরোহিতগণ
৩. ইস্রায়েলের ভাববাদীরা

এটি ছিল ঈশ্বরের মনোনয়ন এবং তাঁর কাজের জন্য তাদের সুসজ্জিতকরণের প্রতিক। যীশু অভিষিক্তের এই তিনটি দিকই পূর্ণ করেছিলেন (ইব্রীয় ১:২-৩)। তিনি ছিলেন ঈশ্বরের পূর্ণ প্রকাশ কারণ তিনি ছিলেন দেহধারী ঈশ্বর (যিশা ৭:১৪; ৯:৬; মীখা ৫:২-৫; কল ১:১৩-২০)।

“মাংস” এর জন্য ১:৩ পদে বিশেষ বিষয় দেখুন।

□

NASB “মাংস অনুসারে খ্রীষ্ট এসেছেন, যিনি সর্বোপরিষ্ট, যুগে যুগে ধন্য ঈশ্বর”

NKJV “খ্রীষ্ট আসলেন, যিনি সর্বোপরিষ্ট, যুগে যুগে ঈশ্বর ধন্য”

NRSV “মশীহ আসলেন, যিনি সর্বোপরিষ্ট, চিরকাল ঈশ্বর ধন্য”

TEV “এবং খ্রীষ্ট মানুষের রূপে, তাদের বংশ থেকে আসলেন, ঈশ্বর যিনি সব কিছু শাসন করেন, চিরকাল তাঁর প্রশংসা হোক”

NJB “খ্রীষ্ট আসলেন যিনি সর্বোপরিষ্ট, যুগে যুগে ধন্য ঈশ্বর”

ব্যাকরণগত ভাবে এটি হতে পারে পিতার প্রতি প্রশংসা (TEV, যিহুদী ঐতিহ্য অনুসরণ করেছে), কিন্তু প্রসঙ্গ নিশ্চিত করছে পৌলের যীশুর ঈশ্বরত্বের প্রতি নিশ্চয়তা (এটি LXX-তে YHWH প্রতি যিহুদী প্রশংসার নমুনা অনুসরণ করছে না; দেখুন J. Murray, II, pp. 245-248)। যীশুর জন্য *Theos* পৌল প্রায়ই ব্যবহার করতেন না, কিন্তু তিনি এটি ব্যবহার করতেন (প্রেরিত ২০:২৮; ২ থিষ ১:১২; তীত ২:১৩; ফিলি ২:৬)। সকল প্রাথমিক মন্ডলীর আদিপিতাগণ এই টেক্সটকে ব্যাখ্যা করেছেন যীশুকে উল্লেখ করেছে বলে। Bruce Metzger, *A Textual Commentary On the Greek New Testament*, pp. 520-522, দেখিয়েছেন যে ভিন্ন ভিন্ন বিকল্প সম্পর্কযুক্ত যেখানে যেখানে যতি চিহ্ন দেওয়া হয়েছে। প্রাচীন uncial (বড় হাতের অক্ষরের মত গোলাকৃতি ছাড়া ছাড়া লেখনী) পাণ্ডুলিপির ছিল না

১. বড় বা ছোট হাতের অক্ষর
২. যতি চিহ্ন
৩. প্যারাগ্রাফ বিভাগ
৪. শব্দের মধ্যে ফাক ছিল না

□ “যিনি সর্বোপরিষ্ট” এটি আরও হতে পারে পিতা ঈশ্বরের বা পুত্র যীশুর জন্য বর্ণনামূলক শব্দগুচ্ছ। এটি প্রতিফলিত করেছে মথি ২৮:১৯ পদে যীশুর মন্তব্য এবং কল ১:১৫-২০ পদে পৌলের মন্তব্য। এই রাজকীয় শব্দগুচ্ছ দেখিয়েছে ইস্রায়েলের নাসরতীয় যীশুকে প্রত্যাক্ষানের নির্বুদ্ধিতার উচ্চতা।

□ “যুগে যুগে” এটি আক্ষরিক ভাবে গ্রীক বাগধারার শব্দগুচ্ছ “যুগের শেষ পর্যন্ত” (লুক ১:৩৩; রোমীয় ১:২৫; ১১:৩৬; গালা ১:৫; ১ তীম ১:১৭)। এটি বেশ কয়েকটি সম্পর্কযুক্ত শব্দগুচ্ছ (১) “যুগের শেষ পর্যন্ত” (মথি ২১:১৯ [মার্চ ১১:১৪]; লুক ১:৫৫; যোহন ৬:৫, ৫৮; ৮:৩৫; ১২:৩৪; ১৩:৮; ১৪:১৬; ২ করি ৯:৯) অথবা (২) “যুগে যুগে” (ইফি ৩:২১)। মনে হয় “চিরকাল” এর জন্য এই বাগধারাগুলির মধ্যকার কোন স্বতন্ত্রতা নেই। টার্ম “যুগ” হতে

পারে PLURAL রূপক অর্থে রবিবদের ব্যাকরণগত কামোতে যাকে বলা হয় “রাজকীয় বহুবচন” অথবা এটি উল্লেখ করতে পারে কয়েকটি “যুগ”-এর ধারণা যিহুদী অর্থে “নির্দোষীতার যুগ,” “দুঃস্থতার যুগ,” “যে যুগ আসছে,” অথবা “ধার্মিকতার যুগ।”

□ “আমেন” ১:২৫ পদে বিশেষ বিষয় দেখুন।

NASB (আপডেটেড) টেক্সট: ৯:৬-১৩

^১ কিন্তু ঈশ্বরের বাক্য যে বিফল হয়ে পড়েছে এমন নয়। কারণ তারা সকলেই যে ইস্রায়েল যারা ইস্রায়েলের বংশধর থেকে এসেছে এমন নয়; ^২ আর অব্রাহামের বংশ বলে তারা যে সকলেই সন্তান তাও নয়, কিন্তু: “ইসহাকেই তোমার বংশ আখ্যাত হবে।” ^৩ এর অর্থ এই, যারা মাংসের সন্তান তারা যে ঈশ্বরের সন্তান এমন নয়, কিন্তু প্রতিজ্ঞার সন্তানরাই বংশ বলে গণ্য হয়। ^৪ কারণ প্রতিজ্ঞার কথা এই: “এই সময়েই আমি আসবো, তখন সারার একটি পুত্র হবে।” ^৫ কেবল তাই নয়, কিন্তু আবার রিবিকা এক ব্যক্তি থেকে, আমাদের পিতৃপুরুষ ইসহাক থেকে যমজ সন্তান গর্ভে ধারণ করলো; ^৬ যখন যমজ সন্তানেরা ভূমিষ্ঠ হয় নাই এবং ভাল-মন্দ কিছুই করে নাই, তখন ঈশ্বরের মনোনয়ন অনুসারে তাঁর উদ্দেশ্য যেন স্থির থাকে, কোন কাজের জন্য নয় কিন্তু তাঁর ইচ্ছানুসারে যিনি আহ্বান করেছেন, ^৭ তাঁকে বলা হয়েছিল, “জ্যেষ্ঠ্য কনিষ্ঠের দাস হবে,” ^৮ ঠিক যেমন লেখা আছে, “আমি যাকোবকে প্রেম করেছি, কিন্তু এষোকে ঘৃণা করেছি।” (অনুবাদকৃত টেক্সট)।

৯:৬ “ঈশ্বরের বাক্য” এই প্রসঙ্গে এই শব্দগুচ্ছ উল্লেখ করছে পুরাতন নিয়মের ধর্মনিয়মের প্রতিজ্ঞাসমূহ। ঈশ্বরের প্রতিজ্ঞাসমূহ নিশ্চিত (গণনা ২৩:১৯; যিহো ২১:৪৫; ২৩:১৪; ২ রাজা ১০:১০; যিশা ৪০:৮; ৫৫:১১; ৫৯:২১)।

□

NASB, NRSV,

TEV, NJB

“বিফল হয়ে পড়েছে”

NKJV

“কোন ফল হয়নি”

এই টার্ম (*ekpiptō*) সেপ্টুয়াজিটে বেশ কয়েকবার ব্যবহৃত হয়েছে কোন কিছু (যিশা ৬:১৩) বা কোন একজনের (যিশা ১৪:১২) পতনের জন্য। এখানে এটি একটি PERFECT ACTIVE INDICATIVE, যেটি চিহ্নিত করছে দীর্ঘস্থায়ী ফলাফলের (কিন্তু এটি বাতিল করে) এমন একটি অবস্থা। ঈশ্বরের বাক্যের নিশ্চয়তার জন্য উপরে নোট দেখুন।

□

NASB “কারণ তারা সকলেই যে ইস্রায়েল যারা ইস্রায়েলের বংশধর থেকে এসেছে এমন নয়”

NKJV “কিন্তু ইস্রায়েলের সকলেই ইস্রায়েলীয় নয়”

NRSV “কারণ সকল ইস্রায়েলীয় সত্যিকার ইস্রায়েলীয় নয়”

TEV “কারণ ইস্রায়েলের সকল লোকই ঈশ্বরের লোক নয়”

NJB “যারা ইস্রায়েলের বংশধর তারা সকলেই ইস্রায়েলীয় নয়”

এই স্ববিরোধি মন্তব্যের অর্থ আবর্তিত বিভিন্ন বাইবেল ভিত্তিক অর্থ “ইস্রায়েল” টার্মের মধ্যে।

১. ইস্রায়েল, অর্থ যাকোবের বংশধরগণ (আদি ৩২:২২-৩২)

২. ইস্রায়েল, অর্থ ঈশ্বরের নির্বাচিত লোক (TEV)

৩. আত্মিক ইস্রায়েল, ইস্রায়েল অর্থ মন্ডলী (গালা ৬:১৬; ১ পিতর ২:৮, ৯; প্রকা ১:৬) বনাম স্বাভাবিক ইস্রায়েল (৩-৬ পদ)

কেবলমাত্র কিছু সংখ্যক অব্রাহামের সন্তান হয়েছিল প্রতিজ্ঞার সন্তান (৭ পদ)। এমনকি যিহুদীরা কখনোই ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কে ছিল না তারা শুধু তাদের বংশধারায় ভিত্তি করতো (৭ পদ), কিন্তু তাদের বিশ্বাসের উপরে নয় (২:২৮-২৯; ৪:১ থেকে কয়েকটি পদ; যোহন ৮:৩১-৫৯; গালা ৩:৭-৯; ৪:২৩)। এটি ছিল বিশ্বাসী অবশিষ্টাংশ (৯:২৭-২৮ পদে বিশেষ বিষয় দেখুন) যারা ঈশ্বরের প্রতিজ্ঞা লাভ করেছিল এবং বিশ্বাসের দ্বারা ঈশ্বরে গমনাগমন করতেন (৯:২৭; ১১:৫)।

৬ পদ শুরু হয়েছে ধারাবাহিক ধরে নেওয়া বিষয় দ্বারা (৯:১৪, ১৯, ৩০; ১১:১)। এটি পৌলের চলমান তীব্র সমালোচনা মূলক পদ্ধতি। এটি ধরে নেওয়া বিষয়ের মাধ্যমে সত্যকে উপস্থাপনের একটি উপায় (মালাখী ১:২, ৬, ৭ [দু’বার], ১২, ১৩; ২:১৪, ১৭ [দু’বার]; ৩:৭, ১৩, ১৪)।

৯:৭ এই পদের দ্বিতীয়ার্দ্ধ আদি পুস্তক ২১:১২^৭ পদের উদ্ধৃতি। অব্রাহামের সকল সন্তানই ঈশ্বরের নিয়মের প্রতিজ্ঞার সন্তান নয় (আদি ১২:১-৩; ১৫:১-১১; ১৭:১-২১; ১৮:১-১৫; গালা ৪:২৩)। এটি ৮-৯ পদে ইস্রায়েল ও ইসহাকের মধ্যকার পার্থক্য এবং ১০-১১ পদে যাকোব ও এষোর মধ্যকার পার্থক্য দেখায়।

৯:৮ এখানে পৌল “মাংস” টার্ম ব্যবহার করেছেন জাতির অধঃপতন উল্লেখ করে (১:৩; ৪:১; ৯:৩, ৫, ১:৩ পদে বিশেষ বিষয় দেখুন)। তিনি অব্রাহামের স্বাভাবিক সন্তানদের (৯:৩ পদের যিহুদীরা) সাথে অব্রাহামের (যারা বিশ্বাসে ঈশ্বরের প্রতিজ্ঞাত মশীহের উপরে নির্ভরতা রাখবে, ২:২৮-২৯) আত্মিক সন্তানদের (প্রতিজ্ঞার সন্তান) তুলনা করছিলেন। এটি একই তুলনা নয় যেমন ৮:৪-১১ পদের পতিত মানব বনাম পুনরুদ্ধারকৃত মানবের।

৯:৯ এটি আদি ১৮:১০, ১৪ পদের একটি উদ্ধৃতি। প্রতিজ্ঞাত সন্তান (“বংশধর”) সারার গর্ভ থেকেই আসবে ঈশ্বরের পরিকল্পনায়। এটি চূড়ান্ত ভাবে সমাপ্ত হয় মশীহের জন্মে। আদি ১২:১ পদে ১৩ বছর আগে অব্রাহামের কাছে করা ঈশ্বরের প্রতিজ্ঞার বিশেষ পূর্ণতা ছিল ইসহাক।

৯:১০ অব্রাহাম, ইসহাক ও যাকোবের স্ত্রীরা বন্ধ্যা ছিলেন; তারা গর্ভধারণ করতে পারতো না। তাদের সন্তান জন্মানোর অক্ষমতা ঈশ্বরের একটি উপায় ছিল দেখান যে তিনি নিয়মের প্রতিজ্ঞার, মশীহের বংশধারার নিয়ন্ত্রক ছিলেন।

অন্য উপায় ছিল যে সত্যিকার মশীহের বংশধারা কখনোই অগ্রসর হতে পারতো না পিতৃপুরুষদের জ্যেষ্ঠ পুত্রের মাধ্যমে (যেটি সংস্কৃতিগত ভাবে প্রত্যাশিত ছিল)। মূল হল ঈশ্বরের মনোনয়ন (১১-১২ পদ)।

৯:১১, ১২ ১১-১২ পদ গ্রীকে একটি বাক্য। আদি ২৫:১৯-৩৪ পদ থেকে এই বিবরণ নেওয়া হয়েছে। এই উদাহরণ ব্যবহার করা হয়েছে এটা প্রমাণ করতে যে ঈশ্বরের মনোনয়ন (১৬ পদ), কিন্তু (১) মানবের বংশধারা বা (২) মানুষের যোগ্যতা বা প্রচেষ্টা (১৬ পদ) নয়। এটি হল সুসমাচারের নতুন কলা কৌশল, নতুন ধর্মনিয়ম (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩৬)।

যাহোক, এটি অবশ্যই স্মরণ করতে হবে যে ঈশ্বরের মনোনয়নের অর্থ ছিল না বাদ দেওয়া, কিন্তু অর্ন্তভুক্ত! মশীহ একটি মনোনীত বংশ থেকে আসবেন, কিন্তু তিনি সকলের জন্য আসবেন (যারা বিশ্বাস অনুশীলন করবে, ২:২৮-২৯; ৪:৩, ২২-২৫; ১০ অধ্যায়)।

৯:১১ “উদ্দেশ্য” এটি একটি সমন্বিত টার্ম *pro* যোগ *tithemi*, যার বেশ কয়েকটি অর্থ রয়েছে।

১. রোমীয়তে, ৩:২৫ পদ
 - ক. জনসমষ্টির জন্য নির্ধারিত
 - খ. সম্ভ্রষ্টজনক উপহার
২. পূর্ব পরিকল্পিত
 - ক. পৌল, রোমীয় ১:১৩ পদ
 - খ. ঈশ্বর, ইফি ১:৯ পদ

NOUN -এর রূপ (*prothesis*), এই প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে, অর্থ “পূর্ব নির্ধারিত”

১. মন্দিরের দর্শনরূপটিতে ব্যবহৃত হয়েছে, মথি ১২:৪; মার্ক ২:২৬; লুক ৬:৪ পদ
২. ব্যবহৃত হয়েছে পূর্বাংগে স্থিরিকৃত, ঈশ্বরের পরিত্রাণার্থক উদ্দেশ্য, রোমীয় ৮:২৮; ৯:১১; ইফি ১:৫, ১১; ৩:১০; ২ তীম ১:৯; ৩:১০ পদ

পৌল বেশ কয়েকটি সমন্বয়কৃত টার্ম ব্যবহার করেছেন PREPOSITION *pro* (পূর্বে) রোমীয় ৮ এবং ৯ অধ্যায় এবং ইফিষীয় ১ অধ্যায়ে (এগুলি দেখায় ঈশ্বরের পরিকল্পিত কাজকর্ম)।

১. *proginosko* (পূর্বজ্ঞান), রোমীয় ৮:২৯ পদ
২. *proorizo* (পূর্বেই পরিকল্পিত), রোমীয় ৮:২৯ (ইফি ১:৫, ১১), ৩০ পদ (ইফি ১:৯)
৩. *prothesis* (পূর্বে স্থিরিকৃত উদ্দেশ্য), রোমীয় ৯:১১ পদ
৪. *proetoimazō* (পূর্ব ভূমিকা), রোমীয় ৯:২৩ পদ
৫. *prolegō* (পূর্বে বলা), রোমীয় ৯:২৯ পদ
৬. *proelpizō* (পূর্বেই প্রত্যাশিত), ইফি ১:১২ পদ

৯:১২ এষৌ ও যাকোব সম্পর্কে আদি ২৫:২৩ পদের ভাববাণীর উদ্ধৃতি। এটা দেখায় যে রিবিকা ও যাকোব ভাববাণীর কাজ করেছেন, ব্যক্তিগত লাভে নয়, ইসহাকের সাথে ছলনা করেছেন আশীর্বাদের বিষয়ে!

৯:১৩ “কিন্তু এষৌকে ঘৃণা করেছি” এটি মালাখী ১:২-৩ পদের একটি উদ্ধৃতি। “ঘৃণা” হল ইব্রীয় তুলনার বাগধারা। ইংরাজিতে এটি শুনতে কর্কশ, কিন্তু তুলনা করুন আদি ২৯:৩১-৩৩; দ্বি বি ২১:১৫; মথি ১০:৩৭-৩৮; লুক ১৪:২৬; এবং যোহন ১২:২৫ পদের। *anthropomorphic* (ঈশ্বর মানুষ হিসাবে বর্ণিত) টার্ম “ভালবাসা” এবং “ঘৃণা” এই ব্যক্তিদের প্রতি ঈশ্বরের আবেগের সাথে সম্পর্কিত নয়, কিন্তু তাঁর মশীহের বংশধারার প্রতি অঙ্গিকার এবং প্রতিজ্ঞা। যাকোব ছিল প্রতিজ্ঞার পুত্র যার ভিত্তি আদি ২৫:২৩ পদের ভাববাণী। এষৌ, মালাখী ১:২-৩ পদ, উল্লেখ করেছে ইদোম জাতির বিষয় (এষৌর বংশধরণ)।

বিশেষ বিষয়: ঈশ্বর মানুষ হিসাবে বর্ণিত (ANTHROPOMORPHIC LANGUAGE)

I. এই ধরনের ভাষা পুরাতন নিয়মে খুব সাধারণ (কিছু উদাহরণ)

ক. দৈহিক দেহের অঙ্গ-প্রত্যঙ্গ

১. চোখ - আদি ১:৪, ৩১; ৬:৮; যাত্রা ৩৩:১৭; গণনা ১৪:১৪; দ্বি বি ১১:১২; সখ ৪:১০ পদ
২. হাত - যাত্রা ১৫:১৭; গণনা ১১:২৩; দ্বি বি ২:১৫ পদ
৩. বাহু - যাত্রা ৬:৬; ১৫:১৬; গণনা ১১:২৩; দ্বি বি ৪:৩৪; ৫:১৫ পদ
৪. কাণ - গণনা ১১:১৮; ১ শমূ ৮:২১; ২ রাজা ১৯:১৬; গীত ৫:১; ১০:১৭; ১৮:৬ পদ
৫. মুখ মন্ডল - যাত্রা ৩২:৩০; ৩৩:১১; গণনা ৬:২৫; দ্বি বি ৩৪:১০; গীত ১১৪:৭ পদ
৬. আঙ্গুল - যাত্রা ৮:১৯; ৩১:১৮; দ্বি বি ৯:১০; গীত ৮:৩ পদ
৭. কণ্ঠস্বর - আদি ৩:৮, ১০; যাত্রা ১৫:২৬; ১৯:১৯; দ্বি বি ২৬:১৭; ২৭:১০ পদ
৮. পা - যাত্রা ২৪:১০; যিহি ৪৩:৭ পদ
৯. মানবিক রূপ - যাত্রা ২৪:৯-১১; গীত ৪৭; যিশা ৬:১; যিহি ১:২৬ পদ
১০. সদাপ্রভুর দূত - আদি ১৬:৭-১৩; ২২:১১-১৫; ৩১:১১, ১৩; ৪৮:১৫-১৬; যাত্রা ৩:৪, ১৩-২১; ১৪:১৯; বিচার ২:১; ৬:২৩; ১৩:৩-২২ পদ

খ. দৈহিক কাজকর্ম

১. কথা বলার উপায় হিসাবে সৃষ্টিতে- আদি ১:৩, ৬, ৯, ১১, ১৪, ২০, ২৪, ২৬ পদ
 ২. এদোনে (অর্থাৎ, শব্দ) গমনাগমন- আদি ৩:৮; ১৮:৩৩; হবককুক ৩:১৫ পদ
 ৩. নোহের জাহাজের দরজা বন্ধ করা- আদি ৭:১৬ পদ
 ৪. উৎসর্গ আঘ্রাণ- আদি ৮:২১; লেবীয় ২৬:৩১; আমোষ ৫:২১ পদ
 ৫. নেমে আসা- আদি ১১:৫; ১৮:২১; যাত্রা ৩:৮; ১৯:১১, ১৮, ২০ পদ
 ৬. মোশিকে কবরদান- দ্বি বি ৩৪:৬ পদ
- গ. মানবিক আবেগ (কিছু উদাহরণ)
১. অনুশোচনা/অনুতাপ- আদি ৬:৬, ৭; যাত্রা ৩২:১৪; বিচার ২:১৮; ১ শমু ১৫:২৯, ৩৫; আমোষ ৭:৩, ৬ পদ
 ২. ক্রোধ- যাত্রা ৪:১৪; ১৫:৭; গণনা ১১:১০; ১২:৯; ২২:২২; ২৫:৩, ৪; ৩২:১০, ১৩, ১৪; দ্বি বি ৬:৫; ৭:৪; ২৯:২০ পদ
 ৩. ঈর্ষা- যাত্রা ২০:৫; ৩৪:১৪; দ্বি বি ৪:২৪; ৫:৯; ৬:১৫; ৩২:১৬, ২১; যিহো ২৪:১৯ পদ
 ৪. অপছন্দ/ঘৃণা- লেবীয় ২০:২৩; ২৬:৩০; দ্বি বি ৩২:১৯ পদ
- ঘ. পারিবারিক টার্ম (কিছু উদাহরণ)
১. পিতা
 - ক. ইস্রায়েলের- যাত্রা ৪:২২; দ্বি বি ১৪:১; ৩৯:৫ পদ
 - খ. রাজার- ২ শমু ৭:১১-১৬; গীত ২:৭ পদ
 - গ. পিতৃসুলভ কাজকর্মের রূপক- দ্বি বি ১:৩১; ৮:৫; ৩২:১; গীত ২৭:১০; হিতো ৩:১২; যির ৩:৪, ২২; ৩১:২০; হোশেয় ১১:১-৪; মালাখী ৩:১৭ পদ
 ২. পিতামাতা- হোশেয় ১১:১-৪ পদ
 ৩. মা- গীত ২৭:১০ (সেবাকারী মায়ের উপমা); যিশা ৪৯:১৫; ৬৬:৯-১৩ পদ
 ৪. যুবক বিশ্বস্ত প্রেমিক- হোশেয় ১-৩ অধ্যায়
- II. এই ধরণের ভাষা ব্যবহারের কারণ
- ক. ঈশ্বরের দরকার ছিল মানবিক সত্তার কাছে নিজেকে প্রকাশ করার। পুরুষ হিসাবে ঈশ্বরের ব্যক্তিগত ধারণা হল একটি anthropomorphism কারণ ঈশ্বর আত্মা!
 - খ. ঈশ্বর মানুষের জীবনে সবচেয়ে অর্থপূর্ণ দিক গ্রহণ করেছেন এবং সেগুলিকে ব্যবহার করেছেন পতিত মানুষের কাছে নিজেকে প্রকাশ করতে (পিতা, মাতা, পিতামাতা, প্রেমিক)
 - গ. যদিও দরকারী, তথাপি ঈশ্বর কোন দৈহিক আকৃতিতে সীমাবদ্ধ হতে চান না (যাত্রা ২০; দ্বি বি ৫ অধ্যায়)
- ❗ চূড়ান্ত anthropomorphism হল যীশুর মানব দেহ ধারণা! ঈশ্বর হলেন দৈহিক, স্পর্শযোগ্য (১ যোহন ১:১-৩)। ঈশ্বরের বার্তা হল ঈশ্বরের বাক্য যোহন ১:১-১৮)।

NASB (আপডেটেড) টেক্সট: ৯:১৪-১৮

^{১৪} তবে আমরা কি বলবো? ঈশ্বরে কোন অন্যায্যতা নেই, আছে কি? এমন যেন কখনো না হয়! ^{১৫} কারণ তিনি মোশিকে বলেন, “আমি যাকে দয়া করি তাকে দয়া করবো, এবং যার প্রতি করুণা করি তার প্রতি করুণা করবো।” ^{১৬} অতএব এটি মানুষের ইচ্ছার উপরে নির্ভর করে না, বা যে লোক দৌড়ায় তার দ্বারা হয় না, কিন্তু ঈশ্বর যিনি দয়াকারী তাঁর থেকে হয়। ^{১৭} কারণ শাস্ত্র ফরৌণকে বলে, “আমি এই উদ্দেশ্যেই তোমাকে উঠাইয়াছি, যেন তোমাতে আমার পরাক্রম দেখাই, আর যেন সমস্ত পৃথিবীতে আমার নাম কীর্তিত হয়।” ^{১৮} তাই তিনি যাকে ইচ্ছা তাকে দয়া করেন, এবং যাকে ইচ্ছা তাকে কঠিন করেন। (অনুবাদকৃত টেক্সট)।

৯:১৪ “তবে আমরা কি বলবো” পৌল প্রায়ই এই তীব্র সমালোচনা রূপ ব্যবহার করতেন (৩:৫; ৪:১; ৬:১; ৭:৭; ৮:৩১; ৯:১৪, ১৯, ৩০)।

□ “ঈশ্বরে কোন অন্যায্যতা নেই, আছে কি” এখানের ব্যাকরণ প্রত্যাশা করে “না” উত্তর। কিভাবে ঈশ্বর মানুষের দায়িত্ব ধারণ করতে পারেন যদি ঈশ্বরের সার্বভৌমত্ব সিদ্ধান্তের কারণ হয় (১৯ পদ)? এটা হল নির্বাচনের নিগূঢ় তত্ত্ব। মূল গুরুত্ব হল এই প্রসঙ্গের যে ঈশ্বর মানুষের (বিদ্রোহী মানুষ) বিষয়ে যা করবেন তাতে তিনি স্বাধীন, যাহোক, ঈশ্বরের সার্বভৌমত্ব তাঁর দয়ায় প্রকাশ পায় (১৫ পদের নোট দেখুন), নিখাদ ক্ষমতা নয়।

এটি অবশ্যই আরও বলা যায় যে ঈশ্বরের সার্বভৌম মনোনয়ন মানুষের ভবিষ্যৎ মনোনয়ন ও কাজের বিষয়ে পূর্বজ্ঞানের উপরে ভিত্তি করে নয়। যদি এটি সত্য হতো তবে চূড়ান্তভাবে ব্যক্তিগত মনোনয়ন এবং কাজ ও যোগ্যতা ঈশ্বরের মনোনয়নের ভিত্তি হতো (১৬ পদ; ১ পিতর ১:২)। এর অন্যদিকে ঐতিহ্যগত যিহুদী দৃষ্টিভঙ্গি ধার্মিকদের সমৃদ্ধি (দ্বি বি ২৭-২৮; ইয়োব এবং গীত ৭৩)। কিন্তু, ঈশ্বর বিশ্বাসের মাধ্যমে অযোগ্যদের আশীর্বাদ করাটা বেছে নিয়েছেন (কাজের দ্বারা নয়, ৫:৮)। ঈশ্বর সব বিষয় জানেন কিন্তু তিনি তাঁর মনোনয়নকে সীমাবদ্ধ করেছেন (১) দয়ায় এবং (২) প্রতিজ্ঞায়। এখানে মানবিক সাড়া প্রদান আবশ্যিক, কিন্তু এর পরবর্তীতে এবং চূড়ান্ত নিশ্চিত ঈশ্বরের জীবন পরিবর্তনকারী নির্বাচিত মনোনয়ন।

□ “তাহা দূরে থাকুক” এটি একটি দুর্লভ OPTATIVE FORM যা পৌল ব্যবহার করেছেন দৃঢ়তার সঙ্গে অস্বীকার করতে সাধারণত তার তীব্র সমালোচনা মূলক বিষয়ের প্রশ্নের (৩:৪, ৬, ৩১; ৬:২, ১৫; ৭:৭, ১৩; ১১:১, ১১ এছাড়াও ১ করি ৬:১৫; গালা ২:১৭; ৩:২১; ৬:১৪)। এটি সম্ভবত একটি হিব্রু বাগধারা।

৯:১৫ এটি যাত্রা ৩৩:১৯ পদের একটি উদ্ধৃতি। ঈশ্বর তাঁর পুনরুদ্ধারের উদ্দেশ্যে কৃত কাজ করতে স্বাধীন। মোশিও ঈশ্বরের আশীর্বাদ পাবার যোগ্য ছিলেন না (যাত্রা ৩৩:২০)। তিনি ছিলেন খুনি (যাত্রা ২:১১-১৫)। মূল হল যে দয়াতেই তাঁর মনোনয়ন (১৬, ১৮-২৩ পদ; ১১:৩০, ৩১, ৩২)।

৯:১৫-১৬ “দয়া” এই গ্রীক শব্দ (*eleos*, ১৫, ১৬, ১৮, ২৩ পদ; ১১:৩০, ৩১, ৩২) সেপ্টুয়াজিন্টে (LXX) ব্যবহৃত হয়েছে ইব্রীয় বিশেষ টার্ম *hesed* অনুবাদ করে (মনে রাখতে হবে নূতন নিয়মের লেখকেরা ইব্রীয় চিন্তার মানুষ ছিলেন এবং তারা সাধারণ গ্রীকে লিখেছেন), যার অর্থ “দৃঢ়রূপে, নিয়মের আনুগত্যতায়।” ঈশ্বরের দয়া এবং নির্বাচন হল বহুবচন, মিলিত, (যিহুদী [ইসহাক], আরবীয় নয় [ইশ্রায়েল]; ইস্রায়েল [যাকোব], ইদোম [এমৌ] নয়, কিন্তু বিশ্বাসী যিহুদী এবং পরজাতিগন, ২৪ পদ) এই সঙ্গে ব্যক্তিগত। এটি সত্য হল একটি চাবিকাঠি পূর্ব নির্ধারিত ভাগ্য (সার্বজনীন পুনরুদ্ধার) মতবাদের নিগূঢ়তত্ত্ব ভেদ করার। ৯-১১ অধ্যায়ের প্রসঙ্গের অন্য চাবিকাঠি হল ঈশ্বরের অপরিবর্তনীয় চরিত্র- দয়া (৯:১৫, ১৬, ১৮, ২৩; ১১:৩০, ৩১, ৩২), এবং মানবিক কাজকর্ম নয়। নির্বাচনের মাধ্যমে দয়া সকলের প্রতি বর্তাবে যারা খ্রীষ্টে বিশ্বাস করবে। বিশ্বাসের দরজা সকলের জন্য একজনই উন্মুক্ত করেছেন (৫:১৮-১৯)।

বিশেষ বিষয়: প্রেমময় দয়া (HESED)

এই টার্মের একটি বিশাল ভাষাগত অর্থের ক্ষেত্র রয়েছে। BDB একে এভাবে বৈশিষ্ট্যমণ্ডিত করেছে (৩৩৮-৩৩৯)।

ক. মানবিক সত্ত্বার সাথে সম্পর্কতায় ব্যবহৃত

১. সহ মানবের প্রতি দয়া (অর্থাৎ, ১ শমূ ২০:১৪; ২ বংশ ২৪:২২)
২. দরিদ্র ও অভাবীদের প্রতি দয়া (অর্থাৎ, মীখা ৬:৮)
৩. মমতা (যির ২:২; হোশেয় ৬:৪)
৪. বাহ্যিক অবয়ব (যিশা ৪০:৬)

খ. ঈশ্বরের সঙ্গে সম্পর্কতায় ব্যবহৃত

১. নিয়মের প্রতি আনুগত্য এবং ভালবাসা
 - ক. “শত্রু ও সমস্যার হাত থেকে পুনরুদ্ধারে” (অর্থাৎ, যির ৩১:৩; ইশ্রা ২৭:২৮; ৯:৯)
 - খ. “মৃত্যু থেকে জীবন সংরক্ষণে” (অর্থাৎ, ইয়োব ১০:১২; গীত ৮৬:১৩)
 - গ. “আত্মিক জীবন দ্রুতকরণে” (অর্থাৎ, গীত ১১৯:৪১, ৭৬, ৮৮, ১২৪, ১৪৯, ১৫০)
 - ঘ. “পাপ থেকে পুনরুদ্ধারে” (অর্থাৎ, গীত ২৫:৭; ৫১:৩)
 - ঙ. “নিয়ম রক্ষণে” (অর্থাৎ, ২ বংশ ৬:১৪; নহি ১:৫; ৯:৩২)
২. ঐশ্বরীক বৈশিষ্ট্য বর্ণনায় (অর্থাৎ, যাত্রা ৩৪:৬; মীখা ৭:২০)
৩. ঈশ্বরের দয়া
 - ক. “প্রচুর” (অর্থাৎ, নহি ৯:১৭; গীত ১০৩:৮)
 - খ. “মহা পরিমাণে” (অর্থাৎ, যাত্রা ২০:৬; দ্বি বি ৫:১০; ৭:৯)
 - গ. “চিরকাল স্থায়ী” (অর্থাৎ, ১ বংশ ১৬:৩৪, ৪১; ২ বংশ ৫:১৩; ৭:৩, ৬; ২০:২১; ইশ্রা ৩:১১)
৪. দয়ার কাজ (অর্থাৎ, ২ বংশ ৬:৪২; গীত ৮৯:২; যিশা ৫৫:৩; ৬৩:৭; বিলাপ ৩:২২)

৯:১৭-১৮ ১৭ পদ হল যাত্রা ৯:১৬ পদের শক্তিমান সার্বজনীন উদ্ধৃতি; ১৮ পদ উদ্ধৃতি থেকে উপসংহারে আসা। যাত্রা ৮:১৫, ১৯, ৩২; ৯:৩৪ পদে বলা হয়েছে ফরৌণ তার হৃদয় কঠিন করেছিলেন। যাত্রা ৪:২১; ৭:৩; ৯:১২; ১০:২০, ২৭; ১১:১০ পদে বলা হয়েছে ঈশ্বরের তার হৃদয় কঠিন করেছিলেন। এই উদাহরণগুলি দেখিয়েছে ঈশ্বরের সার্বভৌমত্ব (১৮ পদ)। ফরৌণ তার মনোনয়নের জন্য দায়িত্ববান। ঈশ্বরের ফরৌণের উদ্ধৃতি, একগুয়ে ব্যক্তিত্ব ব্যবহার করেছেন ইস্রায়েলের প্রতি তাঁর ইচ্ছা সাধনে (১৮ পদ)।

আরও লক্ষ্য করুন ফরৌণের সঙ্গে ঈশ্বরের কাজের উদ্দেশ্য যেখানে উদ্দেশ্য ছিল পুনরুদ্ধার; এবং সীমানায় ব্যাপক। এগুলি ছিল পরিকল্পিত:

১. ঈশ্বরের ক্ষমতা প্রদর্শন (বনাম মিসরিয় প্রকৃতি ও জীবজন্তুর দেবতাদের, যেভাবে আদি পুস্তক ১ অধ্যায় বাবিলীয় আকাশ দেবতাদের সঙ্গে করেছে)

২. মিসরিয়দের কাছে ঈশ্বরের প্রকাশ, তাৎপর্যের দ্বারা, সমগ্র জগতে (১৭ পদ)

পশ্চিমা (আমেরিকান) চিন্তা ব্যক্তিকে বড় করে দেখিয়েছে, কিন্তু পূর্বাঞ্চলের চিন্তা দৃষ্টি দিয়েছে সামগ্রিক ভাবে সকলের প্রয়োজনের দিকে। ঈশ্বর ফরৌণকে ব্যবহার করেছিলেন আকাংখী জগতের কাছে নিজেকে প্রকাশ করার জন্য। তিনি এই একই কাজ করবেন অবিশ্বাসী ইস্রায়েলের প্রতি (১১ অধ্যায়)। এই প্রসঙ্গে একজনের অধিকার কমানো সামগ্রিক প্রয়োজনের আলোকে। মনে রাখুন, মিলিত পুরাতন নিয়মের উদাহরণসমূহ

১. ইয়োবের আসল সন্তানো মারা গিয়েছিল কারণ ঈশ্বরের সঙ্গে শয়তানের আলোচনায় (ইয়োব ১-২)

২. ইস্রায়েলীয় সৈন্যরা মারা গিয়েছিল কারণ আখনের পাপ (যিহোশূয় ৭)

৩. বংশবাহার সঙ্গে দায়ুদের প্রথম সন্তান মারা গিয়েছিল কারণ দায়ুদের পাপ (২ শমূ ১২:১৫)

আমরা সকলেই অন্যদের মনোনয়নে প্রভাবিত হই। এই মিলিত ভাব দেখা যেতে পারে নূতন নিয়মের রোমীয় ৫:১২-২১ পদে।

□ “কারণ শাস্ত্র বলে...” শাস্ত্রের ব্যক্তিরূপ দান এটি জীবন্ত এবং সম্পর্কযুক্ত (১০:৬-৮) দেখাবার একটি উপায়। পৌল রোমীয় ৬-৭ অধ্যায়ে “পাপ” ও “মৃত্যু”-কে ব্যক্তি রূপ দিয়েছেন।

NASB (আপডেটেড) টেক্সট: ৯:১৯-২৬

^{১৯} এতে তুমি আমাকে বলবে, “তবে তিনি আবার দোষ ধরেন কেন? কারণ তাঁর ইচ্ছার প্রতিরোধ কে করে?” ^{২০} অন্য দিকে, তুমি কে, হে মানুষ, তুমি কে যে ঈশ্বরের প্রতিবাদ করছো? নির্মিত বস্তু কি নির্মাতাকে বলতে পারে, “আমাকে এই রকম কেন গড়লে,” পারে কি? ^{২১} অথবা কাদার উপরে কুম্ভকারের কি এমন অধিকার নাই যে একই মাটির পিণ্ড থেকে একটি সমাদরের পাত্র আর একটি অনাদরের পাত্র গড়তে পারে? ^{২২} আর যদি

ঈশ্বর, নিজ ক্রোধ দেখাবার ও নিজ পরাক্রম জানাবার ইচ্ছা করেন, বিনাশের জন্য প্রস্তুত ক্রোধপাত্রদের প্রতি বিপুল সহিষ্ণুতায় ধৈর্য ধরে থাকেন? ^{২৭} এবং তিনি যদি এমন করে নিজ দয়াপাত্রদের উপরে তাঁর প্রতাপ ধন জ্ঞাত করেন, যাদের প্রতাপের জন্য আগেই প্রস্তুত করেছেন, ^{২৮} এমনকি আমাদের, যাদের তিনি আহ্বান করেছেন, কেবল যিহূদীদের মধ্য থেকে নয়, কিন্তু পরজাতিদেরও মধ্য থেকে। ^{২৯} যেমন তিনি হোশেয় পুস্তকেও বলেন, “যারা আমার প্রজা নয় তাদের আমি ‘আমার প্রজা’ বলবো, এবং যে শ্রিয়তম ছিল না তাকে ‘শ্রিয়তম’ বলবো।” ^{৩০} আর যে স্থানে তাদের বলা হয়েছিল, ‘তোমরা আমার প্রজা নও,’ সেই স্থানে তাদের বলা যাবে জীবন্ত ঈশ্বরের পুত্র।” (অনুবাদকৃত টেক্সট)।

৯:১৯ তাঁর ইচ্ছার প্রতিরোধ কে করে? এটি একটি PERFECT ACTIVE INDICATIVE, যেটি জোর দিচ্ছে অবিরত ফলাফল সহ একটি নির্ধারিত সত্যকে (২ বংশ ২০:৬; ইয়োব ৯:১২; গীত ১৩৫:৬; দানি ৪:৩৫)। তীব্র সমালোচনা চলমান। যুক্তিসঙ্গত ভাবে, পৌলের তীব্র সমালোচনার অনুসরণ হল সবচেয়ে ভাল উপায় পৌলের চিন্তার রূপরেখা করার ও উপলব্ধির। অধ্যায়ের ভূমিকা দেখুন, B., 1। ঈশ্বরের ইচ্ছার আবশ্যিক দুটি স্তরে দৃশ্যমান হবার। প্রথমটি হল সকল পতিত মানব জাতির জন্য তাঁর পুনরুদ্ধারের পরিকল্পনা (আদি ৩:১৫)। এই পরিকল্পনাসমূহ মানুষের ব্যক্তিগত মনোনয়নে প্রভাবিত নয়। কিন্তু দ্বিতীয় স্তরে, ঈশ্বর মানুষকে হাতিয়ার রূপে ব্যবহার মনোনীত করেছেন (যাত্রা ৩:৭-৯ এবং ১০)। লোকদের বেছে নেওয়া হয়েছে তাঁর পরিকল্পনা সম্পাদনের জন্য (উভয়ই ইতবাচক ভাবে, মোশি, এবং নেতিবাচক ভাবে, ফরৌণ)।

৯:২০-২১ এই কাল্পনিক বিষয়টি নেওয়া হয়েছে যিশা ২৯:১৬; ৪৫:৯-১৩; ৬৪:৮ এবং যির ১৮:১-১২ পদ থেকে। একজন কুম্ভকার হিসাবে YHWH এর রূপক প্রায়ই ব্যবহৃত হয়েছে সৃষ্টিকর্তা হিসাবে ঈশ্বরের জন্য কারণ মানুষ মাটি থেকে এসেছে (আদি ২:৭)। পৌল তার সৃষ্টিকর্তার সার্বভৌমত্ব বিষয়ক পয়েন্টের দিকে পরিচালিত করতে আরও তিনটি প্রশ্ন ব্যবহার করেছেন— প্রথম দুটি আছে ২০ পদে এবং তৃতীয়টি রয়েছে ২১ পদে। শেষ প্রশ্নটি আবার ঘুরে এসেছে ঈশ্বরের ইতিবাচক মনোনয়ন মোশি এবং নেতিবাচক মনোনয়ন ফরৌণের উপমায়। এই একই তুলনা দেখা যায়

১. ইসহাক— ইশ্রায়েল, ৮-৯ পদ
২. যাকোব— এষৌ, ১০-১২ পদ
৩. ১৩ পদে ইশ্রায়েল জাতি এবং ইদোম জাতি

এই একই উপমা উন্নয়ন হয়েছে পৌলের সমসাময়িক বিশ্বাসী ও অবিশ্বাসী যিহূদীদের প্রতিফলনে। ঈশ্বরের ইতিবাচক মনোনয়ন চূড়ান্ত ভাবে প্রকাশিত বিশ্বাসী পরজাতিদের অর্জভুক্তিতে (২৪-২৯ পদ, ৩০-৩৩ পদ)। ব্যাকরণগত রূপ প্রত্যাশা করে

১. একটি “না” উত্তর ২০ পদের প্রশ্নের
২. একটি “হ্যাঁ” উত্তর ২১ পদের প্রশ্নের

৯:২২ “যদি” এটি আংশিক FIRST CLASS CONDITIONAL SENTENCE যেটি মনে করা হয় লেখকের উদ্দেশ্যের দিক থেকে সত্য, কিন্তু কোন ব্যাকরণগত উপসংহার নেই। ২২-২৪ পদ গ্রীকে একটি বাক্য। ২২ পদ বলছে ঈশ্বরের পুনরুদ্ধারের চরিত্রের কথা। ঈশ্বরের হলেন ন্যায়বিচারের ঈশ্বর। তিনি মানুষকে কৈফিয়তযোগ্য করেন তাদের কাজের জন্য। কিন্তু তারপরেও তিনি হলেন দয়ার ঈশ্বর। সকল মানুষই মৃত্যুর যোগ্য (১:১৮-৩:২৩)। ন্যায় বিচার সুখবর নয়! ঈশ্বরের চরিত্র মুখ্যত দয়ার, ক্রোধের নয় (দি বি ৫:৯-১০; ৭:৯; হোশেয় ১১:৮-৯)। তাঁর মনোনয়ন হল পুনরুদ্ধারের জন্য (যিহি ৩৬:২২-৩৩)। তিনি পাপী মানুষের জন্য ধৈর্য ধারণ করেন (যিহি ১৮)। তিনি তাঁর পুনরুদ্ধারের উদ্দেশ্যে মন্দকেও ব্যবহার করেন (শয়তান, ফরৌণ, ঐনদোরের ডাইনি, অশুরিয়, নবুখদনিৎসর, কোরস, এবং ১১ অধ্যায়ের অবিশ্বাসী ইশ্রায়েল)!

□

NASB “নিজ ক্রোধ দেখাবার ইচ্ছা করেন”

NKJV “তাঁর ক্রোধ দেখাতে চান”

NRSV “তাঁর ক্রোধ দেখাবার আকাংখ্যা”

TEV “তাঁর রাগ দেখাতে চান”

NJB “তাঁর ক্রোধ দেখাতে প্রস্তুত”

ঈশ্বর তাঁর ক্রোধ প্রকাশ করছেন এটা জানাতে যে তাঁর ক্ষমতা (২২ পদ) এবং তাঁর গৌরবের সমৃদ্ধতা (২৩ পদ)। ঈশ্বরের কাজে সবসময় পুনরুদ্ধারের উদ্দেশ্য থাকে (ব্যতিক্রম *Gehenna*, যেটি হল অবিশ্বাস ও পাপের চূড়ান্ত অননমীয় প্রতিরোধে পৃথকীকরণ)।

□ “ক্রোধপাত্রদের” এই টার্ম চলমান ২০ ও ২১ পদের পৌলের মাটির উপমায়। এগুলি স্পষ্ট ভাবে উল্লেখ করে অবিশ্বাসী মানুষের কথা যাদের ঈশ্বর তাঁর পুনরুদ্ধারের পরিকল্পনার জন্য আরও ব্যবহার করেন।

□

NASB, NKJV “প্রস্তুত”

NRSV “তৈরী হয়”

TEV “অদৃষ্ট”

NJB “পরিকল্পিত”

এটি একটি PERFECT PASSIVE PARTICIPLE। শব্দ ব্যবহৃত হয়েছে papyri-তে (Moulton and Milligan) কোন কিছু প্রস্তুত হয়েছে এর সম্পূর্ণ অদৃষ্ট নিয়ে। বিদ্রোহী অবিশ্বাসীরা এটি পাবে বিচার ও ফলাফলের দিনে। যাহোক, ঈশ্বর অবিশ্বাসীদের মনোনয়ন করেছেন তাঁর বিশাল, ব্যাপক, পুনরুদ্ধারের কাজ সম্পাদনে ব্যবহার করতে।

M. R. Vincent, *Word Studies*, vol. 2, বলেছেন “ধংসের জন্য ঈশ্বরের দ্বারা খাপ খায় না, কিন্তু ADJECTIVAL অর্থে ধংসের জন্য প্রস্তুত, পক্ষ, participle উল্লেখ করে বর্তমান অবস্থান যা পূর্বে গঠিত হয়েছে, কিন্তু কোন ইঙ্গিত দেয় না যে কিভাবে এটি গঠিত হয়েছে” (p. 716)।

□ “বিনাশ” ৩:৩ পদে বিশেষ বিষয় দেখুন।

৯:২৩ “যেন সেই দয়াপাত্রদের উপরে তাঁর প্রতাপ ধন জ্ঞাত করেন” এই উদ্দেশ্যমূলক বাক্যাংশ দেখায় ঈশ্বরের অনন্তকালীন উদ্দেশ্য (অর্থাৎ, দয়া)। VERB হল একটি AORIST ACTIVE SUBJUNCTIVE। ঈশ্বর যীশুকে পাঠিয়ে তাঁর মহান উপায় জ্ঞাত করেছেন!

পৌল প্রায়ই উপায়কে উল্লেখ করেছেন

১. তাঁর দয়া এবং সহিষ্ণুতা ও ধৈর্য, রোমীয় ২:৪ পদ
২. দয়ার পাত্রদের প্রতি তাঁর মহিমা, রোমীয় ৯:২৩ পদ
৩. তাঁর অনুগ্রহ, ইফি ১:৭ পদ
৪. তাঁর উত্তরাধিকারের গৌরব, ইফি ১:১৮ পদ
৫. খ্রীষ্টে আমাদের প্রতি তাঁর দয়ার অনুগ্রহ, ইফি ২:৭ পদ
৬. পরজাতিদের কাছে খ্রীষ্ট, ইফি ৩:৮ পদ
৭. তাঁর গৌরব, ইফি ৩:১৬ পদ
৮. পরজাতিদের মধ্যে গৌরবের এই নিগূঢ় তত্ত্ব, যেটি হল তোমার মধ্যে খ্রীষ্ট, গৌরবের আশা, কল ১:২৭ পদ

□ “যাদের প্রতাপের জন্য আগেই প্রস্তুত করেছেন” এই কথা সত্যিকার ভাবে বিবৃত হয়েছে রোমীয় ৮:২৯-৩০ ও ইফি ১:৪, ১১ পদে। এই অধ্যায় ঈশ্বরের সার্বভৌমত্বের বিষয়ে নূতন নিয়মে শক্তিশালী অভিব্যক্তি। এখানে কোন বিতর্ক নেই যে ঈশ্বর সৃষ্টি ও পুনরুদ্ধারের সম্পূর্ণ দায়িত্বে! এই মহান সত্য কখনোই দুর্বল হয় না বা চালাকি করা যায় না। যাহোক, এটি অবশ্যই সমতাপূর্ণ হবে ঈশ্বরের নিয়মের মনোনয়ন মানুষের সৃষ্টি সম্পর্কে উপায় হিসাবে, যারা তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট। এটি নিশ্চিত ভাবে সত্য যে কিছু কিছু পুরাতন নিয়মের নিয়ম, যেমন আদি ৯:৮-১৭ এবং ১৫:১২-২১ পদ, হল শর্তহীন এবং সকল মানুষের সাড়া প্রদানের সঙ্গে সম্পর্কিত নয়, কিন্তু অন্য নিয়ম হল মানুষের সাড়া প্রদানে শর্ত সাপেক্ষ (অর্থাৎ, এদোন, নোহ, মোশি, দায়ুদ)। ঈশ্বরের তাঁর সৃষ্টির জন্য একটি পুনরুদ্ধারের পরিকল্পনা রয়েছে, কোন মানুষ এই পরিকল্পনাকে প্রভাবিত করতে পারে না। ঈশ্বর মনোনয়ন করেছেন মানুষকে তাঁর পরিকল্পনায় অংশগ্রহণ করতে। এই অংশগ্রহণের সুযোগ হল ধর্মতাত্ত্বিক চাপ সার্বভৌমত্ব (রোমীয় ৯) এবং মানুষের স্বাধীন ইচ্ছার মধ্যে (রোমীয় ১০)।

এটি ঠিক নয় যে বাইবেলের নির্বাচিত একটি বিষয়ে গুরুত্বদান এবং অন্যটিকে অবহেলা করা। চাপ রয়েছে মতবাদের মধ্যে কারণ পূর্বাঞ্চলের লোকেরা সত্যকে উপস্থাপন করে বিতর্ক পদ্ধতিতে অথবা চাপ-পূর্ণ জোড়ায়। মতবাদ অবশ্যই অন্য মতবাদের সঙ্গে সম্পর্ক ধারণ করবে। সত্য হল সত্যের মিশ্রণ।

এখানে অবশ্যই একটি নিগূঢ় তত্ত্ব রয়েছে! পৌল অবিশ্বাসীদের ক্রোধের (২২ পদ) জন্য প্রস্তুত হওয়া (*kataptizō*) এবং বিশ্বাসীদের গৌরবের (২৩ পদ) জন্য প্রস্তুত (*proetomazō*) হওয়ার যুক্তিগত উপসংহার করেন নাই। ঈশ্বরের মনোনয়ন কি একমাত্র কারণ অথবা ঈশ্বরের মনোনয়নের ভিত্তি কি সকলের জন্য দয়া, কিন্তু কেউ কেউ তার দান অগ্রাহ্য করেছে? মানুষের কি তাদের নিজেদের ভবিষ্যৎ সম্পর্কে কোন অংশ আছে (৯:৩০-১০:২১)? এখানে উভয় পক্ষেরই অতিশয়োক্তি রয়েছে (Augustine - Pelagius)। কারণ আমার কাছে নিয়ম তাদের উভয়কে ঐক্যবদ্ধ করার ধারণা ঈশ্বরের উপরে গুরুত্ব আরোপ করে। মানুষ কেবলমাত্র ঈশ্বরের পরিকল্পনায় সাড়া প্রদান করবে (অর্থাৎ, যোহন ৬:৪৪, ৬৫)। কিন্তু আমার কাছে, ঈশ্বরের চরিত্র খামখেয়ালীপূর্ণ নয়, কিন্তু দয়ালু পূর্ণ। তিনি সকল বিবেকবান মানুষ যারা তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট তাদের কাছে পৌছাতে চান (আদি ১:২৬, ২৭)। আমি এই প্রসঙ্গ নিয়ে সংগ্রাম করেছি। এটি খুব শক্তিশালী, তথাপি এটি কালো এবং সাদা ছবি ঐক্যে। এর দৃষ্টি যিহূদীদের অবিশ্বাস, যার ফলস্বরূপ পরজাতিদের অর্ন্তভুক্তি (১১ অধ্যায়)! কিন্তু এটিই একমাত্র টেক্সট নয় ঈশ্বরের চরিত্রের বিষয়ে!

□ “প্রতাপ” ৩:২৩ পদের নোট দেখুন।

৯:২৪ এই পদ দেখায় যে ঈশ্বরের প্রতিজ্ঞার বিষয় কেবলমাত্র জাতিগত ইস্রায়েলের থেকেও ব্যাপক। ঈশ্বর দেখিয়েছেন মানুষের প্রতি দয়া যার ভিত্তি তাঁর মনোনয়ন। আদি ৩:১৫ পদের প্রতিজ্ঞা সকল মানুষের সাথে সম্পর্কযুক্ত (কারণ ১২ অধ্যায় পর্যন্ত সেখানে আর কোন যিহূদী নেই)। অব্রাহামের আহবান সকল মানুষের সাথে সম্পর্কযুক্ত, আদি ১২:৩ পদ। ঈশ্বরের রাজ্যে যাজক হিসাবে ইস্রায়েলীয়দের আহবান সকল মানুষের সাথে সম্পর্কযুক্ত (যাত্রা ১৯:৫-৬)। এটি হল ঈশ্বরের নিগূঢ় তত্ত্ব, যেটি লুক্কায়িত ছিল, কিন্তু এখন সম্পূর্ণরূপে প্রকাশিত হয়েছে (ইফি ২:১১-৩:১৩; গালা ৩:২৮; কল ৩:১১)।

পৌলের ২৪ পদে বলার প্রচেষ্টা দৃষ্টান্ত হবে একটি ধারাবাহিক পুরাতন নিয়মের উদ্ধৃতি দ্বারা (২৫-২৯ পদ)।

১. ২৫ পদ, হোশেয় ২:২৩ পদ
২. ২৬ পদ, হোশেয় ১:১০^৩ পদ
৩. ২৭ পদ, যিশা ১০:২২ এবং/অথবা হোশেয় ১:১০^৩ পদ
৪. ২৮ পদ, যিশা ১০:২৩ পদ
৫. ২৯ পদ, যিশা ১:৯ পদ

৯:২৫-২৬ প্রসঙ্গে এই প্যাসেজ এসেছে সেপ্টুয়াজেন্টের (LXX) হোশেয় ২:২৩ (কিছু রূপান্তর করে) এবং ১:১০ পদ থেকে, যেখানে এটি উল্লেখ করছে উত্তরের দশ বংশকে, কিন্তু এখানে পৌল পরজাতিদের উল্লেখ করেছেন। এটি নূতন নিয়মের লেখকদের বৈশিষ্ট্য পুরাতন নিয়মের ব্যবহার। তারা দেখেছেন মন্ডলী হল ইস্রায়েলের কাছে প্রতিজ্ঞার পরিপূর্ণতা (২ করি ৬:১৬; তীত ২:১৪; ১ পিতর ২:৫-৯)। প্রসঙ্গে হোশেয় প্যাসেজ ইস্রায়েলের বিশ্বাসহীনতা উল্লেখ করছে। যদি ঈশ্বর প্রতিমাপূজক উত্তরের দশ বংশকে উদ্ধার করেন, পৌল একে দেখেছেন ঈশ্বরের ভালবাসা ও ক্ষমার প্রমাণ হিসাবে যা একদিন প্রতিমাপূজক পৌত্তলিকদের (পরজাতি) অর্ন্তভুক্ত করবে।

NASB (আপডেটেড) টেক্সট: ৯:২৭-২৯

^{২৭} আর যিশাইয় ইশ্রায়েলের বিষয়ে এই কথা উচ্চৈশ্বরে বলেন, “যদিও ইশ্রায়েল সন্তানদের সংখ্যা সমুদ্রের বালুকার মতও হয়, অবশিষ্টাংশই পরিত্রাণ পাবে; ^{২৮} কারণ প্রভু পৃথিবীতে নিজের বাক্য সাধন করবেন, তা সম্পূর্ণ ও দ্রুততায় করবেন।” ^{২৯} আর যেমন যিশাইয় আগেই বলেছিলেন, “বাহিনীগণের প্রভু যদি আমাদের জন্য একটি বীজ অবশিষ্ট না রাখতেন, তবে আমরা সদোমের মত হতাম, এবং ঘমোরার মত দেখতে হতাম।” (অনুবাদকৃত টেক্সট)।

৯:২৭

NASB, NKJV,

NRSV, NJB “যদিও”

TEV

“এমনকি যদি”

এটি হল একটি THIRD CLASS CONDITIONAL SENTENCE (can প্লাস SUBJUNCTIVE MOOD), যেটি উল্লেখ করে সম্ভাবনাময় ক্রিয়াকলাপ।

৯:২৭-২৮ এটি সেপ্টুয়াজিন্টের (LXX) যিশাইয় ১০:২২-২৩ পদের টিলাচালা উদ্ধৃতি। Textus Receptus সেপ্টুয়াজিন্টের যিশাইয় ১০:২৩ পদ থেকে উপসংহার যুক্ত করেছে। কিন্তু এটি প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি P46, ৪, A, এবং B থেকে অনুপস্থিত, যেটি দেখায় যে এটি অনুলিপিকারীদের দ্বারা পরবর্তীকালে সংযুক্ত। UBS⁴ এর বাদ দেওয়াকে রেটিং করেছে “নিশ্চিত” হিসাবে।

৯:২৭ “সমুদ্রের বালুকার মত” এটি রূপকের একটি অংশ, ঈশ্বরের অব্রাহামের কাছে প্রতিজ্ঞার (আদি ১৫:৫; ২২:১৭; ২৬:৪) hyperbolic (অতিরঞ্জিত) ভাষা।

□ “অবশিষ্টাংশই পরিত্রাণ পাবে” টার্ম “অবশিষ্টাংশ” প্রায়ই ব্যবহৃত হয়েছে পুরাতন নিয়মের ভাববাদীদের দ্বারা সেই সব ইশ্রায়েলীয়দের বোঝাতে যাদের নির্বাসনে নেওয়া হয়েছিল, কিন্তু তারা ঈশ্বরের দ্বারা তাদের প্রতিজ্ঞাত দেশে ফিরে আসবে। পৌলের এই টার্ম ব্যবহার, সেই সব যিহূদীদের উল্লেখ করে যাদের সঙ্গে ঈশ্বরের বিশ্বাসের সম্পর্ক এবং/অথবা তারা যারা সুসমাচার শুনেছে এবং খ্রীষ্টের উপরে বিশ্বাসে সাড়া প্রদান করেছে।

এমনকি নিয়মেও ইশ্রায়েলীদের আত্মিক পৃথকীকরণ ঘটেছে, কেবল মাত্র অল্প কিছু লোকের ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কে ছিল। ইশ্রায়েলীয়দের নির্বাচন ব্যক্তিগত বিশ্বাসে সাড়া প্রদানের আবশ্যিকতার অস্বীকার করে না (যিশাইয় ১:১৬-২০)।

পৌল পুরাতন নিয়মের শব্দগুচ্ছ ব্যবহার করেছেন যেটি মুখ্যত উল্লেখ করেছে যিহূদী নির্বাসনের কথা, তাদের অল্প কিছু সংখ্যক প্যালেস্টাইনে ফিরে এসেছিল, যারা সুসমাচার শুনেছে তাদের উল্লেখ করতে, কিন্তু তাদের মধ্যে বৃহত্তর অংশ বিশ্বাস করে নাই এবং খ্রীষ্টকে গ্রহণ করে নাই। কেবলমাত্র প্রথম শতকের শ্রোতাদের (যিহূদী এবং পরোজাতি) শতকরা ক্ষুদ্র একটি অংশ সুসমাচারের বার্তায় সাড়া প্রদান করেছিল। যারা এটা করেছিল পৌল তাদের অবশিষ্টাংশ বলেছেন।

বিশেষ বিষয়: অবশিষ্টাংশ, তিনটি অর্থে

পুরাতন নিয়মের “বিশ্বস্ত অবশিষ্টাংশ” ধারণাটি বার বার বলা ভাববাদীদের (বেশীর ভাগ ৮ম শতকের ভাববাদীরা এবং যিরমিয়) একটি মূল ভাব (খিম)। এটি তিনটি অর্থে ব্যবহৃত হয়েছে:

১. যারা নির্বাসন থেকে উদ্ধার পেয়েছিল (অর্থাৎ, যিশাইয় ১০:২০-২৩; ১৭:৪-৬; ৩৭:৩১-৩২; যির ৪২:১৫, ১৯; ৪৪:১২, ১৪, ২৮; আমোষ ১:৮)
২. যারা YHWH -র প্রতি বিশ্বাসে স্থির থেকেছে (অর্থাৎ, যিশাইয় ৪:১-৫; ১১:১১, ১৬; ২৮:৫; যোয়েল ২:৩২; আমোষ ৫:১৪-১৫; মীখা ২:১২-১৩; ৪:৬-৭; ৫:৭-৯; ৭:১৮-২০)
৩. যারা শেষ কালীন নৃতনীকরণ এবং আমোদের অংশ (অর্থাৎ, আমোষ ৯:১১-১৫)

এই প্রসঙ্গে ঈশ্বরের মনোনয়ন করেছেন অল্প কিছু (যারা বিশ্বস্ত আগ্রহী) অবশিষ্টাংশ (নির্বাসন থেকে রক্ষা প্রাপ্ত) যারা যিহূদীয়াতে ফিরে এসেছিল। যেমন আমরা আগেও এই অধ্যায়ে দেখেছি, ইশ্রায়েলের অতীত আলোচনা বার বার এসেছে (৬ পদ)। ঈশ্বরের সংখ্যা কমিয়ে দিয়েছেন যেন তিনি তাঁর ক্ষমতা, বন্দোবস্ত এবং তত্ত্বাবধান দেখাতে পারেন (অর্থাৎ, গিদিয়ন, বিচার ৬-৭ অধ্যায়)।

৯:২৮

NASB “সম্পূর্ণ ও দ্রুততায়”

NKJV “সমাণ্ড...সংক্ষিপ্ত”

NRSV “দ্রুততায় ও চূড়ান্তভাবে”

TEV “তার সম্পূর্ণ বিবরণ দ্রুততায় স্থির করবেন”

NJB “দ্বিধা-দ্বন্দ্ব বা বিলম্ব ছাড়া”

REB “চূড়ান্ত ও সারাংশ হবে”

NIV “দ্রুততার সাথে ও চূড়ান্ত ভাবে”

NET “সম্পূর্ণভাবে ও দ্রুততায়”

একটি শব্দ গঠনে দুটি গ্রীক শব্দ অর্ন্তভুক্ত (sun যুক্ত করা পৌলের খুব সাধারণ বিষয় ছিল)।

১. *suntelōn*, PRESENT ACTIVE PART

ক. *sun*

খ. *teleō*

যার মূল অর্থ “সুসম্পূর্ণ করা” অথবা “সম্পূর্ণ ভাবে উপলব্ধি হওয়া” (মার্ক ১৩:৪; লূক ৪:২, ১৩; প্রেরিত ২১:২৭; ইব্রীয় ৮:৮)

২. *suntemnō*, PRESENT ACTIVE PARTICIPLE

ক. *sun*

খ. *temnō*

যার মূল অর্থ “সংক্ষিপ্ত করা” অথবা “দ্রুততায় সম্পাদন করা” (এখানেই কেবল পাওয়া যায়, কিন্তু সম্পর্কযুক্ত রূপ পাওয়া যায় প্রেরিত ২৪:৪ পদে)

যেখানে এই শব্দ ব্যবহৃত হয়েছে কেবলমাত্র প্রসঙ্গে, কোন শব্দতন্ত্র বা সমান্তরাল নয়, সাহায্যকারী।

ঈশ্বরের একটি উদ্দেশ্য ও পরিকল্পনা রয়েছে তাঁর সত্যিকার লোকদের পরিত্রাণের জন্য এবং তাঁর বিচার অন্য সকলের জন্য!

এই পদ ব্যাখ্যা করা খুব কঠিন তাই পরকর্তীকালে অনেক অধ্যাপকেরা চেষ্টা করেছেন শব্দগুচ্ছ যোগ করে এর অর্থ তারা কি বোঝেন তা ব্যাখ্যা করতে। UBS⁴ দিয়েছে সংক্ষিপ্ত টেক্সট এবং “A” রেটিং (নিশ্চিত)।

৯:২৯ এটি LXX থেকে যিশা ১:৯ পদের একটি উদ্ধৃতি, যেটি ইস্রায়েল জাতির পাপময়তার ঘোষণা করছে।

□ “বাহিনীগণের সদাপ্রভু” এটি ছিল পুরাতন নিয়মে YHWH এর উপাধি, এর অনুবাদ সাধারণত করা হয়েছে “বাহিনীগণের সদাপ্রভু” (যাকোব ৫:৪)। প্রসঙ্গের উপরে নির্ভর করে, এটি এখানে ঈশ্বরকে সামরিক অর্থে উল্লেখ করা হয়েছে, “স্বর্গীয় সামরিক বাহিনীর ক্যাপটেন” (যিহো ৫:১৩-১৫), অথবা প্রশাসকের অর্থে, সাধারণত বাবিলনীয় তারাগণের দেবতাদের প্রসঙ্গ সম্পর্কযুক্ত স্বর্গীয় বাহিনীর সঙ্গে, “স্বর্গীয় বাহিনীর প্রভু।” তারাগুলি সৃষ্ট, দেবতা নয়; তারা ঘটনার রূপ বা নিয়ন্ত্রণ করতে পারে না (আদি ১:১৬; গীত ৮:৩; ১৪৭:৪; যিশা ৪০:২৬)।

বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম

ক. *El* (BDB 42, KB 48)

১. ঈশ্বরের জন্য এই generic (জাতিগত) প্রাচীন টার্মের মূল অর্থ অনিশ্চিত, যদিও অনেক পন্ডি বিশ্বাস করেন যে এটি এসেছে Akkadian মূল থেকে “শক্তিশালী হওয়া” অথবা “ক্ষমতাসালী হওয়া” (আদি ১৭:১; গণনা ২৩:১৯; দ্বি বি ৭:২১; গীত ৫০:১)।
২. কনানীয় pantheon (মন্দির) –এ উচ্চ দেবতা হল *El* (Ras Shamra texts)
৩. বাইবেলে *El* সাধারণত অন্য কোন টার্মের সঙ্গে যুক্ত হয় না। এই সমন্বয়টি ঈশ্বরকে বৈশিষ্ট্যমণ্ডিত করার একটি উপায় হয়ে পড়েছে।
 - ক. *El-Elyon* (সর্বোচ্চ ঈশ্বর, BDB 42 & 751 II), আদি ১৪:১৮-২২; দ্বি বি ৩২:৮; যিশা ১৪:১৪
 - খ. *El-Roi* (“ঈশ্বর যিনি দেখেন” অথবা “ঈশ্বর যিনি নিজেকে প্রকাশ করেছেন,” BDB 42 & 909), আদি ১৬:১৩
 - গ. *El-Shaddai* (“সর্বশক্তিমান ঈশ্বর” অথবা “সহানুভূতিপূর্ণ ঈশ্বর” অথবা “পর্বতগণের ঈশ্বর,” (BDB 42 & 994), আদি ১৭:১; ৩৫:১১; ৪৩:১৪; ৪৯:২৫; যাত্রা ৬:৩
 - ঘ. *El-Olam* (অনন্তকালস্থায়ী ঈশ্বর, BDB 42 & 761), আদি ২১:৩৩। এই টার্ম ধর্মতত্ত্বগত ভাবে দায়ুদের কাছে করা ঈশ্বরের প্রতিজ্ঞার সাথে সংযুক্ত, ২ শমূ ৭:১৩, ১৬
 - ঙ. *El-Berit* (“নিয়মের ঈশ্বর,” BDB 42 & 136), বিচার ৯:৪৬
৪. *El* সম মর্যাদার যার সাথে
 - ক. YHWH গীত ৮৫:৮; যিশা ৪২:৫
 - খ. *Elohim* আদিপুস্তক ৪৬:৩; ইয়োব ৫:৮, “আমি *El*, তোমার পিতার *Elohim* ”
 - গ. *Shaddai* আদি ৪৯:২৫
 - ঘ. “ঈর্ষান্বিত” যাত্রা ৩৪:১৪; দ্বি বি ৪:২৪; ৫:৯; ৬:১৫
 - ঙ. “দয়া” দ্বি বি ৪:৩১; নহি ৯:৩১
 - চ. “মহান এবং ভয়ানক” দ্বি বি ৭:২১; ১০:১৭; নহি ১:৫; ৯:৩২; দানি ৯:৪
 - ছ. “জ্ঞান” ১ শমূ ২:৩
 - জ. “আমার দৃঢ় দুর্গ” ২ শমূ ২২:৩৩
 - ঝ. “আমার প্রতিশোধ দাতা” ২ শমূ ২২:৪৮
 - ঞ. “পবিত্রতম” যিশা ৫:১৬
 - ট. “শক্তি” যিশা ১০:২১
 - ঠ. “আমার পরিত্রাণ” যিশা ১২:২
 - ড. “মহান এবং শক্তিশালী” যির ৩২:১৮
 - ঢ. “প্রতিশোধদাতা” যির ৫১:৫৬

৫. ঈশ্বরের জন্য পুরাতন নিয়মের সকল প্রধান নামের সমন্বয় পাওয়া যায় যিহোশূয় ২২:২২ (*El, Elohim, YHWH*, পুনরাবৃত্তি)
- খ. *Elyon* (BDB 751, KB 832)
১. এর মূল অর্থ “উচ্চ,” “প্রশংসিত,” অথবা “উর্দ্ধে তোলা” (আদি ৪০:১৭; ১ রাজা ৯:৮; ২ রাজা ১৮:১৭; নহি ৩:২৫; যির ২০:২; ৩৬:১০; গীত ১৮:১৩)।
 ২. এটি ব্যবহৃত হয়েছে ঈশ্বরের কয়েকটি অন্য নাম/উপাধির সাথে সমান্তরাল ভাবে।
 - ক. *Elohim* – গীত ৪৭:১-২; ৭৩:১১; ১০৭:১১
 - খ. *YHWH* – আদি ১৪:২২; ২ শমূ ২২:১৪
 - গ. *El-Shaddai* – গীত ৯১:১, ৯
 - ঘ. *El* – গণনা ২৪:১৬
 - ঙ. *Elah* – প্রায়ই ব্যবহৃত হয়েছে দানিয়েল ২-৬ এবং ইস্রা ৪-৭ অধ্যায়ে, *illair* সাথে সংযুক্ত (“সর্বোচ্চ ঈশ্বর” –এর জন্য অরামিয় শব্দ) দানিয়েল ৩:২৬; ৪:২; ৫:১৮, ২১
 ৩. এটি প্রায়ই যারা ইস্রায়েলীয় নয় তাদের জন্য ব্যবহৃত হয়েছে।
 - ক. মক্ষীষেদক, আদি ১৪:১৮-২২
 - খ. বিলিয়ম, গণনা ২৪:১৬
 - গ. মোশি, জাতির উদ্দেশ্যে ভাষণে দ্বি বি ৩২:৮ পদে
 - ঘ. লূকের সুসমাচার নূতন নিয়মে, পরজাতিদের কাছে লেখা, আরও ব্যবহৃত হয়েছে গ্রীক সমার্থক শব্দ *Hupsistos* (১:৩২, ৩৫, ৭৬; ৬:৩৫; ৮:২৮; প্রেরিত ৭:৪৮; ১৬:১৭)
- গ. *Elohim* (PLURAL), *Eloah* (SINGULAR), মূখ্যত কবিতাতে ব্যবহৃত হয়েছে (BDB 43, KB 52)
১. পুরাতন নিয়মের বাইরে এই টার্ম পাওয়া যায় না।
 ২. এই শব্দটি ইস্রায়েলের ঈশ্বরের জন্য নির্বাচিত হতে পারে অথবা জাতিগণের দেবতাদের জন্য (যাত্রা ১২:১২; ২০:৩)। অব্রাহামের পরিবার ছিল বহু ঈশ্বরবাদী (যিহো ২৪:২)।
 ৩. এটি ইস্রায়েলীয় বিচারকর্তৃদেরও উল্লেখ করতে পারে (যাত্রা ২১:৬; গীত ৮২:৬)।
 ৪. টার্ম *elohim* আরও ব্যবহৃত হয়েছে অন্য আত্মিক সত্ত্বাদের জন্যও (দূতগণ, মন্দ আত্মা) যেমন দ্বি বি ৩২:৮ (LXX); গীত ৮:৫; ইয়োব ১:৬; ৩৮:৭
 ৫. বাইবেলে এটি হল ঈশ্বরের জন্য প্রথম উপাধি/নাম (আদি ১:১)। এটি আদি ২:৪ পর্যন্ত একভাবে ব্যবহৃত হয়েছে, যেখানে এটি *YHWH* এর সঙ্গে সমন্বয়কৃত। এটি মূলত (ধর্মতত্ত্বগত ভাবে) সৃষ্টিকর্তা, চিরস্থায়ী, এবং এই গ্রহের সকল জীবনের যোগানদাতা হিসাবে ঈশ্বরকে উল্লেখ করে (গীত ১০৪)।

এটি *El* এর সাথে সমরূপ (দ্বি বি ৩২:১৫-১৯)। এটি আরও *YHWH* এর সমান্তরাল যেমন গীত ১৪ (*Elohim*) অধ্যায় গীত ৫৩-র (*YHWH*) মত ঠিক একই রকম, ব্যতিক্রম ঐশ্বরিক নামের পরিবর্তনের কারণে।
 ৬. যদিও PLURAL এবং অন্য দেবতাদের জন্য ব্যবহৃত হয়েছে, এই টার্ম প্রায়ই ইস্রায়েলের ঈশ্বরের জন্য মনোনীত, কিন্তু সাধারণত এর রয়েছে SINGULAR VERB যেটি উল্লেখিত এক ঈশ্বরবাদ ব্যবহারে।
 ৭. এই টার্ম পাওয়া যায় যারা ইস্রায়েলীয় নয় তাদের মুখে ঈশ্বরের নাম হিসাবে।
 - ক. মক্ষীষেদক, আদি ১৪:১৮-২২
 - খ. বিলিয়ম, গণনা ২৪:২
 - গ. মোশি, যখন জাতিদের বিষয়ে কথা বলেছেন, দ্বি বি ৩২:৮
 ৮. এটি অজুত যে ইস্রায়েলের এক ঈশ্বরবাদী ঈশ্বরের সাধারণ নাম হল PLURAL! যদিও এর কোন নিশ্চয়তা নেই, এখানে হল তত্ত্ব।
 - ক. ইব্রীয়তে অনেক PLURALS রয়েছে, প্রায়ই জোর দেবার জন্য ব্যবহৃত হয়েছে। এর ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত পরবর্তী ইব্রীয় ব্যাকরণগত বৈশিষ্ট্যকে বলা হয় “চমৎকারিত্বের বহুবচন,” যেখানে বহুবচন ব্যবহৃত হয়েছে একটি ধারণাকে ব্যাণ্ড করতে।
 - খ. এটি উল্লেখ করতে পারে দূতগণের পরিষদ, যাদের সঙ্গে ঈশ্বর স্বর্গে মিলিত হন এবং যারা তাঁর আদেশ পালন করেন (১ রাজা ২২:১৯-২৩; ইয়োব ১:৬; গীত ৮২:১; ৮৯:৫, ৭)।
 - গ. এটি আরও সম্ভব যে এটি নূতন নিয়মে প্রকাশিত এক ঈশ্বরে তিন ব্যক্তির প্রতিফলন। আদি ১:১ পদে ঈশ্বর সৃষ্টি করেছেন; আদি ১:২ পদে আত্মা জন্মান করেছেন, এবং নূতন নিয়মে যীশু হলেন পিতা ঈশ্বর যিনি সৃষ্টিতে প্রতিনিধিত্ব করেছেন (যোহন ১:৩, ১০; রোমীয় ১১:৩৬; ১ করি ৮:৬; কল ১:১৫; ইব্রীয় ১:২; ২:১০)।
- ঘ. *YHWH* (BDB 217, KB 394)
১. এটি হল সেই নাম যেটি প্রতিফলিত করেছে নিয়ম সৃষ্টিকারী; রক্ষাকর্তা, পুনরুদ্ধারকারী ঈশ্বর হিসাবে! মানুষ নিয়ম ভেঙ্গেছে, কিন্তু ঈশ্বর তাঁর বাক্যে, প্রতিজ্ঞায়, নিয়মে অনুগত (গীত ১০৩)।

এই নামটি প্রথম উল্লেখিত হয়েছে সমন্বিত ভাবে *Elohim* সাথে আদি ২:৪ পদে। আদি ১-২ অধ্যায়ে দৃষ্টি সৃষ্টির বিবরণ নেই, কিন্তু দৃষ্টি গুরুত্ব: (১) বিশ্ব ভ্রম্ভাণ্ডের (জাগতিক) সৃষ্টিকর্তা হিসাবে ঈশ্বর এবং (২) মানুষের বিশেষ সৃষ্টিকর্তা হিসাবে ঈশ্বর। আদি ২:৪-৩:২৪ পদ শুরু হয়েছে বিশেষ প্রকাশ মানুষের সুযোগ সুবিধা সম্বলিত অবস্থা এবং উদ্দেশ্য সম্বন্ধে, সেই সঙ্গে পাপ ও বিদ্রোহের সমস্যা এই অদ্বিতীয় অবস্থার সঙ্গে সম্পর্কিত।
 ২. আদি ৪:২৬ পদে বলা হয়েছে, “লোকেরা সদাভ্রুর (*YHWH*) নামে ডাকিতে আরম্ভ করিল।” যাহোক, যাত্রা ৬:৩ পদ এই

ইঙ্গিত দেয় যে প্রাথমিক নিয়মের লোকেরা (আদি পিতারা এবং তাদের পরিবারবর্গ) ঈশ্বরকে জানতেন কেবলমাত্র *El-Shaddai* হিসাবে। YHWH নামটি ব্যাখ্যা করা হয়েছে কেবলমাত্র একবার যাত্রা ৩:১৩-১৬ পদে, বিশেষ করে ১৪ পদে। যাহোক, মোশির লেখনীতে প্রায়ই শব্দ ব্যাখ্যা করা হয়েছে জনপ্রিয় প্রচলিত শব্দ দ্বারা, কোন শব্দ তত্ত্ব নয় (আদি ১৭:৫; ২৭:৩৬; ২৯:১৩-৩৫)। বেশ কয়েকটি তত্ত্ব রয়েছে এই নামের অর্থ হিসাবে (IDB, vol. 2, pp. 409-1 নেওয়া হয়েছে)।

- ক. আরবীয় মূল থেকে, “প্রাণোচ্ছল ভালাবাসা দেখাতে”
 খ. আরবীয় মূল থেকে “আঘাত করা” (ঝড়ের মত ঈশ্বর হিসাবে YHWH)
 গ. Ugartic (Canaanite) মূল থেকে “বলা”
 ঘ. ফৈনিকিয় লিপি অনুসারে, একটি CAUSATIVE PARTICIPLE অর্থ “একজন যিনি সব সময় থাকেন,” অথবা “একজন যিনি প্রতিষ্ঠা করেন”
 ঙ. ইব্রীয় *Qal* রূপ থেকে “একজন যিনি হলেন,” অথবা “একজন যিনি উপস্থিত আছেন” (ভবিষ্যতের অর্থে, “একজন যিনি থাকবেন”)
 চ. ইব্রীয় *Hiphil* রূপ থেকে “একজন যিনি হওয়ার কারণ”
 ছ. ইব্রীয় মূল থেকে “জীবিত থাকা” (অর্থাৎ, আদি ৩:২০), অর্থ “চিরকাল জীবিত, কেবলমাত্র একজন জীবিত”
 জ. যাত্রা ৩:১৩-১৬ পদের প্রসঙ্গে থেকে যেটি IMPERFECT রূপে নিয়োজিত, ব্যবহৃত হয়েছে PERFECT অর্থে, “আমি যেমন ছিলাম তেমনি থাকবো” অথবা “আমি সব সময় থাকবো যেমন আমি সব সময়ই ছিলাম” (J. Wash Watts, *A Survey of Syntax in the Old Testament*, p. 67)। সম্পূর্ণ নাম YHWH প্রায়ই বলা হয় সংক্ষিপ্ত রূপে অথবা সম্ভবত আসল রূপে।

(১) *Yah* (অর্থাৎ, হাভেলু-য়া, BDB 219, cf. Exod. 15:2; 17:16; Ps. 89:9; 104:35)

(২) *Yahu* (“iah” নামের শেষ, অর্থাৎ, যিশাইয়)

(৩) *Yo* (“Jo” নামের আরম্ভ, অর্থাৎ, যিহোশূয় বা প্রভু)

৩. পরবর্তী কালের যিহুদী ধর্মে এই নিয়মের নাম খুব পবিত্র হয়ে পড়ে (tetragrammaton ঈশ্বরের নাম প্রকাশে চারটি ইব্রীয় অক্ষর)। যে যিহুদীরা এই নাম উচ্চারণ করতে ভয় পেত যদি তারা যাত্রা ২০:৭; দ্বি বি ৫:১১; ৬:১৩ পদের আদেশ ভঙ্গ করে। তাই তারা বিকল্প ইব্রীয় টার্ম রাখে “মালিক,” “প্রভু,” “স্বামী,” “সদাপ্রভু” – *adon or adonai* (আমার প্রভু)। যখন তারা পুরাতন নিয়ম পড়তে পড়তে YHWH এর কাছে আসতো তখন তারা উচ্চারণ করতে “সদাপ্রভু”। এই জন্য YHWH কে ইংরাজি অনুবাদে সদাপ্রভু লেখা হয়।

৪. যেমন *El*, YHWH প্রায়ই সমন্বয় করা হয়েছে অন্য টার্মের সাথে ইস্রায়েলের নিয়মের ঈশ্বরের নিশ্চিত বৈশিষ্ট্যের উপরে গুরুত্ব দানের জন্য। অনেক সম্ভাব্য সমন্বিত টার্ম রয়েছে, এখানে তার কিছু দেওয়া হল।

ক. *YHWH - Yireh* (YHWH যোগাবেন, BDB 217 & 906), আদি ২২:১৪

খ. *YHWH - Rophekha* (YHWH তোমার আরোগ্যদান কারী, BDB 217 & 950, *Qal* PARTICIPLE), যাত্রা ১৫:২৬

গ. *YHWH - Nissi* (YHWH আমার পতাকা BDB 217 & 651), যাত্রা ১৭:১৫

ঘ. *YHWH - Megaddishkem* (YHWH যিনি তোমাকে পবিত্র করেন, BDB 217 & 872, *Piel* PARTICIPLE), যাত্রা ৩১:১৩

ঙ. *YHWH - Shalom* (YHWH হলেন শান্তি, BDB 217 & 1022), বিচার ৬:২৪

চ. *YHWH - Sabaoth* (YHWH বাহিনীগণের, BDB 217 & 878), ১ শমূ ১:৩, ১১; ৪:৪; ১৫:২; প্রায়ই ভাববাদীদের লেখায়

ছ. *YHWH - Ro 'I* (YHWH আমার রাখাল, BDB 217 & 944, *Qal* PARTICIPLE), গীত ২৩:১

জ. *YHWH - Sidqenu* (YHWH আমার ধার্মিকতা, BDB 217 & 841), যির ২৩:৬

ঝ. *YHWH - Shammah* (YHWH তত্র, BDB 217 & 1027), যিহি ৪৮:৩৫



NASB “যদি.....আমাদের জন্য একটি বীজ রাখতেন”

NKJV “যদি....আমাদের জন্য বীজ না রাখতেন”

NRSV “অবশিষ্ট না রাখতেন”

TEV “আমাদের জন্য কিছু বংশধর না রাখতেন”

NJB “আমাদের জন্য সামান্য অবশিষ্ট না রাখতেন”

যিশা ১:৯ পদের ইব্রীয় টেক্সটে আছে “অবশিষ্ট,” কিন্তু সেপ্টুয়াজিটে এটি অনুবাদ হয়েছে “বীজ” (NKJV)। ইস্রায়েলের প্রতি ঈশ্বরের বিচার সব সময়ই কিছু অবশিষ্ট রেখেছে (১) বিশ্বাসী অবশিষ্টাংশ অথবা (২) মশীহের বংশধর। ঈশ্বর অনেকের কাছে পৌছাবার জন্য অল্প কিছু অবশিষ্ট রেখেছেন।

□ “সদোম..মমোরা” ২৮ পদ ঈশ্বরের বিচারের সঙ্গে সম্পর্কযুক্ত। আদি ১৯:২৪-২৬, এই পদগুলিতে নির্দিষ্ট ভাবে উল্লেখ করা হয়েছে দুটি পৌত্তলিক নগরের কথা যেগুলি ঈশ্বর ধংস করেছিলেন, কিন্তু সেগুলি ঈশ্বরের বিচারের জন্য একটি বাগধারায় পরিণত হয়েছে (দ্বি বি ২৯:৩৪; যিশা ১৩:১৯; যির ২০:১৬; ৪৯:১৮; ৫০:৪০; আমোষ ৪:১১)।

NASB (আপডেটেড) টেক্সট: ৯:৩০-৩৩

^{৩০} তবে আমরা কি বলব? পরজাতীয়েরা, যারা ধার্মিকতার অনুধাবন করত না, তারা ধার্মিকতা লাভ করেছে, এমনকি বিশ্বাসমূলক ধার্মিকতা লাভ করেছে; ^{৩১} কিন্তু ইস্রায়েল, ধার্মিকতার ব্যবস্থার অনুধাবন করিয়াও, সেই ব্যবস্থা পর্যন্ত পৌছায় নাই। ^{৩২} কেন? কারণ তারা এটি বিশ্বাস দ্বারা অনুধাবন করে নাই, যেহেতু যদিও এটা ছিল কাজ দ্বারা অনুধাবন। তারা সেই ব্যাঘাতজনক পাথরে ব্যাঘাত পেল; ^{৩৩} যেমন লেখা আছে, “দেখ, আমি সিয়োনে ব্যাঘাতজনক পাথর ও বিঘ্নজনক পাষণ স্থাপন করেছি, আর যে তাঁর উপরে বিশ্বাস করে সে হতাশ হবে না। (অনুবাদকৃত টেক্সট)।

৯:৩০-৩১ এটি ঈশ্বরের নির্বাচনের উদ্দেশ্যে একটি বিস্ময়কর উপসংহার। ৩০-৩৩ পদ ৯ অধ্যায়ের সারাংশ এবং ১০ অধ্যায়ের একটি ভূমিকা। বিশ্বাসী পরজাতির ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্ক বজায় রেখেছে, কিন্তু সকল যিহুদীরা নয় (৬ পদ)! ঈশ্বর সকল মানুষের সঙ্গে নিয়মের উপায়ে ব্যবস্থা করেছেন। ঈশ্বর সব সময়ই প্রথম পদক্ষেপটি নেন এবং শর্তাবলী স্থির করেন। ব্যক্তিকে অবশ্যই বিশ্বাস ও মন পরিবর্তন, বাধ্যতা এবং ধৈর্য ধারণের মাধ্যমে সাড়া প্রদান করতে হবে। মানুষ কি রক্ষা পেয়েছে

১. ঈশ্বরের সার্বভৌমত্বের দ্বারা
২. মশীহের সম্পাদিত কাজে বিশ্বাসের মাধ্যমে ঈশ্বরের দয়ার দ্বারা
৩. ব্যক্তিগত বিশ্বাসের কাজের দ্বারা?

“অনুধাবন” এর জন্য ১৪:১৯ পদে নোট দেখুন।

৯:৩০ “ধার্মিকতা” এই শব্দ গ্রন্থের জন্য ১:১৭ পদের বিশেষ বিষয় দেখুন। NOUN ব্যবহৃত হয়েছে তিনবার ৩০ পদে এবং ৩১ পদে একবার। বিশ্বাসের “ধার্মিকতা” তুলনা করা হয়েছে ব্যবস্থার “ধার্মিকতা”-র সাথে। আবার পুরাতন নিয়মের সঙ্গে নূতন নিয়মের তুলনা। ১১ অধ্যায়ে পুরাতন নিয়মের সমস্যা সুসমাচারের দরজা উন্মুক্ত করেছে সমগ্র জগতের জন্য।

৯:৩২ “কাজ দ্বারা” Textus Receptus যোগ করেছেন “ব্যবস্থার।” এটি ছিল পরবর্তীকালের অনুলিপিকারীদের সংযুক্তিকরণ। পৌল প্রায়ই “ব্যবস্থার কাজ” (৩:২০, ২৮; গালা ২:১৬; ৩:২, ৫, ১০) এই শব্দগুচ্ছ ব্যবহার করতেন। যাহোক, প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি P⁴⁶, N*, A, B, F, and G এই পদ থেকে টার্মটি বাদ দিয়েছে। UBS⁴ একে সংক্ষিপ্ত টেক্সট বলে “B” রেটিং করেছে (প্রায় নির্দিষ্ট)।

ঈশ্বরের ধার্মিকতার চাবিকাঠি মানুষের কাজের উপরে নয় কিন্তু খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের বৈশিষ্ট্য এবং দান। ধার্মিকতা হল পতিত মানবের এটি অসম্ভব কাজ, কিন্তু খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে এটি ঈশ্বরের বিনামূল্যে দত্ত দান (৩:২১-৩১)। যাহোক, এটি অবশ্যই গ্রহণ করতে হবে (৩৩ পদ; যোহন ১:১২; ৩:১৬; রোমীয় ৪:১ থেকে কয়েকটি পদ; ১০:৯-১৩; ইফি ২:৮-৯)। এটি হল সত্য যা খাঁটি, ধর্মীয়, নৈতিক যিহুদীরা (এবং সকল আইন সম্মত) অবহেলা করেছে!

George Eldon Ladd তার বই *A Theology of the New Testament*, একটি ভাল পয়েন্ট দিয়েছে:

“ব্যবস্থা সম্পর্কে পৌলের শিক্ষা প্রায়ই এগিয়েছে ঐতিহাসিক অভিজ্ঞতার দৃষ্টিভঙ্গি নিয়ে যিহুদী রাব্বি হিসাবে পৌলের নিজের, অথবা ব্যবস্থার অধীনে থাকা প্রথম শতকের গোঁড়া যিহুদীরা। যাহোক, পৌলের চিন্তা অবশ্যই দেখা গিয়েছে তার আত্মিক আত্মজীবনীর স্বীকারোক্তি হিসাবে কিম্বা প্রথম শতকের আইন সম্মত বৈশিষ্ট্যমণ্ডিত গোঁড়া ফরীশীদের বর্ণনা হিসাবে নয়, কিন্তু ধর্মতাত্ত্বিক ব্যাখ্যাকারক হিসাবে একজন খ্রীষ্টিয়ান চিন্তাবিদে ধার্মিকতার দুটি উপায়: বৈধতা এবং বিশ্বাস” (p. 495)।

৯:৩৩ এটি নেওয়া হয়েছে যিশাইয় থেকে, ২৮:১৬ পদ সমন্বয় করা হয়েছে ৮:১৪ পদের সাথে।

“দেখ, আমি সিয়োনে এক পাথর স্থাপন করিলাম,” ২৮:১৬

“বিঘ্নজনক ও ব্যাঘাতজনক পাথর,” ৮:১৪

“যে ব্যক্তি বিশ্বাস করিবে, সে হতাশ হবে না,” ২৮:১৬

এই পদগুলি এই ভাবে সমন্বয়ের দ্বারা (রাব্বিদের কৌশল) তিনি যিশা ২৮:১৬ পদের অর্থ পরিবর্তন করেছেন ইতিবাচক থেকে নেতিবাচক দিকে। পৌল তার নিজের উদ্দেশ্য সাধনে পুরাতন নিয়মে ব্যবহার করেছেন।

১. তিনি কোন অনুবাদ বেছে নিয়েছেন (LXX, M, অথবা তার নিজের)
২. তিনি রেফারেন্স পরিবর্তন করেছেন (নির্বাসন থেকে পরজাতি)
৩. তিনি টেক্সট সমন্বয় করেছেন
৪. তিনি শিরোনাম ও PRONOUNS পরিবর্তন করেছেন, YHWH থেকে যীশু।

□ “যে তাঁর উপরে বিশ্বাস করে সে হতাশ হবে না” এটি এসেছে যিশা ২৮:১৬ পদ থেকে। এটি আরও রোমীয় ১০:১১ পদের উদ্ধৃতি এবং এটি যোয়েল ২:৩২ পদের সমরূপ, রোমীয় ১০:১৩ পদে উদ্ধৃত। পরিভ্রাণের চাবিকাঠি হল (১) বিষয় (কোণের পাথর) এবং (২) ব্যক্তির ব্যক্তিগত ভাবে গ্রহণ (তাঁর উপরে বিশ্বাস)। বিশেষ বিষয় দেখুন: ৪:৫ পদে বিশ্বাস করা।

□ “পাথর” এটি মূলত ঈশ্বরের একটি উপাধি (গীত ১৮:১-২, ৩১, ৪৬; দ্বি বি ৩২:১৮; ১ শমু ২:২; গীত ২৮:১; ৩১:৩; ৪২:৯; ৭১:৩; ৭৮:৩৫), কিন্তু এটি এসেছে মশীহের উপাধি হতে (আদি ৪৯:২৪; গীত ১১৮:২২; যিশা ৮:১৪; ২৮:১৬; দানিয়েল ২:৩৪-৩৫, ৪৪-৪৫; মথি ২১:৪২-৪৪)। ঈশ্বরের নিয়মের প্রতিজ্ঞার (মশীহ) মূল উপাদান ভুল বোঝা এবং প্রত্যাখ্যান করা হয়েছে (১ করি ১:২৩)। যিহুদীরা মশীহের উদ্দেশ্যই কেবল ভুল বোঝে নাই, কিন্তু ঈশ্বরের নিয়মের মূল আবশ্যিকতাকেও ভুল বুঝেছে। খ্রীষ্ট যিহুদীদের জন্য বাধাজনক কারণ হয়েছেন (যিশা ৮:১৪; লুক ২:৩৪), কিন্তু বিশ্বাসীদের জন্য, তিনি ভিত্তির পাথর হয়েছেন (যিশা ২৮:১৬; ১ পিতর ২:৬-১০)।

বিশেষ বিষয়: কোণের প্রস্তর

পুরাতন নিয়মে ব্যবহার

- ক. পাথরের ধারণা হল শক্ত, টেকসই জিনিস হিসাবে যেটির ব্যবহার ভাল ভিত্তির জন্য যেভাবে YHWH এর বর্ণনা করা হয়েছে (গীত ১৮:২)।
- খ. এটি পরবর্তীতে মশীহের উপাধিতে উন্নত হয়েছে (আদি ৪৯:২৪; গীত ১১৮:২২; যিশা ২৮:১৬)।
- গ. এটি বিচারের প্রতিনিধিত্বকারী হয়েছে মশীহের দ্বারা YHWH এর (যিশা ৮:১৪; দানি ২:৩৪-৩৫, ৪৪-৪৫)।
- ঘ. এটি গৃহনির্মাণ রূপকে উন্নত হয়েছে।
 ১. ভিত্তির পাথর, প্রথম স্থান, যেটি নিশ্চিত এবং স্থাপিত সম্পূর্ণ দালান ধরে রাখার জন্য, বলা হয় “কোণের পাথর”
 ২. এটি হতে পারে চূড়ান্ত পাথর যেটি জায়গায় বসান হয়, যেটি দেওয়ালগুলিকে ধরে রাখে (সখ ৪:৭; ইফি ২:২০, ২১), বলা হয় “capstone,” (কাঠামোর প্রধান প্রস্তর) ইব্রীয় *rush* থেকে (অর্থাৎ, মস্তক)
 ৩. এটি “মূল পাথর” উল্লেখ করতে পারে, যেটি প্রবেশ পথের খিলানের কেন্দ্র এবং সম্পূর্ণ দেওয়ালের জন ধরে রাখে

II. নূতন নিয়মে ব্যবহার

- ক. যীশু নিজের বিষয়ে উল্লেখ করতে বেশ কয়েকবার গীত ১১৮ উদ্ধৃত করেছেন (মথি ২১:৪১-৪৬; মার্ক ১২:১০-১১; লুক ২০:১৭)
- খ. পৌল গীত ১১৮ ব্যবহার করেছেন প্রত্যাখ্যান করেছেন YHWH এর বিশ্বাসহীন, বিদ্রোহী ইস্রায়েলের সম্পর্কে (রোমীয় ৯:৩৩)
- গ. পৌল “কোণের পাথরের” ধারণা ব্যবহার করেছেন ইফি ২:২০-২২ পদে খ্রীষ্টকে উল্লেখ করতে।
- ঘ. পিতর ১ পিতর ২:১-১০ পদে যীশু সম্পর্কে এই ধারণা ব্যবহার করেছেন। যীশু হলেন কোণের পাথর এবং আর বিশ্বাসীরা হলেন জীবন্ত পাথর (অর্থাৎ, মন্দির হিসাবে বিশ্বাসীরা, ১ করি ৬:১৯), তাঁর উপরে নির্মিত (অর্থাৎ, যীশু হলেন নূতন মন্দির, মার্ক ১৪:৫৮; মথি ১২:৬; যোহন ২:১৯-২০)। যিহূদীরা তাদের প্রত্যাশার ভিত্তিকে অবহেলা করেছে যখন তারা মশীহ হিসাবে যীশুকে প্রত্যাখ্যান করেছে।

III. ধর্মতাত্ত্বিক বর্ণনা

- ক. YHWH দায়ুদ/শলোমনকে অনুমতি দিয়েছিলেন মন্দির নির্মাণের। তিনি তাদের বলেছিলেন যে যদি তারা নিয়ম রক্ষা করে তিনি তাদের আশীর্বাদ করবেন এবং তাদের সাথে থাকবেন (২ শমূ ৭), কিন্তু যদি তারা তা না করে তবে মন্দির ধ্বংস হয়ে যাবে (১ রাজা ৯:১-৯)!
- খ. রাব্বিয়ানিক যিহূদী ধর্মের লক্ষ্য রেখেছে কাঠামো এবং আনুষ্ঠানিকতায় এবং ব্যক্তিগত বিশ্বাসের দিকটি অবহেলিত হয়েছে (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩৮)। ঈশ্বর চেয়েছেন দৈনিক, ব্যক্তিগত, ঈশ্বর ভক্তির সম্পর্ক তাদের সাথে যারা তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট (আদি ১:২৬-২৭)। লুক ২০:১৭-১৮ পদ বিচারের ভয়ংকর কথায় পরিপূর্ণ, যেমন মথি ৫:২০ পদ, যিহূদী ধর্মের দিকে নির্দেশিত।
- গ. যীশু তাঁর নিজের দেহকে বর্ণনা করতে মন্দিরের ধারণাকে ব্যবহার করেছেন (যোহন ২:১৯-২২)। এই ধারণা চলমান এবং বিস্তারিত হয়েছে যীশুতে ব্যক্তিগত বিশ্বাস YHWH (অর্থাৎ, যোহন ১৪:৬; ১ যোহন ৫:১০-১২) সঙ্গে সম্পর্কে মশীহ চাবিকাঠি হিসাবে।
- ঘ. পরিত্রাণ অর্থ মানুষের মাঝে ঈশ্বরের নষ্ট প্রতিমূর্তিকে পুনরুদ্ধার করা (আদি ১:২৬-২৭ এবং ৩ অধ্যায়) যেন ঈশ্বরের সঙ্গে সহভাগিতা সম্ভবপর হয়। খ্রীষ্ট ধর্মের লক্ষ্য এখন খ্রীষ্ট সাদৃশ্যতা লাভ। বিশ্বাসীরা হয়েছে জীবন্ত পাথর (অর্থাৎ, ছোট মন্দির খ্রীষ্টের উপরে/নমনায় নির্মিত)।
- ঙ. যীশু হলেন আমাদের বিশ্বাসের ভিত্তি এবং আমাদের বিশ্বাসের capstone (অর্থাৎ, আলফা এবং ওমেগা)। তথাপি এই পাথর বাধাজনক ও বিঘ্নজনক পাথর। তাঁকে না পাওয়া হল সব কিছুই না পাওয়া। এখানে কোন মধ্যবর্তী জায়গা নেই!

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. ৯ অধ্যায় (পূর্ব নির্ধারিত ভাগ্য) কিভাবে ১০ অধ্যায়ের (মানুষের স্বাধীন ইচ্ছা) সঙ্গে সম্পর্ক যুক্ত?
২. ৯:১-২৯ পদের মূল বিষয় কি?
৩. ঈশ্বর কি ইস্রায়েলের প্রতি তাঁর প্রতিজ্ঞা ভঙ্গ করেছেন?
৪. ইস্রায়েল জাতি যে সব সুযোগ সুবিধা ভোগ করেছে তার তালিকা করুন (৯:৪-৫)।
৫. সকল যিহূদী কি ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্ক রক্ষা করেছে? কেন বা কেন নয় (৯:৬)?
৬. যদি মানুষকে বাধ্য করা হয় ঈশ্বরের ইচ্ছা পালনে তবে সে কি নৈতিকভাবে দায়িত্ববান?
☞ “দয়া” কিভাবে পূর্ব নির্ধারিত ভাগ্যের চাবিকাঠি (১৫, ১৬, ১৮, ২৩ পদ; ১১:৩০-৩২)?

রোমীয় ১০

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
ইশ্রায়েল এবং সুসমাচার	ইশ্রায়েলীয়দের সুসমাচার প্রয়োজন	বিশ্বাস দ্বারা সত্যিকারের ধার্মিকতা	ইশ্রায়েল এবং সুসমাচার	ইশ্রায়েল দেখতে ব্যর্থ হয়েছে যে ঈশ্বর যিনি আমাদের পবিত্র করেন
৯:৩০-১০:৪	১০:১-১৩	৯:৩০-১০:৪	৯:৩০-১০:৪	১০:১-৪
সবার জন্য পরিত্রাণ			পরিত্রাণ সবার জন্য	মোশির সাক্ষ্য
১০:৫-১৩		১০:৫-১৩	১০:৫-১৩	১০:৫-১৩
	ইশ্রায়েল সুসমাচার প্রত্যাখ্যান করেছে	ইশ্রায়েল তার ব্যর্থতার জন্য দায়ী		ইশ্রায়েলীয়দের কোন অজুহাত দেবার নেই
১০:১৪-২১	১০:১৪-২১	১০:১৪-১৭	১০:১৪-১৭	১০:১৪-১৫
		১০:১৮-২১	১০:১৮-২১	১০:১৬-১৭
				১০:১৮-২১

পাঠ চক্র তিন (দেখুন পৃষ্ঠা p. viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

- ক. ১০ অধ্যায় দৃষ্টি দিয়েছে ইশ্রায়েলীয়দের YHWH এর খ্রীষ্টে পরিত্রাণের দয়ার দানের প্রতি সাড়া দানের সুযোগের উপরে। ৯ অধ্যায় আলোচনা করেছে জগতকে মনোনয়নের উদ্দেশ্যের জন্য ঈশ্বরের যিহূদীদের মনোনয়ন (আদি ৩:১৫; ১২:৩; যাত্রা ১৯:৫-৬) কিন্তু যিহূদীরা তাঁর মনোনয়ন গ্রহণ করতে প্রত্যাখ্যান করেছে (অর্থাৎ, নিয়মের বাধ্যতা, দ্বি বি ২৭-২৯)।

- খ. পৌল ক্রমাগত পুরাতন নিয়ম ব্যবহার করেছেন সুসমাচারের জন্য তাঁর আলোচনায় (দেখুন প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি, ৯ অধ্যায়ের ৬)। এটি হল প্রেরিত পুস্তকের ঐতিহাসিক বক্তৃতার বৈশিষ্ট্য, যেটি *kerygma* (অর্থাৎ, যা ঘোষণা করা হয়েছিল) বলে পরিচিত। বিশেষ বিষয় দেখুন: ১:২ পদের *Kerygma*।
- গ. ৯:৩০-১০:৪ পদের কেন্দ্রীয় সত্য হল
১. খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে পরজাতিদের ঈশ্বরের ধার্মিকতা লাভ
 ২. যিহূদীরা ঈশ্বরের ধার্মিকতা লাভ করে নাই কারণ তাদের খ্রীষ্টে বিশ্বাসের অভাব
 ৩. ব্যবস্থা ধার্মিকতা দিতে পারে না। খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে এটি ঈশ্বরের দান এবং মানবিক কাজের দ্বারা এটি অর্জন করা সম্ভব নয় (৩:২১-৩১)
- ঘ. Bruce Corley and Curtis Vaughan in *A Study Guide Commentary, Romans*, published by Zondervan, pp. 115-116, যিহূদীদের পাপ সম্পর্কে একটি সাহায্যকারী রূপরেখা দিয়েছেন
১. ধর্মীয় অহংকার, ১০:২^ক
 ২. আত্মিক অন্ধত্ব, ১০:২^খ, ৩^ক
 ৩. আত্ম-ধার্মিকতা, ১০:৩^খ
 ৪. একগুয়ে মনোভাব, ১০:৪^ক
- ১০ অধ্যায় সম্পর্কে ৯ অধ্যায়ের শেষে তাদের তাদের উপসংহারের মন্তব্য আমি পছন্দ করি, “ক্রুশের প্রচারে নির্বাচন ঘটে (১ থিম ১:৪-১০), কিভাবে ঐশ্বরীক সার্বভৌমত্ব (৯:৬-২৯) ঐতিহ্যগত ভাবে সুরক্ষিত হতে পারে পৌলের পত্রের পরবর্তী মহান মিশনারী প্যাসেজ দ্বারা সেটি ব্যাখ্যা করে (১০:১-২১)। সুসমাচার প্রচারের সর্বোচ্চ বাধ্য বাধকতা হল জ্ঞান, এরকম করতে, ঈশ্বর বিশ্বস্ত যিনি খ্রীষ্টে তাঁর নির্বাচনের উদ্দেশ্য বহন করেছেন” (p. 114)।
- ঙ. ৯ অধ্যায়ের মত, ১০ অধ্যায়েও অসংখ্য পুরাতন নিয়মের উদ্ধৃতি রয়েছে।
১. ৫ পদ – লেবীয় ১৮:৫ পদ
 ২. ৬ পদ – দ্বি বি ৩০:১২ পদ এর সাথে দ্বি বি ৯:৪ পদের ভূমিকার উল্লেখ
 ৩. ৭ পদ – দ্বি বি ৩০:১৩ সাথে গীত ১০৭:২৬ পদের উল্লেখ
 ৪. ৮ পদ – দ্বি বি ৩০:১৪ পদ
 ৫. ১১ পদ – যিশা ২৮:১৬ পদ
 ৬. ১৩ পদ – যোয়েল ২:৩২ পদ
 ৭. ১৫ পদ – যিশা ৫২:৭ এবং নহুম ১:১৫ পদ
 ৮. ১৬ পদ – যিশা ৫৩:১ পদ
 ৯. ১৮ পদ – গীত ১৯:৪ পদ
 ১০. ১৯ পদ – দ্বি বি ৩২:২১ পদ
 ১১. ২০ পদ – যিশা ৬৫:১ পদ
 ১২. ২১ পদ – যিশা ৬৫:২ পদ

NASB (আপডেটেড) টেক্সট: ১০:১-৪

^১ ভাইয়েরা, আমার হৃদয়ের বাসনা এবং ঈশ্বরের কাছে তাদের জন্য প্রার্থনা এই যেন তাদের পরিত্রাণ হয়। ^২ কারণ আমি তাদের পক্ষে এই সাক্ষ্য দিচ্ছি যে ঈশ্বরের বিষয়ে তাদের উদ্যোগ আছে, কিন্তু তা জ্ঞানানুযায়ী নয়। ^৩ ফলতঃ ঈশ্বরের ধার্মিকতা না জানায় এবং নিজ ধার্মিকতা স্থাপন করার চেষ্টা করায়, তারা ঈশ্বরের ধার্মিকতার বশীভূত হয় নাই। ^৪ কারণ ধার্মিকতা প্রত্যেক বিশ্বাসীর জন্য যে বিশ্বাস করে কারণ খ্রীষ্টই ব্যবস্থার পরিণাম। (অনুবাদকৃত টেক্সট)।

১০:১ “ভাইয়েরা” এই টার্ম পৌল প্রায়ই ব্যবহার করেছেন নূতন বিষয়কে পরিচিত করতে (১:১৩; ৭:১, ৪; ৮:১২)।

□ “আমার হৃদয়ের বাসনা এবং ঈশ্বরের কাছে তাদের জন্য প্রার্থনা এই যেন তাদের পরিত্রাণ হয়” পৌল বিশ্বাস করতেন যে যিহূদীরা রক্ষা পেতে পারে এবং এটাই ছিল তাদের জন্য তার প্রার্থনা ছিল যেন তারা আলাদা মানুষ হয়। এটি বিস্ময়কর পূর্ব নির্ধারিত ভাগ্যের বিপরীত দিক! বিশেষ বিষয় দেখুন: ৯:৩ পদের মধ্যস্থতার প্রার্থনা।

এখানে গ্রীক পাণ্ডুলিপির পার্থক্য রয়েছে “তাদের জন্য।” Textus Receptus -এর বিকল্প “ইস্রায়েলীয়দের জন্য।” যাহোক, পাণ্ডুলিপির প্রমাণ সমর্থন করে “তাদের জন্য” (MSS P⁴⁶, א*, B, C, D*, F, G)। UBS⁴ একে রেটিং “A” (নিশ্চিত) দিয়েছে।

১০:২ “ঈশ্বরের বিষয়ে তাদের উদ্যোগ আছে” অকপটতা ও উৎফুল্লতা যথেষ্ট নয় (৩-৪ পদ)। পৌল এটা ভালই জানতেন (প্রেরিত ৯:১; গালা ১:১৪; ফিলি ৩:৬)!

১০:২-৩ “কিন্তু তা জ্ঞানানুযায়ী নয়। ফলতঃ ঈশ্বরের ধার্মিকতা না জানায়” টার্ম “জানা” (২ পদ, *epiginōskō*) দুই ভাবে কাজ করতে পারে।

1. স্বাধীন সুসমাচার যিহূদীরা বুঝতে পারে নাই (“জানা” গ্রীক অর্থে)
 2. যিহূদীরা কখনোই ঈশ্বরের সঙ্গে বিশ্বাসের সম্পর্কে ছিল না (“জানা” ইব্রীয় অর্থে, আদি ৪:১; যির ১:৫)
- ঈশ্বরের প্রতি সাড়া দানের আবশ্যিকতার বিষয়ে যিহূদীরা অজ্ঞ ছিল না (১৬, ১৮, ১৯ পদ), কিন্তু তারা বিকল্প করেছিল বিশ্বাসের জন্য মানবিক কাজ, যেটি গর্ব, ঔদ্ধত্য এবং স্বতন্ত্রবাদের দিকে পরিচালিত করেছিল (৩৬ পদ)!

বিশেষ বিষয়: জানা (নমুনা হিসাবে বেশীর ভাগ দ্বিতীয় বিবরণে ব্যবহৃত)

ইব্রীয় শব্দ “জানা” (BDB 393) বেশ কয়েকটি অর্থ আছে ভাষাগত অর্থের ক্ষেত্রে *Qal* এ।

1. ভাল ও মন্দ বোঝা – আদি ৩:২২; দ্বি বি ১:৩৯; যিশা ৭:১৪-১৫; যোনা ৪:১১
2. উপলক্ষের মাধ্যমে জানা – দ্বি বি ৯:২, ৩, ৬; ১৮:২১
3. অভিজ্ঞতার দ্বারা জানা – দ্বি বি ৩:১৯; ৪:৩৫; ৮:২, ৩, ৫; ১১:২; ২০:২০; ৩১:১৩; যিহো ২৩:১৪
4. বিবেচনা করা – দ্বি বি ৪:৩৯; ১১:২; ২৯:১৬
5. ব্যক্তিগত ভাবে জানা
 - ক. একজন ব্যক্তি – আদি ২৯:৫; যাত্রা ১:৮; দ্বি বি ২২:২; ৩৩:৯
 - খ. একজন দেবতা – দ্বি বি ১১:২৮; ১৩:২, ৬, ১৩; ২৮:৬৪; ২৯:২৬; ৩২:১৭
 - গ. YHWH – দ্বি বি ৪:৩৫, ৩৯; ৭:৯; ২৯:৬; যিশা ১:৩; ৫৬:১০-১১
 - ঘ. যৌনতা – আদি ৪:১, ১৭, ২৫; ২৪:১৬; ৩৮:২৬
6. শিক্ষাগত দক্ষতা বা জ্ঞান – যিশা ২৯:১১, ১২; আমোষ ৫:১৬
7. জ্ঞানি হওয়া – দ্বি বি ২৯:৪; হিতো ১:২; ৪:১; যিশা ২৯:২৪
8. ঈশ্বরের জ্ঞান
 - ক. মোশির – দ্বি বি ৩৪:১০
 - খ. ইস্রায়েলের – দ্বি বি ৩১:২১, ২৭, ২৯

১০:৩ “ঈশ্বরের ধার্মিকতা” ৯-১১ অধ্যায়ের প্রসঙ্গে এই শব্দগুচ্ছ উল্লেখ করে ঈশ্বরের আরোপিত সঠিক মান (রোমীয় ৪) তাঁর নিজের সম্পর্কে যার একমাত্র ভিত্তি হল

1. তাঁর দয়া
2. খ্রীষ্টের সম্পাদিত কাজ
3. আত্মার আমন্ত্রণ
4. পাপী মানুষের মন পরিবর্তন, বিশ্বাসে সাড়া প্রদান এবং অবিরত বাধ্যতা এবং ধৈর্যধারণ

যে কেউ নিশ্চিত ভাবে বুঝতে পারে কিভাবে যিহূদীরা ঈশ্বরের ধার্মিকতাকে ভুল বুঝেছিল। পুরাতন নিয়ম জোর দিয়েছে ব্যবস্থার প্রতি বাধ্যতার উপরে (দ্বি বি ৪:২৮-৬:৩, ১৭, ২৪-২৫)। তারা যা বুঝতে ব্যর্থ হয়েছে তা ছিল বিশ্বাস এবং মন পরিবর্তনের অবশ্যিকতার সমতা (দ্বি বি ৫:২৯-৩০; ৬:৫)। দ্বি বি স্পষ্টভাবে চেষ্টা করেছে যে ঈশ্বর ইস্রায়েলীয়দের পক্ষে কাজ করেছেন তাদের ধার্মিকতার জন্য নয়, কিন্তু তাঁর বৈশিষ্ট্যের কারণে (৯:৬, ৭, ১৩, ২৪, ২৭; ১০:১২-২২; যিহি ৩৬:২২-৩৮)। এমনকি কনানীয়েরা তাদের অধিকার বঞ্চিত হয়নি ইস্রায়েলীয়দের ধার্মিকতার কারণে, কিন্তু তাদের পাপের কারণে (৯:৪-৬; আদি ১৫:১৬)। ১:১৭ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “তারা ঈশ্বরের ধার্মিকতার বশীভূত হয় নাই” VERB হল একটি AORIST PASSIVE INDICATIVE, কিন্তু এটি অনুবাদ হয়েছে MIDDLE VOICE (TEV) হিসাবে। MIDDLE VOICE এর কাজ গ্রহণ করেছে কৈনী গ্রীকে PASSIVE VOICE। প্রসঙ্গ হল সিদ্ধান্তের উপাদান।

এটি আক্ষরিক ভাবে “নিবেদিত” যেটি হল চেন অফ কমান্ডের জন্য একটি সামরিক টার্ম। যিহূদীরা ঈশ্বরের ধার্মিকতা অর্জনের চেষ্টা করেছে, কিন্তু এটি ছিল একটি দান (৩:২৪; ৫:১৫; ৬:২৩; ইফি ২:৮-৯)। পৌল এই সত্য স্পষ্টভাবে দেখেছিলেন দম্মেশকের পথে।

বিশেষ বিষয়: বশীভূত (HUPOTASSŌ)

সেপ্টুয়াজিন্ট এই টার্ম অনুবাদে ব্যবহার করেছে ১০টি ভিন্ন ভিন্ন ইব্রীয় শব্দ। এর পুরাতন নিয়মের মূল অর্থ ছিল “নিয়মানুসারে” অথবা “আদেশের অধিকার।” এটি সেপ্টুয়াজিন্টে (LXX) থেকে নেওয়া হয়েছে।

1. ঈশ্বরের আদেশ (লেবীয় ১০:১; যোনা ২:১; ৪:৬-৮)
2. মোশির আদেশ (যাত্রা ৩৬:৬; দ্বি বি ২৭:১)
3. রাজার আদেশ (২ বংশ ৩১:১৩)

নূতন নিয়মে এই অর্থ একই রয়েছে যেমন প্রেরিত ১০:৪৮ পদে, যেখানে রয়েছে একটি প্রৈরিতিক আদেশ। যাহোক, নূতন নিয়মে নূতন অন্তর্নিহিত অর্থের উন্নয়ন হয়েছে।

1. একটি স্বেচ্ছামূলক দিকের উন্নয়ন (প্রায়ই MIDDLE VOICE)
2. এই আত্ম-সীমাবদ্ধ কাজ দেখা যেতে পারে যীশুর পিতার কাছে সমর্পনের মধ্যে (লুক ২:৫১)
3. বিশ্বাসীরা সমর্পিত সংস্কৃতির বিষয়ে যেন সুসমাচার খারাপ ভাবে প্রভাবিত না হয়
 - ক. অন্য বিশ্বাসীরা (ইফি ৫:২১)

খ. বিশ্বাসী স্ত্রীরা (কল ৩:১৮; ইফি ৫:২২-২৪; তীত ২:৫; ১ পিতর ৩:১)

গ. বিশ্বাসীরা পৌত্তলিক শাসনকর্তাদের কাছে (রোমীয় ১৩:১-৭; ১ পিতর ২:১৩)

বিশ্বাসীরা কাজ করবে ভালবাসায় অনুপ্রাণিত হয়ে, ঈশ্বরের জন্য, খ্রীষ্টের জন্য, স্বর্গরাজ্যের জন্য, অন্যদের মঙ্গলের জন্য।

agapaō (ভালবাসা) মত মণ্ডলী এই টার্ম পূর্ণ করবে নূতন অর্থ দিয়ে যার ভিত্তি হবে স্বর্গরাজ্যের এবং অন্যদের প্রয়োজন। এই টার্ম নিয়ে যাবে অভিজাত স্বার্থহীনতায়, অদেশের উপরে ভিত্তি করে নয়, কিন্তু ঈশ্বর এবং তাঁর মশীহের কাছে আত্ম নিবেদনের নূতন সম্পর্কে। বিশ্বাসীরা সকলের মঙ্গলের জন্য এবং ঈশ্বরের পরিবারের আশীর্বাদের জন্য বাধ্য এবং সমর্পিত হবে।

১০:৪

NASB, NKJV,

NRSV “কারণ খ্রীষ্টই ব্যবস্থার পরিণাম”

TEV

“কারণ খ্রীষ্ট ব্যবস্থার পরিণাম এনেছেন”

NJB

“কিন্তু এখন খ্রীষ্টের সাথে ব্যবস্থা সমাপ্তিতে এসেছে”

এই মন্তব্য মথি ৫:১৭-১৮ পদের সাথে একই রেখায়। ব্যবস্থার উদ্দেশ্য, লক্ষ্য বা শেষ (*telos*) পরিত্রাণ নয়, কিন্তু দৃঢ় প্রত্যয়, এবং এই উদ্দেশ্য চলমান (গালা ৩:২৪-২৫)। এই বিষয়ে ঐতিহ্যগত নূতন নিয়মের টেক্সট হল গালা ৩:১-২৯ এবং ইব্রীয় পুস্তক।

যখন এই বিষয় আলোচনা করা হয়, তখন প্রসঙ্গ হল চূড়ান্ত। পৌল বিভিন্ন ভাবে পুরাতন নিয়মকে ব্যবহার করেছেন। যখন খ্রীষ্টিয় জীবন সম্পর্কে আলোচনা করেছেন, পুরাতন নিয়ম হল ঈশ্বরের প্রকাশ (রোমীয় ১৫:৪; ১ করি ১০:৬, ১১), কিন্তু যখন পরিত্রাণ সম্পর্কে আলোচনা করেছেন তখন এটি নিষ্ফল এবং অতীত হয়েছে (ইব্রীয় ৮:১৩)। এই কারণে এটি পুরাতন যুগের জন্য রূপক। যীশুর উপরে বিশ্বাসের সুসমাচার হল আত্মার নূতন যুগ। ব্যবস্থার সময় শেষ হয়েছে! বিশেষ বিষয় দেখুন: ১৩:৯ পদে পৌলের মোশির ব্যবস্থার প্রতি দৃষ্টিভঙ্গি।

□

NASB, NKJV “ধার্মিকতা প্রত্যেক জনের জন্য যে বিশ্বাস করে”

NRSV

“সেজন্য ধার্মিকতা যে বিশ্বাস করে তাহার সকলের জন্য”

TEV

“যেন যারা বিশ্বাস করে তারা ঈশ্বরের ধার্মিকতা লাভ করে”

NJB

“যেন সকলে যারা বিশ্বাস করে তারা ধার্মিকতা লাভ করবে”

৯-১১ অধ্যায় অবশ্যই এক সাথে অনুবাদ করতে হবে। ঈশ্বরের সার্বভৌমত্বের বিষয়ে গুরুত্ব ৯ অধ্যায়ে খুব দৃঢ় ভাবে বর্ণিত হয়েছে যা ১০ অধ্যায়ের সকল বিশ্বাসীদের আহবানের চাপ ধারণ করে (৪, ৯, ১১, ১৩; ৩:২২; ৪:১১, ১৬)।

আদি ৩:১৫ পদে বর্ণিত হয়েছে ঈশ্বরের ভালবাসা ও পুনরুদ্ধারের উদ্দেশ্যের সার্বজনীনতা এবং দৃঢ় ভাবে ইঙ্গিত দিয়েছে আদি ১২:৩ এবং যাত্রা ১৯:৫-৬ পদে। ভাববাদীরা প্রায়ই বলেছেন ঈশ্বরের সকল মানুষকে একত্রিত করার সার্বজনীন ভালবাসা এবং পরিকল্পনার কথা। সত্য হল যে একজনই ঈশ্বর এবং তিনি তাঁর প্রতিমূর্তিতে মানুষকে সৃষ্টি করেছেন এবং সকলের জন্য তিনি সার্বজনীন আমন্ত্রণ জানিয়েছেন যেন সকলে রক্ষা পায়। যাহোক, নিগূঢ় তত্ত্ব এই যে, কেউ আত্মার প্রতিনিধিত্ব ছাড়া সাড়া প্রদান করতে পারে না (যোহন ৬:৪৪, ৬৫)। তারপর এই প্রশ্ন হয়েছে, “ঈশ্বর কি সকল মানুষকে পরিত্রাণের দিকে আকর্ষণ করেছেন?” উত্তর অবশ্যই হবে “হ্যাঁ!” (যোহন ৩:১৬; ৪:৪২; ১ যোহন ২:২; ৪:১৪; ১ তীম ২:৪; ২ পিতর ৩:৯)। পাপ, পতন, এবং শয়তানের বার বার আসা সত্যের ভিত্তি হল যে কেউ কেউ বলে “না।” যখন পৌল প্রচার করেছেন, কিছু কিছু যিহূদী সাড়া প্রদান করেছে, আবার কেউ কেউ করেনি; কিছু পরজাতি সাড়া প্রদান করেছে, কিছু করেনি!

টার্ম “বিশ্বাস করা” (*pisteuō*) তিনটি ইংরাজি টার্মে অনুবাদ হয়েছে, “বিশ্বাস করা,” “বিশ্বাস,” এবং “নির্ভরতা।” এটি হল PRESENT TENSE, যেটি বলছে অবিরত বিশ্বাস করার কথা। এটি সত্যের স্বীকারোক্তি নয় (ধর্মতত্ত্ব, ঐতিহাসিক বিশদ বিবরণ, সুসমাচারের তথ্য) যা খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের অনুগ্রহ দান গ্রহণ করা। নূতন নিয়ম হল একটি চুক্তি; ঈশ্বর আলোচ্য বিষয় ঠিক করেছেন এবং আবশ্যকীয় সাড়া প্রদানের সূচনা করেছেন, কিন্তু ব্যক্তিকে অবশ্যই প্রারম্ভিক বিশ্বাস ও মন পরিবর্তনে সাড়া প্রদান করতে হবে এবং অবিরত বিশ্বাস ও মন পরিবর্তন চলতে থাকবে। বাধ্যতা এবং ধৈর্য্য ধারণ হল চূড়ান্ত। খ্রীষ্ট সাদৃশ্যতা এবং পরিচর্যা হল লক্ষ্য!

বিশেষ বিষয়: পরিত্রাণের জন্য গ্রীক ব্যবহৃত গ্রীক ক্রিয়ার কাল

পরিত্রাণ কোন প্রস্তুতকৃত জিনিস নয়, কিন্তু একটি সম্পর্ক। যখন কেউ খ্রীষ্টে নির্ভরতা রাখেন তখনই এটা শেষ হয়ে যায় না; এটা কেবলমাত্র আরম্ভ হয়! এটি আসলে কোন অগ্নি বীমা পলিসি নয়, স্বর্গে যাবার কোন টিকিট নয়, কিন্তু দিনে দিনে বৃদ্ধি প্রাপ্ত হওয়া খ্রীষ্ট সাদৃশ্যতার একটি জীবন। আমাদের আমেরিকায় একটি প্রবচন রয়েছে যেখানে বলা হয়েছে যত দীর্ঘ দিন এক জোড়া দম্পতি একসাথে বসবাস করবে ততই তারা দিনে দিনে দেখতে একই রকম হয়ে উঠবে। এটাই হল পরিত্রাণের লক্ষ্য!

সম্পূর্ণরূপে সাধিত (AORIST) কাজ হিসাবে পরিত্রাণ

- প্রেরিত ১৫:১১ পদ
- রোমীয় ৮:২৪ পদ
- ২ তীমথিয় ১:৯ পদ
- তীত ৩:৫ পদ
- রোমীয় ১৩:১১ পদ (AORIST সমন্বিত FUTURE ওরিয়েন্টেশনের সাথে)

অস্তিত্বের অবস্থা (PERFECT) হিসাবে পরিভ্রাণ

- ইফিযীয় ২:৫, ৮ পদ

চলমান প্রক্রিয়া (PRESENT) হিসাবে পরিভ্রাণ

- ১ করিছীয় ১:১৮; ১৫:২ পদ
- ২ করিছীয় ২:১৫ পদ
- ১ পিতর ৩:২১ পদ

ভবিষ্যতে সুসম্পন্ন হওয়া (প্রসঙ্গে অথবা VERB TENSE এ FUTURE) হিসাবে পরিভ্রাণ

- রোমীয় ৫:৯, ১০; ১০:৯, ১৩ পদ
- ১ করিছীয় ৩:১৫; ৫:৫ পদ
- ফিলিপীয় ১:২৮ পদ;
- ১ থিমলনীকীয় ৫:৮-৯ পদ
- ইব্রীয় ১:১৪; ৯:২৮ পদ
- ১ পিতর ১:৫, ৯ পদ

সেজন্য, পরিভ্রাণ আরম্ভ হয় প্রারম্ভিক বিশ্বাসের সিদ্ধান্ত দ্বারা (যোহন ১:১২; ৩:১৬; রোমীয় ১০:৯-১৩), কিন্তু অবশ্যই এটি জীবন পদ্ধতিগত বিশ্বাসের প্রক্রিয়ার বিষয় (রোমীয় ৮:২৯; গালা ৩:১৯; ইফি ১:৪; ২:১০), যেটি একদিন দৃষ্টিগোচরে সুসম্পন্ন হবে (১ যোহন ৩:২)। এই চূড়ান্ত অবস্থাকে বলা হয় মহিমান্বিত হওয়া। এটি এভাবে দৃষ্টান্ত দেওয়া যেতে পারে

১. প্রারম্ভিক মহিমান্বিত হওয়া – ধার্মিকতা (পাপের শাস্তি থেকে রক্ষা পাওয়া)
২. অগ্রসরমান পরিভ্রাণ – পবিত্রকরণ (পাপের শাস্তি থেকে রক্ষা পাওয়া)
৩. চূড়ান্ত পরিভ্রাণ – মহিমান্বিত হওয়া (পাপের উপস্থিতি থেকে রক্ষা পাওয়া)

NASB (আপডেটেড) টেক্সট: ১০:৫-১৩

কারণ মোশি লিখেছেন, যে লোক ব্যবস্থামূলক ধার্মিকতার অনুষ্ঠান করে সে তার দ্বারা জীবিত থাকবে।^৬ কিন্তু বিশ্বাসমূলক ধার্মিকতা এই রকম বলে: “মনে মনে বলো না, ‘কে স্বর্গে উঠবে?’ (অর্থাৎ, খ্রীষ্টকে নামিয়ে আনার জন্য),^৭ অথবা ‘কে মৃত্যুলোকে নামবে?’ (অর্থাৎ, মৃতদের মধ্য থেকে খ্রীষ্টকে উঠিয়ে আনার জন্য)।”^৮ কিন্তু এটা কি বলে? “সেই বার্তা তোমাদের নিকটবর্তী, তোমার মুখে ও তোমার হৃদয়ে আছে” – অর্থাৎ, বিশ্বাসের সেই বার্তা যা আমরা প্রচার করি,^৯ কারণ তুমি যদি মুখে যীশুকে প্রভু বলে স্বীকার কর, এবং হৃদয়ে বিশ্বাস কর যে ঈশ্বর তাঁকে মৃতদের মধ্য থেকে উত্থাপন করেছেন, তবে তুমি পরিভ্রাণ পাবে;^{১০} কারণ লোকে হৃদয়ে বিশ্বাস করে, ধার্মিকতার জন্য, এবং মুখে স্বীকার করে, পরিভ্রাণের জন্য।^{১১} কারণ শাস্ত্রে বলে, “যে কেউ তাঁর উপরে বিশ্বাস করে, সে হতাশ হবে না।”^{১২} কারণ যিহূদী ও গ্রীকে কোন পার্থক্য নেই; কারণ একই প্রভু সকলেরই একমাত্র প্রভু, যত লোক তাঁকে ডাকে সেই সকলের পক্ষে তিনি ধনবান;^{১৩} কারণ “যে কেহ প্রভুর নামে ডাকবে, সে পরিভ্রাণ পাবে।” (অনুবাদকৃত টেক্সট)।

১০:৫ এই পদ লেবীয় ১৮:৫ পদের একটি পরোক্ষ উক্তি। এর প্রতিজ্ঞা নিশ্চিত। যদি কেউ ব্যবস্থা মেনে চলে, সে ঈশ্বরের কাছে গ্রহণযোগ্য হবে (লুক ১০:২৮; গালা ৩:১২)। সমস্যা হল যে রোমীয় ৩:৯, ১০-১৮, ১৯, ২৩; ৫:১৮; ১১:৩২ পদ বাস্তবতা বলে। সকলেই পাপ করেছে। যে পাপ করে সে মরিবে (আদি ২:১৭; দ্বি বি ৩০:১৮; যিহি ১৮:৪, ২০)। এই পুরাতন নিয়মের পথ রুদ্ধ। এটি হয়েছে এখন মৃত্যু দণ্ড, অভিশাপ (৭:১০; গালা ৩:১৩; কল ২:১৪)।

১০:৬-৮ এটি হল সেপ্টুয়াজেন্টের (LXX) দ্বি বি ৩০:১১-১৪ পদের একটি পরোক্ষ উক্তি, যেটি পৌল তার নিজের উদ্দেশ্যে পরিবর্তন করেছেন। পাঠ্যাংশটি ব্যবস্থার বিষয় উল্লেখ করে মোশি বলেছিলেন (বিশেষত, প্রসঙ্গ নজর দিয়েছে ভালবাসা ও তৃষ্ণা হৃদয়ের উপরে, দ্বি বি ৩০:৬, ১৬, ২০), কিন্তু এখানে এটি প্রয়োগ হয়েছে যীশুর দেহধারন, মৃত্যু এবং পুনরুত্থানের প্রতি (৯ পদ; ইফি ৪:৯-১০)। পৌলের পয়েন্ট ছিল যে বিশ্বাসের মাধ্যমে মর্শীহ যীশুতে পরিভ্রাণ তাৎক্ষণিক ভাবে প্রাপ্য (দ্বি বি ৩০:১৫-২০)। এটি সহজ; এটি সুপ্রাপ্য; এটি সকলের জন্য, যেটি মোশির ব্যবস্থার নিয়ম থেকে সম্পূর্ণ ভিন্ন ছিল।

১০:৬ “কিন্তু বিশ্বাসমূলক ধার্মিকতা এই রকম বলে” পৌল পূর্বেই “পাপ,” “অনুগ্রহ,” এবং “শাস্ত্র”-কে ব্যক্তিরূপ দিয়েছিলেন, এখন তিনি “বিশ্বাস দ্বারা ধার্মিকতা লাভ”-কে ব্যক্তিরূপ দিচ্ছেন। এটি পুরাতন নিয়মের উদ্ধৃতি ৬, ৭ এবং ৮ পদে উল্লেখ করেছেন।

□ “হৃদয়” হৃদয় আত্ম প্রতিফলনের প্রতিরূপ হিসাবে উল্লেখিত। ১:২৪ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “উঠবে...নামবে” মানুষ খ্রীষ্টকে অন্বেষণ করতে যায় নাই; ঈশ্বর তাঁর পুত্রকে প্রকাশ্যে সকলের জন্য পাঠিয়েছেন। মানবের অন্বেষণ করার প্রয়োজন নেই।

১০:৮ “সেই বার্তা তোমাদের নিকটবর্তী” এটি দ্বি বি ৩০:১৪ পদের উদ্ধৃতি। দ্বি বি ৩০:১১ পদ এই গুরুত্ব দেয় YHWH -র ইচ্ছা তাঁর লোকদের, ইস্রায়েলীয়দের কাছে অর্জনযোগ্য ছিল (অর্থাৎ ১২-১৩ পদ)। পৌল এই প্যারাগ্রাফ (১১-১৪ পদ) ব্যবহার করেছেন সুসমাচারের তাৎক্ষণিক সুপ্রাপ্যতার উপরে গুরুত্ব দিতে!

১০:৯ “যদি” এটি একটি THIRD CLASS CONDITIONAL যার অর্থ সম্ভাব্য ভবিষ্যৎ কার্যক্রম। ৯ পদ বিশ্বাসের বার্তার আধার (hotii)।

□ “সুখে স্বীকার” এই সমন্বিত টার্ম, *homologeō*, হল আক্ষরিক ভাবে “বলা” এবং “একইরকম,” এবং অর্থ “প্রকাশ্যে সম্মত হওয়া” জোরে বলা যেন অন্যেরা শুনতে পারে। প্রকাশ্যে খ্রীষ্টের প্রতি বিশ্বাসের স্বীকারোক্তি খুব গুরুত্বপূর্ণ (মথি ১০:৩২; লুক ১২:৮; যোহন ৯:২২; ১২:৪২; ১ তীম ৬:১২; ১ যোহন ২:২৩; ৪:১৫)। প্রাথমিক মন্ডলীর প্রকাশ্য স্বীকারোক্তি ছিল বাস্তব। প্রার্থীকে একটি নিয়মে খ্রীষ্টের প্রতি তার বিশ্বাসকে স্বীকার করতে হতো “আমি যীশুকে প্রভু বলে বিশ্বাস করি।” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: স্বীকার করা

- ক. স্বীকার করা বা স্বীকারোক্তি অথবা প্রকাশ্যে ঘোষণার জন্য একই গ্রীক মূল থেকে দুটি রূপ ব্যবহৃত হয়েছে, *homologeō* এবং *exomologeō*। সমন্বয়কৃত টার্ম এসেছে *homo* থেকে, একই রকম; *legō*, বলা; এবং *ex*, বাহিরে। মূল অর্থ হল একই বিষয় বলা, একমত হওয়া। *ex* যুক্ত হয়েছে প্রকাশ্যে ঘোষণার ধারণায়।
- খ. এই শব্দ গুচ্ছের ইংরাজি অনুবাদ হল
১. প্রশংসা
 ২. একমত
 ৩. ঘোষণা (মথি ৭:২৩)
 ৪. প্রকাশ্যে স্বীকার
 ৫. স্বীকারোক্তি
- গ. এই শব্দ গুচ্ছের দৃশ্যত দুটি বিপরীত ব্যবহার ছিল
১. প্রশংসা করা (ঈশ্বর)
 ২. পাপ স্বীকার করা
এগুলি হতে পারে ঈশ্বরের পবিত্রতার এবং এর নিজের পাপময়তা বিষয়ে মানবিক অর্থে বিকশিত হয়েছে। একটি সত্যকে স্বীকার করা হল উভয়কেই স্বীকার করা।
- ঘ. নূতন নিয়ম এই শব্দ গুচ্ছকে ব্যবহার করেছে
১. প্রতিজ্ঞা করা (মথি ১৪:৭; প্রেরিত ৭:১৭)
 ২. কোন বিষয়ে একমত হওয়া বা সম্মতি দান (যোহন ১:২০; লুক ২২:৬; প্রেরিত ২৪:১৪; ইব্রীয় ১১:১৩)।
 ৩. প্রশংসা করা (মথি ১১:২৫; লুক ১০:২১; রোমীয় ১৪:১১; ১৫:৯)
 ৪. একমত হওয়া
 - ক. একজন ব্যক্তি (মথি ১০:৩২; লুক ১২:৮; যোহন ৯:২২; ১২:৪২; রোমীয় ১০:৯; ফিলি ২:১১; ১ যোহন ২:২৩; প্রকা ৩:৫)
 - খ. একটি সত্য (প্রেরিত ২৩:৮; ২ করি ১১:১৩; ১ যোহন ৪:২)
 ৫. জন-সমক্ষে ঘোষণা করা (বৈধ অর্থ ধর্মীয় নিশ্চয়তায় উন্নত হয়েছে, প্রেরিত ২৪:১৪; ১ তীম ৬:১৩)
 - ক. দোষের প্রবেশাধিকার ছাড়া (১ তীম ৬:১২; ইব্রীয় ১০:২৩)
 - খ. দোষের অনুমতি সহ (মথি ৩:৬; প্রেরিত ১৯:১৮; ইব্রীয় ৪:১৪; যাকোব ৫:১৬; ১ যোহন ১:৯)



NASB

“যীশুকে প্রভু বলে”

NKJV

“প্রভু যীশু”

NRSV, TEV,

NJB “যীশুই প্রভু”

এটি ছিল প্রাথমিক মন্ডলীর প্রকাশ্যে বিশ্বাসের ঘোষণা ও বাস্তবের বিধির ধর্মতাত্ত্বিক বিষয়। “প্রভু” ব্যবহার যীশুর ঈশ্বরত্বকে নিশ্চিত করেছিল (যোয়েল ২:৩২; প্রেরিত ২:৩২-৩৩, ৩৬; ১০:৩৬; ১ করি ১২:৩; ২ করি ৪:৫; ফিলি ২:১১; কল ২:৬), অন্যদিকে প্রদত্ত নাম “যীশু” নিশ্চিত করতো তাঁর ঐতিহাসিক মানবিকতাকে (১ যোহন ৪:১-৩)। নিশ্চয়তা আরও কাজ করতো শিষ্যত্ব/খ্রীষ্টসাদৃশ্যতার আহবান হিসাবে।

“প্রভু” ব্যবহার রাব্বীদের YHWH এর সাথে *Adon* এর বিকল্প শব্দের সঙ্গে সম্পর্কযুক্ত ছিল যখন শাস্ত্র পাঠ করতো। বিশেষ বিষয় দেখুন: ৯:২৯ পদে ঈশ্বরের জন্য নাম। এটি নিশ্চিত হয়েছে ১৩ পদে যোয়েল ২:৩২ পদের উদ্ধৃতি দ্বারা। যীশুকে বেশ কয়েকটি শক্তিশালী উপাধি দেওয়া হয়েছিল।

১. যীশু হলেন মশীহ/খ্রীষ্ট – প্রেরিত ৫:৪২; ৯:২২; ১৭:৩; ১৮:৫, ২৮; ১ করি ১:২৩
২. ঈশ্বর পুত্র যীশু – মথি ৪:৩, ৬; প্রেরিত ৯:২০; ১৩:৩৩; রোমীয় ১:৪
৩. যীশু হলেন প্রভু – উপরে দেখুন।

বিশেষ বিষয়: সদাপ্রভুর নাম

এটি নূতন নিয়মে সাধারণ শব্দগুচ্ছ ছিল মণ্ডলীতে ত্রিভু ঈশ্বরের সক্রিয়তার ক্ষমতা ও ব্যক্তিগত উপস্থিতির জন্য। এটি কোন যাদুকরী সূত্র ছিল না, কিন্তু ঈশ্বরের বৈশিষ্ট্যের প্রতি বিনতি জানান।

প্রায়ই এই শব্দগুচ্ছ প্রভু হিসাবে যীশুকে উল্লেখ করতো (ফিলি ২:১১)

১. বাস্তব্বে ব্যক্তির যীশুতে তার বিশ্বাসের প্রকাশ্য ঘোষণা (রোমীয় ১০:৯-১৩; প্রেরিত ২:৩৮; ৮:১২, ১৬; ১০:৪৮; ১৯:৫; ২২:১৬; ১ করি ১:১৩, ১৫; যাকোব ২:৭)

২. ভূত তাড়াবার সময়ে (মথি ৭:২২; মার্ক ৯:৩৮; লুক ৯:৪৯; ১০:১৭; প্রেরিত ১৯:১৩)
৩. আরোগ্যদানের সময়ে (প্রেরিত ৩:৬, ১৬; ৪:১০; ৯:৩৪; যাকোব ৫:১৪)
৪. পরিচর্যা কাজের সময়ে (মথি ১০:৪২; ১৮:৫; লুক ৯:৪৮)
৫. মণ্ডলীতে শাসনের সময়ে (মথি ১৮:১৫-২০)
৬. পরজাতিদের কাছে প্রচারের সময়ে (লুক ২৪:৪৭; প্রেরিত ৯:১৫; ১৫:১৭; রোমীয় ১:৫)
৭. প্রার্থনায় (যোহন ১৪:১৩-১৪; ১৫:২, ১৬; ১৬:২৩; ১ করি ১:২)
৮. খ্রীষ্ট ধর্মকে উল্লেখ করার একটি উপায় (প্রেরিত ২৬:৯; ১ করি ১:১০; ২ তীম ২:১৯; যাকোব ২:৭; ১ পিতর ৪:১৪)

ঘোষক হিসাবে, পরিচর্যাকারী হিসাবে, সাহায্যকারী হিসাবে, আরোগ্যদানকারী হিসাবে, ভূত দূরকারী ইত্যাদি হিসাবে আমরা যাই করি না কেন আমরা এটা করি তাঁর চরিত্রে, তাঁর ক্ষমতায়, তাঁর সুযোগ-সুবিধায় – তাঁর নামে!

□ “হৃদয়ে বিশ্বাস কর” এই শব্দগুচ্ছ স্বীকারোক্তির সমান্তরাল, সেজন্য বিশ্বাস দিচ্ছে যমজ দিক। বাইবেল ভিত্তিক টার্ম “বিশ্বাস করা” (*pistis*, বিশেষ বিষয় দেখুন ৪:৩ এবং ৪:৫ পদে) অর্ন্তভুক্ত

১. ব্যক্তিগত নির্ভরতা (ইব্রীয়)
২. মেধাগত বিষয়বস্তু (গ্রীক)
৩. চলমান স্বেচ্ছাকৃত অঙ্গিকার (দি বি ৩০:২০)

“হৃদয়” টার্মটি পুরাতন নিয়মের সমগ্র ব্যক্তি অর্থে ব্যবহৃত হয়েছে। পৌল “মুখ” এবং “হৃদয়” এই প্রসঙ্গে উল্লেখ করেছেন কারণ ৮ পদে তার উদ্ধৃতি নেওয়া হয়েছে দি বি ৩০:১৪ পদ থেকে। এর অর্থ এই নয় যে একটি দৃঢ় ও সংক্ষিপ্ত নিয়ম প্রতিষ্ঠা করা যে ব্যক্তি উচ্চস্বরে প্রার্থনা করবে উদ্ধার পাবার জন্য।

□ “ঈশ্বর তাঁকে মৃতদের মধ্য থেকে উত্থাপন করেছেন” খ্রীষ্ট ধর্মের দাঁড়িয়ে থাকা অথবা পতিত হওয়া নির্ভর করে গুণ্য কবরের বাস্তবতার উপরে (৪:২৪; ৮:১১; ১ করি ১৫)। এটা ছিল প্রেরিত পুস্তকে প্রেরিতিক প্রচারের (*kerygma*, বিশেষ বিষয় দেখুন ১:২ পদে) কেন্দ্রিয় সত্য (অর্থাৎ, ২:৩১-৩২; ৩:১৫; ৪:১০; ৫:৩০; ১০:৪০; ১৩:৩০, ৩৭)।

পিতার পুত্রকে মৃতগণের মধ্যে থেকে উত্থিত করার হল যীশুর জীবন, শিক্ষা, এবং উৎসর্গ পিতার গ্রহণীয় হওয়ার প্রমাণ। নূতন নিয়ম বলতে চেষ্টা করেছে যে ত্রিত্বের তিন ব্যক্তিকে যীশুর পুনরুত্থানে অর্ন্তভুক্ত ছিলেন।

১. পিতা – প্রেরিত ২:২৪; ৩:১৫; ৪:১০; ৫:৩০; ১০:৪০; ১৩:৩০, ৩৩, ৩৪, ৩৭; ১৭:৩১; রোমীয় ৬:৪, ৯; ৮:১১; ১০:৯; ১ করি ৬:১৪; ২ করি ৪:১৪; গালা ১:১; ইফি ১:২০; কল ২:১২; ১ থিষ ১:১০
২. আত্মা – রোমীয় ৮:১১
৩. পুত্র – যোহন ২:১৯-২২; ১০:১৭-১৮

১০:১০ “ধার্মিকতার ফল” সকল বিশ্বাসী একদিন স্বর্গে যাবে ঈশ্বরের কেবলমাত্র সেটিই লক্ষ্য নয়, কিন্তু এখন খ্রীষ্ট সাদৃশ্য হওয়া! পূর্ব নির্ধারিত ভাগ্যের অন্য প্যাসেজ হল, ইফি ১:৩-৪, এই সত্যকে দৃঢ় ভাবে বলতে চেষ্টা করেছে ৪ পদে। বিশ্বাসীদের মনোনীত করা হয়েছে পবিত্র এবং নির্দোষ হবার জন্য! নির্বাচন কেবলমাত্র একটি মতবাদ নয়, কিন্তু এটি একটি জীবন পদ্ধতি (দি বি ৩০:১৫-২০)।

১০ পদ প্রতিফলিত করে মহান আদেশের দুটি গুরুত্ব (মথি ২৮:১৯-২০), পরিত্রাণ (শিষ্য কর) এবং ধার্মিকতা (আমি তোমাদের যা শিক্ষা দিয়েছি তার পালন করতে তাদের শিক্ষা দাও)। এই সকলই সমতা পাওয়া যায় ইফি ২:৮-৯ পদে (খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের অনুগ্রহের দ্বারা বিনামূল্যে পরিত্রাণ) এবং “ভাল কাজ” করার আহবান ইফি ২:১০ পদে। তাঁর নিজের প্রতিমূর্তির মানুষ সব সময়ই ঈশ্বরের আকাংখ্যা।

১০:১১ এটি যিশা ২৮:১৬ পদের একটি উদ্ধৃতি যার সঙ্গে পৌল যুক্ত করেছেন “যে কেউ” শব্দ। যিশাইয়তে এটি উল্লেখ করেছে মশীহ, ঈশ্বরের কোণের পাথরের উপরে বিশ্বাস (৯:৩২-৩৩)। যেভাবে রোমীয় ৯ অধ্যায় ঈশ্বরের সার্বভৌমত্বকে বিকশিত করেছে, ১০ অধ্যায় ব্যক্তির জন্য আবশ্যিক, খ্রীষ্টের প্রতি সাড়া দান বিকশিত করেছে। ৪ পদে সার্বজনীন দান “প্রত্যেকে”-এর মধ্যে দিয়ে স্পষ্টরূপে দেখা গিয়েছে এবং “যে কেউ” ১১, ১৩ পদে এবং “সকলে” ১২ পদে (দু’বার)! এটি হল ৯ অধ্যায়ের মনোনয়নের (পূর্ব নির্ধারিত ভাগ্য) ধর্মতাত্ত্বিক সমতার গুরুত্ব।

□ “তঁাহাতে বিশ্বাস করা” এটি একটি PRESENT ACTIVE PARTICIPLE সাথে PREPOSITION *epi* (৪:২৪; ৯:৩৩; ১ তীম ১:১৬)। বিশ্বাস করাটা কেবলমাত্র প্রারম্ভিক সাড়া প্রদান নয়, কিন্তু পরিত্রাণের জন্য একটি চলমান আবশ্যিকতা! এটি একমাত্র সঠিক ধর্মতত্ত্ব (সুসমাচারের সত্য) নয় যা উদ্ধার করে, কিন্তু ব্যক্তিগত সম্পর্ক (সুসমাচারের ব্যক্তি) যার ফলাফল ঈশ্বর ভক্তির জীবন পদ্ধতির (সুসমাচারের জীবন যাপন) সঙ্গে সম্পর্ক যুক্ত। সহজ বিশ্বাসবাদ থেকে সতর্ক থাকুন যেটি জীবন থেকে সত্যকে আলাদা করে, পবিত্রকরণ থেকে ধার্মিকতাকে। একটি বিশ্বাস যা রক্ষা করে তা হল এমন বিশ্বাস যা বাধ্য ও পরিবর্তন করে! অনন্ত জীবনের রয়েছে দৃশ্যমান বৈশিষ্ট্যসমূহ! বিশেষ বিষয় দেখুন: ৪:৫ পদে বিশ্বাস করা।

□

NASB, TEV “হতাশ হবে না”

NKJV, NRSV “লজ্জিত পড়বে না”

NJB “লজ্জিত হওয়ার কোন কারণ ঘটবে না”

যারা খ্রীষ্টে নির্ভর (“বিশ্বাস করে”) করে তারা ফিরে যাবে না। এটি যিশা ২৮:২৬ পদের উদ্ধৃতি, যেটি ছিল পৌলের মূল পদ ৯:৩৩ পদ উপস্থাপনে।

১০:১২ “কারণ যিহূদী ও গ্রীকে কোন পার্থক্য নাই” এটাই হল নূতন নিয়মের বা চুক্তির প্রধান চালিকা শক্তি (রোমীয় ৩:২২, ২৯; গালা ৩:২৮; ইফি ২:১১-৩:১৩; কল ৩:১১)। একজন ঈশ্বর তাঁর নিজের কাজের মধ্যে দিয়ে তাঁর হারান সৃষ্টিকে পুনরুদ্ধার করছেন। তিনি চান সকল মানুষ যারা তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট তারা তাঁর কাছে আসুক ও তাঁর মত হোক! সকলেই যেন তাঁর কাছে আসতে পারে!

সুসমাচারের সার্বজনীন প্রকৃতি (“সকলে” শব্দটি ১২ পদে দুবার ব্যবহৃত হয়েছে) দুটি উপায়ে কাটে।

১. যিহূদী ও পরজাতিয়তে কোন পার্থক্য নেই; সকলেই হারিয়ে গেছে (৩:৯, ১৯, ২২-২৩; ১১:৩২)
২. যিহূদী ও পরজাতিয়তে কোন পার্থক্য নেই; সকলেই উদ্ধার পেতে পারে

সুসমাচার মানবিক সকল বাঁধাকে অপসারণ করেছে (যোয়েল ২:২৮-২৯; ১ করি ১২:১৩; গালা ৩:২৮; কল ৩:১১), অন্তত পক্ষে পরিব্রাণের ক্ষেত্রে।

□ “সকলের পক্ষে তিনি ধনবান” যখন পৌল খ্রীষ্টে ঈশ্বরের অনুগ্রহের কথা চিন্তা করেছেন, তখন তিনি “ধনবান” শব্দটি প্রায়ই ব্যবহার করেছেন (২:৪; ৯:২৩; ১১:১২ [দু’বার], ৩৩; ১ করি ১:৫; ২ করি ৮:৯; ইফি ১:১৭, ১৮; ২:৭; ৩:৮, ১৬; ফিলি ৪:১৯; কল ১:২৭; ২:২)।

১০:১৩ পৌলের ব্যবহৃত যোয়েল ২:৩২ পদ থেকে নেওয়া এই বিখ্যাত উদ্ধৃতির দুটি নূতন গুরুত্ব রয়েছে

১. যোয়েলের YHWH এর নামটি ব্যবহৃত হয়েছে, রোমীয়তে পৌলের এবং পিতরের প্রেরিত ২:২১ পদে বিকল্প হিসাবে যীশুর নাম (আরও দেখুন যোহন ১২:৪১ এবং যিশা ৬:৯-১০; ফিলি ২:৯ এবং যিশা ৪৫:২২-২৫; রোমীয় ৯:২৩ এবং যিশা ৮:১৩-১৪ পদে)
২. যোয়েলে “উদ্ধার পাওয়া” দৈহিক মুক্তির ইঙ্গিত দেয়, রোমীয়তে এটি উল্লেখ করে আত্মিক ক্ষমা এবং অনন্তকালীন পরিব্রাণ। “তাঁহার নামে ডাকিয়া” পুরাতন নিয়মের এই ধারণা ইঙ্গিত দেয় আরাধনায় বিশ্বাসের প্রকাশ্য স্বীকারোক্তি করা। এই একই ধারণা দেখা যায় প্রেরিত ৭:৫৯; ৯:১৪, ২১; ২২:১৬; ১ করি ১:২; ২ তীম ২:২২। বিশেষ বিষয় দেখুন: ১:৬ পদে আহবান।

NASB (আপডেটেড) টেক্সট: ১০:১৪-১৫

^{১৪} তাহলে তারা যাকে বিশ্বাস করেনি কেমন করে তাঁকে ডাকবে? আর যাঁর কথা শোনেনি কেমন করে তাঁতে বিশ্বাস করবে? আর প্রচারক না থাকলে কেমন করে শুনবে? ^{১৫} আর প্রেরিত না হলে কেমন করে প্রচার করবে? যেমন লেখা আছে, “যারা মঙ্গলের সুসমাচার প্রচার করে তাদের চরণ কেমন শোভা পায়!” (অনুবাদকৃত টেক্সট)।

১০:১৪-১৫ পুরাতন নিয়মের উদ্ধৃতির পরে সেখানে ধারাবাহিক প্রশ্ন রয়েছে যেটি এই বিষয় উল্লেখ করে যে ইস্রায়েল কখনোই YHWH এর বার্তায় বা বার্তাবাহকদের (নহি ৯; প্রেরিত ৭) কথায় সাড়া প্রদান করে নাই। ঈশ্বর বার্তাবাহক (ভাববাদী, প্রেরিত, প্রচারক, শিক্ষক, সুসমাচার প্রচারক) পাঠিয়েছেন। এই বার্তাবাহকেরা হল আকাংখী জগতের প্রতি ঈশ্বরের আশীর্বাদ। যেহেতু ঈশ্বর অনুগ্রহ করে সুসমাচারের বার্তাবাহক পাঠিয়েছেন তখন তাদের বার্তায় শ্রোতাদের অবশ্যই সঠিক ভাবে সাড়া প্রদান আবশ্যিক। যিশা ৫২:৭ পদ উদ্ধৃতি দ্বারা পৌল এই চিন্তাকে নিশ্চিত করেছেন। সুসমাচার প্রচারকদের উল্লেখ করতে পৌল পুরাতন নিয়মের এই পদের বিকাশ ঘটিয়েছেন।

উদ্ধারকারী বিশ্বাসের কয়েকটি উপাদান রয়েছে: (১) একটি বার্তা যা বিশ্বাস করতে হবে; (২) একজন ব্যক্তিকে তা গ্রহণ করতে হবে; (৩) প্রারম্ভিক ও অবিরত মন পরিবর্তন ও বিশ্বাসে সাড়া প্রদান; (৪) একটি বাধ্যতার জীবন; এবং (৫) ধৈর্যধারণ (১:৫ পদের নোট দেখুন)।

১০:১৫ এটি যিশা ৫২:৭০ পদের এই উদ্ধৃতি। এটি রোমীয় পত্রের মহান আদেশ। সুসমাচার শ্রবণ ও সুসমাচার গ্রহণের দ্বারা পরিব্রাণ আসে। প্রচারক পাঠান হয় যেন “সকলে” রক্ষা পেতে পারে!

কিছু প্রাচীন গ্রীক টেক্সট (অর্থাৎ, MSS κ^2 , D, F, G, এবং অনেক সংস্করণ) LXX থেকে যিশা ৫২:৭ পদের শব্দগুচ্ছ যুক্ত করেছে। UBS⁴ একে সংক্ষিপ্ত টেক্সট ও “A” রেটিং (নিশ্চিত) দিয়েছে।

□

NASB, NKJV,

NRSV, NJB “তাদের চরণ কেমন শোভা পায়”

TEV

“আগমন কেমন চমৎকার”

NET

“আগমন কেমন সময়মত হয়েছে”

NET footnote

“সঠিক অথবা উপযুক্ত সময়ে আগমন”

“শোভা” টার্মটি রূপকার্থে ব্যবহৃত হয়েছে। এখানে এটি উল্লেখ করেছে “সময়”, দেখতে কেমন তা নয়।

NASB (আপডেটেড) টেক্সট: ১০:১৬-১৭

^{১৬} যাহোক, তারা সকলে সুসমাচারে কান দেয় নাই; কারণ যিশাইয় বলেন, “হে প্রভু, আমরা যা শুনেছি, তা কে বিশ্বাস করেছে?” ^{১৭} অতএব বিশ্বাস শ্রবনের মধ্যে দিয়ে আসে, এবং শ্রবণ খ্রীষ্টের বাক্য দ্বারা হয়। (অনুবাদকৃত টেক্সট)।

১০:১৬ আবার পৌল ভাববাদীমূলক মন্তব্য ব্যবহার করেছেন, যেটি মূলত ইস্রায়েলের কাছে YHWH এর বার্তার উল্লেখ করেছে, মশীহ যীশুর সুসমাচার উল্লেখ করতে। যেহেতু পুরাতন নিয়মের যিহূদীরা ঈশ্বরের বার্তা প্রত্যাখ্যান করেছে, সেজন্য পৌলের সময়ের যিহূদীরাও তা প্রত্যাখ্যান করেছে। এটি যিশা ৫৩:১ পদের একটি উদ্ধৃতি কিন্তু এটি আরও ধর্মতত্ত্বগত ভাবে ইস্রায়েলের যিশা ৬:৯-১৩ পদে ঈশ্বরের বার্তার প্রত্যাখ্যানের সঙ্গে সম্পর্ক যুক্ত।

১০:১৭ সুসমাচার হল প্রথমে একটি বার্তা (গালা ৩:২)। কিন্তু বার্তাটির ঘোষণা একটি ব্যক্তিগত শব্দে পরিণত হয়েছে, “খ্রীষ্টের বাক্য গৃহিত” (কল ৩:১৫-১৬)।

□ “খ্রীষ্টের বাক্য” প্রসঙ্গে কারণে এটি অবশ্যই উল্লেখ করছে খ্রীষ্টের সম্বন্ধে বার্তা যা প্রচারিত হয়েছে। সুসমাচার প্রচার করা হয় ঈশ্বরের উপায় জগতের কাছে তাঁর দানকে তুলে ধরার।

এই জায়গায় একটি পুরাতন গ্রীক পাণ্ডুলিপির পার্থক্য রয়েছে।

১. MSS P⁴⁶, N*, B, C, D* আছে “খ্রীষ্টের বাক্য”

২. MSS N^c, A, D^c, K, P আছে “ঈশ্বরের বাক্য”

প্রথমটি সবচেয়ে অস্বাভাবিক (কল ৩:১৬) এবং সেজন্য, সম্ভবত আসল (এটি হল একটি টেক্সটচুয়াল সমালোচনার মূল দখলকারী)। UBS⁴ একে “A” রেটিং (নির্দিষ্ট) দিয়েছে। নূতন নিয়মে এটি কেবলমাত্র অন্য জায়গা যেখানে এটি দেখা যায়। দ্বিতীয়টি “ঈশ্বরের বাক্য,” বেশ কয়েকবার দেখা যায় (লুক ৩:২; যোহন ৩:৩৪; ইফি ৬:১৭; ইব্রীয় ৬:৫ এবং ১১:৩)।

NASB (আপডেটেড) টেক্সট: ১০:১৮-২১

“কিন্তু আমি বলি, নিশ্চয়ই তারা কখনো শোনেনি, সত্যিই কি? অবশ্যই শুনেছে; “তাদের কণ্ঠ সমস্ত জগতে ব্যাপ্ত হল, তাদের বাক্য জগতের সীমা পর্যন্ত।”^{১৮} “কিন্তু আমি বলি, নিশ্চয়ই ইস্রায়েল জানতে পারে নাই, সত্যিই কি? প্রথমে মোশি বলেন, “আমি ন-জাতি দ্বারা তোমাদের ঈর্ষা জন্মাব, অবোধ জাতি দ্বারা তোমাদেরকে ক্রুদ্ধ করবো।”^{১৯} আর যিশাইয় অনেক সাহস করে বলেন, “যারা আমার অন্বেষণ করেনি, তারা আমাকে পেয়েছে, যারা আমার কাছে জিজ্ঞাসা করেনি, তাদের দর্শন দিয়েছি।”^{২০} কিন্তু ইস্রায়েলের জন্য তিনি বলেন, “আমি সমস্ত দিন অবাধ্য ও প্রতিকূলবাদী লোকদের প্রতি হাত বাড়িয়ে ছিলাম।” (অনুবাদকৃত টেক্সট)।

১০:১৮ এই পদ বলতে চেষ্টা করেছে যে বেশীর ভাগ যিহূদী বার্তা শুনেছে এবং সেজন্য এটি প্রত্যাখানের জন্য তারা দায়ী (একটি দৃঢ় DOUBLE NEGATIVE গ্রীক শব্দগুচ্ছ; প্রশ্ন আশা করে একটি “না” উত্তর)। সমস্যাটি অজ্ঞতার ছিল না, কিন্তু ইচ্ছাকৃত ভাবে অবিশ্বাস করা!

পৌল গীত ১৯:৪ পদ উদ্ধৃত করেছেন। গীতের ১-৬ পদে উল্লেখ রয়েছে স্বাভাবিক প্রকাশের, যেটি হল ঈশ্বর সৃষ্টির মধ্যে দিয়ে কথা বলছেন (রোমীয় ১-২)। পৌল পরিবর্তন করেছেন

১. সার্বজনীন সাক্ষী (“সমগ্র জগতের কাছে” এবং “জগতের প্রাপ্ত পর্যন্ত”)

২. বার্তা স্থানান্তরের উপায় সৃষ্টির নিরব স্বর থেকে সুসমাচার প্রচারদের কথায় প্রেরিত, ভাববাদী, সুসমাচার প্রচারক, পালক এবং শিক্ষক, ইফি ৪:১১), যেটি বিশেষ প্রকাশের উল্লেখ করেছে (গীত ১৯:৮-১৪)।

প্রধান চিন্তা হল যে পৌলের সময়ে জানা পৃথিবীর (গ্রীক-রোমীয় জগত) সর্বত্র সুসমাচারের বার্তা পৌঁছে গিয়েছিল। পৌল রাকিয়ানিক শাস্ত্র ব্যাখ্যা ব্যবহার করেছেন; তিনি তার ধর্মতাত্ত্বিক, বিতর্কমূলক উদ্দেশ্যের জন্য পুরাতন নিয়মের মূল প্রসঙ্গকে পরিবর্তন করেছিলেন। এটি অবশ্যই আরও পরিষ্কার করে বলতে হয় যে পৌল পুরাতন নিয়ম ব্যবহার করেছেন, যেভাবে অন্য প্রেরিতেরা করেছেন, পবিত্র আত্মা দ্বারা অনন্যভাবে পরিচালিত হয়েছিলেন (২ পিতর ১:২০-২১)। আজকের বিশ্বাসীরা, আত্মার আলোর অধীনে, নূতন নিয়মের লেখকদের ব্যাখ্যামূলক পদ্ধতি পুনরায় উৎপাদন করতে পারেন না।

বিশেষ বিষয়: আলোকিত করা

“ঈশ্বর অতীতে কাজ করেছেন যা স্পষ্টভাবে তাঁকে মানুষের কাছে প্রকাশ করেছে। ধর্মতত্ত্বে একে বলা হয় প্রকাশিত হওয়া। তিনি নির্দিষ্ট মানুষকে মনোনীত করেছেন এই আত্ম-প্রকাশকে লিপিবদ্ধ ও ব্যাখ্যা করার জন্য। ধর্মতত্ত্বে একে বলা হয় অনুপ্রেরণা বা অনুপ্রাণিত করা। তিনি তাঁর আত্মাকে পাঠিয়েছেন পাঠকদের তাঁর বাক্য বুঝতে সাহায্য করতে। ধর্মতত্ত্বে একে বলা হয় আলোকিত করা। সমস্যা ওঠে যখন আমরা বলতে চেষ্টা করি যে আত্মা অর্ন্তভুক্ত ঈশ্বরের বাক্য বোঝাবার জন্য – তাহলে কেন এই বাক্যের এত অনুবাদ?

এই সমস্যার আংশিক নিহিত রয়েছে পাঠকদের পূর্ব-উপলব্ধি অথবা ব্যক্তিগত অভিজ্ঞতা। প্রায়ই একটি ব্যক্তিগত সূচী বলা হয়ে থাকে বাইবেল ব্যবহারে proof-text বা ভিন্ন ভিন্ন বিষয়ের সমন্বয় দ্বারা। প্রায়ই একটি ধর্মতাত্ত্বিক জাল বাইবেলের উপরে বিছিয়ে বলা হয় এটি কেবলমাত্র কোন নির্দিষ্ট ক্ষেত্রে এবং এর নির্বাচিত উপায়ে কথা বলবে। আলোকিত করণ সহজভাবে অনুপ্রেরণার সাথে সমান হতে পারে না যদিও পবিত্র আত্মা প্রত্যেকেটিতে অর্ন্তভুক্ত।

সবচেয়ে ভাল উপায় হতে পারে বলতে চেষ্টা করা একটি প্যারাফ্রাসের মূল ধারণা, টেক্সটের প্রতিটি বিষয় বিশদ ভাবে ব্যাখ্যা করা নয়। এটি হল বিষয় ভিত্তিক চিন্তা যেটি মূল লেখকের কেন্দ্রীয় সত্যকে প্রকাশ করে। পুস্তকের রূপরেখা বা সাহিত্যের একক ব্যক্তিকে সাহায্য করে মূল অনুপ্রাণিত লেখকের উদ্দেশ্যকে অনুসরণ করতে। কোন অনুবাদকই অনুপ্রাণিত নয়। আমরা বাইবেলের লেখকদের ব্যাখ্যার পদ্ধতি পুনরায় উৎপাদন করতে পারি না। আমরা যা পারি এবং অবশ্যই তা বুঝতে চেষ্টা করা দরকার তাদের সময়ে তারা কি বলেছেন এবং তারপর সেই সত্যকে আমাদের সময়ে প্রকাশ করা। বাইবেলে অংশ রয়েছে যা অজ্ঞাত বা লুক্কায়িত (একটি নির্দিষ্ট সময় বা কাল পর্যন্ত)। কোন কোন টেক্সট ও বিষয়ে সব সময়ই কিছু অনৈক্য রয়েছে কিন্তু আমাদের অবশ্যই স্পষ্টভাবে বলতে হবে মূল সত্য এবং ব্যক্তিকে স্বাধীনতা দিতে হবে অনুবাদের জন্য মূল লেখকদের উদ্দেশ্যের সীমারেখার মধ্যে। অনুবাদকদের অবশ্যই তারা যে আলো পেয়েছে সেই আলোতে চলতে হবে, সবসময়ই বাইবেল এবং আত্মার কাছ থেকে আরও আলোর জন্য নিজের উন্মুক্ত রাখতে হবে। ঈশ্বর আমাদের উপলব্ধির স্তর এবং কিভাবে এই উপলব্ধির মাধ্যমে আমরা জীবন যাপন করি তার উপরে ভিত্তি করে বিচার করবেন।

১০:১৯-২০ যিহূদীরা বার্তা শুনেছিল (১৮ ও ১৯ পদের প্রশ্ন যা প্রত্যাশা করে “না” উত্তর), এমনকি মোশির কাছ থেকে। যিহূদীরা শুনেছিল এবং বুঝতে সক্ষম হয়েছিল অনন্য বিশ্বাসের বার্তা সকল কিছু ঈশ্বরের কাছে সঠিক হবে। এই পদগুলিতে, ঈশ্বর তাঁর নিয়মের লোকদের বলছেন পরজাতিদের অর্ন্তভুক্ত

সম্বন্ধে। এটি করা হয়েছে ১৯ পদে দ্বি বি ৩২:২১ পদের উদ্ধৃতি এবং ২০-২১ পদে যিশা ৬৫:১-২ পদের উদ্ধৃতি দ্বারা। এই হতবাক করা পরজাতিদের অন্তর্ভুক্তি অর্থ ছিল যিহুদীদের বিশ্বাসে উত্তেজিত (ঈর্ষার মাধ্যমে) করা (১১:১১, ১৪)।

১০:২১ এই মন্তব্য সেপ্টুয়াজিণ্টের যিশা ৬৫:২ পদের উদ্ধৃতি লোকদের YHWH কে প্রত্যাখ্যানের বিষয়ে (যিশা ৬৫:১-৭)। ঈশ্বর বিশ্বস্ত থেকেছেন; ইস্রায়েলীয়রা অশ্বস্ত থেকেছে। তাদের অশ্বস্ততা অতীতে জাতিকে সাময়িক বিচারের দিকে পরিচালিত করেছে সেই সঙ্গে ব্যক্তিকেও, কিন্তু তাদের খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে ঈশ্বরের ধার্মিকতা প্রত্যাখ্যান অনন্তকালীন বিচারের দিকে পরিচালিত করেছে!

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেষ্কারী, চূড়ান্ত নয়।

১. যদি ঈশ্বরের মনোনয়ন এত গুরুত্বপূর্ণ হয় তবে কেন পৌল ১:১ পদে ইস্রায়েলীয়দের জন্য প্রার্থনা করছেন? কেন ১০:৯-১৩ পদ এত জোর দিয়ে বলছে মানুষের সাড়া প্রদানের আবশ্যিকতা?
২. ৪ পদের অর্থ কি? “খ্রীষ্ট কি ব্যবস্থার শেষ করেছেন?”
৩. ১০:৯-১০ পদে বিশ্বাসের সঙ্গে জড়িত উপাদানসমূহের তালিকা করুন।
৪. পুরাতন নিয়ম থেকে কেন পৌল প্রায়ই উদ্ধৃতি দিয়েছেন? কিভাবে এটি রোমের মণ্ডলীর মুখ্যত পরজাতিদের সঙ্গে সম্পর্কযুক্ত?
৫. কিভাবে ১১-১৩ পদ ৯ অধ্যায়ের সঙ্গে সম্পর্কযুক্ত?
৬. কিভাবে ১৪-১৫ পদ বিশ্বব্যাপি মিশন কাজের সঙ্গে সম্পর্ক যুক্ত?
৭. ১০ অধ্যায় দেখিয়েছে মানুষের পরিত্রাণে মানুষের স্বাধীন ইচ্ছা একটি অংশ হয়েছে?

রোমীয় ১১

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
ইশ্রায়েলের অবশিষ্টাংশ	ইশ্রায়েলীয়দের প্রত্যাখ্যান সম্পূর্ণ নয়	ইশ্রায়েলীয়দের প্রত্যাখ্যান চূড়ান্ত নয়	ইশ্রায়েলের প্রতি ঈশ্বরের দয়া	ইশ্রায়েলের অবশিষ্টাংশ
১১:১-১০	১১:১-১০	১১:১-১০	১১:১-৬ ১১:৭-১০	১১:১-৬ ১১:৭-১০
পরজাতিদের পরিভ্রাণ	ইশ্রায়েলীয়দের প্রত্যাখ্যান চূড়ান্ত নয়			ভবিষ্যতে যিহুদীদের পুনরুদ্ধার হবে
১১:১১-১২	১১:১১-৩৬	১১:১১-১২	১১:১১-১২	১১:১১-১২
১১:১৩-১৬		১১:১৩-১৬	১১:১৩-১৫	১১:১৩-১৫
১১:১৭-২৪		১১:১৭-২৪	১১:১৬-১৮ ১১:১৯-২৪	যিহুদীরা এখনও মনোনীত লোক ১১:১৬-২৪
ইশ্রায়েলের পুনরুদ্ধার		সকল ইশ্রায়েল রক্ষা পাবে	ঈশ্বরের দয়া সকলের উপরে	যিহুদীদের ধর্মান্তর
১১:২৫-৩২		১১:২৫-৩২	১১:২৫-৩২	১১:২৫-২৯ ১১:৩০-৩২
১১:৩৩-৩৬		১১:৩৩-৩৬	ঈশ্বরের প্রশংসা ১১:৩৩-৩৬	ঈশ্বরের দয়া ও প্রজ্ঞার গীত ১১:৩৩-৩৬

পাঠ চক্র তিন (দেখুন p. viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ

২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. ১১ অধ্যায়ে নির্বাচন এবং সুসমাচারের মধ্যকার আপাতবিরোধী সম্পর্ক চলমান রয়েছে। পুরাতন নিয়মে নির্বাচন ছিল সেবা করার জন্য, যদিও নতুন নিয়মের নির্বাচন ছিল পরিদ্রাণের জন্য (আপনার কর্নকডেস দেখুন!)। এই অর্থে বিশ্বাসীদের বলা হয়েছে ঈশ্বরের পরিবার (নতুন নিয়ম) এবং সেবক (পুরাতন নিয়ম) উভয়ই। নির্বাচন প্রক্রিয়া হল উভয় ভাবে যৌথ এবং ব্যক্তিগত, ইতিবাচক এবং নেতিবাচক (যাকোব/ইশ্রায়েল-ঐষো/ইদোম; মোশী/ফৌরণ)। চূড়ান্তভাবে এই উত্তেজনা শুধুমাত্র ঈশ্বরের সার্বভৌমত্ব এবং মানুষের স্বাধীন চিন্তার মধ্যে নয়, কিন্তু ঈশ্বর চরিত্রের। ৯-১১ অধ্যায়ে বার বার জোর দিয়েছে ঈশ্বরের অনুগ্রহ এবং পতিত মানবজাতির বিদ্রোহের উপর। ঈশ্বর বিশ্বস্ত, মানুষ হল বিশ্বাসহীন।
- নির্বাচন কাউকে বাদ দেবার মতবাদ নয়, কিন্তু একটি ভিত্তির বিশ্বাস, নিরাপত্তা এবং আস্থা তাদের জন্য যারা সাড়া দিয়েছে (১) প্রতিজ্ঞায় এবং (২) চুক্তিকারী ঈশ্বরের পুত্রে।
- খ. ৯ অধ্যায়ে পৌল বলতে চেষ্টা করেছেন ঈশ্বরের সার্বভৌমত্ব এবং স্বাধীনতার। এমনকি একটি চুক্তির সম্পর্কে, ঈশ্বর হলেন স্বাধীন। ১০ অধ্যায়ে পৌল বলতে চেষ্টা করেছেন যে যিহুদীরা স্বাধীন ছিল ঈশ্বরের প্রতিজ্ঞা এবং চুক্তি গ্রহণ বা বর্জন করতে। যেহেতু তারা অবিশ্বাসী বলে প্রমাণিত এবং ঈশ্বরের প্রতিজ্ঞা এবং চুক্তি বর্জন করেছে, তারা ছিলেন, এক অর্থে ঈশ্বরের দ্বারা প্রত্যাখ্যাত। যাহোক, ১১ অধ্যায়ে পৌল নিশ্চিত করেছেন ঈশ্বরের বিশ্বস্ততা, এমনি ইশ্রায়েলীয়দের অবিশ্বস্ততার সামনে (দ্বি.বি. ৮)।
- গ. অতীতে, এমনকি বর্তমানেও, একটি যিহুদী অবশিষ্টাংশ ঈশ্বরের মশীহে বিশ্বাস ও অনুশীলন করে। পৌল নিজেই ছিলেন এর একটি উদাহরণ। কিছু অবিশ্বাসী যিহুদীদের প্রত্যাখ্যান সুযোগ করে দিয়েছিল বিশ্বাসী পরজাতীয়দের অন্তর্ভুক্ত হতে। পরজাতীয়দের অন্তর্ভুক্তির ফলাফল হতো (১) ঈশ্বরের লোকদের পূর্ণতা বা (২) ঈশ্বরের বাছাইকৃতদের পূর্ণ সংখ্যা, যিহুদী এবং পরজাতী উভয়েই। এই পরজাতীয়দের অন্তর্ভুক্তি ইশ্রায়েলীয়দের প্রেরণা দেবে ঈশ্বরের মশীহ, যীশুতে বিশ্বাস করতে।
- ঘ. ৯ এবং ১০ অধ্যায়ের মত, পৌল কয়েকটি পুরাতন নিয়মের উক্তি ব্যবহার করেছেন ১১ অধ্যায়ে।
১. ৩ পদ – ১ রাজা ১৯:১৪
 ২. ৪ পদ – ১ রাজা. ১৯:১৮
 ৩. ৮ পদ – যিশা. ২৯:১০ এবং দ্বি.বি. ২৯:৪
 ৪. ৯ পদ – গীত ৬৯:২২
 ৫. ১০ পদ – গীত ৬৯:২৩
 ৬. ২৬ পদ – যিশা. ৫৯:২০-২১
 ৭. ২৭ পদ – যিশা. ২৭:৯
 ৮. ৩৪ পদ – যিশা. ৪০:১৩-১৪
 ৯. ৩৫ পদ – ইয়োব ৩৭:৭; ৪১:১১

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১১:১-৬

^১ তবে আমি বলি, ঈশ্বর তাঁর লোকদের ত্যাগ করেন নাই, করেছেন কি? এমন যেন কখনো না হয়! কারণ আমিও ত একজন ইশ্রায়েলীয়, আব্রাহামের বংশজাত, বিন্যামীনের গোষ্ঠির। ^২ ঈশ্বর নিজের লোকদের ত্যাগ করেন নাই যাদেরকে তিনি আগে জানতেন। অথবা তোমরা কি জান না শাস্ত্র এলিয়র ইতিহাস সম্বন্ধে কি বলে, কিভাবে তিনি ইশ্রায়েলের বিপক্ষে ঈশ্বরের কাছে অনুরোধ করেছিলেন? ^৩ “প্রভু, তারা তোমার ভাববাদীদের বধ করেছে, তোমার যজ্ঞ বেদিগুলি উৎপাটন করেছে, আর আমি একাই অবশিষ্ট আছি, আর তারা আমার প্রাণ নিতে চেষ্টা করছে।” ^৪ কিন্তু ঐশ্বরীক বাণী তাকে কি বলে? “আমার জন্য আমি বাল দেবের সামনে হাঁটু পাতে নাই এমন সাত হাজার লোককে অবশিষ্ট রেখেছি।” ^৫ একই ভাবে, এই বর্তমান সময়েও ঈশ্বরের অনুগ্রহের মনোনয়ন অনুসারে অবশিষ্ট এক অংশ রয়েছে। ^৬ কিন্তু যদি এটা অনুগ্রহে হয়ে থাকে, তবে কাজের জন্য হয়নি; অন্যথায় অনুগ্রহ আর অনুগ্রহই থাকে না। (অনুবাদকৃত টেক্সট)।

১১:১ “ঈশ্বর তাঁর লোকদের ত্যাগ করেন নাই, করেছেন কি” এই প্রশ্নটি আশা করে “না” উত্তর। পৌল এই প্রশ্নের উত্তর দিয়েছেন ১৭-১০ পদে। এই অংশটি অবশ্যই পৌলের পূর্বের বির্তকের সাথে সম্পর্কিত। ৯-১১ অধ্যায় গঠন করে একটি সাহিত্য একক, একটি টেকসই যুক্তি।

এই “প্রত্যাখ্যান” (AORIST MIDDLE [deponent] INDICATIVE) অনুবাদকৃত শব্দটি মূলত বোঝায় “অস্বীকার করা” বা “ছাড়িয়া দেওয়া”। এটি ব্যবহার করা হয়েছে

১. প্রেরিত ৭:৩৯ পদ – ইশ্রায়েল জাতি প্রান্তরে মেশীর নেতৃত্ব প্রত্যাখান করেছে
২. প্রেরিত ১৩:৪৬ পদ – পিষিদিয়ার আন্তিয়খিয়ায় সমাজগৃহের যিহুদীরা পৌলের সুসমাচার প্রচারকে প্রত্যাখান করেছে
৩. ১ তীম ১:১৯ পদ – ইফিষের মন্ডলীর কিছু সদস্যদের প্রত্যাখান এবং তাদের বিশ্বাসের ভরাডুবি (অর্থাৎ, হুমিনায় এবং আলেকজান্ডার)

YHWH ইশ্রায়েলীদের ফেলে দেন নাই! ইশ্রায়েলীরা YHWH কে ছেড়ে দিয়েছিল তাদের ক্রমাগত অবাধ্যতা, মূর্তিপূজা এবং এখন আত্ম ধার্মিকতার বৈধতা দ্বারা।

এটা লক্ষ্য করা চিত্তাকর্ষক যে আদি গ্রীক papyrus পাণ্ডুলিপি P⁴⁶ এবং uncials F and G, -তে আছে “লোক”-এর বদলে “উত্তরাধিকার,” যেটি মনে হয় এসেছে LXX এর গীত ৯৪:১৪ পদ থেকে। UBS⁴ “লোক”কে দেয় একটি “A” রেটিং (সুনির্দিষ্ট)।

□ “এমন যেন কখনো না হয়” এটি হল পৌলের চারিত্রিক উপায় কল্পিত আপত্তিকারীর প্রশ্নগুলি প্রত্যাখান করার (সুদীর্ঘ বিতর্ক, ৩:৪, ৬, ৩১; ৬:২, ১৫; ৭:৭, ১৩; ৯:১৪; ১১:১, ১১)।

□ “আমিও ত একজন ইশ্রায়েলীয়” পৌল নিজেকে ব্যবহার করেছেন একজন বিশ্বাসী যিহুদী অবশিষ্টাংশের অস্তিত্ব প্রমাণ করতে। পৌলের যিহুদী প্রেক্ষাপটের অধিকতর বিষয়ের জন্য দেখুন ফিলি ৩:৫ পদ।

□ “ঈশ্বর নিজের লোকদের ত্যাগ করেন নাই” এটি হতে পারে গীত. ৯৪:১৪ (দি.বি. ৩১:৬; ১ শমু ১২:২২; ১ রাজা ৬:১৩; বিলাপ ৩:৩১-৩২) এর প্রতি একটি ইঙ্গিত। এটি হল পদ ১ এর প্রশ্নের সুনির্দিষ্ট উত্তর।

□ “যাদেরকে তিনি আগে জানতেন” এটি হল একটি স্পষ্ট নির্দেশ ঈশ্বরের ইশ্রায়েল জাতিকে নিবার্চনের। দেখুন টীকা ৮:২৯ পদের। এটি বিতর্কটিকে নিয়ে যায় ৯ অধ্যায়ে, যেমন ৪-৬ পদে করা হয়েছে। মূল হল ইশ্রায়েল জাতির কর্ম নয়, কিন্তু ঈশ্বরের মনোনয়ন। ঈশ্বর তাঁর প্রতিজ্ঞায় বিশ্বস্ত কারণ তিনি কে সেজন্য, তবে ইশ্রায়েলীদের কাজের জন্য নয় (যিহি ৩৬:২২-৩২)।

□ “শাস্ত্র বলে” এটি একটি উল্লেখ ১ রাজাবলী ১:১৯-১০ পদে ঈষেবেলের কাছ থেকে এলিয়ের পলায়নের বিবরণের, ৩ পদে উদ্ধৃত হয়েছে।

১১:৪ “আমার জন্য আমি সাত হাজার লোককে অবশিষ্ট রেখেছি” “আমার জন্য” ১ রাজাবলী ১৯:১৮ পদের Masoretic হিব্রু টেক্সটে নেই (পৌল MT বা LXX উদ্ধৃত করেন নাই), কিন্তু পৌলের দ্বারা যুক্ত করা হয়েছে ঈশ্বরের মনোনয়নকে জোড়াল করার জন্য। ১ রাজাবলী ১৯:১৮ পদের বিশ্বস্ত অবশিষ্টাংশকে দেখা হয় ঈশ্বরের মনোনয়ন থেকে, তাদের বাল দেবতার আরাধনা প্রত্যাখান করা থেকে নয়।

পৌল যে পয়েন্টটি করেছেন তাহল সেখানে এলিয়ের সময়ে বিশ্বাসহীন, মূর্তিপূজারী ইশ্রায়েলে বিশ্বাসীদের একটি ছোট দল ছিল। পৌলের সময়ে সেখানেও যিহুদী লোকদের বিশ্বাসী অবশিষ্টাংশ ছিল (৯:২৭-২৮ পদে বিশেষ বিষয় দেখুন)। প্রতি যুগে কিছু কিছু যিহুদী বিশ্বাসে সাড়া দিয়েছে। পৌল দাবী করেছেন যে এই বিশ্বাসী যিহুদীরা ঈশ্বরের দয়া এবং অনুগ্রহ দ্বারা শক্তিশালী হয়েছে (৫-৬ পদ)।

□ “বালের প্রতি” এটি হল একটি FEMININE ARTICLE সহ MASCULINE NOUN। এর কারণ ছিল যিহুদীরা প্রতিনিয়ত FEMININE ইব্রীয় শব্দ “লজ্জা” (*bosheth*) থেকে vowels যুক্ত করতো consonants এ পৌণ্ডলিক দেবতাদের নামে তাদের নিয়ে মজা করার জন্য।

১১:৫-৬ এগুলি হল মূল পদসমূহ। তারা সংযোগ করে পুরাতন নিয়মে ঈশ্বরের অতীতের কাজের সাথে বর্তমান অবস্থার। সংযোগটি হল ঈশ্বরের দয়ার দ্বারা নিবার্চন (৯:১৫, ১৬, ১৮; ১১:৩০, ৩১, ৩২)। ঈশ্বরের অনুগ্রহ হল প্রধান, কিন্তু মানুষের বিশ্বাস প্রয়োজনীয় (মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬, ১৯; ২০:২১), যাহোক, মানুষের মেধার উপর একেবারে ভিত্তি করে নয় (ইফি ২:৮-৯; ১ তীম ১:৯; তীত ৩:৫)। এই সত্যগুলি হল গুরুত্বপূর্ণ পৌলের ৯-১১ অধ্যায় জুড়ে আলোচনার।

১১:৬ “যদি” এটি হল একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE যেটি লেখকের দৃষ্টিভঙ্গি থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের জন্য সত্য বলে ধরে নেয়। পরিত্রাণ হল ঈশ্বরের অনুগ্রহের দ্বারা (দেখুন টীকা ৩:২৪, ৬:২৩; ইফি ২:৮-৯)।

□ KJV একটি সমাপনী শব্দগুচ্ছ যুক্ত করে ৬ পদে, “কিন্তু যদি এটি কার্যে হয়, তাহলে আর অনুগ্রহ থাকে না: অন্যথায় কাজ আর কাজ থাকে না।” এই শব্দগুচ্ছটি অধিকাংশ গ্রীক পাণ্ডুলিপি P⁴⁶, \aleph^* , A, C, D, G, বা P তে এবং পুরাতন লাতিন সংস্করণে যুক্ত নয়, কিন্তু শব্দগুচ্ছের দুটি ভিন্নরূপ দেখা যায় পাণ্ডুলিপি \aleph^c and B -তে। UBS⁴ তাদের বাদ দেওয়াকে রেটিং করেছে “A” হিসাবে (সুনির্দিষ্ট)।

NASB (আপডেটেড) টেক্সট: ১১:৭-১০

^১ তবে কি? ইশ্রায়েল যা খোঁজ করে, তা পায়নি, কিন্তু মনোনিভরা তা পেয়েছে, অন্য সকলে কঠিনীভূত হয়েছে; ^২ যেমন লেখা আছে, “ঈশ্বর তাদের জড়তার আত্মা দিয়েছেন, এমন চক্ষু দিয়েছেন যা দেখতে পায় না এবং এমন কাণ দিয়েছেন যা শুনতে পায় না, আজ পর্যন্ত।” ^৩ আর দায়ুদ বলেন, “তাদের মেজ তাদের জন্য ফাঁদ ও প্রলোভন স্বরূপ হোক, তা ব্যাঘাত জনক ও প্রতিশোধমূলক হোক।” ^৪ “তাদের চোখ অন্ধ হোক যেন তারা দেখতে না পায়, তুমি তাদের পিঠ সব সময় কুজ করে রাখ।” (অনুবাদকৃত টেক্সট)।

১১:৭ “ইশ্রায়েল যার ঝোঁজ করে, তা পায়নি” এটি গ্রীক বাক্যে প্রথমে বসেছে পৌলের চিন্তাকে জোর দেবার জন্য। অনেক যিহুদীরা ঈশ্বরের সাথে সঠিক সম্পর্ক রক্ষার অন্তর্গত করে এবং তারা এর পশ্চাৎগমন করে ধর্মীয় অনুষ্ঠান পালন, জাতিগত সুযোগ-সুবিধা এবং আত্ম প্রচেষ্টার মাধ্যমে। তারা তাদের লক্ষ্য ভেদ করতে পারে না! কোন মাংস ঈশ্বরের সামনে গৌরব পাবে না (১ করি ১:২৯; ইফি ২:৯)।

□

NASB “কিন্তু মনোনিতেরা তা পেয়েছে”

NKJV “কিন্তু নির্বাচিতেরা তা পেয়েছে”

NRSV “নির্বাচিতেরা তা পেয়েছে”

TEV “কেবলমাত্র ঈশ্বর মনোনিত ছোট একটি দল এটি পেয়েছে”

NJB “কিন্তু অল্পই মনোনীত”

এটি হল পুরাতন নিয়মের “অবশিষ্টাংশ” এর বিষয়ে ধারণা (দেখুন বিশেষ বিষয় ৯:২৭-২৮ পদে), এখানে নির্দেশ করা হচ্ছে ১ রাজাবলী ১৯:১৮ পদের ৭০০০। মূল মানুষের চেষ্টা, জাতি বা ধার্মিকতা (পদ ৬) নয়, কিন্তু ঈশ্বরের নিবার্চনের অনুগ্রহ (ইফি ১:৩-১৪)।

□ “অন্য সকলে কঠিনীভূত হয়েছে” এটি একটি AORIST PASSIVE INDICATIVE (২ করি ৩:১৪)। ইঙ্গিতটি হল যে ঈশ্বর তাদের কঠিনীভূত করেছেন (৮-১০ পদ)। কঠিনীভূত করার প্রতিনিধি হল মন্দ ব্যক্তি (২ করি ৪:৪)। “কঠিনীভূত” (*pōroō*) হল নির্মমতা বা অন্ধত্বের জন্য একটি চিকিৎসা শাস্ত্রীয় টার্ম (রোমীয় ১১:২৫; ২ করি ৩:১৪; ইফি ৪:১৮)। এই একই টার্ম মার্ক ৬:৫২ পদে প্রেরিতদের জন্য ব্যবহার করা হয়েছে। এটি হল ৯:১৮ পদে একটি ভিন্ন গ্রীক টার্ম (*sklērunō*) থেকে এসেছে যেটি হল দয়ার বিপরীত (ইব্রীয় ৩:৮, ১৫; ৪:৭)।

এই পদটি খুবই স্পষ্ট এবং ১১:১-৬ পদের এর সারমর্ম। কিছু লোক যাদের বাছাই করা হয়েছে বিশ্বাস করেছে, কিছু লোক যাদের বাছাই করা হয়নি কঠিনীভূত হয়েছে। যাহোক, এই পদ বিচ্ছিন্ন ভাবে লেখা হয়নি, ধর্মতত্ত্বগত বুলি হিসেবে। এটা ছিল একটি টেকসই ধর্মতত্ত্বগত বির্তকের অংশ। সেখানে একটি উত্তেজনা রয়েছে এই পদে খুবই স্পষ্ট ভাবে বিবৃত সত্য এবং ১০ অধ্যায়ের সার্বজনীন আমন্ত্রণের মধ্যে। সেখানে একটি নিগূঢ়ত্ব রয়েছে। কিন্তু সমাধান হল অস্বীকার করা বা হ্রাস করা নয় যা উভয় সংকট পূর্ণ, আপাত বিরোধী দিক।

১১:৮-১০ এই পদগুলি যিশাইয় ২৯:১০ (৮ পদ), দ্বি. বি. ২৯:৪ (৮ পদ, কিন্তু MT বা LXX থেকে নয়) এবং গীত ৬৯:২২-২৩ পদ (৯-১০ পদ) থেকে উদ্ধৃত করা হয়েছে। এগুলি সত্যিকার ভাবে প্রতিফলিত করে ৬:৯-১৩ পদে বিদ্রোহী ইস্রায়েল জাতির কাছে যিশাইয়ের আহ্বান এবং প্রেরণ। যিশাইয় ঈশ্বরের বাক্য উপস্থাপন করতেন, কিন্তু ঈশ্বরের লোকেরা সাড়া দিতে পারেনি, সাড়া দেয়নি। পৌল পুরাতন নিয়মে ঈশ্বরের কিছু কঠিনীভূত করণের প্রত্যয়ন দিচ্ছেন যেভাবে তিনি ৯:১৩, ১৫, ১৭ পদে করেছেন।

১১:৮

NASB, NKJV “ঈশ্বর তাদের জড়তার আত্মা দিয়েছেন”

NRSV, NJB “ঈশ্বর তাদের দীর্ঘ-সূত্রীতার আত্মা দিয়েছেন”

TEV “ঈশ্বর তাদের হৃদয় ও মন অসার করেছেন”

এই গ্রীক শব্দ (*katanuxis*) ব্যবহৃত হয়েছে শুধুমাত্র নতুন নিয়মের এখানে, ব্যবহার করা হয়েছে পতঙ্গের কামড় বলতে যেটি অনভূতিকে নিস্তেজ করে দেয় প্রচুর পরিমাণে সংবেদনশীলতা দিয়ে।

১১:১০ “তাদের চোখ অন্ধ হোক যেন তারা দেখতে না পায় এবং তুমি তাদের পিঠ সব সময় কুজ করে রাখ” এটি একটি AORIST PASSIVE IMPERATIVE যেটি একটি AORIST ACTIVE IMPERATIVE দ্বারা অনুসরণকৃত। ঈশ্বরের সার্বভৌমত্বের এটি একটি রহস্য এবং মানবজাতির প্রয়োজনীয় সাড়া প্রদান। ঈশ্বর হলেন সকল বিষয়ের উৎস, সকল বিষয়ের সূচনাকারী, তথাপিও তাঁর সার্বভৌম ইচ্ছা তিনি বিধান করেছেন যে মানুষ, তাঁর চূড়ান্ত সৃষ্টি, স্বাধীন ভাবে তাঁর প্রতি সাড়া প্রদান করবে। যারা বিশ্বাসে সাড়া দেবে না তারা কঠিনীকৃত হয় (তাদের মনোনয়নে, চূড়ান্ত ভাবে) তাদের অবিশ্বাসে।

এই প্রসঙ্গে পৌল বলতে চেষ্টা করেছেন সকল আদম সন্তানের মুক্তির জন্য ঈশ্বরের অনন্ত পরিকল্পনা। যিহুদীদের অবিশ্বাস পরজাতীয়দের জন্য বিশ্বাসের দরজা খুলে দেবে এবং ঈর্ষার মাধ্যমে ইস্রায়েল জাতি পুনস্থাপিত হবে! এটি হল অর্ন্তভূক্তির একটি পরিকল্পনা (ইফি ২:১১-৩:১৩), বর্জন নয়! কঠিনীকরণ করেছে মহত্তর শস্য সংগ্রহের পরিচর্যা (অর্থাৎ, ফরোণ)!

NASB (আপডেটেড) টেক্সট: ১১:১১-১৬

^{১১} তবে আমি বলি, তারা কি পড়ে যাবার জন্য উছোট খেয়েছে, সত্যিই কি? এমন যেন কখনো না হয়! কিন্তু তাদের অবাধ্যতায় পরজাতীয়দের কাছে পরিত্রাণ এসেছে, যেন তাদের ঈর্ষা জন্মে। ^{১২} এখন তাদের অবাধ্যতায় যখন জগতের ধনাগম হল এবং তাদের ব্যর্থতায় যখন পরজাতীয়দের ধনাগম হল, তখন তাদের পূর্ণতায় আরও কত বেশি না হবে! ^{১৩} কিন্তু, হে পরজাতীয়েরা আমি তোমাদের বলছি। পরজাতীয়দের জন্য প্রেরিত বলে, আমি নিজ পরিচর্যা-পদের গৌরব করছি, ^{১৪} যদি কোন রকমে আমার স্বজাতীয়দের ঈর্ষা জন্মিয়ে তাদের মধ্যে কিছু লোকের পরিত্রাণ করতে পারি। ^{১৫} কারণ তাদের প্রত্যাখ্যানে যখন জগতের সম্মিলন হল, তখন তাদের গ্রহণ করায় মৃতদের মধ্য থেকে জীবন লাভ ছাড়া আর কি হবে? ^{১৬} আর প্রথম তাল যদি পবিত্র হয়, তবে পিণ্ডও পবিত্র; এবং মূল যদি পবিত্র হয়, তবে শাখা সকলও পবিত্র। (অনুবাদকৃত টেক্সট)।

১১:১১ “তবে আমি বলি” এটি হল ১১:১ পদের মত একই কাব্য সংক্রান্ত শব্দগুচ্ছ। এটি পৌলের ধর্মতত্ত্বগত বিতর্ক একটি ভিন্ন উপায়ে চলমান রাখে। ১-১০ পদ অনুসারে সকল ইস্রায়েলীয় ঈশ্বরের দ্বারা প্রত্যাখিত হয় নি; ১১-২৪ পদে ইস্রায়েলের বর্জন চিরস্থায়ী নয়; এটি হল উদ্দেশ্যমূলক। এর মাধ্যমে পরজাতীয়রা সংযুক্ত হয়েছে।



NASB “তারা কি পড়ে যাবার জন্য উছোট খেয়েছে, সত্যিই কি”
NKJV, NRSV “তারা কি পতনের জন্য উছোট খেয়েছে”
TEV “যখন যিহুদীরা উছোট খেয়েছে, তারা কি তাদের ধংসে পতিত হয়েছে”
NJB “যিহুদীরা কি চিরকালের জন্য পতিত হয়েছে, অথবা তারা কেবল উছোটই খেয়েছে”
এই প্রশ্নটির প্রত্যাশা “না” উত্তর। ইস্রায়েলের অবিশ্বাস একটি চিরস্থায়ী অবস্থা নয়।



NASB “তাদের অবাধ্যতার দ্বারা”
NKJV “তাদের পতনের মাধ্যমে”
NRSV “তাদের উছোট খাবার মাধ্যমে”
TEV “কারণ তারা পাপ করেছে”
NJB “তাদের পতন”
এই প্রসঙ্গে, এটি নির্দেশ করে যীশুকে মশীহ হিসেবে যিহুদীদের প্রত্যাখান (১২ পদ)।

□ “পরজাতীয়দের কাছে পরিভ্রাণ এসেছে” প্রথম শতাব্দীর যিহুদীদের জন্য কি রকম একটি হতবাক করা বিবৃতি ছিল (১২ পদ; প্রেরিত ১৩:৪৬; ১৮:৬; ২২:২১; ২৮:২৮)।

□ “যেন তাদের ঈর্ষা জন্মে” “হিংসা” টার্মটি দেখা যায় ১০:১৯ এবং ১১:১৪ পদে। ঈশ্বরের পরজাতীয়দের সংযুক্তিকরণ পরিকল্পনা দুটি উদ্দেশ্য সাধন করে।

১. ঈশ্বরের পরিভ্রাণ সকল মানুষের জন্য।
২. অনুতপ্ত ইস্রায়েলের অবশিষ্টাংশের ব্যক্তিগত বিশ্বাসে ঈশ্বরের পুনরুদ্ধার

আমি ব্যক্তিগত ভাবে চিন্তা করি যদি #২ জড়িত হয়

১. শেষ কালে যিহুদী পুনর্জাগরণ (সখ ১২:১০)
২. প্রথম শতাব্দী এবং সকল শতাব্দীর যিহুদী বিশ্বাসীরা
৩. আধুনিক মশীহের সমাজগৃহ হতে পারে প্রতিজ্ঞাকৃত পরিপূর্ণতা

১১:১২-১৪ এই পদগুলিতে একটি দশটি ধারাবাহিক **CONDITIONAL SENTENCES** রয়েছে যেটি যিহুদী অবিশ্বাসের সাথে পরজাতীয়দের বিশ্বাস সম্পর্কিত। ১২, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ২১, ২৪ পদগুলি হল **FIRST CLASS CONDITIONAL SENTENCES** যেগুলি ধরে নেওয়া হয় সত্য লেখকের দৃষ্টিভঙ্গি বা তার সাহিত্যের উদ্দেশ্যের জন্য, যেহেতু ২২ এবং ২৩ পদ হল **THIRD CLASS CONDITIONAL SENTENCES** যেটি ইঙ্গিত করে সম্ভাব্য ভবিষ্যত কাজকর্ম।

১১:১২

NASB “তাদের পূর্ণতায় আরও কত বেশি না হবে”
NKJV “তাদের পূর্ণতা আরও কত না বেশি”
NRSV “তাদের পূর্ণতার অর্ন্তভুক্তি কত বেশি না হবে”
TEV “তাহলে আশীর্বাদ কত বেশি না হবে, যখন সম্পূর্ণ সংখ্যক যিহুদী অর্ন্তভুক্ত হবে”
NJB “তাহলে চিন্তা কর সকলের ধর্মান্তরে কত বেশি না উপকার হবে।”
অনুবাদের কঠিন সমস্যা হল টার্ম “তাদের পূর্ণতা”-র অর্থের। এটা কি সম্পর্কিত (১) যিহুদীদের পরিভ্রাণ পাবার, ১৪^খ পদ, ২৬^ক, বা (২) নির্বাচিত বিশ্বাসী যিহুদী এবং পরজাতীয়দের চূড়ান্ত সংখ্যা?

১১:১৩ “হে পরজাতীয়েরা আমি তোমাদের বলছি” ৯-১১ অধ্যায় গঠন করেছে একটি সাহিত্য একক যেটি প্রশ্নের উত্তর দিয়েছে, “কেন যিহুদী মশীহ যিহুদীদের দ্বারা প্রত্যাখিত হয়েছিলেন?” যাহোক, প্রশ্নটি রয়ে যায় কেন পৌল প্রয়োজন অনুভব করেছেন এই পত্রে, তার উপস্থাপনের এই অংশে, এই প্রশ্নটি আলোচনা করতে।

১৩-২৪ পদ, ২৬^ন মনে হয় প্রতিফলিত করে রোমের মন্ডলীতে জাতিগত যিহুদী এবং পরজাতীয়দের মধ্যকার একটি সমস্যার। হয়তোবা এটি ছিল বিশ্বাসী যিহুদীদের এবং বিশ্বাসী পরজাতীয়দের মধ্যে অথবা বিশ্বাসী পরজাতী এবং অবিশ্বাসী যিহুদীদের (সমাজগৃহ) মধ্যে তা অনিশ্চিত।

□ “আমি পরজাতীয়দের জন্য প্রেরিত” পৌল অদ্বিতীয় ভাবে অযিহুদীদের জগতে পরিচর্যা করার আহ্বান অনুভব করেছেন (প্রেরিত ৯:১৫; ২২:২১; ২৬:১৭; রোমীয় ১:৫; ১৫:১৬; গাল ১:১৬; ২:৭,৯; ১ তীম ২:৭; ২ তীম ৪:১৭)।



NASB, NKJV “আমি নিজ পরিচর্যা-পদের গৌরব করছি”
NRSV “আমি আমার পরিচর্যার গৌরব করছি”
TEV “আমি আমার কাজের গর্ব করবো”
NJB “এবং আমি প্রেরিত হয়ে গর্বিত”

“গৌরব করা” টার্মটির অর্থ হতে পারে (১) কৃতজ্ঞতা; (২) গৌরব করা; বা সম্ভবত (৩) কোন কিছুর সর্বোচ্চ মনে করা। এটি হয়তো রোমের মন্ডলীর একটি সমস্যা প্রতিফলিত করে! পৌল (১) সম্ভ্রু পরজাতীয়দের পরিচর্যা করতে বা (২) দেখেছেন তার পরিচর্যা অবিশ্বাসী যিহুদীদের ঈর্ষান্বিত করছে, যার ফলাফল হবে তাদের পরিত্রাণে (১১, ১৪ পদ এবং ৯:১-৩)।

১১:১৪ “তাদের মধ্যে কিছু লোকের পরিত্রাণ” এটি হল পৌলের সুসমাচার প্রচারগত আহ্বান। তিনি জানতেন কয়েকজন সুসমাচার প্রচারে সাড়া দেবে (১ করি ১:২১), যখন অন্যরা দেবে না (১ করি ৯:২২)। এটি হল নিবার্চনের নিগূঢ়তন্ত্র (পুরাতন নিয়ম এবং নতুন নিয়ম)!

১১:১৫ পুরাতন নিয়মের নিবার্চিত ইস্রায়েলীয়দের প্রত্যাখান (১ পদ থেকে ভিন্ন শব্দ) ছিল ঈশ্বরের সকল মানবজাতির (*kosmos*) পরিত্রাণের পরিকল্পনার অংশ। আত্ম-ধার্মিক যিহুদী, জাতিগত গোড়ামি এবং নিয়মগত বিষয় স্পষ্টভাবে জোর দিয়েছে বিশ্বাসের প্রয়োজনীয়তার উপরে (৯:৩০-৩৩)। YHWH এবং তার মশীহে বিশ্বাস হল ধর্মীয় মযাদার মূল, মানুষের ধর্মীয় কর্মক্ষমতা নয়। কিন্তু মনে রাখতে হবে, ইস্রায়েলকে প্রত্যাখান ছিল সমস্ত মানবজাতির মুক্তির উদ্দেশ্য। সেখানে মানুষের গর্বের কোন স্থান নেই, নেই যিহুদী বা অযিহুদী। স্পষ্টত এই বার্তাটি রোমীয় মন্ডলীর শোনা দরকার ছিল!

□ “জগতের সম্মিলন হল” এটি হল ধর্মতত্ত্বগত ভাবে “ঈশ্বরের ধার্মিকতার” প্রতি সমান্তরাল। এই মিশ্র শব্দটি এসেছে *kata plus allassō* থেকে (পরিবর্তন, বিকল্প বা রূপান্তর)। এটা নির্দেশ করে শান্তির জন্য বৈরীভাবের বিনিময়, যার ফলে, পুনরুদ্ধার অর্জন (রোমীয় ৫:১১; ১১:১৫; ২ করি ৫:১৮, ১৯)। ঈশ্বরের এদোনের সহভাগিতার পুন:প্রতিষ্ঠা অন্বেষণ করেন। পাপ সেই সহভাগিতা ভেঙ্গেছে, কিন্তু খ্রীষ্ট ঈশ্বরের প্রতিমূর্তি পতিত মানবজাতির মধ্যে পুন:স্থাপন করেছেন তাদের জন্য যারা বিশ্বাস অনুশীলন করে। তাদের পুনর্মিলিত করা হয়েছে এবং গ্রহণ করা হয়েছে (১৫ পদের সমান্তরাল)। মানবজাতি এই ঘনিষ্ঠতা পুনস্থাপন করতে পারত না, কিন্তু ঈশ্বর পারেন এবং করেছেন!

□ “মৃতদের মধ্য থেকে জীবন লাভ” প্রসঙ্গটি ইস্রায়েল জাতিকে উল্লেখ করে, তাই

- এই শব্দগুচ্ছ কি পুনরুদ্ধার প্রাপ্ত ইস্রায়েল জাতিকে উল্লেখ করে
- এই শব্দগুচ্ছ কি যিহুদী এবং পরজাতীয়দের “পূর্ণ সংখ্যা” নির্দেশ করে (অর্থাৎ, আত্মিক ইস্রায়েল, ৯:৬; ১১:২৫-২৬)
- এই শব্দগুচ্ছ (৬:১৩) কি নতুন যুগের জীবন, পুনরুত্থিত জীবন নির্দেশ করে?

আমি পছন্দ করি #৩। আমার কারণের জন্য দেখুন “Crucial Introductory Article,” বিনামূল্যে অনলাইনে প্রকাশিত বাক্যের উপরে আমার ব্যাখ্যামূলক বই www.freebiblecommentary.org।

১১:১৬ “আর প্রথম তাল যদি পবিত্র হয়” এটি হল একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE যেটি ধরে নেয় লেখকের দৃষ্টিভঙ্গি থেকে সত্য বা তার সাহিত্যের উদ্দেশ্যের জন্য। এটি হল গণনা ১৫:১৭-২১ এর প্রতি একটি ইঙ্গিত। এটি একটি রূপক যেটি পুরাতন নিয়মের প্রথম ফলের (বা দশমাংশ) ধারণার সাথে সমতুল্য যেটি ঈশ্বরকে দেওয়া হত দেখানোর জন্য যে সমস্ত শস্যের মালিকানা তাঁর।

প্রাচীন বিশ্বাসী যিহুদী অবশিষ্টাংশের এখনো সমস্ত জাতির উপর একটি প্রভাব আছে (আদি ১৮:২৭-৩৩; ২ বংশা ৭:১৪)। “প্রথম অংশ” রূপকটির সমান্তরাল হল “মূল” (যির ১১:১৬-১৭), উভয়ই যেটা নির্দেশ করে ইস্রায়েলের বিশ্বস্ত লোকদের, সুনির্দিষ্টভাবে পুরাতন নিয়মের (২৮ পদ) আদিপিতাদের (অর্থাৎ, ১৬-১৭ পদের “মূল”)।

NASB (আপডেটেড) টেক্সট: ১১:১৭-২৪

^{১৭} আর কতগুলি শাখা যদি ভেঙ্গে ফেলা হয়, এবং তুমি, বন্য জলপাইবৃক্ষের চারা হলেও, যদি তাদের মধ্যে তোমাকে কলম হিসাবে লাগান যায় এবং তুমি জলপাইবৃক্ষের রসের মূলের অংশীদার হলে, ^{১৮} তবে সেই শাখাসমূহের বিরুদ্ধে অহংকার করো না; কিন্তু যদি অহংকার কর, তবে মনে রেখ যে তুমি মূলকে ধারণ করছো না, কিন্তু মূলই তোমাকে ধারণ করছে। ^{১৯} এতে তুমি বলবে, “আমাকে কলম হিসাবে লাগাবার জন্যই কতগুলি শাখা ভেঙ্গে ফেলা হয়েছে।” ^{২০} ঠিক কথা, তাদের ভেঙ্গে ফেলা হয়েছে তাদের অবিশ্বাসের জন্য, কিন্তু তুমি বিশ্বাসের কারণেই দাঁড়িয়ে আছ। অহংকার কোর না, কিন্তু ভয় কর; ^{২১} কারণ ঈশ্বর যখন সেই প্রকৃত শাখাগুলির প্রতি মমতা করেন নি, তখন তোমার প্রতিও মমতা করবেন না। ^{২২} অতএব ঈশ্বরের মধুর ভাব ও কঠোর ভাব দেখ; যারা পতিত হল, তাদের প্রতি কঠোর, কিন্তু তোমার প্রতি, ঈশ্বরের মধুর ভাব, যদি তুমি সেই মধুর ভাবের শরণাপন্ন থাক; না হলে তুমিও ছিন্ন হবে। ^{২৩} আবার তারা যদি নিজেদের অবিশ্বাসে না থাকে, তবে তাহাদেরও লাগান যাবে, কারণ ঈশ্বর তাদের আবার লাগাতে সমর্থ আছেন। ^{২৪} কারণ যেটি প্রকৃত বন্য জলপাইবৃক্ষ তোমাকে তা থেকে কেটে নিয়ে যখন প্রকৃতির বিপরীতে উত্তম জলপাইবৃক্ষে লাগান হয়েছে, তখন প্রকৃত শাখা যে তারা, তাদেরকে নিজ জলপাইবৃক্ষে লাগান যাবে তা কত না নিশ্চিত? (অনুবাদকৃত টেক্সট)।

১১:১৭-২৪ বিস্ময়করভাবে “আপনি” এই প্যারাগ্রাফে হল SINGULAR (the PLURAL আবার আসে ২৫ পদে)। এর অর্থ কি?

- একজন অযিহুদী সকল অযিহুদীদের প্রতীক হিসেবে
- রোমীয় মন্ডলীতে যিহুদী এবং অযিহুদীদের মধ্যকার নেতৃত্বের সমস্যা, যার ফলে, বর্তমান অযিহুদী নেতৃত্বের নেতাদের উল্লেখ করা (১৮-২০ পদ)

১১:১৭ “যদি” টীকা দেখুন ১১:১২-২৪ পদ।

□ “কতগুলি শাখা যদি ভেঙ্গে ফেলা হল” এটি নির্দেশ করে অবিশ্বাসী ইস্রায়েলীয়দের (১৮, ১৯ পদ, “স্বাভাবিক শাখাসমূহ,” ২১ পদ)।

□ “বন্য জলপাইবৃক্ষ” এটি নির্দেশ করে বিশ্বাসী অযিহুদীদের যারা সুসমাচার প্রচারে সাড়া দিয়েছে।

□ “কলম হিসাবে লাগান” পৌলের কৃষিজাত রূপকের ধারাবাহিকতা শুরু হয়েছে ১৬ পদ থেকে। বুনো জলপাইয়ের শাখাকে কলম করে লাগিয়ে একটি প্রতিষ্ঠিত গাছ করাতে ফলনের উন্নতিতে সাহায্য হয় (২৪ পদ)।

□ “রসের মূলের অংশীদার” আক্ষরিক মূল শব্দগুচ্ছ হল “পুষ্টতার মূল” (UBS⁴ একে দিয়েছে “B” রেটিং [প্রায় সুনির্দিষ্ট]), পাওয়া যায় MSS ঙ*, B, C -তে। সেখানে অন্য বেশ কয়েকটি পাঠ আছে গ্রীক পাণ্ডুলিপির ঐতিহ্যে যেটি চেষ্টা করে এই বাক্যের মধ্য থেকে conjunction বাদ দেওয়া মসৃণ করতে (Bruce Metzger, *A Textual Commentary on the Greek New Testament*, p.526)।

□ “জলপাই বৃক্ষ” এটি হল ইস্রায়েল জাতির একটি প্রতীক (২৪ পদ; গীত ৫২:৮; ১২৮:৩; যির. ১১:১৬; হোশেয় ১৪:৬)। এটি পৌলের দ্বিতীয় পুরাতন নিয়মের রূপক যিহুদী এবং অযিহুদীদের মধ্যকার সম্পর্ক বর্ণনা করতে।

১১:১৮ “শাখা সমূহের বিরুদ্ধে অহংকার কোর না” এটি হল একটি PRESENT IMPERATIVE এর সাথে NEGATIVE PARTICLE যেটি সাধারণত বোঝায় ইতিমধ্যে চলমান কোন কাজকে বন্ধ করতে। এই পদ, এর সাথে ১৩, ২০, ২৫ পদ এই ইঙ্গিত দেয় যে রোমের মন্ডলীতে বিশ্বাসী যিহুদী এবং পরজাতীয়দের মধ্যে একটি সমস্যা ছিল।

১১:১৯-২০ ১৯ পদ হল আরেকটি সুদীর্ঘ বিতর্ক (একজন ধরে নেওয়া আপত্তিকারী)। পৌল ব্যাখ্যা করেছেন কেন যিহুদীদেরকে প্রত্যাখান করা হয়েছে। এর কারণ ছিল তাদের অবিশ্বাস, পরজাতীয়দের অধিক ভালবাসার কারণে নয়! পরজাতীয়দের যুক্ত করা হয়েছে কেবলমাত্র ঈশ্বরের ভালবাসা (আদি ৩:১৫) এবং তাদের বিশ্বাসের কারণে! এছাড়া তাদের কারণে যিহুদীরাও হিংসার বশবর্তী হয়ে ঈশ্বরের কাছে ফিরে আসতে পারে (১১, ১৪ পদ)।

১১:২০

NASB “কিন্তু তুমি বিশ্বাসের কারণেই দাঁড়িয়ে আছ”

NKJV “এবং তুমি বিশ্বাসে দাঁড়িয়ে আছ”

NRSV “কিন্তু তুমি কেবলমাত্র বিশ্বাসের মাধ্যমে দাঁড়িয়ে আছ”

TEV “তুমি দাঁড়িয়ে আছ কারণ তুমি বিশ্বাস করেছো”

NJB “যদি তুমি দৃঢ় ভাবে ধারণ কর, তোমার বিশ্বাসই কেবল ধন্যবাদের যোগ্য”

এটি হল একটি PERFECT ACTIVE INDICATIVE। যাহোক, এটি হল দশটি CONDITIONAL SENTENCES এর প্রসঙ্গে। ঈশ্বরের সামনে আমাদের অবস্থান এবং অবিরত চলমান বিশ্বাসের দ্বারা। যদি বিশ্বাস রুদ্ধ হয়, আমাদের অবস্থানও রুদ্ধ হবে। পরিত্রাণ হল (১) বিশ্বাসের একটি প্রাথমিক সাড়া; (২) বিশ্বাসের থাকার একটি অবস্থা; (৩) বিশ্বাসের একটি চলমান প্রক্রিয়া; এবং (৪) বিশ্বাসের একটি সর্বোচ্চ সীমা। সাবধান যে কোন ধরণের ধর্মতত্ত্বগত পদ্ধতির যেটি শুধুমাত্র এগুলির যে কোন একটি বাইবেলের সত্যকে গুরুত্ব দেয়। দেখুন বিশেষ বিষয়: ১০:৪ পদে পরিত্রাণের জন্য গ্রীক Verb Tenses এর ব্যবহার।

ঈশ্বর হলেন একজন লেখক, প্রবর্তক, প্রতিপালক এবং চূড়ান্ত পরিত্রাণ, কিন্তু একটি চুক্তির নকশায়। তিনি মনোনীত করেছেন যে পাপেপূর্ণ মানবজাতিকে অবশ্যই সাড়া দিতে হবে এবং অবিরত সাড়া দিতে হবে অনুতাপ এবং বিশ্বাসের দ্বারা এই প্রক্রিয়ার প্রতিটি পদক্ষেপে। তিনি আশা করেন বাধ্যতা, খ্রীষ্টসাদৃশ্যতা এবং ধৈর্যধারণ!

□

NASB “অহংকার কোর না, কিন্তু ভয় কর”

NKJV “উদ্ধৃত হয়ো না, কিন্তু ভয় কর”

NRSV “তাই গর্বিত হয়ো না, কিন্তু ভয়ে দাঁড়িয়ে থাক”

TEV “কিন্তু এতে গর্বিত হয়ো না, পরিবর্তে ভয় কর”

NJB “নিজেকে গর্বিত করার চাইতে বরং নিজেকে ভয়ের স্থানে রাখ”

এই উভয় বিবৃতি হল PRESENT IMPERATIVES। প্রথমটিতে আছে NEGATIVE PARTICLE, যেটি সাধারণত বোঝায় ইতিমধ্যে চলা কোন কাজকে থামানো। এটি রোমীয় মন্ডলীতে একটি সমস্যা প্রকাশ করে। ভয়ের কারণটি ২১ পদে বলা আছে।

১১:২১ “তোমার প্রতিও মমতা করবেন না” যেহেতু ইস্রায়েলীয়রা স্বধর্মত্যাগ করেছে এবং YHWH থেকে সরে গিয়েছে গর্বিত অবিশ্বাসে এবং তাই তাদের ছেটে ফেলা হয়েছে, সেজন্য মন্ডলীকেও ছেটে ফেলা হবে যদি মণ্ডলী খ্রীষ্টকে পরিত্যাগ করে গর্বিত আত্ম-ধার্মিকতার মাধ্যমে। প্রাথমিক বিশ্বাস অবশ্যই জীবনধারার বিশ্বাসকে অনুসরণ করবে (মথি ১৩:১-২৩; মার্ক ৪:১-১২; লূক ৮:৪-১০)। গর্বকে অবশ্যই ক্রমাগতভাবে প্রতিরোধ করতে হবে। আমরা যেমন ঈশ্বরের অনুগ্রহের দ্বারা তেমনই এবং যারা খ্রীষ্টকে বিশ্বাস করে আমরা তাদের সকলের ভাই!

বিশেষ বিষয়: স্বধর্মত্যাগ (APHISTĒMI)

এই গ্রীক টার্ম *aphistēmi* -র এর একটি ব্যাপক ভাষাগত অর্থের ক্ষেত্র রয়েছে। যাহোক, ইংরেজী টার্মে “স্বধর্মত্যাগ” শব্দটির উদ্ভূত হয়েছে এই টার্ম থেকে এবং পূর্বধারণায় এর আধুনিক অধ্যয়নকারীর ব্যবহার থেকে। প্রসঙ্গ, সব সময় এভাবে, হল মূল, একটি পূর্বনির্ধারিত সংজ্ঞা নয়।

এটি হল preposition *apo* থেকে আসা একটি মিশ্র টার্ম, যার অর্থ “থেকে” বা “দুরে যাওয়া” এবং *histēmi*, “বসতে”, “দাঁড়াতে,” বা “ঠিক করতে”। লক্ষ্য করুন পরবর্তী (ধর্মতত্ত্বগত নয়) ব্যবহারগুলি:

১. দৈহিক ভাবে সরানো
 - ক. মন্দির থেকে, লুক ২:৩৭
 - খ. একটি গৃহ থেকে, মার্ক ১৩:৩৪
 - গ. একজন ব্যক্তি থেকে, মার্ক ১২:১২; ১৪:৫০; প্রেরিত ৫:৩৮
 - ঘ. সকল বিষয় থেকে, মথি ১৯:২৭,২৯
২. রাজনৈতিকভাবে সরানো, প্রেরিত ৫:৩৭
৩. সম্পর্কগত ভাবে সরানো, প্রেরিত ৫:৩৮; ১৫:৩৮; ১৯:৯; ২২:২৯
৪. আইনগত ভাবে সরানো (বিবাহ-বিচ্ছেদ), দ্বি.বি. ২৪:১,৩ (LXX) এবং নতুন নিয়ম, মথি ৫:৩১; ১৯:৭; মার্ক ১০:৪; ১ করি ৭:১১
৫. একটি দায় সরানো, মথি ১৮:২৪
৬. উদাসিনতা দেখানো চলে যাওয়ার দ্বারা, মথি ৪:২০; ২২:২৭; যোহন ৪:২৮; ১৬:৩২
৭. উদ্বেগ দেখানো না চলে যাবার দ্বারা, যোহন ৮:২৯; ১৪:১৮
৮. সুযোগ দেওয়া বা অনুমতি দান, মথি ১৩:৩০; ১৯:১৪; মার্ক ১৪:৬; লুক ১৩:৮

একটি ধর্মতত্ত্বগত অর্থে VERB এর আরো একটি বিস্তৃত ব্যবহার আছে:

১. বাতিল করা, ক্ষমা করা, পাপের অপরাধবোধ থেকে মুক্ত, যাত্রা ৩২:৩২ (LXX); গণনা ১৪:১৯; ইয়োব ৪২:১০ এবং নতুন নিয়ম, মথি ৬:১২, ১৪-১৫; মার্ক ১১:২৫-২৬
২. পাপ থেকে বিরত থাকা, ২ তীম. ২:১৯
৩. অবহেলার দ্বারা দূরে সরে যাওয়া
 - ক. আইন, মথি ২৩:২৩; প্রেরিত ২১:২১
 - খ. বিশ্বাস, যিহিঙ্কেল ২০:৮ (LXX); লুক ৮:১৩; ২ থিষ. ২:৩; ১ তীম ৪:১; ইব্রীয় ২:১৩

আধুনিক বিশ্বাসীরা অনেক ধর্মতত্ত্বগত প্রশ্নসমূহ জিজ্ঞাসা করে যেটির বিষয়ে নতুন নিয়মের লেখকেরা কখনো চিন্তা করেন নি। এর একটি বিশ্বস্ততা থেকে বিশ্বাস আলাদা করার আধুনিক প্রবণতার সাথে সম্পর্কিত।

বাইবেলের অনেক ব্যক্তি আছেন যারা ঈশ্বরের লোকদের সাথে যুক্ত হন এবং কিছু ঘটে।

- ক. পুরাতন নিয়ম
 ১. যারা সেই বারোজন (দশ) অনুচরের কথা শুনেছে, বিবরণ দিয়েছে, গণনা ১৪ (ইব্রীয় ৩:১৬-১৯)
 ২. কোরহ, গণনা ১৬
 ৩. এলির পুত্রেরা, ১ শমুয়েল ২,৪
 ৪. শৌল, ১ শমুয়েল ১১-৩১
 ৫. মিথ্যা ভাববাদীরা (উদাহরণ)
 - ক. দ্বি.বি. ১৩:১-৫ ১৮:১৯-২২ (একজন মিথ্যাবাদী ভাববাদীকে চিনবার পথগুলি)
 - খ. যিরমিয়, ২৮
 - গ. যিহিঙ্কেল ১৩:১-৭
 ৬. মিথ্যা ভাববাদীরা
 - ক. যিহিঙ্কেল ১৩:১৭
 - খ. নহিমিয় ৬:১৪
 ৭. ইস্রায়েলের মন্দ নেতারা (উদাহরণ)
 - ক. যিরমিয় ৫:৩০-৩১; ৮:১-২; ২৩:১-৪
 - খ. যিহিঙ্কেল ২২:২৩-৩১
 - গ. মীখা ৩:৫-১২

খ. নতুন নিয়ম

১. এই গ্রীক টার্মটি হল আক্ষরিক ভাবে *apostasize*। পুরাতন এবং নতুন উভয় নিয়মই নিশ্চিত করে দ্বিতীয় আগমনের আগে মন্দ এবং মিথ্যা শিক্ষার একটি তীব্রতর বিষয়ে (মথি ২৪:২৪; মার্ক ১৩:২২; প্রেরিত ২০:২৯,৩০; ২ থিষ. ২:৯-১২; ২ তীম. ৪:৪)। মনে হয় এই গ্রীক টার্মটি প্রতিফলিত করে বীজ বাপকের দৃষ্টান্তে যীশুর বাক্যে যেটি পাওয়া যায় মথি ১৩; মার্ক ৪; এবং লুক ৮ অধ্যায়ে। এই মিথ্যা শিক্ষকেরা স্পষ্টতর খ্রীষ্টিয়ান নয়, কিন্তু তারা তাদের ভিতর থেকেই এসেছে (প্রেরিত ২০:২৯-৩০; ১ যোহন ২:১৯); যাহোক, তারা অপরিপক্ক বিশ্বাসীদের প্রলোভিত এবং বন্দী করতে সক্ষম (ইব্রীয় ৩:১২)।

এই ধর্মতত্ত্বগত প্রশ্নটি হল এই ভ্রান্ত শিক্ষকেরা কি কখনো বিশ্বাসী ছিল? এর উত্তর দেওয়া কঠিন কারণ সেখানের স্থানীয় মন্ডলীতে ভ্রান্ত শিক্ষকেরা ছিলো (১ যোহন ২:১৮-১৯)। প্রায়ই আমাদের ধর্মতত্ত্বগত বা সম্প্রদায়গত ঐতিহ্য এই প্রশ্নটির উত্তর দেয় বাইবেলে সুনির্দিষ্ট লেখার উল্লেখ না করেই (প্রসঙ্গের বাইরে একটি পদ উদ্ধৃত উক্তি করার proof-text (পরিশিষ্ট

দেখুন) পদ্ধতি ধরে নেওয়া একজনের পক্ষপাতিত্বের প্রমাণ)।

২. দৃশ্যমান/স্পষ্ট বিশ্বাস
 - ক. যিহুদা, যোহন ১৭:১২
 - খ. শিমোন ম্যাগনাস, প্রেরিত ৮
 - গ. যাদের কথা বলা হয়েছে মথি ৭:১৩-২৩ পদে
 - ঘ. যাদের কথা বলা হয়েছে মথি ১৩; মার্ক ৪, লুক ৮
 - ঙ. যিহুদীরা যোহন ৮:৩১-৫৯ পদের
 - চ. আলেকজান্ডার এবং হুমিনায় ১ তীম. ১:১৯-২০
 - ছ. তাদের ১ তীম ৬:২১ পদের
 - জ. হুমিনায় এবং ফিলীত, ২ তীম. ২:১৬-১৮
 - ঝ. দীমা, ২ তীম ৪:১০
 - ঞ. ভ্রান্ত শিক্ষকেরা, ২ পিতর ২:১৯-২২, যিহুদা ১২-১৯ পদ
 - ট. খ্রীষ্টশক্রে, ১ যোহন ২:১৮-১৯
৩. ফলহীন বিশ্বাস
 - ক. ১ করিন্থীয় ৩:১০-১৫
 - খ. ২ পিতর ১:৮-১১

আমরা কদাচিৎ এই লেখার বিষয়ে চিন্তা করি কারণ আমাদের নিয়মানুগ ধর্মতত্ত্ব (Calvinism, Arminianism, ইত্যাদি) নিয়ন্ত্রণ করে বাধ্যতামূলক সাড়া প্রদান। দয়া করে আমাকে বক্তব্য না শুনে বিচার করবেন না কারণ আমি এই বিষয়টি এনেছি বলে। আমার চিন্তা হল সঠিক শাস্ত্রের বিজ্ঞান সম্মত ব্যাখ্যার প্রক্রিয়া। আমাদের অবশ্যই সুযোগ দিতে হবে বাইবেলকে আমাদের কাছে বলতে এবং পূর্বনির্ধারিত ধর্মতত্ত্বে গড়ে না তোলার চেষ্টা করতে। এটি প্রায় সময়ই কষ্টদায়ক এবং জঘন্য কারণ আমাদের ধর্মতত্ত্বের অধিকাংশ হল সম্প্রদায়গত, সাংস্কৃতিক বা সম্পর্কগত (পিতা-মাতা, বন্ধু, পালক), বাইবেল ভিত্তিক নয়। কিছু লোক আছেন যারা ঈশ্বরের লোকদের মধ্যে থেকে বেরিয়ে গেছেন ঈশ্বরের লোকের মধ্যে থাকবেন না বলে (রোমীয় ৯:৬)।

১১:২২ “ঈশ্বরের মধুর ভাব ও কঠোর ভাব” ঈশ্বরের পথ পতিত মানবজাতির কাছে সবসময় আপাত বিরোধী মনে হবে (যিশা ৫৫:৮-১১)। আমাদের পছন্দ সমূহের পরিণতি আছে। ঈশ্বরের নিবার্চন মানব জাতির দায়িত্বকে বাতিল করে না। ইশ্রায়েল জাতিকে নিবার্চন প্রত্যেক ব্যক্তির পরিত্রাণের নিশ্চয়তা দেয় না।

□ “যদি তুমি সেই মধুর ভাবের শরণাপন্ন থাক” এটি হল একটি THIRD CLASS CONDITIONAL SENTENCE এর সাথে PRESENT SUBJUNCTIVE। এই গঠন বোঝায় যে বিশ্বাসী পরজাতীয়দের ধারাবাহিকতা হল শর্তাধীন (এটি হল রোমীয় ৯ অধ্যায়ের ঈশ্বরের সার্বভৌমত্বের উল্টো দিক); আমাদেরকে পরিশ্রমী হতে হবে আমাদের বিশ্বাস বজায় রাখার জন্য (ফিলি ২:১২-১৩)। এটি নির্দেশ করে দল এবং ব্যক্তির উভয়ের ধৈর্যের (গালা ৬:৯; প্রকা ২:৭,১৭; ৩:৬, ১৩, ২২)। এটি হল নিগূঢ়ত্ব এবং উত্তেজনা বাইবেলের বাস্তবতার এবং ব্যক্তিত্বের। যেখানে উভয় প্রতিজ্ঞা (ঈশ্বরের চরিত্রের ভিত্তিতে) এবং শর্তাধীন চুক্তি (মানুষের সাড়া দানের ভিত্তিতে) রয়েছে। দেখুন বিশেষ বিষয়: ৮:২৫ পদে ধৈর্যধারণের প্রয়োজন।

১১:২৩ এই পদটি অনুসরণ করে ২২ পদের ব্যাকরণগত এবং ধর্মতত্ত্বগত নমুনা। যদি যিহুদীরা অনুতাপ করে এবং বিশ্বাস করে তবে তাদেরকে যুক্ত করা হবে। যদি পরজাতীয়রা বিশ্বাস করা বন্ধ করে, তাদেরকে প্রত্যাখান করা হবে (২০ পদ)। প্রাথমিক বিশ্বাস খ্রীষ্টতে এবং তাঁতে অবিরত বিশ্বাস উভয়ের জন্য গুরুত্বপূর্ণ।

NASB (আপডেটেড) টেক্সট: ১১:২৫-৩২

^{২৫} কারণ, ভাইয়েরা, আমি ইচ্ছা করি না যে, তোমরা এই নিগূঢ়ত্ব অজ্ঞাত থাক-যেন তোমরা নিজেদের জ্ঞানে বুদ্ধিমান না হও-যে কিছু সংখ্যক ইশ্রায়েলের কঠিনতা ঘটেছে যে পর্যন্ত পরজাতীয়দের পূর্ণ সংখ্যা প্রবেশ না করে; ^{২৬} আর এই ভাবে সমস্ত ইশ্রায়েল পরিত্রাণ পাবে; ঠিক যেমন লেখা আছে, “সিয়োন থেকে মুক্তিদাতা আসবেন, তিনি যাকোব থেকে ভক্তহীনতা দূর করবেন।” ^{২৭} “আর এটাই তাদের পক্ষে আমার নিয়ম, যখন আমি তাদের পাপ সকল দূর করবো।” ^{২৮} তারা সুসমাচারের সম্বন্ধে তোমাদের জন্য শক্রে, কিন্তু ঈশ্বরের মনোনয়নের সম্বন্ধে তারা পিতৃপুরুষদের জন্য প্রিয়পাত্র; ^{২৯} কারণ ঈশ্বরের দান সকল ও তাঁর আহ্বান চূড়ান্ত। ^{৩০} কারণ তোমরা যেমন আগে ঈশ্বরের অবাধ্য ছিলে, কিন্তু এখন তাদের অবাধ্যতার জন্য দয়া পেয়েছে, ^{৩১} তেমনি তারাও এখন অবাধ্য হয়েছে, যেন তোমাদের প্রতি যেমন দয়া দেখানো হয়েছে তাদেরও এখন সেরকমই দয়া দেখানো হয়েছে। ^{৩২} কারণ ঈশ্বর সকলকেই অবাধ্যতার কাছে রুদ্ধ করেছেন যেন তিনি সকলের প্রতি দয়া দেখাতে পারেন। (অনুবাদকৃত টেক্সট)।

১১:২৫ “ভাইয়েরা, আমি ইচ্ছা করি না যে তোমরা এই নিগূঢ়ত্ব অজ্ঞাত থাক” এটি হল পৌলের চারিত্রিক বাগধারা (১:১৩; ১ করি ১০:১; ১২:১; ২ করি ১:৮; ১ থিথ ৪:১৩)। এটি সাধারণত পরিচিত করায় তাৎপর্যমূলক আলোচনার। এটা কাজ করে যীশুর প্রারম্ভিক “আমেন, আমেন” এর মত। পৌল প্রায় এটা ব্যবহার করতেন একটি নতুন বিষয়ের সংকেত দিতে।

□

NASB, NKJV,

NRSV “নিগূঢ়ত্ব”

TEV

“একটি গোপন সত্য”

NJB

“এই বিষয়ে সকলের জন্য একটি গোপন কারণ”

বিশেষ বিষয়: নিগূঢ়তত্ত্ব

ঈশ্বরের একটি সমন্বিত উদ্দেশ্য আছে মানবজাতির মুক্তির জন্য যেটি পতনের পূর্ব থেকে পরিকল্পিত (আদি পুস্তক ৩)। এই পরিকল্পনার কিছু ইঙ্গিত আমরা পুরাতন নিয়মে পাই (আদি ৩:১৫; ১২:৩; যাত্রা ১৯:৫-৬; এবং ভাববাদীদের সার্বজনীন প্যাসেজে)। যাহোক এই পূর্ণ পরিকল্পনা স্পষ্ট ছিল না (১ করি ২:৬-৮)। যীশুর এবং পবিত্র আত্মার আসায় এটি আরো স্পষ্ট হয়েছে। পৌল “নিগূঢ়তত্ত্ব” টার্মটি ব্যবহার করেছেন সম্পূর্ণ মুক্তির পরিকল্পনা বর্ণনা করতে (১ করি ৪:১; ইফি ৬:১৯; কল ৪:৩; ১ তীম ১:৯)। যাহোক, তিনি এটা ব্যবহার করেছেন কয়েকটি ভিন্ন অর্থে:

১. একটি আংশিক কঠিনীভূত ইস্রায়েল সুযোগ দিয়েছে পরজাতীয়দের যুক্ত হতে। এই পরজাতীয়দের আন্তঃপ্রবাহ কাজ করবে একটি কৌশল হিসেবে যিহুদীদের জন্য যীশুকে ভবিষ্যত বাণীর খ্রীষ্ট হিসেবে গ্রহণ করতে (রোমীয় ১১:২৫-৩২)।
২. সুসমাচার সকল জাতির কাছে জানানো হয়েছিল, যাদের সকলকে খ্রীষ্টেতে এবং খ্রীষ্টের মধ্য দিয়ে যুক্ত করা হয়েছে (রোমীয় ১৬:২৫-২৭; কল ২:২)।
৩. দ্বিতীয় আগমনে বিশ্বাসীদের নতুন দেহ (১ করি ১৫:৫-২৭; ১ থিষ ৪:১৩-১৮)।
৪. খ্রীষ্টেতে সকল বিষয়ের সারমর্ম (ইফি ১:৮-১১)।
৫. পরজাতীয়রা এবং যিহুদীরা সহ-উত্তরাধিকারী (ইফি ২:১১-৩:১৩)।
৬. খ্রীষ্ট এবং মন্ডলীর মধ্যে অন্তরঙ্গ সম্পর্ক বর্ণনা করা হয়েছে বিবাহের টার্মে (ইফি ৫:২৩-৩৩)।
৭. পরজাতীয়দের সংযুক্তি নিয়মের লোকদের সাথে এবং খ্রীষ্টের আত্মার বাস যেন খ্রীষ্টসাদৃশ্য পরিপক্বতা উৎপন্ন হয়, যেটি হল পতিত মানব জাতিতে ঈশ্বরের ক্ষতিগ্রস্ত প্রতিচ্ছবি পুনস্থাপিত হয় (আদি ৬:৫, ১১-১৩; ৮:২১) মানুষে ঈশ্বরের (আদি ১:২৬-২৭; ৫:১; ৯:৬; কল ১:২৬-২৮)।
৮. শেষ সময়ের খ্রীষ্ট শত্রুর (২ থিষ ২:১-১১)।
৯. একটি আদি মন্ডলীর নিগূঢ়তত্ত্বের সারমর্ম পাওয়া যায় ১ তীম ৩:১৬ পদে।

□ “তোমরা নিজেদের জ্ঞানে বুদ্ধিমান না হও” এখানে আরেকটি ইঙ্গিত আছে রোমীয় মন্ডলী (গুলি)তে দ্বন্দ্বের (১৮ পদ)।



NASB “কিছু পরিমাণে ইস্রায়েলের কঠিনতা ঘটেছে”

NKJV “আংশিক ইস্রায়েলের কঠিনতা ঘটেছে”

NRSV “ইস্রায়েলে কিছু পরিমাণে কঠিনতা এসেছে”

TEV “ইস্রায়েলীয় লোকদের স্থবিরতা স্থায়ী নয়”

NJB “ইস্রায়েলীয়দের একটি আংশিক অন্ধ হয়েছে”

এই বিবৃতি অবশ্যই ১১ অধ্যায়ের সবকিছুর সাথে সম্পর্কিত। কিছু বিশ্বাসী যিহুদী সেখানে রয়েছে এবং ধারাবাহিক ভাবে থাকবে। এই আংশিক অন্ধত্ব, ঈশ্বরের দ্বারা হয়েছে (৮-১০ পদ) যিহুদীদের যীশুকে প্রত্যাখানের কারণে, ঈশ্বরের সকল মানবজাতির মুক্তির পরিকল্পনার খাপে খাপে মিলে যায়। ঈশ্বর সকলকে পরিত্রাণের প্রতিজ্ঞা করেছেন (আদি ৩:১৫)। তিনি আব্রাহামকে নিবার্চন করেছেন সকলের কাছে পৌছাবার জন্য (আদি ১২:৩)। তিনি ইস্রায়েলকে নির্বাচন করেছেন সকলের কাছে পৌছাবার জন্য (যাত্রা ১৯:৫-৬, দেখুন বিশেষ বিষয় ৮:২৫ পদে)। ইস্রায়েল তার প্রচার কাজের চেষ্টিয় ব্যর্থ হয়েছিল অহংকার, অবিশ্বস্ততা এবং অবিশ্বাসের মধ্য দিয়ে। ঈশ্বর অবিহুদীদের কাছে পৌছাতে চেয়েছিলেন ইস্রায়েলকে করা আশীর্বাদের মধ্য দিয়ে (দ্বিতীয় বিবরণ ২৭-২৯)। ইস্রায়েল নিয়ম রক্ষা করতে পারেনি, সেহেতু, ইস্রায়েলের উপরে ঈশ্বরের সাময়িক বিচারের দায় পতিত হয়েছিল। এখন ঈশ্বর এই বিচারের রায় তুলে নিয়েছেন এবং তা ব্যবহার করছেন বিশ্বাসের মধ্য দিয়ে সকল মানব জাতিকে মুক্তির জন্য তাঁর আসল উদ্দেশ্যে পরিপূরণে (৩০-৩১ পদ; যিহি. ৩৬:২২-৩৮)।

□ “যে পর্যন্ত পরজাতীয়দের পূর্ণ সংখ্যা প্রবেশ না করে” এই একই টার্ম (*pleroma*) যিহুদীদের জন্য ব্যবহার করা হয়েছে ১২ পদে। উভয় পদই ঈশ্বরের পূর্ব জ্ঞান এবং নিবার্চনের কথা বলে। “পর্যন্ত” বলে একটি সময় সীমা এই পরজাতীয়দের সময়কালের (লুক ২১:২৪)।

১১:২৬ “সমস্ত ইস্রায়েল পরিত্রাণ পাবে” দুটি সম্ভাব্য ব্যাখ্যা রয়েছে।

১. এটি নির্দেশ করে ইস্রায়েল জাতিকে— প্রত্যেক যিহুদী ব্যক্তিকে নয় কিন্তু সংখ্যাগরিষ্ঠকে ইতিহাসের একটি সুনির্দিষ্ট পয়েন্টে।
২. এটি কিছু কিছু অর্থে নির্দেশ করে আত্মিক ইস্রায়েলের, মন্ডলী।

পৌল এই ধারণা ব্যবহার করেছেন রোমীয় ২:২৮-২৯, গালা ৬:১৬; ১ পিতর ২:৫,৯; প্রকা ১:৬ পদে। “যিহুদীদের পূর্ণ অংশ” ১২ পদে এবং “পরজাতীয়দের পূর্ণ অংশ” ২৫ পদে হল সমান্তরাল সম্পর্ক। এটি হল ঈশ্বরের নিবার্চন অর্থে “সকল” প্রত্যেক ব্যক্তির অর্থে নয়। প্রতিজ্ঞার জলপাই গাছটি একদিন সম্পূর্ণ হবে।

কিছু ব্যাখ্যাকারক বলেন যে এটি শুধু ইস্রায়েল জাতিকে নির্দেশ করে কারণ

১. ৯-১১ অধ্যায়ের প্রসঙ্গ
২. ২৬-২৭ পদে পুরাতন নিয়মের উদ্ধৃতি
৩. স্পষ্ট বিবৃতি ২৮ পদের

ঈশ্বরের এখনো ভালোবাসা এবং আকাঙ্ক্ষা রয়েছে আব্রাহামের প্রকৃত বংশধরদের রক্ষা করতে! তাদের অবশ্যই খ্রীষ্টে বিশ্বাসের মধ্য দিয়ে আসতে হবে (সখ ১২:১০)।

সেই যিহূদীরা যারা “কঠিনীভূত” ছিল শেষ সময়ে তারা কি একটি সুযোগ পাবে সাড়া দেবার এই প্রশ্নটির উত্তর এখন থেকে বা কোন লেখনী থেকে দেওয়া হয়নি। আমেরিকান হিসাবে আমরা সংস্কৃতিগত ভাবে অভ্যস্ত ব্যক্তি-স্বাতন্ত্র্য প্রশ্ন জিজ্ঞাসা করতে কিন্তু বাইবেল গুরুত্ব দেয় সম্পূর্ণ যৌথতে। এই রকমের সকল প্রশ্ন ঈশ্বরের কাছে রাখা উচিত। তিনি তাঁর সৃষ্টির প্রতি ন্যায়বান হবেন যাকে তিনি ভালবাসেন!

□ “যেমন লেখা আছে” এটি নির্দেশ করে the Septuagint এর যিশা ৫৯:২০-২১ (২৬ পদ) এবং ২৭:৯ (২৭ পদ) থেকে দুটি উদ্ধৃতি। পরিব্রাজণের কার্য-কৌশল হবে যীশু মশীহে বিশ্বাস করে। সেখানে কোন দ্বিতীয় পরিকল্পনা নেই, শুধুমাত্র একটি পরিকল্পনা। সেখানে কেবলমাত্র একটি উপায়ে রক্ষা পাওয়া যাবে (যোহন ১০:৭-১৮; ১১:২৫-২৯; ১৪:৬)।

১১:২৭ যিশাইয় ২৭:৯ পদ, যেটি উদ্ধৃত করা হয়েছে ২৭ পদে, প্রতিজ্ঞাকৃত ভূমিতে ইস্রায়েলের পুনঃস্থাপনের (১-১১ পদ) সাথে ঐতিহ্যগত শত্রুকে (পরজাতীয় জাতি) অর্ন্তভুক্ত করার আমন্ত্রণ জানানোর সঙ্গে যুক্ত (১২-১৩ পদ)। যদি এই পুনঃস্থাপন আক্ষরিক হয় তাহলে সহস্রাব্দ মনে হয় এই ভবিষ্যত বাণীকে পরিপূর্ণ করবে। যদি এটা হয় রূপক হয়, তাহলে নতুন চুক্তি, সুসমাচারের নিগূঢ়তত্ত্ব, যেখানে লক্ষ্য হল যিহূদী এবং পরজাতীয় ঈশ্বরের মশীহে বিশ্বাসের দ্বারা যুক্ত হবে (ইফি ২:১১-৩:১৩)। এটি সিদ্ধান্ত নেওয়া কঠিন। কিছু কিছু পুরাতন নিয়মের ভাববাণী নতুন নিয়মের মন্ডলীতে প্রয়োগ হয়েছে। তথাপি ঈশ্বর তাঁর প্রতিজ্ঞায় বিশ্বস্ত, এমনকি যখন মানুষ বিশ্বস্ত নয় (যিহি ৩৬:২২-৩৬)।

১১:২৮ এই পদ প্রতিফলিত করে নিবার্চনের যমজ দিক।

১. পুরাতন নিয়মের নিবার্চন ছিল সেবার জন; ঈশ্বর মানুষকে হাতিয়ার হিসাবে মনোনয়ন করেছেন সকল মানবজাতির মুক্তির উদ্দেশ্যে।
২. নতুন নিয়মের নিবার্চন সুসমাচার এবং অনন্ত পরিব্রাজণের সাথে সংযুক্ত; এই পরিব্রাজণ সকল মানুষ যারা ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট সব সময়ের জন্য তারাই লক্ষ্য ছিল (আদি ৩:১৫)।

ঈশ্বর তাঁর প্রতিজ্ঞায় বিশ্বস্ত। এটি সত্য পুরাতন নিয়মের বিশ্বাসীদের এবং নতুন নিয়মের পবিত্র লোকদের জন্য। মূল হল ঈশ্বরের বিশ্বস্ততা, মানবজাতির নয়, ঈশ্বরের দয়া, মানবজাতির কর্মদক্ষতা নয়। নিবার্চন হল আশীর্বাদের উদ্দেশ্যের জন্য, বাতিলের নয়!

□ “তারা পিতৃপুরুষদের জন্য নিমিত্ত প্রিয়পাত্র” এটি হল যাত্রা ২০:৫-৬ এবং দ্বি.বি ৫:৯-১০ ও ৭:৯ পদের প্রতিজ্ঞা। পরিবারসমূহ আশীর্বাদপ্রাপ্ত কারণ পূর্বের বংশধরদের বিশ্বাসের কারণে। ইস্রায়েল আশীর্বাদপ্রাপ্ত তাদের বিশ্বস্ত আদিপিতাদের কারণে (দ্বি.বি ৪:৩৭; ৭:৮; ১০:১৫)। যে মশীহ যিহূদীয়া থেকে আসবেন তা ছিল দায়ুদের কাছে করা একটি প্রতিজ্ঞা (২ শমুয়েল ৭)। যাহোক, এছাড়া এটা অবশ্যই বলতে হবে যে এমনি “বিশ্বস্ত” -রা সম্পূর্ণভাবে ব্যবস্থা পালন করতে পারেনি (যিহি ৩৬:২২-৩৬)। বিশ্বাস- ব্যক্তিগত বিশ্বাস, পারিবারিক বিশ্বাস, কিন্তু উপযুক্ত বিশ্বাস নয়- ঈশ্বরের কাছে গ্রহণযোগ্য এবং সম্ভাব্য পরিবারের মাধ্যমে প্রতিবাহিত হয়েছে (১ করি ৭:৮-১৬)।

১১:২৯

NASB, NKJV,

NRSV “কারণ ঈশ্বরের দান সকল ও তাঁর আহবান চূড়ান্ত”

TEV

“কারণ ঈশ্বর যাদের আশীর্বাদ ও মনোনিত করেছেন তাদের প্রতি মন পরিবর্তন করেন না”

NJB

“ঈশ্বর কখনই তাঁর আশীর্বাদ ফিরিয়ে নেন না বা তাঁর মনোনয়ন বাতিল করেন না”

এটি নির্দেশ করে না ব্যক্তির প্রতি আত্মিক দানের (১ করিথীয় ১২), কিন্তু পুরাতন এবং নতুন নিয়মে ঈশ্বরের পরিব্রাজণের প্রতিজ্ঞার প্রতি। নিবার্চন হল কার্যকারী। ঈশ্বরের বিশ্বস্ততা ইস্রায়েল জাতির (মালা ৩:৬) এবং আত্মিক ইস্রায়েলের জন্য আশা!

১১:৩০-৩২ এই পদগুলি হল ঈশ্বরের পরিকল্পনা এবং উদ্দেশ্য সমূহের একটি সারমর্ম।

১. এগুলি সব সময়ই তাঁর দয়া উপর ভিত্তি করে (দেখুন টীকা ৯:১৫-১৬ পদে), নির্বিচারে নিয়তিবাদ নয়। “দয়া” টার্মটি এই বৃহত্তর প্রসঙ্গে ব্যবহার করা হয়েছে চারবার (৯:১৫, ১৬, ১৮, ২৩)।
২. ঈশ্বর সকল মানুষের বিচার করেছেন। যিহূদী এবং পরজাতী সকলেই পাপী (৩:৯, ১৯, ২৩; ৫:১১)।
৩. ঈশ্বর মানবজাতির প্রয়োজন এবং অক্ষমতাকে ব্যবহার করেছেন সকল মানবজাতিকে দয়া দেখানোর সুযোগ হিসেবে (২২ পদ) আবার এই প্রসঙ্গে “সকল” অবশ্যই দেখতে হবে ১২ এবং ২৫-২৬ পদের আলোকে। সকল ব্যক্তি ঈশ্বরের আহ্বানে সাড়া দেবে না, কিন্তু সকল মানুষ মুক্তির লক্ষ্যে অর্ন্তভুক্ত (৫:১২-২১; যোহন ৩:১৬)। হে, ঈশ্বর, এটাই যেন হয়!!!

১১:৩০ এবং ৩১ “কিন্তু এখন” এটি কঠোরভাবে বোঝায় যীশুতে বিশ্বাসের দ্বারা ইস্রায়েল জাতির আত্মিক রূপান্তর (সখ ১২:১০)। যেমন পরজাতীয়দের “অবিশ্বাস” ঈশ্বরের দয়া দ্বারা অতিক্রম করা হয়েছে, সেভাবেই যিহূদী “অবিশ্বাস”।

NASB (আপডেটেড) টেক্সট: ১১:৩৩-৩৬

^{৩৩} আহা! ঈশ্বরের ধনাত্ম্যতা প্রজ্ঞা ও জ্ঞান উভয়ই কেমন অগাধ! তাঁর বিচার সকল কেমন অননুসঙ্গে এবং তাঁর পথ সকল কেমন বোধাতীত!

^{৩৪} কারণ প্রভুর মন কে জেনেছে, অথবা তাঁর মস্তিষ্কই বা কে হয়েছে? ^{৩৫} অথবা কে আগে তাঁকে কিছু দান করেছে যে এই জন্য তাঁর প্রত্যুৎপকার করতে হবে? ^{৩৬} যেহেতু সকলই তাঁর এবং তাঁর দ্বারা ও তাঁর জন্য। যুগে যুগে তাঁরই গৌরব হোক। আমেন। (অনুবাদকৃত টেক্সট)।

১১:৩৩-৩৬ এটি হল পৌলের একটি চমৎকার আকস্মিক ঈশ্বরের প্রশংসাগীত। পৌল ঈশ্বরের উপায়ে অভিবৃত্ত হয়েছিলেন: নিয়মের বিশ্বস্ততা, নিয়মে সংযোজন, নিয়মের সুসম্পূর্ণতায়।

১১:৩৩ “ধনাঢ্যতা” এটি হল পৌলের একটি প্রিয় বাগধারা (২:৪; ৯:২৩; ১০:১২,৩৩; ইফি ১:৭,৮; ২:৭; ৩:৮,১৬; ফিলি ৪:১৯; কল ১:২৭)। সুসমাচারের চালিকা শক্তি এবং মানবজাতির আশা হল ঈশ্বরের চরিত্র এবং পরিকল্পনার দয়াময় প্রাচুর্য্য (যিশা ৫৫:১-৭)।

□ “তঁার বিচার সকল কেমন অননুসঙ্গে এবং তঁার পথ সকল কেমন বোধাতীত” এটি হল একটি উপযুক্ত ঈশ্বরের প্রশংসাগীত ৯-১১ অধ্যায়ের আপাতবিরোধী সত্যের প্রতি (যিশা ৫৫:৮-১১)।

১১:৩৪ এটি হল Septuagint থেকে যিশা ৪০:১৩-১৪ পদের একটি উদ্ধৃতি, যেখানে ঈশ্বর তঁার লোকদের মুক্ত করেছেন তাদের নিবার্ণন থেকে ফিরিয়ে এনে। ১ করি ২:১৬ পদে পৌল এই একই প্যাসেজ উদ্ধৃত করেছেন কিন্তু শিরোনাম অর্পণ করেছেন যীশুকে “প্রভু” বলে।

১১:৩৫ এটি হল একটি আলাগা উক্তি ইয়োব ৩৫:৭ বা ৪১:১১ পদ থেকে।

১১:৩৬ “যেহেতু সকলই তঁার এবং তঁার দ্বারা ও তঁার জন্য” এই শব্দগুচ্ছ সমূহ নির্দেশ করে এই প্রসঙ্গে পিতা ঈশ্বরকে (১ করি ১১:১২), কিন্তু নতুন নিয়মের অন্যান্য প্যাসেজের সাথে একই রকমের যেটি নির্দেশ করে পুত্র ঈশ্বর (১ করি ৮:৬; কল. ১:১৬; ইব্রীয় ২:১০)। পৌল নিশ্চিত করেছেন যে সকল বিষয় ঈশ্বরের থেকে এসেছে এবং ঈশ্বরের কাছে ফিরে যায়।

□ “যুগে যুগে তঁারই গৌরব হোক” এটি হল নতুন নিয়মের বৈশিষ্ট্যমূলক আর্শীবাদ ঈশ্বরের প্রতি। এটা নির্দেশ করে

১. কিছু কিছু ক্ষেত্রে পিতার প্রতি (১৬:২৭; ইফি ৩:২১; ফিলি ৪:২০; ১ পিতর ৪:১১; ৫:১১; যিহুদা ২৫; প্রকা ৫:১৩; ৭:১২)
২. কিছু কিছু ক্ষেত্রে পুত্রের প্রতি (১ তীম ১:১৭; ২ তীম ৪:১৮; ২ পিতর ৩:১৮; প্রকা ১:১৬)

দেখুন পূর্ণ টীকা ৩:২৩ পদে।

□ “আমেন” দেখুন বিশেষ বিষয় ১:২৫ পদে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কিভাবে ইস্রায়েল ঈশ্বরের পরিব্রাজনের পথ হারিয়ে ফেলেছিল?
২. কোন দুইটি কারণ প্রমাণ হিসাবে পৌল দিয়েছেন যে ঈশ্বর ইস্রায়েলকে প্রত্যাখান করেন নি?
৩. কেন ঈশ্বর যিহুদীদের “হৃদয়” কঠিন করেছিলেন? কিভাবে?
৪. যিহুদী “অবশিষ্টাংশ” ধারণা দ্বারা কি বোঝায় (২-৫ পদ)?
৫. নতুন নিয়মের “নিগূঢ়তন্ত্র” টার্মটির সংজ্ঞা দিন।
৬. ১১:২৬ পদ কি বোঝায়? কেন? কিভাবে এটি ৯:৬ পদের সাথে সম্পর্কিত?
৭. পরজাতীয় বিশ্বাসীদের পৌল কি সাবধানবাণী দিয়েছেন (১৭-২৪ পদ)?

রোমীয় ১২

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
খ্রীষ্টে নূতন জীবন	ঈশ্বরের কাছে জীবন্ত উৎসর্গ	পবিত্রকৃত জীবন	ঈশ্বরের সেবায় জীবন	আত্মিক অঅরাধনা
১২:১-২	১২:১-৮	১২:১-২	১২:১-২	১২:১-২
				নন্দতা এবং সেবা
১২:৩-৮		১২:৩-৮	১২:৩-৮	১২:৩-১৩
খ্রীষ্টিয় জীবনের অনুশাসন	খ্রীষ্টিয়ানের মত আচরণ	উৎসাহহাদাস		
১২:৯-২১	১২:৯-২১	১২:৯-১৩	১২:৯-১৩	প্রত্যেকের জন্য সেবা এমনকি শত্রুদের জন্যও
		১২:১৪-২১	১২:১৪-১৬	১২:১৪-২১
			১২:১৭-২১	

পাঠ চক্র তিন (দেখুন পৃষ্ঠা p. viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১-৮ পদের প্রাসঙ্গিক অর্ন্তদৃষ্টি

- এটি রোমীয় পুস্তকের (১২:১-১৫:১৩) ব্যবহারিক অংশের শুরু। পৌলের চিঠিগুলি ছিল উপলক্ষ্যমূলক লেখা, সেহেতু, সেগুলিতে মতবাদগত এবং প্রয়োগগত উভয় অংশ রয়েছে। পৌল লিখেছিলেন একটি স্থানীয় সমস্যা বা বাঁধা উল্লেখ করতে। যেহেতু রোমীয় ১-৮ অধ্যায় হল সেরকম একটি চমৎকার মতবাদগত সারাংশ, এর নীতিগত এবং ব্যবহারিক অংশ সমানভাবে শক্তিশালী।
- ধর্মতত্ত্ব জীবনধারায় প্রয়োগ ছাড়া ঈশ্বরীয় হয় না (মথি ৭:২৪-২৭; যোহন ১৩:১৭; রোমীয় ২:১৩; যাকোব ১:২২, ২৫; ২:১৪-২৬)। পৌল স্পষ্টভাবে শিক্ষা দিয়েছেন যীশুতে বিশ্বাসের মধ্য দিয়ে ঈশ্বরের অনুগ্রহ দ্বারা বিনামূল্যে দত্ত পরিত্রাণের, কিন্তু এই বিনামূল্যের উপহারের অর্থ আমাদের জীবনকে ব্যাপক ভাবে পরিবর্তন করা! পরিত্রাণ বিনামূল্যে দত্ত, কিন্তু এটা অবশ্যই অনুসরণ করবে একটি ব্যাপক খ্রীষ্টসাদৃশ্যতার দ্বারা! আমাদের উচিত হবে না পবিত্রীকরণ থেকে ন্যায্যতা আলাদা করা!
- ১-২ পদ সম্পূর্ণ ব্যবহারিক অংশের একটি ভূমিকা গঠন করেছে। এটি হল আত্মা পরিচালিত জীবনের জন্য ভিত্তি (৮ অধ্যায়)।

ঘ. ৩-৮ পদ আলোচনা করেছে আত্মিক বর-দানের বিষয় নিয়ে। খ্রীষ্টতে আমাদের সম্পূর্ণ সমর্পণ অবশ্যই ঈশ্বরের (দ্বি. বি ৬:৪-৫; মথি ২২:৩৭) এবং অন্যদের সেবার বিষয় হবে (লেবীয় ১৯:১৮; মথি ১৯:১৯)। এই উপহারগুলি গুরুত্ব দেয় আমাদের খ্রীষ্টে ঐক্য এবং বিবিধ বর-দানের (ইফি ৪:১-১০)। বিশ্বাসীদের অবশ্যই আকাঙ্ক্ষী থাকতে হবে ঐক্যের জন্য, সমরুপতার নয়। আমরা ঈশ্বরের দ্বারা সুসজ্জিত পরস্পরকে সেবা করতে (১ করি ১২:৭,১১; ইফি ৪:১১-১৩)!

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১২:১-২

^১ সেজন্য, হে ভাইয়েরা, ঈশ্বরের নানা করুণার অনুরোধে আমি তোমাদেরকে বিনতি করছি, তোমরা নিজ নিজ দেহকে জীবিত ও পবিত্র উপহার হিসাবে, ঈশ্বরের গ্রহণযোগ্য বলি হিসাবে উৎসর্গ কর, এটাই তোমাদের চিন্ত সঙ্গত আরাধনা। ^২ আর এই জগতের মত হয়ো না, কিন্তু মনের নূতনীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও; যেন তোমরা পরীক্ষা করে জানতে পার, ঈশ্বরের ইচ্ছা কি; যা উত্তম ও প্রীতিজনক ও সিদ্ধ। (অনুবাদকৃত টেক্সট)।

□ “সেজন্য” পৌল এই টার্মটি ব্যবহার করেছেন রোমীয় পুস্তকে তার সুসমাচারের সত্য উপস্থাপনের তাৎপর্যপূর্ণ পরিবর্তনগত অংশে।

১. ৫:১ থেকে কয়েকটি পদে এর সারাংশ “বিশ্বাসের দ্বারা ধার্মিকতা লাভ”
২. ৮:১ থেকে কয়েকটি পদে এর সারাংশ বিশ্বাসীদের পাপের সাথে সম্পর্ক, যেটিকে বলা হয়েছে পবিত্রীকরণ
৩. ১২:১ থেকে কয়েকটি পদ বিশ্বাসীদের দৈনন্দিন জীবনে ধার্মিকতা ও পবিত্রীকরণের ব্যবহারিক বাহ্যিক কাজের সাথে সম্পর্কিত।

১২:১

NASB	“আমি তোমাদেরকে বিনতি করছি”
NKJV	“আমি তোমাকে অনুরোধ করছি”
NRSV, TEV	“আমি তোমাকে আবেদন করছি”
NJB	“আমি বিনতি করছি”

এই শব্দগুচ্ছ হল মুদ্র ও কাঠিন উভয়ই। এটি হল উপযুক্ত জীবন যাপন করার একটি আহ্বান। পৌল এই টার্মটি প্রায়ই ব্যবহার করেছেন (১২:১; ১৫:৩০; ১৬:১৭; ১ করি ১:১০; ৪:১৬; ১৬:১৫; ২ করি ২:৮; ৫:২০; ৬:১; ১০:১; ১২:৮; ইফি ৪:১; ফিলি ৪:২; ১ থি ৪:১০; ১ তীম ১:৩; ফিলিমন ৯-১০ পদ)।

□ “ভাইয়েরা” পৌল প্রায় এই টার্মটি ব্যবহার করেছেন একটি নতুন বিষয় পরিচয় করিয়ে দিতে।

□ “ঈশ্বরের নানা করুণার অনুরোধে” LXX এটিকে বর্ণনা করে YHWH এর সহানুভূতিশীল প্রকৃতির (যাত্রা ৩৪:৬)। এখানে এটি নির্দেশ করে ১-১১ অধ্যায়ের মতবাদগত অগ্রগতির। রোমীয়তে একটি সুস্পষ্ট গুরুত্ব আছে পতিত মানব জাতির (৯:১৫, ১৬, ১৮, ২৩; ১১:৩০, ৩১, ৩২; ১২:৮; ১৫:৯) সাথে মোকাবেলার জন্য ঈশ্বরের “দয়া” (*oikēirō* ও *eleēō* উভয়ই)। কারণ ঈশ্বরের অনুগ্রহ এবং দয়া বিনামূল্যে দত্ত হয়েছে, বিশ্বাসীদের অবশ্যই ধার্মিক জীবন যাপন করতে হবে (ইফি ১:৪; ২:১০) কৃতজ্ঞতা হিসেবে, কৃতিত্বে নয় (ইফি ২:৮-৯)। নতুন জীবনের (অর্থাৎ, কল ৩:৯, ১০, ১২) অর্থ হল অন্যদের খ্রীষ্টতে বিশ্বাসে ফেরানো!

□ “উৎসর্গ কর” এটি হল একটি AORIST INFINITIVE। এটি ছিল এই প্রসঙ্গে ব্যবহৃত কয়েকটি উৎসর্গের টার্মের একটি: উৎসর্গ, ১ পদ; পবিত্র, ১ পদ; গ্রহণযোগ্য, ১ পদ। এই একই ধারণা প্রকাশ করা হয়েছে ৬:১৩, ১৬, ১৯ পদে। মানুষ তাদের নিজেদেরকে হয় ঈশ্বরকে না হয় শয়তানকে সমর্পণ করবে। যেমন খ্রীষ্ট নিজেকে অদ্বিতীয় ভাবে পিতার ইচ্ছা অনুযায়ী করতে দিয়েছেন, এমনকি ক্রুশে মৃত্যুবরণও, তাঁর অনুসারীদের অবশ্যই তার মত স্বার্থত্যাগের জীবনযাপন অনুকরণ করতে হবে (২ করি ৫:১৪-১৫; গালা ২:২০; ১ যোহন ৩:১৬)।

□ “নিজ নিজ দেহকে” খ্রীষ্টিয়ান ধর্ম গ্রীক দর্শন থেকে অনেক ভিন্ন, যেটি মনে করতো বাস্তব শরীর ছিল মন্দ। এটি হল প্রলোভনের ময়দান কিন্তু এটি হল নৈতিক ভাবে নিরপেক্ষ। “শরীর” টার্মটি মনে হয় ২ পদে “মন” এর সাথে সমান্তরাল। বিশ্বাসীদের অবশ্যই তাদের সম্পূর্ণ স্বভাৱ ঈশ্বরের প্রতি সমর্পিত করতে হবে (দ্বি. বি ৬:৫; ১ করি ৬:২০) যেমন তারা আগে পাপের প্রতি সমর্পণ করেছিল (রোমীয় ৬)।

□ “জীবিত” এটি ছিল ব্যাপক ভাবে যিহুদী বা পৌত্তলিক মন্দিরে মৃত উৎসর্গের থেকে আলাদা (৬:১৩; গালা ২:২০)। এটি অবশ্যই আলাদা করতে হবে asceticism (ধর্মীয় উদ্দেশ্যের জন্য শরীরের উপর নিষ্ঠুর আচরণ করা) থেকে। এটি শরীরের বিছিন্নতা, শান্তি বা কৌমার্য নয় যে এটি পক্ষাবলম্বন করে, কিন্তু একটি সক্রিয় সেবার জীবন এবং খ্রীষ্টসাদৃশ্য ভালবাসা।

□ “পবিত্র বলি হিসাবে” “পবিত্র” টার্মটির অর্থ “ঈশ্বরের সেবার জন্য আলাদা করা”। এই টার্মটির লক্ষ্য এই প্রসঙ্গে বিশ্বাসীদের শুচিকরণ এবং সহজলভ্যতা ঈশ্বরের উদ্দেশ্যে ব্যবহৃত হবার জন্য।

বিশেষ বিষয়: পবিত্র

I.

পুরাতন নিয়ম

- ক. *kadosh* (BDB 872) টার্মটির শব্দতত্ত্ব অনির্দিষ্ট, সম্ভবত Canaanite। এটা সম্ভব যে মূলের (অর্থাৎ, *kd*) কিছু অংশের অর্থ “ভাগ করা”। এটি জনপ্রিয় সংজ্ঞা “ঈশ্বরের ব্যবহারে জন্য আলাদা (Canaanite সংস্কৃতি থেকে, দ্বি. বি ৭:৬; ১৪:২, ২১; ২৬:১৯)” এর উৎস।
- খ. এটি সম্পর্কিত বস্তুতে, স্থানে, সময়ে এবং ব্যক্তিতে ঈশ্বরের উপস্থিতির। এটি আদিপুস্তকে ব্যবহার করা হয় নি, কিন্তু যাত্রা পুস্তক, লেবীয় পুস্তক এবং গণনা পুস্তকে প্রচলিত হয়েছে।
- গ. ভাববাণী মূলক সাহিত্যে (বিশেষত যিশাইয় ও হোশেয়) ব্যক্তিগত উপাদান পূর্বে উপস্থিত ছিল, কিন্তু অগ্রবর্তী হতে গুরুত্ব দেওয়া হয়নি। এটি একটি উপায় হয়ে দাড়ায় ঈশ্বরের আত্মার উল্লেখের (যিশা ৬:৩)। ঈশ্বর পবিত্র। তাঁর নাম তাঁর চরিত্র উপস্থাপন করে, আর তাহল পবিত্র। তাঁর লোকেরা যারা তাঁর চরিত্র এই দরিদ্র পৃথিবীতে প্রকাশ করবে তারাও পবিত্র (যদি তারা বিশ্বাসে নিয়ম পালন করে)।
- ঘ. ঈশ্বরের দয়া এবং ভালবাসা হল অবিচ্ছেদ্য নিয়মের ধর্মতাত্ত্বিক ধারণা, ন্যায় বিচার এবং আবশ্যিক চরিত্র থেকে। এখানে রয়েছে ঈশ্বরের উত্তেজনা অপবিত্র, পতিত, বিদ্রোহী মানবজাতির প্রতি। একটি খুবই উৎসাহজনক প্রবন্ধ রয়েছে Robert B. Girdlestone, এর *Synonyms of the Old Testament*, pp. 12-113 -য় “দয়াবান” হিসেবে ঈশ্বর এবং “পবিত্র” হিসেবে ঈশ্বরের মধ্যকার সম্পর্কের বিষয়ে।

নতুন নিয়ম

- ক. নতুন নিয়মের (লুক বাদে) লেখকেরা হলেন ইব্রীয় চিন্তাবিদ, কিন্তু প্রভাবিত হয়েছেন Koine গ্রীক (অর্থাৎ, সেপ্টুয়াজিট) দ্বারা। এটি হল পুরাতন নিয়মের গ্রীক অনুবাদ, সনাতন গ্রীক সাহিত্য, চিন্তা বা ধর্ম যেটি তাদের শব্দভাণ্ডার নিয়ন্ত্রণ করে তা নয়।
- খ. যীশু হলেন পবিত্র কারণ তিনি হলেন ঈশ্বর এবং ঈশ্বরের মত (লুক ১:৩৫; ৪:৩৪; প্রেরিত ৩:১৪; ৪:২৭,৩০)। তিনি হলেন পবিত্র এবং ধার্মিক (প্রেরিত ৩:১৪; ২২:১৪)। যীশু হলেন পবিত্র কারণ তিনি নিষ্পাপ (যোহন ৮:৪৬; ২ করি ৫:২১; ইব্রীয় ৪:১৫; ৭:২৬; ১ পিতর ১:১৯; ২:২২; ১ যোহন ৩:৫)।
- গ. যেহেতু ঈশ্বর পবিত্র, তাঁর সন্তানদেরও পবিত্র হতে হবে (লেবীয় ১১:৪৪-৪৫; ১৯:২; ২০:৭, ২৬; মথি ৫:৪৮; ১ পিতর ১:১৬)। যেহেতু যীশু পবিত্র, তাঁর অনুসারীদের পবিত্র হতে হবে (রোমীয় ৮:২৮-২৯; ২ করি ৩:১৮; গালা ৪:১৯; ইফি ১:৪, ১ থিথ ৩:১৩; ৪:৩; ১ পিতর ১:১৫)। খ্রীষ্টীয়ানরা রক্ষা পেয়েছে খ্রীষ্টসাদৃশ্য (পবিত্রতা) হয়ে সেবা করার জন্য।

□ “ঈশ্বরের গ্রহণযোগ্য” এটি নির্দেশ করে পুরাতন নিয়মের একটি সঠিক উৎসর্গ (২ পদ)। এটি হল “দোষহীন” ধারণা মত একই রকম, যখন লোকদের নির্দেশ করে ব্যবহার করতে (আদি ৬:৯; ১৭:১; দ্বি.বি ১৮:১৩; ইয়োব ১:১)।

□

NASB “এটাই তোমাদের চিত্ত সঙ্গত আরাধনা”

NKJV “এটাই তোমাদের যুক্তিসঙ্গত আরাধনা”

NRSV “এটাই তোমাদের আত্মিক আরাধনা”

TEV “ইহাই সত্যিকার আরাধনা যা তোমরা অবশ্যই করবে”

NJB “একটি উপায় যেভাবে উপযুক্ত চিন্তা করা হয়”

এই টার্মটির [*logikos*] উৎপত্তি হয়েছে *logizomai* থেকে, যার অর্থ “যুক্তি” (মার্ক ১১:৩১; ১ করি ১৩:১১; ফিলি. ৪:৮)। এই প্রসঙ্গে এর অর্থ হতে পারে যৌক্তিক বা যুক্তিসম্মত। কিন্তু টার্মটি এছাড়াও ব্যবহার করা হয়েছে একটি “আত্মিক” অর্থে যেমন ১ পিতর ২:২ পদে। মূল বিষয়টি মনে হয় একজনের সত্যিকার স্বভাব একটি সচেতন উৎসর্গ বনাম মৃত বা আনুষ্ঠানিক মৃত বলিদানের পশু উৎসর্গ। ঈশ্বর চান আমাদের জীবনে ভালবাসা এবং তাঁর সেবা, কোন আনুষ্ঠানিক প্রক্রিয়ায় নয় যেটি আমাদের দৈনিক জীবন যাপনে কোন প্রভাব ফেলে না।

১২:২ “আর এরকম হলো না” এটি হল একটি PRESENT PASSIVE IMPERATIVE (বা PERFECT MIDDLE) এর সাথে NEGATIVE PARTICLE যেটি সাধারণত বোঝায় ইতিমধ্যে মধ্যে চলতে থাকা কোন কাজকে থামানো। ২ পদে একটি তুলনা রয়েছে ফিলি ২:৬-৮ পদের সমরূপ, বাহ্যিক পবিত্রবর্তনশীল রূপ (*schema*, ২:৮ পদ) এবং আভ্যন্তরীণ অপরিবর্তনশীল মূল বিষয়ের (*morphe*, ২:৬-৭) মধ্যে। বিশ্বাসীদের উপদেশ দেওয়া হয়েছে ক্রমাগতভাবে পরিবর্তন না হতে, পতিত পৃথিবীর পদ্ধতি (অতীত যুগের বিদ্রোহ) যেটিতে তারা দৈহিক ভাবে এখনও একটি অংশ, কিন্তু খ্রীষ্টসাদৃশ্যতায় ব্যাপক ভাবে (নতুন যুগের আত্মা) পরিবর্তিত হতে প্রস্তুত থাকতে।

□ “এই যুগের” এটি আক্ষরিকভাবে “যুগ” টার্ম। বিহুদীরা দেখেছে দুইটি যুগ (মথি ১২:৩২; মার্ক ১০:৩০; লুক ২০:৩৪-৩৫), বর্তমান মন্দ যুগ (গালা ১:৪; ২ করি ৪:৪; ইফি ২:২) এবং যে যুগ আসছে (মথি ২৮:২০; ইব্রীয় ১:৩; ১ যোহন ২:১৫-১৭)। বিশ্বাসীরা একটি উত্তেজনা পূর্ণ সময়ে বাস করছে যেটি এই যুগগুলি বিস্ময়করভাবে ছাপিয়ে গেছে। কারণ খ্রীষ্টের দুবার আগমন, বিশ্বাসীরা বাস করছে ঈশ্বরের রাজ্যের “ইতিমধ্যে এবং এখনো নয়” উত্তেজনা বর্তমান এবং ভবিষ্যত উভয় হিসাবে।

বিশেষ বিষয়: এই যুগ এবং যে যুগ আসছে

পুরাতন নিয়মের ভাববাদীরা ভবিষ্যতকে দেখতে বর্তমানের সম্প্রসারণ হিসেবে। তাদের জন্য ভবিষ্যত হবে ভৌগোলিক ইস্রায়েলের পুনঃস্থাপন। যাহোক, এমনকি তারা একে দেখেছিল নতুন দিন হিসেবে (যিশা ৬৫:১৭; ৬৬:২২)। আব্রাহামের বংশধরদের ইচ্ছাকৃতভাবে YHWH -

কে অবিরত প্রত্যাখ্যানের (এমনকি নির্বাসনের পরেও) সাথে একটি নতুন নমুনার উদ্ভব হয় যিহুদী intertestamental apocalyptic (দুই নিয়মের মধ্যবর্তী সময়কালের রহস্যউদঘাটন মূলক) সাহিত্যে (অর্থাৎ, ১ ইনোক, ৪র্থ এঞ্জা, ২য় বারুখ)। এই লেখাগুলি দুই যুগের মধ্যে পার্থক্য করতে শুরু করে: একটি বর্তমান মন্দ যুগ শয়তানের দ্বারা শাসিত এবং একটি ধার্মিকতার আগমনী যুগ আত্মা দ্বারা শাসিত এবং মশীহের (প্রায় একটি গতিশীল যোদ্ধা) দ্বারা উৎসর্গীকৃত।

ধর্মতত্ত্বের (eschatology) এই ক্ষেত্রে একটি সুস্পষ্ট উন্নয়ন আছে। ধর্মতত্ত্ববিদেরা এটিকে বলে “অগ্রগামী প্রকাশ”। নতুন নিয়ম দাবী করে এই নতুন বিশ্বজনীন দুই যুগের বাস্তবতা (অর্থাৎ, স্বল্পস্থায়ী দৈতুবাদ)।

যীশু	পৌল	ইব্রীয়
মথি ১২:৩২	রোমীয় ১২:২	১:২
মথি ১৩:২২ এবং ২৯;	১ করি ১:২০; ২:৬,৮; ৩:১৮	৬:১৫
মার্ক ১০:৩০	২ করি. ৪:৪	১১:৩
লুক ১৬:৮	গালাতীয় ১:৪	
লুক ১৮:৩০	ইফি ১:২১; ২:১,৭; ৬:১২	
লুক ২০:৩৪-৩৫	১ তীম ৬:১৭	
	২ তীম ৪:১০	
	তীত ২:১২	

নতুন নিয়মের ধর্মতত্ত্বে এই দুই যিহুদী যুগ ছাপিয়ে যাওয়া হয়েছে কারণ মশীহের দুটি আগমনের অপ্রত্যাশিত এবং দৃষ্টি উপেক্ষিত ভবিষ্যতবাণী। যীশুর দেহধারণ পরিপূর্ণ করেছে নতুন যুগের উৎসর্গের পুরাতন নিয়মের ভবিষ্যতবাণীগুলির (দানি ২:৪৪-৪৫)। যাহোক, পুরাতন নিয়ম আরও তাঁর আগমন দেখেছে বিচার এবং বিজয়ী হিসেবে, তবুও তিনি প্রথমে এসেছেন কষ্টভোগকারী দাস (যিশা ৫৩, সখরিয় ১২:১০), নন্দ এবং নত (সখরিয় ৯:৯) হিসেবে। তিনি ক্ষমতা সহকারে ফিরে আসবেন যেভাবে পুরাতন নিয়ম ভবিষ্যতবাণী করেছে (প্রকাশিত ১৯)। এই দুই-ধাপের পরিপূর্ণতার কারণে স্বর্গরাজ্য উপস্থিত হবে (উৎসর্গকরণ), কিন্তু ভবিষ্যত (সম্পূর্ণভাবে নিঃশেষিত হবে না)। এটাই হল ইতিমধ্যে নতুন নিয়মের উদ্ভেজনা, কিন্তু এখনই নয়!

□ “স্বরূপান্তরিত হও” বিশ্বাসীদের অবশ্যই রূপান্তরিত হতে হবে (৬:৪; ৭:৬; ২ করি ৫:১৭; গালা ৬:১৫; ইফি ৪:২২-২৪; কল ৩:১০), শুধু জানলেই চলবে নয়! ব্যাকরণগত রূপ এই টার্মের হতে পারে PRESENT MIDDLE IMPERATIVE, “নিজেই ক্রমাগত রূপান্তর কর” বা PRESENT PASSIVE IMPERATIVE, “রূপান্তরিত হতে থাকো”। এছাড়া এটি সত্য ২^ক পদে “উপযোগি হওয়া”। কারণ একটি সমরূপ পার্থক্যের জন্য যিহি ১৮:৩১ পদের (মানুষের অসীকার এবং কাজ) সাথে যিহি ৩৬:২৬-২৭ (ঐশ্বরীক দান) পদের তুলনা করা। উভয়ের প্রয়োজন রয়েছে!

এই একই শব্দের গঠনের জন্য “গঠিত হওয়া” ব্যবহার করা হয়েছে যীশুর রূপান্তরের সময় (মথি ১৭:২), যেখানে তার সত্যিকার সত্ত্বা প্রকাশিত হয়েছিল। এই সত্যিকার ঐশ্বরীক সত্ত্বা (২ পিতর. ১:৩-৪) প্রতিটি বিশ্বাসীর মধ্যে গঠিত হতে হবে (২ করি ৩:১৮; ইফি. ৪:৩)।

□ “মনের নূতনীকরণ দ্বারা” এটি এসেছে নতুন গুণাবলীর (*kainos*) জন্য গ্রীক মূল থেকে সময়ের (*chronos*) নতুন নয়। কারণ যিহুদীদের জন্য দেখা এবং শোনার অনুভূতি ছিল প্রাণের জানালা। একজন যা নিয়ে চিন্তা করত, সে তাই হত। পরিব্রাণের পরে, ভিতরের বাস করা আত্মার কারণে, বিশ্বাসীদের একটি নতুন দৃষ্টিভঙ্গি আসে (ইফি ৪:১৩, ২৩; তীত ৩:৫)। ভিতরে বাস করা আত্মার সাথে, এই নতুন বাইবেল ভিত্তিক বিশ্ব দর্শন, যা নতুন বিশ্বাসীদের মন এবং জীবন যাপনকে রূপান্তর করে। বিশ্বাসীরা বাস্তবতা দেখে একটি সম্পূর্ণ ভিন্ন উপায়ে কারণ তাদের মন আত্মার দ্বারা শক্তি লাভ করেছে। একটি নতুন পুনরুদ্ধার, আত্মা-পরিচালিত মনের ফলাফল হল একটি নতুন জীবনধারা! এটি হল যেটি নতুন নিয়ম প্রতিজ্ঞা করেছে (যির ৩১:৩১-৩৪)।

বিশেষ বিষয়: নূতনীকরণ (*ANAKAINŌSIS*)

এই গ্রীক টার্মটির বিভিন্ন রূপের আছে (*anakainōō, anakainizō*) দুইটি মৌলিক অর্থ।

১. “কোন কিছুর কারণে নতুন এবং ভিন্ন হওয়া (অর্থাৎ, উত্তম)”, রোমীয় ১২:২; কল ৩:১০

২. “পূর্বের কোন পছন্দের অবস্থার একটি পরিবর্তনের কারণ”, ২ করি ৪:৬; ইব্রীয় ৬:৪-৬

(নেওয়া হয়েছে Louw and Nida’s *Greek-English Lexicon*, vol. 1, pp. 157, 594)

Moulton and Milligan, *The Vocabulary of the Greek Testament*, বলে যে এই টার্মটি (অর্থাৎ, *anakkainōsis*)

পৌলের আগে গ্রীক সাহিত্যে পাওয়া যেত না। পৌল হতে পারে নিজেই এই শব্দটি উদ্ভাবন করেছেন (পৃ. ৩৪)।

Frank Stagg এর *New Testament Theology* তে আছে একটি চিত্তার্থক মন্তব্য।

“পুনর্জন্ম এবং নূতনীকরণ ঈশ্বরের একক অধিকার। *Anakkainōsis*, “নূতনীকরণ” এর জন্য শব্দটি হল একটি সাকর্মক noun, এবং এটি প্রয়োগ করা হয়েছে নতুন নিয়মে, ক্রিয়াপদের রূপের সাথে, অবিরত নূতনীকরণ বর্ণনা করতে, যেমন রোমীয় ১২:২ পদে, “কিন্তু মনের নূতনীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও” এবং ২ করি ৪:৬, “আমাদের আন্তরিক মনুষ্য দিন দিন নূতনীকৃত হইতেছে”। কলসীয় ৩:১০ পদ বর্ণনা করে “নূতন মানুষ” যা হল “একটি স্বত্বা নূতনীকৃত হয়েছে জ্ঞানের মাধ্যমে তাঁকে সৃষ্টি করা একজনের প্রতিমূর্তি অনুসারে।” এইভাবে “নতুন মানুষ” “জীবনের নতুনত্ব”, “পুনর্জন্ম”, বা “নূতনীকরণ”, যেভাবেই নামকরণ হোক না কেন, নির্দেশ করে ঈশ্বরের একটি প্রাথমিক এবং ধারাবাহিক একটি কাজ দাতা এবং অনন্ত জীবনের ধারক হিসেবে” (পৃ. ১১৮)।

□ “যেন তোমরা পরীক্ষা করে জানতে পার ঈশ্বরের ইচ্ছা কি” এটি হল একটি PRESENT INFINITIVE। এই শব্দ (*dokimazō*) ব্যবহৃত হয়েছে “অনুমোদনের লক্ষ্যে পরীক্ষা করা” অন্তর্নিহিত অর্থের সাথে। দেখুন বিশেষ বিষয় ২:১৮ পদে।

ঈশ্বরের ইচ্ছা হল যে প্রত্যেকে খ্রীষ্টের মধ্য দিয়ে রক্ষা পাবে (যোহন ৬:৩৯-৪০), এবং তারপর খ্রীষ্টের মত জীবন যাপন করা (রোমীয় ৮:২৮-২৯; গালা ৪:১৯, ইফি ১:৪; ৪:১৩, ১৫; ৫:১৭-১৮)। খ্রীষ্টীয়ান নিশ্চয়তার (দেখুন বিশেষ বিষয় ৫:২ পদে) ভিত্তি

১. একজন নির্ভরযোগ্য ঈশ্বরের প্রতিজ্ঞার
২. ভিতরে বাস করা পবিত্র আত্মা (রোমীয় ৮:১৪-১৬)
৩. বিশ্বাসীদের পরিবর্তিত এবং পরিবর্তনশীল জীবন (যাকোব এবং ১ যোহন) “ফল নয়, মূল নয়” (মথি ১৩:১-৯, ১৯-২৩)

□ “ঈশ্বরের ইচ্ছা কি” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: ঈশ্বরের ইচ্ছা(*thelēma*)

যোহনের সুসমাচার

- যীশু পিতার ইচ্ছা পালন করতে এসেছিলেন (৪:৩৪; ৫:৩০; ৬:৩৮)
- শেষ দিনে সকলকে জীবিত করে তুলবেন যাদের পিতা পুত্রকে দিয়েছেন (৬:৩৯)
- যেন সকলে পুত্রকে বিশ্বাস করে (৬:২৯, ৪০)
- প্রার্থনার উত্তর প্রদান ঈশ্বরের ইচ্ছা পালনের সাথে সম্পর্কযুক্ত (৯:৩১ এবং ১ যোহন ৫:১৪)

সিনোপটিক সুসমাচার

- ঈশ্বরের ইচ্ছা পালন করা গুরুত্বপূর্ণ (মথি ৭:২১)
- ঈশ্বরের ইচ্ছা পালনে যীশুর সাথে একজন ভাই ও বোনের সম্পর্ক হয় (মথি ১২:৫০; মার্ক ৩:৩৫)
- ঈশ্বরের ইচ্ছা নয় যে কেউ বিনষ্ট হোক (মথি ১৮:১৪; ১ তীম ২:৪; ২ পিতর ৩:৯)
- গলগাথা ছিল যীশুর জন্য পিতার ইচ্ছা (মথি ২৬:৪২; লুক ২২:৪২)

পৌলের চিঠিগুলি

- সকল বিশ্বাসীদের পরিপক্বতা এবং পরিচর্যা (রোমীয় ১২:১-২)
- বিশ্বাসীদের মন্দ যুগ থেকে মুক্ত করা হয়েছে (গালা ১:৪)
- ঈশ্বরের ইচ্ছা ছিল তাঁর মুক্তির পরিকল্পনা (ইফি ১:৫, ৯, ১১)
- বিশ্বাসীরা অভিজ্ঞতা লাভ করেছে এবং আত্মায় পূর্ণ জীবন যাপন করেছে (ইফি ৫:১৭-১৮)
- বিশ্বাসীরা ঈশ্বরীয় জ্ঞানে পূর্ণ হয়েছে (কল ১:৯)
- বিশ্বাসীদের সিদ্ধ এবং সম্পূর্ণ করা হয়েছে (কল ৪:১২)
- বিশ্বাসীরা পবিত্রীকৃত হয়েছে (১ থি ৪:৩)
- বিশ্বাসীরা সকল বিষয়ের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে (১ থি ৫:১৮)

পিতরের চিঠিগুলি

- বিশ্বাসী সঠিক কাজ করছে (অর্থাৎ, নাগরিক কর্তৃপক্ষের কাছে সমর্পিত হয়েছে) এবং এর মধ্য দিয়ে মূর্খ লোকদের মুখ বন্ধ করা, সুসমাচার প্রচারের জন্য একটি সুযোগ দেওয়া হয়েছে (১ পিতর ২:১৫)
- বিশ্বাসীদের যাতনাভোগ (১ পিতর ৩:১৭; ৪:১৯)
- বিশ্বাসীরা আত্ম-কেন্দ্রিক জীবন যাপন করে না (১ পিতর ৪:২)

যোহনের চিঠিগুলি

- বিশ্বাসীরা চিরকাল মেনে চলেন (১ যোহন ২:১৭)
- বিশ্বাসীদের চাবিকাঠি হল প্রার্থনার উত্তর লাভ (১ যোহন ৫:১৪)

□ “যা উত্তম ও প্রীতিজনক ও সিদ্ধ” এটি প্রতিনিধিত্ব করে পরিব্রাণের পরে বিশ্বাসীদের জন্য ঈশ্বরের ইচ্ছা (ফিলি ৪:৪-৯)। ঈশ্বরের লক্ষ্য প্রতিটি বিশ্বাসীদের জন্য এখন খ্রীষ্টসাদৃশ্য পরিপক্বতা (মথি ৫:৪৮)।

□ “সিদ্ধ” এই টার্মটির অর্থ “পরিপক্ব, সম্পূর্ণ সুসজ্জিত একটি আরোপিত কাজ সম্পন্ন করার জন্য,” “পাকা” বা “সম্পূর্ণ”। এর অর্থ “নিষ্পাপ” নয়। এটি ব্যবহৃত হয়েছে

১. হাত এবং পা যেটি ভেঙ্গে গিয়েছিল কিন্তু ব্যবহারের উপযুক্ত করে আরোগ্য এবং পুনস্থাপিত হয়েছে।
২. মাছ ধরার জাল যেটি ছিড়ে গিয়েছিল কিন্তু মেরামত করা হয়েছে এবং আবার মাছ ধরার ব্যবহার উপযোগি হয়েছে
৩. মুরগী বাচ্চা এখন যথেষ্ট বড় হয়েছে খাবার হিসাবে বাজার বিক্রি হবার জন্য
৪. জাহাজ কার্যোপযোগী হয়েছে জলযাত্রার জন্য

NASB (আপডেটেড) টেক্সট: ১২:৩-৮

° বস্তুতঃ আমাকে যে অনুগ্রহ দেওয়া হয়েছে তার গুণে আমি তোমাদের প্রত্যেক জনকে বলছি, নিজের বিষয়ে যেমন বোধ করা উপযুক্ত কেহ যেন তার চেয়ে বড় বোধ না করুক; কিন্তু নিজের বিষয়ে এরকম উপযুক্ত বিচার করুক, যেভাবে ঈশ্বর যাকে যে পরিমাণে বিশ্বাস দান করেছেন। ° কারণ যেমন আমাদের এক দেহে অনেক অঙ্গ এবং সকল অঙ্গের একই রকম কাজ নয়, ° তেমনি, এই অনেকে যে আমরা, আমরা খ্রীষ্টে এক দেহ, এবং প্রত্যেকে পরস্পরের অঙ্গপ্রত্যঙ্গ। ° যেহেতু আমাদের অনুগ্রহ অনুসারে যে ভিন্ন ভিন্ন দান দেওয়া হয়েছে, সে অনুসারে আমরা প্রত্যেকে সে সকলের অনুশীলন করি: যদি ভাববাণী হয়, তার বিশ্বাসের পরিমাণ অনুসারে ভাববাণী বলি; ° যদি পরিচর্যা হয়, তাঁর পরিচর্যা নিবিষ্ট হই; অথবা যে শিক্ষা দেয়, সে শিক্ষা দানে; ° কিম্বা যে উপদেশ দেয়, সে উপদেশ দানে নিবিষ্ট হোক; যে দান করে, সে সরল ভাবে; যে পরিচালনা দেয়, সে উদ্যোগ সহকারে; যে দয়া করে, সে হৃষ্টচিত্তে করুক।” (অনুবাদকৃত টেক্সট)।

১২:৩ ১-২ পদ জোর দেয় একটি “নতুন মন” -এর প্রয়োজনের জন্য। ৩ পদে একটি চার ভাজের খেলা আছে “চিন্তা” শব্দ নিয়ে। *The Zondervan Study Guide Commentary, Romans*, Bruce Corley and Curtis Vaughan, এই পর্যবেক্ষণ করেছেন:

“অতিরঞ্জিত চিন্তা... সঠিক চিন্তা.... উদ্দেশ্যমূলক চিন্তা...সংযত চিন্তা” (পৃ. ১৩৮)।

এই বৈশিষ্ট্যকরণ খুব সহায়ক।

এই পদসমূহ, ১১:১৩-২৪ পদের মত, হয়তো প্রতিফলিত করে

১. রোমীয় মন্ডলীর ভিতরের বিশ্বাসী যিহুদীদের এবং বিশ্বাসী পরজাতীয়দের মধ্যকার উত্তেজনা

২. সত্য হল যে পৌল রোমীয় পুস্তক লিখেছেন করিছে বসে (তার তৃতীয় প্রচার যাত্রার শেষ দিকে), যেখানে তিনি অহংকারী, আত্ম-গবীত বিশ্বাসীদের মুখোমুখি হয়েছিলেন

□ “বস্তুতঃ আমাকে যে অনুগ্রহ দেওয়া হয়েছে” এটি হল একটি AORIST PASSIVE PARTICIPLE। অতীতে অনুগ্রহ এসেছে ঈশ্বরের কাছ থেকে, সম্পূর্ণ ঘটনা (অর্থাৎ, দম্মশকের পথে দর্শন)। এই প্রসঙ্গে “দর্শন” আত্মিক বর-দানের সাথে সম্পর্কিত (১৫:১৫; ১ করি ৩:১০; ১৫:১০; গালা ২:৯; ইফি ৩:৭-৮), ধার্মিকতার দান নয় (রোমীয় ৪)। এটি নির্দেশ করে পৌলের কথোপকথন এবং পরজাতীয়দের কাছে প্রেরিত হবার জন্য আহ্বান (প্রেরিত ৯:১৫; রোমীয় ১:১৫; গালা ১:১৫-১৬. ২:৭-৮; ইফি ৩:১-২,৮: ১ তীম ২:৭; ২ তীম ৪:১৭)।

□ “আমি তোমাদের প্রত্যেক জনকে বলছি” ৩ পদের সাবধানবাণী সকল খ্রীষ্টিয়ানদের জন্য, শুধুমাত্র নেতাদের জন্য নয়।

□ “নিজের বিষয়ে বড় বোধ না করুক” বিশেষ বিষয় দেখুন: ১:৩০ পদে পৌলের *Huper Compounds* এর ব্যবহার।

□ “ঈশ্বর যাকে যে পরিমাণে দিয়েছেন” এটি হল একটি AORIST ACTIVE INDICATIVE। বিশ্বাসীরা তাদের আত্মিক দান মনোনয়ন করে না (১ করি ৭:১৭; ১২:১১; ইফি ৪:৭)। সেগুলো পরিত্রাণের সময় আত্মা দিয়ে থাকেন সাধারণ মঙ্গলের জন্য (১ করি ১২:৭)। আত্মার দান যোগ্যতার প্রতীক নয় যেটি একজন ব্যক্তিকে প্রশংসিত করে, কিন্তু সেবকের গামছা যেন প্রত্যেক বিশ্বাসী খ্রীষ্টের দেহ, মন্ডলীর সেবা করতে পারে।

□ “বিশ্বাসের পরিমাণ” এটি নির্দেশ করে কোন একজনের সক্ষমতার সাথে তার আত্মিক দানকে কাজে লাগান (৬ পদ)। স্বাস্থ্যবান হতে, আত্মার ফল হিসেবে আত্মিক দানগুলি অবশ্যই অনুশীলন করতে হবে (৯-১২ পদ; গালা ৫:২২-২৩)। দানগুলি হল যীশু পরিচর্যাসমূহ তাঁর অনুসারীদের মধ্যে ভাগ করে দেওয়া, যখন ফল হল খ্রীষ্টের মন। উভয়ই প্রয়োজন কার্যকারী পরিচর্যার জন্য।

১২:৪ এটি হল পৌলের লেখায় একটি প্রচলিত রূপক। মানব শরীরের পারস্পরিক নির্ভরতা বর্ণনা করে মন্ডলীর দানসমূহ (১ করি ১২:১২-২৭; ইফি ১:২৩; ৪:৪, ১২, ১৬; ৫:৩০; কল ১:১৮, ২৪; ২:১৯)। খ্রীষ্টিয়ান ধর্ম হল যৌথ এবং ব্যক্তিগত!

১২:৫ এই পদ জোর দেয় বিশ্বাসীদের ঐক্যের এবং বিভিন্নতার। এটি হল মন্ডলীর মধ্যে আত্মিক দানের উত্তেজনা। ভালবাসার অধ্যায় ১ করিহীয় ১৩ অধ্যায় আলোচনা করে দানের বিভিন্নতার উত্তেজনা নিয়ে (১ করি ১২ এবং ১৪)। খ্রীষ্টিয়ানেরা কোন প্রতিযোগিতায় নেই, কিন্তু মহান আদেশের সহযোগিতায়!

১২:৬-৮ এই পদগুলি গ্রীকে একটি বাক্য যার সাথে রয়েছে দুটি PARTICIPLES কিন্তু কোন প্রধান VERB নেই। এটি সাধারণত অনুবাদ করা হয় একটি THIRD PERSON IMPERATIVE হিসাবে, “আসুন আমরা ব্যবহার করি”।

১২:৬ “ভিন্ন ভিন্ন দান...অনুগ্রহ” এই টার্ম “দানসমূহ” (*charismata*) এবং “অনুগ্রহ”(charis)-এর একই গ্রীক শব্দের মূল রয়েছে, যার অর্থ “বিনামূল্যে দত্ত”। ৩:২৪ পদের টিকা দেখুন। আত্মার দানগুলির তালিকা করা আছে ১ করিহীয় ১২; রোমীয় ১২; ইফিহীয় ৪ এবং ১ পিতর ৪। তালিকা এবং তাদের ক্রম একই রকম নয়, সুতরাং, সেগুলি অবশ্যই প্রতিনিধিত্বমূলক, সামগ্রিক নয়। বাইবেল কখনো বিশ্বাসীদের একথা বলে না যে কিভাবে তাদের আত্মিক দান(গুলি) চিহ্নিত করবে। এই বিষয়ে সর্বোত্তম বাইবেল ভিত্তিক নয় খ্রীষ্টিয় প্রজ্ঞা পাওয়া যায় নীতির অন্তর্ভুক্ত *InterVarsityPress'* এর পৌল লিটল-এর পুস্তিকায় যার নাম *Affirming the Will of God*। এই একই নির্দেশনা ঈশ্বরের ইচ্ছা জানার জন্য কাজ করে একজনের কার্যকর পরিচর্যা জানার ক্ষেত্রে। স্পষ্টত জানা যে বিশ্বাসীরা দানপ্রাপ্ত, তারা কিভাবে দানপ্রাপ্ত তা চিহ্নিত করণ বা কোন সুনির্দিষ্ট দান তাদের দেওয়া হয়েছে তা থেকে অনেক গুরুত্বপূর্ণ।

□ “যদি” এটি হল *eite* (৬,৭ পদ [দু’বার], ৮), যেটি অনুবাদ করা হয়েছে “যদি...যদি” বা “কিনা...কিনা” অর্থে। এই পদে (১ করি ৩:২২; ৮:৫; ২ করি ৫:১০) পরবর্তীতে কোন VERB নেই, কিন্তু প্রায়ই PRESENT INDICATIVE পরপরই এসেছে (১ করি ১২:২৬; ২ করি ১:৬) এবং, সেজন্য হয়েছে একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE, যেটি ধরে নেয় এই আত্মিক দানগুলির অস্তিত্ব।

□ “ভাববাণী” এটি ঈশ্বরের কাছ থেকে আসা প্রকাশিত (অনুপ্রাণিত) বার্তা হিসেবে পুরাতন নিয়মের ভাববাণীর সঙ্গে সম্পর্কিত নয়। পুরাতন নিয়মে ভাববাদীরা শাস্ত্র (অনুপ্রেরণা) লিখেছেন। নতুন নিয়মে এটি ছিল ঈশ্বরের সত্য ঘোষণা করার কাজ। এছাড়াও ভবিষ্যতবাণী এর সাথে জড়িত হতে পারে (প্রেরিত ১১:২৭-২৮; ২১:১০-১১)। লক্ষ্য হল নতুন বিষয়বস্তুর নয় কিন্তু সুসমাচারের বার্তা ব্যাখ্যা করতে এবং কিভাবে এটা আজকের দিনে প্রয়োগ করা হবে। এই টার্মে একটি পরিবর্তনশীলতা আছে। এটি উল্লেখ করতে পারে বিশ্বাসীদের দ্বারা অনুষ্ঠানের অনুশীলন (১ করি ১৪:১, ৩৯) এবং একটি সুনির্দিষ্ট আত্মিক দান (১ করি ১২:২৮; ১৪:২৯; ইফি ৪:১১)। এই একই পরিবর্তনশীলতা দেখা যেতে পারে পৌলের করিন্থীয় পত্রে যেটি একেবারে একই সময় লেখা হয়েছিল (১ করি. ১২:১০, ১২; ১৩:৮; ১৪:১, ৫, ২৯, ৩৯)।

বিশেষ বিষয়: নতুন নিয়মের ভাববাণী

- I. এটি পুরাতন নিয়মের ভাববাণীর (BDB 611) মত একই রকম নয়, যেখানে আছে YHWH এর কাছ থেকে অনুপ্রাণিত প্রত্যাদেশের রাব্বীদের অন্তর্নিহিত তাৎপর্য (প্রেরিত ৩:১৮, ২১; রোমীয় ১৬:২৬)। কেবলমাত্র মাত্র ভাববাদীরা শাস্ত্র লিখতে পারতেন।
 - ক. মোশীকে একজন ভাববাদী বলা হয়েছে (দি. বি ১৮:১৫-২১)।
 - খ. ইতিহাসের বইগুলিকে (যিহোশূয় – রাজাবলী [রুত বাদে]) বলা হতো “পূর্বকার ভাববাদী” (প্রেরিত ৩:২৪)।
 - গ. ভাববাদীদের মহা পুরোহিতের স্থান জবর দখল ছিল ঈশ্বরের কাছ থেকে তথ্যের উৎস হিসেবে (যিশাইয় – মালাখি)
 - ঘ. ইব্রীয় ক্যাননের দ্বিতীয় বিভাগ হল “ভাববাদী” (মথি ৫:১৭; ২২:৪০; লুক ১৬:১৬; ২৪:২৫, ২৭; রোমীয় ৩:২১)।
- II. নতুন নিয়মে এই ধারণাটি ব্যবহার করা হয়েছে বিভিন্ন উপায়ে।
 - ক. পুরাতন নিয়মের ভাববাদীদের এবং তাদের অনুপ্রাণিত বার্তা উল্লেখ করে (মথি ২:২৩; ৫:১২; ১১:১৩; ১৩:১৪; রোমীয় ১:২)।
 - খ. একটি যৌথ দলের পরিবর্তে একজন ব্যক্তির জন্য একটি বার্তা নির্দেশ করে (অর্থাৎ, পুরাতন নিয়মের ভাববাদীরা প্রধানত ইস্রায়েল জাতির সাথে কথা বলতেন)
 - গ. উল্লেখ করে বাস্তব দাতা যোহন (মথি ১১:৯; ১৪:৫; ২১:২৬; লুক ১:৭৬) এবং যীশু উভয়কেই ঈশ্বরের রাজ্যের ঘোষণাকারী হিসেবে (মথি ১৩:৫৭; ২১:১১,৪৬; লুক ৪:২৪; ৭:১৬; ১৩:৩৩; ২৪:১৯)। যীশু ভাববাদীদের থেকেও মহান হিসেবে দাবী করেছেন (মথি ১১:৯; ১২:৪১; লুক ৭:২৬)।
 - ঘ. নতুন নিয়মের অন্য ভাববাদীরা
 ১. লূকের সুসমাচারে লিপিবদ্ধ করা যীশুর প্রাথমিক জীবন (অর্থাৎ, মরিয়মের স্মৃতি)
 - ক. এলিজাবেথ (লুক ১:৪১-৪২)
 - খ. সখরিয় (লুক ১:৬৭-৭৯)
 - গ. শিমিয়োন (লুক ২:২৫-৩৫)
 - ঘ. হান্না (লুক ২:৩৬)
 ২. বিদ্যুৎপাতক ভবিষ্যতবাণী (কাইয়াফা, যোহন ১১:৫১)
 - ঙ. উল্লেখ করে একজন সুসমাচার ঘোষণা করছে (ঘোষণাকৃত দানের তালিকা ১ করি ১২:২৮-২৯; ইফি ৪:১১)
 - চ. উল্লেখ করে মন্ডলীতে চলমান দানের বিষয় (মথি ২৩:৩৪; প্রেরিত ১৩:১; ১৫:৩২; রোমীয় ১২:৬; ১ করি ১২:১০, ২৮-২৯; ১৩:২; ইফি ৪:১১)। মাঝে মাঝে এটি নারীকে উল্লেখ করতে পারে (লুক ২:৩৬; প্রেরিত ২:১৭; ২১:৯; ১ করি ১১:৪-৫)।
 - ছ. উল্লেখ করে প্রকাশিত বাক্যের রহস্যউদ্ঘাটন বই (প্রকা ১:৩; ২২:৭, ১০, ১৮, ১৯)
- III. নতুন নিয়মের ভাববাদী
 - ক. তারা একই রকম অনুপ্রাণিত প্রত্যাদেশ দেয় না যেভাবে পুরাতন নিয়মের ভাববাদীরা দিয়েছিলেন (অর্থাৎ, শাস্ত্র)। এই বিবৃতি সম্ভবত “বিশ্বাস” শব্দগুচ্ছে ব্যবহারের কারণে (অর্থাৎ, একটি সম্পূর্ণ সুসমাচার অর্থে) প্রেরিত ৬:৭; ১৩:৮; ১৪:২২; গালা ১:২৩; ৩:২৩; ৬:১০; ফিলি ১:২৭; যিহুদা ৩:২০ পদে ব্যবহৃত হয়েছে।

এই ধারণাটি স্পষ্টত যিহুদা ৩ পদে ব্যবহৃত, “পবিত্রগণের কাছে একবারে সমর্পিত বিশ্বাস..” করা সম্পূর্ণ শব্দগুচ্ছে থেকে। “একবারে সকলের জন্য” বিশ্বাস উল্লেখ করে সত্য, মতবাদ, ধারণা, দৃষ্টি-ভঙ্গির খ্রীষ্টিয় শিক্ষা। এই একবার-প্রদত্তের গুরুত্ব হল বাইবেল ভিত্তিক ধর্মতত্ত্বগত সীমাবদ্ধ অনুপ্রাণিত নতুন নিয়মের লেখার এবং পরবর্তী বা অন্য লেখাকে প্রকাশিত হিসেবে গ্রহণ না করার জন্য। নতুন নিয়মে অনেক অজ্ঞাত, অনিশ্চিত এবং ধূসর অংশ রয়েছে, কিন্তু বিশ্বাসীদের নিশ্চিত করা হয়েছে বিশ্বাস দ্বারা যে সবকিছু যা “প্রয়োজন” বিশ্বাসের এবং অনুশীলনের জন্য তা যুক্ত করা হয়েছে যথেষ্ট স্পষ্টতার সাথে। এই ধারণা অঙ্কিত করা হয়েছে যাকে বলা হয় “প্রকাশিত ত্রিভুজ।”

 ১. ঈশ্বর নিজেকে প্রকাশ করেছেন ইতিহাসের সময় কালে (প্রকাশিত)
 ২. তিনি নির্দিষ্ট কিছু ব্যক্তিকে বেছে নিয়েছেন তাঁর কাজ লিপিবদ্ধ এবং ব্যাখ্যা করতে (অনুপ্রেরণা)
 ৩. তিনি তাঁর আত্মা দিয়েছেন, মানুষের মন এবং হৃদয় উন্মুক্ত করেছেন এই লেখাগুলি বুঝবার জন্য, নিশ্চিতভাবে নয়, কিন্তু প্রচুর রূপে পরিভ্রাণের এবং কার্যকরী খ্রীষ্টিয় জীবনের জন্য (আলোকিত)। এই সবকিছুর লক্ষ্য হল শাস্ত্রের লেখকদের কাছে অনুপ্রেরণা সীমাবদ্ধ। সেখানে আরো বেশি কর্তৃত্বকারী লেখা, দর্শন বা প্রকাশ নেই। ক্যানন বন্ধ হয়েছে। ঈশ্বরের প্রতি আমাদের উপযুক্ত সাড়া প্রদানের সকল সত্য আমাদের কাছে আছে। এই সত্য ভালোভাবে দেখা যায় বাইবেল ভিত্তিক লেখকদের মতৈক্য বনাম আন্তরিক, ধার্মিক বিশ্বাসীদের মতের অমিলের। আধুনিক কোন লেখক বা বক্তার সেই স্তরের স্বর্গীয়

নেতৃত্বগুণ নেই যেটি শাস্ত্রের লেখকদের ছিল।

- খ. কোন কোন দিক দিয়ে নূতন নিয়মের ভাববাদীরা পুরাতন নিয়মের ভাববাদীদের মত ছিলেন।
১. ভবিষ্যতের ঘটনার পূর্বাভাস দানে (পৌল, প্রেরিত ২৭:২২; আগাব, প্রেরিত ১১:২৭-২৮; ২১:১০-১১; অন্য অজ্ঞাত ভাববাদীরা, প্রেরিত ২০:২৩)
 ২. বিচার ঘোষণা (পৌল, প্রেরিত ১৩:১১; ৮:২৫-২৮)
 ৩. চিহ্নমূলক কাজ যেটি একটি ঘটনা স্পষ্টভাবে চিত্রায়িত করে (আগাব, প্রেরিত ২১:১১)।
- গ. কখনও কখনও তারা সুসমাচারের সত্য ঘোষণা করতেন ভবিষ্যদ্বাণীর আকারে (প্রেরিত ১১:২৭-২৮; ২০:২৩; ২১:১০-১১), কিন্তু এটা প্রাথমিক লক্ষ্য ছিল না। ১ করিন্থীয় পুস্তকে ভবিষ্যদ্বাণী করা হল মূলত সুসমাচার অন্যদের কাছে তুলে ধরা (১৪:২৪, ৩৯)।
- ঘ. তারা হলেন আত্মার সমসাময়িক ঈশ্বরের সত্যের সমকালীন এবং ব্যবহারিক প্রয়োগ প্রত্যেকটি নতুন পরিস্থিতিতে, সংস্কৃতিতে, বা সময়কালে (১ করি ১৪:৩)।
- ঙ. তারা সক্রিয় ছিলেন প্রথম দিকের পৌলের কৃত মন্ডলীতে (১ করি ১১:৪-৫; ১২:২৮, ২৯; ১৩:২৯; ১৪:১, ৩, ৪, ৫, ৬, ২২, ২৪, ২৯, ৩১, ৩২, ৩৭, ৩৯; ইফি ২:২০; ৩:৫; ৪:১১; ১ থিম ৫:২০) এবং *Didache* এ উল্লেখ করা আছে (লেখা হয়েছিল প্রথম শতাব্দীর শেষে বা দ্বিতীয় শতাব্দীতে, সময় অনিশ্চিত) এবং উত্তর আফ্রিকায় দ্বিতীয় এবং তৃতীয় শতাব্দীর Montanism এ।

IV. নূতন নিয়মের দান কি বন্ধ হয়ে গেছে?

- ক. এই প্রশ্নের উত্তর দেওয়া কঠিন। দানের উদ্দেশ্যের সংজ্ঞা দিয়ে এটি সাহায্য করে বিষয়টির স্পষ্টরূপে ব্যাখ্যা করতে। সেগুলির অর্থ কি সুসমাচারের প্রাথমিক প্রচার নিশ্চিত করে বা সেগুলি কি মন্ডলীর জন্য চলমান পছন্দ নিজের এবং হারানো জগতের পরিচর্যা করে?
- খ. একজন কি এর উত্তরের জন্য মন্ডলীর ইতিহাস দেখবে বা নূতন নিয়মকে? নূতন নিয়মে কোন নির্দেশনা নেই যে আত্মিক দানগুলি ছিল সাময়িক। যারা ১ করি ১৩:৮-১৩ ব্যবহার করে চেষ্টা করে প্যাসেজের কর্তৃত্বমূলক উদ্দেশ্যকে অপব্যবহার করতে, যেটি দাবী করে যে ভালবাসা ছাড়া সকল কিছু বিলিন হয়ে যাবে।
- গ. আমি বলতে প্রলোভিত হয়েছি যে নূতন নিয়ম, মন্ডলীর ইতিহাস নয়, এটি হল কর্তৃত্ব, বিশ্বাসীদের অবশ্যই নিশ্চিত করতে হবে দানগুলি ধারাবাহিকতা। যাহোক, আমি বিশ্বাস করি যে সংস্কৃতি ব্যাখ্যাকে প্রভাবিত করে। কিছু কিছু খুব স্পষ্ট লেখা এখন আর প্রয়োগযোগ্য নয় (অর্থাৎ, পবিত্র চুম্বন, নারীদের ঘোমটা দেওয়া, গৃহের মধ্যে মন্ডলীর সভা, ইত্যাদি)। যদি সংস্কৃতি লেখাকে প্রভাবিত করে, তাহলে মন্ডলীর ইতিহাসকে কেন নয়?
- ঘ. এটি হল সহজ একটি প্রশ্ন যার সুনির্দিষ্টভাবে উত্তর দেওয়া সম্ভব নয়। কিছু বিশ্বাসী সমর্থন করবে “নিবৃত্ত করতে” এবং অন্যরা “নিবৃত্ত না করার”। এই ক্ষেত্রে, এমন অনেক ব্যাখ্যামূলক বিষয়গুলিতে, বিশ্বাসীদের হৃদয় হল চাবিকাঠি। নূতন নিয়ম হল অস্পষ্ট এবং সাংস্কৃতিক। জটিলতা হল সিদ্ধান্ত নেওয়া যে কোন লেখা প্রভাবিত হয়েছে সংস্কৃতি/ইতিহাস দ্বারা এবং কোনটি হল সকল সময় এবং সকল সংস্কৃতির জন্য (Fee and Stuart’s *How to Read the Bible for All Its Worth*, pp. 14-19 and 69-77)। এখানে হল স্বাধীনতা ও দায়িত্বের আলোচনা, যেটি পাওয়া যায় রোমীয় ১৪:১-১৫:১৩ এবং ১ করি ৮-১০, হল গুরুত্বপূর্ণ। কিভাবে আমরা এই প্রশ্নের উত্তর দেই সেটি দুটি উপায়ে গুরুত্বপূর্ণ।
১. প্রত্যেক বিশ্বাসীর অবশ্যই বিশ্বাসে তাদের কাছে যে আলো আছে তাতে চলতে হবে। ঈশ্বর আমাদের হৃদয় এবং উদ্দেশ্য দেখেন।
 ২. প্রত্যেক বিশ্বাসীকে অবশ্যই সুযোগ দিতে হবে অন্য বিশ্বাসীদের তাদের বিশ্বাসের উপলব্ধিতে চলতে। সেখানে বাইবেল ভিত্তিক সামীরেখায় সহায়তা অবশ্যই থাকতে হবে। ঈশ্বর চান আমরা যেন তাঁর মত একে অন্যকে ভালবাসি।
- ঙ. এই বিষয়টির সারাংশ করতে, খ্রীষ্টিয় ধর্ম হল একটি বিশ্বাস এবং ভালবাসার জীবন, একটি নিখুঁত ধর্মতত্ত্ব নয়। তাঁর সাথে একটি সম্পর্ক যেটি অন্যদের সাথে আমাদের সম্পর্ককে প্রভাবিত করে যা হল অনেক গুরুত্বপূর্ণ সুনির্দিষ্ট তথ্য বা বিশ্বাসসূত্রের সিদ্ধান্ত।

□ “বিশ্বাসের পরিমাণ অনুসারে” এটি সরাসরি ৩ পদের সঙ্গে সম্পর্কিত, “কিন্তু খ্রীষ্টের দানের পরিমাণ অনুসারে আমাদের প্রত্যেক জনকে অনুগ্রহ দত্ত হইয়াছে” (ইফি. ৪:৭)। এছাড়াও এটি অবশ্যই সম্পর্কিত একটি বৃহত্তর প্রেক্ষাপটের সাথে যেটি বিশ্বাসীরা কিভাবে তাদের দান ব্যবহার করবে তার সাথে জড়িত। এটি সম্পর্ক যুক্ত বিশ্বাসীদের মনোভাব, উদ্দেশ্য এবং তাদের ঈশ্বর-প্রদত্ত ব্যক্তিগত পরিচর্যার কাজে তাদের ক্ষমতা, যেটি হল মূলত পবিত্র আত্মার ফল গালা ৫:২২-২৩ পদে যার তালিকা করা আছে।

১২:৭

NASB

“যদি পরিচর্যা হয়”

KJV, NRSV

“অথবা পরিচর্যা, *Avm* আমরা এটা আমাদের পরিচর্যায় ব্যবহার করি”

TEV

“যদি পরিচর্যা হয়, তবে সেই পরিচর্যায় নিবিষ্ট হই”

NJB

“যদি শাসন হয়, তবে এটা শাসনের জন্য ব্যবহার করি”

আধুনিক অনুবাদগুলির মধ্যে পার্থক্য রয়েছে কারণ কোন উপযুক্ত ইংরাজী সমতুল্য টার্ম নেই এই গ্রীক টার্মের (*diakonia*)। এর অর্থ হতে পারে (১) ব্যবহারিক সেবা বা (২) প্রশাসনিক কাজ (প্রেরিত ৬:১; ১ করি ১২:৫, ২৮)। *The Analytical Greek Lexicon Revised* by Harold K Moulton, একে ব্যাখ্যা করেছেন “একটি কার্যক্রম, পরিচর্যা বা কাজ” হিসেবে রোমীয় ১২:৭; ১ করি ১২:৫; কল ৪:১৭; ২ তীম ৪:৫” (পৃ. ৯২)। প্রাসঙ্গিক লক্ষ্য হল অন্য বিশ্বাসীদের সাহায্য করা।

□ “শিক্ষকেরা...শিক্ষা দান” এই দান (*didaskō*) তালিকাভুক্ত আছে ১ করি ১২:২৮ এবং ১৪:২৬ পদে। এটি সংযুক্ত ভাববাদীদের সাথে প্রেরিত ১৩:১ পদ এবং পালকদের সাথে ইফি ৪:১১ পদ। আদি মন্ডলী এইগুলি দেখেছিল দানপ্রাপ্ত ব্যক্তিদের কার্যক্রম ছাপিয়ে যাওয়ার উপায়ে। প্রচার করা, ভাববাণী বলা, সুসমাচার প্রচার করা এবং শিক্ষা দেওয়া সকলই সুসমাচার ঘোষণা করে, কিন্তু বিভিন্ন গুরুত্বে এবং পদ্ধতিতে।

১২:৮ “উপদেশ...উপদেশ দান” এই টার্মটি (*parakaleō*) শিক্ষা দেওয়ার সাথে সম্পর্কিত (১ তীমথিয় ৪:১৩)। সম্ভবত এটি হল দক্ষতা যা দ্বারা সত্যকে জীবনে প্রয়োগ করা হয়। এটি পরে ইফি ৪:১৫,১৬ প্রেমে সত্যনিষ্ঠ হইয়া বলিতেছে... প্রেমে গাঁধিয়া তুলিবার জন্য করিতেছে”।

□ “যে দান করে সরল ভাবে করুক” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: উদার/অকপট (*HAPLOTES*)

এই টার্মটির (*haplotēs*) দুটি মৌলিক অন্তর্নিহিত অর্থ আছে, “মহানুভব” বা “আন্তরিক”। এটি হল একটি রূপক যেটি দর্শনের সাথে সম্পর্কিত। পুরাতন নিয়মে চোখ ব্যবহার করা হয়েছে রূপক হিসেবে দুটি উপায়ে উদ্দেশ্যের জন্য।

১. মন্দ চোখ (অতি কৃপন, দ্বি.বি ১৫:৯ এবং হিতো ২৩:৬; ২৮:২২)
২. ভাল চোখ (মহানুভব, হিতো. ২২:৯)

যীশু এই ব্যবহারগুলি অনুসরণ করেছেন (মথি ৬:২২-২৩; ২০:১৫)। পৌল এই টার্মটি ব্যবহার করেছেন দুটি অর্থে।

১. “সরলতা, আন্তরিকতা, শুদ্ধতা” (২ করি ১:১২; ১১:৩; ইফি ৬:৫; কল ৩:২২)
২. “মুক্তি লাভ করা” (রোমীয় ১২:৮; ২ করি ৮:২; ৯:১১, ১৩)

□ “যে শাসন করে, সে উদ্যোগ সহকারে” এটি নির্দেশ করে খ্রীষ্টিয়ান নেতৃত্বের প্রতি, হয় ভ্রমণশীল অথবা স্থানীয়।

□ “যে দয়া করে, সে হস্তচিহ্নে করুক” এটি নির্দেশ করে অসুস্থ এবং অভাবীদের সাহায্য করতে। সেখানে কোন পার্থক্য থাকবে না মতবাদ-সংক্রান্ত প্রচার এবং বিশ্বাসী সমাজের সামাজিক চিন্তার মধ্যে। তারা হল মুদ্রার দুই দিক। সেখানে কোন “সামাজিক সুসমাচার” নেই, শুধু সুসমাচার!

১-৮ পদের আলোচনার প্রশ্নগুলি

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. আপনার দেহকে একটি জীবন্ত উৎসর্গ হিসেবে উপস্থাপনের জন্য কি কি জড়িত আছে (১ পদ)?
২. প্রত্যেক বিশ্বাসীর কি একটি আত্মিক দান আছে (৩-৮ পদ; ১ করি ১২:৭)? যদি থাকে, তাহলে তিনি কি বাছাই করতে পারেন যে কোনটি তিনি চান?
৩. আত্মিক দানগুলির উদ্দেশ্য কি?
৪. বাইবেলে কি দানগুলি একটি সম্পূর্ণ তালিকা রয়েছে?
৫. কিভাবে একজন তার দানকে চিহ্নিত করবেন?

৯-২১ দের প্রাসঙ্গিক অন্তর্দৃষ্টি

- ক. এই অংশটির ভালো শিরোনাম হতে পারে “আন্তঃব্যক্তিক সম্পর্কের জন্য খ্রীষ্টিয়ানদের নীতিমালা”। এটি হল ভালোবাসার একটি ব্যবহারিক আলোচনা (মথি ৫-৭; ১ করি ১৩ এবং ১ যোহন ৩:১৮; ৪:৭-২১)।
- খ. রোমীয় ১২ অধ্যায়ে ১ করিস্থীয় ১২-১৩ অধ্যায়ের বিষয়বস্তু এবং কাঠামোগত দিক দিয়ে অনেকটা একই রকমের। আত্মিক দানের আলোচনার পরপরই একটি সাবধানবাণী এসেছে গর্বের বিষয়ে এবং ব্যবহারিক জীবন যাপনে ভালোবাসার উপরে গুরুত্বদানের
- গ. এই প্রসঙ্গটি আলোচনা করে
 ১. অন্য খ্রীষ্টিয়ানদের সাথে আমাদের সম্পর্ক (১২:৯-১৩)। এটি আরও বিস্তারিত ভাবে আলোচনা করা হয়েছে ১৪:১-১৫:১৩ এবং ১ করি ৮:১১ থেকে কয়েকটি পদ; ১০:২৩-৩৩ পদে
 ২. অবিশ্বাসীদের সঙ্গে আমাদের সম্পর্ক বা এমনকি আরও হতে পারে, অন্য খ্রীষ্টিয়ান যাদের সাথে দ্বন্দ্ব রয়েছে (১২:১৪-২১)। এই অংশটি মনে হয় প্রতিফলিত করে যীশুর পর্বতের দেওয়া উপদেশের (মথি ৫-৭)।

৩. প্যাসেজের এই বিভাগ অনেকাংশে কৃত্রিম কারণ এই ক্ষেত্রগুলি (সম্পর্ক) ছাপিয়ে যায়

- ঘ. এই প্যাসেজটি শাসিত চলমান, জীবন ধারার আদেশ দ্বারা (PRESENT ACTIVE IMPERATIVES, ৪ পদ [তিনবার], ১৬, ২০ [দু'বার], ২১ [দু'বার] এবং PRESENT ACTIVE PARTICIPLES দ্বারা সতের বার ব্যবহৃত হয়েছে IMPERATIVES অর্থে)। পরিত্রাণ হল ঈশ্বরের বিনা মূল্যে দত্ত অনুগ্রহের উপহার খ্রীষ্টের সুসম্পন্ন কাজ এবং আত্মার উৎসাহের মাধ্যমে, কিন্তু একবার লাভ করলে, এর মূল্য হল-সকল জীবন পদ্ধতি এবং অসীকার! যীশুকে “প্রভু” বলা কোন রূপক নয় (লুক ৬:৪৬)!
- ঙ. এই প্যাসেজে আরও কয়েকটি PRESENT PARTICIPLES ব্যবহৃত হয়েছে IMPERATIVES অর্থে NEGATIVE PARTICLE এর সাথে যেটি সাধারণত বোঝায় ইতিমধ্যে চলমান কোন কাজ থামানো, ১৪, ১৬ পদে [দুইবার], ১৭, ১৯ এবং ২১ পদ। খ্রীষ্টিয়ানেরা ইতিমধ্যে সীমার বাইরে বাস করছে! এক অর্থে পাপকে সংজ্ঞায়িত করা যায় ঈশ্বরের দেওয়া দানকে তাদের ঈশ্বর-প্রদত্ত সীমার বাইরে নিয়ে যাওয়া হিসেবে।
- চ. খ্রীষ্টিয় ধর্ম অবশ্যই হবে “খোলা”- মুক্ত-মন, মুক্ত-হস্ত, মুক্ত-হৃদয় এবং মুক্ত-দ্বার (যাকোব ২)।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১২:৯-১৩

^{১৯} প্রেম নিরুপট হোক। যা মন্দ তা ঘৃণা কর; যা ভাল তাতে আসক্ত হও। ^{২০} ভ্রাতৃপ্রেমে পরস্পর সমর্পিত হও; সমাদরে একজন অন্যকে শ্রেষ্ঠ জ্ঞান কর; ^{২১} যত্নে শিথিল হয়ে না, আত্মায় উত্তপ্ত হও, প্রভুর দাসত্ব কর; ^{২২} প্রত্যাশায় আনন্দ কর, ক্রেশে ধৈর্যশীল হও, প্রার্থনায় নিবিষ্ট থাক, ^{২৩} পবিত্রগণের অভাবের সহভাগী হও, অতিথি-সেবায় রত হও। (অনুবাদকৃত টেক্সট)।

১২:৯ প্রেম নিরুপট হোক” এই প্রসঙ্গে গ্রীক লেখায় কোন সংযুক্তকারী শব্দ (*asyndeton*) নেই যেটি Koine গ্রীকে খুবই অস্বাভাবিক ছিল। এটি প্রতিফলিত করতে পারে ইব্রীয় ব্যাকরণগত রূপ মথি ৫ অধ্যায়ের পর্বতে দত্ত উপদেশের পিছনে। এই ব্যাকরণগত রূপ জোর দিয়েছে প্রতিটি শব্দগুচ্ছের একটি মান-সম্মত সত্য হিসেবে।

“কপটতা” ছিল তত্ত্বগত টার্ম “মুখোশের আড়ালে কথা বলা”-র জন্য। ভালবাসা অবশ্যই অভিনয় বা নকল অবশ্যই হবে না (২ করি ৬:৬)। ভালবাসা হল বিশ্বাসীদের চারিত্রিক বৈশিষ্ট্য (যোহন ১৩:৩৪-৩৫; ১৫:১২, ১৭; ১ যোহন ৩:১১, ১৮; ৪:৭-২১) কারণ এটা হল ঈশ্বরের চরিত্র।

□ “যা মন্দ তা ঘৃণা কর” এটি হল একটি PRESENT ACTIVE PARTICIPLE ব্যবহৃত হয়েছে IMPERATIVE অর্থে। বিশ্বাসীদের প্রয়োজন মন্দের দ্বারা বিস্মিত ও বিদ্রোহী হতে (১ থিষ ৫:২১-২২)। প্রায়ই আমরা শুধু অবাধ হই এর ফলশ্রুতি দ্বারা যেটি সরাসরি আমাদের জীবনকে আঘাত করে।

□

NASB, NKJV “যা ভাল তাতে আসক্ত হও”

NRSV “যা ভাল তা দৃঢ় ভাবে ধরে রাখ”

TEV “যা ভাল তা ধরে রাখ”

NJB “যা ভাল তাতে লেগে থাক”

এটি হল একটি PRESENT PASSIVE (কিন্তু ব্যবহৃত হয়েছে একটি MIDDLE অর্থে) PARTICIPLE ব্যবহৃত হয়েছে IMPERATIVE অর্থে – “লাগিয়া থাকা” (LXX -এর আদি ২:২৪; প্রেরিত ৮:২৯ এবং এ ছাড়াও ফিলি ৪:৮; ১ থিষ ৫:২১-২২)। লক্ষ্য করুন অধ্যবসায় এবং ধৈর্যের প্রয়োজনীয়তা!

১২:১০

NASB “ভ্রাতৃপ্রেমে পরস্পর সমর্পিত হও”

NKJV “ভ্রাতৃ প্রেমে পরস্পর স্নেহশীল হও”

NRSV “পারস্পরিক স্নেহে একজন অন্যকে ভালবাস”

TEV “খ্রীষ্টিয়ান হিসাবে একজন অন্যকে উষ্ণ ভালবাস”

NJB “একজন অন্যকে যতদূর সম্ভব ভাইয়ের মত ভালবাস”

এটি ছিল একটি সমন্বিত গ্রীক টার্ম (*phileo + storge*) “ভ্রাতৃত্ব পূর্ণ ভালবাসা”র সাথে “পারিবারিক ভালবাসা” সমন্বিত করে এবং শুধুমাত্র নূতন নিয়মের এখানে ব্যবহৃত হয়েছে। খ্রীষ্টিয়ানেরা হল একটি পরিবার। আমাদের আদেশ করা হয়েছে একে অন্যকে ভালবাসতে (১ থিষ ৪:৯)। এটি হল DATIVE ধারাবাহিকের প্রথম যেটি গ্রীক বাক্যের প্রথমে বসে গুরুত্ব দানের জন্য।

□

NASB “সমাদরে একজন অন্যকে শ্রেষ্ঠ জ্ঞান কর”

NKJV “সম্মানে একজন অন্যকে সম্মান দেও”
NRSV “উত্তমতায় একজন অন্যকে সম্মান দেখাও”
TEV “আর একজন অন্যকে সম্মান দেখাতে আগ্রহী হও”
NJB “একজন অন্যের প্রতি গভীর শ্রদ্ধা রাখ”

এটি হল একটি PRESENT MIDDLE (deponent) PARTICIPLE ব্যবহৃত হয়েছে IMPERATIVE অর্থে। বিশ্বাসীদের অবশ্যই নিয়মের অন্য অংশীদারদের সাথে আচরণ করতে হতে নিজেদের থেকে অনেক গুরুত্বপূর্ণ হিসেবে (ইফি ৪:২; ফিলি ২:৩)।

১২:১১

NASB “যত্নে শিখিল হয়ো না”
NKJV “শিখিল হয়ো না যত্নে”
NRSV “আগ্রহে শিখিল হয়ো না”
TEV “কঠোর পরিশ্রম কর এবং অলসতা কোর না”
NJB “নিরলস পরিশ্রম দ্বারা প্রভুর জন্য কাজ কর”
 সত্যিকার ভালবাসা মহা শক্তি উৎপন্ন করে (গাল ৬:৯)।

□

NASB, NKJV “আত্মায় উত্তপ্ত হও”
NRSV “আত্মায় আবেগাপ্ত হও”
TEV “পূর্ণ হৃদয়ে সমর্পিত হও”
NJB “আত্মায় মহা আগ্রহী হও”

এটি হল একটি PRESENT ACTIVE PARTICIPLE ব্যবহৃত হয়েছে একটি IMPERATIVE অর্থে। এটি হল আক্ষরিক ভাবে “বুদবুদ”। এটি নির্দেশ করতে পারে মানুষের নব তেজের আত্মা বা ভিতরের বাস করা পবিত্র আত্মা (RSV, প্রেরিত ১৮:২৫; প্রকা. ৩:১৫-১৬)।

□ “প্রভুর দাসত্ব কর” এটি হল একটি PRESENT ACTIVE PARTICIPLE ব্যবহৃত হয়েছে একটি IMPERATIVE অর্থে। এখানে পাতুলিপির ভিন্নতা আছে। কিছু পশ্চিমা ঘরগার গ্রীক পাতুলিপি (MSS D^{*},³, F, এবং G) তে পড়া হয় “সঠিক সময়ে” (*kairos*) “প্রভুতে” (*kurios*) শব্দের পরিবর্তে। এই ভিন্নতা গুরুত্ব দিতে পারে প্রভু এবং তাঁর মন্ডলীর সেবা করা যেভাবে সুযোগ আসে (যোহন ৯:৪; ইফি ৫:১৬)।

সকল সম্ভাবতায় এই বিভ্রান্তি ঘটে কারণ *kurios* কে ভুল বোঝা এবং ভুল পড়া হয়। সবচেয়ে ভাল এবং প্রাচীনতম গ্রীক পাতুলিপি P⁴⁶, X, A, এবং B তে আছে “প্রভুর সেবা করা” The UBS⁴ মান নির্ধারণ করেছে “প্রভু” -র “সুনির্দিষ্ট”(A) হিসেবে।

১২:১২ “প্রত্যাশায় আনন্দ কর” এটি হল একটি PRESENT ACTIVE PARTICIPLE ব্যবহৃত হয়েছে একটি IMPERATIVE অর্থে (৫:২)।

এই টার্ম “আশা” প্রায়ই ব্যবহৃত হয়েছে দ্বিতীয় আগমনের সম্পর্কের সাথে (৫:২; ৮:২৪; ১৫:১৩; ১ থি ৫:৮)। এটি আশা নয় ইংরাজী অর্থে একটি কামনা, কিন্তু নূতন নিয়মের অর্থে একটি সুনির্দিষ্ট ঘটনা, কিন্তু একটি অজ্ঞাত সময় উপাদানের সাথে। দেখুন সম্পূর্ণ টীকা ৪:১৮ এবং ৫:২ পদে।

□ “ধৈর্যশীল হও” এটি একটি PRESENT ACTIVE PARTICIPLE ব্যবহৃত হয়েছে IMPERATIVE অর্থে। এই টার্মটির অর্থ “সক্রিয়, স্বেচ্ছামূলক, দৃঢ়তর সহনীয়তা”।

□ ক্লেশ” ৫:৩, ৫ পদের মত “আশা” নিদারুণ ক্লেশের (*thlipsis*) সাথে যুক্ত। এটি হল একটি পতিত জগতের খ্রীষ্টের অনুসারীদের জন্য আদর্শ (মথি ৫:১০-১২; যোহন ১৬:১-৩; ১৭:১৪; প্রেরিত ১৪:২২; রোমীয় ৫:৩-৪; ৮:১৭; ২ করি ৪:১৬-১৮; ৬:৩-১০; ১১:২৩-৩০; ফিলি ১:২৯; ১ থি ৩:৩; ২ তীম ৩:১২; যাকোব ১:২-৪; ১ পিতর ৪:১২-১৬)। আমাদের অবশ্যই এটি খুঁজতে বা এড়িয়ে যেতে হবে না! বিশেষ বিষয় দেখন: নিদারুণ ক্লেশ ৫:৩ পদে।

□ “প্রার্থনায় নিবিষ্ট থাক” এটি একটি PRESENT ACTIVE PARTICIPLE ব্যবহৃত হয়েছে IMPERATIVE অর্থে। প্রার্থনা হল একটি আত্মিক শৃঙ্খলা এবং উপহার যেটি সনাক্ত করে ইতিহাসে ঈশ্বরের সক্রিয় হাত। বিশ্বাসীরা একজন ভালবাসার স্বর্গীয় পিতাকে প্রভাবিত করতে পারে। ঈশ্বর নিজেকে সীমাবদ্ধ করাকে মনোনীত করেছেন তার সন্তানদের প্রার্থনায় (প্রেরিত ১:১৪; ২:৪২; ৬:৪; ইফি ৬:১৮-১৯; কল ৪:২)। এটি প্রার্থনাকে করেছে দারুণ দায়িত্ববান। দেখুন *Three Crucial Questions About Spiritual Warfare* by Clinton Arnold, pp. 43-44, 187-188.

১২:১৩

NASB, NRSV “পবিত্রগণের অভাবের সহভাগী হও”
NKJV “পবিত্রগণের অভাবে দান কর”
TEV “দরিদ্র সহ-খ্রীষ্টিয়ানদের তোমার সহভাগী কর”
NJB “ঈশ্বরের যে লোক অভাবি তাকে সাহায্য কর”

এই গ্রীক ক্রিয়াপদ *koinōneō* এর অর্থ “সহভাগিতা করা”। এই টার্মটির পৌলের কাছে ব্যাপক অর্থ রয়েছে। এটি সুসমাচারের সহভাগিতা এবং বাস্তব প্রয়োজন উভয়ের সাথে অর্ন্তভুক্ত (গালা ৬:৬)। এমনকি এটি ব্যবহার করা হয়েছে খ্রীষ্টের (ফিলি ৩:৮-১০; ১ পিতর ৪:৩) ও পৌলের কষ্টভোগ (ফিলি ৪:১৪) সহভাগিতা করতে। খ্রীষ্টের সাথে একত্রিত হওয়া অর্থ তাঁর লোকদের সাথে প্রতিটি স্তরে একত্রিত হওয়া! দেখুন বিশেষ বিষয়: সাধু ১:৭ পদে।

এটি হল একটি PRESENT ACTIVE PARTICIPLE ব্যবহৃত হয়েছে IMPERATIVE অর্থে (হিতো ৩:২৭; গালা ৬:১০)। বিশ্বাসীদের কঠোর পরিশ্রম করতে হবে যেন অন্যদের জন্য আরও বেশি হয়, যীশুর নামে (২ করি ৮:১১-১২; ইফি ৪:২৮)।

বিশেষ বিষয়: *KOINŌNIA*

“সহভাগিতা” (*koinōnia*) টার্মটির অর্থ

১. একজন ব্যক্তির সাথে গভীর সম্পর্ক
 - ক. পুত্রের সাথে (১ যোহন ১:৬; ১ করি ১:৯)
 - খ. আত্মার সাথে (২ করি ১৩:১৩; ফিলি ২:১)
 - গ. পিতা এবং পুত্রের সাথে (১ যোহন ১:৩)
 - ঘ. নিয়মের অন্য ভাই/বোনদের সাথে (১ যোহন ১:৭; প্রেরিত ২:৪২; গালা ২:৯; ফিলিমন ১৭)
২. কোন জিনিস বা দলের সাথে গভীর সম্পর্ক
 - ক. সুসমাচারের সাথে (ফিলি ১:৫; ফিলিমন ৬)
 - খ. খ্রীষ্টের রক্তের সাথে (১ করি ১০:১৬)
 - গ. অন্ধকারের সাথে নয় (২ করি ৬:১৪)
 - ঘ. কষ্টভোগের সাথে (ফিলি ৩:১০; ৪:১৪; ১ পিতর ৪:১৩)
৩. উপহার বা অনুদান মহানুভবতার সাথে করা (রোমীয় ১২:১৩; ১৫:২৬; ২ করি ৮:৪, ৯:১৩; ফিলি ৪:১৫; ইব্রীয় ১৩:১৬)
৪. ঈশ্বরের খ্রীষ্টের মধ্য দিয়ে অনুগ্রহের দান, যেটি মানব জাতির সহভাগিতা পুনরুদ্ধার করে তাঁর এবং তাঁর ভাই এবং বোনদের সাথে।

এটি নিশ্চিত করে সমান্তরাল সম্পর্ক (মানুষ থেকে মানুষ) যেটি নিয়ে আসা হয়েছে উল্লম্ব সম্পর্কে (মানুষ থেকে সৃষ্টিকর্তা)। এটা আরও গুরুত্ব দেয় খ্রীষ্টিয় সমাজের প্রয়োজন এবং আনন্দের উপর। ক্রিয়ার কাল জোর দেয় এই সমাজের অভিজ্ঞতার শুরু এবং চলমানতায় (১:৩ [দু'বার], ৬, ৭)। খ্রীষ্টিয় ধর্ম হল যৌথ!

□ “অতিথি-সেবায় রত হও” এটি হল একটি PRESENT ACTIVE PARTICIPLE ব্যবহৃত হয়েছে একটি IMPERATIVE অর্থে। এটি আক্ষরিকভাবে “আতিথিয়তা অনুসরণ করা” (দেখুন টীকা ১৪:১৯, ১ তীম ৩:২, তীত ১:৮; ইব্রীয় ১৩:২; ১ পিতর ৪:৯ পদ)। এই পরিচর্যা আদি মন্ডলীগুলিতে গুরুত্বপূর্ণ ছিল কারণ “পাছশালার” মন্দ খ্যাতি। এটি প্রধানত নির্দেশ করে ভ্রমণকারী পরিচর্যাকারীদের বাসস্থান এবং খাবারের উপর।

NASB (আপডেটেড) টেক্সট: ১২:১৪-২১

^{১৪} যারা তোমাদের তাড়না করে তাদের আশীর্বাদ কর; আশীর্বাদ কর অভিষাপ দিও না। ^{১৫} যারা আনন্দ করে তাদের সাথে আনন্দ কর, এবং যারা রোদন করে, তাদের সাথে রোদন কর। ^{১৬} তোমরা পরস্পরের প্রতি একমনা হও, মনে অহংকারী হয়ো না, কিন্তু অবনত বিষয় সমূহের সাথে সম্পর্কিত হও। নিজেদের জ্ঞানে বুদ্ধিমান হয়ো না। ^{১৭} মন্দের পরিশোধে কারও মন্দ করো না। সকল মানুষের চোখে যা উত্তম তাকেই সম্মান করো। ^{১৮} যদি সম্ভব হয়, তোমাদের যত দূর হাত থাকে, সকল মানুষের সাথে শান্তিতে থাক। ^{১৯} হে প্রিয়তমেরা, তোমরা নিজেরা প্রতিশোধ নিও না, বরং ঈশ্বরের ক্রোধের জন্য স্থান ছেড়ে দাও, কারণ লেখা আছে, “প্রতিশোধ লওয়া আমারই কাজ, আমিই প্রতিফল দিব,” ইহা প্রভু বলেন। ^{২০} “কিন্তু তোমার শত্রু যদি ক্ষুধার্ত হয়, তাকে ভোজন করাও, যদি সে পিপাসার্ত হয়, তাকে পান করাও; কারণ তা করলে তুমি তার মাথায় জ্বলন্ত অঙ্গারের রাশি করে রাখবে।” ^{২১} তুমি মন্দের দ্বারা পরাজিত হয়ো না, কিন্তু উত্তমের দ্বারা মন্দকে পরাজয় কর। (অনুবাদকৃত টেক্সট)।

১২:১৪ “যারা তাড়না করে তাদেরকে আশীর্বাদ কর” এটি হল একটি PRESENT ACTIVE IMPERATIVE ব্যবহৃত হয়েছে দুইবার এই পদে। আমরা ইংরাজী টার্ম “eulogy” পেয়েছি এই টার্ম “আশীর্বাদ” থেকে (মথি ৫:৪৪; লুক ৬:২৮; ১ করি ৪:১২; যাকোব ৩:৯-১২; ১ পিতর ৩:৯)। P⁴⁶ এ (The Chester Beatty Papyrus) এবং পাতুলিপি B (Vaticanus) “তুমি” বাদ দেওয়া হয়েছে এই বিবৃতিকে আরো বেশী ব্যাপক করতে বা রাখা হয়েছে অন্যভাবে, অনেক বেশী সাধারণ বিবৃতিতে। “অত্যাচার” এর জন্য টীকা দেখুন ১৪:৯ পদে।

□ “অভিষাপ দিও না” এটি হল একটি PRESENT MIDDLE (deponent) IMPERATIVE এর সাথে NEGATIVE PARTICLE, যেটি সাধারণত বোঝায় ইতিমধ্যে চলা কোন কাজকে থামানো। এটি উল্লেখ করে প্রতিহিংসার জন্য প্রার্থনায় ঈশ্বরের নামের আহ্বান (১ করি ১২:৩ পদের অভিষাপের মত)। এটি ধর্মনিন্দা নির্দেশ করে না (ইফি ৪:২৯; ১ পিতর ৩:৯)।

১২:১৫ “যারা আনন্দ করে তাদের সাথে আনন্দ কর, যারা রোদন করে তাদের সাথে রোদন কর” এই দুটি PRESENT INFINITIVES ব্যবহার করা হয়েছে IMPERATIVES অর্থে। খ্রীষ্টিয়ানেরা হল একটি পরিবার। বিশ্বাসীরা কোন প্রতিযোগিতায় নেই, কিন্তু অবশ্যই একজন অন্যের সাথে পারিবারিক ভালবাসাসুলভ আচরণ করবে। কারণ ১২-২১ পদের প্রসঙ্গে এটা সম্ভব যে এটি প্রতিফলিত করে বিশ্বাসীদের সাড়া প্রদান অবিশ্বাসী সমাজে সাংস্কৃতিক সুযোগ বা পরিস্থিতি ব্যবহার করে ধর্মপ্রচারের সুযোগের জন্য।

১২:১৬

NASB, NKJV “তোমরা পরস্পরের প্রতি একমনা হও”

NRSV “পরস্পরের সাহিত্র্যে একে বাস কর”

TEV “পরস্পরের প্রতি একই চিন্তা থাকুক”

NJB “পরস্পরের প্রতি একই ভাবে আচরণ কর”

এটি হল একটি PRESENT ACTIVE PARTICIPLE ব্যবহৃত হয়েছে একটি IMPERATIVE অর্থে (১৫:৫; ২ করি ১৩:১১; ফিলি ২:২)। ১৬ পদ মনে হয় দেখা যেতে পারে দ্বন্দ্বপূর্ণ সম্পর্ক

১. রোমীয় মন্ডলীতে বিশ্বাসী যিহুদী এবং বিশ্বাসী অযিহুদীদের মধ্যে (১১:১৩-২৪)
২. অর্থনৈতিক শ্রেণীভেদের মধ্যকার অতি-প্রাচীন বিবাদ
৩. আত্মিক দানের ভিন্নতা
৪. প্রজন্মগত ঐতিহ্য এবং ব্যক্তিগত প্রাধান্যতা

□ “মনে অহংকারী হয়ো না, কিন্তু অবনত বিষয় সমূহের সাথে সম্পর্কিত হও” এটি হল একটি PRESENT ACTIVE IMPERATIVE এর সাথে NEGATIVE PARTICLE, যেটি সাধারণত বোঝায় ইতিমধ্যে চলা কোন কাজকে থামানো। “অবনত” শব্দটি হতে পারে MASCULINE বা NEUTER। যদি এটি হয় NEUTER তাহলে অনুবাদ পড়তে হবে “নম্র দায়িত্ব গ্রহণ করা”; যদি MASCULINE, “দরিদ্র বা নম্র লোকদের সাথে সম্পর্ক যুক্ত হওয়া”।

□ “নিজেদের জ্ঞানে বুদ্ধিমান হয়ো না” এটি হল একটি PRESENT MIDDLE (deponent) IMPERATIVE এর সাথে NEGATIVE PARTICLE, যেটি সাধারণত বোঝায় ইতিমধ্যে চলা কোন কাজকে থামানো (হিতো ৩:৭; যিশা ৫:২১; ১ করি ১০:১২; গালা ৬:৩)। বিশ্বাসীদের একে অন্যের উপর কর্তৃত্ব করা উচিত নয় বা অবিশ্বাসী সমাজের প্রতি অহংকারীভাবে।

১২:১৭ “মন্দের পরিশোধে কারও মন্দ করো না” এটি হল একটি PRESENT ACTIVE PARTICIPLE ব্যবহৃত হয়েছে একটি IMPERATIVE অর্থে NEGATIVE PARTICLE এর সাথে, যার অর্থ হল ইতিমধ্যে চলা কোন কাজ থামানো। এটি ঈশ্বরের উপর নির্ভর করে সকল বিষয় ঠিক করার জন্য, বিশ্বাসীদের উপরে নয় (হিতো ২০:২২; ২৪:৪৯; মথি ৫:৩৮-৪৮; লুক ৬:২৭; ১ থি ৫:১৫; ১ পিতর ৩:৯)।

□ “সকল মানুষের চোখ যা উত্তম তাকেই সম্মান করো” এটি হল একটি PRESENT MIDDLE PARTICIPLE ব্যবহৃত হয়েছে IMPERATIVE অর্থে (২ করি ৮:২১; ১ থি ৫:২২; এবং ১ তীম ৩:৭)। এটি মনে হয় Septuagint (LXX) এর হিতো ৩:৪ পদের দিকে ইঙ্গিত দেয়। বিশ্বাসীরা অবিশ্বাসীদের কাছে সুসমাচার প্রচারের লক্ষ্য নিয়ে জীবনযাপন করে। আমাদের এমন কিছু করা উচিত নয় যেটি একজন অবিশ্বাসীকে বিরক্ত করে বা বিদ্রোহী করে তোলে (১ করি ৯:১৯-২৩)। এমনকি আমাদের দৃঢ় বিশ্বাস প্রকাশ করতে হবে ভালবাসার সাথে।

১২:১৮ “যদি সম্ভব হয়, তোমাদের যত দূর হাত থাকে, সকল মানুষের সাথে শান্তিতে থাক” এটি হল একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE যেটি ধরে নেওয়া হয় সত্য লেখকের দৃষ্টিভঙ্গি বা তার সাহিত্যের উদ্দেশ্যের জন্য। এটি পরবর্তী বাক্যাংশকে অনুসরণ করে একটি PRESENT ACTIVE PARTICIPLE দ্বারা যেটি ব্যবহৃত হয়েছে একটি IMPERATIVE অর্থে। এটি সব সময় বিশ্বাসীদের মনোনিয়ন নয়, কিন্তু ব্যাকরণ এই ইঙ্গিত দেয় যে এটি প্রায়ই সম্ভব (মার্ক ৯:৫০; ২ করি ১৩:১১; ১ থি ৫:১৩)।

১২:১৯ “তোমরা নিজেরা প্রতিশোধ নিও না” এটি হল একটি PRESENT ACTIVE PARTICIPLE এর সাথে NEGATIVE PARTICLE ব্যবহৃত হয়েছে IMPERATIVE অর্থে, যেটি সাধারণত বোঝায় ইতিমধ্যে চলা কোন কাজ থামানো। ঈশ্বর একদিন একে সহজ সরল করবেন (লেবীয় ১৯:১৮; দ্বি.বি ৩২:৩৫; ইব্রীয় ১০:৩০)।

□ “কারণ লেখা আছে” এটি হল একটি PERFECT PASSIVE INDICATIVE, যেটি হল একটি যিহুদী বাগধারাগত উপায়ে অনুপ্রাণিত লেখা নির্দেশ করা। এই বাগধারার অনুপ্রেরণা “যেমন প্রভু বলেছেন” এর সাথে সমান্তরাল (১ করি ১৪:২১ এবং ২ করি ৬:১৭)। এটি হল দ্বি.বি ৩২:৩৫ পদ থেকে উদ্ধৃতি।

১২:২০ “তোমার শত্রু যদি” এটি হল একটি THIRD CLASS CONDITIONAL SENTENCE যার অর্থ সম্ভবত ভবিষ্যত কাজ। শত্রু আসবে!

□ “তার মাথায় জ্বলন্ত অঙ্গারের রাশি করে রাখবে” এটি হল একটি ইঙ্গিত হিতো ২৫:২১-২২ পদের। ব্যাখ্যার তত্ত্বগুলি হল:

১. এটি হল একটি সংস্কৃতিগত বাগধারা সম্ভবত মিশর থেকে এসেছে যার অর্থ হল দয়া একটি উত্তম উপায় একজন শত্রুকে বন্ধুতে পরিণত করার। এটি এখনও খ্রীষ্টিয় সাড়া প্রদান মন্দতার আবেষ্টনীর পরিবর্তে (মথি ৫:৪৪)।
২. “কয়লা পুড়ানো” মনে হয় প্রতিনিধিত্ব করে একজনের মন্দ আচরণের প্রতি লজ্জা প্রকাশের যেটি খুবই স্পষ্টভাবে অন্যের ভালবাসা এবং ক্ষমাশীলতার আলো প্রকাশ করে (Ambrosiaster, Augustine and Jerome)।
৩. Origen and Chrysostom বলেছেন যে এটি নির্দেশ করে খ্রীষ্টিয় দয়া যার কারণে ঈশ্বর আরো বেশি কঠোরভাবে অনুতাপ না কারীকে বিচার করেন (Jerome Biblical Commentary, vol. 2, p. 326)।

উপরের সকল তত্ত্ব হল এটাই। চাবিকাঠি হল পৌলের বিবৃতির সারমর্ম ২১ পদে।

১২:২১ “ভুমি মন্দের দ্বারা পরাজিত হয়ো না, কিন্তু উত্তমের দ্বারা মন্দকে পরাজয় কর” এটি হল PRESENT PASSIVE IMPERATIVE এবং PRESENT ACTIVE IMPERATIVE। আমাদের অন্যায় আচরণের প্রতি সাড়া প্রদান নির্ধারণ এবং প্রতিফলিত করবে আমাদের ভিতরের শান্তি এবং আনন্দের স্তর। তিজ্ঞতা হল একটি আত্মিক ক্যানসার। বিশ্বাসীদের অবশ্যই এটি ঈশ্বরকে দিতে হবে।

□ “মন্দ” এটি হল MASCULINE এবং, সেজন্য, একটি উল্লেখ্য মন্দ ব্যক্তির প্রতি (দেখুন বিশেষ বিষয়: ১৬:২০ পদে), বা এটা হতে পারে NEUTER এবং নির্দেশ করে সাধারণভাবে মন্দকে (১২:৯ পদ; ১ থিষ ৫:২১-২২)। এটি হল নূতন নিয়মের একটি সাধারণ অস্পষ্টতা (মথি ৫:৩৭; ৬:১৩; ১৩:১৯,২৮; যোহন ১৭:১৫; ২ থিষ ৩:৩; ১ যোহন ২:১৩-১৪; ৩:১২; ৫:১৮-১৯)। এটি অবশ্যই মনে রাখতে হবে যে সুসমাচার প্রচার হল এই নূতন মনোভাব এবং কাজের উদ্দেশ্য।

৯-২১ পদের আলোচনার প্রশ্নগুলি

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কেন এত বেশি PRESENT IMPERATIVES এর সাথে NEGATIVE PARTICLE ৯-২১ পদে?
২. এই পদগুলির সকল আদেশ একটি আলাদা কলামে লিপিবদ্ধ করুন। সেগুলো হল একটি দারণ তালিকা কি রকম ব্যবহারিক, প্রতিদিনের খ্রীষ্টসাদৃশ্যতা অর্ন্তভুক্ত!
৩. কেন এটি খুব কঠিন সিদ্ধান্ত নেওয়া যে কোন কোন পদ নির্দেশ করে অন্য বিশ্বাসীদের প্রতি খ্রীষ্টীয় আচরণ এবং কোন গুলি নির্দেশ করে অবিশ্বাসীদের প্রতি আচরণ?

রোমীয় ১৩

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
অনুশাসনের প্রতি বাধ্যতা	সরকারের প্রতি আনুগত্য	খ্রীষ্টিয়ান এবং রাষ্ট্র	রাষ্ট্রের কর্তৃপক্ষের প্রতি কর্তব্য	সিভিল কর্তৃপক্ষের প্রতি আনুগত্য
১৩:১-৭	১৩:১-৭	১৩:১-৭	১৩:১-৫ ১৩:৬-৭	১৩:১-৭
ভ্রাতৃসুলভ প্রেম	তোমার প্রতিবাসীকে ভালবাস	ভালবাসা ব্যবস্থা পূর্ণ করে	অন্যের প্রতি কর্তব্য	ভালবাসা এবং যুদ্ধ
১৩:৮-১০	১৩:৮-১০	১৩:৮-১০	১৩:৮-১০	১৩:৮-১০
খ্রীষ্টের দিন আগত	খ্রীষ্টকে পরিধান করা	খ্রীষ্টের দ্বিতীয় আগমন আসন্ন		আলোর সন্তানেরা
১৩:১১-১৪	১৩:১১-১৪	১৩:১১-১৪	১৩:১১-১৩ ১৩:১৪	১৩:১১-১৪

পাঠ চক্র তিন (দেখুন পৃষ্ঠা p. viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১-৮ পদের এর প্রাসঙ্গিক অন্তর্দৃষ্টি

- যেমন ১২ অধ্যায় প্রাথমিকভাবে আলোচনা করেছে খ্রীষ্টিয়ান এবং তার সহ-বিশ্বাসী (৯-১৩ পদ) এবং সমাজের অন্যদের বিষয়ে (১৪-২১ পদ), ১৩:১-৭ পদে আলোচনা করেছে প্রাথমিক ভাবে খ্রীষ্টিয়ান এবং বেসামরিক শাসকদের বিষয়ে। যাহোক, এই বিষয়গুলির মধ্যে কোন প্রাসঙ্গিক বিভাজন নেই। পৌল তাদেরকে এক হিসাবে দেখেছেন। সেখানে কোন পবিত্র বা ধর্ম নিরপেক্ষ দ্বি-বিভাজন ছিল না। সকল জীবনই ঈশ্বরের। বিশ্বাসীরা হলেন প্রতিটি ক্ষেত্রের ধনাধ্যক্ষ! এই দুই অধ্যায়ের মধ্যকার সংযুক্তি ১২:১৮ পদে দেখা যেতে পারে।
- বিশ্বাসীদের বেসামরিক সরকারের অবস্থানের উপলব্ধিতে ভিন্নতা রয়েছে। পুরতান নিয়মে শাসনকর্তারা গড়ে উঠেছিল কয়নের বংশধরদের মধ্যে (আদি ৪:১৬-২২)। বাবিলের দুর্গ (আদি ১১) মানবজাতির ঈশ্বরকে বাদ দিয়ে নিজেই রাজত্ব করার চেস্তার সাথে সম্পর্কিত। ইশ্রায়েলের আভ্যন্তরীণ রাজপদ অর্থ ঐশ্বরীক নিয়মের মধ্যে দিয়ে ঈশ্বরের রাজত্ব এবং একজন নির্ধারিত মেঘপালকের (রাজা) অধীনে,

কিন্তু এটি মানবজাতির পাপের কারণে সফল ছিল না। যীশুর শাসনকর্তাদের সঠিক স্থান সম্বন্ধে আলোচনা মথি ২২:২১ এবং মার্ক ১২:১৭ পদে হল চাবিকাঠি। এটি বিস্ময়কর যে পৌল কখনো যীশুর কথা এই প্রসঙ্গে উল্লেখ করেন নাই (যদিও ১-৭ এবং ১১ পদ মনে হয় সমান্তরাল মথি ২২:১৫-২২ এবং ৩৯ পদের সাথে)। পতিত জগতে শাসনকর্তাদের জন্য সঠিক ঈশ্বর-দত্ত আইন ছিল। প্রায়ই প্রেরিতদেরকে সংগ্রাম করতে বাধ্য করা হতো কিভাবে কর্তৃত্বের সাথে সম্পর্কিত হবে, বেসামরিক এবং ধর্মীয় উভয়ে ক্ষেত্রে। এটি প্রমাণ করে মানব কর্তৃত্বের কাজের উপর নির্ভর করে একটি ইতিবাচক এবং নেতিবাচক কাজের। পৌল সুরক্ষিত এবং অত্যাচারিত উভয়ই হয়েছিলেন সরকারের দ্বারা। যাহোক, প্রকাশিত বাক্যে যোহন, শাসনকর্তাদের মহা বেশ্যা বলেছেন (প্রকা ১৭)!

আমাদের অবশ্যই শাসনকর্তাদের সমর্থন করতে হবে যদি এটা আমাদের আত্মা-চালিত বিবেককে ভঙ্গ বা চূড়ান্ত আনুগত্য দাবী না করে। বেসামরিক আইন বিশৃঙ্খলার বাঞ্ছনীয় (২ থি ২:৬-৭)।

গ. একই বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে তীত ৩:১ এবং ১ পিতর ২:১৩-১৭ পদে।

ঘ. ঘ। যিহুদী ধর্ম প্রথম শতাব্দীতে রোমীয় সরকারে অধীনে বৈধ ধর্ম ছিল। খ্রীষ্ট ধর্মকে বহু বছর ধরে মনে করা হত এর মধ্যকার একটি উপদল (প্রেরিত ১৮:১২-১৬)। এটি আইনগত সুরক্ষা প্রদান করেছিল প্রচারকদের কার্যক্রমে প্রাথমিক বছরগুলিতে। প্রেরিতদের একটি উদ্দেশ্য ছিল এটা দেখানো যে খ্রীষ্টিয় ধর্ম রোমের জন্য কোন রাজনৈতিক হুমকি ছিল না। রোম দিয়েছিল একটি আন্তর্জাতিক শান্তি এবং স্থিরতা (*pax Romana*) যার দ্বারা সুসমাচার ছড়িয়ে পড়েছিল (১ তীম ২:১-২)।

ঙ. এই প্যাসেজটি গভীরতা লাভ করেছে পৌলের কর্তৃত্বের সাথে ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে। এটি আরও সম্ভব যে এই অংশটি যুক্ত করা হয়েছে কারণ

১. সরকারী নির্দেশের (অর্থাৎ, যিহুদী অনুষ্ঠান সীমাবদ্ধ করা) সাথে সম্পর্কিত রোমীয় মন্ডলীর মধ্যকার উত্তেজনার। এটি হতে পারে কিছূ যিহুদী বিশ্বাসীদের রাজধানী ছেড়ে যাবার কারণ (আর্থাৎ, আক্লিলা এবং প্রিক্সিল্লা, প্রেরিত ১৮:২)। তাদের অনুপস্থিতিতে অযিহুদী বিশ্বাসীদের নেতৃত্বের উদ্ভব হয়েছিল।
২. রোমের ভিতরের উত্তেজনা যার কারণ ছিল রোমের বৃহৎ যিহুদী সমাজের মধ্যে সুসমাচার প্রচার। ঐতিহাসিক Suetonius, *Life of Claudius* 25.2 লিপিবদ্ধ করেছেন যে সম্রাট যিহুদীদের রাজধানী থেকে নিবাসিত করেছিলেন ৪৯ খ্রীষ্টাব্দে কারণ বারবার দাঙ্গা হওয়া “Chrestus” কারণে। এটি হতে পারে লাতিন ভাষায় খ্রীষ্টের (Christos) একটি ভিন্ন বানান।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১৩:১-৭

^১ প্রত্যেক প্রাণী প্রাধান্যপ্রাপ্ত কর্তৃপক্ষের বশীভূত হোক। কারণ ঈশ্বর ছাড়া কোন কর্তৃত্ব হয় না, এবং যে সব কর্তৃপক্ষ আছেন তারা ঈশ্বর নিযুক্ত। ^২ সেজন্য যে কেহ কর্তৃত্বের প্রতিরোধ করে সে ঈশ্বরের নিয়োগের প্রতিরোধ করে; আর যারা প্রতিরোধ করে তারা নিজেদের উপরে বিচারাজ্ঞা প্রাপ্ত হবে। ^৩ কারণ শাসনকর্তারা ভাল কাজের প্রতি ভয় স্বরূপ নন, কিন্তু মন্দ কাজের প্রতি। তুমি কি কর্তৃপক্ষের কাছে নির্ভয় থাকতে চাও? ভাল কাজ কর এবং তা করলে তুমি এই কাজের জন্য প্রশংসা পাবে; ^৪ কারণ ভাল কাজের জন্য তিনি তোমার পক্ষে ঈশ্বরেরই পরিচারণক। কিন্তু যদি মন্দ আচরণ কর, তবে ভীত হও; কারণ তিনি বৃথা খড়গ ধারণ করেন না; যেহেতু তিনি ঈশ্বরের পরিচারণক, একজন প্রতিশোধদাতা যে মন্দ আচরণ করে তার উপরে ক্রোধ সাধন করবেন। ^৫ সেজন্য সমর্পিত হওয়া আবশ্যিক, কেবল ক্রোধের ভয়ে নয়, কিন্তু বিবেকের জন্যও। ^৬ কারণ এই জন্য তোমরা করণ দিয়ে থাক; কেননা শাসকেরা ঈশ্বরের সেবাকারী, সেই কাজে নিয়োজিত রয়েছেন। ^৭ যার যা প্রাপ্য তাকে তা দেও; যার কর পাওনা তাকে কর দেও; যাকে শুল্ক দিতে হয় শুল্ক দেও; যাকে ভয় করতে হয় ভয় কর; যাকে সম্মান করতে হয় সম্মান কর। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:১ “প্রত্যেক প্রাণী বশীভূত হোক” এটি হল (১) একটি PRESENT PASSIVE IMPERATIVE অর্থাৎ, “অবিরত সমর্পিত হওয়া” বা (২) PRESENT MIDDLE IMPERATIVE “নিজেকে সমর্পণ করা” (তীত ৩:১; ১ পিতর ২:১৩)। “সমর্পণ করা” ছিল একটি সামরিক টার্ম ব্যবহৃত হয়েছে আদেশের পালক্রম বর্ণনা করতে। পৌল সকল বিশ্বাসীদের উদ্দেশ্যে বলেছেন। পৌল বলতে চেঁটা করেছেন যে বিশ্বাসীদের উচিত একে অন্যের অধীন হওয়া (ইফি ৫:২১)। আমাদের দিনে সমর্পিত হওয়া মনে হয় একটি নেতিবাচক টার্ম। এটি হল একটি টার্ম যেটি চিত্রিত করে একই সাথে নম্রতা এবং গভীর জ্ঞান ঈশ্বরের পৃথিবীর এবং এতে আমাদের অবস্থান। বলা হয়েছে যীশু সমর্পিত ছিলেন (১) তাঁর জাগতিক পিতা-মাতা (লুক ২:৫১) এবং (২) তাঁর স্বর্গস্থ পিতার প্রতি (১ করি ১৫:২৮)। এই ক্ষেত্রে তিনি ছিলেন আমাদের পথ প্রদর্শক! দেখুন বিশেষ বিষয়: সমর্পিত ১০:৩ পদে।

□ “প্রাধান্যপ্রাপ্ত কর্তৃপক্ষের” যদিও পৌল এই শব্দটি (*exousia*) অন্য প্রসঙ্গেও ব্যবহার করেছেন স্বর্গদূতদের ক্ষমতা উল্লেখ করতে, প্রাথমিকভাবে মন্দতা (৮:৩৮; কল ১:১৬; ২:১০, ১৫; ইফি ১:২১; ৩:১০; ৬:১২), প্রসঙ্গ এখানে দাবী করে “বেসামরিক কর্তৃত্ব” (১ করি ২:৬, ৮; তীত ৩:১; ১ পিতর ২:১৩)। বাইবেল মনে হয় বোঝায় যে মানব সরকারের পিছনে স্বর্গদূতদের মত কর্তৃত্ব রয়েছে (দানিয়েল ১০ এবং LXX এর দ্বি বি ৩২: ৮ পদে, “পরাতপর যখন জাতিগণকে বিভাগ করিলেন, যখন আদম সন্তানগণকে পৃথক করিলেন, তখন ঈশ্বরের দূতগণের সংখ্যানুসারে সেই জাতিগণের সীমা নিরূপণ করিলেন।” দেখুন Oscar Cullman, *Christ and Time* and Hendrikus Berkhof, *Christ and the Powers*)। কিন্তু এখনও শাসক কর্তৃপক্ষ কাজ করে ঈশ্বরের অধীনে (১, ৪, এবং ৬ পদ) দেখুন বিশেষ বিষয় পরবর্তীতে।

বিশেষ বিষয়: কর্তৃত্ব (EXOUSIA)

লূকের *exousia* (কর্তৃত্ব, ক্ষমতা, বা আইনগত অধিকার) ব্যবহার লক্ষ্য করাটা বেশ মজার।

১. ৪:৬ পদে শয়তান দাবী করে যীশুকে কর্তৃত্ব দেবার ক্ষমতা তার রয়েছে।
 ২. ৪:৩২, ৩৬ পদে যিহুদী লোকেরা আশ্চর্য হয়েছিল যে কিভাবে যীশু তাদের শিক্ষা দিয়েছেন তাঁর ব্যক্তিগত কর্তৃত্ব ব্যবহার করে।
 ৩. ৯:১ পদে তিনি তাঁর ক্ষমতা এবং কর্তৃত্ব তাঁর প্রেরিতদের দিয়েছেন।
 ৪. ১০:১৯ পদে তিনি তাঁর কর্তৃত্ব সন্তরজন প্রচারককে (প্রেরিত) দিয়েছেন।
 ৫. ২০:২,৮ পদে যীশুকে তাঁর কর্তৃত্বের কেন্দ্র সম্পর্কে প্রশ্ন করা হয়েছিল।
 ৬. ২২:৫৩ পদে শয়তানকে কর্তৃত্ব দেওয়া হয়েছে যীশুকে দভাজ্ঞা দিতে এবং মেরে ফেলতে।
- যদিও লুকে নয়, মথির মহান আদেশের সূচনা, “স্বর্গ মর্তের সকল ক্ষমতা আমাদের দেওয়া হয়েছে” হল একটি অপূর্ব বিবৃতি (মথি ২৮:১৮)।

তাদের প্রশ্নের জন্য যীশুর উত্তর হতো

১. ঈশ্বর বাক্য বলেছেন তাঁর
 - ক. বাপ্তিস্মে (লুক ৩:২১-২২)
 - খ. রূপান্তরে (লুক ৯:৩৫)
২. পুরাতন নিয়মের ভাববাণীর পরিপূর্ণতা
 - ক. যিহুদা বংশ (আদি ৪৯:১০)
 - খ. যিশয়ের পরিবার (২ শমুয়েল ৭)
 - গ. বেথলেহমে জন্মেছেন (মীখা ৫:২)
 - ঘ. দানিয়েল ২ অধ্যায়ের ৪র্থ সাম্রাজ্যের (রোম) সময় জন্মেছেন
 - ঙ. দরিদ্র, অন্ধ, অভাবীদের সাহায্য করেছেন (যিশাইয়)
৩. তাঁর ভূত ছাড়ানোর কাজ প্রকাশ করে শয়তান এবং তার রাজত্বে তাঁর ক্ষমতা এবং কর্তৃত্ব।
৪. তাঁর মৃতদের জীবন দান দেখায় বাস্তব জীবন এবং মৃত্যুর উপরে তাঁর ক্ষমতা।
৫. তাঁর সকল অলৌকিক কাজ প্রকাশ করে তাঁর পার্থিব, বিশেষ এবং বাস্তব বিষয়ের উপর ক্ষমতা এবং কর্তৃত্ব।
 - ক. প্রকৃতি
 - খ. খাওয়ানো
 - গ. আরোগ্যদান
 - ঘ. মনের কথা জানা
 - ঙ. মাছ ধরা

বিশেষ বিষয়: মানবিক সরকার

I. ভূমিকা:

- ক. সংজ্ঞা – সরকার হল মানবজাতির নিজের অনুভবকৃত প্রয়োজনের জন্য যোগান এবং নিরাপত্তার সংগঠন (আদিপুস্তক ৪ এবং ১১)। মানুষ সামাজিক জীব (এমনকি পতনের আগে (আদি ২:১৮)। পরিবার, গোষ্ঠী, জাতি আমাদের সমাজ দেয়।
- খ. উদ্দেশ্য– ঈশ্বর ইচ্ছা করেছেন যে অরাজকতার জন্য নীতি বাঞ্ছনীয়।
 ১. মোশির আইন-কানুন, নির্দিষ্টভাবে ১০ আঙ্গা হল ঈশ্বরের ইচ্ছা সামাজিক মানবের জন্য। এটা আরাধনা এবং জীবনের ভারসাম্য বজায় রাখে।
 ২. সরকারের কোন রূপ বা গঠনধারার সমর্থন বাইবেলে নেই, যদিও প্রাচীন ইস্রায়েলীয়দের ঈশ্বরীয় শাসন হল স্বর্গীয় কাঠামোর অনুরূপ। গণতন্ত্র বা পুঁজিবাদী কোনটিই বাইবেলীয় সত্য নয়। খ্রীষ্টিয়ানদের অবশ্যই তাদের যে সরকার ব্যবস্থা আছে সে অনুযায়ী উপযুক্ত আচরণ করতে হবে। খ্রীষ্টিয়ানদের উদ্দেশ্য হল সুসমাচার প্রচার এবং পরিচর্যা করা, বিপ্লব করা নয়। সকল সরকার হল ক্ষণস্থায়ী!
- গ. মানব সরকারের উৎপত্তি
 ১. রোমীয় ক্যাথলিক তত্ত্ব বলতে চেপ্টা করেছে যে মানব সরকার হল একটি সহজাত প্রয়োজন, এমনকি পতনের আগেও। এরিস্টটল মনে হয় প্রথম এই নীতি বলতে চেপ্টা করেছেন। তিনি বলেছেন, “মানুষ হল একটি রাজনৈতিক পশু” এবং এর দ্বারা তিনি বুঝিয়েছেন যে সরকার “বিদ্যমান ভালো জীবন উন্নয়নের জন্য।”
 ২. প্রোটেস্ট্যান্ট তত্ত্ব, বিশেষভাবে মার্টিন লুথার, বলতে চেপ্টা করেছেন যে মানব সরকার হল পতনের উত্তরাধিকার স্বরূপ। তিনি একে বলেছেন, “ঈশ্বরের রাজত্বের বাম হাত।” তিনি বলেছেন যে “খারাপ মানুষ নিয়ন্ত্রণে ঈশ্বরের পথ হল খারাপ মানুষকে নিয়ন্ত্রণে বসানো।”
 ৩. কার্ল মাক্স বলতে চেপ্টা করেছেন যে সরকার হল যার দ্বারা কয়েকজন প্রধানের মাধ্যমে জনসাধারণকে নিয়ন্ত্রণে রাখাকে বোঝায়। তার কাছে, সরকার এবং ধর্ম সমরূপ ভূমিকা পালন করে।

II. বাইবেলের সামগ্রী

- ক. পুরাতন নিয়ম
 ১. ইস্রায়েল হল একটি নমুনা যেটি স্বর্গে ব্যবহার করা হবে। প্রাচীন ইস্রায়েলে YHWH ছিলেন রাজা। ঈশ্বরীয় শাসন হল একটি টার্ম

- যেটি ব্যবহার করা হয়েছে ঈশ্বরের সরাসরি নিয়ম বর্ণনা করতে (১ শমুয়েল ৮:৪-৯)।
২. ঈশ্বরের সার্বভৌমত্ব মানব সরকারে স্পষ্টভাবে দেখা যায় তাঁর নিয়োগ করার মাধ্যমে
 - ক. সকল রাজাদের, দানিয়েল ২:২১; ৪:১৭, ২৪-২৫
 - খ. মশীহের রাজত্ব, দানিয়েল ২:৪৪-৪৫
 - গ. নবুখদনিৎসর (নব্য-বাবিল), যির ২৭:৬; দানি ৫:২৮
 - ঘ. ২ কোরস (পারস্য), ২ বংশ ৩৬:২২; ইস্রা ১:১, যিশা ৪৪:২৮; ৪৫:১
 ৩. ঈশ্বরের লোকদের সমর্পিত এবং সম্মানজনক হতে হবে আক্রমণকারী এবং দখলকারী সরকারের প্রতি:
 - ক. দানিয়েল ১-৪, নবুখদনিৎসর (নব্য-বাবিল)
 - খ. দানিয়েল ৫, বেলশৎসর (নব্য-বাবিল)
 - গ. দানিয়েল ৬, দারিয়াবস (পারস্য)
 - ঘ. ইস্রা ও নহিমিয় (পারস্য)
 ৪. পুনরুদ্ধারকৃত যিহুদা প্রার্থনা করেছিল কোরস এবং তার বংশধরদের রাজত্বের জন্য
 - ক. ইস্রা ৬:১০; ৭:২৩
 - খ. যিহুদীদের নাগরিক কর্তৃপক্ষের জন্য প্রার্থনা করেছিল, মিশনাহ, Avot. ৩:২
- খ. নতুন নিয়ম
১. যীশু মানব সরকারদের প্রতি সম্মান প্রদর্শন করেছেন
 - ক. মথি ১৭:২৪-২৭ পদ; তিনি মন্দিরের কর দিয়েছিলেন (ধর্মীয় এবং নাগরিক কর্তৃপক্ষ একই বোঝানো হত, ১ পিতর ২:১৭)
 - খ. মথি ২২:১৫-২২; মার্ক ১২:১৩-১৭; লুক ২০:২০-২৬, তিনি সমর্থন করেন রোমীদের করের জন্য একটি স্থান এবং সেইসাথে রোমীয় নাগরিক কর্তৃপক্ষের।
 - গ. যোহন ১৯:১১ পদ, ঈশ্বর নাগরিক কর্তৃপক্ষের অনুমতি দেন।
 ২. পৌলের কথা মানব সরকারের সাথে সম্পর্কিত
 - ক. রোমীয় ১৩:১-৫ পদ, বিশ্বাসীদের অবশ্যই নাগরিক কর্তৃপক্ষের কাছে সমর্পিত হতে হবে কারণ তারা ঈশ্বর দ্বারা প্রতিষ্ঠিত।
 - খ. রোমীয় ১৩:৬-৭ পদ, বিশ্বাসীদের অবশ্যই কর দিতে এবং নাগরিক কর্তৃপক্ষকে সম্মান করতে হবে
 - গ. ১ তীমথিয় ২:১-৩ পদ, বিশ্বাসীদের অবশ্যই নাগরিক কর্তৃপক্ষের জন্য প্রার্থনা করতে হবে
 - ঘ. তীত ৩:১ পদ, বিশ্বাসীদের অবশ্যই নাগরিক কর্তৃপক্ষের অধীন হতে হবে
 ৩. পিতরের কথা মানব সরকারের সাথে সম্পর্কিত
 - ক. প্রেরিত ৪:১-৩১; ৫:২৯ পদ, পিতর এবং যোহন মহাসভার সমানে (এটি দেখায় নাগরিক অবাধ্যতার জন্য বাইবেলের নিদর্শন)
 - খ. ১ পিতর ২:১৩-১৭ পদ, বিশ্বাসীদের অবশ্যই নাগরিক কর্তৃপক্ষের কাছে সমর্পিত হতে হবে সমাজের ভাল এবং সুসমাচার প্রচারের জন্য
 ৪. যোহনের কথা মানব সরকারের সাথে সম্পর্কিত
 - ক. প্রকাশিত বাক্য ১৭, বাবিলের বেশ্যা অর্থ হল ঈশ্বরের থেকে আলাদা মানব সরকার সংগঠন এবং কার্যকারীগণ
 - খ. প্রকাশিত বাক্য ১৮, বাবিলের বেশ্যা ধ্বংস হয়েছে

III. উপসংহার

- ক. মানব সরকার (একটি পতিত পৃথিবীতে) হল ঈশ্বরের দ্বারা অভিষিক্ত। এটি “রাজাদের স্বর্গীয় অধিকার” নয় কিন্তু সরকারের একটি স্বর্গীয় কাজ। কোন একটি রূপ আর একটির উপর সমর্থন যোগ্য নয়।
- খ. এটি বিশ্বাসীদের জন্য একটি ধর্মীয় দায়িত্ব নাগরিক কর্তৃপক্ষকে মান্য করা এবং তাদের জন্য প্রার্থনা করা।
- গ. এটি বিশ্বাসীদের জন্য সঠিক যে মানব সরকারকে সহায়তা করা কর দেওয়া সশ্রদ্ধ মনোভাবের মাধ্যমে।
- ঘ. নাগরিক শৃংখলার উদ্দেশ্যে মানব সরকার। তারা এই কাজের জন্য ঈশ্বরের দাস।
- ঙ. মানব সরকার চূড়ান্ত নয়। এটি এর কর্তৃত্বে সীমাবদ্ধ। বিশ্বাসীদের অবশ্যই তাদের বিবেকের জন্য নাগরিক কর্তৃপক্ষকে প্রত্যাখান করতে হবে যদি এটি তার স্বর্গীয়ভাবে নিয়োগকৃত সীমার বাইরে পা দেয়। যেমন আগষ্টিন দাবী করেছেন *The City of God* এ, আমরা হলাম দুই রাজ্যের নাগরিক, একটি ক্ষণস্থায়ী এবং একটি চিরস্থায়ী (ফিলি ৩:২০)। আমাদের উভয়ক্ষেত্রে দায়িত্ব আছে, কিন্তু ঈশ্বরের রাজ্য চূড়ান্ত! আমাদের ঈশ্বরের প্রতি দায়িত্বের একটি ব্যক্তিগত এবং যৌথ উভয় লক্ষ্য আছে।
- চ. আমাদের উচিত বিশ্বাসীদের উৎসাহিত করা একটি গণতান্ত্রিক ধারায় সরকারী প্রক্রিয়ায় এবং বাস্তবায়ন করতে সক্রিয় অংশগ্রহণ করা, যখন সম্ভব, শাস্ত্রের শিক্ষা।
- ছ. সামাজিক পরিবর্তন অবশ্যই এগিয়ে যাবে ব্যক্তিগত পরিবর্তন দ্বারা। সরকারে কোন চূড়ান্ত শেষকালীন আশা নেই। যদিও ঈশ্বরের ইচ্ছা এবং ঈশ্বর দ্বারা ব্যবহৃত হয়েছে, সকল মানব সরকার হল ঈশ্বর থেকে আলাদা মানুষের সাংগঠনিকভাবে পাপপূর্ণ প্রকাশ। এই ধারণা প্রকাশিত হয়েছে “পৃথিবী” টার্মের যোহনের সুসমাচার ব্যবহারে (অর্থাৎ, ১ যোহন ২:১৫-১৭)।



NASB “কারণ ঈশ্বর ছাড়া কোন কর্তৃত্ব হয় না”

NKJV “ঈশ্বর দ্বারা নিয়োজিতরাই আছে”

NRSV “ঈশ্বর দ্বারা প্রতিষ্ঠা হয়েছে”

TEV “ঈশ্বরই সেখানে রেখেছেন”

NJB “ঈশ্বর দ্বারা মনোনিত হয়েছে”

এটি হল একটি PERIPHERASTIC PERFECT PASSIVE PARTICIPLE। এই ব্যাকরণগত রূপ দাবী করে ঈশ্বর সকল মানব কর্তৃত্বের পিছনে রয়েছেন (যোহন ১৯:১১; দানি ২:২১; ৪:১৭)। এটি নির্দেশ করে না “রাজাদের ঐশ্বরীক অধিকার”, কিন্তু ঐশ্বরীক ইচ্ছার আইন। এটি একটি সুনির্দিষ্ট ধরনের সরকার দাবী করে না, কিন্তু সরকারকে। নাগরিক রীতি বিশৃঙ্খলার থেকে ভালো (৬ পদ)।

১৩:২ “যে কেহ কর্তৃত্বের প্রতিরোধ করে” এটি হল একটি PRESENT MIDDLE PARTICIPLE। এটি নির্দেশ করে একটি ব্যক্তিগত অভ্যাসগত বিরুদ্ধাচারণ একটি প্রতিষ্ঠিত নিয়মের বিরুদ্ধে, আক্ষরিকভাবে, “নিজেকে বিরোধী স্থানে বসানো” (প্রেরিত ১৮:৬; যাকোব ৫:৬)। মার্ক ১২:১৭ পদে, যীশু পরিস্কার ভাবে বলেছেন সরকার এবং মন্ডলীর উভয়ের রাজত্ব। প্রেরিত ৫:২৫-৩২ পদে আমরা দেখি যখন কর্তৃপক্ষ তাদের সীমা অতিক্রম করে তখন কি ঘটে।

□ “প্রতিরোধ করে...প্রতিরোধ করে” এটি হল একটি PERFECT ACTIVE INDICATIVE এবং একটি PERFECT ACTIVE PARTICIPLE। এটি বলে একটি নির্ধারিত বা প্রতিষ্ঠিত বিরুদ্ধাচারণ। ঈশ্বর এই পতিত পৃথিবীর জন্য নিয়ম কানুন দিয়েছেন (৪, ৬ পদ)। নিয়ম কানুনের বিরোধিতা করার অর্থ ঈশ্বরের বিরোধিতা করা, যদি না নাগরিক কর্তৃপক্ষ তাদের ঈশ্বর প্রদত্ত সীমার বাইরে যায়। আসল আত্মিক বিষয় হল কর্তৃত্বের কাছে সমর্পিত হওয়া। পতিত মানবজাতি চায় স্বায়ত্তশাসন!

□ “তারা নিজেদের উপরে বিচারাজ্ঞা প্রাপ্ত হবে” KJV “দোষারোপ” অনুবাদ করেছে “অভিশাপ” হিসাবে। এই শব্দটির ১৬১১ খ্রীষ্টাব্দ থেকে ইংরাজীতে গভীর অর্থ রয়েছে। NKJV একে অনুবাদ করেছে “বিচার” হিসাবে। এই প্রসঙ্গে এটি নির্দেশ করতে পারে (১) ঈশ্বরের বিচার বা (২) নাগরিক শাস্তি (৪ পদ)। এই লোকেরা তাদের উপর বিচার নিয়ে আসে কর্তৃত্বের প্রতি তাদের মনোভাব এবং কাজের দ্বারা (যোহন ৩:১৭-২১)।

১৩:৩ ১ পিতর ২:১৪ পদে সমান্তরাল মন্তব্য দেখুন।

□ “শাসক” দেখুন বিশেষ বিষয়: ৮:৩৮ পদে *Archē*।

□ “কর্তৃত্ব” দেখুন বিশেষ বিষয় ১৩:১ পদে।

১৩:৪ “কারণ ভাল কাজের জন্য তিনি তোমার পক্ষে ঈশ্বরেরই পরিচারক” সরকারী কর্তৃপক্ষ কাজ করে নাগরিক খারাপ কাজকারীদের বিরুদ্ধে যেখানে বিশ্বাসীরা সীমাবদ্ধ তাদের ব্যক্তিগত প্রতিশোধের উপর (১২:১৭-১৯)। মার্টিন লুথার বলেছেন “খারাপ মানুষ নিয়ন্ত্রনের ঈশ্বরের পথ হল খারাপ মানুষকে নিয়ন্ত্রণে বসানো।”

□ “যদি” এটি হল একটি THIRD CLASS CONDITIONAL SENTENCE যার অর্থ ভবিষ্যতের সম্ভাব্য কাজ।

□

NASB “কারণ তিনি বৃথা খড়গ ধারণ করেন না”

NKJV “কারণ তিনি বিনা কারণে খড়গ ধারণ করেন না”

NRSV “কারণ কর্তৃত্ব বিনা কারণে খড়গ ধারণ করেন না”

TEV “তাদের শাস্তি দানের ক্ষমতা বাস্তব”

NJB “এটি বৃথা নয় যে কর্তৃত্বের প্রতীক খড়গ”

এই “খড়গ” (*machaira*) শব্দটি নির্দেশ করে ছোট রোমীয় খড়গ ব্যবহৃত হয় মৃত্যুদণ্ডের জন্য (প্রেরিত ১২:২; রোমীয় ৮:৩৫)। এই প্যাসেজটি এবং প্রেরিত ২৫:১১ পদ মৃত্যুদণ্ডের জন্য নতুন নিয়মের ভিত্তি দান করে, যখন আদি ৯:৬ পদ স্পষ্টভাবে বলে পুরাতন নিয়মের দৃষ্টিভঙ্গি। ভয় হল বিশৃঙ্খলার একটি কার্যকারী প্রতিবন্ধক!

□ “কারণ তিনি ঈশ্বরের পরিচারক, একজন প্রতিশোধদাতা” প্রতিশোধ গ্রহণকারীর (*ekdikos*) জন্য টার্ম পুরাতন নিয়মে বেশ কয়েকবার ব্যবহার করা হয়েছে। এমনকি এটি ব্যবহার করা হয়েছে লেবীয় ১৯:১৮ পদের প্রথম অংশে। পুরাতন নিয়মে যদি একজন ব্যক্তি আর একজন ব্যক্তিকে হত্যা করে, এমনকি দুর্ঘটনাবশত, সেই ব্যক্তির পরিবারের অধিকার ছিল “চোখের বদলে চোখ” প্রতিহিংসা গ্রহণের (রক্তের প্রতিশোধ দাতা) অনুশীলন করা। পৌল মনে হয় পুরাতন নিয়মের প্রথা নতুন নিয়মের নাগরিক সরকারের কর্তৃত্বের সাথে সম্পর্ক যুক্ত করেছেন। ১ থিষ ৪:৬ পদে ঈশ্বরকে বলা হয়েছে শাস্তিদাতা, যেটি অনুসরণ করা হয়েছে রোমীয় ১২:১৯ পদে। এই দুটিই উল্লেখ করে দ্বি বি ৩২:৩৫ পদ (ইব্রীয় ১০:৩০)।

১৩:৫ “সমর্পিত হওয়া আবশ্যিক” দুটি কারণ বলা হয়েছে (১) শাস্তি থেকে পালিয়ে যাবার, হয় ঈশ্বরের না হয় নাগরিক কর্তৃপক্ষের শাসন থেকে এবং (২) বিশ্বাসীদের বিবেকের জন্য।

□ “বিবেকের জন্যও” পুরাতন নিয়মের কোন একটি প্রতিরূপ নেই এই গ্রীক টার্ম “বিবেক” এর নতুন ইব্রীয় টার্ম “বক্ষ” বোঝায় নিজের জ্ঞান এবং এর উদ্দেশ্য। মূলত গ্রীক টার্মটি নির্দেশ করে পাঁচ ইন্দ্রিয়ের সাথে সম্পর্কিত চেতনাকে। এটি ব্যবহার হয়ে আসছে অভ্যন্তরীণ অনুভূতি থেকে (রোমীয় ২:১৫)।

পৌল এই টার্মটি দু'বার ব্যবহার করেছেন প্রেরিত পুস্তকে তার বিচারের সময় (অর্থাৎ, ২৩:১ এবং ২৪:১৬ পদ)। এটি নির্দেশ করে তার অনুভূতি যে তিনি ইচ্ছাকৃতভাবে ঈশ্বরের প্রতি কোন প্রচলিত ধর্মীয় দায়িত্ব ভঙ্গ করেন নি (১ করি ৪:৪)।

চেতনা হল বিশ্বাসীদের উদ্দেশ্য এবং কাজের উন্নয়নের উপলব্ধির ভিত্তি

১. একটি বাইবেল ভিত্তিক দৃষ্টিভঙ্গি
২. বসবাসকারী আত্মা
৩. একটি জীবন পদ্ধতির জ্ঞান ঈশ্বরের বাক্যের উপর ভিত্তি করে।

এটি সম্ভব হয়েছিল ব্যক্তিগতভাবে সুসমাচার গ্রহণ করার দ্বারা।

১৩:৬ “কারণ এই জন্য তোমরা করও দিয়ে থাক” এটি হল একটি PRESENT ACTIVE INDICATIVE, যদিও গঠনগত ভাবে এটি হতে পারে একটি PRESENT ACTIVE IMPERATIVE (JB)। এটি হল সঠিকভাবে নাগরিক কর্তৃপক্ষের প্রতি একজন খ্রীষ্টিয়ানের দায়িত্বের একটি উদাহরণ কারণ সরকারী কর্তৃপক্ষ হল ঈশ্বরের দাস (১-২ পদ)।

১৩:৭

NASB “যার যা প্রাপ্য, তাকে তা দেও। কর...; শুদ্ধ.....; ভয়; সম্মান”

NKJV “সেজন্য যার যা প্রাপ্য তাকে তা দাও; কর...; শুদ্ধ...; ভয়...; সম্মান”

NRSV “যার যা পাওনা তাকে তা দেও-কর...; খাজনা.....; শ্রদ্ধা...; সম্মান”

TEV “যার কাছে যা ঋণ আছে তাকে তা ফেরত দাও; তোমার ব্যক্তিগত ও সম্পদের কর, এবং তাদের সকলের প্রতি শ্রদ্ধা ও সম্মান দেখাও”

NJB “সকল সরকারী কর্মচারীদের যা প্রাপ্য তা তাদেরকে দাও-হতে পারে তা প্রত্যক্ষ কর অথবা অপ্রত্যক্ষ, ভয় অথবা সম্মান”

এটি নির্দেশ করতে পারে দু'টি ভিন্ন ভিন্ন নাগরিক কর্তৃপক্ষের দলকে (RSV), কিন্তু সম্ভবত অর্থ হল যে খ্রীষ্টিয়ানদেরকে নাগরিক কর্তৃপক্ষদের কর এবং সম্মান উভয় দিতে হবে কারণ তারা ঈশ্বরের পরিচর্যাকারী হিসাবে কাজ করেন (১, ৪ পদ [দু'বার], ৬; মথি ২২:১৫-২২)।

দুটি টার্ম “কর” এবং “শুদ্ধ” ব্যবহার হয়ে থাকে সমার্থকভাবে (যদিও TEV একটি প্রভেদ করে থাকে)। যদি শব্দতত্ত্ব (আসল অর্থ) বিশ্লেষণ করা হয়, প্রথমটি নির্দেশ করে একটি জয় করা জাতি দ্বারা প্রদত্ত কর (লুক ২০:২২) এবং দ্বিতীয়টি ব্যক্তিগত কর (মথি ১৭:২৫; ২২:১৭, ১৯)।

রোমীয় ১৩:৮-১৪ পদের প্রাসঙ্গিক অন্তর্দৃষ্টি

ক. এটা বোঝা সম্ভব ১-৭ পদগুলিকে একটি স্বয়ং-সম্পূর্ণ সাহিত্য প্রসঙ্গ হিসেবে। যাহোক, ৭ পদে “ঋণ” এর বিষয়টি মনে হয় পদ ৮ পদে একটি ভিন্ন অর্থে চালিয়ে যাওয়া হয়েছে। বিশ্বাসীদের রাষ্ট্রের প্রতি একটি ঋণের বাধ্যতা আছে; বিশ্বাসীদের অন্য মানুষের প্রতিও একটি ঋণের বাধ্যতা আছে।

খ. ৮-১০ পদ হল একটি সমন্বিত চিন্তা, একইভাবে ১১-১৪ পদে। তারা ১২ অধ্যায় থেকে খ্রীষ্টিয়ানদের অন্যদের ভালবাসার দায়িত্বের আলোচনা চালিয়ে আসছে।

গ. পৌলের পুরাতন নিয়মের দশ আজ্ঞা নতুন নিয়মের বিশ্বাসীদের নৈতিকতার প্রদর্শক হিসাবে ব্যবহার করা দেখায় ধার্মিক জীবন যাপনের (শুচিকরণ) ক্ষেত্রে পুরাতন নিয়মের চলমান সম্পর্ক, পরিব্রাজন নয় (ধার্মিক গণনা, গালাতীয় ৩)। এটি মনে হয় যে পৌল তার নৈতিক নির্দেশনা তৈরী করেছেন কয়েকটি উৎস সংযুক্ত করে:

১. যীশুর বাক্য
২. আত্মার পরিচালনা
৩. পুরাতন নিয়ম
৪. তার রাব্বীদের প্রশিক্ষণ
৫. তার গ্রীক চিন্তাবিদদের সম্পর্কে জ্ঞান (বিশেষভাবে Stoics)

এটি বৈশিষ্ট্যমণ্ডিত করে “ভালবাসার আইন”- ঈশ্বরের জন্য ভালবাসা, মানবজাতির জন্য ভালবাসা, ঈশ্বরের প্রতি সেবা, মানবজাতির প্রতি সেবা!

ঘ. ১১-১৪ পদে আছে একটি eschatological (শেষ সময়) নির্দেশনা। অন্ধকার এবং আলোর বৈপরীত্য যিহূদী সাহিত্যে চিহ্নিত হয়েছে, সেই সাথে মরু সাগরের পুঁথি। এটি আরও প্রচলিত ছিল যোহন এবং পৌলের লেখায়। “ইতিমধ্যে” বনাম “এখনও নয়” খ্রীষ্টিয় জীবনের উত্তেজনা হল ধার্মিক জীবন যাপনের জন্য উদ্দীপনা। “নতুন যুগ” (ঈশ্বরের রাজ্য) এর উদ্বোধন করা হয়েছে এবং শীঘ্রই সুসম্পন্ন করা হবে। এই প্যাসেজটি ১ থি ৫:১-১১ পদের সাথে খুবই সাদৃশ্যপূর্ণ।

ঙ. ১৩-১৪ পদ ৩৮৬ খ্রীষ্টাব্দের গ্রীষ্মে আগষ্টিনের উপর জীবন-পরিবর্তনকারী প্রভাব রেখেছিল। তিনি বলেছেন, তার *Confessions* -এর ৮:২৯ পদে, “আমি আর অধিক পড়ব না, না আমার কোন প্রয়োজন আছে; এই বাক্য শেষের সাথে সাথেই, একটি স্পষ্ট আলো আমার হৃদয়কে প্লাবিত করেছে এবং সকল সন্দেহের অন্ধকার দূর করে দিয়েছে।”

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১৩:৮-১০

৮ তোমরা কারও কিছু ধার কোর না কেবল পরস্পর প্রেম ধার করো; কারণ প্রতিবাসিকে যে কেউ প্রেম করে সে ব্যবস্থা সম্পূর্ণ ভাবে পালন করেছে। ৯ কারণ “তুমি ব্যভিচার কোর না, তুমি নরহত্যা কোর না, তুমি চুরি কোর না, তুমি লোভ কোর না,” এবং আর যে কোন আজ্ঞা থাকুক, সেই সকল এই কথায় সারাংশ হয়েছে, “তুমি তোমার প্রতিবাসিকে নিজের মত প্রেম করো” ১০ প্রেম প্রতিবাসীর অনিষ্ট করে না, সেজন্য প্রেমই ব্যবস্থার পূর্ণতা। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:৮ “কারও কিছু ধার কোর না” এটি হল একটি PRESENT ACTIVE IMPERATIVE একটি NEGATIVE PARTICLE এর সাথে যেটি সাধারণত বোঝায় ইতিমধ্যে চলমান কোন কাজকে থামানো। এই জোর দিয়ে বলা শব্দগুচ্ছে দুটি NEGATIVES আছে। এটি হতে পারে কর সংক্রান্ত বিষয়ে সম্পর্কিত (৬-৭ পদ)। আর্থিক দায় হল সব সময়ের একটি আবেগমূলক এবং সম্ভাব্য আত্মিক নিঃসরণ। জাগতিক বিষয়ে সাবধান হন। এটা বিশ্বাসীদের তাদের খ্রীষ্টিয় কারণ সমূহ এবং ব্যক্তিগত দাতব্য ক্ষমতা হরণ করে নেয়। যাহোক, এই পদটি ব্যবহার করা যাবে না “কোন ভোজা ঋণ” এর proof text লেখা হিসাবে। বাইবেলকে অবশ্যই অনুবাদ করতে হবে এর নিজস্ব সময়ের আলোকে। এটা কোন আমেরিকান সকালের সংবাদপত্র নয়! ৮-১০ পদ জোর দেয় আমাদের একে অন্যকে ভালবাসা উপরে (১) নিয়মের ভাই হিসেবে (মথি ২২:৩৯-৪০; যোহন ১৩:৩৪-৩৫) এবং (২) সহ মানুষ হিসেবে (মথি ৫:৪২; গাল. ৬:১০)।

NIDNTT, vol. 1, p. 668, পর্যবেক্ষণ করেছে যে ক্রিয়াপদ “ঋণ” এর দুটি অর্থ রয়েছে।

১. সুসমাচারে এটি ব্যবহৃত হয়েছে একটি ঋণ হিসেবে
২. পৌলের চিঠিতে এটি ব্যবহৃত হয়েছে একটি দায়িত্ব হিসেবে।

এই লেখায় পৌল মনে হয় এই তাৎপর্যগুলি যুক্ত করেছেন।

□ “কেবল পরস্পর প্রেম ধার করো” এটি হল ৮-১০ পদের এর মূল চিন্তা (যোহন ১৩:৩৪; ১৫:১২; রোমীয় ১২:১০; ১ করি ১৩; ফিলি ২:৩-৪; ১ থিথ ৪:৯; ইব্রীয় ১৩:১; ২ পিতর ১:৭; ১ যোহন ৩:১১; ৪:৭, ১১-১২)।

□ “পরকে যে কেউ প্রেম করে” এই ক্রিয়াপদটি হল একটি PRESENT ACTIVE PARTICIPLE। এটা নির্দেশ করে না বিচ্ছিন্ন বা মৌসুমি ভালবাসার কর্মকাণ্ড, কিন্তু খ্রীষ্টের মত ভালবাসার একটি জীবন ধারা।

“প্রতিবেশী” টার্মটি হল আক্ষরিক, “অন্য একটি ভিন্ন ধরণের” (*heteros*), যদিও *heteros* এবং *allos* (একই ধরণের অন্য একটি) এর মধ্যকার পার্থক্য Koine গ্রীক ভেঙ্গে ফেলে। প্রেক্ষাপটে এটি হয়তো নির্দেশ করে একজনের প্রতিবেশীর প্রতি, সম্ভাব্য বৃহৎ অর্থে, বিশ্বাসী অথবা নয় (লুক ১২:১৪-২১; ১০:২৫-৩৭)। যাহোক, লেবীয় পদ ১৯:১৮ থেকে উদ্ধৃতির প্রেক্ষাপট নির্দেশ করে অন্য নিয়মের অংশীদার (একজন সহ ইশ্রায়েলীয়)।

খ্রীষ্টিয়ানদের উচিত অন্য খ্রীষ্টিয়ানদেরকে ভাই হিসেবে এবং হারানো লোকদের সম্ভাব্য ভাই হিসেবে ভালবাসা (গালা ৬:১০)। খ্রীষ্ট ধর্ম হল একটি পরিবার। প্রত্যেক সদস্য জীবন ধারণ এবং সেবা করে সম্পূর্ণ স্বাস্থ্য এবং বৃদ্ধির জন্য (১ করি ১২:৭)।

□

NASB, NKJV,

NRSV “ব্যবস্থা সম্পূর্ণ ভাবে পালন করেছে”

TEV

“ব্যবস্থার বাধ্য হয়েছে”

NJB

“তোমার বাধ্যবাধকতা পালন করেছে”

এই প্রচলিত গ্রীক ক্রিয়াপদ (*pleroō*) অনুবাদ হতে পারে কয়েকটি উপায়ে। এটি হল একটি PERFECT ACTIVE INDICATIVE, যেটি অনুবাদ করা যেতে পারে “এটি হচ্ছে এবং ক্রমাগতভাবে পরিপূর্ণ হবে”। Robert Hanna, *A Grammatical Aid to The Greek New Testament*, উদ্ধৃত করেছেন A. T. Robertson এর এবং একে বলেছেন “একটি গ্রীক সাহিত্যগত টার্ম সিদ্ধ (নির্দেশ করে একটি প্রথাগত সত্য, প্রাপকদের কাছে ভালভাবে পরিচিত)” (পৃষ্ঠা ২৮)। এটি ১০ পদে পুনরাবৃত্তি করা হয়েছে (গালা ৫:১৪: ৬:২)।

১৩:৯ এটি পৌলের জন্য অস্বাভাবিক নয় মোশীর প্রদত্ত আইন (যাত্রা ২০:১৩-১৭ বা দ্বি বি ৫:১৭-২১ এবং লেবীয় ১৯:১৮) ব্যবহার করা নতুন নিয়মের বিশ্বাসীদের প্রেরণা দিতে। ইফি ৬:২-৩ পদে, পৌল এছাড়াও দশ আজ্ঞার ব্যবহার করেছেন খ্রীষ্টিয়ানদের জন্য প্রেরণা হিসাবে (১ তীম ১:৯-১০)। এই পুরাতন নিয়মের লেখা পরিভ্রাণের অর্থ বোঝায় না, কিন্তু এটা ছিল ঈশ্বরের প্রকাশিত ইচ্ছা মানুষের জন্য যে কিভাবে মানুষ ঈশ্বর এবং একে অন্যের সঙ্গে ব্যবহার করবে (রোমীয় ১৫:৪; ১ করি ১০:৬,১১)। সম্ভবত পুরাতন নিয়ম থেকে উদ্ধৃতি করা ছিল পৌলের উপায় রোমীয় মন্ডলীতে যিহূদী এবং অযিহূদী উভয়ের সাথে সম্পর্কযুক্ত হওয়ার। এই “পরিপূর্ণ হওয়া” টার্মটির ব্যবহার এছাড়াও সম্পর্কযুক্ত মথি ৫:১৭ পদে যীশুর ব্যবস্থার আলোচনার সাথে।

এটা সম্ভব যে এটি নির্দেশ করছে সাধারণ ভাবে সকল আইনকে, সামাজিক নিয়ম হিসাবে আইন এবং সুনির্দিষ্ট ভাবে মোশীর আইন নয় (JB)। যাহোক, সত্যটি হল যে পৌলের ৯ পদে পুরাতন নিয়ম থেকে উদ্ধৃতি করা বোঝায় মোশীর আইনের প্রতি একটি নির্দেশনা। লক্ষ্য করুন যে শুধুমাত্র ভালবাসা, মানুষের নিয়ম পালন নয়, সত্যিকার ভাবে ব্যবস্থা পরিপূর্ণ করতে পারে! নিচে বিশেষ বিষয় দেখুন।

লেবীয় ১৯:১৮ পদে ব্যবহার করা হয়েছে দুটি তাৎপর্যপূর্ণ উপায়।

১. যীশু এটি ব্যবহার করেছেন *shema* (দ্বি. বি. ৬:৪-৬) সাথে সংযুক্ত করে সম্পূর্ণ ব্যবস্থার একটি সারমর্ম হিসেবে (মথি ২২:৩৭-৪০; মার্ক ১২:২৯-৩১; লুক ১০:২৭)।
২. পৌল এর জন্য এটি কাজ করে দশ আজ্ঞার দ্বিতীয় অংশের সারমর্ম হিসেবে (অর্থাৎ, একজনের সম্পর্ক নিয়মের অংশীদারের সাথে (গালা ৫:১৪), মথি ৭:১২ এবং লুক ৬:৩১ পদে যীশুর মন্তব্যের পরবর্তীতে)।

বিশেষ বিষয়: মোশীর ব্যবস্থার প্রতি পৌলের দৃষ্টিভঙ্গি

এটি ভাল এবং ঈশ্বরের থেকে এসেছে (রোমীয় ৭:১২, ১৬)।

ক. এটি ধার্মিকতার পথ নয় এবং ঈশ্বরের দ্বারা গ্রহণযোগ্য নয় (এমনকি এটি একটি অভিশাপ হতে পারে, গালাতীয় ৩)।

খ. এটি এখন বিশ্বাসীদের জন্য ঈশ্বরের ইচ্ছা কারণ এটি হল ঈশ্বরের আত্ম-প্রকাশ (পৌল প্রায়ই পুরাতন নিয়ম থেকে উদ্ধৃতি দিয়েছেন বিশ্বাসীদের দোষী করতে এবং/বা উৎসাহ দিতে)।

গ. বিশ্বাসীদের পুরাতন নিয়মের দ্বারা অবগত করানো (রোমীয় ৪:২৩-২৪; ১৫:৪; ১ করি ১০:৬,১১), কিন্তু পুরাতন নিয়মের দ্বারা পরিত্রাণপ্রাপ্ত হওয়া নয় (থেরিত ১৫; রোমীয় ৪; গালাতীয় ৩; ইব্রীয়)।

ঘ. এটি নূতন নিয়মেও কাজ করে:

১. পাপে পূর্ণতা দেখাতে (গালা ৩:১৫-২৯)

২. পুনরুদ্ধারকৃত মানুষকে সমাজে পথ দেখাতে

৩. খ্রীষ্টিয় নৈতিক সিদ্ধান্ত অবগত করাতে

এটি হল এই ধর্মতত্ত্বগত ক্ষেত্রে অভিশাপ এবং দুরে যাওয়া থেকে আশীর্বাদ দান এবং স্থায়িত্ব যেটি সমস্যার কারণ হয় পৌলের মোশীর ব্যবস্থার প্রতি দৃষ্টিভঙ্গি বুঝতে। *A Man in Christ*, James Stewart দেখিয়েছেন পৌলের প্রচলিত মতের বিরুদ্ধে চিন্তা এবং লেখা:

“আপনি সাধারণত আশা করেন যে একজন মানুষ যে নিজেকে তৈরী করছিল একটি চিন্তা এবং মতবাদের পদ্ধতি গড়ে তুলতে তিনি যে টার্ম ব্যবহার করেছেন তা ঠিক করে কতটা কঠোরভাবে তা সম্ভব। আপনি আশা করতে পারেন যে তার প্রধান চিন্তাগুলির শব্দসমষ্টিতে তার স্পষ্টতা লক্ষ্য করতে। আপনি দাবী করতে পারেন একটি শব্দ, একবার আপনার লেখক একটি নির্দিষ্ট অর্থে ব্যবহার করেছেন, সর্বত্র সেই অর্থ বহন করা উচিত। কিন্তু এর জন্য পৌলের কাছে হতাশ হতে হবে। তার শব্দসমষ্টির তালিকা হল হালকা, কাঠোর নয়.... “ব্যবস্থা হল পবিত্র” তিনি লিখেছেন, “বস্তুত: আন্তরিক মানুষের ভাব অনুসারে আমি ঈশ্বরের ব্যবস্থায় আমোদ করি” (রোমীয় ৭:১২, ২২) কিন্তু এটি হল স্পষ্টভাবে *nomos* এর আর একটি দৃষ্টিকোণ যেটি তাকে অন্য জায়গায় বলতে বলে “খ্রীষ্ট আমাদের ব্যবস্থার অভিশাপ থেকে মুক্ত করেছেন (গালা ৩:১৩)” (পৃ. ২৬)।

বিশেষ বিষয় : যাত্রাপুস্তক ২০ অধ্যায়ের টীকা

যাত্রাপুস্তক ২০:১৩ পদ হত্যাকারী

I. প্রেক্ষাপট

ক. এটা মনে রাখা প্রয়োজন যে আদেশ যেটি মনে হয় যে একটি সামাজিক প্রকৃতির তা আসলে হল ধর্মীয়। ঈশ্বরের সার্বভৌমত্ব সকল সৃষ্টির উপর এবং পুনরুদ্ধার এই আদেশগুলির প্রতিচ্ছায়ায়। হত্যা না করার আদেশ হল, উপযুক্ত দৃষ্টিতে, একটি শব্দ প্রতিটি মানুষের মধ্যে ঈশ্বরের প্রতিমূর্তির বিষয়ে এবং মানুষের জীবনের জন্য ঈশ্বরের তত্ত্বাবধান এবং উদ্ভিগ্নতা।

খ. এটা মনে রাখা প্রয়োজন যে প্রতিটি আঙ্গা প্রতিফলিত করে বিশ্বাসী সমাজের। বে-আইনী উপায়ে কারও জীবন নেওয়ার নিষেধাজ্ঞা হল প্রাথমিকভাবে এবং মৌলিকভাবে লক্ষ্য বিশ্বাসী সমাজের সাথে। এর প্রভাব মানব জাতির মতই বিস্তৃত!

II. তাৎপর্যপূর্ণ টার্মের শব্দ অধ্যয়ন

ক. “হত্যা করা”

১. এটি হল একটি অপ্রচলিত টার্ম (*rasah*) একজনের জীবন নেবার জন্য, পুরাতন নিয়মে মাত্র ৪৬ বার ব্যবহার করা হয়েছে। সেখানে আরো দুইটি অন্য প্রচলিত শব্দ রয়েছে।

ক. *Harag* ব্যবহৃত হয়েছে ১৬৫ বার

খ. *Hemit*, ব্যবহৃত হয়েছে ২০১ বার

২. (*Rasah*) টার্মটির মনে হয় একটি মৌলিক সীমিত অর্থ এবং একটি সম্প্রসারিত অর্থ রয়েছে।

ক. মৌলিকভাবে এটি সম্পর্কিত নিয়মের অংশীদারের জীবন নেওয়া একটি আইনগত, পূর্বে চিন্তা করে রাখা উপায়ে, প্রায়ই যুক্ত করে “জ্ঞাতি ত্রাণকর্তার” বা “*go'el*” এর সাথে। এর ব্যবহারটি পূর্ব পরিকল্পনার সাথে জড়িত কিন্তু একটি আইনগত প্রতিশোধ অর্থে (গণনা ৩৫:৩০-৩৪; লেবীয় ২৪:১৩-২৩)। বাস্তবে কড়ায় গভায় শোধ তোলার রীতি “চোখের বদলে চোখ”, (আদি ৯:৫-৬) ছিল প্রতিশোধ সীমিত করার একটি পথ। পরবর্তীতে, আশ্রয়ের নগর (দি বি ৪:৪১; যিহো ২০:৩) স্থাপন করা হয়েছিল যাতে একজন নিয়মের সদস্য যে দুর্ঘটনা বশতঃ বা আবেগ বশতঃ সমাজের অন্য সদস্যকে মেরে ফেলেছে সে যেন নিহতের পবিরবারে আক্রোশ থেকে পালাতে পারে।

খ. পরবর্তীতে এই টার্মটি নির্দেশ করতে আসে জীবন নেবার পিছনের উদ্দেশ্য এবং মনোভাবের। “ইচ্ছাকৃত ভাবে করা” ধারণাটি সবার সামনে এসে দাড়ায়! (যাত্রা ২১:১২-১৪; গণনা ৩৫:১১,২২; দ্বি. বি. ২৮:২৪)।

গ. এই আঙ্গায় পার্থক্যটি খুব তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে। এটি মনে হয় প্রসঙ্গ নির্দেশ করে কেবল নিয়মের সমাজের অন্তর্গত অন্যদের। এটি জ্ঞাতি ত্রাণকর্তার, বা রক্তের প্রতিশোধ দাতার সাথে সম্পর্কিত। যাহোক, এই টার্মটি ব্যবহার করা হয়েছে পরবর্তী প্যাসেজে যেটি প্রতিফলিত করে থাকে দশ আঙ্গা, হোশেয় ৪:২ এবং যিরমিয় ৭:৯ পদের, একজন হত্যাকারীকে নির্দেশ করে। এই শব্দ শুধু ব্যবস্থার সাথে সম্পর্কিত নয় কিন্তু উদ্দেশ্যের সাথে। এটি সম্প্রসারিত হয় প্রতিবেশী থেকে সহ-মানুষ পর্যন্ত।

৩. এই টার্মটি সুনির্দিষ্ট ভাবে সম্পর্কিত নয় আমাদের মৃত্যুদণ্ডের বা যুদ্ধের আধুনিক নৈতিকতার বিষয়ে। যিহুদীদের কোন সমস্যা ছিল না সামাজিক প্রাণদণ্ডের বা পবিত্র যুদ্ধের (অথবা, এই বিষয়ের জন্য, অপবিত্র যুদ্ধ!)।
৪. আমাদের আধুনিক সমাজের জন্য সবচেয়ে ভাল অনুবাদ হবে “পূর্বকল্পিত হত্যাকাণ্ড।”

III. প্রাসঙ্গিক অন্তর্দৃষ্টি

- ক. ষষ্ঠ, সপ্তম এবং অষ্টম আজ্ঞা তৈরী হয়েছে শুধুমাত্র দুটি ইব্রীয় শব্দ দিয়ে। সেগুলো খুবই সংক্ষিপ্ত এবং যথাযথ।
- খ. জীবন, সকল জীবনের মত, ঈশ্বরের সাথে সম্পর্কিত। অন্যদের প্রতি আমরা কিভাবে ব্যবহার করি তা প্রতিফলিত করে ঈশ্বরের বিষয়ে আমাদের চিন্তা।

IV. নতুন নিয়মের সাদৃশ্য

- ক. যীশু
১. তাঁর এই আজ্ঞার সম্প্রসারণ (মথি ৫:২১-২৬) আমাদের সঠিক দিক নির্দেশনা দেয় আধুনিক আলোচনা জন্য যে কিভাবে আমরা এই লেখা আমাদের সময়ে প্রয়োগ করবো।
 ২. যীশু স্পষ্টত দশ আজ্ঞাকে কাজের জগৎ থেকে উদ্দেশ্যের জগতে সরিয়ে এনেছেন। আমরা তাই যা আমরা চিন্তা করি! “একজন মানুষ তার হৃদয়ে যেমন চিন্তা করে, তাই সে হয়।” জীবনের চিন্তা হল আরও অনেক প্রাসঙ্গিক এবং তাৎপর্যপূর্ণ আমাদের একে দেওয়া কৃতিত্বের থেকেও।
- খ. যোহন
১. ১ যোহন ৩:১৫ পদ, এই একই ঘণার ধারণা বিবেচনা করা হয় হত্যার জন্য।
 ২. মথি ৫:২১ পদ থেকে কয়েকটি পদ এবং ১ যোহন ৩:১৫ পদে ব্যবহৃত গ্রীক টার্মগুলি হল ভিন্ন কিন্তু অর্থ সুনির্দিষ্ট ভাবে একই।
 ৩. ১ যোহন ৪:১৯-২১ পদের ইতিবাচক দৃষ্টিভঙ্গিটি লক্ষ্য করুন।

V. সত্যসমূহের প্রয়োগ

- ক. যদিও একজন অনিচ্ছাকৃত হত্যাকারী আশ্রয় নগরে পালাতে পারে রক্তের প্রতিশোধ দাতার হাত থেকে রক্ষা পাবার জন্য (গণনা ৩৫; যিহো ২০), তবে তাকে সেই নগরের কারাবাসের শাস্তি পেতে হতো মহাযাজকের মৃত্যু পর্যন্ত। তার কাজের ফলাফল এখনও আছে!
- খ. যদিও এই পদটি সরাসরি আত্মহত্যার সাথে সম্পর্কিত নয়, যেভাবে প্রাচীনেরা সম্ভবত এই ধরণের ঘটনার কথা চিন্তা করেন নাই, লেখনী এখনও আমাদের একটি আধ্যাত্মিক নীতিমালা দিয়ে থাকে মানব জীবনের পবিত্রতা এবং ঈশ্বরের সার্বভৌমত্ব এবং তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট মানব জীবনের উদ্দেশ্যের বিষয়ে। এই লেখনী এই ক্ষেত্রে আমাদের সময়ের একটি কঠোর কথা বলে!
- গ. এই লেখনী কখনোই বলে না আধুনিক প্রশ্নের একটি সিদ্ধান্তমূলক শব্দ: (১) মৃত্যুদণ্ড বা (২) যুদ্ধ। ইশ্রায়েলীয়দের জন্য, এগুলো তাদের কাছে মন্দ বিষয় ছিল না। ইশ্রায়েলীয়রা উভয় কাজের সাথে জড়িত ছিল। এখনও, এই ক্ষেত্রে ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট জীবনের তাৎপর্যের নীতিমালা এবং তাঁর নিয়ন্ত্রণে থাকা হল একটি গুরুত্বপূর্ণ সত্য।
- ঘ. এই লেখনী বলে মানব জীবনের সম্মান এবং পবিত্রতার বিষয়ে একটি প্রয়োজনীয় শব্দের! আমরা বিশ্বাসী সমাজের ভিতরে সেবক, শুধুমাত্র আমাদের নিজেদের কাজের নয়, কিন্তু আমাদের সমাজের। জীবনের উপহার হল ব্যক্তিগত এবং যৌথ উভয়ই। আমরা দায়ী শারীরিক, সামাজিক এবং মানসিকভাবে আমাদের নিজেদের শরীর অবমাননা করার জন্য যেভাবে আমরা শারীরিক, সামাজিক এবং মানসিকভাবে আমাদের সমাজের অন্যদের অবমাননা করে থাকি। এটা সত্য বিশেষভাবে আমাদের মত সংস্কৃতিতে যেখানে আমাদের বলার অধিকার আছে এবং সেজন্য, পদ্ধতি পরিবর্তন করতে পারি। আমরা আমাদের ভাইয়ের রক্ষক!

যাত্রাপুস্তক ২০:১৪, ব্যভিচার

I. প্রসঙ্গ

- ক. এটা স্পষ্ট যে এই আজ্ঞাটি সম্পর্কযুক্ত একজনের ঈশ্বরের প্রতি সম্মানের যেটি দেখা যায় একজনের সম্মান তার প্রতিবেশীর জীবন, স্ত্রী এবং সম্পত্তির প্রতি (যির ৫:৮)। এটা প্রমাণিত হয়েছে সেপ্টুয়াজিন্টের এই আজ্ঞার বিভিন্ন ধারার দ্বারা।
- খ. দ্বিতীয় বিবরণ এর সমান্তরাল দেখায় আমাদের সংস্কৃতিতে এই প্রাচীন সত্যকে গ্রহণ করার উপযুক্ততা।
- গ. পিতা-মাতার প্রতি সম্মান প্রদর্শন দেখা হত স্থিতিশীল সমাজের একটি ছবি হিসাবে, সেইভাবেই, এই আজ্ঞাও।
- ঘ. এই আজ্ঞায় এছাড়াও বোঝায় আমাদের যৌন এবং পারিবারিক জীবনের উপর ঈশ্বরের মালিকানা এবং নিয়ন্ত্রণ।
- ঙ. এই আজ্ঞার ভিত্তি মনে হয় আদিপুস্তক ২:২৪ পদের উপরে যেমন গণাপুস্তক ৪ ছিল আদিপুস্তক ২:১-৩ পদের উপর ভিত্তি করে।

II. শব্দ অধ্যয়ন

- ক. এই লেখনীর প্রধান টার্ম হল “ব্যভিচার।” এটি গুরুত্বপূর্ণ যে প্রাচীন ইব্রীয় সংস্কৃতির আলোকে এই শব্দটি একজনের বুঝতে হবে।
১. এই টার্মটি স্বতন্ত্র একটি পুরাতন নিয়মের প্রসঙ্গ “অবৈধ যৌন সংগম” থেকে এসেছে। ব্যভিচার সম্পর্কিত অন্তত:পক্ষে এক পক্ষ বিবাহিত এই যৌন সম্পর্কে। “অবৈধ যৌন সংগম” টার্মটি বোঝায় উভয় পক্ষ বিবাহিত নয় (হিতো ২৯:৩; ৩১:৩)। নতুন নিয়মের গ্রীক টার্মে এই পার্থক্যটি হারিয়ে গেছে।
 ২. এই সম্ভাব্যতা ব্যাখ্যা করে বিবাহিত অবস্থার উপর জোর দেবার যুক্তি, কারণ এটি উত্তরাধিকারে গুরুত্বের সাথে সম্পর্কিত যেটি

জড়িত ঈশ্বরের প্রতিজ্ঞাত “ভূমির” সাথেও। প্রত্যেক ৫০ বছরে (জুবিলি) সকল জমি প্রত্যাবর্তন করা হয় গোষ্ঠীর আসল মালিকদের কাছে।

৩. ব্যাভিচার সংস্কৃতিগত ভাবে নিন্দিত ছিল মোশীর ব্যবস্থার পূর্বে (আদি ১২:১০ থেকে কয়েকটি পদ; ২৬:৭ থেকে কয়েকটি পদ; ৩৯:৯)।
৪. ব্যাভিচার একটি পাপ হিসাবে দেখা হতো যার বিরুদ্ধে:
 - ক. প্রতিবেশী- যাত্রা পুস্তক ২০:১৪; দ্বিতীয় বিবরণ ৫:১৮
 - খ. বিবাহ- লেবীয় পুস্তক ১৮:২০
 - গ. ঈশ্বর- আদি পুস্তক ২০:১-১৩; ২৬:৭-১১
৫. এটি মৃত্যুযোগ্য শাস্তি ছিল উভয় পক্ষের জন্য:
 - ক. লেবীয় ২০:১০
 - খ. দ্বিতীয় বিবরণ ২২:২২-২৪
 - গ. যিহিঙ্কেল ১৬:৪০ (রূপক)
 - ঘ. কড়া সতর্কবার্তা পাওয়া যায় হিতোপদেশ ১-৯ পদে

III. নূতন নিয়মের সাথে সম্পর্ক

- ক. যীশু লেবীয় ১৯:১৮ পদ ব্যবহার করেছেন একটি সারমর্ম হিসেবে পুরাতন প্রত্যাদেশের (লুক ১০:২৭)। এটি নিশ্চিত করে দশ আজ্ঞা আমাদের অন্যদের প্রতি আচরণের সাথে সম্পর্কিত।
- খ. যীশু এই আজ্ঞা জোড়াল করেছেন মথি ৫:২৮ পদে। তিনি কাজের থেকেও উদ্দেশ্যের উপর বেশি জোর দিয়েছেন। যিহুদীরা মনকে দেখতো আত্মার লালন ক্ষেত্র হিসেবে। একজন যা চিন্তা করত সে ছিল সে রকমই (হিতো ২৩:৭)। এটি দশটি বাক্য পালন করাটাকে অসম্ভব করে- সেটাই হল উদ্দেশ্য (গালা ২:১৫-৩:২৯)।

IV. আধুনিক প্রয়োগ

- ক. বিবাহ হল সম্ভবত সর্বোত্তম আধুনিক সাদৃশ্যপূর্ণ জীবনব্যাপী ঈশ্বরের নামে বিশ্বাসের অঙ্গীকার। এটি আমাদের সবচেয়ে ভাল সুযোগ পুরাতন নিয়মের চুক্তির ধারণার বাস্তবতা বোঝার (মালা ২:১৪)। সঙ্গীর জন্য আমাদের সম্মান সব দিক দিয়ে, যার মধ্যে অন্তর্ভুক্ত মানবিক যৌনতা, আমাদের সাহায্য করে এই পদের গুরুত্ব বুঝতে।
- খ. বিবাহ স্থিরতা এবং বিশ্বস্ততা, পিতা-মাতার প্রতি সম্মানের মত, এটি একটি মূল স্তম্ভ সামাজিক শক্তি ও দীর্ঘ-জীবনের।
- গ. এটির গুরুত্ব দেওয়া প্রয়োজন যে মানবিক যৌনতা হল ঈশ্বরের থেকে একটি উপহার। এটা ছিল মানুষের জন্য তাঁর চিন্তা এবং ইচ্ছা। নীতিমালাগুলির অর্থ মানুষের স্বাধীনতা বা আনন্দের বাধা দেবার জন্য ছিল না কিন্তু পতিত মানুষের জন্য দেওয়া কিছু ধর্মময় নীতিমালা। সীমা রেখা প্রকাশ করা হয়েছে আমাদের দীর্ঘস্থায়ী উপকার এবং আনন্দের জন্য। যদিও মানুষ যৌনতাকে অবমাননা করেছে, যেমন সে ঈশ্বরের সকল উপহারকে করেছে, এটা এখন একটি শক্তিশালী চালিকা মানবজাতির মধ্যে যেটি অবশ্যই ঈশ্বরের নিয়ন্ত্রণ এবং নীতির মধ্যে থাকতে হবে।
- ঘ. যৌনতা অবশ্যই সংরক্ষিত রাখতে হবে যাতে মানব ব্যক্তির পবিত্রতা (নারী বা পুরুষ) সম্মানিত হয় কারণ তারা ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট। আমাদের পতিত দৃষ্টি “আমার” উপর হল সব এই ক্ষেত্রে তা স্পষ্ট।

যাত্রাপুস্তক ২০:১৫, চুরি

I. সাধারণ তথ্য

- ক. দশ আজ্ঞার অন্য সকল নিয়ম নীতির মত, আমাদের বিশ্বাস, ভালবাসা এবং ঈশ্বরের জন্য সম্মান অবশ্যই দেখাতে হবে পবিত্র এবং ধর্মানিরপেক্ষ দৃষ্টিভঙ্গিতে আমাদের দৈনন্দিন জীবনে। এটি হল ঈশ্বরের কাছে ঘৃণার যে তাঁকে বলা যে তাঁকে জানি এবং তারপর আমাদের নিয়মের লোকদের শোষণ করা (১ যোহান ৪:২০-২১; ২:৭-১১)।
- খ. এই আজ্ঞার অর্থ হল নিয়ম-বদ্ধ সমাজের সহভাগিতা বজায় রাখতে সাহায্য করা। এই আত্মিক সহভাগিতার গুণাগুণ আকৃষ্ট করবে একটি দ্বিধাগ্রস্ত এবং অনিশ্চয়কারী জগতকে আমাদের ঈশ্বরের প্রতি আকর্ষিত করবে যেটি হল বাইবেলের উদ্দেশ্য।
- গ. যেমন অন্য আজ্ঞাগুলি দৃষ্টি দিয়েছে সকল জীবনের উপর ঈশ্বরের মালিকানার, সেই রকমই এটিও! আমরা সেবক, মালিক নই। এই নিষেধাজ্ঞার পিছনে আমাদের পতন পরিচালিত করে দখলের, বিনামূল্যে (গীত. ৫০:১০-১২)।

II. শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

- ক. এটি হল দশ আজ্ঞার দ্বিতীয় ভাগের তৃতীয় আদেশ যেটি গঠিত হয়েছে শুধুমাত্র দুটি ইব্রীয় শব্দ দিয়ে।
- খ. নিষেধের বিষয় অনুপস্থিত। এটি সাধারণত সমর্থন করা হয়:
 ১. প্রধান অপরাধের প্রসঙ্গের সাথে সম্পর্কিত দুটি পূর্বের আজ্ঞার সাথে।
 ২. প্রয়োগিক সমান্তরাল প্যাসেজের উপস্থিতি উভয়ই তৎক্ষণিক (যাত্রা ২১:১৬) এবং দূরবর্তী (দ্বি বি ২৪:৭)। এছাড়াও দেখুন আদি পুস্তক ৩৭।
- গ. যাহোক, এই সংক্ষিপ্ত রূপ হল আরও সমর্থনযোগ্য
 ১. এটি আমাদের জন্য লিপিবদ্ধ হয়েছে অনুপ্রেরণার দ্বারা

২. এটি আঞ্জার পরিধি প্রশস্ত করে
৩. এছাড়া এখানে একটি সমান্তরাল প্যাসেজ রয়েছে সরাসরি এই প্রসঙ্গে যেটি সম্পর্কিত চুরির সাথে- যাত্রা পুস্তক ২২:১ থেকে কয়েকটি পদ।
৪. যীশু স্পষ্টত এই প্যাসেজটি উক্ত করেছেন চুরি করার বিষয়টি নির্দেশ করতে (মথি ১৯:১৮)।
- ঘ. এছাড়া চুরি আলোচনা করা হয়েছে অন্য প্রাচীন আইনের ধারায় কিন্তু সাধারণত শাস্তি হল মৃত্যুদণ্ড, অঙ্গচ্ছেদ বা ৩০ গুণ ক্ষতিপূরণ।
- ঙ. কিছু তাৎপর্যপূর্ণ সমান্তরাল প্যাসেজ আছে যেটি সংজ্ঞায়িত এবং ব্যাখ্যা করে এই সত্য:
 ১. লেবীয় ১৯:১-১৮ পদ- “তোমরা পবিত্র হও, কেননা আমি সদাপ্রভু তোমাদের ঈশ্বর পবিত্র”
 - ক. আমাদের জীবনধারা অবশ্যই প্রতিফলিত করবে পারিবারিক বৈশিষ্ট্য আমাদের পিতা এবং আমাদের ঈশ্বরের (১৮ পদ)।
 - খ. আমাদের বিশ্বাস অবশ্যই আমাদের দৈনিক জীবনকে প্রভাবিত করবে, ইতিবাচক কাজে এবং নেতিবাচক নিষেধাজ্ঞা উভয়ে, উভয়ই জানানো হবে সঠিক উদ্দেশ্যের দ্বারা (১৭ পদ)।
 - গ. সবার দ্বারা ঘৃণিত এবং অভাবী লোকদের জন্য সহানুভূতি, ৯-১০, ১৩ পদ হল আমাদের প্রতিবেশীদের বিছিন্ন করার অস্বীকৃতির মতই তাৎপর্যপূর্ণ, ১১ পদ।
 ২. আমোষ ৮:৪-৭ পদ, ঈশ্বর শোষণ করা ঘৃণা করেন!
 ৩. মীখা ৬:৬-৮ পদ, ঈশ্বর আমাদের সকল কাজের জন্য সঠিক উদ্দেশ্য আশা করেন। কেন আমরা চুরি করি না সেটা হল বিষয়!
 ৪. যাত্রাপুস্তক ২২:১ থেকে কয়েকটি পদ-প্রায়ই হারানো সত্য আমাদের আধুনিক আলোচনা চুরির বিষয়ে হল ক্ষতিপূরণ! পাপের মূল্য সব সময় দিতেই হয়!

III. সত্যের প্রয়োগ

- ক. Joy Davidman, C. S. Lewis এর স্ত্রী, দশ আঞ্জার উপর একটি চমৎকার বই লিখেছেন। তিনি এই আঞ্জা অনুবাদ করেছেন “তুমি কিছুর জন্য কিছুই পেতে চেষ্টা করবে না।” এটি অবশ্য উদ্দেশ্যকে প্রসারিত করেছে দখল করার উর্ধ্বে। তিনি আরও বলেছেন যে “সম্পত্তি পাপও না অবিচ্ছেদ্য অধিকারও না, কিন্তু একটি ঋণ, ঈশ্বর হতে একটি নির্ভরতা।”
- খ. চুরি অন্য সকল পতিত হৃদয়ের পাপের মত, আলোচনা করা হয় নূতন একটি হৃদয় দ্বারা, ইফি ৪:২৮ পদ। এটি অপূর্ব যে কিভাবে “নেওয়া” পুরাতন স্বভাব পরিবর্তন হয়ে একটি “ভাগ করা” স্বভাব হয়ে যায়!
- গ. ঈশ্বরের জন্য আমাদের সম্মান স্পষ্টত দেখায় আমাদের সম্মান নিয়মের অংশীদার অন্যদের জন্য! এই সত্য দশ আঞ্জাকে ছাপিয়ে যায়।
- ঘ. আধুনিক মানুষ নানা উপায়ে চুরি করে!

আলোচনার প্রশ্ন

১. কিভাবে আধুনিক মানুষ চুরি অনুশীলন করে?
২. কিভাবে ক্ষতিপূরণ অনুতাপের সাথে সম্পর্কিত?
৩. কিভাবে এই পদ পুজিবাদের সম্পত্তির দৃষ্টিভঙ্গির সাথে সম্পর্কিত?

যাত্রাপুস্তক ২০:১৭, লোভ করা

I. ভূমিকা

- ক. নিম্নোক্তভাবে শেষ পাঁচটি আঞ্জার মধ্যকার সম্পর্ক দেখা সম্ভব:
 ১. গণনা পুস্তক ৬, ৭ ও ৮ অধ্যায় নিষেধ করে প্রকাশ্য কাজের দ্বারা একজন নিয়মের অংশীদারকে আহত করা।
 ২. গণনা পুস্তক ৯ অধ্যায় নিষেধ করে কথার দ্বারা একজন নিয়মের অংশীদারকে আহত করা।
 ৩. গণনা পুস্তক ১০ অধ্যায় নিষেধ করে চিন্তায় একজন নিয়মের অংশীদারকে আহত করা।
- খ. এটা সত্য যে লোভ করার কাজ যে লোভ করছে তাকে হতাশ করে, জিনিসটি নয়, প্রতিবেশী। যাহোক, এটা সম্ভব যে এই আঞ্জা আশা করে যে চিন্তা কাজের দিকে এগিয়ে যাবে।
- গ. অনেকে এই আঞ্জাটি দেখে একটি অনন্য ধারণা হিসেবে যেটি কেবল পাওয়া যায় ইস্রায়েলের প্রাচীন আইনের ধারায় এবং এটি অনুপস্থিত প্রাচীন নিকট প্রাচ্যের অন্য সকল আইনের ধারায়। এই নূতন ধারণা হবে চিন্তার নিষেধাজ্ঞা। এটা হল সত্য যে ইস্রায়েল অনুভব করে চিন্তার জীবন হল মন্দ কাজের উৎস (গীত ২৩:৭; যাকোব ১:১৪-১৫)। এখনও, এই পদ মনে হয় চিন্তার সাথে সম্পর্কিত যেটি কাজে প্রকাশ পায়। কয়েকটি প্যাসেজ “লোভ” টার্মটি ব্যবহার করে একটি ফলদায়ক কাজের সাথে (দি বি ৭:২৫; যিহো ৭:২১; মীখা ২:২)।
- ঘ. যদি এটা সত্য হয় যে যার উপর জোর দেওয়া হবে যেটি তালিকাভুক্ত হয়েছে প্রথম এবং শেষে, তবে এই আদেশের সত্য তাৎপর্য দেখা যায়। ঈশ্বরের স্বতন্ত্র আরাধনা হল প্রথম, কিন্তু আমাদের মনোভাব এবং উদ্দেশ্য এই জগতের অন্য বিষয় প্রভাবিত করে ঈশ্বরের প্রতি আমাদের সত্য উপাসনার। এই যৌথ গুরুত্ব দেওয়া এছাড়াও দেখা যায় যীশুর পর্বতে দেওয়া উপদেশের মধ্যে, মথি ৬:৩৩ - “কিন্তু প্রথমে তোমরা তাঁর রাজ্য ও ধার্মিকতার জন্য চেষ্টা কর; তবে ঐ সকল বিষয়ও তোমাদের দেওয়া যাবে”(১৯-৩২)।

II. শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

- ক. যাত্রা পুস্তক ২০:১৭ এবং দ্বিতীয় বিবরণ ৫:২১ পদ, যদিও মূলত একই, তবে কয়েকটি তাৎপর্যপূর্ণ ভিন্নতা আছে:
 ১. স্ত্রী অর্ন্তভুক্ত “গৃহের” বৃহত্তর ধারণার বা একজন পুরুষের সম্পত্তির যাত্রাপুস্তক ২০ অধ্যায়ে যদিও সে (নারী) আলাদা স্থানে, আপাতদৃষ্টিতে আত্মাধিকার প্রাপ্তা, দ্বিতীয় বিবরণ ৫ অধ্যায়ে বিভাগ।

২. যাত্রা পুস্তক ২০ অধ্যায়ের প্যাসেজে রয়েছে ইব্রীয় টার্ম “লোভ” যার অর্থ “অধিকারের আকাংখ্যা,” কিন্তু দ্বিতীয় বিবরণ ৫ অধ্যায়ে আছে দ্বিতীয় একটি টার্ম, “আকাংখ্যা” সেই সাথে “লোভ।” “লোভ” আকাংখ্যার কথা বলে যেটি আকাঙ্ক্ষিত জিনিস অর্জনের কাজের সাথে সংযুক্ত কিন্তু “আকাংখ্যা” অর্থ মনে হয় দৃষ্টি দেয় কেবলমাত্র মনোভাবের উপর।
৩. এছাড়াও, যাত্রা পুস্তক ২০ অধ্যায়, লেখা হয়েছে ইস্রায়েল সন্তানদের তাদের প্রান্তরে ভ্রমণের সময়কালে, এতে অধিকারের তালিকায় “ক্ষত্র” -এর কোন উল্লেখ নেই অন্যদিকে দ্বিতীয় বিবরণ ৫ অধ্যায়ে একই আজ্ঞা পুনরায় পালন করা হয় প্রতিজ্ঞাত দেশে একটি স্থায়ী সমাজের জন্য।
- খ. “লোভ” টার্মটি হল একটি নিরপেক্ষ টার্ম। এটি নির্দেশ করতে পারে ভাল জিনিস আকাংখ্যা করাকে (গীতা ১৯:১০; ১ করি ১২:৩১)।
- গ. অনুপযুক্ত আকাংখ্যা হল পতনের মূল কারণ, শয়তানের, আদম ও হবা এবং আমাদের সকলের। পৌল লোভ নিয়ে তার ব্যক্তিগত সংগ্রামের উপরে জোর দিয়েছেন রোমীয় ৭:৭-৮ পদে। লোভ করা হল মূলত ঈশ্বরের যত্ন এবং যোগানের উপরে অসন্তুষ্টি এবং নির্ভরতার অভাব।
- ঘ. কয়েকটি নূতন নিয়মের প্যাসেজ লোভের সাথে সম্পর্কিত:
 ১. মানুষের সমস্যা হল অসন্তুষ্টি এবং লোভ (লুক ১২:১৫; ১ তীম ৬:৮-১০)।
 ২. লোভ হল যীশুর কলুষিত পাপসমূহের তালিকার অন্তর্গত (মার্ক ৭:১৭-২৩; ১ করি ৫:১০; ইফি ৫:৫; কল ৩:৫)।

III. সত্যসমূহের প্রয়োগ

- ক. কামনাপূর্ণ লোভ এবং অসন্তুষ্টির উত্তর হল:
 ১. ভালবাসা- রোমীয় ১৩:৮-১০
 ২. সন্তুষ্টি- ইব্রীয় ১৩:৫; ফিলি ৪:১১-১৩ (এবং বিভাগ করা, ফিলি ৪:১৪)
- খ. আজ্ঞা বলে “খামো” কিন্তু কেবলমাত্র খ্রীষ্ট আমাদের দিয়েছেন খামার উপায়! তাঁর মধ্য দিয়ে আমরা আমাদের চিন্তার জীবন কিছু মাত্রায় নিয়ন্ত্রণ করতে পারি।
- গ. ঈশ্বর আমাদের হৃদয় এবং মন জানেন
 ১. ১ বংশাবলী ২৮:৯
 ২. হিতোপদেশ ২০:২৭
 ৩. গীতসংহিতা ১৩৯:১,২৩
 ৪. যিরমিয় ১৭:১০
 ৫. রোমীয় ৮:২৭
 ৬. প্রকাশিত বাক্য ২:২৩
- ঘ. জিনিস মন্দ নয়, কিন্তু যখন সেগুলি প্রধান হয়ে দাঁড়ায় তখন সেগুলি পাপ হয়। জিনিস চূড়ান্ত বা অনন্তকালীন নয়; ঈশ্বরের প্রতিমূর্তিতে মানুষ সৃষ্ট! লোভ করা প্রভাবিত করে সমাজকে প্রতারণাপূর্ণ এবং ধ্বংসাত্মক পথে।

আলোচনার প্রশ্নসমূহ

১. লোভ করা কি?
২. আধুনিক মানুষ কিভাবে লোভ করে?
৩. আমাদের চিন্তাগুলি কি পাপ?
৪. খ্রীষ্টীয়ান জীবনে চিন্তাগুলি কেন এত তাৎপর্যপূর্ণ?
৫. কেন যাত্রা পুস্তক ২০:১৭ পদের আজ্ঞা কোন ভাবে দ্বিতীয় বিবরণ ৫:২১ পদের থেকে ভিন্ন?

□ “সেজন্য” এটি হল দশ আজ্ঞা বা দশটি আদেশের প্রতি একটি নির্দেশনা। দশ আজ্ঞার এই তালিকার ধারা দ্বিতীয় ভাগে অনুসরণ করেছে গ্রীক পাণ্ডুলিপি B, যাকে বলা হয় Vaticanus। এটা সামান্য ভিন্ন যাত্রাপুস্তক ২০ এবং দ্বিতীয় বিবরণ ৫ অধ্যায়ের Masoretic ইব্রীয় লেখনী থেকে। দশ আজ্ঞার দ্বিতীয় ভাগ আলোচনা করে YHWH -এর সাথে তাদের সম্পর্কের ভিত্তিতে ইস্রায়েলীয়দের একে অন্যের সাথে সম্পর্ক।

□ “এবং আর যে কোন আজ্ঞা থাকুক” এটি হল একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE যেটি মনে করা হয় সত্য লেখকের দৃষ্টিভঙ্গি বা তার সাহিত্য উদ্দেশ্য থেকে। আরও অন্য আজ্ঞা আছে। এই শব্দগুচ্ছের অর্থ “যদি দশ আজ্ঞার বাহিরে অন্য কোন আজ্ঞা থাকে।” অন্য কথায়, সাধারণ ভাবে এটি যোগ করে মোশির সব আইন বা সম্ভাব্য “আইন”।

গ্রীক পাণ্ডুলিপির ঐতিহ্যে একটি ভিন্নতা আছে যেমন কতগুলো এবং কি ধারাবাহিকতায় এই দশ আজ্ঞাসমূহ তালিকাভুক্ত করা আছে। যিহুদী ধর্মে আছে একটি সংখ্যায়ন; ক্যাথলিক এবং প্রোটেস্ট্যান্টদের আরও আছে ভিন্ন সংখ্যায়ন। এই প্যাসেজের অর্থ এই ভিন্নতার দ্বারা প্রভাবিত হয় না, যেটি সত্য বিপুল সংখ্যা গরিষ্ঠদের ভিন্নতায়।

□ “সেই সকল এই কথায় নারাত্মক হয়েছে” এটি হল একটি উদ্ধৃতি লেবীয় ১৯:১৮ পদ থেকে। এটি সুসমাচারে বেশ কয়েকবার উদ্ধৃত করা হয়েছে (মথি ৫:৪৩; ১৯:১৯; ২২:৩৯; মার্ক ১২:৩১ এবং লুক ১০:২৭)। যীশু একে বলেছেন দ্বিতীয় মহান বা প্রধানতম আজ্ঞা। এটি আরও উদ্ধৃত করা হয়েছে গালা ৫:১৪ এবং যাকোব ২:৮ পদে। যখন একজন ঈশ্বরকে ভালবাসে তখন একজন ঈশ্বর যেটা ভালবাসে সেটাই ভালবাসবে (অর্থাৎ, মানব জাতি তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট, আদি ১:২৬-২৭)।

□ “প্রতিবাসীকে নিজের মত প্রেম করো” বিশ্বাসীদেরকে অবশ্যই তাদেরকে ভালবাসবে যেমন ঈশ্বর তাদের ভালবেসেছেন তাদের অন্যদের ভালবাসা ও গ্রহণ করার আগে। সঠিক আত্মপ্রেম মন্দ নয়। এই অংশের প্রধান সত্য স্পষ্টভাবে বলে- অন্যদের ভালবাস (১০ পদ)। যারা ঈশ্বরের আত্ম-দানের,

উৎসর্গীকৃত ভালবাসার স্পর্শ পেয়েছে তারা একই ভাবে অন্যদের ভালবাসবে (১ যোহন ৩:১৬)। এটি হল খ্রীষ্ট সাদৃশ্য হওয়ার মূল কথা (ঈশ্বরের প্রতিমূর্তির পুনঃস্থাপন)। এই ধরনের ভালবাসার উপস্থিতিতে “ব্যবস্থা”-র কোন প্রয়োজন হয় না।

NASB (আপডেটেড) টেক্সট: ১৩:১১-১৪

‘ আর এই রকম কর, কারণ তোমরা এই কাল জ্ঞাত আছ; ফলতঃ এখন তোমাদের ঘুম থেকে জাগবার সময় এসেছে; কারণ যখন আমরা বিশ্বাস করেছিলাম তখন থেকে এখন পরিত্রাণ আমাদের খুব কাছে।’^{১২} রাত প্রায় শেষ, দিবস আসন্ন। সেজন্য আস আমরা অন্ধকারের কাজ কর্ম ত্যাগ করি এবং দীপ্তির যুদ্ধসজ্জা পরিধান করি।^{১৩} আস দিনের উপযুক্ত শিষ্টতায় চলি, রঙ্গরসে ও মত্ততায় নয়, লম্পটতায় ও ইন্দ্রিয় পরায়ণতায় নয়, বিবাদে ও ঈর্ষায় নয়।^{১৪} কিন্তু তোমরা প্রভু যীশু খ্রীষ্টকে পরিধান কর, মাংস ও এর অভিলাষ পূর্ণ করার জন্য কোন সুযোগ রেখ না। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:১১

NASB “এই রকম কর”

NKJV “এবং এটা কর”

NRSV “এটা ছাড়াও”

TEV “তুমি অবশ্যই এটা করবে”

NJB “এছাড়াও”

এটি হল একটি উপায় পরবর্তীতে আসছে (১১-১৪ পদ) তার সাথে কি আগে বসেছে (৯-১০ পদ) তার সংযুক্তি। বাক্যের কার্যকারী হও, শুধু শ্রোতামাত্র হইও না (যাকোব ১:২২,২৩,২৫)! ভালবাসা অবশ্যই কাজে লাগাতে হবে।

□ “এই কাল জ্ঞাত আছে” এটি হল একটি PERFECT ACTIVE PARTICIPLE। সময়ের জন্য এই টার্ম (*kairos*) ব্যবহার করা হয়েছে সময়ের বিশেষ কালের অর্থে, নিয়মিত কালানুক্রমিক সময় (*chronos*) নয়। বিশ্বাসীদের অবশ্যই জীবন যাপন করতে হবে (১) খ্রীষ্টের যে কোন সময়ের আগমনের আলোকে এবং (২) নতুন যুগের সকাল হয়েছে।

□ “এখন সময় এসেছে” এই রূপক, “সময়” (যোহনের সুসমাচারে প্রায়ই ব্যবহৃত হয়েছে), নির্দেশ করে একটি বিশেষ মুহূর্ত (*kairos* এর সমতুল্য) ঈশ্বরের পুনরুদ্ধারের পরিকল্পনার (৩:২৬; ১ করি ৭:২৯; ১০:১১; যাকোব ৫:৮; ১ পিতর ৪:৭; ২ পিতর ৩:৯-১৩; ১ যোহন ২:১৮; প্রকা ১:৩; ২২:১০)। এটা ব্যবহার করা হয়েছে যীশুর ক্রুশারোপন এবং আগমনের সময়ে।

□ “ঘুমোনো” এই টার্মটি এখানে ব্যবহার করা হয়েছে নৈতিক এবং আত্মিক দুর্বলতার রূপকার্থে (ইফি ৫:৮-১৪; ১ থি ৫:৬)। শব্দের শুধুমাত্র অর্থ আছে একটি সুনির্দিষ্ট প্রসঙ্গে। সাবধান থাকুন একটি নির্দিষ্ট সংজ্ঞায়। সকল শব্দসমূহের কয়েকটি সম্ভাব্য অর্থ রয়েছে ভাষাগত অর্থের ক্ষেত্রে।

□ “এখন পরিত্রাণ আমাদের খুব কাছে” পরিত্রাণ হল একটি প্রারম্ভিক সিদ্ধান্ত এবং একটি প্রক্রিয়া (দেখুন বিশেষ বিষয় ১০:১৪ পদে)। পরিত্রাণ সম্পূর্ণ হবে না যতক্ষণ না বিশ্বাসীরা তাদের নতুন দেহ পাবে (১ যোহন ৩:২; ১ থি ৪:১৩-১৮; ইব্রীয় ৯:২৮; ১ পিতর ১:৫)। ধর্মতত্ত্বগত ভাবে এটিকে বলা হয় “মহিমাম্বিত করা” (রোমীয় ৮:৩০)। এটি হল প্রত্যেক প্রজন্মের খ্রীষ্টিয়ানদের আশা যে তার জীবনকালে প্রভুর ফিরে আসা (লুক ২১:২৮)। পৌল ও এর ব্যতিক্রম ছিলেন না (১ থি ৪:১৫)।

□ “যখন আমরা বিশ্বাস করেছিলাম” খ্রীষ্টিয়ান ধর্ম শুরু হয়েছে একটি সিদ্ধান্তের সাথে (তাৎক্ষণিক ধার্মিকতা গণনা করা এবং পবিত্রকরণ), কিন্তু ফলাফল একটি ধার্মিক জীবনের (প্রগতিশীলভাবে পবিত্রকরণ, দেখুন বিশেষ বিষয় ৬:৪ পদে) এবং শেষ হয় খ্রীষ্ট সাদৃশ্যতায় (মহিমাম্বিত)। একজনকে অবশ্যই খ্রীষ্টতে ঈশ্বরের দান গ্রহণ করতে হবে (যোহন ১:১২; ৩:১৬; রোমীয় ১০:৯-১৩)। এই প্রারম্ভিক সিদ্ধান্তই শেষ নয়, কিন্তু শুরু!

১৩:১২ “রাত প্রায় শেষ” এটি নির্দেশ করে বর্তমান মন্দ যুগ যেটি ইতিমধ্যে ধ্বংস এবং পুনঃস্থাপিত হয়েছে (১ করি ৭:২৯-৩১; ১০:১১; যাকোব ৫:৮; ইফি ৫:৮,১৪; ১ যোহন ৪:৭; ২ যোহন ২:১৭-১৮; প্রকা ১:৩; ২২:১০)। দেখুন বিশেষ বিষয় ১২:২ পদে। পৌল, এবং বিশেষভাবে যোহন, আলো এবং অন্ধকারের বৈপরীত্য ব্যবহার করেছেন, যেভাবে মরু সাগরের পৃথিতে করা হয়েছে।

□ “দিবস আসন্ন” এটি হল একটি PERFECT ACTIVE INDICATIVE। এগুলো শেষ দিনগুলি (ফিলি ৪:৫; যাকোব ৫:৯)। যীশুর দেহধারণের থেকে আমরা শেষ সময়ে আছি। এটা স্থায়ী হবে তাঁর গৌরবময় আগমনের পূর্ব পর্যন্ত। সকল বিশ্বাসী প্রথম শতাব্দী থেকে খ্রীষ্টের আগমনের এরকম দীর্ঘ বিলম্বে বিশ্বাসিত হয়েছে। যাহোক, খ্রীষ্টতে নতুন যুগের উদয় হয়েছে।

খ্রীষ্টের আগমনের এই নৈকট্যের নোট নেওয়া হয়েছে “Crucial Introduction” আমার প্রকাশিত বাক্যের কমেড্রি বই থেকে। এটি বিনামূল্যে অনলাইনে দেখুন www.freebiblecommentary.org

“ষষ্ঠ চাপ (খ্রীষ্টের আসন্ন আগমন বনাম বিলম্বিত *Parousia*)

অধিকাংশ বিশ্বাসীদের শিক্ষানো হয়েছে যে খ্রীষ্ট শীঘ্র আসছেন, হঠাৎ করে এবং অপ্রত্যাশিতভাবে (মথি ১০:২৩; ২৪:২৭, ৩৪,৪৪; মার্ক ৯:১; ১৩:৩০)। কিন্তু প্রতিটি প্রত্যাশিত বিশ্বাসীদের প্রজন্ম এই পর্যন্ত ছিল ভুল! শীঘ্রতায় (আসন্নতা) যীশুর আগমন প্রতিটি প্রজন্মের কাছে একটি শক্তিশালী আশার প্রতিজ্ঞা, কিন্তু বাস্তবতা কেবলমাত্র একজনের কাছে (এবং সেই একজন হল অত্যাচারিত জন)।

বিশ্বাসীদের অবশ্যই বাঁচতে হবে যেন তিনি আগমীকাল আসছেন, কিন্তু মহান আদেশের পরিকল্পনা এবং বাস্তবায়ন করা (মথি ২৮:১৯-২০) যদি তিনি বিলম্ব করেন।

সুসমাচারের (মার্ক ১৩:১০; লুক ১৭:২; ১৮:৮) এবং ১ এবং ২ খ্রিস্টাব্দিকীকৃত কিছু প্যাসেজের ভিত্তি হল বিলম্ব দ্বিতীয় আগমন (Parousia)। কিছু ঐতিহাসিক ঘটনাবলী আছে যেগুলি অবশ্যই আগে ঘটবে:

১. বিশ্ব-জুড়ে সুসমাচার প্রচার (মথি ২৪:১৫; মার্ক ১৩:১০)
২. “পাপ পুরুষ” এর প্রকাশ (মথি ২৪:১৫; ২ থি ২; প্রকা ১৩)
৩. মহা নির্ঘাতন (মথি ২৪:২১, ২৪; প্রকা ১৩)

সেখানে একটি উদ্দেশ্যমূলক অস্পষ্টতা আছে (মথি ২৪:৪২-৫১; মার্ক ১৩:৩২-৩৬)! প্রতিদিন জীবন যাপন এমনভাবে করুন যেন এটি ছিল আপনার শেষ কিন্তু আপনার ভবিষ্যত পরিচর্যার জন্য পরিকল্পনা এবং প্রশিক্ষণ দিন!”

□ “ত্যাগ করি পরিধান করি” এগুলো হল AORIST MIDDLE SUBJUNCTIVES, যেটি সাম্ভাব্য ঘটনার নোট দেয়। তাৎপর্য হল “তোমরা নিজেদের সরাইয়া রাখ...সকলের জন্য বা মীমাংসিতের জন্য একবার রাখ।” ঈশ্বর এবং মানবজাতি উভয়ই হল সক্রিয় ধার্মিকতায় (অনুতাপ এবং বিশ্বাস) এবং পবিত্রীকরণ উভয়ে (ধার্মিক জীবন যাপনে)। পৌলের লেখায় এই পোশাকী রূপক খুবই সাধারণ। বিশ্বাসীদের তাদের ঘুমের পোশাক খুলে তাদের যুদ্ধের পোশাক পরতে (ইফি ৪:২২-২৫; কল ৩:১০, ১২, ১৪) হবে। আমরা খ্রীষ্টিয়ান সৈনিকগণ প্রস্তুতি নিচ্ছি দৈনিক আত্মিক যুদ্ধের জন্য (ইফি ৬:১০-১৮)। টীকা দেখুন NIDNTT, vol. 1, pp. 315-316।

□ “দীপ্তির যুদ্ধসজ্জা” এটি সম্ভবত যিশা ৫৯:১৭ এর একটি ইঙ্গিত। বিশ্বাসীদের অবশ্যই সন্দেহাতীতভাবে ধার্মিকতার বর্ম এবং অস্ত্র পরিধান করতে হবে (২ করি ৬:৭; ১০:৪; ইফি ৬:১১,১৩; ১ থি ৫:৮)। ঈশ্বরের বর্ম বিশ্বাসীদের সুপ্রাপ্য কিন্তু তাদের অবশ্যই

১. তাদের প্রয়োজন বুঝতে হবে
২. ঈশ্বরের যোগান বুঝতে হবে
৩. ব্যক্তিগত ভাবে এবং উদ্দেশ্যমূলক ভাবে তাদের দৈনিক চিন্তায় এবং জীবনে এটি বাস্তবায়ন করতে হবে।

একটি দৈনিক আত্মিক যুদ্ধ আছে! দেখুন Clinton F. Arnold, *Three Crucial Questions About Spiritual Warfare*।

১৩:১৩ “আস উপযুক্ত শিষ্টতায় চলি” এটি হল একটি AORIST ACTIVE SUBJUNCTIVE, আক্ষরিক, আক্ষরিকভাবে “হাটা”। এটি হল জীবনধারার জন্য ইব্রীয় বাগধারা (ইফি ৪:১,১৭; ৫:২, ১৫)। পৌল এটি ব্যবহার করেছেন ৩৩ বারেরও বেশি। এই পদে পাপের তালিকা দুইটি টার্মের তিনটি জোড়ায় প্রস্তুত করা হয়েছে। এই টার্মটিতে আছে কিছু ভাষাগত অর্থের অংশ। এটা সম্ভব যে সেগুলি সমার্থক অর্থে বোঝায়। দেখুন বিশেষ বিষয়: লম্পটতা এবং ধার্মিকতা ১:২৮-৩২ পদে। এই টার্মগুলি মনে হয় সম্পর্কিত রোমীয় মন্ডলীতে বিশ্বাসী যিহুদী এবং অযিহুদীদের মধ্যকার উত্তেজনা। নতুন পরজাতী বিশ্বাসীরা মনে হয় অব্যাহত রেখেছে (১) তাদের কিছু অনৈতিক পৌত্তলিক দেবতার আরাধনার অনুশীলন বা (২) ফিরে আসা বিশ্বাসী যিহুদী নেতাদের বিরুদ্ধে উদ্ভূত আচরণ যারা অল্প সময়ের জন্য চলে গিয়েছিল সশ্রুটি নিরোর আদেশের কারণে যে আদেশ সকল যিহুদী ধর্মনুষ্ঠান রোমে নিষিদ্ধ করেছিল।

□ “রঙ্গরসে ও মত্ততায় নয়” এটি নির্দেশ করে যৌন অনৈতিকতা যেটি পৌত্তলিক ধর্মীয় অনুষ্ঠানের মাতলামির সাথে সংযুক্ত। গালা ৫:২১ পদে এই মাংসিক পাপের তালিকায়, এই টার্মগুলি পাশাপাশি তালিকাভুক্ত করা হয়েছে।

□ “লম্পটতায় ও ইন্দ্রিয় পরায়ণতায় নয়” এই জোড়া মনে হয় ছাপিয়ে যায় প্রথম জোড়াকে। এই দ্বিতীয় টার্ম নতুন নিয়মে ব্যাপকভাবে ব্যবহার করা হয়েছে (মার্ক ৭:২২; ২ করি ১২:২১; গালা ৫:১৯; ইফি ৪:১৯, ১ পিতর ৪:৩; ২ পিতর ২:৭)। যদি প্রথম জোড়া মাতলামির উপর দৃষ্টি দেয়, এই জোড়া দৃষ্টি দেয় যৌন অনৈতিকতার উপরে, এমন কি একটি সমাজিকভাবে অনিয়ন্ত্রিত ইন্দ্রিয়সক্তির প্রত্যাখ্যান করা।

□ “বিবাদে ও ঈর্ষায় নয়” এই টার্মটি বলে লোকদের মধ্যে দ্বন্দ্বের কথা (গালা ৫:২০)। এটি হতে পারে প্রথম দুইটি জোড়ার মধ্যকার অনুপযুক্ত আচরণের ফলাফল। যদি এগুলি খ্রীষ্টিয়ানদের উদ্দেশ্য করে হয় (১ করি ৩:৩; কল ৩:৮), তবে প্রতিফলিত করে পৌত্তলিকদের কিছু ধর্মীয় অনুশীলন যেটি বিশ্বাসীদের জীবনে অবশ্যই বন্ধ করা প্রয়োজন। যাহোক, এই প্রসঙ্গে এই পদটি হল একটি বৈপরীত্য বিশ্বাসীদের কাছে, তাই সেই অর্থে, এটি হল একটি সতর্কবার্তা।

১৩:১৪ “প্রভু যীশু খ্রীষ্টকে পরিধান কর” এই রূপকটি বিশ্বাসীদের কাধের উপর রাজা যীশুর রাজকীয় পোশাক স্থাপন করার (মর্যাদাগত পবিত্রকরণ) সাথে সম্পর্কিত। কিছু পণ্ডিত এটিকে দেখেন বাপ্তিস্মের পোশাকের ইঙ্গিত হিসাবে। এই পোশাকের রূপক প্রথম উল্লেখ করা হয়েছে ১২ পদে। এটা হল একটি উপায় বিশ্বাসীদের খ্রীষ্টতে নতুন মর্যাদা দেখানো। এটা আরও এই সত্যে বিশ্বাসীদের নতুন জীবনধারার সিদ্ধান্তের উপরে গুরুত্ব দেয় (প্রক্রিয়াশীল পবিত্রকরণ) কারণ খ্রীষ্টতে তাদের নতুন মর্যাদা (ইফি ৪:২২, ২৪; কল ৩:৮)। গালা ৩:২৭ পদে এই সত্যটি প্রকাশিত হয়েছে একটি সত্যের বিবৃতি হিসেবে, INDICATIVE; এখানে এটি প্রকাশিত হয়েছে একটি IMPERATIVE (AORIST MIDDLE), একটি আজ্ঞা/ আদেশ হিসেবে।

এই INDICATIVE বিবৃতি এবং IMPERATIVE এর মধ্যে উত্তেজনা হল খ্রীষ্টতে আমাদের মর্যাদা এবং আমাদের সেই মর্যাদা অর্জনের জন্য কঠিন সংগ্রামের মধ্যকার উত্তেজনা (দেখুন বিশেষ বিষয় ৬:৪ পদে)। আমরা “পবিত্র লোক”(পবিত্র ব্যক্তি) পরিভ্রাণের মুহূর্তে, কিন্তু আমাদের সতর্ক করা হয়েছে “পবিত্র” হতে। এটি হল বাইবেল ভিত্তিক প্রচলিত মত খ্রীষ্টতে একটি পূর্ণ এবং বিনামূল্যে দত্ত পরিভ্রাণ এবং খ্রীষ্ট সাদৃশ্যতা লাভের উদাত্ত আহবানের প্রতি বিরুদ্ধ মত!

□ “কোন সুযোগ রেখ না” এটি হল একটি PRESENT MIDDLE IMPERATIVE এর সাথে NEGATIVE PARTICLE। এই ব্যাকরণগত রূপ সাধারণত বোঝায় ইতিমধ্যে চলমান কোন একটি প্রক্রিয়া থামানো। এটি মনে হয় বোঝায় যে রোমের কিছু খ্রীষ্টিয়ান অনুপযুক্ত নৈতিক জীবন যাপন করছিল। এটা হতে পারে তাদের পৌত্তলিক আরাধনার অনুশীলন চলতে থাকা।

এটা ব্যাখ্যা করা কঠিন ইন্দ্রিয় পরায়ন খ্রীষ্ট ধর্মের বিষয়ে নূতন নিয়মের শিক্ষা। নূতন নিয়মের লেখকেরা মানবজাতির অবস্থা উপস্থাপন করেছে সাদা এবং কালো টার্মে। একজন ইন্দ্রিয় পরায়ন খ্রীষ্টিয়ান হল টার্মের অসঙ্গতি। তথাপিও এটা হল একটি বাস্তবতা আমাদের “ইতিমধ্যে” এবং “এখনো নয়” জীবনে। পৌল মানবজাতিকে শ্রেণী বিন্যাস করেছেন তিনটি দলে (১ করি. ২:১৪-৩:১):

১. স্বাভাবিক মানুষ (হারিয়ে যাওয়া মানবজাতি), ২:১৪
২. আত্মিক মানুষ (পরিব্রাণ প্রাপ্ত মানবজাতি), ৩:১
৩. মাংসিক মানুষ (ইন্দ্রিয় পরায়ন খ্রীষ্টিয়ান বা শিশু খ্রীষ্টিয়ান), ৩:১

□ “অভিলাষ পূর্ণ কবাবর জন্য” পৌল খুব ভালভাবেই জানতেন আমাদের পতিত আদমের স্বভাবের ক্রমাগত বিপদের কথা (রোমীয় ৭, ইফি ২:৩), কিন্তু যীশু আমাদের দিয়েছেন ঈশ্বরের জন্য বাঁচবার ক্ষমতা এবং আকাঙ্ক্ষা (রোমীয় ৬)। এটি হল একটি চলমান সংগ্রাম (৮:৫-৭; ১ যোহন ৩:৬-৯)। দেখুন বিশেষ বিষয়: মাংস (*sarx*) ১:৩ পদে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেষ্কারী, চূড়ান্ত নয়।

১. কেন পৌলের সরকারের বিষয়ে বিবৃতি আদি খ্রীষ্টিয়ানদের কাছে সংস্কার মূলক মনে হয়েছিল?
২. খ্রীষ্টিয়ানদের কি সব ধরনের সরকারের প্রতি সমর্পিত থাকা উচিত?
৩. খ্রীষ্টিয়ানদের কি সরকারের সব রকমের আইনগত দাবীর প্রতি সমর্পিত থাকা উচিত?
৪. ১ পদ কি রাজাদের ঐশ্বরীক অধিকারের শিক্ষা দেয়?
৫. পৌল কি ধর্মতত্ত্বগত ভাবে নূতন ক্ষেত্রে তৈরী করছেন বা মথি ২২:২১ পদে যীশুর বাক্যের একটি উদাহরণ সেখানে আছে?
৬. নাগরিক অবাধ্যতা কি খ্রীষ্টিয়ানদের জন্য কখনো যৌক্তিক? (শ্রেণিত ৫:২৫-৩২)?
৭. কিভাবে ৪ পদ মৃত্যুদণ্ডের বিষয়ের সাথে সম্পর্কিত?
৮. খ্রীষ্টিয়ানদের বিবেক কি সব সময় সঠিক (৫ পদ)?
৯. ৮ পদের ভিত্তিতে, বিশ্বাসীদের কি ক্রেডিট কার্ড থাকা উচিত?
১০. ৮ পদ অন্য খ্রীষ্টিয়ানদের প্রতি আমাদের ভালবাসা বা সকল লোকের প্রতি কি বলে?
১১. কেন পৌল দশ আঙ্গা ব্যবহার করেছেন নূতন নিয়মের বিশ্বাসীদের একটি প্রণোদনা হিসাবে?
১২. কেন পৌল বিশ্বাসদের সাথে যুক্ত এমন ভয়ানক পাপের তালিকা করেছেন?
১৩. কিভাবে একজন “প্রভু যীশু খ্রীষ্টকে পরিধান করবে?”

রোমীয় ১৪

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
তোমার ভ্রাতার বিচার করিও না	স্বাধীনতার ব্যবস্থা	ভালবাসা অন্যের নীতিকে শ্রদ্ধা করে	অন্যের বিচার করিও না	বিবেকবানদের প্রতি মঞ্জল কর
১৪:১-১২	১৪:১-১৩	১৪:১-৪ ১৪:৫-৬ ১৪:৭-৯ ১৪:১০:১২	১৪:১-৪ ১৪:৫-১২	১৪:১-১২
তোমার ভাইকে ভুল পথে	ভালবাসা ব্যবস্থা		অন্যদের পতনের কারণ হয়ো না	
১৪:১৩-২৩	১৪:১৪-২৩	১৪:১৩-২৩	১৪:১৩-১৮ ১৪:১৯-২৩	১৪:১৩-২১ (১৪:২২-১৫:৬) ১৪:২২-২৩

পাঠ চক্র তিন (দেখুন পৃষ্ঠা p. viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১-১২ দের প্রাসঙ্গিক অন্তর্দৃষ্টি

- ক. এই অধ্যায়টি চেষ্টা করে খ্রীষ্টিয়ান স্বাধীনতা এবং দায়িত্বের প্রচলিত মতের বিরুদ্ধ মতের ভারসাম্য করতে। সাহিত্যের এককটি চলছে ১৫:১৩ পদের মধ্যে দিয়ে।

খ. সমস্যা যেটি এই অধ্যায়কে ত্বরান্বিত করেছিল রোমের মন্ডলীতে অযিহুদী ও যিহুদী বিশ্বাসীদের মধ্যকার উত্তেজনা (বা সম্ভবত পৌলের করিঙ্থের বর্তমান অভিজ্ঞতা)। ধর্মান্তরের আগে যিহুদীদের প্রবণতা ছিল ব্যবস্থা পালনকারী এবং পৌত্তলিকরা অনৈতিক হতে। মনে রাখতে হবে এই অধ্যায় যীশুর খাঁটি অনুসারীদেরকে উদ্দেশ্য করে বলা। এই অধ্যায় ইন্দ্রিয় পরায়ণ বিশ্বাসীদের উদ্দেশ্য করে নয় (১ করি ৩:১)। সর্বোচ্চ উদ্দেশ্য হল এই দুই দলের প্রতি আরোপ করা। দুই দিকেই চরমপন্থার বিপদ রয়েছে। এই আলোচনা ভদ্র উপায়ে ব্যবস্থার ছিদ্র অন্বেষণের জন্য একটি অনুমতিপত্র নয় বা উদারনীতির ভড়ং দেখানো নয়।

মনে রাখুন পৌল রোমীয় পুস্তক লিখেছেন করিঙ্থ থেকে। সমস্যা সেখানে ছিল দলাদলি, কিন্তু এখানে ছিল ভিন্ন ধরণের বিশ্বাসীরা।

গ. বিশ্বাসীদের অবশ্যই সাবধান হতে হবে যেন তাদের ধর্মতত্ত্ব বা নীতিশাস্ত্র অন্য সকল বিশ্বাসীদের জন্য মানদণ্ড না হয় (২ করি ১০:১২)। সকল বিশ্বাসীদের অবশ্যই তারা যে আলো পেয়েছে তাতেই চলতে হবে কিন্তু তাদের বুঝতে হবে যে তাদের ধর্মতত্ত্ব স্বয়ংক্রিয় ভাবে ঈশ্বরের ধর্মতত্ত্ব নয়। সকল বিশ্বাসীরা এখনও পাপে আক্রান্ত হয়। আমাদের অবশ্যই উৎসাহ, পরামর্শ এবং পরস্পরকে শিক্ষা দিতে হবে বাইবেল, যুক্তি এবং অভিজ্ঞতা থেকে, কিন্তু অবশ্যই ভালবাসায়। একজন যতই জানে ততই সে জানে যে সে জানে না (১ করি ১৩:১২)।

ঘ. একজনের মনোভাব এবং উদ্দেশ্য ঈশ্বরের সামনে হল অন্য বিশ্বাসীদের কাজের মূল্যায়নের আসল চাবিকাঠি। খ্রীষ্টিয়ানেরা পরস্পরের সাথে কি রকম আচরণ করেছে সেজন্য খ্রীষ্টের সামনে দাঁড়াতে হবার জন্য (১০, ১২ পদ ও ২ করি ৫:১০)।

ঙ. মার্টিন লুথার বলেছেন, “একজন খ্রীষ্টিয়ান মানুষ হল সবকিছুর একটি স্বাধীন প্রভু, কারো কাছে বশীভূত নয়; খ্রীষ্টিয়ান মানুষ হল সকলের একজন সর্বোচ্চ দায়িত্বসম্পন্ন সেবক, সকলের কাছে বশীভূত।” বাইবেলের সত্য প্রায়ই উপস্থাপিত হয় একটি উত্তেজনা-পূর্ণ স্ববিরোধিতা।

চ. এই কঠিন কিন্তু গুরুতর বিষয় আলোচনা করা হয়েছে রোমীয় ১৪:১-১৫:১৩ পদের সম্পূর্ণ সাহিত্যের এককে এবং এছাড়াও ১ করিঙ্থীয় ৮-১০ ও কলসীয় ২:৮-২৩ পদে। আমার জন্য একটি সাহায্যকারী বই এই ক্ষেত্রে Gordon Fee and Douglas Stuart, *How To Read the Bible For All Its Worth*, pp 75-86.

Q. যাহোক, এটা বলা প্রয়োজন যে কিছু খাঁটি বিশ্বাসীদের মধ্যে বহুতত্ত্ব একটি খারাপ বিষয় নয়। প্রত্যেক বিশ্বাসীর সবলতা এবং দুর্বলতা আছে। প্রত্যেকে অবশ্যই সে যে আলো আছে তাতে চলতে হবে, সব সময় আরও আলোর জন্য আত্মা ও বাইবেলের প্রতি উন্মুক্ত থাকতে হবে। এই কাচের অন্ধকারের মধ্য দিয়ে দেখবার সময় (১ করি ১৩:৮-১৩) একজনকে অবশ্যই চলতে হবে ভালবাসায় (১৫ পদ) এবং শান্তিতে ১৭, ১৯ পদ) সম্মিলিতভাবে নৈতিক উন্নতি সাধনের জন্য।

জ. “সবল” ও “দুর্বল” শিরোনাম যেটি পৌল দিয়েছেন এই দলগুলির তারা আমাদের কাছে সংকীর্ণমনা। এটি নিশ্চিতভাবে পৌলের উদ্দেশ্য ছিল না। উভয় দলই ছিল খাঁটি বিশ্বাসীদের। আমরা যেন চেষ্টা না করি অন্য খ্রীষ্টিয়ানদের আমাদের মত করে গড়ে নিতে! আমরা যেন পরস্পরকে খ্রীষ্টে গ্রহণ করি!

ঝ. সম্পূর্ণ বিতর্কের রূপরেখা হতে পারে এরকম

১. পরস্পরকে গ্রহণ করা কারণ খ্রীষ্টের মধ্য দিয়ে ঈশ্বর আমাদেরকে গ্রহণ করেছেন (১৪:১, ৩; ১৫: ৭);
২. পরস্পরের বিচার না করা কারণ খ্রীষ্ট হলেন আমাদের একমাত্র প্রভু ও বিচারক (১৪:৩-১২);
৩. ব্যক্তিগত স্বাধীনতা থেকে ভালোবাসা অনেক গুরুত্বপূর্ণ (১৪:১৩-২৩);
৪. খ্রীষ্টের উদাহরণ অনুসরণ করা এবং অন্যের নৈতিক উন্নয়ন ও মঙ্গলের জন্য নিজের অধিকার ছেড়ে দেওয়া (১৫:১-১৩)।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১৪:১-৪

^১ বিশ্বাসে যে দুর্বল তাকে এখন গ্রহণ কর, কিন্তু তর্ক বিতর্ক সম্বন্ধে বিচারের উদ্দেশ্যে নয়। ^২ একজনের বিশ্বাস আছে যে সব রকমের জিনিসই খেতে পারে, কিন্তু যে দুর্বল সে কেবল শাক খায়। ^৩ যে যা খায় সে এমন লোককে তুচ্ছ না করুক যে তা খায় না, এবং যে যা খায় না সে এমন লোকের বিচার না করুক যে তা খায়, কারণ ঈশ্বর তাকে গ্রহণ করেছেন। ^৪ তুমি কে যে অপরের দাসের বিচার কর? তার নিজের প্রভুর কাছেই সে স্থির থাকে নয় তো পতিত হয়; এবং সে দাঁড়িয়ে থাকবে, কারণ প্রভু তাকে স্থির রাখতে সমর্থ। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:১

NASB “এখন গ্রহণ কর”

NKJV “গ্রহণ কর”

NRSV, TEV “স্বাগত”

NJB “স্বাগত জানাও”

এটি একটি PRESENT MIDDLE IMPERATIVE (১৫:১)। এটি চলমান আদেশ বিষয়ের উপরে গুরুত্ব দানের সাথে। সর্বনাম “তুমি” একটি গ্রীক ক্রিয়াপদ, কিন্তু ইংরাজীতে ইঙ্গিত দেয় এবং উল্লেখ করে “সবল” খ্রীষ্টিয়ানদের (১৫:১)। এটি বোঝায় রোমীয় মন্ডলীর ভিতরে দুইটি দল। এটি সম্পর্কিত হতে পারে (১) যিহুদী এবং অযিহুদী বিশ্বাসীদের মধ্যকার উত্তেজনা (১৫:৭-২১) অথবা (২) ভিন্ন ব্যক্তিত্বের ধরণ। এই সম্পূর্ণ প্রসঙ্গটি

আলোচনা করছে সত্য, খাঁটি বিশ্বাসীদের বিষয়ে; কিছু সবল, কিছু দুর্বল তাদের বিশ্বাসে। বিশ্বাস এখানে ব্যবহার করা হয়েছে সুসমাচার বুঝতে পারা এবং এর ব্যাপক নতুন ও স্বাধীনভাবে প্রয়োগ।



NASB, NKJV “বিশ্বাসে যে দুর্বল”

NRSV, TEV “যারা বিশ্বাসে দুর্বল”

NJB “যদি কোন ব্যক্তির বিশ্বাস ততটা সবল না হয়”

এই শব্দগুচ্ছটি সম্মুখে অবস্থান দ্বারা গুরুত্ব দেয় (অর্থাৎ, গ্রীক লেখনীতে প্রথমে বসে)। আক্ষরিক ভাবে এটি হল “বিশ্বাসে দুর্বল”। এই বর্তমান কাল দৃষ্টি দেয় সত্যের উপর যে এটি হল জীবনধারার একটি বৈশিষ্ট্য। এটি উল্লেখ করে একটি যুক্তিসঙ্গত মানসিকতা। অতি সতর্ক খ্রীষ্টিয়ান বিশ্বাসীদের এই অধ্যায় বর্ণনা করা হয়েছে তিন ভাবে:

১. খাবারের নিষেধ (১৪:২, ৬, ২১)
২. বিশেষ দিনগুলির উপর জোর দেওয়া (১৪:৫-৬)
৩. মদ্যপান নিষিদ্ধ (১৪:১৭, ২১)

এই একই ধরনের ব্যক্তিকে রোমীয় ১৫:১ এবং ১ করি ৮:৯-১৩; ৯:২২ পদে উল্লেখ করা হয়েছে। নিজেকে খুব তাড়াতাড়ি একজন সবল বা দুর্বল খ্রীষ্টিয়ান হিসাবে শ্রেণীবিন্যাস না করা থেকে সতর্ক হতে হবে। প্রায়ই বিশ্বাসীরা একটি ক্ষেত্রে দুর্বল এবং অন্য ক্ষেত্রে সবল হয়।

পৌলের মনোভাব এই বিষয়ে খুব ভিন্ন ছিল গালা ৪:৯-১০ এবং কল ২:১৬-২৩ পদে। এই লেখনীগুলি প্রতিফলিত করে ভ্রান্ত শিক্ষকদের মনোভাব এবং শিক্ষার। রোমীয় পুস্তকে এরা হল খাঁটি বিশ্বাসী যাদের রয়েছে অতি সতর্ক বিবেক।

অনেক ব্যাখ্যাকারক মনে করেন “বিশ্বাসে দুর্বল” নির্দেশ করে যিহুদী বিশ্বাসীদের (অর্থাৎ, Judaizers) এবং তাদের অবিরত গুরুত্ব দেওয়া মোশীর ব্যবস্থার বাধ্যতার উপর যেমন রাব্বীদের সংস্কৃতি (অর্থাৎ, Talmud) বোঝা। এটি নিশ্চিতভাবে মিলে যায় প্যারাথ্রাফ এক এর #১ এবং #২ এর সাথে, কিন্তু #৩ এর সঙ্গে মেলে না। এই কারণের জন্য আমি মনে করি একটি সুনির্দিষ্ট ব্যক্তিত্বের ধরণ এই প্রসঙ্গে ভালভাবে মেলে। এটি মনে হয় নির্দেশ করে যিহুদী বা অযিহুদী বিশ্বাসীদের যারা অতীতের ঐতিহ্য শক্তিশালীভাবে ধরে রাখে!

বিশেষ বিষয়: দুর্বলতা

এখানে হল তুলনা। ভ্রান্ত শিক্ষকেরা তাদের আত্ম-প্রশংসা এবং বাগাড়ম্বরপূর্ণ ধারায় গর্ব করে, কিন্তু পৌল জানতেন “দুর্বলতা”-এর (*astheneō*) মূল্য। লক্ষ্য করুন কিভাবে প্রায়ই এই শব্দগুলি (অথবা তাদের বিভিন্ন রূপগুলি) ১ করিছীয় ও ২ করিছীয়তে ব্যবহার করা হয়েছে।

আত্ম-গর্ব	দুর্বলতা
১ করিছীয় ১:২৯, ৩১	১ করিছীয় ১:২৫, ২৭
৩:২১	২:৩
৪:৭	৪:১০
৫:৬	৮:৭, ৯, ১০, ১১, ১২
৯:১৫, ১৬	৯:২২
২ করিছীয় ১:১২, ১৪	১১:৩০
৫:১২ (দুইবার)	১২:২২
৭:৪, ১৪ (দুইবার)	১৫:৪৩
৮:২৪	২ করিছীয় ১০:১০
৯:২, ৩	১১:২১, ২৯, ৩০
১০:৮, ১৩, ১৫, ১৬, ১৭	১২:৫, ৯, ১০ (দুইবার)
১১:১২, ১৬, ১৭, ১৮, ৩০	১৩:৩, ৪ (দুইবার), ৯
১২:১, ৫, ৬, ৯	

পৌল এই দুর্বলতার ধারণা কয়েকটি ভিন্ন উপায়ে ব্যবহার করেছেন।

১. ঈশ্বরের দুর্বলতা, ১ করি ১:২৫
২. জগতের মধ্যে দুর্বলতা, ১ করি ১:১৭
৩. পৌলের দুর্বলতা এবং ভয়, ১ করি ২:৩; ২ করি ১১:২৯, ৩০; ১২:৫
৪. পৌল ও তার প্রচারকদের দল, ১ করি ৪:১০; ২ করি ১১:২১
৫. দুর্বল বিশ্বাসী (রোমীয় ১৪:১-১৫:১৩), ১ করি ৮:৭, ৮, ৯, ১০, ১১, ১২; ৯:২২
৬. শারীরিক দুর্বলতা, ১ করি ১১:৩০
৭. মানুষের শরীরের অংশ, ১ করি ১২:২২
৮. দৈহিক দেহ, ১ করি ১৫:৪৩
৯. পৌলের সশরীরের উপস্থিতি বা তার বাগাড়ম্বরের দক্ষতা, ২ করি ১০:১০
১০. পৌলের দুর্বলতায় ঈশ্বরের সবলতার প্রকাশ, ২ করি ১২:৯, ১০; ১৩:৪, ৯
১১. পৌলের মধ্যে দিয়ে খ্রীষ্টের বার্তা, ২ করি ১৩:৩



NASB “কিন্তু তর্ক বিতর্ক সম্বন্ধে বিচারের উদ্দেশ্য নয়”

NKJV “কিন্তু সন্দেহজনক বিষয়ের বিতর্কে নয়”

NRSV “কিন্তু মতামতের বিষয়ে ঝগড়ার উদ্দেশ্য নয়”

TEV “কিন্তু তাদের ব্যক্তিগত মতামতের সম্বন্ধে তর্ক নয়”

NJB “বিতর্ক ছাড়াই”

বিশ্বাসীদের অবশ্যই অন্য বিশ্বাসীদের পরিপূর্ণ ভাবে গ্রহণ করতে হবে যাদের সাথে তাদের দ্বিমত থাকে তাদের মতের পরিবর্তনের চেষ্টা না করেই! এটি দাবী করে বিবেকের স্বাধীনতা সহভাগিতার মূল হিসাবে, একটি চাপিয়ে দেওয়া সামঞ্জস্যতা নয়। সকল বিশ্বাসীরা প্রক্রিয়াধীন। তাদের আত্মাকে অবশ্যই সময় দিতে হবে কাজ করতে এবং প্রত্যেককে পরিপক্বতায় গড়ে তুলতে, কিন্তু পরিপক্বতায়, তারা পরস্পরের সাথে একমত হবে না।

১৪:২ এই পদে খাদ্যাভাস উল্লেখ করা হয়েছে ধর্মীয় উদ্দেশ্যে, স্বাস্থ্যের জন্য নয়। খাদ্যের এই সমস্যার উৎপত্তি হয়েছে দুইটি সাম্রাজ্য উৎস থেকে (১) যিহূদীদের খাদ্য আইন (লেবীয় ১১) অথবা (২) পৌত্তলিক মূর্তির কাছে উৎসর্গীকৃত মাংস (১ করিন্থীয় ৮-১০)। যীশু পরিষ্কারভাবে শিক্ষা দিয়েছেন যে খাদ্য একজন ব্যক্তিকে খারাপ করে না (মথি ১৫:১০-২০; মার্ক ৭:১৪-২৩)। এই সত্যটি চিত্রায়িত হয়েছে কর্নেলিয়ের বিষয়ে পিতরের দর্শন দ্বারা প্রেরিত ১০ অধ্যায়ে।

১৪:৩ “যে যা খায়, সে এমন লোকের তুচ্ছ না করুক” “অবমাননার সাথে বিবেচনা না করা” হল একটি *ezoutheneō* এর PRESENT ACTIVE IMPERATIVE এর সাথে NEGATIVE PARTICLE যেটি সাধারণত বোঝায় প্রক্রিয়াধীন কোন কাজকে থামানো।

“অবমাননা” হল আক্ষরিক ভাবে “গুরুত্বহীন করা”, “শূন্যতে ধার্য করা” বা “মূল্যহীন হিসাবে গণনা করা” (১৪:১০; লুক ১৮:৯; ১ করি ৬:৪; ১৬:১১; ২ করি ১০:১০; গালা ৪:১৪; ১ থিম ৫:২০)। বিশ্বাসীদের অবশ্যই আত্ম-ধার্মিকতায় প্রসন্নতার বিরুদ্ধে সতর্ক থাকতে হবে। বিশ্বাসে সবল অবশ্যই বিশ্বাসে দুর্বলকে নিন্দা করবে না।

□ “বিচার” এটি একটি PRESENT ACTIVE IMPERATIVE এর সাথে NEGATIVE PARTICLE যেটি বোঝায় প্রক্রিয়াধীন কোন কাজ থামানো। বিশ্বাসে দুর্বলদের অবশ্যই তাদের ভাই/বোনরা যারা তাদের সাথে একমত নয় তাদের কাজের বিষয়ে বিচার করা বন্ধ করতে হবে।

□ “কারণ ঈশ্বর তাকে গ্রহণ করেছেন” এটি একটি AORIST MIDDLE INDICATIVE। এই একই টার্ম অনুবাদ করা হয়েছে “গ্রহণ” ১ পদে। বিশ্বাসীদের পরস্পরকে গ্রহণ করার ভিত্তি হল খ্রীষ্টের মধ্য দিয়ে ঈশ্বর (১৫:৭) যেমন তাদের গ্রহণ করেছেন। ৩ পদের প্রেক্ষাপট সরাসরি বলে অতি সতর্ক, বিশ্বাসে দুর্বল খ্রীষ্টিয়ানদের বিষয়ে।

১৪:৪ “তুমি কে?” এটি হল গ্রীকে জোরালো অভিব্যক্তি, উল্লেখ করে দুর্বল ভ্রাতা-ভগ্নিকে।

□ “দাসের” এই টার্মটি হল *oiketēs*, যেটি রূপান্তরিত হয়েছে *oikos* টার্ম থেকে, যার অর্থ “গৃহ,” সুতরাং, এটি হল গৃহের ক্রীতদাস বা চাকর (লুক ১৬:১৩; প্রেরিত ১০:৭; রোমীয় ১৪:৪; ১ পিতর ২:১৮)। এটি Septuagint -এ (আদি ৯:২৫; ২৭:৩৭; ৪৪:১৬,৩৩; ৫০:১৮) এই অর্থে ব্যবহৃত হয়েছে। এটি নতুন নিয়মে ক্রীতদাস বা চাকরের জন্য প্রধান অর্থে ব্যবহৃত হয়নি, যেটি হল *doulos*; এটা আরো বোঝাতে পারে গ্রহের চাকর বা ক্রীতদাসদের। এখানে পৌলের যুক্তি হল যে প্রত্যেক বিশ্বাসী খ্রীষ্টের একজন ক্রীতদাস/চাকর। তিনি হলেন তাদের “প্রভু” এবং তিনি এবং একমাত্র তিনিই তাদের পরিচালিত করতে এবং তাদের কাজ ও উদ্দেশ্যের জন্য দায়বদ্ধতায় আবদ্ধ রাখবেন (২ করি ৫:১০)।

□ “নিজ প্রভুরই তাহেই সে স্থির থাকে নয় তোপতিত হয়” এই প্রসঙ্গে পৌল উল্লেখ করছেন অতি সতর্কতায়, কিন্তু মন্তব্যটি স্পষ্টভাবে নির্দেশ করছে দুই দলকেই। বিশ্বাসীদেরকে অবশ্যই তাদের নিজেদের চোখ থেকে খড়কুটা বের করতে হবে (মথি ৭:১-১৫)।

□ “এবং সে দাঁড়িয়ে থাকবে, কারণ প্রভু তাকে স্থির রাখতে সমর্থ” এটি ছিল একটি অপূর্ব প্রতিজ্ঞা (৫:১-২; যিহূদা ২৪-২৫ পদ)। এটি আরও অর্ন্তভুক্ত করে প্রত্যেক বিশ্বাসীর সহযোগিতা (১ করি ১৫:১-২)। দেখুন বিশেষ বিষয়: দাঁড়ানো ৫:২ পদে।

গ্রীক পাণ্ডুলিপির ভিন্নতা রয়েছে এই অংশে। The NKJV অনুসরণ করে uncial পাণ্ডুলিপি D, F, G, ০৪৮ ও ০১৫০, যেভাবে Vulgate-এ আছে “ঈশ্বর”(Theos), যাহোক, MSS P⁴⁶, ৪, A, B, C, P -তে আছে “প্রভু” (*kurios*)। UBS⁴ মান নির্ধারণ করেছে “প্রভু” সুনির্দিষ্ট (A) হিসাবে।

NASB (আপডেটেড) টেক্সট: ১৪:৫-৯

^৫ একজন একদিন থেকে অন্যদিন অধিক ভাল বলে বিবেচনা করে, আর একজন সকল দিনকেই সমানভাবে মানে। প্রত্যেকে নিজ নিজ মনে নিশ্চিত হোক। ^৬ দিন যে পালন করে, সে প্রভুর উদ্দেশ্যেই পালন করে, আর যে খায়, সে প্রভুর উদ্দেশ্যেই খায়, কারণ সে ঈশ্বরকে ধন্যবাদ দেয়; আর যে খায় না, সে প্রভুর উদ্দেশ্যেই খায় না, এবং ঈশ্বরকে ধন্যবাদ দেয়। ^৭ কারণ আমাদের মধ্যে কেউই নিজের উদ্দেশ্যে বাঁচে না, এবং কেউই নিজের উদ্দেশ্যে মরে না; ^৮ কারণ যদি আমরা বাঁচি, আমরা প্রভুর উদ্দেশ্যেই বাঁচি, আর যদি মরি, প্রভুর উদ্দেশ্যেই মরি; সেজন্য আমরা বাঁচি বা মরি, আমরা

প্রভুরই।” কারণ এই উদ্দেশ্যে খ্রীষ্ট মরলেন ও আবার জীবিত হলেন, যেন তিনি মৃত ও জীবিত উভয়েরই প্রভু হন। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:৫ “একজন একদিন থেকে অন্যদিন অধিক ভাল বলে বিবেচনা করে” কিছু লোক এখনও ধর্ম সম্বন্ধে খুব পঞ্জিকা সচেতন (অর্থাৎ, সুনির্দিষ্ট দিন বা বাৎসরিক ঘটনা, গালা ৪:১০; কল ২:১৬-১৭)। সকল দিনই ঈশ্বরের কাছে সমান। সেখানে কোন বিশেষ দিন নেই। সেখানে কোন “জাগতিক” বনাম “পবিত্র” নেই। সকলই পবিত্র!

□ “প্রত্যেকে নিজ নিজ মনে নিশ্চিত হোক” এটি হল একটি PRESENT PASSIVE IMPERATIVE। এটি হল এই ক্ষেত্রের শাস্তির চাবি। বিশ্বাসীদের তাদের কাজের জন্য ব্যক্তিগত প্রত্যয় হল অগ্রাধিকার (পদ ২৩), কিন্তু অন্য সকল বিশ্বাসীদের জন্য নয়। ঈশ্বর আমার ধর্মতত্ত্বের বাস্তু বাস করেন না। আমার ধর্মতত্ত্ব ঈশ্বরের প্রয়োজনীয় নয়!

১৪:৭ “প্রভুর উদ্দেশ্যে” এই DATIVE phrase ব্যবহার করা হয়েছে ৬ পদে তিন বার এবং ৮ পদে দুইবার। খাঁটি বিশ্বাসীদের নেওয়া সকল জীবনধারা মনোনীত হবে “প্রভুর উদ্দেশ্যে” হিসেবে (ইফি ৬:৭ এবং কল ৩:২৩), কেবল মাত্র ব্যক্তিগত পছন্দ, সম্প্রদায়গত বা পারিবারিক ঐতিহ্যগত, বা মতামতগত নয়!

১৪:৭ “কারণ আমাদের মধ্যে কেউই নিজের উদ্দেশ্যে বাঁচে না” কোন খ্রীষ্টিয়ান একটি দ্বীপ নয়। খ্রীষ্টিয়ানেরা বাঁচে প্রথম এবং প্রধানত খ্রীষ্টের জন্য (৮ পদ)। বিশ্বাসীদের কাজ অন্যদের প্রভাবিত করে। তারা একটি বড় আত্মিক পরিবারের অংশ। সেজন্য, তাদের অবশ্যই তাদের ভালবাসায় ব্যক্তিগত স্বাধীনতা সীমাবদ্ধ করতে হবে (১ করি ১০:২৪, ২৭-৩৩)। তাদের অবশ্যই অন্যদের সুযোগ দিতে হবে ব্যক্তিগত স্বাধীনতায় বৃদ্ধি পেতে। আইনগত বৈধতা আত্ম-ধার্মিকতার সামঞ্জস্যতার দিকে পরিচালিত করে, যেটি ঈশ্বরের নয়। যীশুর কঠোর কথা এবং অভিযোগগুলি ছিল আত্ম-ধার্মিক ফরীশীদের দিকে।

১৪:৮ “যদি...যদি” এগুলি হল দুইটি THIRD CLASS CONDITIONAL SENTENCES যার অর্থ সম্ভাব্য ভবিষ্যত কাজ। বিশ্বাসীরা সব কিছু দিয়ে যীশুর সেবা করবে এবং প্রতিটি সম্ভাব্য অনিশ্চিত ঘটনায় (ইফি ৬:৭; কল ৩:২৩)!

১৪:৯ “তিনি মৃত ও জীবিত উভয়েরই প্রভু হন” এটি হল এই টার্মগুলির একটি অসাধারণ রীতি। তাদের রীতি হয়তো প্রতিফলিত করে যীশুর মৃত্যু এবং পুনরুত্থান। তিনি এখন সর্বভৌম উভয় রাজ্যের।

এই সত্য গঠন করে ধর্মতত্ত্বগত কারণ যে কেন খ্রীষ্টিয়ানরা অবশ্যই তাদের নিজেদের জন্য বাঁচবে না, কিন্তু অন্য বিশ্বাসীদের জন্যও। তারা আর তাদের নিজেদের নয়; তাদের একটি মূল্য দিয়ে ক্রয় করা হয়েছে। তারা যীশুর দাস, যিনি তাদের পাপের জন্য মরেছিলেন যেন তাদের আর পাপের দাস হয়ে থাকতে না হয়, কিন্তু ঈশ্বরের জন্য (রোমীয় ৬)। বিশ্বাসীদের অনুকরণ করতে হবে যীশুর ভালবাসার দাসরূপী জীবনকে তাদের আত্ম-কেন্দ্রিক কামনা মৃত্যুসাং করে (২ করি ৫:১৪-১৫; গালা ২:২০; ১ যোহন ৩:১৬)।

NASB (আপডেটেড) টেক্সট: ১৪:১০-১২

^{১০} কিন্তু তুমি, কেন তুমি তোমার ভাইয়ের বিচার কর? আবার তুমি, কেনই বা তুমি তোমার ভাইকে তুচ্ছ কর? আমরা সকলেই ত ঈশ্বরের বিচারাসনের সামনে দাঁড়াব।” কারণ লেখা আছে, “প্রভু বলছেন, আমার জীবনের দিব্য, আমার কাছে প্রত্যেক জানু পাতিত হবে, এবং প্রত্যেক জিহ্বা ঈশ্বরের গৌরব স্বীকার করবে।” ^{১২} সুতরাং আমাদের প্রত্যেক জনকে ঈশ্বরের কাছে নিজ নিজ নিকাশ দিতে হবে। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:১০ “কিন্তু তুমি” এটি সামনে বসেছে গুরুত্ব দেবার জন্য।

□ ১০ পদের দুটি প্রশ্ন হল ১-১২ পদের কেন্দ্র-বিন্দু। ৩ পদে দুটি দলকেই নির্দেশ করে আরও তুলনামূলক ভাবে। এক দল “বিচার করে”, অন্য দল বিবেচনা করে “অবমাননার সাথে”। উভয় মনোভাবই “ক্রীতদাসের” জন্য অনুপযুক্ত! তাদের প্রভু, যীশু খ্রীষ্ট, কেবলমাত্র একজন যার অধিকার আছে “সমালোচনা” বা “উপেক্ষা করা”-র। কারণ বিশ্বাসীদের বিচারক হিসাবে কাজ করা (১) অন্যায়াভাবে ঈশ্বরের স্থান অধিকার এবং (২) প্রাথমিক ভাবে এবং অসম্পূর্ণ হবে।

□ “আমরা সকলেই ত ঈশ্বরের বিচারাসনের সামনে দাঁড়াব” এই একই সত্য প্রকাশ করা হয়েছে ২ করি ৫:১০ পদে। বিশ্বাসীরা প্রভুর কাছে বর্ণনা করবে কিভাবে তারা একে অন্যের সাথে ব্যবহার করেছে। যীশু স্বর্গীয় বিচারক হিসাবে দায়িত্ব পালন করবেন (মথি ২৫:৩১-৪৬)।

NKJV -তে আছে “খ্রীষ্টের বিচারাসন।” গ্রীক পান্ডুলিপি যেটি KJV সমর্থন করে তাহল প্রাথমিক সংশোধক প্রাচীন uncial গ্রীক পান্ডুলিপি \aleph^2 , and C^2 এর। *Theos* হল MSS \aleph , B, C, D, F and G -তে। লিপিকারেরা সম্ভবত গ্রীক লেখনীর পরিবর্তন করেছেন নিয়মানুসারে ২ করি ৫:১০ পদের। এটি আরও সম্ভব যে এই লিপিকারেরা এই পদ পরিবর্তন করেছেন খ্রীষ্ট সম্পর্কে প্রাথমিক দৃষ্টিভঙ্গি যাকে বলা হয় “adoptionism” (এই তত্ত্ব বলে যীশু ঈশ্বর আসল পুত্র নন, তিনি তাঁর দত্তক পুত্র) এর বিরোধীতা করতে। বেশ কয়েকটি লেখনীর ভিন্নতা যেটি মনে হয় করা হয়েছিল লেখাকে আরো ঐতিহ্যগত করতে (Ehrman’s *The Orthodox Corruption of Scripture*, published by Oxford University Press, 1993), pp. 90-91। UBS⁴ *Theos* কে একটি “B” মান দেয় (প্রায় নির্দিষ্ট)।

১৪:১১ “কারণ লেখা আছে” এটি হল PERFECT PASSIVE INDICATIVE। এটি ছিল একটি বিশেষায়িত ইব্রীয় বাগধারা যেটি ব্যবহার করা হয়েছে অনুপ্রাণিত পুরাতন নিয়মের উদ্ধৃতিগুলি বর্ণনা করতে। এটি হল একটি ইঙ্গিত যিশা ৪৫:২৩ পদের প্রতি, যেটি আরও উদ্ধৃত করা হয়েছে ফিলি ২:১০-১১ পদে।

□ “আমার জীবনের দিব্য” এটি হল একটি শপথ সূত্র যেটি একটি শব্দের খেলা ঈশ্বরের নিয়মের নাম YHWH নিয়ে, যেটি হল একটি ইব্রীয় ক্রিয়াপদের রূপ “হতে” (যাত্রা ৩:১৪)। তিনি চিরঞ্জীবী, একমাত্র-জীবিত ঈশ্বর। সেজন্য, তিনি নিজের অস্তিত্বের দ্বারা শপথ করেছেন। দেখুন বিশেষ বিষয়: ঈশ্বরের নামসমূহ ৯:২৯ পদে।

১৪:১২ “সুতরাং আমাদের প্রত্যেককে ঈশ্বরের কাছে নিজ নিজ নিকাশ দিতে হবে” খ্রীষ্টিয়ানদের বিচার করা হবে (২ করি ৫:১০), এবং অন্য ভাইয়ের সমালোচনা করা সেই অভিজ্ঞতারই অংশ হবে। কিছু প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি “ঈশ্বরের কাছে” কথাটি বাদ দিয়েছে। এটি স্পষ্টত বোঝা যায় প্রসঙ্গ দ্বারা। এই ভিন্নতা মনে হয় প্রভাবিত হয়েছে ১০ পদের ভিন্নতার দ্বারা। UBS⁴ এটাকে অর্ন্তভুক্তি দিয়েছে (অর্থাৎ, MSS x, A, C, D) একটি “C” মান (সিদ্ধান্ত গ্রহণে অসুবিধা)।

রোমীয় ১৪:১৩-২৩ পদের প্রাসঙ্গিক অর্ন্তদৃষ্টি

- ক. কিভাবে খ্রীষ্টিয়ানেরা একে অন্যের সঙ্গে আচরণ করবে এই বিষয়টি শুরু হয়েছে ১-১২ পদে। এর ভিত্তি হল সত্যের উপরে যে তাদের সব ধরণের খ্রীষ্টিয়ানদেরই সম্পূর্ণভাবে গ্রহণ করতে হবে কারণ খ্রীষ্টি, যিনি তাদের একমাত্র প্রভু ও বিচারক, তিনি সম্পূর্ণ ভাবে দুই দলকে গ্রহণ করেছেন। প্রায়ই আত্মিক বিষয় যেটি একটি দলের কাছে তাৎপর্যপূর্ণ কারণ তাদের অতীত, তাদের ব্যক্তিত্বের ধরণ, তাদের পিতা-মাতা, তাদের ব্যক্তিগত পছন্দসমূহ, তাদের অভিজ্ঞতাসমূহ, ইত্যাদি ঈশ্বরের কাছে তাৎপর্যপূর্ণ নয়।
- খ. খ্রীষ্টিয় স্বাধীনতা ও দায়িত্বের আলোচনার দ্বিতীয় অংশ বিষয়টির উন্নয়ন করে একটি ভিন্ন দৃষ্টিভঙ্গি থেকে। এই পদগুলিতে এটি হল খ্রীষ্টিতে, ঈশ্বরের জন্য বিশ্বাসীদের ভালবাসা, যেটি প্রেরণা যোগায় তাকে সহ-খ্রীষ্টিয়ানদেরকে ভালবাসতে। যেমন যীশু তাঁর নিজের জীবন দিয়েছেন বিশ্বাসীদের জন্য, তাদেরকেও তাদের স্বাধীনতা সমর্পণ করতে হবে তাদের (অর্থাৎ, অন্য বিশ্বাসীদের) জন্য যাদের জন্য তিনি মৃত্যুবরণ করেছেন (২ করি ৫:১৩-১৪; ১ যোহন ৩:১৬)। ভালবাসার উপর এই জোর দেওয়া হল খ্রীষ্টিয় জীবনের মূল প্রেরণা আরও দেখা যায় ১৩:৮-১০ পদে বিশ্বাসীদের অবিশ্বাসীদের সাথে সম্পর্কে।
- গ. সত্য যে এই জগতের সকল বিষয় শুচি কিছু খ্রীষ্টিয়ানদের জন্য তা গ্রহণ করা খুব কঠিন। প্রায়ই বিশ্বাসীরাও পাপের জন্য “জিনিসগুলির” উপরে দোষারপ করে তাদের নিজেদের স্থলে (অর্থাৎ, “মন্দ আত্মার মদ”)। পৌল বার বার বলেছেন যে জিনিসগুলি শুচি (১৪:১৪, ২০; ১ করি. ৬:১২; ১০:২৫-২৬; ১ তীম ৪:৪; তীত ১:১৫)। তার বিবৃতি যীশুর শিক্ষা অনুসরণ করে মার্ক ৭:১৮-২৩ পদ। শুচি ও অশুচি খাদ্য ব্যবহার করা হয়েছে কর্ণিলিয়কে গ্রহণ করার একটি চিত্র হিসাবে পিতরের কাছে প্রেরিতপুস্তক ১০:১৫ পদে।
- ঘ. এই অংশ হল প্রাথমিক ভাবে “সবল ভাইদের” উদ্দেশ্য করে। পৌল এই বিবৃতির অর্ধেক সত্য স্বীকার করেছেন যা হল “সকল বস্তই শুচি”, কিন্তু যোগ করেছেন যে সকল বস্তই গাঁথিয়া তোলে না অথবা ঈশ্বরের পরিবারের নৈতিক উন্নতি সাধন করে না (১ করি ৬:১২; ১০:২৩)। সবল ভাইদের স্বাধীনতা অন্য খ্রীষ্টিয়ানদের সমস্যাস্থ করতে পারে। বিশ্বাসীরা হলেন তাদের সহ-বিশ্বাসীদের রক্ষক, খ্রীষ্টির মধ্য দিয়ে এবং খ্রীষ্টির জন্য।
- ঙ. এটা খুবই চিত্তাকর্ষক যে পৌল মন্তব্য বা ইঙ্গিত দেন নাই যে “দুর্বল ভাই” হল একটি অভ্যন্তরের আত্মিক প্রক্রিয়া যেটি তাদের পরিচালিত করবে একজন “সবল ভাই” হতে। এই পুরো আলোচনা উল্লেখ করছে না অনুগ্রহে বৃদ্ধি পাওয়া, কিন্তু ভালবাসার প্রাধান্যতা খ্রীষ্টিয় উপলব্ধির ভিন্নতার মাঝে। এই দুই দলের একটির মধ্যে বিশ্বাসীদের অর্ন্তভুক্তির অনেকাংশে ভিত্তি ব্যক্তিত্বের ধরণ, ধর্মীয় প্রশিক্ষণ এবং ব্যক্তিগত অভিজ্ঞতা “সঠিক” বা “ভুল”-এর চেয়ে। বিশ্বাসীদের কাজ অন্যদের পরিবর্তন করা নয় কিন্তু অন্য দলকে ভালবাসা ও সম্মান করা। এটি হল হৃদয়ের একটি বিষয়, মনের নয়। ঈশ্বর ভালবাসেন, গ্রহণ করেন এবং তাঁর নিজের পুত্রকে সকল মানবজাতির জন্য দিয়েছেন, উভয় দলেরই জন্য।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১৪:১৩-২৩

^{১৩} সেজন্য আস আমরা পরস্পরকে কেউ কারও বিচার আর না করি, বরং এই সিদ্ধান্ত গ্রহণ করি-ভাইয়ের পথে ব্যাঘাতজনক বা বিঘ্নজনক কিছু না রাখবার। ^{১৪} আমি জানি এবং প্রভু যীশুতে নিশ্চয় বুঝেছি যে কোন বস্তই স্বাভাবিক ভাবে অশুচি নয়; কিন্তু যে যা অপবিত্র মনে করে তাই তার কাছে অশুচি। ^{১৫} কারণ তোমার ভাই যদি তোমার খাবারের জন্য আঘাত পায়, তবে তুমি আর প্রেমের নিয়মে চলছো না। যার জন্য খ্রীষ্টি মরলেন, তোমার খাবার দিয়ে তাকে নষ্ট কোর না। ^{১৬} সেজন্য তোমাদের যা ভাল তা নিন্দার বিষয় না হোক; ^{১৭} কারণ ঈশ্বরের রাজ্য ভোজন পান নয়, কিন্তু ধার্মিকতা ও শান্তি ও পবিত্র আত্মাতে আনন্দ। ^{১৮} কারণ যে এই ভাবে খ্রীষ্টির সেবা করে সে ঈশ্বরের গ্রহণযোগ্য হয় এবং মানুষের কাছেও পরীক্ষাসিদ্ধ হয়। ^{১৯} অতএব যে যে বিষয় শান্তিজনক ও যে যে বিষয়ের দ্বারা পরস্পরকে গেথে তুলতে পারি, আমরা সেই সকলের পশ্চাৎগামী হই। ^{২০} খাবারের জন্য ঈশ্বরের কাজ ভেঙ্গে ফেল না। সকল জিনিস অবশ্যই শুচি, কিন্তু সেই লোকের জন্য তা মন্দ যা ভোজন করলে ব্যাঘাত জন্মে। ^{২১} এটা ভাল মাংস বা মদ না খাওয়া, অথবা এমন কিছু কাজ যাতে তোমার ভাই ব্যাঘাত কি বিঘ্ন পায়। ^{২২} তোমার যে বিশ্বাস আছে, তা নিজের কাছে ঈশ্বরের সম্মুখে রাখ। ধন্য সেই লোক যে যা গ্রাহ্য করে তাতে নিজের বিচার না করে। ^{২৩} কিন্তু যার সন্দেহ আছে সে যদি খায়, আর যদি তার খাওয়া বিশ্বাস থেকে না হয়; তবে যা কিছু বিশ্বাস থেকে হয় না তা পাপ। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:১৩ “আস, আমরা পরস্পর কেউ কারও বিচার আর না করি” এটি হল একটি PRESENT ACTIVE SUBJUNCTIVE এর সাথে NEGATIVE PARTICLE যেটি বোঝায় ইতিমধ্যে প্রক্রিয়াধীন কোন কাজকে থামানো। এটি কোন সাবধানবাণী নয় কিন্তু একটি নিষেধাজ্ঞা। এটি ১৬ পদের মত একই রকম। “বিচারক” টার্মটি ইতিমধ্যে ৫ বার ব্যবহার করেছেন পৌল ১-১২ পদে এবং আরও চার বার ১৩-২৩ পদে।

বিশেষ বিষয়: খ্রীষ্টিয়ানদের একে অন্যের কি বিচার করা উচিত?

এই বিষয়টি আলোচনা করা উচিত দুটি উপায়ে।

১. বিশ্বাসীদের সাবধান করা হয়েছে একে অন্যকে বিচার না করার জন্য (মথি ৭:১-৫; লুক ৬:৩৭,৪২; রোমীয় ২:১-১১; যাকোব ৪:১১-১২)।
 ২. বিশ্বাসীদের সাবধান করা হয়েছে নেতাদের মূল্যায়ন করার (মথি ৭:৬,১৫-১৬; ১ করি ১৪:২৯; ১ থিম ৫:২১; ১ তীম ৩:১-১৩; এবং ১ যোহন ৪:১-৬)
- সঠিক মূল্যায়নের জন্য কিছু মানদণ্ড মনে হয় সাহায্যকারী।
১. মূল্যায়ন অবশ্যই হবে স্বীকৃতি উদ্দেশ্যে (১ যোহন ৪:১ – “পরীক্ষা” অনুমোদনের দৃষ্টিভঙ্গি নিয়ে করা হয়)
 ২. মূল্যায়ন অবশ্যই করতে হবে নম্রতায় এবং শান্তিভাবে (গালা ৬:১)
 ৩. মূল্যায়ন অবশ্যই ব্যক্তিগত পছন্দের বিষয়ের উপর দৃষ্টি দেবে না (রোমীয় ১৪:১-২৩; ১ করি ৮:১-১৩; ১০:২৩-৩৩)
 ৪. মূল্যায়ন অবশ্যই চিহ্নিত করে সেই নেতাদের যাদের মন্ডলীতে বা সমাজের ভিতরে “সমালোচনার জন্য কোন নিয়ন্ত্রণ নেই” (১ তীমথিয় ৩)।

□ “বরং এই সিদ্ধান্ত গ্রহণ করি-ভাইয়ের পথে ব্যাঘাতজনক বা বিঘ্নজনক কিছু না রাখবার” এটি হল একটি PRESENT ACTIVE INFINITIVE এর সাথে NEGATIVE PARTICLE যেটি বোঝায় ইতিমধ্যে চলছে এমন কোন কাজকে থামানো। একই সত্য ২১ পদে এবং ১ করি ৮:৯ পদে বলা হয়েছে।

“বাধা” টার্মটি নির্দেশ করে রাস্তার কোন কিছু যার কারণে কোন কিছু উছোট খায়। “প্রতিবন্ধক” টার্মটি আক্ষরিক ভাবে নির্দেশ করে একটি টোপ দেওয়া পশুর ফাঁদ শুরুর কৌশল।

খ্রীষ্টিয়ান ধর্মের একটি যৌথ দৃষ্টিভঙ্গি আছে। আমরা আমাদের সহ-বিশ্বাসীদের রক্ষক, উৎসাহদাতা এবং বন্ধু। বিশ্বাস হল পরিবার!

১৪:১৪

NASB “আমি জানি এবং প্রভু যীশুতে নিশ্চয় বুঝেছি”

NKJV “আমি জানি এবং প্রভু যীশু দ্বারা নিশ্চয় বুঝেছি”

NRSV “আমি জানি এবং প্রভু যীশুর অনুধাবন করছি”

TEV “প্রভু যীশুর সাথে সহভাগিতা আমাকে নিশ্চিত করেছে”

NJB “এখন আমি নিশ্চয় বুঝেছি, অবশ্যই, আমি প্রভু যীশুর পক্ষে কথা বলছি”

এটি হল *oida* একটি PERFECT ACTIVE রূপ, যেটি ব্যবহার করা হয়েছে PRESENT TENSE এর সাথে একটি PERFECT PASSIVE INDICATIVE অর্থে। আক্ষরিক ভাবে এর অর্থ হল “আমি অবিরত জানছি এবং জেনেছি এবং অবিরত নিশ্চিত হয়েছি।” এটি হল ৫-এ এবং ২২-২৩ পদের সত্যর একটি সারাংশ। বিশ্বাসীদের আত্মিক বিষয়ের উপলব্ধি আসে পবিত্র আত্মার মাধ্যমে তাদের যীশুর সাথে সম্পর্কের মাধ্যমে। তাদের অবশ্যই তাদের যে আলো আছে তাতেই জীবন যাপন করতে হবে।

□ “কোন বস্তুই স্বাভাবিক ভাবে অশুচি নয়” এই এই সত্য চিত্রায়িত হয়েছে প্রেরিত ১০:৯-১৬ পদে। বস্তুগুলি মন্দ নয়, মানুষ মন্দ। সৃষ্টির কোন কিছুই ভিতরে মন্দ নেই এবং নিজেও নয় (২০ পদ; মার্ক ৭:১৮-২৩; ১ করি ১০:২৫-২৬; ১ তীম ৪:৪ এবং তীত ১:১৫)!

□ “যে যা অশুচি মনে করে, তাই তার পক্ষে অশুচি” এর অর্থ ধর্মীয় অর্থে অশুচি। বিশ্বাসীদের অবশ্যই তাদের কাজগুলি তাদের বিবেকের দ্বারা মূল্যায়িত হবে (৫ পদ, ২২-২৩ পদ)। এমনকি যদি তাদের কোন একটি বিষয় বা কাজ সম্পর্কে অজানা থাকে, তাহলেও অবশ্যই ঈশ্বরের যে আলো তাদের আছে তাতেই চলতে হবে। তারা, এছাড়াও, অবশ্যই তাদের আলো দ্বারা অন্য বিশ্বাসীদের বিচার করবে না, বিশেষভাবে অস্পষ্টতার ক্ষেত্রে (১৪:১, ৩, ৪, ১০, ১৩)।

১৪:১৫ “কারণ তোমার ভাই যদি তোমার খাবারের জন্য আঘাত পায়” এটি হল একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE যেটি সত্য অনুমান করে লেখকের দৃষ্টিভঙ্গি বা তার সাহিত্যের উদ্দেশ্য থেকে। ভালবাসা, অধিকার নয়; দায়িত্ব, স্বাধীনতা আমাদের জীবনধারা নির্ধারণ করে না।

এটি হয়তো সম্পর্কযুক্ত (১) যিহূদী খাদ্য আইন (লেবীয় ১১) অথবা (২) দেবতাদের প্রতি উৎসর্গ করা মাংস (১ করি ৮-১০) বিষয়ে। ২০ পদ এই সত্য স্পষ্টভাবে প্রকাশ করেছে।

□ “তবে তুমি আর প্রেমের নিয়মে চলছো না” একে প্রায়ই বলা হয় “স্বাধীনতার আইন” (যাকোব ১:২৫; ৩:১২), “রাজকীয় আইন” (যাকোব ২:৮), বা “খ্রীষ্টের আইন” (গালা ৬:২)। এখানে নূতন নিয়মের দায়িত্বাবলী এবং নীতিমালা আছে!

□

NASB, NKJV “যার জন্য খ্রীষ্ট মরলেন, তোমার খাবার দিয়ে তাকে নষ্ট কোর না”

NRSV “যার জন্য খ্রীষ্ট মরলেন তোমার খাবার তা নষ্টের কারণ না হোক”
TEV “যার জন্য খ্রীষ্ট মরলেন তোমার খাবার দিয়ে তাকে নষ্ট কোর না”
NJB “তোমার যা ইচ্ছা তা খাবার স্বাধীনতা নেই যদি তা কারও নষ্টের কারণ হয় যার জন্য খ্রীষ্ট মরলেন”

এটি হল একটি PRESENT IMPERATIVE এর সাথে NEGATIVE PARTICLE যেটি সাধারণত বোঝায় ইতিমধ্যে প্রক্রিয়াধীন কোন কাজকে থামানো। এটি খুব সবল একটি শব্দগুচ্ছ। কোন কোন খ্রীষ্টিয়ানদের উচিত নয় তাদের স্বাধীনতা যেন অন্য খ্রীষ্টিয়ানদের ধ্বংসের কারণ হয়! এটি উল্লেখ করে না পরিত্রাণ হারিয়ে ফেলা, কিন্তু শান্তি, নিশ্চয়তা এবং কার্যকারী পরিচর্যা হারানো। দেখুন F. F. Bruce, *Answers To Questions*, pp. 88-89।

“ধ্বংস” টার্মটি হল গ্রীক শব্দ *lupeō* যার অর্থ হল “বিষাদ, দুঃখ বা ব্যাখার কারণ হওয়া” (LXX এ একই)। পৌল এই শব্দটি বেশীরভাগ ব্যবহার করেছেন ২ করিন্থীয়তে (২:২, ৪, ৫; ৬:১০; ৭:৮, ৯, ১১)। ধ্বংস হল কঠিন একটি অনুবাদ। এটি নির্দেশ করে না পরিত্রাণ হারানো, কিন্তু পবিত্র আত্মার দণ্ডদেশ একজনের ব্যক্তিগত দণ্ডাজ্ঞা ভাঙ্গার উপরে। যদি বিশ্বাসীদের কাজগুলি বিশ্বাস থেকে উৎসারিত না হয় তবে সেগুলি পাপ (২৩ পদ)।

১৪:১৬

NASB “অতএব তোমাদের যা ভাল তা নিন্দার বিষয় না হোক”

NKJV, NRSV “তোমাদের যা ভাল তা নিন্দার বিষয় না হোক”

TEV “তোমার বিবেচনায় যা ভাল তার দুর্নাম কোর না”

NJB “তুমি তোমার সুবিধার সাথে আপোষ করবে না”

এটি হল একটি PRESENT PASSIVE IMPERATIVE এর সাথে NEGATIVE PARTICLE যার অর্থ ইতিমধ্যে প্রক্রিয়াধীন কোন কাজকে থামানো। স্বাধীনতা খু সহজে একটি অনুমতিপত্র হয়ে যেতে পারে!

এই পদে “ভাল বস্তু” নির্দেশ করে সবল বিশ্বাসীদের কাজগুলি। যদি একজন সবল খ্রীষ্টিয়ান তার স্বাধীনতায় এই ভাবে কাজ করে যে দুর্বল বিশ্বাসীরা নেতিবাচকভাবে প্রভাবিত এবং আত্মিকভাবে ক্ষতিগ্রস্ত হয়, তবে এই “ভাল বস্তু” মন্দ লোকের জন্য একটি সুযোগ হয়ে ওঠে! এই পদ মনে হয় দৃষ্টি ভঙ্গি পরিবর্তন করে কিভাবে খ্রীষ্টিয়ানরা একে অন্যের সাথে ব্যবহার করবে সম্ভবত অবিশ্বাসীদের জন্য একটি চিন্তা থেকে (১৮ পদ)। এই ক্রিয়াপদের রূপ এই শব্দ “ধর্মনিন্দা” (বলা) যেটি সাধারণত ব্যবহার করা হয় অবিশ্বাসীদের।

১৪:১৭ “ঈশ্বরের রাজ্য” এটি হল এই শব্দগুচ্ছের রোমীয় পুস্তকে একমাত্র ব্যবহার। এটি যীশুর নিয়মিত বিষয়। এটি হল এখানে একটি বাস্তব এবং এখন সেই সাথে একটি ভবিষ্যত পরিসমাপ্তি (মথি ৬:১০)।

খ্রীষ্টের দেহের সম্মিলিত জীবন হল অনেক মূল্যবান ব্যক্তিগত স্বাধীনতার অনুশীলন থেকেও! দেখুন পরবর্তিতে বিশেষ বিষয়।

বিশেষ বিষয়: ঈশ্বরের রাজ্য

পুরাতন নিয়মে YHWH -কে মনে করা হত ইস্রায়েলের রাজা হিসাবে (১ শমূ ৮:৭; গীত ১০:১৬; ২৪:৭-৯; ২৯:১০; ৪৪:৪; ৮৯:১৮; ৯৫:৩; যিশা ৪৩:১৫; ৪৪:৪, ৬) এবং মশীহকে আদর্শ রাজা হিসাবে (গীত ২:৬; যিশা ৯:৬-৭; ১১:১-৫)। বেথলেহেমে যীশুর জন্মের সাথে সাথে (৬-৪ খ্রী. পূ.) ঈশ্বরের রাজ্য ভেঙ্গে মানব ইতিহাসে ঢোকে নতুন ক্ষমতা এবং পুনরুদ্ধার নিয়ে (নতুন নিয়ম, যির ৩১:৩১-৩৪, যিহি ৩৬:২৭-৩৬)। বাস্তবতায় যোহন ঘোষণা করেছেন স্বর্গরাজ্য নিকটবর্তী (মথি ৩:২; মার্ক ১:১৫)। যীশু পরিষ্কারভাবে শিক্ষা দিয়েছেন যে তাঁর মধ্যে এবং তাঁর শিক্ষার মধ্যে স্বর্গরাজ্য উপস্থিত রয়েছে (মার্ক ৪:১৭, ২৩, ৯:৩৫; ১০:৭; ১১:১১-১২; ১২:২৮; ১৬:১৯; মার্ক ১২:৩৪; লূক ১০:৯,১১; ১১:২০; ১২:৩১-৩২; ১৬:১৬; ১৭:২১)। তথাপি স্বর্গরাজ্য বা ঈশ্বরের রাজ্য হল ভবিষ্যত (মথি ১৬:২৮; ২৪:১৪; ২৬:২৯; মার্ক ৯:১; লূক ২১:৩১; ২২:১৬, ১৮)।

সিনোপটিক সমান্তরালে মথি এবং মার্ক আমরা এই শব্দগুচ্ছ পাই, “ঈশ্বরের রাজ্য।” যীশুর শিক্ষার এই সাধারণ বিষয়টি অর্ন্তভুক্ত মানুষের হৃদয়ে ঈশ্বরের বর্তমান রাজত্ব, যেটি একদিন পূর্ণতা পাবে সম্পূর্ণ পৃথিবীর উপর। এটি প্রতিফলিত হয়েছে মথি ৬:১০ পদে যীশুর প্রার্থনায়। মথি, লিখেছেন যিহুদীদের জন্য, পছন্দ করেছেন শব্দগুচ্ছটি যেখানে ঈশ্বরের নাম ব্যবহার করেন নাই (স্বর্গ রাজ্য), যখন মার্ক এবং লূক, পরজাতীয়দের জন্য লিখেছেন, ব্যবহার করেছেন সাধারণ পদ মর্যাদা, ঈশ্বরের নামের ব্যবহার।

এটি হল এই ধরনের একটি মূল শব্দগুচ্ছ সিনোপটিক সুসমাচারে। যীশুর প্রথম এবং শেষ বক্তৃতা, এবং তাঁর বেশীর ভাগ দৃষ্টান্তে, এই বিষয়টি আলোচনা করা হয়েছে। এটি নির্দেশ করে মানুষের হৃদয়ে ঈশ্বরের রাজত্ব! এটা বিস্ময়কর যে যোহন এই শব্দগুচ্ছটি ব্যবহার করেছেন মাত্র দুবার (এবং যীশুর দৃষ্টান্তে কখনো নয়)। যোহনের সুসমাচারে “অনন্ত জীবন” হল একটি প্রধান রূপক।

যীশুর দুইবার আগমনের দ্বারা এই শব্দগুচ্ছের উত্তেজনা ঘটে। পুরাতন নিয়ম দৃষ্টি নিবদ্ধ করেছে শুধু মাত্র ঈশ্বরের মশীহর শুধুমাত্র একবার-একটি সামরিক, বিচার বিষয়ক, গৌরবময় আগমন- কিন্তু নতুন নিয়ম দেখায় যে তিনি প্রথমবার এসেছেন কষ্টভোগী সেবক হিসাবে যিশাইয় ৫৩ এবং নম্ রাজা হিসাবে সখ. ৯:৯ পদে। দুইটি যিহুদী যুগ, দৃষ্টতার যুগ এবং ধার্মিকতার নতুন যুগ, একটি আর একটি উপরে চেপে ধরেছে। যীশু বর্তমানে বিশ্বাসীদের হৃদয়ে রাজত্ব করেন, কিন্তু একদিন সকল সৃষ্টির উপর রাজত্ব করবেন। তিনি আসবেন সেইভাবে যেভাবে পুরাতন নিয়ম পূর্বাভাস দিয়েছে! বিশ্বাসীরা বাস করছে “ইতিমধ্যে” বনাম “এখনো” ঈশ্বরের রাজ্যের মধ্যে (Gordon D. Fee and Douglas Stuart’s *How to Read The Bible For All Its Worth*, pp. 131-134)।

□ “কিন্তু ধার্মিকতা ও শান্তি ও পবিত্র আত্মাতে আনন্দ” এটি আত্মা যিনি এই সকল গুণাবলী দেন প্রতিটি বিশ্বাসীকে এবং বিশ্বাসী সমাজকে। এগুলি হল ঈশ্বরের পরিবারের বৈশিষ্ট্য, বাহ্যিক ও আভ্যন্তরীণ।

“ধার্মিকতা” শব্দটি ব্যবহার করা হয়েছে পৌলের দ্বারা একটি বিশেষায়িত অর্থে। দেখুন বিশেষ বিষয় ১:১৭ পদে। তার জন্য সাধারণত এটি বর্ণনা করে আরোপিত ধার্মিকতা, একটি বৈধ (forensic) ঘোষণা ঈশ্বরের দ্বারা বিশ্বাসীদের ক্ষমাশীলতা এবং খ্রীষ্টে দাঁড়ানোর (৩:২১-৩১; ৪)। পাপপূর্ণ

মানবজাতি শুধু ধার্মিক হিসেবে গণিত হয় না, তাদের ধার্মিক হতে হয়। এটি উভয় দিক থেকে হল একটি উপহার ও একটি লক্ষ্য, INDICATIVE ও IMPERATIVE, একটি বিশ্বাসের কাজ এবং একটি বিশ্বাসের জীবন! দেখুন বিশেষ বিষয় ৬:৪ পদে।

১৪:১৮ বিশ্বাসীদের তাদের স্বাধীনতা দুর্বল বিশ্বাসীদের জন্য স্ব-ইচ্ছায় সীমিত করা হল খ্রীষ্টের প্রতি একটি সেবা। কোন শক্তিশালী পথ নেই যীশুর জন্য আমাদের ভালবাসা নিশ্চিত করার জন্য যাদের জন্য তিনি মৃত্যুবরণ করেছেন তাদের ভালবাসা, দেখাশুনা, এবং রক্ষা করা ব্যতিরেকে।

□ “মানুষের কাছেও পরীক্ষাসিদ্ধ হয়” এটি হতে পারে চেষ্টা করার একটি উপায় যে খ্রীষ্টিয়ানদের পরস্পরের জন্য ভালবাসা অবিশ্বাসী সমাজের কাছে পরিচর্যার এবং সাক্ষ্য দেবার দরজা হয়তো খুলে দিতে পারে (১৬ পদ, ২ করি ৮:২১; ১ পিতর ২:১২)। কিভাবে বিশ্বাসী সমাজের ভিতরে আমরা একে অন্যের সাথে আচরণ করি তাহল একটি শক্তিশালী সাক্ষ্য, হয়তো ইতিবাচক বা নেতিবাচক ভাবে।

১৪:১৯ “আমরা সেই সকলের পশ্চাৎগামী হই” এই টার্ম *diōkō*, একটি পুরাতন নিয়মের বাগাধারা সেপ্টুয়াজিন্টে সাধারণ এবং এছাড়াও সাধারণ পৌলের লেখনীতে, অর্থ “সাপ্রহে অনুসরণ করা” বা “অর্জন করতে আন্তরিকভাবে চেষ্টা করা।” পৌল এই শব্দ ব্যবহার করেছেন রোমীয় ৯:৩০, ৩১; ১২:১৩ পদে; এবং এখানে “অনেষণ করা” অর্থে, কিন্তু ১২:১৪ পদে তাদের জন্য যারা বিশ্বাসীদের অত্যাচার করতো (১ করি ৪:১২; এমনকি নিজেকে, ১৫:৯; ২ করি ৪:৯; গালা ১:১৩, ২৩; ফিলি ৩:৬)।

এটি হল হয় একটি PRESENT ACTIVE INDICATIVE (MSS α , A, B, F, G, L & P) না হয় একটি PRESENT ACTIVE SUBJUNCTIVE (MSS C, D) ব্যবহৃত হয়েছে একটি IMPERATIVE অর্থে। UBS⁴ তার লেখায় SUBJUNCTIVE বসায়, কিন্তু দেয় একটি “D” মান (মহা বিবেচনায়)

লক্ষ্য করুন যে বিষয়গুলি খ্রীষ্টিয়ানদের অন্বেষণ করা উচিত।

১. অতিথিসেবা, ১২:১৩ পদ
২. যে বিষয়গুলো শান্তির জন্য এবং পরস্পরকে গোঁথে তোলার জন্য, ১৪:১৯ পদ
৩. ভালবাসা, ১ করি ১৪:১ পদ
৪. খ্রীষ্ট সাদৃশ্যতা, ফিলি ৩:১২, ১৪ পদ
৫. পরস্পরে জন্য এবং সকল মানুষের জন্য যেটা মঙ্গল জনক, ১ থিম ৫:১৫ পদ
৬. ধার্মিকতা, ন্যায়পরায়ণতা, বিশ্বাস, ভালবাসা, ধৈর্য, এবং মহানুভবতা, ১ তীম ৬:১১ পদ
৭. ধার্মিকতা, বিশ্বাস, ভালবাসা এবং শান্তি, তাদের সাথে যারা প্রভুকে খাঁটি হৃদয় দিয়ে আহ্বান করেন, ২ তীম ২:২২ পদ।

□ “অতএব যে যে বিষয় শান্তিজনক ও যে যে বিষয়ের দ্বারা পরস্পরকে গেথে তুলতে পারি” সকল বিষয়ের মধ্যে এটিই বিশ্বাসীদের লক্ষ্য হওয়া উচিত (গীত ৩৪:১৪; ইব্রীয় ১২:১৪)। একজনের ব্যক্তিগত স্বাধীনতা এবং ধর্মতত্ত্বগত জ্ঞান অবশ্যই পরিচালিত করবে মণ্ডলীর স্থায়ীত্ব এবং বৃদ্ধির প্রতি (১৫:২; ১ করি ৬:১২; ১৪:২৬; ইফি ৪:১২)। দেখুন বিশেষ বিষয়: গড়ে তোলা ১৫:২ পদে।

১৪:২০ “ঈশ্বরের কাজ ভেঙ্গে ফেল না” এটি হল একটি PRESENT ACTIVE IMPERATIVE এর সাথে NEGATIVE PARTICLE, যেটি সাধারণত বোঝায় একটি প্রক্রিয়াধীন কাজ থামানো। এটি হল একটি সবল COMPOUND VERB (*kata + luō*)। এটি ব্যবহৃত হয়েছে শুধুমাত্র তিন বার পৌলের লেখায় (২ করি ৫:১ মৃত্যুর জন্য এবং গালা ২:১৮ ধ্বংস অর্থে)। এখানে ১৯ পদের গোঁথে তোলা এবং এই শব্দের মধ্যে একটি কৌশল রয়েছে, যার আক্ষরিক অর্থ “ভেঙ্গে ফেলা। উভয়ই রূপক গঠন করে।

“ঈশ্বরের কাজ” এই প্রসঙ্গে কি? এটি পরিপক্বতা নির্দেশ করে না, কিন্তু আত্মার কার্যক্রম দুর্বল বিশ্বাসীর জীবনে। এই প্রসঙ্গের কোথাও নেই বা ১ করি ১৩:১০ পদে পৌল বলেছেন যে এক দলের উচিত অন্য দলকে সাহায্য করা নিশ্চিত অথবা পরিবর্তনে!

□ “সকল জিনিস অবশ্যই শুচি” দেখুন টীকা ১৪ পদে।

□

NASB “কিন্তু সেই লোকের জন্য তা মন্দ যা ভোজন করলে ব্যাঘাত জন্মে”

NKJV “কিন্তু মানুষের জন্য এটা মন্দ যে ব্যাঘাত জন্মিয়ে তা খায়”

NRSV “কিন্তু এটা তোমার জন্য ঠিক নয় যে তোমার ভোজনে অন্যদের ব্যাঘাত জন্মে”

TEV “কিন্তু সব কিছু ভোজন করা ঠিক নয় যা অন্যদের পাপে পতনের কারণ হয়”

NJB “কিন্তু এটা মন্দ হয় যদি তোমার ভোজন দ্বারা অন্যদের পতন ঘটে”

এই পদ হল এই অধ্যায়ের কেন্দ্রীয় সত্য (১ করি ১০:২৫-২৬; তীত ১:১৫)।

এটি উল্লেখ করে দেবতার উদ্দেশ্যে উৎসর্গীকৃত মাংসের বিষয় (১ করি ৮-১০)। এই মাংস ভাল বা মন্দ নয়, কিন্তু যদি একজন দুর্বল বিশ্বাসী, যিনি মনে করেন এটি উপযুক্ত নয়, যদি অন্য খ্রীষ্টিয়ানকে এটা খেতে দেখেন এবং খান, যেটি নৈতিকভাবে নিরপেক্ষ তা মন্দ হয়ে ওঠে কারণ এটা ঈশ্বরের ইচ্ছার ব্যক্তিগত চেতনাকে অবহেলা করে (২৩ পদ)।

বেশীরভাগ ইংরাজী অনুবাদ এই বাক্যাংশকে সম্পর্ক যুক্ত করে “সবল ভাই” -কে তাদের খাওয়ার দ্বারা, একজন দুর্বল বিশ্বাসী প্রভাবিত হয়েছেন।

New American Bible এর ক্যাথলিক অনুবাদ অন্য বিকল্প দেয় এবং এই বাক্যাংশ সম্পর্ক যুক্ত করে “দুর্বল ভাই” -কে, “কিন্তু এটি একজন মানুষের জন্য খাওয়া ভুল যখন খাবারটি তার বিবেককে বাধাগ্রস্ত করে।” এই প্রেক্ষাপটে বিকল্প মনে হয় ভাল কিন্তু অস্পষ্টতা মনে হয় উদ্দেশ্যমূলক এবং নির্দেশ করে উভয়ই করার ২২-২৩ পদে।

১৪:২১ এটি হল একটি শব্দ “সবল ভাইদের” প্রতি। এটি হল বাইবেলের একমাত্র ভিত্তি সুনির্দিষ্ট খাবার বা পানীয় থেকে “সম্পূর্ণ বিরত থাকার” ধর্মতত্ত্বগত ধারণার জন্য। সবল খ্রীষ্টিয়ানদের অবশ্যই তাদের স্বাধীনতা সীমিত করতে হবে তাদের খ্রীষ্টিয়ান ভাই/বোনদের এবং খাঁটি অন্তর্ভুক্তকারীদের (হারানো মানুষ) জন্য। অধিকাংশ আত্ম-সীমিতকরণ হল সাংস্কৃতিক, আঞ্চলিক এবং/বা সাম্প্রদায়িক।

এরা হল দুইটি AORIST ACTIVE INFINITIVES এর সাথে NEGATIVE PARTICLE যেটি বোঝায় “কোন কাজ কখনো শুরু না করা।” কেউ ব্যাখ্যা করেছে এই AORISTS শুধু সুনির্দিষ্ট উপলক্ষ্যে প্রয়োগ করা হিসাবে (১ করিন্থীয় ৮-১০)। অবশ্যই খাওয়া এবং পান করা নিষিদ্ধ করা যাবে না।

১৪:২২

NASB “তোমার যে বিশ্বাস আছে, তা নিজের কাছে ঈশ্বরের সম্মুখে রাখ। ধন্য সেই লোক, যে যা গ্রাহ্য করে তাতে নিজের বিচার না করে”

NKJV “তোমার কি বিশ্বাস আছে? তা নিজের কাছে ঈশ্বরের সম্মুখে রাখ। ধন্য সেই লোক, যে যা গ্রাহ্য করে তাতে নিজের বিচার না করে”

NRSV “তোমার যে বিশ্বাস আছে, তা নিজের কাছে ঈশ্বরের সামনে রাখ। তারা ধন্য কারণ তারা যা গ্রাহ্য করেছে তাতে তাদের দোষারপ করার কোন কারণ নেই”

TEV “এই বিষয়ে তোমার যে বিশ্বাস আছে তা তোমার কাছে রাখ, তারপর, তোমার নিজের ও ঈশ্বরের মধ্যে রাখ। তারা ধন্য যারা দোষী অনুভব করে না যখন সে যা কিছু করে তা ভাল বলে মনে করে!”

NJB “তোমার নিজের বিশ্বাসে স্থির থাক, যেমন তোমার নিজের ও ঈশ্বর মধ্যে-এবং মানুষের ভাগ্য বিবেচনা কর যে বিবেকের বিরুদ্ধে নিজের সিদ্ধান্ত গ্রহণ না করে”

এটি হল পুনরায় নিশ্চিত করণ যে বিশ্বাসীদের অবশ্যই আলোতে চলতে হবে তাদের নিজস্ব পবিত্র আত্মা চালিত, বাইবেল থেকে জ্ঞান প্রাপ্ত বিবেকে (৫ পদ)। তাদের অবশ্যই তাদের যে আলো আছে সেই আলোতে চলতে হবে, কিন্তু সেভাবে নয়, তাদের সহ-বিশ্বাসীদের বিশ্বাস অবমাননা করে। ২২ পদ সম্পর্কিত “সবল ভাই” -এর সাথে, যন ২৩ পদ সম্পর্কিত “দুর্বল ভাই” -এর সাথে।

২২ পদ শুরু হয়েছে পাভুলিপির ভিন্নতা দিয়ে। এটা একটি প্রশ্ন হতে পারে (NKJV) অথবা একটি বিবৃতি (NASB, NRSV, TEV, and JB)।

□ “গ্রাহ্য করে” দেখুন বিশেষ বিষয় ২:১৮ পদে।

১৪:২৩ “যার সন্দেহ আছে” এটি হল একটি PRESENT MIDDLE PARTICIPLE। এটি নির্দেশ করে ৩ পদের অতি সতর্ক খ্রীষ্টিয়ানদের।

□ “দোষী হল” এটি হল একটি PERFECT PASSIVE INDICATIVE রূপ *kata + krinō* থেকে, অর্থ

১. “তুলনা করে দোষী আলোতে স্থাপন” (cf. Harold K. Moulton, *The analytical Greek Lexicon Revised*, P216)

২. দন্ডাজ্ঞা দেওয়া হয় না, কিন্তু পরবর্তীতে বাক্যের শাস্তি (রোমীয় ৫:১৬,১৮; ৮:১ [Moulton and Milligan, *The Vocabulary of the Greek Testament*, p. 328])

এখানে এটি নির্দেশ করে একজনের বিবেক ভঙ্গ করা এবং এর ফলস্বরূপ কষ্ট পবিত্র আত্মার দন্ডদেশ দেওয়ার সাথে জড়িত।

□ “সে যদি খায়” এটি হল একটি THIRD CLASS CONDITIONAL SENTENCE।

□ “তবে যা কিছু বিশ্বাস থেকে হয় না তাই পাপ” বাইবেলের অস্পষ্ট অংশগুলিতে পাপ হল আমাদের একটি বিবেকের লঙ্ঘন, ব্যবস্থা লঙ্ঘন নয়। আমাদের অবশ্যই আমাদের যে আলো আছে সেই আলোতে চলতে হবে- সবসময় উন্মুক্ত থাকতে হবে বাইবেল এবং পবিত্র আত্মা থেকে আরও আলোর জন্য।

বিশ্বাসীদের ঈশ্বরের ইচ্ছা বোঝা (এই প্রসঙ্গে বিশ্বাস অর্থে) অবশ্যই তাদের কাজ নির্ধারণ করবে। এটা পরিপক্ব বিশ্বাসীদের জন্য সম্ভব যে বাইবেলের অস্পষ্ট বিষয়গুলি ভিন্ন দৃষ্টিতে দেখা এবং উভয়ই ঈশ্বরের ইচ্ছায়।

□ কিছু কিছু গ্রীক পাভুলিপিতে ১৬:২৫-২৭ পদের ঈশ্বরের প্রশংসাগীতে আছে ১৪ অধ্যায়ের শেষে। কোন কোনটিতে উভয় স্থানেই রয়েছে। একটি papyri পাভুলিপি P⁴⁶ তে আছে ১৫ অধ্যায়ের শেষে। ছয়টি ভিন্ন অবস্থান আছে এই doxology -র রোমীয় গ্রীক পাভুলিপির ঐতিহ্যে। একটি সম্পূর্ণ আলোচনার জন্য পরামর্শ গ্রহণ করুন, *A Textual Commentary of the Greek New Testament* by Bruce M. Metzger, published by United Bible Societies, pp. 533-536। এখানে হল তত্ত্বটির একটি সংক্ষিপ্ত সারমর্ম।

১. Origen রোমের একজন প্রাচীন প্রচলিত মতের বিরুদ্ধবাদী লোকের কথা বলেছেন, Marcion, রোমীয় পুস্তকের শেষের দুইটি অধ্যায় বাদ দিয়েছেন। এটি ব্যাখ্যা করতে পারতো ১৪ অধ্যায়ের ঈশ্বরের প্রশংসাগীতে।

২. অন্য পন্ডিতেরা ধারণা করেন যে পৌল রোমীয়দের জন্য একটি রূপে লিখেছেন রোমে পাঠানোর জন্য, ১-১৪ অধ্যায়, এবং পরবর্তীতে প্রয়োজন দেখেন একই চিঠি ইফিষে পাঠানোর; ১-১৬ অধ্যায়। ব্যক্তিগত শুভেচ্ছার লম্বা তালিকা (অধ্যায় ১৬) প্রতিফলিত করে ইফিষকে, রোমকে নয়।

৩. ১৬ অধ্যায়ের শুভেচ্ছা ছিল রোমে যাওয়া বিশ্বাসীদের জন্য কারণ আক্লিলা এবং প্রিক্লিলা ছিলেন ইফিষে এবং তাদের কখনো রোমে ফিরে আসার কোন তথ্য ছিল না।

৪. doxology টি মৌলিক ছিল না এবং লিপিকারকেরা পরবর্তীতে যুক্ত করেছেন প্রকাশ্য আরাধনা উদ্দেশ্যে।

M.R. Vincent, *Word Studies*, vol. 2, হল চিত্তাকর্ষক।

“এই সকল তত্ত্বের বিপরীতে হল একটি অনমনীয় সত্য যে পৌলের সকল পরিচিত MSS (প্রায় তিন শত) অস্তিত এই পর্যন্ত পাওয়া সকল MSS সঙ্গে মিলে যায়, সেই সাথে অতি গুরুত্বপূর্ণ সব কিছু, এই অধ্যায়ে দেয় প্রাপ্ত সংযোগএবং ধারা, যেটি doxology ছাড়া।” (পৃ. ৭৫০)।

আলোচনা প্রশ্নসমূহ

এটি হল একটি অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যামূলক বই, যেটির মানে যে আপনি আপনার নিজের বাইবেলের অনুবাদের জন্য দায়ী। আমাদের প্রত্যেকে অবশ্যই আমাদের আলোতে চলতে হবে। আপনি, বাইবেল, এবং পবিত্র আত্মা হল আপনার অনুবাদের প্রাধান্যতা। আপনার উচিত হবে না এটাকে একটি ব্যাখ্যাকারীর কাছে।

এই আলোচনা প্রশ্ন দেওয়া হয়েছে এই বইয়ের মূল বিষয়গুলি বিষয়ে আপনাকে চিন্তা করতে সাহায্য করার জন্য। এদের উদ্দেশ্য হল চিন্তা উদ্দেকারী, সীমানিধারক নয়।

১. বর্ণনা করুন “দুর্বল ভাই”? পৌল কি পরোক্ষভাবে প্রকাশ করেছেন যে তারা অপরিপক্ব?
২. কিভাবে খ্রীষ্টিয়ান স্বাধীনতা খ্রীষ্টিয় দায়িত্ববোধের সাথে সম্পর্কিত?
৩. প্রকৃতির সবকিছুই কি “শুচি” বা নৈতিকভাবে নিরপেক্ষ (১৪, ২০ পদ)?
৫. কেন করিচ্ছে খাবারের বিষয়টি এত গুরুত্বপূর্ণ ছিল (১ করি ৮, ১০), মনে করুন পৌলের রোমীয়দের প্রতি পত্র করিছ থেকে লেখা?
৬. ব্যাখ্যা করুন এই অধ্যায়ের জ্ঞান, স্বাধীনতা এবং ভালবাসার মধ্যকার সম্পর্ক।
৭. কিসের উপর ভিত্তি করে আমাদের মন্ডলীতে সহভাগিতা করবো?
৮. কিসের উপর ভিত্তি করে আমরা ব্যক্তিগত সিদ্ধান্ত বা কাজ করবো?
৯. কিভাবে আমাদের কাজ অন্যদের প্রভাবিত করে? এটা আমাদের কাছে কি দাবী করে?
১০. কিভাবে আমরা সঠিক খ্রীষ্টিয়ান নীতি নির্ধারণ করবো?
১১. এটা কি সম্ভব যে পরিপক্ব খ্রীষ্টিয়ানদের অমত হওয়া এবং উভয়ই ঈশ্বরের কাছে গ্রহণযোগ্য হওয়া?

রোমীয় ১৫

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
নিজেকে নয় কিন্তু অন্যকে সন্তুষ্ট করণ	অন্যদের বোঝা বহন করণ	সবল দুর্বলের ভার বহন করণ	নিজেকে নয় কিন্তু অন্যকে সন্তুষ্ট করণ	(১৪:১২-১৫:৬)
১৫:১-৬	১৫:১-৬	১৫:১-৬	১৫:১-৬	
যিহূদী এবং পরজাতীয় জন্য সুসমাচার একই রকম	একত্রে ঈশ্বরের গৌরব করা		পরজাতীয়দের কাছে সুসমাচার	
১৫:৭-১৩	১৫:৭-১৩	১৫:৭-১৩	১৫:৭-১২	১৫:৭-১২
		১৫:১৩	১৫:১৩	
পৌলের প্রচার কাজে নিয়োগ	যিরূশালেম থেকে ইল্লুরিকা	ব্যক্তিগত নোট	পৌলের খুব সাহসীকতার সাথে লেখার কারণ	পৌলের পরিচর্যা
১৫:১৪-২১	১৫:১৪-২১	১৫:১৪-২১	১৫:১৪-২১	১৫:১৪-১৬
			১৫:১৭-২১	
পৌলের রোমে যাবার পরিকল্পনা	রোমে যাবার পরিকল্পনা		পৌলের রোমে যাবার পরিকল্পনা	পৌলের পরিকল্পনা
১৫:২২-২৯	১৫:২২-৩৩	১৫:২২-২৯	১৫:২২-২৯	১৫:২২-২৬
			১৫:২৭-২৯	
১৫:৩০-৩৩		১৫:৩০-৩৩	১৫:৩০-৩৩	১৫:৩০-৩৩

পাঠ চক্র তিন (দেখুন পৃষ্ঠা p. viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১-১৩ পদের প্রাসঙ্গিক অর্ন্তদৃষ্টি

- ক. খ্রীষ্টিয় স্বাধীনতা এবং দায়িত্ব বিষয়ক আলোচনা চলমান ১৪ অধ্যায় থেকে ১৫:১-১৩ পদ পর্যন্ত।
- খ. ১৪:১-১৫:১৩ পদের সম্পূর্ণ বির্তকের রূপরেখা করা যেতে পারে এভাবে
১. একে অন্যকে গ্রহণ করা কারণ ঈশ্বর খ্রীষ্টের মধ্য দিয়ে আমাদের গ্রহণ করেছেন (১৪:১, ৩; ১৫:৭)
 ২. একে অন্যের বিচার না করা কারণ খ্রীষ্ট আমাদের একমাত্র প্রভু এবং বিচারক (১৪:৩-১২)
 ৩. ব্যক্তি স্বাধীনতা থেকে ভালবাসা আরও গুরুত্বপূর্ণ (১৪:১৩-২৩)
 ৪. খ্রীষ্টের আদর্শ অনুসরণ করা এবং আপনার অধিকার অন্যের নৈতিক উন্নতি সাধন এবং মঙ্গলের (১৫:১-১৩)
- গ. ১৫:৫-৬ পদ প্রতিফলিত করে ১৪:১-১৫:১-১৩ পদের সম্পূর্ণ প্রসঙ্গের তিন ধাপের উদ্দেশ্য
১. একে অন্যের সাথে ঐক্যে বাস করা
 ২. খ্রীষ্টের উদাহরণ অনুযায়ী জীবন যাপন করা
 ৩. ঐক্যবদ্ধ হৃদয় এবং মুখ দিয়ে ঐক্যবদ্ধভাবে ঈশ্বরের প্রশংসা করা
- ঘ. ব্যক্তিগত স্বাধীনতা এবং যৌথ দায়িত্ব মধ্যে এই একই উত্তেজনা ১ করি ৮-১০ পদে আলোচনা করা হয়েছে।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১৫:১-৬

^১ এখন বলবান যে আমরা আমাদের উচিত যেন তাদের দুর্বলদের বহন করি যারা দুর্বল এবং কেবলমাত্র নিজেদের সন্তুষ্ট না করি। ^২ আমরা প্রত্যেকে আমাদের প্রতিবাসীকে উত্তমের জন্য, তাকে গৌঁথে তোলার জন্য সন্তুষ্ট করি। ^৩ কারণ খ্রীষ্টও নিজেকে সন্তুষ্ট করলেন না; কিন্তু যেমন লেখা আছে, “যারা তোমাকে তিরস্কার করে, তাদের তিরস্কার আমার উপরে পড়ল।” ^৪ কারণ পূর্বে আমাদের শিক্ষার জন্য যা যা লেখা হয়েছিল, যেন শাস্ত্রমূলক ধৈর্য ও উৎসাহের মাধ্যমে আমরা প্রত্যাশা পাই। ^৫ এখন ধৈর্যের ও উৎসাহের ঈশ্বর এমন বর দিন যাতে তোমরা খ্রীষ্ট যীশুর মত পরস্পর একমনা হও, ^৬ যেন তোমরা এক মনে এক মুখে আমাদের প্রভু যীশু খ্রীষ্টের ঈশ্বরের ও পিতার গৌরব কর। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:১

NASB “এখন বলবান যে আমরা আমাদের উচিত যেন তাদের দুর্বলদের বহন করি যারা দুর্বল”

NKJV “বলবান যে আমরা আমাদের উচিত যেন দুর্বলদের দুর্বলতা বহন করি,”

NRSV “বলবান যে আমরা আমাদের উচিত দুর্বলদের ব্যর্থতা পরিধান করা”

TEV “আমরা যারা বিশ্বাসে বলবান আমাদের উচিত দুর্বলদের দুর্বলতা বহনে সাহায্য করা”

NJB “আমরা যে বলবান আমাদের কর্তব্য দুর্বলদের দুর্ভাবনা পরিধান করা”

এগুলি হল দুটি PRESENT INFINITIVES ব্যবহৃত হয়েছে IMPERATIVES অর্থে। সবল এবং দুর্বলের উল্লেখ দেখায় যে ১৫ অধ্যায়ে চলমান রয়েছে ১৪:১ পদে আরম্ভ করা আলোচনা। এটা মনে হয় প্রতিফলিত করে রোমীয় মন্ডলী, এবং সকল মন্ডলীকে, খ্রীষ্টীয়ানরা যেভাবে তাদের জীবন যাপন করে

১. বাইবেল ভিত্তিক অস্পষ্ট অংশসমূহ
২. পুরাতন নিয়মের আবশ্যতা
৩. অনৈতিক, সাংস্কৃতিক সমস্যার প্রতি প্রতিক্রিয়া

একটি ভাল বই যেটি আমার জন্য খুবই সাহায্যকারী ছিল এই ক্ষেত্রে Gordon Fee, *Gospel and Spirit*।

আধুনিক ইংরাজী পাঠকদের জন্য, “সবল” এবং “দুর্বল” এই দুটি দৃষ্টিভঙ্গির মোড়কীকরণ এই দলের প্রতি সংকীর্ণতার পরিচায়ক ছিল। এটি পৌলের উদ্দেশ্য ছিল না। এই সবল দল উল্লেখ করে তাদের যারা একটি আইন বা রীতি ভিত্তিক ধর্মীয় জীবন থেকে মুক্ত হয়েছে। তাদের ঈশ্বরের সাথে সম্পর্ক অনিশ্চিতভাবে নির্ভরতা নয় সুনির্দিষ্ট কাজ বা সুনির্দিষ্ট ধর্মীয় নিষেধাজ্ঞা এড়িয়ে যাওয়ার উপর। অন্য দলও ছিল একটি সম্পূর্ণ খ্রীষ্টীয়ান, সম্পূর্ণ গ্রহণযোগ্য এবং একটি সম্পূর্ণ প্রতিজ্ঞাবদ্ধ বিশ্বাসীদের দল। যাহোক, তারা তাদের বিশ্বাসকে দেখত তাদের পূর্ব অভিজ্ঞতার ধর্মীয় ধারণার মাধ্যমে। যিহূদী বিশ্বাসীদের প্রবণতা ছিল যিহূদী ধর্মের পুরাতন নিয়মের অনুশীলনগুলি। ধর্মান্তরিত পৌত্তলিকেরা চেষ্টা করতো তাদের পুরাতন ধর্মীয় (পৌত্তলিক) ধারণা এবং অনুশীলনের কিছু ধরে রাখতে। কিন্তু লক্ষ্য করুন যে পৌল বিশ্বাসীদের মধ্যে এই মানসিকতাকে “পাপ” বলেন নাই। এটা শুধুমাত্র তখনই যখন তারা তাদের বিবেক লঙ্ঘন করত তাহলে তা হতো পাপ (২৩ পদ)।

এই টার্ম *adunatos*, “শক্তি ছাড়া” (প্রেরিত ১৪:৮) হল *astheneō* (১৪:১, ২১; ১ করি ৮:৭, ১০, ১২; ৯:২২) টার্মের সাথে সম্পর্কযুক্ত, যার আরও অর্থ ছিল “শক্তি ছাড়া”। এই লেখনী বোঝায় যে খ্রীষ্টীয়ানদের অন্য খ্রীষ্টীয়ানদের জোর করে সহ্য না করা, কিন্তু ভালবাসার সাথে “যত্ন নেওয়া” এবং “কাজ করা” একে অন্যের সাথে। “বহন করা” টার্মটি আরও ব্যবহৃত হয়েছিল যীশুর “ক্রুশ বহন করা” যোহন ১৯:১৭ পদে এবং লুক ১৪:২৭ পদে। পৌল জানতেন ধার্মিক লোকদের মধ্যে উত্তেজনা ঘটতে পারে। তিনি গমলীয়েলের অধীনে প্রশিক্ষণ নিয়েছিলেন, যিনি ছিলেন Hillel এর উদারপন্থী পণ্ডিতদের একজন রাবি।

□ “কেবলমাত্র নিজেদের সন্তুষ্ট না করি” এটি হল একটি PRESENT ACTIVE IMPERATIVE এর সাথে NEGATIVE PARTICLE যার অর্থ সাধারণত বোঝায় কোন প্রক্রিয়াধীন কাজকে থামানো। আত্ম-কেন্দ্রিকতা হল অপরিপক্বতার একটি নিশ্চিত চিহ্ন; খ্রীষ্টের উদাহরণ (৩ পদ; ফিলি

২:১-১১) অনুসরণ করা হল পরিপক্বতার চিহ্ন। আবার, যারা সবল তাদেরকে উদ্দেশ্য করা হয়েছে (১৪:১, ১৪, ১৬, ২১, ২৭)। এটা বোঝায় না যে সহভাগিতা বজায় রাখার সকল দায়িত্ব তাদের ছিল। দুর্বলদেরকেও উদ্দেশ্য করা হয়েছে ১৪:৩, ২০, ২৩; ১৫:৫-৬, ৭ পদে।

১৫:২ “আমাদের প্রত্যেকে আমাদের প্রতিবাসীকে সম্বলিত করি” এই “প্রতিবেশী” ব্যবহার করা হয়েছে সহ-খ্রীষ্টিয়ান অর্থে। এটা বোঝায় না ব্যক্তিগত বিশ্বাসের আপোষ, কিন্তু একজনের অজ্ঞাত ক্ষেত্রে তার ব্যক্তিগত পছন্দ বা মতামতকে চাপিয়ে না দেওয়া। মণ্ডলীর ঐক্য এবং বৃদ্ধি, কোন ব্যক্তিগত স্বাধীনতা নয়, হল সর্বোচ্চ (১ করি ৯:১৯-২৩; ১০:২৪-৩৩; ইফি ৪:১-১৬)।



NASB “তাকে গৈথে তোলার জন্য”

NKJV “গৈথে তোমার দিকে পরিচালিত করা”

NRSV “প্রতিবাসীকে গৈথে তোলার উত্তম উদ্দেশ্যে”

TEV “বিশ্বাসে তাদের গৈথে তোলার জন্য”

NJB “সবল খ্রীষ্টিয়ান হবার জন্য সাহায্য করা”

এটি ১৪ অধ্যায়ের প্রধান ভাব বা থিম (১৪:১৬, ১৯)। এটি আরও হল ১ করি ১০:২৩; ১২:৭; ১৪:২৬; ইফি ৪:২৯ পদে পাওয়া আত্মার দানের জন্য একটি পরীক্ষা।

এই প্রসঙ্গ এটি নির্দেশ করে সবল বিশ্বাসীদের সহ-খ্রীষ্টিয়ানদের বিশ্বাসে বৃদ্ধির সাহায্যের উদ্দেশ্যে তার ভালবাসার স্বাধীনতাকে সীমাবদ্ধ করা। Joseph A. Fitzmyer and Raymond E. Brown, ed., *The Jerome Biblical Commentary*, vol. 2, -তে এই পদের একটি চমৎকার মন্তব্য আছে।

“এই শব্দগুচ্ছটি প্রায়ই নেওয়া হয়েছে “তার নৈতিক উন্নয়ন”(প্রতিবেশী) করা অর্থে, নির্দেশ করে কোন একজনের খ্রীষ্টিয়ান প্রতিবেশীর ব্যক্তিগত উন্নয়ন। কিন্তু বিবেচনা করা যে পৌল প্রায়ই দালান গাঁথা রূপক ব্যবহার করেছেন তার পত্রগুলিতে একটি যৌথ অর্থে, এই শব্দগুচ্ছটির নি:সন্দেহে এখানে একটি সামাজিক, যৌথ অর্থ রয়েছে (১ করি ১৪:১২; ইফি ৪:১২, রোমীয় ১৪:১৯)” (পৃ. ৩২৮)।

বিশেষ বিষয়: গৈথে তোলা

এই টার্ম *oikodomeō* এবং এর অন্য রূপগুলি পৌল প্রায়ই ব্যবহার করেছেন। আক্ষরিকভাবে এর অর্থ “একটি ঘর তৈরী করা” (মথি ৭:২৪), কিন্তু রূপকার্থের জন্য ব্যবহৃত হচ্ছে:

১. খ্রীষ্টের দেহ, মন্ডলী, ১ করি ৩:৯; ইফি ২:২১; ৪:১৬
২. গাঁথিয়া তোলা
 - ক. দুর্বল ভাইদের রোমীয় ১৫:১
 - খ. প্রতিবেশীদের, রোমীয় ১৫:২
 - গ. একে অন্যকে, ইফি ৪:২৯; ১ থিম ৫:১১
 - ঘ. পবিত্র জনদের পরিচর্যার জন্য, ইফি ৪:১১
৩. আমরা গৈথে তুলি বা নৈতিক উন্নয়ন করি যার দ্বারা
 - ক. ভালবাসা, ১ করি ৮:১; ইফি. ৪:১৬
 - খ. ব্যক্তিগত স্বাধীনতা সীমিত করে, ১ করি ১০:২৩-২৪
 - গ. গুজব এড়িয়ে যাওয়ায়, ১ তীম ১:৪
 - ঘ. আরাধনার সময়ে বক্তাদের সীমাবদ্ধ করে (গায়কদের, শিক্ষকদের, ভাববাদীদের, পরভাষার বক্তাদের এবং ব্যাখ্যাকারকদের), ১ করি ১৪:৩-৪, ১২
৪. সকল বিষয়গুলির অবশ্যই উন্নয়ন সাধন হবে
 - ক. পৌলের কর্তৃত্ব, ২ করি ১০:৮; ১২:১৯; ১৩:১০
 - খ. রোমীয় ১৪:১৯ পদ এবং ১ করি ১৪:২৬ পদের সারাংশের মন্তব্য

১৫:৩ “কারণ খ্রীষ্টও” খ্রীষ্ট আমাদের আর্দশ এবং উদাহরণ। এই সত্যটিতে আরও জোর দেওয়া হয়েছে ৫ পদ; ফিলি ২:১-১১; ১ পিতর ২:২১; ১ যোহন ৩:১৬ পদে।

□ “যেমন লেখা আছে” এটি হল একটি PRESENT PASSIVE INDICATIVE যেটি পুরাতন নিয়মের শাস্ত্রে একটি বাগধারা। এটি গীতসংহিতা ৬৯:৯ পদের একটি উদ্ধৃতি। খ্রীষ্টের উদাহরণ (নিজেকে সম্বলিত না করে, ফিলি ২:৫-৮) উল্লেখ করা হয়েছে পুরাতন নিয়মের একটি উদ্ধৃতি যোগ করে, পৌল আদি মন্ডলীর দুইটি খুব গুরুত্বপূর্ণ কর্তৃত্বের উৎস ব্যবহার করেছেন (Newman and Nida, *A Translator's Handbook on Paul's Letter to the Romans*, p. 271)। খ্রীষ্টের আত্মত্যাগ যখন তিনি সকল পৃথিবীর পাপ বহন করলেন তখন আমাদের উদাহরণ হলেন (১ যোহন ৩:১৬)।

পৌল মনে হয় যুক্ত করেছেন

১. মশীহ হিসাবে যীশু নিন্দা সয়েছেন
২. পৌল সুসমাচারের জন্য নিন্দা সহ্য করেছেন

এই পাপে পতিত পৃথিবীতে ঈশ্বরকে সেবা করার একটি মূল্য দিতে হয়।

১. প্রত্যাখান এবং যীশুর ক্রুশেবিদ্ধকরণ
২. পৌল বলেছেন তার প্রত্যাখান এবং অত্যাচারের কথা ২ করি ৪:৭-১২; ৬:৩-১০; ১১:২৩-৩৩। পৌলেরও শেষ পর্যন্ত মাথা কেটে ফেলা হয়েছিল

□ “কারণ পূর্বে আমাদের শিক্ষার জন্য যা যা লেখা হয়েছিল” পুরাতন নিয়ম নতুন নিয়মের বিশ্বাসীদের জন্যও লেখা হয়েছিল (রোমীয় ৪:২৩-২৪; ১৫:৪; ১ করি ৯:১০; ১০:৬,১১)। এটি নতুন নিয়মের বিশ্বাসীদের জন্যও প্রাসঙ্গিক (২ তীম ২:১৫; ৩:১৬-১৭)। এখানে একটি ধারাবাহিকতা আছে, কিন্তু পুরাতন ও নতুন নিয়মের মধ্যে একটি অধারাবাহিকতা রয়েছে।

□ “যেন শাস্ত্রমূলক ধৈর্য ও উৎসাহের মাধ্যমে” লক্ষ্য করুন কিভাবে ঈশ্বরের বাক্যের সত্য এবং বিশ্বাসীদের জীবন ধারা সাড়া প্রদান করে এটি সমন্বিত হলে। বিশ্বাস এবং অনুশীলন একই সাথে আবদ্ধ (৫ পদ)। তাদের ফলাফল হল জীবনে ও মৃত্যুতে এবং খ্রীষ্টের আগমনের প্রতিজ্ঞার প্রত্যাশায় আস্থা।

□ “আমরা প্রত্যাশা পাই” এটি একটি PRESENT ACTIVE SUBJUNCTIVE, যেটি বোঝায় আমাদের আশা নির্ভর করে ৪ পদে উল্লেখ করা কাজের উপর। নতুন নিয়মে “আশা” প্রায়ই নির্দেশ করে দ্বিতীয় আগমনের বিষয়ে যখন আমাদের পরিত্রাণ সুসম্পন্ন হবে (রোমীয় ৮:৩০, ১ যোহন ৩:২)। গ্রীক টার্মে ইংরাজী টার্মের মত অনিশ্চিত তাৎপর্য নেই। দ্বিতীয় আগমন হল একটি সুনির্দিষ্ট ঘটনা একটি অনির্দিষ্ট সময়কালের সাথে। পৌল এই টার্মটি প্রায়ই ব্যবহার করেছেন কয়েকটি ভিন্ন কিন্তু সম্পর্ক যুক্ত অর্থে। প্রায় এটি যুক্ত করা হয়েছে বিশ্বাসীদের বিশ্বাস সুসম্পন্ন করার সাথে। এটা প্রকাশ করতে পারে গৌরব, অনন্ত জীবন, চূড়ান্ত পরিত্রাণ, দ্বিতীয় আগমন ইত্যাদি। সুসম্পন্ন করা হল সুনির্দিষ্ট কিন্তু সময়কাল হল ভবিষ্যত এবং অজানা। এটা প্রায়ই সংযুক্ত হয়ে থাকে “বিশ্বাস” ও “ভালবাসা”-র সাথে (১ করি ১৩:১৩; ১ থি ১:৩; ২ থি ২:১৬)। পৌলের ব্যবহারের কিছু আংশিক তালিকা হল:

১. দ্বিতীয় আগমন, গালাতীয় ৫:৫; ইফি ১:১৮; ৪:৪; তীত ২:১৩
২. যীশু আমাদের আশা, ১ তীম ১:১
৩. সুসমাচারে বিশ্বাস, কলসীয় ১:২৩
৪. চূড়ান্ত পরিত্রাণ, কলসীয় ১:৫; ১ থি ৪:১৩; ৫:৮
৫. ঈশ্বরের গৌরব, রোমীয় ৫:২; ২ করি ৩:১২; কলসীয় ১:২৭
৬. পরিত্রাণের আশ্বাস, ১ থি ৫:৮
৭. অনন্ত জীবন, তীত ১:২; ৩:৭
৮. সকল সৃষ্টির পুনরুদ্ধার, রোমীয় ৮:২০
৯. বিশ্বাস, রোমীয় ৮:২৩-২৫, ১৫:৪
১০. ঈশ্বরের উপাধি, রোমীয় ১৫:১৩
১১. পৌলের বিশ্বাসীদের জন্য আকাঙ্ক্ষা, ২ করি ১:৭

১৫:৫ “ঈশ্বর...বার দান” এটি একটি দুর্লভ AORIST ACTIVE OPTATIVE, যেটি একটি ইচ্ছা বা প্রার্থনা প্রকাশ করে থাকে। পৌলের প্রার্থনা, ৫-৬ পদ, দুটি আবেদন ছিল

১. এক মনা হওয়া (১২:১৬; ২ করি ১৩:১১; ফিলি ২:২)
২. প্রশংসার একই স্বর হওয়া (৬, ৭, ৯ পদ)

□ “ধৈর্যের ও উৎসাহের ঈশ্বর” এটি হল ঈশ্বরের একটি বর্ণনামূলক নাম (১৫:১৩; ১ করি ১:৩)। ঈশ্বরের এই বৈশিষ্ট্য বিশ্বাসীদের কাছে এসেছে বাইবেলের মাধ্যমে (৪ পদ)। দেখুন বিশেষ বিষয়: ধৈর্য ধারণের প্রয়োজন ৮:২৫ পদে।

১৫:৬ “আমাদের প্রভু যীশু খ্রীষ্টের ঈশ্বরের ও পিতার” এটি হল নতুন নিয়মের ঈশ্বরের পূর্ণ উপাধি (২ করি ১:১৩; ইফি ১:৩; কল ১:৩; ১ পিতার ১:৩; দেখুন একই রকম উপাধি ১:৭ পদে)। এটি দার্শনিক অপরিহার্যতার ঈশ্বর নন, কিন্তু প্রকাশের। দেখুন পৌলের ৫-৬ পদের প্রার্থনায় ঈশ্বরের দুইটি উপাধি

১. ধৈর্য এবং উৎসাহের ঈশ্বর
২. ঈশ্বর এবং আমাদের প্রভু যীশু খ্রীষ্টের পিতা

দেখুন বিশেষ বিষয়: ধৈর্য ৮:২৫ পদে এবং পিতা ১:৭ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১৫:৭-১৩

^১ সেজন্য, একজন অন্যকে গ্রহণ কর, যেমন খ্রীষ্ট ঈশ্বরের গৌরবের জন্য তোমাদেরকে গ্রহণ করলেন। ^২ কারণ আমি বলি যে ঈশ্বরের সত্যের পক্ষে খ্রীষ্ট তুমি সন্তোষে পরিচারক হয়েছেন যেন তিনি পিতৃপুরুষদের কাছে দেওয়া প্রতিজ্ঞা সকল স্থির করেন, ^৩ এবং পরজাতীয়েরা যেন ঈশ্বরের দয়ার জন্যই তাঁর গৌরব করে; যেমন লেখা আছে, “সেজন্য আমি জাতিদের মধ্যে তোমার গৌরব স্বীকার করব, এবং তোমার নামের উদ্দেশ্যে গান করব।” ^৪ আবার তিনি বলেন, “জাতিগণ, তাঁর প্রজাদের সাথে আনন্দ কর।” ^৫ আবার “সমস্ত জাতি প্রভুর প্রশংসা কর সমস্ত লোকবৃন্দ তাঁহার প্রশংসা করুক।” ^৬ আবার যিশাইয় বলেন, “যিশয়ের মূল থেকে একজন আসবেন, আর জাতিদের উপরে কর্তৃত্ব করতে এক জন দাঁড়াবেন, তাঁরই উপরে জাতিরা প্রত্যাশা রাখবে।” ^৭ প্রত্যাশার ঈশ্বর তোমাদেরকে বিশ্বাস দ্বারা সমস্ত আনন্দে ও শান্তিতে পরিপূর্ণ করুন, যেন তোমরা পবিত্র আত্মার পরাক্রমে প্রত্যাশায় উপচে পড়। (অনুবাদকৃত টেক্সট)।

NASB, TEV	“একজন অন্যকে গ্রহণ কর”
NKJV	“একে অন্যকে লাভ কর”
NRSV	“একে অন্যকে স্বাগত জানাও”
NJB	“একে অন্যের সঙ্গে একই বন্ধুসুলভ আচরণ কর”

এটি হল একটি PRESENT MIDDLE IMPERATIVE। বিশ্বাসীদের একে অন্যকে প্রতিনিয়ত গ্রহণ করা উচিত কারণ খ্রীষ্ট তাদের গ্রহণ করেছেন! এই একই সত্য ১৪:১ পদে পাওয়া যায়। যাহোক, এখানে এটি পরিচিতি করায় ঈশ্বরের অধিহুদীদের গ্রহণ করার (৯-১২ পদ) বিষয়ে পুরাতন নিয়মের ধারাবাহিক কিছু প্যাসেজের। এটি হয়তো প্রতিফলিত করেছে রোমীয় মন্ডলীর ভিতরের উত্তেজনা। খ্রীষ্টিয়ান ধর্মের বৈশিষ্ট্য করা হয় বিশ্বাসীদের একে অন্যের প্রতি আত্ম-ত্যাগের দ্বারা (১:১২; ১২:৫, ১০, ১৬; ১৩:৮, ১৪:১৩, ১৯: ১৫:৫, ৭, ১৪: ১৬:১৬)।

□ “যেমন খ্রীষ্ট তোমাদেরকে গ্রহণ করলেন” এটি হল একটি AORIST MIDDLE INDICATIVE। এখানে অন্যদের প্রতি বিশ্বাসীদের কাজের উদ্দেশ্য এবং আবেগ (১৪:৩)। ১৪ অধ্যায়ে দৃষ্টি ছিল

১. প্রভু এবং বিচারক হিসাবে খ্রীষ্ট, ১-১২ পদ
২. আমাদের কাছে আত্ম-ত্যাগের ভালবাসার উদাহরণ হিসাবে খ্রীষ্ট, ১৩-২৩ পদ

খ্রীষ্ট আমাদের গ্রহণ করেছেন, আমাদের অবশ্যই অন্যদের গ্রহণ করতে হবে!

□ “ঈশ্বরের গৌরবের জন্য” ৩:২৩ পদে টীকা দেখুন।

১৫:৮ “খ্রীষ্ট তুমি সন্তোষে পরিচারক হয়েছেন” যীশু হলেন ঈশ্বরের পুরাতন নিয়মের ভাববাণীর পরিপূর্ণতা (মথি ১০:৬; ১৫:২৪)। এটি মনে হয় রোমীয় মন্ডলীর বিশ্বাসী যিহুদী এবং অবিশ্বাসী পরজাতীয়দের মধ্যকার উত্তেজনা নির্দেশ করেছে।

□

NASB “ঈশ্বরের সন্তোষের পক্ষে পিতৃপুরুষদের কাছে দেওয়া প্রতিজ্ঞা সকল স্থির করেন”
 NKJV “ঈশ্বরের সন্তোষের জন্য, পিতৃপুরুষদের কাছে করা প্রতিজ্ঞা নিশ্চিত করেন”
 NRSV “ঈশ্বরের সন্তোষের পক্ষে আদি পিতাদের কাছে দেওয়া প্রতিজ্ঞা তিনি স্থির করেন”
 TEV “যিহুদীর পক্ষে, দেখান যে ঈশ্বর বিশ্বস্ত, তাদের পিতৃপুরুষদের কাছে করা প্রতিজ্ঞা সত্য হয়েছে”
 NJB “সেজন্য ঈশ্বর বিশ্বস্তভাবে আদি পিতাদের কাছে করা প্রতিজ্ঞা সফল করেছেন”

এটি সম্ভবত ইস্রায়েলের সাথে ঈশ্বরের পুরাতন নিয়মের চুক্তির প্রতিজ্ঞার সাথে সম্পর্কযুক্ত (৪:১৬)। যাহোক, এটা নির্দেশ করতে পারে সকল মানবজাতির পুনরুদ্ধারে ঈশ্বরের প্রতিজ্ঞা (আদি ৩:১৫, ১২:৩, যাত্রা ১৯:৫-৬; যিশা ২:২-৪; ৫৬:৭; ৬৬:১৮-২৪)। সুসমাচারের নিগূঢ়তত্ত্ব হল যে ঈশ্বরের পরিকল্পনা সব সময়ই ছিল খ্রীষ্টের মধ্য দিয়ে যিহুদী এবং অধিহুদীদের একত্রিত করা (ইফি ২:১১-৩:১৩)।

নূতন নিয়মের বার্তা হল পুরাতন নিয়মের প্রত্যাশার পূর্ণতা, একেবারে নতুন কিছু নয়। খ্রীষ্টের মহান উদ্দেশ্য ছিল (১) ইস্রায়েলের কাছে করা তাঁর আশার প্রতিজ্ঞার পরিপূর্ণতা এবং (২) পরজাতীয়দের প্রতি দরজা খুলে দেওয়া (রোমীয় ৩:২৯-৩০; ৯:৩০; ১০:১১-১২, ১৬-২০; ১১:২৫,৩২; ১৬:২৫; ইফি ২:১১-৩:২১)। যেহেতু ইস্রায়েল ব্যর্থ হয়েছে ঈশ্বরকে প্রকাশ এবং অধিহুদীদের বিশ্বাসে আকৃষ্ট করতে তাদের প্রচার কাজে, যীশু ক্ষমতা প্রদান করেছেন একটি নতুন আত্মিক ইস্রায়েলকে (৯:৬; গালা ৬:১৬) এই সার্বজনীন কাজ সম্পন্ন করার জন্য (মথি ২৮:১৯-২০; লুক ২৪:৪৭; যোহন ৩:১৬; প্রেরিত ১:৮)।

□ “নিশ্চিত করা” দেখুন বিশেষ বিষয়: ৪:১৬ পদে।

১৫:৯-১২ এটি হল একটি ধারাবাহিক পুরাতন নিয়মের উদ্ধৃতি যেটি দেখায় যে পরজাতীয়রা সব সময়ই ঈশ্বরের পরিকল্পনার একটি অংশ ছিল (দেখুন বিশেষ বিষয়: বরের সুসমাচার বিষয়ক পক্ষপাত ১:৫, ১০:১৬-২০ পদে) এটি হল একটি ধারাবাহিক পুরাতন নিয়মের উদ্ধৃতি যেটি নেওয়া হয়েছে

১. ৯ পদ- গীতসংহিতা ১৮:৪৯ বা ২ শমু ২২:৫০
২. ১০ পদ - দ্বিতীয় বিবরণ ৩২:৪৩
৩. ১১ পদ - গীতসংহিতা ১১৭:১
৪. ১২ পদ-যিশাইয়. ১১:১, ১০

লক্ষ্য করুন একটি উক্তি রয়েছে ইব্রীয় ক্যাননের প্রতিটি অংশে: ব্যবস্থা, ভাববাদী, এবং লেখাসমূহ।

১৫:৯ “ঈশ্বরের দয়ার জন্যই তাঁর গৌরব করে” ঈশ্বরের দয়া হল রোমীয়র পূর্ব নির্ধারিত অদৃষ্ট (৯:১৫, ১৬, ১৮, ২৩) এবং পরজাতীয়দের সংযুক্তির (১১:৩০, ৩১, ৩২; ১৫:৯) ধর্মতত্ত্বগত চাবিকাঠি। এটি হল ঈশ্বরের দয়া যা ইস্রায়েলকে রক্ষা করেছে। এটি ঈশ্বরের দয়া যা বিশ্বাসী পরজাতীয়দের রক্ষা করেছে। কৌশল মানুষের কাজকর্ম নয় (রোমীয় ৯), কিন্তু করুণাময়, অপরিবর্তনীয় ঈশ্বরের চরিত্র (যাত্রা ৩৪:৬; নহিমিয় ৯:১৭; গীত ১০৩:৮, ৪; যোয়েল ২:১৩) এবং মশীহের প্রতিজ্ঞা (যিশাইয় ১১:১, ১০)।

এটি চমৎকার যে পরজাতীয়েরা ঈশ্বরের “গৌরব” করছে

১. স্বীকার/প্রশংসা
২. গান গাওয়া

যখন একজন বিশ্বাসী ঈশ্বরের উদ্দেশ্যে গান গায়, তিনি স্বীকার করছেন/ভবিষ্যত বাণী করছেন! স্তবগান, ধর্মমত যেমন হল স্বীকার করার বৈধ উপায় (১০:৯-১৩)।

১৫:১৩ “প্রত্যাশার ঈশ্বর” এটি ছিল সাহিত্যের এককের সমাপনী ঈশ্বরের প্রশংসাগান যার শুরু ১৪:১ পদ থেকে। এটি ছিল ঈশ্বরের আর একটি অপূর্ব উপাধি- প্রত্যাশার ঈশ্বর।

১৫:১৩ “আনন্দে ও শান্তিতে পরিপূর্ণ করুন” এটি হল একটি AORIST ACTIVE OPTATIVE, রোমের বিশ্বাসীদের জন্য পৌলের প্রার্থনার উল্লেখ করছে। দেখুন “সকল” এর উপস্থিতি (৫:১-২; ১৪:১৭)।



NASB, NKJV,

NRSV “বিশ্বাসে”

TEV

“যে কোন উপায়ে তাঁর উপরে তোমার বিশ্বাসে”

NJB

“তোমার বিশ্বাসে”

এটি হল একটি PRESENT ACTIVE INFINITIVE। এটি ধৈর্যের আস্থা প্রকাশ করে খ্রীষ্টতে বিশ্বাসে চলা, পবিত্র আত্মার শক্তিতে, ব্যক্তিগত আনন্দ এবং শান্তিতে থাকার উপায়ে। খ্রীষ্টতে বিশ্বাস শুধুমাত্র একটি প্রাথমিক সাড়া প্রদান নয় কিন্তু জীবনধারার সাড়া প্রদান।

□ “যেন তোমরা প্রত্যাশায় উপচে পড়” এটি হল একটি *perisseuō* এর PRESENT ACTIVE INFINITIVE, যেটি মূলত বোঝায় “সব কিছু উপরে।” “আশা”-র জন্য টীকা দেখুন ১৫:৪ পদে।

বিশেষ বিষয় : প্রচুর পরিমাণে/উপচিয়া পড়া (*perisseuō*)

পৌল এই টার্ম প্রায়ই ব্যবহার করতেন

১. ঈশ্বরের সত্য তাঁর গৌরবে উপচিয়া পড়ে, রোমীয় ৩:৭
২. এক ব্যক্তি, যীশু খ্রীষ্টের অনুগ্রহে বিনামূল্য উপহার, প্রচুর পরিমাণে, রোমীয় ৫:১৫
৩. বিশ্বাসীদের প্রচুর পরিমাণে আশা, রোমীয় ১৫:১৩
৪. বিশ্বাসীরা সুনির্দিষ্ট কোন খাবার খাওয়া না খাওয়ার জন্য ঈশ্বরের দ্বারা প্রশংসিত নন, ১ করি ৮:৮
৫. মন্ডলী গঠনে বিশ্বাসীরা উপচিয়া পড়ে, ১ করি ১৪:১২
৬. প্রভুর কাজের জন্য বিশ্বাসীরা উপচিয়া পড়ে, ১ করি ১৫:৫৮
৭. বিশ্বাসীরা প্রচুর পরিমাণে খ্রীষ্টের কষ্টের সহভাগিতা করে এবং প্রচুর পরিমাণে খ্রীষ্টের সাক্ষ্য লাভ করে, করি ১:৫
৮. গৌরবে ধার্মিকতার পরিচর্যা উপচিয়া পড়ে, ২ করি ৩:৯
৯. বিশ্বাসীদের ধন্যবাদ জ্ঞাপনে ঈশ্বরের গৌরবে উপচিয়া পড়ে, ২ করি ৪:১৫
১০. বিশ্বাসীদের প্রচুর পরিমাণে আনন্দ, ২ করি ৮:২
১১. বিশ্বাসীরা সব কিছুতে উপচিয়া পড়ে (বিশ্বাসে, কথা বলায়, জ্ঞানে, আন্তরিকতায় এবং ভালবাসায়), সেই সাথে যিরূশালেম মন্ডলীর উপহারের জন্য, ২ করি ৮:৭
১২. সকল অনুগ্রহ বিশ্বাসীদের প্রতি উপচিয়া পড়ে, ২ করি ৯:৮
১৩. ঈশ্বরের প্রতি বিশ্বাসীদের ধন্যবাদ জ্ঞাপন উপচিয়া পড়ে, ২ করি ৯:১২
১৪. ঈশ্বরের অনুগ্রহের ধন বিশ্বাসীদের উপর মুক্তহস্তে দেওয়া হয়, ইফি ১:৮
১৫. বিশ্বাসীদের ভালবাসা এখনও আরও আর উপচিয়া পড়ে, ফিলি. ১:৯
১৬. পৌলের উপরে বিশ্বাসীদের আস্থা খ্রীষ্টে উপচিয়াপড়ে, ফিলি ১:২৬
১৭. প্রচুর পরিমাণে থাকা, ফিলি ৪:১২, ১৮
১৮. বিশ্বাসীরা কৃতজ্ঞতায় উচ্ছাসিত হয়েছে, কল ২:৭
১৯. বিশ্বাসীদের বৃদ্ধি এবং পরস্পরের প্রতি ভালবাসা উপচিয়া পড়ে, ১ থি ৩:১২
২০. ধার্মিক জীবনধারায় উপচিয়া পড়ে, ১ থি ৪:১
২১. সহ-বিশ্বাসীদের প্রতি ভালবাসায় উপচিয়া পড়া, ১ থি ৪:১০

খ্রীষ্টতে ঈশ্বরের অনুগ্রহ পৌলের উপলব্ধি ছিল “সব কিছু উপরে,” সেজন্য, বিশ্বাসীদের চলা প্রয়োজন এই “সব কিছু উপরে” অনুগ্রহ এবং ভালবাসায় তাদের দৈনন্দিন জীবনে!

□ “পবিত্র আত্মার পরাক্রমে” পবিত্র আত্মা হলেন ত্রিভূত্বের একজন ব্যক্তি যিনি নতুন যুগে সক্রিয়। তাঁকে ছাড়া টেকসই মূল্যবোধ অথবা প্রভাব কিছুই ঘটে না (১৫:১৯; ১ করি ২:৪; ১ থি ১:৫)। দেখুন বিশেষ বিষয় ৮:৯ এবং ৮:১১ পদে।

আলোচনার প্রশ্নসমূহ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. রোমীয় ১৪:১-১৫:১৩ পদের কেন্দ্রীয় সত্যটি কি?
২. কেন পৌল ৯-১০ পদে পুরাতন নিয়মের প্যাসেজ উদ্ধৃত করেছেন? কোন মহান সত্য তারা শিক্ষা দেয়?

১৪-৩৩ পদের প্রাসঙ্গিক অন্তর্দৃষ্টি

- ক. অনেক দিক দিয়ে এই পত্রটির সমাপ্তি এর আরম্ভের মত একই রকম, ১:৮-১৫
১. এটি তাদের বিশ্বাসের উচ্চ প্রশংসা করে (১:৮)
 ২. এটি পৌলের অযিহুদীদের কাছে সুসমাচারের প্রেরিতত্ব সমর্থন করে (১:১৩, ১৪)
 ৩. এটি পৌলের তাদের কাছে যাবার ইচ্ছার কথা বলে (১:১০, ১৩)
 ৪. এটি পৌলের ইচ্ছা প্রকাশ করে যে তারা তাকে অন্য এলাকা যেখানে সুসমাচার প্রচার হয় নি সেখানে যেতে সাহায্য করবে (স্পেন, ১:১৩)
- খ. আবার, এখানে একটি ইঙ্গিত রয়েছে রোমীয় মন্ডলীতে যিহুদী বিশ্বাসী এবং পরজাতীয় বিশ্বাসীদের মধ্যে উত্তেজনার যার ইঙ্গিত দেওয়া হয়েছে সমস্ত পত্র জুড়ে, কিন্তু বিশেষভাবে ৯-১১ অধ্যায়, ১৪:১-১৫:১৩।
- গ. আরও একটি ইঙ্গিত রয়েছে আদি মন্ডলীতে পৌলের প্রেরিতত্ব নিয়ে উত্তেজনার। তিনি সম্ভবত নিজের আত্মপক্ষ সমর্থন করেছেন ১৫-১৯ পদ; ১:২, ৫ পদে।
- ঘ. এই সাহিত্যের এককে দুটি বিষয় রয়েছে
১. পৌলের প্রেরিতিক, সুসমাচার প্রচার বিষয়ক, পরজাতী-সম্পর্কিত পরিচর্যা (পদ. ১৪-২১)
 ২. পৌলের এই উদ্দেশ্য বাস্তবায়নের জন্য তার রোমের মধ্যে দিয়ে ভ্রমণ পরিকল্পনা (২২-৩৩ পদ)

শব্দ এবং শব্দগুচ্ছের অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১৫:১৪-২১

^{১৪} আর হে আমার ভাইয়েরা, আমি নিজেও তোমাদের বিষয়ে নিশ্চয় বুঝেছি যে তোমরা নিজেরা মঙ্গলভাবে পরিপূর্ণ, সমৃদ্ধ জ্ঞানে পরিপূর্ণ এবং পরস্পরকে চেতনা দানেও সমর্থ। ^{১৫} তথাপি আমি তোমাদেরকে কয়েকটি বিষয় সাহসের সাথে লিখলাম স্মরণ করার জন্য, কারণ ঈশ্বর দ্বারা আমাকে এই অনুগ্রহ দেওয়া হয়েছে, ^{১৬} যেন আমি পরজাতীয়দের কাছে খ্রীষ্ট যীশুর পরিচর্যাকারী হয়ে, যাজক হিসাবে ঈশ্বরের সুসমাচারের পরিচর্যা করি, যেন আমার পরজাতীয়দের উপহার গ্রহণযোগ্য, পবিত্রীকৃত হয় পবিত্র আত্মাতে। ^{১৭} সেজন্য খ্রীষ্ট যীশুতে ঈশ্বর সম্বন্ধীয় বিষয়ে আমার গর্ব করবার কারণ আছে, ^{১৮} কারণ আমি এমন কোন বিষয়ে একটি কথাও বলবো না যা খ্রীষ্ট আমার দ্বারা সাধন করেন নাই, পরজাতীয়দের বাধ্য করার জন্য বাক্যে ও কাজে, ^{১৯} নানা চিহ্ন ও অদ্ভুত লক্ষণের পরাক্রমে, পবিত্র আত্মার পরাক্রমে এই রকম সাধন করেছেন; যে যিরূশালেম থেকে ইল্লিরিকা পর্যন্ত চারদিকে আমি খ্রীষ্টের সুসমাচার সম্পূর্ণ ভাবে প্রচার করেছি। ^{২০} আর আমার সুসমাচার প্রচারের লক্ষ্য এই, খ্রীষ্টের নাম যেখানে ইতিমধ্যে উচ্চারিত হয় নাই, এমন জায়গায় যেন সুসমাচার প্রচার করি, যেন পরের স্থাপিত ভিত্তির উপরে না গাঁথি; ^{২১} কিন্তু যেমন লেখা আছে, “তাঁর সংবাদ যাদেরকে দেওয়া যায় নাই তারা দেখতে পাবে, এবং যারা শোনে নাই তারা বুঝবে। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:১৪

NASB “আর, হে আমার ভাইয়েরা, আমি নিজেও তোমাদের বিষয়ে নিশ্চয় বুঝেছি”

NKJV “আমার ভাইয়েরা, আর এখন আমি নিজেও তোমাদের বিষয়ে নিশ্চিত”

NRSV “আমার ভাই ও বোনেরা, আমি নিজেও তোমাদের বিষয়ে নিশ্চয় বুঝেছি”

TEV “আমার বন্ধুরা: আমি নিজেও তোমাদের বিষয় নিশ্চয় বুঝেছি”

NJB “আমার ভাইয়েরা, এটা এই জন্য নয় যে আমি তোমাদের বিষয়ে সন্দেহ করি, অন্যদিকে আমি তোমাদের বিষয় নিশ্চয় বুঝেছি”

“আমি” (*auto egō*) গ্রীকে খুব জোরালো। পৌল সত্যিকার ভাবে এই মন্ডলীকে প্রশংসা করেছেন (“প্রভাবিত,” PREPECT PASSIVE INDICATIVE)।

পৌল রোমীয় খ্রীষ্টিয়ানদের সম্পর্কে তিনটি বিষয় বলতে চেষ্টা করেছেন ১৪ পদে।

১. তারা ধার্মিকতায় পরিপূর্ণ (PRESENT ACTIVE INDICATIVE)
২. তারা জ্ঞানে পরিপূর্ণ (PERFECT PASSIVE PARTICIPLE)
৩. তারা পরস্পরকে উপদেশ দানে সক্ষম (PRESENT PASSIVE PARTICIPLE)

এই পদ বোঝায় যে পৌল তাদের কাছে নতুন কোন বার্তা আনছেন না, কিন্তু তারা যে সুসংবাদ শুনেছে এবং গ্রহণ করেছে তার ব্যাখ্যা এবং বুঝিয়ে দিচ্ছেন (১৫ পদ)।

□ “তোমরা নিজেরা মঙ্গলভাবে পরিপূর্ণ, সকল কিছুতে পরিপূর্ণ” যেমন প্রথম শব্দগুচ্ছে “আমি নিজে” -কে জোর দেওয়া হয়েছে, এখানে “তোমরা নিজেদের” উপরে জোর দেওয়া হয়েছে। “পরিপূর্ণ”(mestos) টার্মটির অর্থ “পূর্ণ” বা “ভরপুর”। পৌল এই টার্ম দু’বার ব্যবহার করেছেন, দু’বারই রোমীয়তে (১:২৯; ১৫:১৪)।

“ভরা” (plēroō) টার্মটি হল একটি PERFECT PASSIVE PARTICIPLE। পৌল প্রায়ই এই টার্মটি রোমীয়তে ব্যবহার করেছেন (১:২৯; ৮:৪; ১৩:৮; ১৫:১৩, ১৪, ১৯)। তিনি আরও রোমীয়তে বিশেষ্য plērōma ব্যবহার করেছেন (১১:১২, ২৫; ১৩:১০; ১৫:২৯), কিন্তু কখনো তার কোন লেখায় বিশেষণ ব্যবহার করেন নাই। এটা পৌলের ইচ্ছা ছিল যে একটি সম্পূর্ণ সুসমাচার সম্পূর্ণভাবে বিশ্বাসীদের পূর্ণ করবে ভালবাসা এবং সেবার অতিপ্রাচুর্যে। খ্রীষ্টেতে বিশ্বাসীদের প্রয়োজনীয় সকলই ছিল। তাদের প্রয়োজন ছিল এই আশ্বাস সম্পূর্ণভাবে গ্রহণ ও লাভ করা।

□ “মঙ্গলভাবে পরিপূর্ণ, সমুদয় জানে পরিপূর্ণ” দুইভাবে এই টার্মগুলি বোঝা যায় (১) যে তারা ১৪:১-১৫:১৩ পদের সাহিত্যের এককের পূর্ববর্তী প্রসঙ্গের সাথে সম্পর্কিত- বাইবেলের অস্পষ্ট স্ক্রিপ্চসমূহে খ্রীষ্টিয়ানদের পার্থক্যের মধ্যেও বিশ্বাসীদের একে অন্যের প্রতি ভালবাসা। এটা হয়তো নিশ্চিত করা যায় ১৪:১৬; ১৫:২ পদ এবং এখানে “উত্তম” টার্মটির সাধারণ ব্যবহার বা (২) এটি সম্পর্কিত সম্পূর্ণ সুসমাচারে বিশ্বাসের এবং অনুশীলনের, গোড়ামির এবং orthopraxy (সঠিক কাজ ধর্মীয় বিশ্বাসের মতই গুরুত্বপূর্ণ এই রকম বিশ্বাস)।

□ “পরস্পরকে চেতনা দানেও সমর্থ” ঈশ্বর মন্ডলীর পরিকল্পনা করেছেন একে অন্যকে উৎসাহ এবং উপদেশ দানের জন্য (১ করি ১২:৭; কল ৩:১৬; ১ থি ৫:১৪; ২ থি ৩:১৫)। আমাদের রক্ষা করা হয়েছে সেবা করার জন্য, একে অন্যকে সেবা করার দ্বারা ঈশ্বরকে সেবা করার! আমরা বেঁচে আছি মণ্ডলীর স্বাস্থ্য এবং বৃদ্ধির জন্য।

১৫:১৫ “তোমাদেরকে সাহসের সাথে লিখলাম” পৌল তার চিঠি করিছ থেকে রোমীয়দের কাছে লিখেছেন। পৌল এই মন্ডলীতে একদলের দ্বারা আক্রান্ত হয়েছিলেন তার চিঠির সাহসীকতার জন্য, কিন্তু ব্যক্তিগত ভাবে নিজে ছিলেন দুর্বল। এই “নির্ভীক” শব্দের ক্রিয়ার রূপ পাওয়া যায় ২ করি ১০:২, ১২; ১১:২১ পদে। পৌলের সাহসিকতা আসে তার কথোকথন, আহ্বান এবং সুসমাচারের জ্ঞান থেকে।

□ “কারণ ঈশ্বর দ্বারা আমাকে এই অনুগ্রহ দেওয়া হয়েছে” পৌল উল্লেখ করেছেন ঈশ্বরের অনুগ্রহ (১:৫; ১২:৩; ১ করি ৩:১০; ১৫:১০; গালা ২:৯; এবং ইফি ৩:৭-৮) যেটি তাকে আহ্বান করেছে, রক্ষা করেছে, দানে পূর্ণ করেছে এবং পরজাতীয়দের কাছে পাঠিয়েছে (১১:১৩; ১৫:১৬)। এটা ছিল তার প্রেরিতত্ব এবং কর্তৃত্ব দাবী করার একটি উপায় (১:১, ৫)।

১৫:১৬ “পরিচর্যা...পরিচর্যাকারী ..যাজকত্বউপহার... গ্রহণ যোগ্য” ১৬ এবং ১৭ পদে কয়েকটি যাজকীয় টার্ম এবং শব্দগুচ্ছ রয়েছে। “পরিচর্যাকারী” ব্যবহার করা হয়েছে যাজকীয় সেবায় ২৭ পদে। এটি ইব্রীয় ৮:২ পদে খ্রীষ্টের সেবায় ব্যবহার করা হয়েছে। পৌল নিজেকে একজন যাজক হিসাবে দেখতেন (ফিলি ২:১৭) যিনি অযিহুদীদের ঈশ্বরের কাছে উৎসর্গ করতেন, যেটি ছিল ইস্রায়েলীয়দের কাজ (যাত্রা ১৯:৫-৬; যিশা ৬৬:২০)। মন্ডলীকে এই সুসমাচার প্রচারের কাজ দেওয়া হয়েছে (মথি ২৮:১৮-২০; লুক ২৪:৪৭; প্রেরিত ১:৮)। মন্ডলীকে আহ্বান করা হয়েছে পুরাতন নিয়মের যাজকীয় টার্মে ১ পিতর ২:৫, ৯ এবং প্রকাশিত বাক্য ১:৬ পদে।

□ “ঈশ্বরের সুসমাচার” এটা শুধুমাত্র যীশুর সুসমাচার নয় (মার্ক ১:১; রোমীয় ১:১৬; ১৫:১৯; ১ করি ৯:১২, ১৮; ২ করি ২:১২; ৪:৪; ৯:১৩; ১০:১৪; গালা ১:৭, ইত্যাদি), কিন্তু নিশ্চয়তার সাথে আরো বলা যায় “ঈশ্বরের সুসমাচার”(মার্ক ১:১৪ রোমীয় ১৫:১৬; ২ করি ১১:৭; ১ থি ২:২,৮, ৯; ১ পিতর ৪:১৭)। এটি ঈশ্বরের প্রতিজ্ঞার হৃদয়ের সার কথা আদি ৩:১৫; ১২:৩; যাত্রা ১৯:৫-৬ পদ থেকে এবং যিশাইয়তে প্রায়ই ভাববাণী করা হয়েছে (যেমন যিশা ২:২-৪; ৫১:৪, ৫)।

□ “পবিত্র আত্মাতে পবিত্রীকৃত” এটি হল একটি PERFECT PASSIVE PARTICIPLE, “পবিত্র আত্মা দ্বারা পবিত্র হচ্ছে এবং হতে থাকবে।” এটা মনে হয় আবারও রোমীয় মন্ডলীতে যিহুদী এবং অযিহুদী বিশ্বাসীদের মধ্যকার উত্তেজনা প্রতিফলিত করে। পৌল পরিষ্কারভাবে বলেছেন যে জাতিরা (পরজাতীয়রা) পবিত্র আত্মা দ্বারা সম্পূর্ণভাবে গৃহিত এবং পবিত্রকৃত হয়েছে এবং হচ্ছে (১ করি ৬:১১)।

১৫:১৭-১৯ লক্ষ্য করণ ত্রিভু ঈশ্বরের সম্মিলিত কাজ: ঈশ্বরের (১৭ পদ); খ্রীষ্টে (১৭ পদ); এবং আত্মার শক্তিতে (১৯ পদ)। আরও লক্ষ্য করণ যে ৩০ পদে ঈশ্বরত্ব তিন ব্যক্তি। যদিও “ত্রিভু” টার্মটি বাইবেল ভিত্তিক নয়, ধারণাটি হল (মথি ৩:১৬-১৭; ২৮:১৯; প্রেরিত ২:৩৩-৩৪; রোমীয় ৮:৯-১০; ১ করি ১২:৪-৬; ২ করি ১:২১; ১৩:১৪; ইফি ১:৩-১৪; ৪:৪-৬; তীত ৩:৪-৬; ১ পিতর ১:২)। দেখুন বিশেষ বিষয়: ত্রিভু ৮:১১ পদে।

১৫:১৮-১৯ পৌল বিভিন্ন ভাবে তালিকা করেছেন কিভাবে তার পরজাতীয়দের কাছে পরিচর্যা কার্যকারী হয়েছে (১) বাক্যের দ্বারা; (২) কাজের দ্বারা; (৩) চিহ্নের দ্বারা; (৪) আশ্চর্য কাজের দ্বারা; এবং (৫) সব কিছু আত্মার শক্তির মাধ্যমে।

শুধুমাত্র একটি টীকা পাভুলিপির ভিন্নতা সম্পর্কিত #৫ “আত্মা” (অর্থাৎ, যেটা, MS B): কিছু গ্রীক লেখনী যুক্ত করে “পবিত্র আত্মা” (যেমন, MSS A, D*), কোন কোনটিতে আছে “ঈশ্বরের আত্মা” (অর্থাৎ, MSS P⁴⁶, N, D¹)। এরকমই আরও অনেক ভিন্নতা, এই সংযুক্তি বা অনুপ্রেরণাহীন শ্রেণীবিভাগ, প্যাসেজের সত্যকে প্রভাবিত করে না। এটা ছিল সাধারণ একটি প্রচেষ্টা পরবর্তী অনুলেখক যারা অনুলিখনের দ্বারা নতুন নিয়মের শব্দগুচ্ছের মানদণ্ড প্রতিষ্ঠা করবে। UBS⁴ দেয় “ঈশ্বরের আত্মা” একটি “C” মান (সিদ্ধান্ত গ্রহণে জটিলতা)।

১৫:১৮ “পরজাতীয়দের বাধ্য করার জন্য” ঈশ্বরের লক্ষ্য সবসময় ছিল একজন মানুষ যে তাঁর চরিত্র প্রতিফলিত করবে। যীশুর সুসমাচার ঈশ্বরের সেই আদিপুস্তক ৩ অধ্যায়ে পতনের সময় হারিয়ে যাওয়া প্রতিমূর্তি পুনরুদ্ধার করে। ঈশ্বরের সাথে অন্তরঙ্গ সম্পর্ক হল ধার্মিক চরিত্রের প্রমাণস্বরূপ। খ্রীষ্ট ধর্মের লক্ষ্য হল ঈশ্বরের সাথে সহভাগিতা এবং খ্রীষ্টস্বরূপ হওয়া, এখনই!

□ “বাক্যে ও কাজে” এটি উল্লেখ করে পৌলের পরিচর্যা, রোমীয় খ্রীষ্টিয়ানদের বাধ্যতা নয়। এটি স্পষ্টত আত্মার শক্তির সাথে সংযুক্ত ১৯ পদে।

১৫:১৯ “নানা চিহ্ন ও অদ্ভুত লক্ষণের পরাক্রমে” এই দুটি টার্ম একসাথে অনেকবার এসেছে প্রেরিতে (১৪:৮-১০; ১৬:১৬-১৮, ২৫-২৬; ২০:৯-১২; ২৮:৮-৯), বর্ণনা করেছে ঈশ্বরের ক্ষমতা সুসমাচারের মধ্য দিয়ে কাজ করে (২ করি ১২:১২)। এগুলি দৃশ্যত সমার্থক। এটা আসলে ঠিক কি নির্দেশ করে—আলৌকিক বা ধর্মাস্তর—অনিশ্চিত। এখানে আবার, মনে হয় পৌলের প্রেরিতত্ব বিষয়ে উত্তেজনার ইঙ্গিত দেয়। যেমন ঈশ্বর নিশ্চিত করেছেন যিরূশালেমে বারো জনের কাজ, তিনি আরও নিশ্চিত করেছেন অবিহুদীদের মাঝে পৌলের কাজ দৃশ্যমান চিহ্ন কার্য দ্বারা।

□ “আমি খ্রীষ্টের সুসমাচার সম্পূর্ণ ভাবে প্রচার করেছি” এটি হল *plēroō* এর একটি PERFECT ACTIVE INFINITIVE (১৪ পদ)। এটি বোঝায় যে পৌল বিশ্বাস করতেন তিনি তার প্রচারের কাজ পূর্ব ভূমধ্যসাগরীয় অঞ্চলে সম্পন্ন করেছেন (২৩ পদ)।

□ “ইল্লুরিকা পর্যন্ত” এই রোমীয় প্রদেশ, আরও পরিচিত Dalmatia নামে, Adriatic সাগরের পূর্বদিকে Grecian peninsula (মাকিদনিয়া) এর উত্তর পশ্চিম দিকে অবস্থিত ছিল। প্রেরিত পুস্তকে পৌলের সেখানে প্রচার করার বিষয়টি কখনো লিপিবদ্ধ করে নাই কিন্তু এটা তাকে সেই অঞ্চলে দেখায় (২০:১-২)। “যতদূর সম্ভব” অর্থ হতে পারে “সীমান্তে” বা “অঞ্চলে”।

১৫:২০ “আমার সুসমাচার প্রচারের লক্ষ্য এই, খ্রীষ্টের নাম যেখানে ইতিমধ্যে উচ্চারিত হয়ে, সেখানে যেন সুসমাচার প্রচার না করি” এটা ছিল পৌলের সামঞ্জস্যপূর্ণ প্রচার কৌশল (১ করি ৩:১০, ২ করি ১০:১৫-১৬)। তিনি চাইতেন পৌত্তলিকদের কাছে যেতে যারা কখনো সুসমাচার শোনার বা গ্রহণ করার সুযোগ পায়নি। তিনি সাধারণত বাছাই করতেন বড়, কৌশলগত অবস্থানে রোমীয় সাম্রাজ্যে নগরসমূহ, যেন সেখানে প্রতিষ্ঠিত মন্ডলী আশে পাশের এলাকায় সুসমাচার প্রচার ও শিষ্য করতে পারে।

১৫:২১ এটি হল Septuagint (LXX) এর যিশা ৫২:১৫ পদের একটি উদ্ধৃতি যেটি পরজাতীয়দের ঈশ্বরের বিষয়ে শোনার বিষয়ে বলে। পৌল এই ভাববাণী বেছে নিয়েছেন তার ধর্মপ্রচারের কৌশল হিসাবে।

NASB (আপডেটেড) টেক্সট: ১৫:২২-২৯

^{২২} এই কারণে আমি তোমাদের কাছে যেতে অনেক বার বাধ্যগ্রস্থ হয়েছি; ^{২৩} কিন্তু এখন, এই সব অঞ্চলে আমার আর জায়গা নেই, আর আমি অনেক বৎসর ধরে আকাঙ্ক্ষা করছি যে তোমাদের ওখানে যাব ^{২৪} যখন আমি স্পেন দেশে যাব—কারণ আমি আশা করি যাবার সময়ে তোমাদেরকে দেখবো, এবং প্রথমে তোমাদের সঙ্গে কিছুটা তৃপ্ত হলে, তোমরা আমাকে সেখানে এগিয়ে দেবে—^{২৫} কিন্তু এখন, পবিত্রগণের পরিচর্যা করতে যিরূশালেমে যাচ্ছি। ^{২৬} কারণ যিরূশালেমের পবিত্রগণের মধ্যে যারা দরিদ্র তাদের জন্য মাকিদনিয়া ও আখায়া দেশীয়রা খুশী হয়ে সহভাগিতামূলক কিছু চাঁদা সংগ্রহ করেছেন। ^{২৭} হ্যাঁ, তারা খুশী হয়েই এই রকম করেছেন, আর তারা তাদের কাছে ঋণীও আছেন। কারণ যখন পরজাতীয়েরা আত্মিক বিষয়ে তাদের সহভাগী হয়েছে, তখন তারা সাংসারিক বিষয়ে তাদের পরিচর্যা করার জন্য ঋণী। ^{২৮} সেজন্য, সেই কাজ শেষ করবো, এবং মুদ্রাস্ক দিয়ে সেই ফল তাদের দেবার পর, আমি তোমাদের কাছ দিয়ে স্পেন দেশে যাব। ^{২৯} আমি জানি যে আমি যখন তোমাদের কাছে আসবো, তখন খ্রীষ্টের আশীর্বাদের পূর্ণতায় আসব। (অনুবাদকৃত টেক্সট)।

□ ১৫:২২ “এই কারণে” এই কারণ ব্যাখ্যা করা হয়েছে ২০ পদে।

□ “আমি তোমাদের কাছে যেতে অনেক বার বাধ্যগ্রস্থ হয়েছি” এটি হল একটি IMPERFECT PASSIVE INDICATIVE। তিনি বার বার বাধা প্রাপ্ত হচ্ছিলেন (১:১৩)। বাধা পাবার কারণ বলা হয়নি। এটা হতে পারে ঈশ্বর, শয়তান, মন্দ লোক বা অন্য সুসমাচারের সুযোগ। মনে রাখুন পৌল রোমীয়দের কাছে পত্রটি লিখেছেন যখন তিনি করিচ্ছে ছিলেন। করিচ্ছে পৌলের বিরোধীরা পৌলকে আক্রমণ করেছিল কারণ তিনি তার ভ্রমণ পরিকল্পনা পরিপূর্ণ করতে সক্ষম ছিলেন না। পৌল নিশ্চিতভাবে করিছ মন্ডলীর ভিতর থেকে আসা আক্রমণে প্রভাবিত হয়েছিল। তিনি মনে হয়ে উল্লেখ করেছেন যে তার ভ্রমণ পরিকল্পনা বার বার বাধ্যগ্রস্থ হচ্ছিল।

১৫:২৩ “কিন্তু এখন এই সব অঞ্চলে আমার আর জায়গা নেই” এই পদটি অবশ্যই গ্রহণ করা উচিত এশিয়া মাইনর বা পূর্ব ভূমধ্যসাগরীয় অঞ্চলের ভৌগোলিক সীমাবদ্ধতার অর্থে। পৌল এই অঞ্চলের সকলের কাছে, সকল জায়গায় প্রচার করেন নি, কিন্তু শুধুমাত্র অল্প কয়েকজনের কাছে।

□ “আর আমি অনেক বৎসর ধরে আকাঙ্ক্ষা করে আসছি যে তোমাদের ওখানে যাব” পৌল তার রোমে যাবার ইচ্ছা প্রায়ই প্রকাশ করেছেন (১:১০-১৫; প্রেরিত ১৯:২১; ২৩:১১)।

এই অংশে গ্রীক পাণ্ডুলিপির ভিন্নতা আছে যেটি UBS⁴ এর গুরুত্বপূর্ণ পাদটীকাতে তালিকা ভুক্ত নেই। প্রাচীন গ্রীক পাণ্ডুলিপিগুলি MSS P⁴⁶, ৯, A, D, F, G & L এ আছে “অনেক” (*polus*) যেটি ব্যবহার করা হয়েছে ২২ পদে, কিন্তু MSS B, C & P -তে আছে “কয়েকটি” (*ikanos*)। সম্ভবত পরবর্তী লিপিকারেরা পৌলের অতিরঞ্জন দ্বারা বিরক্ত হয়েছিলেন।

১৫:২৪ “স্পেন দেশে যাবার সময়ে” পৌল রোমীয় সাম্রাজ্যের পশ্চিম দিকের অঞ্চলে যেতে চেয়েছিলেন (২ করি ১০:১৬)। তিনি প্রেরিত পুস্তকের সমাপ্তির সময়ে রোমীয় বন্দীত্ব থেকে মুক্ত হয়েছিলেন এবং চতুর্থ প্রচার যাত্রায় গিয়েছিলেন। যাজকীয় পত্রসমূহ (১ তীমথিয়, ২ তীমথিয়, এবং তীত) লেখা হয়েছিল এই চতুর্থ যাত্রায়। সম্ভবত এর উল্লেখ আছে ২ তীম ৪:১০ পদে যেখানে কিছু গ্রীক uncial পাণ্ডুলিপি, X, C এবং লাতিন Vulgate এবং Coptic অনুবাদসমূহে আছে “গল”। রোমের Clement (দেখুন Ad. করি ৫:৭ পদ), যিনি প্রথম শতকের শেষের আগে লিখেছিলেন, তার “করিন্থীয়দের প্রতি পত্র” -তে, ৫:৭ পদ, আরো দাবী করে যে পৌল “পশ্চিমের সীমা” পর্যন্ত ভ্রমণ করেছিলেন।

□ “এবং প্রথমে তোমাদের সহবাসে কতক পরিমাণে তৃপ্ত হইলে তোমরা আমাকে সেখানে আগাইয়া দিবে” এই শব্দগুচ্ছটি মন্ডলীতে একটি কৌশলগত বাগধারায় পরিণত হয়েছে ভ্রমণকারী ধর্মপ্রচারদের তাদের পরবর্তী প্রচারের গন্তব্যে যেতে সাহায্য করতে (প্রেরিত ১৫:৩; ১ করি ১৬:৬, ১১; ২ করি ১:১৬; তীত ৩:১৩; ৩ যোহন ৬)। রোম যিরূশালেমের মন্ডলীর জন্য ত্রাণ তহবিলে সাহায্য করতে সক্ষম ছিল না, কিন্তু তারা পৌলের পশ্চিমে প্রচার ভ্রমণের জন্য আর্থিক সাহায্যকারী হতে পারতো।

১৫:২৫ “পবিত্রগণের পরিচর্যা করিতে” এই টার্মটি প্রায়ই ব্যবহার করা হয়েছে অর্থ সংগ্রহের বিষয়ে সংযুক্ত করে (৩১ পদ; ১ করি ১৬:১৫; ২ করি ৮:৪, ৯:১)। দেখুন বিশেষ বিষয় : পবিত্রগণ ১:৭ পদে।

১৫:২৬ “যিরূশালেমের পবিত্রগণের মধ্যে যারা দরিদ্র তাদের জন্য কিছু চাঁদা সংগ্রহ করেছেন” পৌল এই সংগ্রহ (দেখুন বিশেষ বিষয়: *Koinōnia* ১২:১৩ পদে) গ্রহণ করে আসছিলেন কয়েক বছর ধরে (১) গালাতীয়া ও এশিয়া মাইনর (১ করি ১৬:১-৪), এবং (২) মাকিদনিয়া ও আখায়া (২ করিন্থীয় ৮-৯) থেকে। তিনি এই ধারণা পেয়েছিলেন আন্তিয়খিয়ার মন্ডলী থেকে (প্রেরিত ১১:৩০; ১২:২৫)। এর অভিপ্রায় ছিল আদি মন্ডলীর দুটি দিক- যিহূদী ও পরজাতীয়দের একত্রিত করা। পরজাতীয় মন্ডলীগুলিকে বর্ণনা করা হয়েছে এটি করতে “উল্লাসিত” হিসাবে (২৬ ও ২৭ পদ)। দেখুন পরবর্তীতে বিশেষ বিষয়।

বিশেষ বিষয়: ক্ষুধা

I. ভূমিকা

- ক. ক্ষুধা হল একটি সদা-বিদ্যমান স্মরণীয় মানব জাতির পতিত অবস্থা এবং সৃষ্টির।
- খ. ক্ষুধা হল মন্দ ও কষ্টভোগ সমস্যার একটি দিক। এটি সরাসরি মানুষের প্রতি আরোপিত, ঈশ্বরের প্রতি নয়। যদিও ঈশ্বর ব্যবহার করেছেন কৃষিজাত আর্শীবাদ বা অভিশাপ তার চুক্তিবদ্ধ লোকদের প্রতি পুরস্কার এবং শাস্তির উপায় হিসাবে (দ্বিতীয় বিবরণ ২৭-২৮), এটি সাধারণ ভাবে অবিশ্বাসীর জন্য সত্য ছিল না (মথি ৫:৪৫)। ক্ষুধা হল বস্তববাদী মানবের লোভ, স্বার্থপরতার আরও একটি উদাহরণ। এই ক্ষুধার সমস্যা প্রকৃত পক্ষে খাবারের নয়, কিন্তু মানুষের প্রেরণার ও অগ্রগণ্যতার।
- গ. ক্ষুধা হল একটি সুযোগ মানবজাতিকে পুনরুদ্ধারের জন্য ঈশ্বরের ভালবাসার প্রতিফলন। বিশ্বাসীদের প্রতিক্রিয়া মন্ডলীতে শারীরিক প্রয়োজনের প্রতি এবং বিশ্বে দেখায় সত্যিকার ভাবে আমরা কে।

II. বাইবেলীয় বস্তু

- ক. পুরাতন নিয়ম
 ১. মোশি
 - ক. প্রাচীন ইস্রায়েলের তিনটি সাম্রাজ্য দশমাংশের একটি দরিদ্রদের জন্য ছিল (দ্বি বি ১৪:২৮-২৯)
 - খ. ব্যবস্থা দরিদ্রদের খাবারের জন্য বিশেষ যোগান দিত (যাত্রা ২৩:১১ লেবীয় ১৯:১০; ২৩:২২; দ্বি বি ২৪:১৯-২২)
 - গ. দরিদ্রদের জন্য বিশেষ, স্বল্পমূল্যের উৎসর্গ ব্যবস্থা যোগান দিত (লেবীয় ১৪:২১)
 - ঘ. দরিদ্র এবং অভাবীদের প্রতি ইস্রায়েলীয়দের একটি সহানুভূতিশীল এবং খোলা-মনের মনোভাব রাখতে হয়েছিল (দ্বি বি ১৫:৭-১১, ইয়োব ২৯:১৬, ৩০:২৫; ৩১:১৬-২৩)
 ২. প্রজ্ঞা সাহিত্য
 - ক. যারা দরিদ্রদের সাহায্য করতো তাদের জন্য বিশেষ আর্শীবাদ বরাদ্দ ছিল (গীত ৪১:৪)
 - খ. দরিদ্রকে সাহায্য করা ছিল ঈশ্বরকে সাহায্য করা (হিতো ১৪:৩১; ১৭:৫; ১৯:১৭)।
 ৩. ভাববাদীগণ
 - ক. ঈশ্বর তাঁর প্রতি আরাধনা দাবি করেছিলেন সামাজিক ন্যায় বিচার এবং অভাবীদের প্রতি সহানুভূতির মাধ্যমে (যিশা ৫৮:৬-৭; মীখা ৬:৮)
 - খ. ঈশ্বরের বার্তার একটি চিহ্ন ছিল যে এটি দরিদ্র এবং অভাবীদের কাছে প্রচারিত হবে (যিশা ৬১:১-২)
 - গ. ঈশ্বরের ভাববাদীরা সামাজিক শোষণের বিরুদ্ধে বিধি নিষেধ আরোপ করেছিলেন (আমোষ ২:৬-৮; ৫:১০-১৩; মীখা)
- খ. নতুন নিয়ম
 ১. সুসমাচার
 - ক. দরিদ্রদের সাহায্য করা প্রশংসিত হয় (মার্ক ১০:২১; লূক ৩:১১)
 - খ. বিচারের ভিত্তি হবে যীশুর নামে অন্যদের প্রতি আমাদের সামাজিক ভালবাসা। আসলে, অন্যকে সাহায্য করা হল যীশুকে সাহায্য করা (মথি ২৫:৩১-৪৬)
 - গ. মার্ক ১৪:৭ পদ খারাপ ভাবে ভুল বোঝা হয় যখন এটি দাবী করে যে এটি যীশুর দরিদ্রদের প্রতি উদ্বেগের অভাব প্রতিফলিত করে। এই পদের অর্থ তাঁর অনন্যতার গুরুত্ব বোঝাতে, দরিদ্রদের অবহেলার জন্য নয়।

- ঘ. যিশাইয় ৬১:১-২ পদ প্রতিফলিত করে যে ঈশ্বরের বার্তা গ্রহণকারীরা সামাজিকভাবে একঘরে হবে (লুক ৪:১৮; ৭:২২, ১৪:২১)।
২. পৌল
ক. পৌল সিরিয়া আন্তয়খিয়ায় থেকে শিখেছিলেন যিরুশালেম মন্ডলীতে দরিদ্রদের জন্য বিশেষ ভালবাসার উপহারের ধারণা (রোমীয় ১৫:২৬; ১ করি ১৬:১; ২ করি ৮:৪, ৬, ১৯; গালা ২)।
খ. পৌল জোর দিয়েছেন অনুগ্রহ, বিশ্বাস এবং কাজের উপরে (ইফি ২:৮-১০)
৩. যাকোব (নতুন নিয়ম প্রজ্ঞা সাহিত্য)
ক. খ্রীষ্টের মধ্য দিয়ে ঈশ্বরের উপরে বিশ্বাস সামাজিক উদ্বেগ ছাড়া দুর্বল (যাকোব ২:১৪-১৭)।
খ. তিনি এটাও বলেছেন যে বিশ্বাস ছাড়া কাজ মৃত!
৪. যোহন
ক. ১ যোহন দাবী করে যে খ্রীষ্টিয় নিশ্চয়তার ভিত্তি হল বিশ্বাস এবং সেবার একটি পরিবর্তিত জীবন (১ যোহন ৩:১৭-১৮)।

III. উপসংহার

- ক. মানুষের দুদর্শা এবং প্রয়োজন মানবজাতির পাপের সাথে সম্পর্কযুক্ত। ক্ষুধার কয়েকটি দিক রয়েছে:
১. মূর্খ আচরণ (হিতো ১৯:১৫)
 ২. ঈশ্বরের শাস্তি (দ্বি বি ২৭-২৮)
 ৩. আত্মিক সেবার সাথে সম্পর্কিত (২ করি ১১:২৭)
 ৪. সাংস্কৃতিক পরিস্থিতি (লোড, ধারণা, ইত্যাদি)
 ৫. বস্তুগত পরিস্থিতি (দুর্ভিক্ষ, বন্যা, শিলাবৃষ্টি)
- খ. ঈশ্বর সত্যিকার ভাবে মানুষের যত্ন নেন। তিনি অভাবীদের অনন্য পন্থায় ভালবাসেন!
- গ. মানুষের প্রয়োজনের প্রতি মন্ডলীর কার্যক্রম হল ঈশ্বরের উত্তর (শারিরিক ও আধ্যাত্মিক)
১. সারাসারি, ব্যক্তিগত কার্যক্রম
 ২. যৌথ যাজকপল্লী/ মন্ডলীর কার্যক্রম
 ৩. পরিবর্তনের জন্য রাজনৈতিক দল
 ৪. আমাদের অবশ্যই সমালোচনামূলক ভাবে আমাদের সংস্কৃতি ও ব্যক্তি প্রাধান্যতা শাস্ত্রের আলোকে মূল্যায়ন করা উচিত (২ করি স্থায়ী ৮-৯)।
 ৫. আমাদের প্রয়োজন আমাদের চোখ, হৃদয় এবং হাত উন্মুক্ত করা ঘরে এবং বাইরে মানুষের প্রয়োজনের জন্য; মন্ডলীতে এবং বিশ্বে।
 ৬. আমরা যারা খ্রীষ্টের মধ্যে আছি মহান আদেশের আলোকের সাহায্য অবশ্যই সম্পর্কিত হবে (মথি ২৮:১৮-২০)। সাহায্য অবশ্যই শারিরিক এবং আধ্যাত্মিক হতে হবে।

১৫:২৭ “যদি” এটি হল একটি FIRST CLASS CONDITIONAL SENTENCE যেটি সত্য ধরা হয়েছিল লেখকের দৃষ্টিভঙ্গি থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্য থেকে। যদি পরজাতীয়েরা যিহুদীদের আত্মিক আশীর্বাদে সহভাগি হয় (রোমীয় ১০-১১) তাদের অবশ্যই যিরুশালেমের মাতৃ মন্ডলীর শারিরিক প্রয়োজনে সাহায্য করতে হবে।

১৫:২৮

NASB “সেই কাজ শেষ করবো, এবং মুদ্রাঙ্ক দিয়ে সেই ফল তাদেরকে দেব”

NKJV “যখন সেই কাজ শেষ করবো এবং এই ফলে আমার মুদ্রাঙ্ক দেব”

NRSV “যখন সেই কাজ শেষ করবো, এবং যা আমি পেয়েছি তা তাদেরকে দেব”

TEV “যখন সেই কাজ শেষ করবো এবং তাদের জন্য যে অর্থ সংগ্রহ হয়েছে তা আমি তাদেরকে দেব”

NJB “তাই যখন আমি এটি শেষ করবো এবং যা সংগ্রহ হয়েছে তা তাদেরকে দেব”

এটি হল একটি AORIST ACTIVE PARTICIPLE এবং একটি AORIST MIDDLE PARTICIPLE। এই আক্ষরিক ইঙ্গিত সাধারণ উপায়ে একটি প্যাকেজ মুদ্রাঙ্ক করে রাখা যেটি নিশ্চিত করে এর ভিতরের সামগ্রীর নিরাপত্তা। এটি হতে পারে একটি উপায়ে পৌল তাদের নিশ্চিত করেছিলেন যে সকল অর্থ দেওয়া হয়েছে সেগুলো পাঠানো এবং গ্রহণ করা হবে। এটা নিশ্চিত করতে তিনি তার সাথে অবদানকারী মন্ডলীর কয়েকজন প্রতিনিধিকে তার সাথে নিয়ে যেতেন (প্রেরিত ২০:৪)। “মুদ্রাঙ্ক” এর জন্য দেখুন বিশেষ বিষয় ৪:১১ পদে।

১৫:২৯ লক্ষ্য করুন *plēroō / plērōma* শব্দটি আবার ব্যবহৃত হয়েছে। ১৪ পদের টীকা দেখুন।

□ “খ্রীষ্টের আশীর্বাদের” এই শব্দগুচ্ছটি সুসমাচার প্রচার/শিক্ষা দেওয়ায় যে আশীর্বাদ নিয়ে আসে তা উল্লেখ করে। এটি এই প্রসঙ্গে একটি প্রার্থনা নির্দেশ করে না।

কিছু কিছু প্রাচীন গ্রীক লেখনী চেষ্টা করে শব্দগুচ্ছ যোগ করে এই উপলব্ধি ব্যাখ্যা করতে, “খ্রীষ্টের সুসমাচারের আশীর্বাদ” (MS A², NKJV)। ক্ষুদ্র লেখা পাওয়া যায় MSS κ^* , A, B, C, D, F, G, P। UBS⁴ স্বল্প অধ্যয়নকে দেয় একটি “A” মান (সুনির্দিষ্ট)।

NASB (আপডেটেড) টেক্সট: ১৫:৩০-৩৩

^{৩০} ভাইয়েরা, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের জন্য এবং ঈশ্বরের আত্মার প্রেমের জন্য আমি তোমাদেরকে বিনতি করছি, তোমরা ঈশ্বরের কাছে

আমাদের জন্য প্রার্থনা দ্বারা আমার সাথে প্রাণপণ কর, ^{১১} যেন আমি যিহূদিয়াস্থ অবাধ্য লোকদের হাত থেকে রক্ষা পাই, এবং যেন যিরূশালেমের জন্য আমার যে পরিচর্যা তা যেন পবিত্রগণের কাছে গ্রাহ্য হয়; ^{১২} এই জন্য ঈশ্বরের ইচ্ছায় আমি যেন তোমাদের কাছে আনন্দে উপস্থিত হয়ে তোমাদের সঙ্গে প্রাণ জুড়াতে পারি। ^{১৩} শান্তির ঈশ্বর তোমাদের সকলের সঙ্গে থাকুন। আমেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:৩০ “আমি তোমাদেরকে বিনতি করছি ...আমার সাথে প্রাণপণ কর” এটি একটি সবল গ্রীক টার্ম। ১২:১ পদে প্রথমটি ব্যবহৃত হয়েছে। দ্বিতীয়টি ব্যবহৃত হয়েছে যীশুর গেষশমামী বাগানের সংগ্রামে। পৌল অনুভব করেছেন গভীর প্রার্থনার প্রয়োজন তার নিজের জন্য এবং তার সুসমাচারের পরিচর্যার জন্য (২ করি ১:১১; ইফি ৬:১৮-২০; কল ৪:৩; ১ থি ৫:২৫; ২ থি ৩:১)। তার যিরূশালেমের অভিজ্ঞতা কঠিন প্রমাণিত হয়েছিল (৩১ পদ)। তিনি রোমে পৌছান, কিন্তু তিনি যেভাবে কল্পনা করেছিলেন সেভাবে নয়। দেখুন বিশেষ বিষয় : মধ্যস্থতাকারী প্রার্থনা ৯:৩ পদে।

১৫:৩০-৩৩ পৌলের প্রার্থনা তিনটি আকাঙ্ক্ষা প্রকাশ করেছে।

১. তাকে তার যিহূদিয়ার শত্রুদের থেকে উদ্ধার করা হবে (প্রেরিত ২০:২২-২৩)
২. অযিহূদী মন্ডলীগুলি থেকে পাওয়া উপহারগুলি যিরূশালেমের মন্ডলীগুলি ভালভাবে গ্রহণ করবে (প্রেরিত ১৫:১ থেকে কয়েকটি পদ; ২১:১৭ থেকে কয়েকটি পদ)
৩. তিনি স্পেনে যাবার পথে রোম ঘুরে যেতে পারেন

১৫:৩০ “আমার সাথে প্রাণপণ কর” এই টার্মটি এখানে কেবলমাত্র নূতন নিয়মে ব্যবহার করা হয়েছে। এটি হল *sun* (একসাথে) এবং *agōnizomai* (প্রতিযোগিতা করা, লড়াই করা, আন্তরিকভাবে চেষ্টা করা ১ করি ৯:২৫; কল ১:২৯; ৪:১২; ১ তীম ৪:১০; ৬:১২) এর সমন্বিত রূপ। এই সবল INFINITIVE রোমীয় মন্ডলীকে আহ্বান করে যিরূশালেমের মাতৃ মন্ডলীতে অযিহূদীদের উৎসর্গ গ্রহণের বিষয়ে পৌলের সাথে প্রার্থনায় প্রচণ্ড ভাবে ব্যাথাগ্রস্থ হতে।

১৫:৩১ “অবাধ্য লোকদের” এটি নির্দেশ করে যিহূদী বিরোধীদের বা সম্ভাব্য Judaizers, কিন্তু অধিকাংশ মন্ডলীকে নয় (১১:৩০, ৩১)।

১৫:৩২ পৌলের প্রার্থনা শেষ হয় আরও দুটি অনুরোধের মধ্য দিয়ে: (১) তিনি যেন তাদের কাছে আনন্দে আসতে পারেন এবং (২) তিনি যেন সময় করতে পারেন তাদের সাথে সময় কাটানোর (AORIST MIDDLE [deponent], *sunanapauomai* এর SUBJUNCTIVE, শুধু এখানে নূতন নিয়মে, কিন্তু ব্যবহৃত হয়েছে যিশা ১১:৬ পদে। পৌল যিশা ১১:১, ১০ পদ উদ্ধৃত করেছেন ১২ পদে)। পৌলের প্রয়োজন ছিল একটি শান্ত বিশ্রামের সময় এবং পরিপক্ব বিশ্বাসীদের পুনরুৎসাহিত করা (২ করি ৪:৭-১২; ৬:৩-১০; ১১:২৩-৩৩)! যাহোক তিনি এটি পান নি। তার জন্য অপেক্ষা করে ছিল প্যালেস্টাইনে গ্রেফতার, বিচার এবং বহু বৎসর ব্যাপি কারাবাস। এই পদের অনেক পারলিপীর ভিন্নতা রয়েছে।

১৫:৩৩ “শান্তির ঈশ্বর” এটি হল ঈশ্বরের একটি অপূর্ব উপাধি (১৬:২০ পদ; ২ করি ১৩:১১; ফিলি ৪:৯; ১ থি ৫:২৩; ২ থি ৩:১৬; ইব্রীয় ১৩:২০)।

□ “আমেন” ১:২৫ পদে বিশেষ বিষয় দেখুন।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কিভাবে পুরাতন নিয়ম নূতন নিয়মের বিশ্বাসীদের কাছে একটি উপকার (৪-৫ পদ; ১ করি ১০:৬, ১১)?
২. কেন পৌল ৯-১২ পদে পুরাতন নিয়ম থেকে উদ্ধৃতি করেছেন? কোন মহান সত্য সেগুলি শিক্ষা দেয়?
৩. রোমীয় পত্রে এখানে কোন অংশে যিহূদী এবং পরজাতীয়দের মধ্যকার সম্ভাব্য উত্তেজনা দেখা যায়?
৪. রোমীয় পত্রে এখানে কোন অংশে পৌলের প্রেরিত্বের বিষয়ে উত্তেজনা দেখা যায়?
৫. যিরূশালেমের মন্ডলীর জন্য অযিহূদী মন্ডলীগুলির উপহারের বিষয়ে পৌলের কি কারণ ছিল (১৫-২৮ পদ)?
৬. পৌলের প্রচার কাজের কৌশল কি ছিল? কেন তিনি স্পেনে যেতে চেয়েছিলেন?
৭. কিভাবে ও কেন পৌল তার কাজ বর্ণনা করেছেন একজন যাজকের মত (৬ পদ) যেটি সম্পর্কিত ইস্রায়েলের সাথে যাজকদের রাজ্য হিসাবে (যাত্রা ১৯:৫-৬) বা মন্ডলীর প্রতি (১ পিতর ২:৫, ৯; প্রকাশিত বাক্য ১:৬)?
৮. ঈশ্বর কি ৩০-৩৩ পদে পৌলের প্রার্থনার উত্তর দিয়েছিলেন?

রোমীয় ১৬

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ				
UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
ব্যক্তিগত শুভেচ্ছা	ভগ্নি ফেব্রীর প্রতি সুপারিশ	শুভেচ্ছা	ব্যক্তিগত শুভেচ্ছা	শুভেচ্ছা এবং শুভ কামনা
১৬:১-২	১৬:১-২	১৬:১-২	১৬:১-২	১৬:১-২
	রোমের পবিত্রগণের প্রতি শুভেচ্ছা			
১৬:৩-১৬	১৬:৩-১৬	১৬:৩-১৬	১৬:৩-৫ক	১৬:৩-৫ক
		১৬:৫ক-৭	১৬:৫ক-১৬	১৬:৮-১১
		১৬:১২-১৫		
		১৬:১৬		
	বিভেদকারী লোকদের এড়িয়ে যাওয়া		চূড়ান্ত নির্দেশাবলী	সতর্কবাণী এবং প্রথম পুনশ্চ
১৬:১৭-২০	১৬:১৭-২০	১৬:১৭-২০	১৬:১৭-২০ক	১৬:১৭-২০
			১৬:২০ক-২১	
	পৌলের বন্ধুদের পক্ষ থেকে শুভেচ্ছা			শেষ শুভেচ্ছা এবং দ্বিতীয় পুনশ্চ
১৬:২১-২৩	১৬:২১-২৪	১৬:২১		১৬:২১-২৩
	১৬:২২	১৬:২২		
	১৬:২৩	১৬:২৩		
ঈশ্বরের প্রশংসা	আশীর্বাচন		উপসংহারে প্রশংসার	ঈশ্বরের প্রশংসা এবং প্রার্থনা
১৬:২৫-২৭	১৬:২৫-২৭	১৬:২৫-২৭	১৬:২৫-২৬	১৬:২৫-২৭
		১৬:২৭		

পাঠ চক্র তিন (দেখুন পৃষ্ঠা p. viii)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে উপরের আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১-২৭দের প্রাসঙ্গিক অন্তর্দৃষ্টি

- ক. লক্ষ্য করুন যে সকল মহিলা এই শেষ অংশে ছিলেন তারা সুসমাচার প্রচারে পৌলের সহ-কর্মী ছিলেন (ফিলি ৪:৩): ১ পদে ফৈবী; ৩ পদে প্রিস্কা; ৬ পদে মরিয়ম; ৭ পদে যুনিয়া (অথবা যুনিয়-যদি তাই হয় তবে তিনি একজন মহিলা); ১২ পদে ব্রফোনা এবং ব্রফোষা; ১২ পদে পর্শী; ১৩ পদে “তার মা”; ১৫ পদে যুলিয়া; এবং ১৫ পদে “তার বোন।” পরিচর্যায় মহিলাদের ক্ষেত্রে গোঁড়ামী থেকে সাবধান থাকুন। প্রত্যেক বিশ্বাসী দান প্রাপ্ত (১ করি ১২:৭, ১১), পূর্ণ সময়ের পরিচর্যাকারী (ইফি ৪:১২)।
- এই তালিকাতে আমরা একজন মহিলা পরিচারককে পাই, ফৈবী এবং একজন সান্ত্ব্য মহিলা-প্রেরিত, যুনিয় (যোয়েল ২:২৮; প্রেরিত ২:১৬-২১)। এটা জানা কঠিন যে কিভাবে এই বিষয়টি বাইবেল ভিত্তিক ভাবে নিয়ন্ত্রণ করা হয়েছে কারণ পৌলের আপাতদৃষ্টিতে অসামঞ্জস্যপূর্ণ বক্তব্য যেমন: ১ করি ১১:৪-৫ পদ তুলনা করুন ১৪:৩৫ পদের সাথে।
- খ. লক্ষ্য করুন এই নামগুলোর সান্ত্ব্য জাতিগত প্রেক্ষাপট
১. যিহুদী বিশ্বাসী: আক্লিলা, প্রিস্কা, আদ্রনিক, যুনিয়া, মরিয়ম [কিছু কিছু MSS-এ আছে মরিয়াম];
 ২. রোমীয় সম্মানীয় পরিবারের নাম: প্রিস্কা, আমপ্লিয়াত, আপিলি, নর্কিস, যুলিয়া, ফিললগ;
 ৩. যিহুদী সম্মানীয় পরিবারের নাম: আরিস্টিবুলাস, হেরোদিয়ান।
- গ. ১-১৬ পদ হল পৌলের ব্যক্তিগত শুভেচ্ছা জ্ঞাপন, যখন ১৭-২০ পদ হল তার শেষ সর্বকবাণী ভ্রান্ত শিক্ষকদের বিষয়ে। ২১-২৩ পদে করিন্থ থেকে পরিচর্য্যা দলের শুভেচ্ছা প্রদান।
- ঘ. ১৬ অধ্যায়ের বিষয়ে আলোচনায় *Tyndale New Testament Commentary* by F. F. Bruce খুবই সাহায্যকারী। যদি আপনি এই অধ্যায়ে প্রাপ্ত নাম সমূহের বিস্তারিত অধ্যয়নে আগ্রহী হন তাহলে পাঠ করুন পৃষ্ঠা ২৬৬-২৮৪।
- ঙ. কোথায় লেখা সমাপ্ত হয়েছে সে বিষয়ে কিছুটা সন্দেহ রয়েছে। কয়েকবারই পত্রের সমাপনী দেখা গেছে ১৪, ১৫ (MS P⁴⁶) এবং ১৬ অধ্যায়ে শেষের দিকে প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি সমূহে। যাহোক, গতানুগতিক সমাপ্তি ১৬:২৫-২৭ পদে দেখা যায় MSS P⁶¹, ৪, B, C এবং D সেই সাথে রোমের Clement (৯৫ খ্রীষ্টাব্দ) এর ব্যবহার করা গ্রীক লেখনীতে।
- ২৪ পদ পুরাতন গ্রীক পাণ্ডুলিপিতে দেখা যায় না, P⁴⁶, P⁶¹, ৪, A, B, C এবং ল্যাটিন ভাগেট বা গ্রীক লেখনী ব্যবহারকারী আলেকজান্দ্রিয়ার অরিসোনের লেখনীতে। এই ভিন্নতার একটি সম্পূর্ণ আলোচনার জন্য দেখুন Bruce M. Metzger, *A Textual Commentary on the Greek New Testament*, pp. 533-536।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১৬:১-২

^১ আমাদের বোন ফৈবী, কিংক্রিয়াস্থ মণ্ডলীর সেবাকারীর জন্য আমি তোমাদের কাছে সুপারিশ করছি; ^২ যেন তোমরা তাকে প্রভুতে পবিত্রগণের যথাযোগ্য ভাবে গ্রহণ কর, এবং যে কোন বিষয়ে তোমাদের থেকে উপকারের তার প্রয়োজন হতে পারে তা কর; কারণ তিনিও অনেকের এবং আমার নিজেরও উপকারিণী হয়েছেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১ “আমি তোমাদের কাছে সুপারিশ করছি” ১-২ পদ কাজ করছে পরিচারিকা ফৈবীর জন্য একটি সুপারিশপত্র হিসেবে। তিনি সম্ভবত পৌলের চিঠি রোমে নিয়ে গিয়েছিলেন। নূতন নিয়মে বেশ কয়েকটি উদাহরণ রয়েছে এই রকম পরিচিতি বা সুপারিশ পত্রের (প্রেরিত ১৮:২৭; ১ করি ১৬:৩; ২ করি ৩:১; ৮:১৮-২৪; এবং ফিলি ২:১৯-৩০)।

□ “ফৈবী” তার নামের অর্থ হল “উজ্জ্বল” বা “আলোকিত।”

□

NASB, NKJV “যিনি মণ্ডলীর সেবাকারী”

NRSV “মণ্ডলীর একজন পরিচারিকা”

TEV “যিনি মণ্ডলীর পরিচর্য্যাকারী”

এটি হল *diakonos* টার্ম। একটি ACCUSATIVE SINGULAR FEMININE রূপ। এটি হল গ্রীক টার্ম পরিচর্যাকারী/সেবকের জন্য। এটি ব্যবহৃত হয়েছে (১) খ্রীষ্টের জন্য ১৫:৮; মার্ক ১০:৪৫; (২) পৌলের জন্য ইফি ৩:৭; কল ১:২৩, ২৫; এবং (৩) পরিচারক জন্য ফিলি ১:১; ১ তীম ৩:১১।

নূতন নিয়ম এবং প্রাথমিক বাইবেল-উত্তর মন্ডলী উভয় লেখনীতে পরিচারকের কাজের বিষয়ে প্রমাণ রয়েছে। নূতন নিয়মে স্থানীয় মন্ডলীর পরিচর্যায় মহিলাদের আর একটি উদাহরণ হল পালকীয় কাজে “বিধবাদের ভূমিকা”(১ তীম ৩:১১; ৫:৩-১৬)। RSV, Amplified, এবং Phillips অনুবাদ ১৬:১ পদে “পরিচারিকা” আছে। NASB এবং NIV -তে আছে পদটীকাতে। NEB -তে আছে “যারা দায়িত্ব পালন করতেন”। সকল বিশ্বাসী আহ্বান প্রাপ্ত, দান প্রাপ্ত, পূর্ণ সময়ের পরিচর্যাকারী (ইফি ৪:১২)। কেউ কেউ আহ্বান পেয়েছেন পরিচর্যায় নেতৃত্বের ভূমিকা পালনের জন্য। আমাদের ঐতিহ্য অবশ্যই জায়গা করে দেবে শান্তে! এই প্রাথমিক পরিচারক ও পরিচারিকারা ছিলেন সেবক, নির্বাহী পরিষদ নয়।

M.R. Vincent, *Word Studies*, vol. 2, pp. 752 and 1196, বলে *Apostolical Constitutions*, দ্বিতীয় শতাব্দীর শেষ বা তৃতীয় শতাব্দীর গুরুত্বপূর্ণ সমকালীন, একটি পার্থক্য তৈরী করেছে মন্ডলীর মহিলা সাহায্যকারীদের কর্তব্য ও অভিষেকের মধ্যে।

১. পরিচারিকা
২. বিধবা (১ তীম ৩:১১; ৫:৯-১০)
৩. কুমারী (২১:৯ পদ এবং সম্ভাবত ১ করি ৭:৩৪ পদ)

এই কর্তব্যের মধ্যে অন্তর্ভুক্ত

১. অসুস্থদের দেখাশুনা
২. যারা শারীরিক নির্যাতনের শিকার তাদের দেখাশুনা
৩. বিশ্বাসের জন্য কারাবন্দী তাদের সাথে কাছাকাছি যাওয়া
৪. নতুন বিশ্বাসীদের শিক্ষা দেওয়া
৫. মহিলাদের বাস্তব সাহায্য করা
৬. কিছু কিছু মহিলা মন্ডলীর মহিলা সদস্যদের দেখাশুনা করেন

বিশেষ বিষয়: বাইবেলের মহিলারা

I. পুরাতন নিয়ম

ক. সংস্কৃতিগত ভাবে মহিলারা সম্পত্তি হিসেবে বিবেচিত

১. সম্পত্তির তালিকাতে অন্তর্ভুক্তি (যাত্রা পুস্তক ২০:১৭)
২. ক্রীতদাসীদের প্রতি আচরণ (যাত্রা পুস্তক ২১:৭-১১)
৩. সমাজে দায়িত্বপ্রাপ্ত পুরুষের দ্বারা মহিলাদের মানত ভঙ্গ করা (গণনা পুস্তক ৩০)
৪. নারীরা যুদ্ধের লুটের মাল হিসাবে গণিত (দ্বিতীয় বিবরণ ২০:১০-১৪; ২১:১০-১৪)

খ. বাস্তব ভাবে একটি সমতা ছিল

১. পুরুষ এবং মহিলা ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট (আদি পুস্তক ১:২৬-২৭)
২. পিতা এবং মাতাকে সম্মান কর (যাত্রা পুস্তক ২০:১২ [দ্বি বি ৫:১৬])
৩. মাতা এবং পিতাকে শ্রদ্ধা কর (লেবীয় পুস্তক ১৯:৩; ২০:৯)
৪. পুরুষ এবং মহিলা Nazirites (নাসরিয়) হতে পারে (গণনা পুস্তক ৬:১-২)
৫. কন্যাসন্তানদের উত্তরাধিকার আছে (গণনা পুস্তক ২৭:১-১১)
৬. নিয়ম বন্ধ লোকদের অংশ (দ্বি বি ২৯:১০-১২)
৭. পিতা এবং মাতার শিক্ষা পালন কর (হিতোপদেশ ১:৮; ৬:২০)
৮. হেমনের পুত্র ও কন্যারা (লেবীয় পরিবার) মন্দিরে বাদ্যের নেতৃত্ব দিত (১ বংশাবলী ২৫:৫-৬)
৯. পুত্র ও কন্যারা নূতন যুগে ভবিষ্যৎ বাণী করবে (যোয়েল ২:২৮-২৯)

গ. নারীরা নেতৃত্বের দায়িত্বে ছিলেন

১. মোশির বোন, মিরিয়াম, যাকে ভাববাদিনী বলা হয়েছে (যাত্রা পুস্তক ১৫:২০-২১ আরও দেখুন মীখা ৬:৪)
২. ঈশ্বরের দান প্রাপ্ত মহিলারা আবাস-তাম্বুর জন্য কাপড় সেলাই করতেন (যাত্রা পুস্তক ৩৫:২৫-২৬)
৩. একজন মহিলা, দবোরা, একজন ভাববাদিনীও ছিলেন (বিচার ৪:৪), সকল গোষ্ঠীকে নেতৃত্ব দিতেন (বিচারকর্তৃকগণ ৪:৪-৫; ৫:৭)
৪. হুলদা ছিলেন একজন ভাববাদিনী যাকে যোশিয় রাজা আহ্বান করেছিলেন সদ্য-প্রাপ্ত “ব্যবস্থার পুস্তক” পাঠ ও অনুবাদ করার জন্য (২ রাজাবলী ২২:১৪; ২ বংশাবলী ৩৪:২২-২৭)
৫. রাণী ইস্টের, একজন ধার্মিকা মহিলা ছিলেন, পারস্যে যিহূদীদের রক্ষা করেছিলেন।

II. নূতন নিয়ম

ক. সংস্কৃতিগত ভাবে মহিলারা যিহূদী ধর্মে এবং Greco-Roman বিশ্ব উভয় স্থানেই দ্বিতীয় শ্রেণীর নাগরিক ছিলেন অল্প কিছু অধিকার বা সুযোগ সুবিধা নিয়ে (মাকিদোনিয়া ছিল ব্যতিক্রমী)।

খ. নেতৃত্বের পদে মহিলারা

১. এলিজাবেথ এবং মরিয়ম, ধার্মিকা মহিলা ঈশ্বরের কাছে গ্রহণযোগ্য ছিলেন (লুক ১-২)
২. হান্না একজন ধার্মিকা মহিলা মন্দিরে সেবা করতেন (লুক ২:৩৬)
৩. লুদিয়া, বিশ্বাসী এবং একটি গৃহ মন্ডলীর নেত্রী ছিলেন (শ্রেণিত ১৬:১৪, ৪০)

৪. ফিলিপের চার জন কুমারী কন্যা ভাববাদিনী ছিলেন (প্রেরিত ২১:৮-৯)
৫. ফৈবী, কিংক্রিয়াস্থ মন্ডলীর পরিচারিকা ছিলেন (রোমীয় ১৬:১)
৬. প্রিস্কা (প্রিক্সিল্লা), পৌলের সহ-কর্মী এবং অপোল্লোর শিক্ষিকা ছিলেন (প্রেরিত ১৮:২৬; রোমীয় ১৬:৩)
৭. মরিয়ম, ক্রফেণা, ক্রফোষা, পর্শী, যুলিয়া, নীরিয়-এর বোন, পৌলের কয়েকজন মহিলা সহ-কর্মী ছিলেন (রোমীয় ১৬:৬-১৬)
৮. যুলিয়া (KJV), সম্ভবত একজন মহিলা প্রেরিত ছিলেন (রোমীয় ১৬:৭)
৯. ৯। ইবদিয়া এবং সুম্মথী, পৌলের সহ-কর্মী ছিলেন (ফিলি ৪:২-৩)

III. কিভাবে একজন আধুনিক বিশ্বাসী বিভিন্ন বাইবেলের উদাহরণের তুলনা করবে?

ক. কিভাবে একজন ঐতিহাসিক বা সাংস্কৃতিক সত্যগুলো নিরূপণ করবে, যেগুলো প্রয়োগ শুধুমাত্র মূল প্রসঙ্গে, কারণ অনন্তকালীন সত্য সকল মন্ডলী, সকল বয়সের সকল বিশ্বাসীদের জন্য বৈধ?

১. আমাদের মূল থেকে অনুপ্রাণিত লেখকের অভিপ্রায়কে অবশ্যই গুরুত্বের সাথে নেওয়া উচিত। বাইবেল হল ঈশ্বরের বাক্য এবং বিশ্বাস ও অনুশীলনের একমাত্র উৎস।

২. আমাদের অবশ্যই আলোচনা করতে হবে স্পষ্টত ঐতিহাসিক ভাবে-শর্তযুক্ত অনুপ্রাণিত লেখনীগুলি।

ক. ইস্রায়েলীয়দের উপাসনাকারী (cultus) (অর্থাৎ, অনুষ্ঠানিকতা এবং উপাসনা) (প্রেরিত ১৫; গালা ৩)

খ. প্রথম শতকের যিহুদী ধর্ম

গ. পৌলের ১ করিন্থীয়তে সুস্পষ্ট ঐতিহাসিকভাবে-শর্তযুক্ত বিবৃতি

(১) পৌত্তলিক রোমের আইন ব্যবস্থা (১ করি ৬)

(২) দাস হিসাবে থাকা (১ করি ৭:২০-২৪)

(৩) কৌমার্য (১ করি ৭:১-৩৫)

(৪) কুমারীত্ব (১ করি ৭:৩৬-৩৮)

(৫) প্রতিমা কাছে খাবার উৎসর্গ (১ করি ৮; ১০:২৩-৩৩)

(৬) প্রভুর ভোজে অযোগ্য কার্যকলাপ (১ করি ১১)

৩. ঈশ্বর সম্পূর্ণভাবে এবং স্পষ্টভাবে নিজেকে প্রকাশ করেছেন একটি নির্দিষ্ট সংস্কৃতিতে, একটি নির্দিষ্ট দিনে। আমাদের এই প্রকাশকে গুরুত্বের সাথে নিতে হবে, কিন্তু এর ঐতিহাসিক বিষয়ের প্রতিটি দিক থেকে দৃষ্টিভঙ্গি নয়। ঈশ্বরের বাক্য মানুষের বাক্য দিয়ে লেখা হয়েছে, একটি নির্দিষ্ট সময়ে একটি বিশেষ সংস্কৃতিকে উদ্দেশ্য করে।

খ. বাইবেলীয় ব্যাখ্যা অবশ্যই মূল লেখকের উদ্দেশ্যকে খুঁজবে। তিনি তার নিজের সময় কালে কি বলছেন? এটি হল সঠিক ব্যাখ্যার জন্য মূল ও গুরুত্বপূর্ণ। কিন্তু তখন এটি অবশ্যই আমাদের নিজেদের সময় কালে প্রয়োগ করতে হবে। এখন, মহিলাদের নেতৃত্বের বিষয়ে সমস্যা রয়েছে (মূল ব্যাখ্যাগত সমস্যা হতে পারে টার্মটির ব্যাখ্যা করা। সেখানে কি পালকীয় ছাড়াও আরও পরিচর্যাসমূহ ছিল যাদের দেখা হত নেতৃত্ব দানকারী হিসাবে? পরিচারিকা বা ভাববাদিনীদের কি নেত্রী হিসাবে দেখা হত?) এটা খুবই স্পষ্ট যে পৌল ১ করি ১৪:৩৪-৩৫ এবং ১ তীম ২:৯-১৫ পদে দাবী করেছেন যে মহিলাদের প্রকাশ্য আরাধনা পরিচালনা করা উচিত নয়! কিন্তু আমি কিভাবে এটি আজকে প্রয়োগ করবো? আমি চাই না পৌলের সংস্কৃতি এবং আমার সংস্কৃতি ঈশ্বরের বাক্য বা ইচ্ছাকে নিরব করুক। সম্ভবত পৌলের সময়কাল ছিল খুবই সীমিত, কিন্তু আমার সময়কাল হতে পারে অনেক খোলামেলা। আমি খুবই অস্বস্তিবোধ করছি বলতে যে পৌলের বাক্য এবং শিক্ষা ছিল শর্তযুক্ত, প্রথম শতকের, স্থানীয় পরিস্থিতিগত সত্য। আমি কে যে আমি আমার মন এবং আমার সংস্কৃতিকে একজন অনুপ্রাণিত লেখককে অগ্রাহ্য করতে দেব?!

যাহোক, আমি কি করবো সেই সব জায়গায় যেখানে বাইবেলের উদাহরণ রয়েছে মহিলাদের নেতৃত্বের (এমনকি পৌলের লেখনীতেও, রোমীয় ১৬)? একটি ভাল উদাহরণ পৌলের প্রকাশ্য আরাধনা নিয়ে আলোচনার ১ করিন্থীয় ১১-১৮ অধ্যায়ে। ১১:৫ পদে তিনি মনে হয় মহিলাদের অনুমতি দিচ্ছেন মাথা ঢেকে প্রচার করতে এবং প্রকাশ্য আরাধনায় প্রার্থনা করতে, তবুও ১৪:৩৪-৩৫ পদে তিনি চেয়েছেন তারা যেন নিরব থাকে! তারা ছিলেন পরিচারিকা (রোমীয় ১৬:১) এবং ভাববাদিনী (প্রেরিত ২১:৯)। এটা হল সেই বিভিন্নতা যেটা আমাকে স্বাধীনতা দিয়েছে পৌলের মন্তব্যগুলো (মহিলাদের নিষেধাজ্ঞার সাথে সম্পর্কিত হিসাবে) চিহ্নিত করতে করিছ ও ইফিষের মণ্ডলীর প্রথম শতাব্দীর সীমা হিসাবে। উভয় মন্ডলীতে মহিলাদের তাদের নতুন পাওয়া স্বাধীনতার চর্চা নিয়ে সমস্যা ছিল। (Bruce Winter, *After Paul Left Corinth*), যেটি সম্ভবত মন্ডলীর জন্য কঠিন হয়ে উঠেছিল খ্রীষ্টকে নিয়ে তাদের সমাজের কাছে পৌছানোর। তাদের স্বাধীনতাকে সীমাবদ্ধ করা দরকার ছিল যাতে সুসমাচার আরও কার্যকরী হয়।

আমার সময়কাল পৌলের একবারে উল্টা। আমার সময়কালে সুসমাচার হয়তো সীমাবদ্ধ ছিল যদি স্পষ্ট উচ্চারণকারী, প্রশিক্ষিত মহিলাদের সুসমাচার সহভাগিতা করার অনুমতি না থাকতো, পরিচালনা করার অনুমতি না থাকতো! প্রকাশ্য আরাধনার চূড়ান্ত লক্ষ্য কি? এটা কি ধর্মপ্রচার ও শিষ্যকরণ নয়? ঈশ্বর কি সম্মানিত এবং সম্ভবত হবেন মহিলা নেত্রীদের বিষয়ে? সমগ্র বাইবেল মনে হয় বলছে “হ্যাঁ”!

আমি পৌলের হাতে ছেড়ে দিতে চাই; আমার ধর্মতত্ত্ব প্রাথমিকভাবে পৌলের। আমি আধুনিক নারীবাদ দ্বারা অতি প্রভাবিত বা নিয়ন্ত্রিত হতে চাই না! যাহোক, আমি অনুভব করি মন্ডলী সুস্পষ্ট বাইবেলের সত্যে সাড়া প্রদানে ধীর, যেমন ক্রীতদাস প্রথা, বর্ণবাদ, ধর্মাক্রান্ত এবং যৌনবাদের অনুপযুক্ততা। এটি আরও ধীর ছিল আধুনিক বিশ্বে মহিলাদের অমর্যাদার উপযুক্ত সাড়া দানে। খ্রীষ্টে ঈশ্বর মহিলা এবং ক্রীতদাসদের মুক্ত করেছেন। আমি সাহস করব না একটি সংস্কৃতি-বদ্ধ লেখনীকে পুনরায় নাড়াচাড়া করতে।

আরো একটি বিষয়: একজন ব্যাখ্যাকারী হিসাবে আমি জানি যে করিছ ছিল খুব একটি বিপর্যস্ত মণ্ডলী। চমৎকার দানসমূহ ছিল পুরস্কার এবং লোক দেখানো। মহিলারা সম্ভবত এতে আকর্ষিত হতো। আমি আরও বিশ্বাস করি যে ইফিষ মণ্ডলী ক্ষতিগ্রস্ত হয়েছিল ভদ্র শিক্ষকদের দ্বারা যারা মহিলাদের বিষয়ে সুযোগ নিয়েছিল এবং তাদের ব্যবহার করছিল ইফিষের গৃহ মন্ডলীগুলোতে বিকল্প বক্তা হিসাবে।

গ. অধিকতর অধ্যয়নের জন্য পরামর্শ

How to Read the Bible For All Its Worth by Gordon Fee and Doug Stuart (pp. 61-77)

□ “মন্ডলী” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: মন্ডলী (*EKKLESIA*)

এই গ্রীক টার্ম *EKKLESIA* এসেছে দুটি শব্দ থেকে, “বাহির হওয়া” এবং “আহ্বান করা”, সেজন্য এই টার্মটি ইঙ্গিত করে ঐশ্বরীক ভাবে আহ্বান প্রাপ্তদের। আদি মন্ডলী এই শব্দটি নিয়েছিল নিরপেক্ষ ব্যবহার থেকে (প্রেরিত ১৯:৩২, ৩৯, ৪১) এবং সেপ্টুয়াজিন্টে এই টার্মটি ইস্রায়েলীয়দের “আরাধনায় একত্রিত” লোকদের জন্য ব্যবহার করার কারণে (*Qahal*, BDB 874, গণনা ১৬:৩; ২০:৪)। তারা এটা ব্যবহার করতো নিজেদের জন্য পুরাতন নিয়মে ঈশ্বরের লোকদের ধারাবাহিকতা বজায় রাখতে। তারা ছিল নূতন ইস্রায়েল (রোমীয় ২:২৮-২৯; গালাতীয় ৬:১৬; ১ পিতর ২:৫,৯; প্রকাশিত বাক্য ১:৬), ঈশ্বরের বিশ্বব্যাপি প্রচার কাজের উদ্দেশ্য পরিপূর্ণতা (আদি পুস্তক ৩:১৫; ১২:৩; যাত্রা পুস্তক ১৯:৫-৬; মথি ২৮:১৮-২০; লুক ২৪: ৪৭; প্রেরিত ১:৮)।

এই টার্মটি ব্যবহার করা হয়েছে বিভিন্ন অর্থে সুসমাচারে এবং প্রেরিতদের কার্য বিবরণিতে।

১. নিরপেক্ষ নাগরিক সভায়, প্রেরিত ১৯:৩২, ৩৯, ৪১
২. খ্রীষ্টে ঈশ্বরের সার্বজনীন লোক, মথি ১৬:১৮ এবং ইফিষীয়
৩. একটি স্থানীয় খ্রীষ্টে বিশ্বাসীদের দল, মথি ১৮:১৭; প্রেরিত ৫:১১ (এই পদে যিরূশালেমের মন্ডলী)
৪. সম্মিলিতভাবে ইস্রায়েলের সমস্ত লোক, প্রেরিত ৭:৩৮ স্তীফানের প্রচারে
৫. একটি অঞ্চলে ঈশ্বর লোক, প্রেরিত ৮:৩ (যিহূদা বা প্যালেস্টাইন)

□ “কিংক্রিয়া” এটি ছিল করিছের দুটি সমুদ্র বন্দরের একটি। এটি ছিল পূর্ব দিকে (প্রেরিত ১৮:১৮)।

১৬:২ “যেন তোমরা তাকে প্রভুতে পবিত্রগণের যথাযোগ্য ভাবে গ্রহণ কর” এটি *prosdēchomai* এর AORIST MIDDLE [deponent] SUBJUNCTIVE, যার অর্থ “অতিথি হিসাবে সমাদরে গ্রহণ করা” (ফিলি ২:২৯)। পৌল এই মহিলাকে বিশ্বাস করেছিলেন এবং চেয়েছিলেন মন্ডলী যেন তার পক্ষে তাকে গ্রহণ করে। সত্য হল যে তার এই বলার প্রয়োজনীয়তা সংস্কৃতিগত পরিমন্ডলকে দেখায়।

□ “পবিত্রগণ” এই টার্মের অর্থ “পবিত্র জন।” এটি কেবল মাত্র বর্ণনা করে না একজন বিশ্বাসীর যীশুতে অবস্থান, কিন্তু প্রত্যাশিত তাদের ধার্মিক জীবন, খ্রীষ্টতে তাদের এই নূতন পবিত্র অবস্থানের অগ্রসরমান বৈশিষ্ট্যসমূহ। “পবিত্রগণ” টার্মটি সব সময় বহুবচন ব্যাতিক্রম একবার মাত্র ফিলিপীয়তে (৪:২১) এবং যেখানেও এটি আছে একটি যৌথ অর্থে। একজন খ্রীষ্টিয়ান হওয়া হল একটি বিশ্বাসী সম্প্রদায়, একটি পরিবার, একটি দেহের অংশ হওয়া। পাশ্চাত্যের আধুনিক মন্ডলী বাইবেলের এই বিশ্বাসের যৌথ দৃষ্টিভঙ্গির অবমূল্যায়ন ঘটিয়েছে! দেখুন বিশেষ বিষয়: ১:৭ পদে পবিত্রগণ।

□ “যে কোন বিষয়ে তোমাদের থেকে উপকারের তার প্রয়োজন হতে পারে তা কর” এখানে দুটি SUBJUNCTIVES। প্রথমটি *paristēmi* (AORIST ACTIVE), অর্থ “সাহায্য হিসাবে পাশে দাঁড়ানো” দ্বিতীয়টি *chrēzō* (PRESENT ACTIVE), অর্থ “যে কোন প্রকারে সাহায্য করা” (২ করি ৩:১)।

এটি উল্লেখ করে ভ্রমণশীল পরিচর্যাকারীর জন্য বস্তুগত জিনিস যোগান। এটাই ছিল সুপারিশপত্রের উদ্দেশ্য।

□

NASB, NKJV “অনেকের উপকারিণী হয়েছেন”
NRSV “অনেকের লাভজনক হয়েছেন”
TEV “কারণ তিনি অনেকের ভাল বন্ধু হয়েছে”
NJB “অনেকের তত্ত্বাবধান করেছেন”

এই টার্ম, *proistatis* শুধুমাত্র নূতন নিয়মের এখানে পাওয়া যায়। সম্ভবত এটি নির্দেশ করেছে বস্তুগত অথবা আর্থিক সাহায্য। এই শব্দ মূলত নির্দেশ করে একজন সম্পদশালী পৃষ্ঠপোষিকার। যেহেতু ফেবী রোমের যাত্রা করছিলেন (১ পদ) এবং অনেককে সাহায্য করেছেন (২ পদ), এটা সম্ভবত তার ক্ষেত্রে ঐতিহাসিক ভাবে সত্য।

NASB (আপডেটেড) টেক্সট: ১৬:৩-১৬

° শিক্ষা ও আঙ্কিলা, খ্রীষ্ট যীশুতে আমার সহকারী, তাদের মঙ্গলবাদ কর; ° তারা আমার প্রাণের জন্য নিজেদের গ্রীবা পেতে দিয়েছিলেন; কেবল আমিই যে তাদের ধন্যবাদ করি এমন নয়, কিন্তু পরজাতীয়দের সব মন্ডলীও করে; ° আর তাদের গৃহস্থিত মন্ডলীকেও মঙ্গলবাদ কর। আমার প্রিয় ইপেনিত, যিনি খ্রীষ্টের উদ্দেশ্যে এশিয়া দেশের প্রথম বিশ্বাসী, তাকে মঙ্গলবাদ কর। ° মরিয়ম যিনি তোমাদের জন্য বহু পরিশ্রম করেছেন তাকে মঙ্গলবাদ কর। ° আমার স্বজাতীয় ও আমার সহবন্দি আন্দ্রনিক ও যুনিয়কে মঙ্গলবাদ কর, তাহারা প্রেরিতদের মধ্যে সুপরিচিত, তাছাড়া আমার আগে খ্রীষ্টের আশ্রিত হন। ° প্রভুতে আমার প্রিয় যে আমপ্লিয়াত, তাকে মঙ্গলবাদ কর। ° খ্রীষ্টে আমাদের সহকারী উর্বাণকে, এবং আমার প্রিয় স্ত্রীকে মঙ্গলবাদ কর।

^{১০} খ্রীষ্টে পরীক্ষাসিদ্ধ আপিলিকে মঙ্গলবাদ কর। আরিষ্টবুলের পরিজনগণকে মঙ্গলবাদ কর। ^{১১} আমার স্বজাতীয় হেরোদিয়োনকে মঙ্গলবাদ কর। নার্কিসের পরিজনবর্গের মধ্যে যারা প্রভুতে আছেন তাদেরকে মঙ্গলবাদ কর। ^{১২} ক্রফেণা ও ক্রফোষা, যারা প্রভুতে পরিশ্রম করেন, তাদেরকে মঙ্গলবাদ কর। প্রিয়া পর্ষী, যিনি প্রভুতে অত্যন্ত পরিশ্রম করেছেন, তাকে মঙ্গলবাদ কর। ^{১৩} প্রভুতে মনোনীত রুফকে, আর তার মাকে যিনি আমারও মা তাকে মঙ্গলবাদ কর। ^{১৪} অসুখক্রিত, ফ্রিগোন, হর্মিপাত্রোবা, হর্মা, এবং তাদের সঙ্গের ভাইদের মঙ্গলবাদ কর। ^{১৫} ফিললগ ও যুলিয়া, নীরিয় ও তার বোন এবং ওলুম্প, ও তাদের সঙ্গের সমস্ত পবিত্র লোককে মঙ্গলবাদ কর। ^{১৬} তোমরা পবিত্র চুধনে পরম্পর মঙ্গলবাদ কর। খ্রীষ্টের সমস্ত মন্ডলী তোমাদেরকে মঙ্গলবাদ করছে। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:৩ “প্রিক্ষা এবং আঙ্কিলা” লুক তাকে ডেকেছেন “প্রিক্ষিলা” বলে। প্রায়ই তার স্বামীর নামের আগে তার নামটি নেওয়া হতো, যেটি ছিল সংস্কৃতিগত ভাবে খুবই অস্বাভাবিক (প্রেরিত ১৮:১৮, ২৬; ১ করি ১৬:১৯; ২ তীম ৪:১৯)। সম্ভবত তিনি ছিলেন রোমীয় অভিজাত পরিবারের বা এই দম্পত্তি ছিলেন প্রভাবশালী। পৌল এবং এই দম্পত্তি উভয়েই ছিলেন তাম্বু-প্রস্তুতকারী বা চর্মকার। পৌল তাদের ডাকতেন “খ্রীষ্ট যীশুর সহকর্মী”। তিনি সম্ভবত রোমীয় মন্ডলীর শক্তি ও দুর্বলতা সম্পর্কে জেনে ছিলেন এই দম্পত্তির কাছ থেকে।

১৬:৪ “নিজেদের গ্রীবা পেতে দিয়েছিলেন” এটি “জল্লাদের কুড়াল” টার্ম থেকে আসা একটি বাগধারা। পৌল এই শব্দগুচ্ছ দ্বারা কি বোঝাতে চেয়েছেন সে বিষয়ে বাইবেল নিরব।

□ “কেবল আমিই যে তাদের ধন্যবাদ করি এমন নয়, কিন্তু পরজাতীয়দের সব মণ্ডলীও করে” পৌল এই দম্পত্তির প্রতি তাদের বন্ধুত্ব ও কার্যকর সাহায্যের জন্য খুবই কৃতজ্ঞ ছিলেন। এমনকি তিনি তাদের সেবা কাজ বিস্তারিত করেছিলেন “পরজাতীয়দের সকল মন্ডলীতে।” কি এক সুদূর প্রসারী সমর্থন ও ধন্যবাদ জ্ঞাপন! এটা মনে হয়ে নির্দেশ করে তাদের অপোল্লোর প্রতি উৎসাহ মূলক ও তথ্যবহুল পরিচর্যার (প্রেরিত ১৮:২৪-২৮)।

১৬:৫ “মণ্ডলী” এটি নির্দেশ করে লোকদের, দালান নয়। এই টার্মটির অর্থ “আহ্বান প্রাপ্তরা”। গ্রীক পুরাতন নিয়ম, সেপ্টুয়াজিণ্টে (LXX) টার্মটি ব্যবহৃত হয়েছে, এর অনুবাদ ইব্রীয় টার্মে *qahal*, যার অনুবাদ “আরাধনায় সমবেত লোকসাধারণ।” আদি মন্ডলী তাদের বিবেচনা করতো স্বাভাবিক উত্তরাধিকারী এবং পুরাতন নিয়মের “ইশ্রায়েলের লোক সাধারণের” পরিপূর্ণতা হিসাবে, একটি সাম্প্রদায়িক দলছুট গোষ্ঠি হিসাবে নয়। দেখুন বিশেষ বিষয় ১৬:১ পদে।

□ “তাদের গৃহস্থিত” আদি খ্রীষ্টিয়ানেরা একটি গৃহে মিলিত হতেন (১৬:২৩; প্রেরিত ১২:১২; ১ করি ১৬:১৯; কল ৪:১৫ এবং ফিলিমন ২)। মন্ডলীর দালান তৃতীয় শতাব্দীর আগে দেখা যায়নি।

□ “ইপেনিত” এই লোকটির নামের অর্থ “প্রশংসিত হওয়া”।

□ “যিনি প্রথম বিশ্বাসী” এটি আরও বলেছে স্ত্রিফানের পরিজনবর্গ ১ করি ১৬:১৫ পদে।

□ “এশিয়া দেশের” এটি নির্দেশ করে রোমীয় প্রদেশকে যেটি আধুনিক তুরস্কের পশ্চিমের তিন ভাগের এক ভাগ নিয়ে গড়ে উঠেছিল।

১৬:৬ “মরিয়ম যিনি তোমাদের জন্য বহু পরিশ্রম করেছেন” এই ব্যক্তি সম্পর্কে কোন কিছুই জানা যায় না। তিনি সম্ভবত রোমীয় মণ্ডলীর একজন ধর্মপ্রচারিকা ছিলেন। সেজন্য অনেক আসাধারণ, ধার্মিক বিশ্বাসীরা আমাদের কাছে অজানা কিন্তু ঈশ্বরের কাছে ভালভাবে পরিচিত।

১৬:৭ “আমার স্বজাতীয় ও আমার সহবন্দী” আধুনিক পন্ডিতরা নিশ্চিত নন যে কোন ধরণের বন্দীত্বের কথা এখানে উল্লেখ করা হয়েছে। পৌল তার বিশ্বাসের জন্য অনেক কষ্ট ভোগ করেছেন (২ করি ৪:৮-১১; ৬:৪-১০; ১১:২৫-২৮)। তিনি ফিলিপিতে, কৈসারিয়া, রোম এবং সম্ভবত আরো অনেক জায়গাতে কারাবাস করেছিলেন (ইফিষীয়, ১ করি ১৫:৩২, ২ করি ১:৮)।

□ “যুনিয়” এই নামটি হতে পারে পুংলিঙ্গ অথবা স্ত্রী-লিঙ্গ, যেটি অবশ্যই উচ্চারণের ভঙ্গির দ্বারা নির্ধারণ করা হতো। এখানে গ্রীক পান্ডুলিপির ভিন্নতা রয়েছে, “*Iouinian*,” পাওয়া যায় MSS α , A, B, C, D, F, G & P -এ, কিন্তু কোন উচ্চারণ ভঙ্গি নয়। এই উচ্চারণ ভঙ্গির স্ত্রী-লিঙ্গের রূপ পাওয়া যায় MSS B², D² এবং 0150। আদি papyrus পান্ডুলিপি P⁴⁶ এবং কিছু কিছু Vulgate এবং Coptic অনুবাদ, সেই সাথে গ্রীক লেখনী জেরোম কর্তৃক ব্যবহৃত, সেখানে আছে “*Ioulian*” যার অর্থ হল স্ত্রী-লিঙ্গ। কিছু কিছু পন্ডিত মনে করেন যে এটি একটি অনুলিখনগত ভুল। এই স্ত্রী-লিঙ্গ রূপ ১৬:১৫ পদে দেখা যায় না। এটা সম্ভব যে দুই ব্যক্তির নাম ৭ পদে ছিল

১. দুইজন যিহুদী বিশ্বাসী যারা পৌলের সাথে বন্দী ছিলেন
২. ভাই ও বোন
৩. স্বামী ও স্ত্রী

যদি এটি স্ত্রী লিঙ্গ হয় এবং যদি শব্দগুচ্ছ “প্রেরিত” টার্মটি একটি বৃহত্তর পরিমন্ডলে ব্যবহার নির্দেশ করে “বারোজন,” তাহলে ইনি ছিলেন একজন মহিলা প্রেরিত।

এটি আরও আকর্ষণীয় যে “যুনিয়া” বনানটি রোমীয় সাহিত্যে বা শিলালিপি কোথাও খুঁজে পাওয়া যায় না, কিন্তু “যুনিয়” নামটি ছিল খুবই প্রচলিত। এটি ছিল একটি রোমীয় পারিবারিক নাম। পরিচর্যায় মহিলাদের আরও তথ্যের জন্য দেখুন *Women Leaders and the Church*, by Linda L. Belleville, pp. 188 footnote 42।

□

NASB “তারা প্রেরিতদের মধ্যে সুপরিচিত”
NKJV “তারা প্রেরিতদের মধ্যে উল্লেখযোগ্য”
NRSV “তারা প্রেরিতদের মধ্যে প্রসিদ্ধ ছিলেন”
TEV “তারা প্রেরিতদের মধ্যে সুপরিচিত ছিলেন”
NJB “যারা প্রেরিতদের মধ্যে সুপরিচিত”

এটি উল্লেখ করতে পারে বারো জনকে, যদি তাই হয় তবে এই দুইজন তাদের খুবই পরিচিত ছিলেন, অথবা একটি বৃহত্তর পরিচর্যার দল “প্রেরিত” নামে পরিচিত পেয়েছিল (প্রেরিত ১৪:৪, ১৪; ১৮:৫, ১ করি ৪:৯; গালা ১:১৯; ফিলি ২:২৫; ১ থি ২:৬)। এই প্রসঙ্গ ইঙ্গিত দেয় এর ব্যাপকতর ব্যবহার, যেমন ইফিযীয় ৪:১১ পদ, কিন্তু DEFINITE ARTICLE বোঝায় বারো জনকে। দেখুন বিশেষ বিষয়: প্রেরিত (*Apostellō*) ১:১ পদে।

□ “আমার আগে খ্রীষ্টের আশ্রিত হন” এর সুস্পষ্ট অর্থ যে তারা রক্ষা পেয়েছিলেন এবং পৌলের দম্মশকের রাস্তার অভিজ্ঞতার পূর্বে খ্রীষ্টের কার্যক্রমে সক্রিয় ছিলেন।

১৬:৮-১৬ এই অংশের নামগুলি সাহিত্য পণ্ডিতদের কাছে অজানা ছিল। তারা ঈশ্বর এবং পৌলের প্রিয় ছিলেন, কিন্তু তাদের নাম এবং কার্যক্রম নূতন নিয়মে বা আদি খ্রীষ্টিয় সাহিত্যে লিপিবদ্ধ করা হয়নি। এটা অসাধারণ যে সেখানে একটি মিশ্রণ আছে (১) প্রচলিত ক্রীতদাসের নাম; (২) অভিজাত রোমীয়; এবং (৩) যিহূদী পারিবারিক নাম। মণ্ডলীতে পুরুষ ও মহিলারা আছেন। মণ্ডলীতে বিত্তশালী মুক্তমানুষ এবং ভ্রমণশীল প্রচারক আছেন। মণ্ডলীতে পারস্য থেকে আসা বিদেশী ছিলেন। যীশু খ্রীষ্টের মণ্ডলীতে সকল বাধা দূর হয়েছিল (৩:২২; ১০:১২; যোয়েল ২:২৮-৩২ [প্রেরিত ২:১৪-২১]; ১ করি ১২:১১; গালা ৩:২৮; কল ৩:১১)!

১৬:৮ “আমপ্লিয়াত” এই নামটি, প্রিক্ষা ও যুনিয়র মত, একটি সুপরিচিত রোমীয় পারিবারিক নাম ছিল।

□ “প্রভুতে আমার প্রিয়” “অতি প্রিয়” টার্মটি ব্যবহার করছেন ঈশ্বর পিতা পুত্র যীশুর জন্য মথি ৩:১৭ এবং ১৭:৫ পদে, যেটি যিশাইয়ের দাসের সংগীতের একটি শিরোনাম হতে পারে (মথি ১২:১৮ পদ, উদ্ধৃত করেছেন যিশা ৪২:১ পদের)। যাহোক, পৌল এটা ব্যবহার করতেন বিশ্বাসীদের উদ্দেশ্য করে (১:৭; ১৬:৮, ৯; ১ করি ৪:১৪, ১৭; ১৫:৫৮; ইফি ৬:২১; ফিলি ২:১২; কল ৪:৭, ৯, ১৪; ১ তীম ৬:২; ফিলিমন ১৬ পদ)।

১৬:৯ “উর্বাণ” নামটির অর্থ “শহর নিবাসী” বা “শহরজাত”।

□ “খ্রীষ্টেতে” এটি সমস্ত অধ্যায় জুড়ে একটি বার বার বলা শব্দগুচ্ছ, “প্রভুতে” সহ। এই খ্রীষ্টিয়ান কর্মীরা সকলে ছিলেন এক পরিবার, একজন উদ্ধারকর্তার অংশ।

□ “স্তাখুক” এটি একটি দুর্লভ নাম যার অর্থ “কর্ণ” (শস্যের)। প্রত্নতত্ত্ববিদেরা এই নামটি পেয়েছেন সিজারের পরিবারের সাথে সম্পর্ক যুক্ত।

১৬:১০ “খ্রীষ্টে পরীক্ষাসিদ্ধ” এই বাগধারাগত শব্দগুচ্ছ নির্দেশ করে যে একজন পরীক্ষার মধ্য দিয়ে গিয়েছেন এবং বিশ্বস্ত রয়েছেন। দেখুন বিশেষ বিষয় ২:১৮ পদে।

□ “পরিজনগণকে মঙ্গলবাদ কর” কিছু কিছু পণ্ডিত ধারণা করেন যে এই শব্দগুচ্ছটি নির্দেশ করে আরিস্টবুলের গৃহস্থলী কাজে নিয়োজিত ক্রীতদাসদের কিন্তু পরিবারের সদস্যদের নয়, এবং ১১ পদের শব্দগুচ্ছের ক্ষেত্রেও এটি সত্য, “নার্কিসের গৃহস্থলীতে যারা”।

□ “আরিস্টবুল” কিছু কিছু পণ্ডিত (ক্ষিপ্ত) ধারণা করেন যে ইনি ছিলেন হেরোদ প্রথম আফ্রিগ্লর ভাই (যিনি প্রেরিত ১২ অধ্যায়ে প্রেরিত যাকোবকে মেরে ফেলেছিলেন)। যদি তাই হয়, এটা দেখায় যে কিভাবে সুসমাচার রাজকীয় ইদুমিয় পরিবারের ভিতরে প্রবেশ করতে শুরু করেছিল।

১৬:১১ “হেরোদিয়োন” এটা হেরোদ পরিবারের একজন ক্রীতদাস হতে পারে।

□ “নার্কিসের পরিজনবর্গের মঙ্গলবাদ কর” এটা হয়তো নির্দেশ করে সম্রাট ক্লৌদিয়ের সুপরিচিত দাসকে। যদি তাই হয়, এটা দেখায় যে কিভাবে সুসমাচার রোমীয় রাজপুরিতে প্রবেশ করেছিল।

১৬:১২ “ত্রফোণা” এই নামের অর্থ “সুন্দর/চমৎকার”।

□ “ত্রফোষা” এই নামের অর্থ “সুফ্ল/রুচিকর”। তারা ছিলেন সম্ভবত বোন, এমনকি যমজ।

□ “পরিশ্রম করেন” এই টার্মটির অন্তর্নিহিত অর্থ পরিশ্রম শেষ বিন্দু পর্যন্ত”।

□ “পর্ষী” এর অর্থ “পারস্যের মহিলা”।

১৬:১৩ “রুফ” এই নামের অর্থ “লাল” বা “লাল চুলের মাথা”। এখানে স্পষ্টত রোমে সুপরিচিত একজন রুফ ছিলেন (মার্ক ১৫:২১)। যদিও বা তাকে এই ব্যক্তির সাথে চিহ্নিত করা অনিশ্চিত কিন্তু নিশ্চিতভাবে সম্ভব।



NASB “প্রভুতে মনোনীত”

NKJV, NRSV “প্রভুর মনোনীত”

TEV “প্রভুর সেবায় ব্যতিক্রমি কর্মী”

NJB “প্রভুর মনোনীত দাস”

এর আক্ষরিক অর্থ “নির্বাচিত জন”। এখানে এই টার্মটি কেবলমাত্র ঈশ্বরের আহ্বানের সাথে সম্পর্কিত নয়, কিন্তু তার জীবনধারার সেবার সাথেও। তার মাতা পৌলকেও অনেক স্নেহ যত্ন করেছিলেন।

১৬:১৪ “হর্মা” এই নামটি হল সৌভাগ্যের দেবতা। প্রথম শতাব্দীর গ্রীক-রোমীয় জগতে এটি ছিল ক্রীতদাসদের খুব প্রচলিত একটি নাম।

১৬:১৫ “সমস্ত পবিত্র লোককে” দেখুন বিশেষ বিষয়: পবিত্রলোক ১:৭ পদে।

১৬:১৬ “পবিত্র চুম্বন” কোন পূর্ব প্রমাণ নেই কে কাকে চুম্বন করেছে, বা কখন, বা কোথায়। যিহূদী সমাজ-গৃহে, তাদের শুভেচ্ছা জ্ঞাপনের ধরণ মন্ডলীতে প্রচলিত ছিল, পুরুষেরা পুরুষদের গালে চুম্বন করত এবং মহিলারা মহিলাদের (১ করি ১৬:২০; ২ করি ১৩:১২; ১ থি ৫:২৬; ১ পিতর ৫:১৪)। মন্ডলীর মধ্যে এই ধরণের শুভেচ্ছা জ্ঞাপন একটি সমস্যা হয়ে দাড়ায় কারণ অবিশ্বাসীরা এটি ভুল বোঝে এবং, সেহেতু কিছু মন্ডলীতে এটি বন্ধ করা হয়েছিল, যদিও Justin Martyr এটি দ্বিতীয় শতাব্দীতে উল্লেখ করেছেন।

NASB (আপডেটেড) টেক্সট: ১৬:১৭-২০

^{১৭} ভাইয়েরা, আমি তোমাদের বিনতি করছি, তোমরা যে শিক্ষা পেয়েছো, তার বিপরীতে যারা দলাদলি ও বিদ্মন জনায়, তাদের চিনে রাখ ও তাদের থেকে দূরে থাক। ^{১৮} কারণ এই রকম লোকেরা দাস, আমাদের প্রভু খ্রীষ্টের নয় কিন্তু নিজেদের পেটের দাসত্ব করে; এবং তাদের মধুর বাক্য ও ভোষামোদি দ্বারা সরল লোকদের মন ভুলায়। ^{১৯} কারণ তোমাদের বাধ্যতার কথা সকল লোকের কাছে পৌছেছে; সেজন্য আমি তোমাদের জন্য আনন্দ করছি, কিন্তু আমার ইচ্ছা এই যে তোমরা উত্তম বিষয়ে বিজ্ঞ ও মন্দ বিষয়ে অমায়িক হও। ^{২০} আর শান্তির ঈশ্বর তুরায় শয়তানকে তোমাদের পদতলে দলিত করবেন। আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ তোমাদের সহবর্তী হোক। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১৭ এই সর্তকবাণী মনে হয় অপ্রত্যাশিত ভাবে প্রসঙ্গকে ভঙ্গ করেছিল। যাহোক, পৌল হয়তো এটি যুক্ত করেছেন ভ্রমশীল পরিচর্যাকারীদের তুলনা দেখানোর জন্য। ১৭-১৮ পদে এই ভ্রান্ত শিক্ষকেরা কি করছিল তার একটি তালিকা রয়েছে

১. তারা বিভেদ উৎসাহিত করে
২. তারা বিশ্বাসীদের পথে বাধার সৃষ্টি করে
৩. তারা মন্ডলীর দেওয়া নির্দেশের বিরুদ্ধে শিক্ষা দিয়ে থাকে
৪. তারা তাদের নিজেদের উদরের রগচি অনুযায়ী কাজ করে থাকে
৫. তারা সরল বিশ্বাসী লোকদের হৃদয়কে তাদের চসৎকার, চাটুকারিতা দিয়ে ভোলায়

এই তালিকা ১৪:১-১৫:১৩ পদের দুর্বল এবং সবল বিশ্বাসীদের সাথে সম্পর্কযুক্ত নয়।

□ “তাদের থেকে দূরে থাক” এটি একটি PRESENT ACTIVE IMPERATIVE। এটি পুনরাবৃত্তির বিষয় (গালা ১:৮-৯; ২ থি ৩:৬,১৪; ২ যোহন ১০)।

১৬:১৮

NASB, NRSV

TEV “তাদের নিজেদের পেটের”

NKJV “তাদের নিজেদের উদর”

NJB “তাদের নিজেদের লোভে”

এটি আক্ষরিক ভাবে “পেট” (ফিলি ৩:১৯; তীত ১:১২)। ভ্রান্ত শিক্ষকেরা তাদের সব কিছু নিজেদের পেটের জন্য বদলে ফেলে।

□ “মধুর বাক্য ও স্তম্ভিবাদ দ্বারা” ভ্রান্ত শিক্ষকেরা ছিল প্রায় শারিরিকভাবে আকর্ষণীয় এবং চমকার ব্যক্তিত্ব সম্পন্ন (কল ২:৪)। তারা প্রায়ই তাদের উপস্থাপনায় ছিলেন খুবই যুক্তি সঙ্গত। সাবধান! এই ভ্রান্ত শিক্ষকদের চিহ্নিত করার কিছু সম্ভাব্য বাইবেল ভিত্তিক পরীক্ষা পাওয়া যায় দ্বিতীয় বিবরণ ১৩:১-৫; ১৮:২২; মথি ৭; ফিলি ৩:২-৩, ১৮-১৯; ১ যোহন ৪:১-৩ পদে।

□ “সরল লোকদের মন ভুলায়” এটি একটি PRESENT ACTIVE INDICATIVE বোঝায় চলমান প্রতারণা। এটি স্পষ্ট যে নতুন বা স্থানীয় বিশ্বাসীরা ছিলেন দুর্বল (“শয়তানের বিষয়ে অনভিজ্ঞ”)।

১৬:১৯ “কারণ তোমাদের বাধ্যতার কথা সব লোকের কাছে পৌঁছেছে” এটি ১:৮ পদে উল্লেখ হয়েছে। এটি পৌলের একটি বাক্যালাংকার।

□ “তোমরা উত্তম বিষয়ে বিজ্ঞ ও মন্দ বিষয়ে অমায়িক হও” এটি যীশুর শিক্ষাকে প্রতিফলিত করে (মথি ১০:১৬; লুক ১০:৩)।

১৬:২০ “শান্তির ঈশ্বর” এটি ঈশ্বরের একটি অসাধারণ উপাধি (১৫:৩৩; ২ করি ১৩:১৬; ফিলি ৪:৯; ১ থিষ ৫:২৩ এবং ইব্রীয় ১৩:২০)।

□ “তুরায় শয়তানকে তোমাদের পদতলে দলিত করবেন” এটি হল আদি. ৩:১৫ পদের এর একটি ঈঙ্গিত। মশীহের সাথে বিশ্বাসীদের সম্পর্ক তাদের বিজয়ও দিয়েছে (১ যোহন ৫:১৮-২০)। এটি একটি অসাধারণ প্রতিজ্ঞা এবং দায়িত্ব। এই প্রসঙ্গে শয়তান ভ্রাতা শিক্ষকদের দ্বারা সৃষ্ট দ্বিধা-দ্বন্দ্ব এবং বিভেদকে উদাহরণ করে যার কারণে মন্ডলী তার মহান আজ্ঞার লক্ষ্য হারিয়ে ফেলে। ভ্রাতা শিক্ষকদের পিছনে থাকে মন্দতা! সুসমাচার, অন্ধকার ও মন্দতা দূরীভূত করে তাদের জন্য যারা সুসমাচার গ্রহণ করে এবং এতে জীবন যাপন করে। এই বিষয়ে একটি ভাল বইয়ের জন্য দেখুন *Three Crucial Questions About Spiritual Warfare*, by Clinton E. Arnold.

বিশেষ বিষয়: ব্যক্তিগত মন্দতা

এটি একটি কঠিন বিষয় কয়েকটি কারণের জন্য।

১. পুরাতন নিয়মে উত্তমের কোন প্রধান শত্রু প্রকাশ করে না, কিন্তু YHWH -র একজন সেবক যে মানবজাতিকে একটি বিকল্প দিয়েছিল এবং মানবজাতিকে অধার্মিকতার জন্য দোষী করেছিল (A. B. Davidson, pp. 300-306)।

২. ঈশ্বরের একজন ব্যক্তিগত প্রধান শত্রুর ধারণার উদ্ভব হয়েছিল বাইবেল মধ্যবর্তী (ক্যানন অন্তর্ভুক্ত নয়) সাহিত্যে পারস্য ধর্মের (Zoroastrianism) প্রভাবে। এটি পরবর্তীতে rabbinical যিহুদী ধর্মকে ভীষণ ভাবে প্রভাবিত করেছিল।

৩. পুরাতন নিয়মের থিমকে নূতন নিয়ম বিস্ময়কর ভাবে কঠোর ভাবে উন্নয়ন করেছিল, কিন্তু নির্বাচিত, সুনির্দিষ্ট, শ্রেণী বিভাগকে।

যদি কেউ মন্দতার বিষয়ে বাইবেলের ধর্মতত্ত্বের দৃষ্টিকোণ থেকে অধ্যয়নে অগ্রসর হয় (প্রতিটি পুস্তক বা লেখক বা কৌশলকে অধ্যয়ন এবং রূপরেখা করা হয় আলাদাভাবে) তাহলে মন্দতার একটি ভিন্ন চেহারা প্রকাশ পাবে।

যদি, তা সত্ত্বেও কেউ যদি মন্দতাকে অধ্যয়ন করতে অগ্রসর হয় বাইবেল অনুযায়ী নয় বা বাইবেল বর্হিভূত বিশ্বের ধর্মের পথে বা প্রাচ্যের ধর্মে তাহলে নূতন নিয়মের বেশির ভাগ উন্নতিতে ছায়া ফেলেছে পারস্যের দ্বৈতবাদ এবং গ্রীক-রোমীয় আত্মবাদ।

যদি কেউ পূর্ব ধারণাগত ভাবে শাস্ত্রের ঐশ্বরীয় কর্তৃত্বের কাছে অঙ্গিকার বদ্ধ হয়, তাহলে নূতন নিয়মের উন্নতিকে অবশ্যই দেখতে হবে গতিশীল প্রকাশ হিসাবে। খ্রীষ্টিয়ানদের অবশ্যই সতর্ক হতে হবে যিহুদী লোকগাথা বা ইংরাজী সাহিত্যের (অর্থাৎ, দান্তে, মিলটন) ধারণাটির আরও ব্যাখ্যার সুযোগ দানের বিষয়ে। প্রকাশের ক্ষেত্রে নিশ্চয়ই নিগূঢ়-তত্ত্ব এবং অস্পষ্টতা রয়েছে। ঈশ্বর সিদ্ধান্ত নিয়েছেন মন্দতার সকল ক্ষেত্র, এর উৎস, এর উদ্দেশ্য প্রকাশ না করার, কিন্তু তিনি এর পরাজয় প্রকাশ করেছেন!

পুরাতন নিয়মে শয়তান (BDB 966) বা অভিযোগকারী টার্মটি মনে হয় তিনটি পৃথক দলের সাথে সম্পর্কযুক্ত।

১. মানবিক অভিযোগকারী (১ শমু ২৯:৪; ২ শমু ১৯:২২; ১ রাজা ১১:১৪, ২৩, ২৫; গীত ১০৯:৬)

২. অভিযোগকারী দূতেরা (গণনা ২২:২২-২৩; সখ ৩:১)

৩. অভিযোগকারী মন্দতা (১ বংশ ২১:১; ১ রাজা ২২:২১; সখ ১৩:২)

কেবলমাত্র পরবর্তীতে নিয়মের মধ্যবর্তী সময়কালে সময়ে আদিপুস্তক ৩ অধ্যায়ে সাপকে শয়তান হিসাবে চিহ্নিত করা হয়েছে (Book of Wisdom 2:23-24; II Enoch 31:3), এবং পরবর্তীতে এটি করা rabbinical বিষয় হয়ে দাড়ায় (cf. *Sot* 9_b and *Sanh*.29_a)। আদি পুস্তক ৬ অধ্যায়ের “ঈশ্বরের পুত্রগণ” হয়ে পড়ে I Enoch ৫৪:৬ পদের মন্দতার দূত। তারা rabbinical ধর্মতত্ত্বে মন্দতার উৎস হয়ে দাড়ায়। আমি এটা উল্লেখ করেছি, ধর্মতত্ত্বগত নির্ভুলতা দেখাবার জন্য নয়, কিন্তু এর উন্নতি দেখানোর জন্য। নূতন নিয়মে পুরাতন নিয়মের এই কার্যক্রম আরোপিত হয়েছে দূত-সূলভ, ব্যক্তিত্ব আরোপিত মন্দকে (অর্থাৎ, শয়তান) ২ করি ১১:৩; প্রকা ১২:৯ পদে।

ব্যক্তিত্ব আরোপিত শয়তানের উৎস পুরাতন নিয়ম থেকে স্থির করা কঠিন বা অসম্ভব (আপনার দৃষ্টিভঙ্গির উপর নির্ভর করে)। এর এটি কারণ হল এটি ইস্রায়েলীয়দের শক্তিশালী একেশ্বরবাদ (১ রাজা ২২:২০-২২; উপ ৭:১৪; যিশা ৪৫:৭; আমোষ ৩:৬)। সকল কার্যকরণ YHWH -তে আরোপিত তাঁর অনন্যতা এবং প্রাধান্যতা প্রদর্শন করতে (যিশা ৪৩:১১; ৪৪:৬, ৮, ২৪; ৪৫:৫-৬, ১৪, ১৮, ২১, ২২)।

সাম্রাজ্য তথ্যের উৎসগুলো হল (১) ইয়োব ১-২, যেখানে শয়তান হল “ঈশ্বরের পুত্রগণের” একজন (অর্থাৎ, দূত) অথবা (২) যিশাইয় ১৪; যিহিষ্কেল ২৮, যেখানে পূর্বদেশীয় রাজাদের (বাবিল এবং সোর) গর্ব ব্যবহার করা হত শয়তানের গর্ব চিত্রায়িত করতে (১ তীম ৩:৬)। এই প্রক্রিয়া সম্পর্কে আমার মিশ্র অনুভূতি রয়েছে। যিহিষ্কেল এদোন বাগানের রূপক কেবলমাত্র শয়তান হিসাবে সোরের রাজাকে নয় (যিহি ২৮:১২-১৬), কিন্তু মিশরের রাজাকে ভাল-মন্দ জ্ঞানদায়ক গাছ হিসাবে ব্যবহার করেছেন (যিহিষ্কেল ৩১)। যাহোক, যিশাইয় ১৪, বিশেষভাবে ১২-১৪ পদ, মনে হয় গর্বের মধ্য দিয়ে দূতদের বিদ্রোহ বর্ণনা করেছে। যদি ঈশ্বর আমাদের কাছে শয়তানের সুনির্দিষ্ট স্বভাব এবং উৎস প্রকাশ করতে চাইতেন এটি করার জন্য হত খুব কূটিল পথ ও স্থান। আমাদের অবশ্যই সতর্ক থাকতে হবে স্বল্প কথার নিয়মতান্ত্রিক ধর্মতত্ত্ব, বিভিন্ন নিয়মের অস্পষ্ট অংশগুলি, লেখক, পুস্তকসমূহ, এবং কৌশল এবং এগুলো একটি স্বর্গীয় ধারার অংশ হিসাবে সমন্বয় করা।

Alfred Edersheim (*The Life and Times of Jesus the Messiah*, vol. 2, appendices XIII [pp. 748-763] and XVI [pp. 770-776]), বলেছেন Rabbinical যিহুদী ধর্ম অতিরিক্ত ভাবে প্রভাবিত হয়েছে পারস্যীয় দৈত্ববাদ এবং মন্দতার কল্পনা থেকে। এই সকল ক্ষেত্রে সত্যের জন্য রাব্বিরা ভাল উৎস নন। যীশু যিহুদী সমাজ-গৃহের শিক্ষা থেকে ব্যাপকভাবে সরে এসেছিলেন। আমি মনে করি যে দূতসূলভ ধ্যান এবং বিরোধিতার rabbinical ধারণা সিনাই পর্বতে মোশিকে দত্ত ব্যবস্থা YHWH -র পাশাপাশি মানবের একজন প্রধান শত্রুর ধারণার পথ খুলে দিয়েছিল। পারস্যীয় (Zoroastrian) দ্বৈতবাদে দুইজন সর্বোচ্চ ঈশ্বর আছেন, *Ahkiman* এবং *Ormaza*, ভাল এবং মন্দ। এই দ্বৈতবাদ Judaic সীমিত YHWH এবং শয়তানের দ্বৈতবাদের বিকাশ ঘটিয়েছিল।

নূতন নিয়মে নিশ্চয়ই অগ্রসরমান প্রকাশ আছে যেভাবে শয়তানের উন্নয়ন করা হয়েছে, কিন্তু রাব্বিদের ঘোষণার মত এত সুসম্পন্ন নয়। এই

ভিন্নতার একটি ভাল উদাহরণ হল “স্বর্গের যুদ্ধ”। শয়তানের পতন একটি যুক্তিগত প্রয়োজন, কিন্তু সুনির্দিষ্ট কারণ বলা হয়নি। এমনকি যেগুলি দেওয়া হয়েছে তাহল রহস্যউন্মোচনমূলক কৌশলে (apocalyptic genre) (প্রকা ১২:৪, ৭, ১২-১৩)। যদিও শয়তান পরাজিত এবং পৃথিবীতে নির্বাসিত হয়েছে, সে এখনও YHWH র একজন সেবক হিসাবে কাজ করে যাচ্ছে (মথি ৪:১; লুক ২২:৩১-৩২; ১ করি ৫:৫; ১ তীম ১:২০)।

এই ক্ষেত্রে আমাদের কৌতুহলকে দমিয়ে রাখা উচিত। এখানে একটি ব্যক্তিগত প্রলোভনের এবং মন্দতার শক্তি রয়েছে, কিন্তু এখনও কেবলমাত্র একজন ঈশ্বর আছেন এবং মানবজাতি এখনও তার নিজের মনোনয়নের জন্য দায়বদ্ধ। এখানে একটি আধ্যাত্মিক যুদ্ধ রয়েছে, পরিত্রাণের আগে এবং পরে উভয় ক্ষেত্রে। বিজয় কেবলমাত্র আসবে এবং থাকবে ত্রিভু ঈশ্বরের মধ্য দিয়ে। মন্দ পরাজিত হয়েছে এবং অপসারিত হবে!

□ “আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ তোমাদের সহবর্তী হোক” এটি পৌলের প্রচলিত সমাপনী (১ করি ১৬:২৩; ২ করি ১৩:১৪; গালা ৬:১৮; ফিলি ৪:২৩; কল ৪:১৮; ১ থি ৫:২৮; ২ থি ৩:১৮ এবং প্রকা ২২:২১)। এটি সম্ভবত ছিল তার নিজের হাতে লেখা। এটা ছিল তার নিজস্ব উপায়ে তার চিঠিগুলি যাচাই করা (২ থি ৩:১৭, ১ করি ১৬:২১, কল ৪:১৮)।

NASB (আপডেটেড) টেক্সট: ১৬:২১

^{২১} আমার সহকারী তিমথীয় তোমাদের শুভেচ্ছা জানাচ্ছেন, এবং আমার স্বজাতীয় লুকিয়, যাসোন ও সোষিপাত্রও তোমাঙ্গিকে মঙ্গলবাদ করছেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:২১-২৩ এই পদগুলি হল পত্রের একটি পুনর্ন। পৌলের করিছেের সহ-কর্মীরা তাদের শুভেচ্ছা পাঠিয়েছেন।

১৬:২১ “লুকিয়” ইনি হতে পারেন

১. চিকিৎসক লুক (কল ৪:১৪), বা সম্ভবত একটি বাগধারা “উচ্চ শিক্ষিত ব্যক্তির” জন্য।
২. কুরীনীয় লুকিয় (শ্রেণিত ১৩:১)
৩. একজন অজানা খ্রীষ্টিয়ান

□ “যাসোন” ইনি সম্ভবত সেই যাসোন থিবলনীকীয় যার বাড়িতে পৌল ছিলেন (শ্রেণিত ১৭:৫-৯)।

□ “সোষিপাত্র” এই মানুষটি সম্ভবত বিরয়ার সোপাত্র শ্রেণিত ২০:৪ পদের।

NASB (আপডেটেড) টেক্সট: ১৬:২২

^{২২} এই পত্রলেখক আমি তর্তিয়, প্রভুতে তোমাদেরকে মঙ্গলবাদ করছি। (অনুবাদকৃত রেটেক্সট)।

১৬:২২ “এই পত্র লেখক আমি তর্তিয়” পৌল একজন লিপিকার (*amanuensis*) ব্যবহার করেছেন তার চিঠিগুলি লেখার জন্য (১ করি ১৬:২১; গালা ৬:১১; কল ৪:১৮; ২ থি ৩:১৭)। আমি মনে করি পৌলের চোখের দৃষ্টি কম ছিল এবং লিখতে পারতেন না ছোট, আটোসাটো লিপির প্রয়োজন ছিল একটি papyrus পাতায় বা চামড়ার ক্রেনে সংরক্ষণের জন্য!

NASB (আপডেটেড) টেক্সট: ১৬:২৩-২৪

^{২৩} আমার এবং সমস্ত মঞ্জলীর আতিথ্যকারী গায়ঃ তোমাদের মঙ্গলবাদ করছেন। এই নগরের ধনাধ্যক্ষ ইরাস্ত এবং ভ্রাতা ক্লার্ত তোমাদেরকে মঙ্গলবাদ করছেন। ^{২৪} [প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ তোমাদের সকলের সহবর্তী হোক। আমেন।] (অনুবাদকৃত টেক্সট)।

১৬:২৩ “গায়ঃ” এটি হতে পারে

১. শ্রেণিত ১৮:৭ পদের গায়ঃ তিতিয় যুষ্ঠ
২. দবীর গায়ঃ (শ্রেণিত ১৯:২৯; ২০:৪; ১ করি ১:১৪)
৩. ৩ যোহন ১ পদের গায়ঃ

□ “আমার এবং সমস্ত মঞ্জলীর আতিথ্যকারী” মন্ডলীতে এই রকম আতিথেয়তার প্রয়োজন ছিল। কিছু কিছু বিশ্বাসী যাদের সম্পদ ছিল তারা ভ্রমণকারী খ্রীষ্টিয়ান প্রচারকদের ঘর ও থাকতে দিতেন। কিছু কিছু, যেমন এই লোকেরা, তাদের ঘর খুলে দিয়েছিলেন সমবেত অনুষ্ঠানগুলিতে মিলিত হবার স্থান হিসাবে। গৃহ মন্ডলীগুলির আদর্শ প্রায় একশো বছরের উপরে। দেখুন বিশেষ বিষয়: মন্ডলী (*Ekklesia*) ১৬:১ পদে।

□ “এই নগরের ধনাধ্যক্ষ ইরাস্ত” তাকে আরও উল্লেখ করা হয়েছে শ্রেণিত ১৯:২২; ২ তীম ৪:২০ পদে। তার একটি ভ্রমণমূলক পরিচর্যা ছিল পৌলের সাথে সংযুক্ত।

□ “ক্লার্ত” এই লাতিন নামের অর্থ “চতুর্থ”। তিনি সম্ভবত তর্তিয়ের ভাই ছিলেন, যেটি লাতিন ভাষায় অর্থ “তৃতীয়” (২২ পদ)।

১৬:২৪ আদি গ্রীক পাণ্ডুলিপিতে এই পদটি ছিল না, P^{46, 61}, \aleph , A, B, C, and 0150। এটি পাওয়া যায় কিছু গ্রীক পাণ্ডুলিপির ১৬:২৩ পদের পরে এবং অন্যান্যগুলি ১৬:২৭ পদের পরে। এটা স্পষ্টত পৌলের নয়। এটি NASB, NRSV, TEV এবং NJB অনুবাদগুলিতে বাদ দেওয়া হয়েছে। UBS⁴ এর বর্জনকে হিসাব করে “নির্দিষ্ট” (A) হিসাবে। এটি একটি চেষ্টা চিঠিটি শেষ করা এবং বিভিন্ন গ্রীক পাণ্ডুলিপির ১৪, ১৫ ও ১৬ অধ্যায়ের শেষে সমাপনী doxology এর যে সমস্যা তার সাথে সম্পর্ক যুক্ত রয়েছে।

NASB (আপডেটেড) টেক্সট: ১৬:২৫-২৭

^{২৫} যিনি তোমাদের সুস্থির করতে সমর্থ আমার সুসমাচার অনুসারে ও যীশু খ্রীষ্ট বিষয়ক প্রচার অনুসারে, সেই নিগূঢ়ত্বের প্রকাশ অনুসারে, যা অনাদিকাল থেকে অকথিত ছিল, ^{২৬} কিন্তু সম্প্রতি ব্যক্ত হয়েছে, এবং ভাববাদীগণের লিখিত গ্রন্থ দ্বারা, অনন্তকালীন ঈশ্বরের আদেশ অনুসারে, বিশ্বাসের বাধ্যতার পরিচালনার জন্য, সব জাতির কাছে জ্ঞাত করা হয়েছে; ^{২৭} যীশু খ্রীষ্ট দ্বারা সেই একমাত্র প্রজ্ঞাবান ঈশ্বরের গৌরব যুগপর্যায়ের যুগে যুগে হোক। আমেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:২৫-২৭ এটি গ্রীকে একটি বাক্য। এই আর্শাবচন প্রাচীন গ্রীক পাণ্ডুলিপিতে পাওয়া যেতে পারে, ১৪ এবং ১৫ উভয় অধ্যায়ের শেষে। এই প্রসঙ্গ হল সম্ভবত পৌলের নিজের হাতে লেখা বইয়ের মুখ্য বিষয়ের পুনরায় উল্লেখ।

কিছু লোক বিশ্বাস করে ঈশ্বরের এই প্রশংসাগীত হতে পারে

১. ইফিষীয়দের cyclical (চক্রাকার) চিঠির জন্য মূল পত্র

২. তাদের জন্য যারা রোমের পথে কারণ

ক. পৌল কখনো রোমে যাননি, তথাপি তিনি ছাবিশ জন মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন

খ. ১৬ অধ্যায়ে ভ্রান্ত শিক্ষকদের প্রথম উল্লেখ

গ. ঈশ্বরের এই প্রশংসাগীত এসেছে কয়েকটি ভিন্ন জায়গায় গ্রীক পাণ্ডুলিপিতে।

এটি আরও সম্ভব যে পৌল দুইটি অনুলিপি করেছিলেন, ১-১৪ অধ্যায় রোমের, ১-১৬ ইফিষের জন্য। সাধারণত এই সকল প্রচেষ্টার উত্তর দেয়

১. সত্য যে এই সব আদি খ্রীষ্টিয়ান কর্মীরা ভ্রমণকারী ছিলেন

২. সত্য যে রোমীয় ১৬ অধ্যায় ছাড়া কোন গ্রীক পাণ্ডুলিপি ছিল না

৩. সম্ভব যে ১৪:১-১৫:১৩ পদে ভ্রান্ত শিক্ষকদের ইঙ্গিত ছিল।

১৬:২৫ “যিনি তোমাদের সুস্থির করতে সমর্থ” এটি নূতন নিয়মের তিন বার ব্যবহার করা ঈশ্বরের জন্য আরও একটি অসাধারণ উপাধি (ইফি ৩:২০, যিহুদা ২৪)।

লক্ষ্য করুন কিভাবে ঈশ্বর বিশ্বাসীদের প্রতিষ্ঠিত করেন।

১. পৌলের সুসমাচার উপস্থাপন

২. যীশু খ্রীষ্টের বিষয়ে প্রচার

৩. ঈশ্বরের পরিচারণার জন্য অনন্ত কালীন পরিকল্পনার প্রকাশ যেটি গোপন (নিগূঢ়-তত্ত্ব) করে রাখা হয়েছিল বিশ্বাসীরা সুসমাচারের জ্ঞানের দ্বারা সক্ষম হয়েছে। সুসমাচার এখন সকলের জন্য সহজলভ্য করা হয়েছে!

□ “নিগূঢ়ত্বের” ঈশ্বরের মানবজাতির মুক্তির জন্য একটি সমন্বিত উদ্দেশ্য আছে পতনের পূর্ব থেকেই (আদি ৩)। এই পরিকল্পনার আভাস পুরাতন নিয়মে প্রকাশিত হয়েছে (৩:১৫; ১২:৩; যাত্রা ১৯:৫-৬; এবং ভাববাদীদের সার্বজনীন প্যাসেজে)। যাহোক এই পূর্ণ পরিকল্পনা স্পষ্ট ছিল না (১ করি ২:৬-৮)। যীশু এবং আত্মার আগমনের সাথে এটি আরও সুস্পষ্ট হতে শুরু করে। পৌল “নিগূঢ়-তত্ত্ব” টার্মটি ব্যবহার করেছেন সম্পূর্ণ মুক্তির পরিকল্পনা বর্ণনা করতে (১ করি ৪:১; ইফি ৩:১১-৩:১৩; ৬:১৯; কল ৪:৩; ১ তীম ১:৯)। যাহোক, তিনি এটি কয়েকটি অর্থে ব্যবহার করেছেন।

১. ইস্রায়েলীয়দের একটি আংশিক কঠিনতা ছিল পরজাতীয়দের অর্ন্তভুক্ত করতে। পরজাতীয়দের এই অন্ত:প্রবাহ কাজ করবে যিহুদীদের যীশুকে ভবিষ্যত বাণীকৃত খ্রীষ্ট হিসাবে গ্রহণ করার একটি কৌশল হিসাবে। (রোমীয় ১১:২৫-৩২)।

২. সুসমাচার সকল জাতির কাছে প্রচার করা হয়েছিল, যাদের সকলকে খ্রীষ্টের মধ্য দিয়ে খ্রীষ্টে যুক্ত করা হয়েছিল (রোমীয় ১৬:২৫-২৭; কল ২:২)।

৩. “বিশ্বাসীরা” দ্বিতীয় আগমনের নূতন দেহ (১ করি ১৫:৫-৫৭; ১ থিষ ৪:১৩-১৮)।

৪. খ্রীষ্টতে সকল বিষয় একত্রিত করা (ইফি ১:৮-১১)।

৫. পরজাতীয়রা এবং যিহুদীরা হল সহ-উত্তরাধিকারী (ইফি ২:১১-৩:১৩)।

৬. খ্রীষ্ট এবং মন্ডলীর মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক বর্ণনা করা হয়েছে বিবাহ টার্মে (ইফি ৫:২২-৩৩)।

৭. পরজাতীয়দের নিয়মের লোকদের মধ্যে অর্ন্তভুক্ত করা এবং খ্রীষ্টের আত্মার বাস করা যেন খ্রীষ্টের মত পরিপক্বতা উৎপন্ন হয়, অর্থাৎ, পতিত মানবে ঈশ্বরের নষ্ট হওয়া প্রতিমূর্তী পুনস্থাপিত হয় (আদি ৬:৫, ১১-১৩; ৮:২১) মানুষের মধ্যে (আদি ১:২৬-২৭; ৫:১; ৯:৬; কল ১:২৬-২৮)।

৮. শেষ কালের খ্রীষ্টারী (২ থিষ ২:১-১১)।

৯. ১ তীম. ১:১৬ পদে পাওয়া যায় আদি মন্ডলীর নিগূঢ়-তত্ত্বের সারাংশ

১৬:২৬ “সম্প্রতি ব্যক্ত হয়েছে” এই নিগূঢ়-তত্ত্ব বা ঈশ্বরের পরিকল্পনা এখন স্পষ্টভাবে সকল মানবজাতির কাছে প্রকাশিত হয়েছে। এটি হল যীশু খ্রীষ্টের সুসমাচার (ইফি ২:১১-৩:১৩)।

□ “লিখিত গ্রন্থ দ্বারা” ঈশ্বর এই নিগূঢ়-তত্ত্ব যীশুর ব্যক্তিতে এবং কাজে প্রকাশ করেছেন। এটি পুরাতন নিয়মের ভাববাদীরা ভবিষ্যতবাণী করেছিলেন। যিহূদী এবং পরজাতীয় বিশ্বাসীদের নিয়ে গঠিত একটি নতুন নিয়মের মন্ডলীর স্থাপন সবসময় ঈশ্বরের পরিকল্পনায় ছিল (আদি ৩:১৫, ১২:৩, যাত্রা ১৯:৫-৬; যির ৩১:৩১-৩৪)।

□ “অনন্ত কালীন ঈশ্বর” নিচে বিশেষ বিষয় দেখুন

বিশেষ বিষয়: অনন্ত কালীন

Robert B. Girdlestone, তার বই *Synonyms of the Old Testament* এ “অনন্ত কালীন” শব্দটির একটি চিত্তাকর্ষক মন্তব্য আছে:

“adjective *aiōnios* ব্যবহার করা হয়েছে নতুন নিয়মে চল্লিশ বারেরও বেশি অনন্ত জীবনের সাথে, যেটি বিবেচনা করা হয় একটি আংশিক বর্তমান উপহার, একটি আংশিক ভবিষ্যতের প্রতিজ্ঞা হিসাবে। এটি রোমীয় ১৬:২৬ পদে ঈশ্বরের অসীম অস্তিত্বেও প্রয়োগ করা হয়েছে; ইব্রীয় ৯:১২, ১৩:২০ পদে খ্রীষ্টের প্রায়শ্চিত্তের অসীম কার্য ক্ষমতাকে; এবং অতীতের যুগ সমূহ রোমীয় ১৬:২৫, ২ তীম ১:৯; তীত ১:২ পদে।

এই শব্দটি ব্যবহার করা হয়েছে রেফারেন্স সহ অনন্ত আশু, মথি ১৮:৮, ২৫:৪১, যিহূদা ৭; অনন্ত শান্তি, মথি ২৫:৪৬; অনন্ত বিচার বা দোষী করা, মার্ক ৩:২৯; ইব্রীয় ৬:২; অনন্ত ধ্বংস ২ থিষ ১:৯। এই প্যাসেজে শব্দটি বোঝায় সম্পূর্ণতা, এবং সম্পূর্ণত উল্লেখ করে যখন এই বিচার করা হবে, পরীক্ষাকালীন সময়, পরিবর্তন, বা নিজের ভাগ্যের পুনরুদ্ধারের সুযোগ, সম্পূর্ণরূপে ও চিরদিনের জন্য চলে যাবে। আমরা ভবিষ্যত সম্পর্কে খুব অল্প বুঝি, বাকী সব কিছুই অস্তিত্বের সাথে মানব জীবনের সম্পর্কের বিষয়ে, এবং অবিশ্বাসের নৈতিক দায়, অনন্তকালের দৃষ্টিভঙ্গিতে দেখা হয়। যদি, এক দিকে, এটা খারাপ হবে ঈশ্বরের বাক্য যোগ করা, অন্য দিকে আমাদের এটা থেকে বাক্য নিয়ে নেওয়া উচিত নয়; এবং যদি আমরা ইতস্তত করি অনন্ত শান্তির মতবাদের অধীনে যেমন শাস্ত্রে এটি নির্দ্বারিত করা হয়েছে, আমাদের সন্তুষ্ট চিন্তে অপেক্ষা করতে হবে, খ্রীষ্টের সুসমাচারে ঈশ্বরের ভালবাসা বিভক্ত করা, যখন স্বীকার করা যে, একটি অন্ধকার পটভূমি যা আমরা হৃদয়ঙ্গম করতে অসমর্থ” (পাতা ৩১৮-৩১৯)।

□ “সর্বজাতির নিকটে জ্ঞাত করা গিয়াছে” এটি হল একটি AORIST PASSIVE PARTICIPLE। এটি গ্রীক বাক্যের শেষের দিকে বসানো হয় গুরুত্ব দেবার জন্য। ঈশ্বর সুসমাচারের আহ্বান সমস্ত বিশ্বের কাছে উপস্থাপন করেছেন, যেটি সবসময় তার উদ্দেশ্য ছিল (আদি পুস্তক ৩:১৫)!

□

NASB “বিশ্বাসের বাধ্যতায় পরিচালনা”

NKJV “বিশ্বাসের বাধ্যতার জন্য”

NRSV “বিশ্বাসের বাধ্যতায় আনা ”

TEV “বিশ্বাসের বাধ্যতায় পরিচালনা”

NJB “তাদের বিশ্বাসের বাধ্যতায় আনা”

এই শব্দগুচ্ছ বোঝার বিভিন্ন উপায় রয়েছে; এটি হয়তো নির্দেশ করে

১. খ্রীষ্টের বিষয়ক মতবাদ
২. খ্রীষ্টের উপর নির্ভরতা
৩. সুসমাচারের প্রতি প্রাথমিকভাবে এবং ধারাবাহিকভাবে বাধ্যতা

বাধ্যতা (১:৫) অবশ্যই সমন্বিত হবে ধর্মতত্ত্বগতভাবে অনুতাপ এবং বিশ্বাসের ধারণার সাথে (মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬, ১৯; ২০:২১)।

১৬:২৭ “একমাত্র প্রজ্ঞাবান ঈশ্বরের” এটি একেশ্বরবাদের প্রতি একটি ইঙ্গিত (দেখুন বিশেষ বিষয় ৩:৩০ পদে, দ্বি বি ৬:৪-৫)। খ্রীষ্টিয় ধর্মে কেবলমাত্র একজন ঈশ্বর, যিহূদী ধর্মের মতই, যাহোক, যীশুর পূর্ণ ঈশ্বরত্ব এবং আত্মার পূর্ণ ব্যক্তিত্ব আমাদেরকে জোর করে দৃষ্টি দিতে “ত্রি-ঐক্য,” ত্রিত্বে (দেখুন বিশেষ বিষয় ৮:১১ পদে)।

□ “গৌরব যুগপর্যায়ের যুগে যুগে হোক” দেখুন পদটীকা ৩:২৩ পদে।

□ “আমেন” দেখুন বিশেষ বিষয় ১:২৫ পদে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. পৌল কিভাবে রোমীয় মন্ডলীর এই সকল লোকদের জানতেন যখন তিনি কখনো রোমে যাননি?
২. মহিলা পরিচারিকার কি কোন বাইবেল ভিত্তিক প্রমাণ আছে (১৬:১; ১ তীম ৩:১১; ৫:৩-১৬)?
৩. এই অধ্যায়ে অনেক মহিলার তালিকাভুক্তির তাৎপর্য কি?
৪. ভ্রান্ত শিক্ষকদের পদ্ধতি এবং বাণী বর্ণনা করুন (১৭-১৮ পদ)।

পরিশিষ্ট এক

গ্রীক ব্যাকরণগত টার্মের সংক্ষিপ্ত সংজ্ঞা

Koine গ্রীক, যাকে প্রায় সময়ই Hellenistic গ্রীক বলা হয়, যেটি ছিল ভূমধ্যসাগরীয় অঞ্চলের সাধারণ ভাষা যার শুরু হয়েছিল মহান আলেকজান্ডারের (৩৩৬-৩২৩ খ্রী. পূ.) বিজয় দিয়ে এবং প্রায় আটশত বছর (খ্রী.পূ. ৩০০ থেকে ৫০০ খ্রীষ্টাব্দ) পর্যন্ত টিকে ছিল। এটা শুধু একটি সহজবোধ্য, ক্লাসিক্যাল গ্রীক ছিল না, কিন্তু নানা দিক দিয়ে একটি নতুন গ্রীক রূপ ছিল যা প্রাচীন নিকট প্রাচ্য এবং ভূমধ্যসাগরীয় অঞ্চলের দ্বিতীয় ভাষা হয়ে উঠেছিল।

নতুন নিয়মের গ্রীক ভাষা কিছু কিছু দিক দিয়ে অনন্য ছিল কারণ এর ব্যবহারকারীরা, লুক এবং ইব্রীয় পুস্তকের লেখক ছাড়া, সম্ভবত অরামীয় ভাষা তাদের প্রাথমিক ভাষা হিসেবে ব্যবহার করেছেন। সেজন্য, তাদের লেখনী প্রভাবিত হয়েছিল অরামীয় বাগধারা ও কাঠামোগত রূপ দ্বারা। তাছাড়া তারা পড়েছেন এবং উদ্ধৃতি করেছেন সেপ্টুয়াজিন্ট (পুরাতন নিয়মের গ্রীক অনুবাদ) থেকে যা একইভাবে Koine গ্রীকে লেখা হয়েছিল। কিন্তু একই ভাবে সেপ্টুয়াজিন্ট লিখেছেন যিহুদী পণ্ডিতেরা যাদের মাতৃভাষা গ্রীক ছিল না।

এটা আমাদের কাছে একটি মনে রাখার মত কাজ করে যে আমরা নতুন নিয়মকে কখনো কঠোর ব্যাকরণের কাঠামোর মধ্যে ঠেলে দিতে পারি না। এটি অনন্য এবং তথাপি এর সাথে অনেক মিল রয়েছে (১) সেপ্টুয়াজিন্ট; (২) যিহুদীদের লেখা যেমন যোষেফাসের লেখাসমূহ; এবং (৩) মিশরের পাওয়া papyri (প্যাপিরাসের পাতায় লেখা)। কিভাবে আমরা এখন নতুন নিয়মের ব্যাকরণগত বিশ্লেষণে অগ্রসর হবো?

Koine গ্রীক এবং নতুন নিয়মের Koine গ্রীকের ব্যাকরণগত বৈশিষ্ট্য হল সাবলীল। অনেক উপায়ে এটি ছিল ব্যাকরণ সহজবোধ্য করার সময়। প্রেক্ষাপট হবে আমাদের প্রধান সহায়ক। শব্দসমূহের অর্থ শুধুমাত্র বৃহত্তর প্রেক্ষাপটে হয়, সেহেতু ব্যাকরণগত গঠন কেবলমাত্র (১) নির্দিষ্ট লেখকের দ্বারা এবং (২) একটি নির্দিষ্ট প্রেক্ষাপটের আলোকে বুঝতে পারা যাবে। গ্রীক রীতি এবং গঠনের কোন অকাট্য সংজ্ঞা করা সম্ভব নয়।

Koine গ্রীক ছিল প্রধানত কথ্য বা চলিত ভাষা। প্রায় সময়ই ব্যাখ্যার জন্য মূল চাবিকাঠি হল প্রকৃতি এবং কথ্য ভাষার রূপ। প্রায় সব প্রধান বাক্যাংশে verb প্রথমে আসবে, এর অগ্রগণ্যতা দেখাবার জন্য। গ্রীক verb এর বিশ্লেষণ করার সময় তিনটি তথ্য উল্লেখ করা আবশ্যিক: (১) tense, voice এবং mood (আকস্মিক অথবা বস্তুর গঠন সম্বন্ধিগের মৌলিক গুরুত্ব); (২) বিশেষ verb এর মৌলিক অর্থ (lexicography); এবং (৩) প্রসঙ্গের প্রবাহ (বাক্য-বিন্যাস/শব্দ-বিন্যাস (syntax))।

১. TENSE (ক্রিয়ার কাল)

ক. TENSE বা দৃষ্টিভঙ্গির সঙ্গে সেই VERB এর ক্রিয়াপদের সমাপ্ত বা অসমাপ্ত কাজ সম্পর্কযুক্ত। একে প্রায়ই বলা হয় “perfective” এবং “imperfective।”

১. Perfective tenses দৃষ্টি দেয় কোন কাজ ঘটলে। কিছু ঘটেছে এটা ছাড়া আর কোন তথ্য দেওয়া হয় না! এর শুরু, ধারাবাহিকতা বা সীমা উল্লেখ করা হয় না।

২. Imperfective tenses দৃষ্টি দেয় কোন কাজের ধারাবাহিকতার উপরে। এটা একই রকম কাজ, নির্দিষ্ট কাজ, প্রগতিশীল কাজ হিসাবে বর্ণনা করা যেতে পারে।

খ. TENSE কে শ্রেণী ভাগ করা যায় লেখক যেভাবে কাজকে চলমান হতে দেখেন

১. এটা ঘটেছে = AORIST

২. এটা ঘটেছে এবং ফলাফল মেনে নেওয়া = PERFECT

৩. অতীতে ঘটেছিল এবং ফলাফল স্থায়ী ছিল, কিন্তু এখন নাই = PLUPERFECT

৪. এটা ঘটছিল = PRESENT

৫. এটা ঘটেছিল = IMPERFECT

৬. এটা ঘটবে = FUTURE

এই tense অনুবাদে সাহায্য করবে তার একটি শব্দ/বাস্তব উদাহরণ হবে সম্ভবত “পরিত্রাণ” টার্মটি। একে বিভিন্ন TENSE এ ব্যবহার করে দেখানো হয়েছে এর প্রক্রিয়া এবং সীমা।

১. AORIST - “রক্ষা প্রাপ্ত” (রোমীয় ৮:২৪)

২. PERFECT - “রক্ষা পেয়েছে এবং ফল বর্তমান রয়েছে” (ইফিসীয় ২: ৫, ৮)

৩. PRESENT - “পরিত্রাণ করা হয়েছে” (১ করি ১:১৮; ১৫:২)

৪. FUTURE - “পরিত্রাণ করা হবে” (রোমীয় ৫:৯, ১০; ১০:৯)

গ. TENSE কে লক্ষ্য করে, অনুবাদকগণ মূল লেখক একটি নির্দিষ্ট TENSE এ কি প্রকাশ করতে চেয়েছেন তা খোঁজ করেন। “কোন অলংকরণ ছাড়া” মানদণ্ডের TENSE ছিল AORIST। এটা ছিল নিয়মিত “নির্দিষ্ট,” “অচিহ্নিত,” বা “অক্ষুণ্ণ” VERB এর রূপ। একে

বিভিন্ন উপায়ে ব্যাপক ভাবে ব্যবহার করা যেতে পারে যেটি প্রসঙ্গ অবশ্যই উল্লেখ করবে। এটা সহজে বলছে যে কিছু ঘটেছে। অতীত সময়ের দৃষ্টিভঙ্গির লক্ষ্য হল INDICATIVE MOOD। যদি অন্য কোন কাল ব্যবহার করা হয়, তবে সুনির্দিষ্ট কোন কিছু উপর অনেক গুরুত্ব দেওয়া হয়েছে। কিন্তু কি?

১. PERFECT TENSE। এখানে একটি সম্পাদিত কাজের কথা বলে যার ফল এখনো রয়েছে। কোন কোন দিক দিয়ে এটি ছিল AORIST এবং PRESENT TENSES এর সমন্বয়। সাধারণত এর লক্ষ্য হল বিদ্যমান ফলের উপর বা একটি কাজের সম্পাদানের উপর। উদাহরণ: ইফি ২:৫ ও ৮ পদ, “তোমাদেরকে উদ্ধার করা হয়েছে এবং করা হচ্ছে।”
২. PLUPERFECT TENSE। এটা অনেকটা PERFECT ব্যতিক্রম হল এর ফল এখন আর বিদ্যমান নেই। উদাহরণ: “পিতার বাহিরের দরজায় দাড়িয়ে ছিলেন” (যোহন ১৮:১৬)।
৩. PRESENT TENSE। এখানে বলা হয় একটি অসম্পাদিত বা অসম্পূর্ণ কাজ। এর লক্ষ্য সাধারণত ঘটনার চলমানতা। উদাহরণ: “যারা তাঁর মধ্যে রয়েছে তারা পাপ করে না,” “যারা ঈশ্বর থেকে জাত তারা পাপ করে না” (১ যোহন ৩:৬ ও ৯ পদ)।
৪. IMPERFECT TENSE। এই কালের সঙ্গে বর্তমান কালের সম্পর্ক PERFECT এবং PLUPERFECT এর মধ্যে সম্পর্কের অনুরূপ। IMPERFECT বলে একটি অসম্পূর্ণ কাজ যা ঘটছিল কিন্তু এখন থেকে গেছে বা অতীতে শুরু হওয়া কোন কাজ। উদাহরণ: “তখন সমস্ত যিরুশালেমের লোক তাঁর কাছে যাওয়া শুরু করল” বা “তখন যিরুশালেমের লোক তাঁর কাছে গেল” (মথি ৩:৫)।
৫. FUTURE TENSE। এখানে একটি কাজের কথা বলা হয় যা সাধারণত ভবিষ্যৎ সময়কালের জন্য পরিকল্পিত থাকে। এটা একটি ঘটনা ঘটানোর চেয়ে ঘটনা ঘটানোর সম্ভাব্যতার দিতে লক্ষ্য করে থাকে। এটি প্রায়ই ঘটনার নিশ্চয়তা নিয়ে কথা বলে। উদাহরণ: “ধন্য তারা...যারা...” (মথি ৫:৪-৯)।

২. VOICE (বাচ্য)

- ক. Voice বর্ণনা করে VERB কাজ এবং SUBJECT এর সঙ্গে এর সম্পর্ক।
- খ. ACTIVE VOICE হল সাধারণ, প্রত্যাশিত, গুরুত্বপূর্ণহীন উপায়ে চেষ্টা করা যে SUBJECT VERB এর কাজটি করছিল।
- গ. PASSIVE VOICE অর্থ হল যে SUBJECT বহিস্থ মাধ্যমে উৎপন্ন VERB এর ফল লাভ করছেন। বহিস্থ মাধ্যমে কাজ উৎপন্ন হচ্ছে এর ইঙ্গিত গ্রীক নূতন নিয়মে পরবর্তীতে উল্লেখিত PREPOSITIONS এবং cases পাওয়া যায়:
 ১. এটি ব্যক্তিগত সরাসরি মাধ্যম *hupo* ABLATIVE CASE সাথে (মথি ১:২২; প্রেরিত ২২:৩০)
 ২. একটি ব্যক্তিগত অর্ন্তবর্তী মাধ্যম *dia* ABLATIVE CASE সাথে (মথি ১:২২)
 ৩. একটি নিরপেক্ষ মাধ্যম সাধারণত *en* INSTRUMENTAL CASE সাথে।
 ৪. মাঝে মাঝে একাই এটি হয় ব্যক্তিগত না হয় নিরপেক্ষ মাধ্যম INSTRUMENTAL CASE -এ।
- ঘ. MIDDLE VOICE অর্থ হল SUBJECT VERB এর কাজ উৎপন্ন করেন এবং সেই সাথে VERB এর কাজের সাথে সরাসরি যুক্ত থাকেন। এটাকে প্রায়ই বলা হয় ব্যক্তিগত আত্মহে উচ্চতর voice। এর গঠন বাক্যাংশের SUBJECT এর উপরে গুরুত্ব দেয় অথবা কোন না কোন ভাবে বাক্যের উপরে। এই গঠন ইংরাজীতে পাওয়া যায় না। গ্রীকে এর সম্ভাব্য অনেক অর্থ এবং অনুবাদ রয়েছে। এই রূপের কিছু উদাহরণ হল:
 ১. REFLEXIVE- এর উপর subject এর সরাসরি কাজ। উদাহরণ: “আত্মহত্যা করলো” (মথি ২৭:৫)।
 ২. INTENSIVE- subject এর জন্য নিজে কাজ উৎপন্ন করেন। উদাহরণ: “শয়তান নিজেকে বদলে ফেলে একজন আলোর দূত হিসাবে” (২ করি ১১:১৪)।
 ৩. Reciprocal- দুটি subjects এর মধ্যে পারস্পরিক ক্রিয়া। উদাহরণ: “তারা একে অন্যের সাথে আলোচনা করলেন” (মথি ২৬:৪)।

৩. MOOD [or “MODE”] (ভাব)

- ক. Koine গ্রীকে চার ধরণের MOOD রয়েছে। তারা বাস্তবতার সাথে VERB এর সম্পর্ক উল্লেখ করে, অন্তত লেখকের নিজের মনের সাথে সম্পর্ক। MOOD দুটি বড় ভাগে বিভক্ত: যা নির্দেশ করে বাস্তবতা (INDICATIVE) এবং যা নির্দেশ করে সম্ভাবনা (SUBJUNCTIVE, IMPERATIVE and OPTATIVE)।
- খ. INDICATIVE MOOD হল সাধারণ MOOD যা প্রকাশ করে কি ঘটেছে বা ঘটছে, অন্তত লেখকের মনে। এটিই গ্রীকে একমাত্র MOOD যা প্রকাশ করে একটি নির্দিষ্ট সময় এবং এমনকি এখানে দৃষ্টিভঙ্গি হচ্ছে গৌণ।
- গ. SUBJUNCTIVE MOOD প্রকাশ করে ভবিষ্যতে ঘটা সম্ভাব্য ঘটনার কথা। যা এখনও ঘটেনি কিন্তু ঘটানোর সম্ভাবনা আছে। এটা সাথে FUTURE INDICATIVE এর বেশ মিল রয়েছে। ভিন্নতা হচ্ছে SUBJUNCTIVE কিছু সন্দেহ প্রকাশ করে থাকে। ইংরাজীতে একে সাধারণত প্রকাশ করা হয় “could,” “would,” “may,” বা “might” দিয়ে।

- ঘ. **OPTATIVE MOOD** একটি ইচ্ছা প্রকাশ করে যা তাত্ত্বিক দিক থেকে সম্ভব। এটা বিবেচিত হয় **SUBJUNCTIVE** এর চেয়ে বাস্তবতার এক ধাপ দূরত্বের। **OPTATIVE** প্রকাশ করে একটি নির্দিষ্ট পরিবেশে সম্ভাবনা। **OPTATIVE** নূতন নিয়মে ছিল না বললেই চলে। এর সবচেয়ে বেশী ব্যবহার পৌলের বিখ্যাত শব্দগুচ্ছে “এটা কখনো হতে পারে না” (KJV, “ঈশ্বর নিষিদ্ধ”), পনেরো বার ব্যবহার করা হয়েছে (রোমীয় ৩:৪, ৬, ৩১; ৬:২, ১৫; ৭:৭, ১৩; ৯:১৪; ১১:১, ১১; ১ করি ৬:১৫; গালা ২:১৭; ৩:২১; ৬:১৪) অন্য উদাহরণগুলো পাওয়া যাবে খিষ ১:৩৮. ২০:১৬ প্রেরিত ৮:২০, এবং ১ খিষ ৩:১১।
- ঙ. **IMPERATIVE MOOD** গুরুত্ব দেয় একটি নির্দেশের যা সম্ভব ছিল কিন্তু এই গুরুত্ব ছিল বক্তার অভিপ্রায়ের উপর। এটা শুধু দাবি করে ঐচ্ছিক সম্ভাবনা এবং অন্য মনোনয়নের দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়েছে। প্রার্থনা এবং তৃতীয় পুরুষের অনুরোধের ক্ষেত্রে **IMPERATIVE** এর বিশেষ ব্যবহার ছিল। এই নির্দেশগুলো শুধুমাত্র নূতন নিয়মের **PRESENT** এবং **AORIST tenses** এ পাওয়া যায়।
- চ. কিছু ব্যাকরণ **PARTICIPLES** কে একপ্রকার **MOOD** হিসাবে শ্রেণী বিন্যাস করে। এরা গ্রীক নূতন নিয়মে খুব সাধারণ, সাধারণত ব্যাখ্যা করা হয়ে থাকে **VERBAL ADJECTIVE** হিসাবে। এদেরকে মূল **VERB** এর সাথে সমন্বিত রেখে অনুবাদ করা হয় যার সঙ্গে এটি সম্পর্কিত। বিভিন্ন উপায়ে **participles** কে অনুবাদ করা সম্ভব ছিল। এটা সবচেয়ে ভাল হবে কয়েকটি ইংরাজী পরীক্ষা করলে। Baker প্রকাশিত *The Bible in Twenty Six Translations* এক্ষেত্রে বড় সাহায্যকারী হবে।
- ছ. **AORIST ACTIVE INDICATIVE** ছিল সাধারণ বা “নির্দেশিত” উপায়ে কোন ঘটনা লিপিবদ্ধ করার জন্য। অন্য কোন tense, voice বা কিছু নির্দিষ্ট ব্যাখ্যামূলক তাৎপর্য যা আসলে মূল লেখক বলতে চেয়েছেন।
৪. যিনি গ্রীক ভাষার সাথে পরিচিত নন তাদের জন্য নিম্নলিখিত শিক্ষাগুলো সাহায্য করবে প্রয়োজনীয় তথ্য দিয়ে:
- ক. Friberg, Barbara and Timothy. *Analytical Greek New Testament*. Grand Rapids: Baker, 1988
- খ. Marshall, Alfred. *Interlinear Greek-English New Testament*. Grand Rapids: Zondervan, 1976
- গ. Mounce, William D. *The Analytical Lexicon to the Greek New Testament*. Grand Rapids: Zondervan, 1993,
- ঘ. Summers, Ray. *Essentials of New Testament Greek*. Nashville: Broadman, 1950 ,
- ঙ. Academically accredited Koine Greek correspondence কোর্সগুলো Moody Bible Institute in Chicago, IL এ সহজলভ্য।

৫. NOUNS

- ক. শব্দবিন্যাসগত **NOUNS** case দ্বারা শ্রেণীবদ্ধ করা হয়। case হল **NOUN** এর রূপান্তরিত রূপ যা এর সাথে **VERB** এবং বাক্যের অন্য অংশের সম্পর্ক দেখায়। Koine গ্রীকে case এর কার্যক্রম **PREPOSITIONS** দ্বারা নির্দেশিত হয়ে থাকে। যেহেতু case এর রূপ বেশ কিছু বিভিন্ন সম্পর্ক নির্দেশ করতে সক্ষম, **PREPOSITIONS** উন্নতি করা করা হয়েছে সেই সম্ভাব্য কার্যক্রমের স্পষ্ট বিভক্তি দেবার জন্য।
- খ. গ্রীকে cases কে নিম্নলিখিতভাবে আট ভাগে শ্রেণী বিভাগ করা হয়েছে:
১. **NOMINATIVE CASE** ব্যবহৃত হয়েছে নামকরণের জন্য এবং এটি সাধারণত বাক্যের বা বাক্যাংশের subject। এটি আরো ব্যবহৃত হয়েছে **PREDICATE NOUNS** এবং **ADJECTIVES** এর সাথে যুক্তকারী **VERBS** “হতে” বা “হয়”।
 ২. **GENITIVE CASE** ব্যবহৃত হয়েছে বর্ণনা এবং সাধারণত এর সাথে বৈশিষ্ট্য যুক্ত হতো অথবা শব্দের গুণাগুণ যা এর সাথে সম্পর্কযুক্ত ছিল। এটা প্রশ্নের উত্তর দিত, “কি ধরণের?” একে প্রায়ই বর্ণনা করা হয়েছে ইংরাজী **PREPOSITION** “of” দ্বারা।
 ৩. **ABLATIVE CASE** একই রূপান্তরিত রূপ ব্যবহার করেছে **GENITIVE** হিসাবে, কিন্তু এটি ব্যবহৃত হয়েছে বিভেদ বর্ণনা করতে। এটি সাধারণত বিভেদ বোঝায় সময়, স্থান, উৎস, উৎপত্তি অথবা স্তরে। এতে প্রায়ই প্রকাশ করা হয়েছে ইংরাজী পদাধীয **PREPOSITION** “থেকে” দিয়ে।
 ৪. **DATIVE CASE** ব্যবহৃত হয়েছে ব্যক্তিগত ইচ্ছা বর্ণনা করতে। এটা সম্ভবত উল্লেখ করে একটি ইতিবাচক বা নেতিবাচক দৃষ্টিভঙ্গি। এটা প্রায়ই পরোক্ষ object ছিল। এটা প্রায়ই প্রকাশ করা হতো ইংরাজী **PREPOSITION** “to” দিয়ে।
 ৫. **LOCATIVE CASE** একই রকম রূপান্তরিত রূপ যেমন **DATIVE** এর, কিন্তু এটি বর্ণনা করতো স্থান, সময় অথবা যুক্তিগত সীমাবদ্ধতার মর্যাদা অথবা অবস্থান। এটা প্রায়ই ব্যাখ্যা করতো ইংরাজী **PREPOSITION** “মধ্যে, উপরে, at, মধ্যে, সময় কাল, দ্বারা, উপর এবং পার্শ্বে” দ্বারা।

৬. INSTRUMENTAL CASE ছিল একই রূপে রূপান্তরিত DATIVE এবং LOCATIVE cases এর মত। এটা প্রকাশ করে থাকে উপায় বা সংযুক্তি। এটা প্রায় প্রকাশ করা হতো ইংরাজী PREPOSITION “দ্বারা” বা “সঙ্গে” দিয়ে।
৭. ACCUSATIVE CASE ব্যবহৃত হয়েছে কোন কার্যের উপসংহার বর্ণনা করার জন্য। এটা সীমাবদ্ধতা প্রকাশ করে থাকে। এর প্রধান ব্যবহার ছিল object কে পরিচালনা করা। এটা প্রশ্নের উত্তর দিত “কত দূর?” বা “কি পরিমাণে?”
৮. VOCATIVE CASE এর ব্যবহার হয়েছে কাউকে সরাসরি উদ্দেশ্য করার জন্য।

৬. CONJUNCTIONS AND CONNECTORS (সংযোগ এবং সংযোগকারী)

- ক. গ্রীক অত্যধিক নিখুঁত ভাষা কারণ এতে অনেক সংযোজক রয়েছে। সেগুলি চিন্তার (বাক্যাংশ, বাক্য এবং প্যারাগ্রাফ) সংযোগ করে। এদের ব্যবহার এত সাধারণ যে এদের অনুপস্থিতি (asyndeton) প্রায়ই Exegetically তাৎপর্যপূর্ণ। প্রকৃত পক্ষে, এই conjunctions and connector গুলি লেখকের চিন্তাকে নির্দেশ করে থাকে। এগুলি প্রায় সময়ই তিনি আসলে কি বলতে চাচ্ছেন তা নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।
- খ. এখানে কিছু conjunctions and connector এবং তাদের অর্থ দেওয়া হল (এই তথ্যের বেশী ভাগ সংগ্রহ করা হয়েছে H. E. Dana and Julius K. Mantey’s *A Manual Grammar of the Greek New Testament*) থেকে।
১. সময় সংযোগকারী
- (১) *epei, epeidē, hopote, hōs, hote, hotan*, (কর্তা)- “কখন”
- (২) *heōs*- “যেহেতু”
- (৩) *hotan, epan*, (SUBJ.)- “যখনই”
- (৪) *heōs, achri, mechri* (subj.)- “যতক্ষণ”
- ক. *priv* (infin.)- “পূর্বে”
- খ. *hōs*- “থেকে,” “কখন” “যদি”
২. যৌক্তিক সংযোগকারী
- ক. উদ্দেশ্য
১. *hina* (SUBJ.), *hopōs* (SUBJ), *hōs* - “নির্দেশ অনুসারে,” “যে/ওটা”
- (২) *hōste* (ARTICULAR ACCUSATIVE INFINITIVE)- “যে/ওটা”
- (৩) *pros* (ARTICULAR ACCUSATIVE INFINITIVE), বা *eis* (ARTICULAR ACCUSATIVE INFINITIVE),- “যে/ওটা”
- খ. ফলাফল (উদ্দেশ্য এবং ফলাফলের ব্যাকরণগত রূপের মধ্যে একটি নিবিড় সংযোগ আছে)
- (১) *hōste* (INFINITIVE, এটাই সবচেয়ে সাধারণ) - “নির্দেশ অনুসারে,” “এইভাবে”
- (২) *hiva* (SUBJ.)- “সে জন্য”
- (৩) *ara*- “সুতরাং”
- গ. কার্যকরণ বা কারণ
- (১) *gar* (কারণ/প্রভাব বা কারণ/উপসংহার)- “জন্য,” “কারণ”
- (২) *dioti, hotiy*- “কারণ”
- (৩) *epei, epeidē, hōs* - “থেকে/হইতে”
- (৪) *dia* (ACCUSATIVE এর সাথে) এবং (ARTICULAR INFIN. এর সাথে)- “কারণ”
- ঘ. অনুমানসিদ্ধ
- (১) *ara, poinun, hōste* - “অতএব”
- (২) *dio* (শক্তিশালী INFERENTIAL CONJUNCTION) - “কিসের উপর ভিত্তি করে,” “কিসের জন্য,” “সেজন্য”
- (৩) *oun* - “সেজন্য,” “তাই,” “তখন,” “ফলতঃ”
- (৪) *toinoun*- “অনুসারে”
- ঙ. বৈপরিত্যজ্ঞাপক বা বৈসাদৃশ্য
- (১) *alla*, (শক্তিশালী ADVERSATIVE) - “কিন্তু,” “ব্যতিক্রম”
- (২) *de*- “কিন্তু,” “তবে,” “এখনো,” “অন্যদিকে”
- (৩) *kai*, - “কিন্তু”
- (৪) *mentoi, oun*- “যাহোক”
- (৫) *plēn* - “তা স্বত্ত্বেও” (বেশির ভাগ লুকে)
- (৬) *oun* - “যাহোক”
- চ. তুলনা
- (১) *hōs, kathōs* (তুলনামূলক বাক্যাংশের পরিচিতি)

- (২) *kata* (*katho, kathoti, kathōsper, kathaper*, সমন্বয়ের সাথে)
 (৩) *hosos* (ইব্রীয়তে)
 (৪) *ē*, –“তখন/তারপর”
 ছ. একটানা/চলমান অথবা ধারাবাহিক
 (১) *de*- “এবং” “এখন”
 (২) *kai*- “এবং”
 (৩) *tei*- “এবং”
 (৪) *hina, oun*-“তাই”
 (৫) *oun*- “তখন” (যোহানে)
 ৩. গুরুত্ব বা জোরের সাথে ব্যবহার
 ক. *alla*- “নিশ্চয়ই”, “হ্যাঁ,” “প্রকৃত পক্ষে”
 খ. *ara* - “বাস্তবিক,” “নিশ্চয়ই” “অবশ্যই”
 গ. *gar*- “কিন্তু বাস্তবিক” “নিশ্চয়ই” “বাস্তবিক”
 ঘ. *de* - “বাস্তবিক”
 ঙ. *ean* - “এমনকি/তবুও”
 চ. *kai*-“এমনকি/তবুও” “অবশ্যই” “বাস্তবিক”
 ছ. *mentoi*- “অবশ্যই/বাস্তবিক”
 জ. *oun*- “বাস্তবিক,” “যে কোন ভাবে/সর্বোত্তমভাবেই”

৭. CONDITIONAL SENTENCES (শর্তাধীন বাক্য)

- ক. একটি CONDITIONAL SENTENCE এক বা একের অধিক শর্তাধীন বাক্যাংশ থাকে। এই ব্যাকরণগত গঠন অনুবাদে সাহায্য করে কারণ এটা ক্রিয়া কাজটি কেন করলো বা করলো না তার শর্ত, যুক্তি বা কারণ দিয়ে থাকে। চার ধরনের CONDITIONAL SENTENCE রয়েছে। তারা স্থানান্তর হয় যা সত্য হিসাবে ধরা হয় লেখকের দৃষ্টিভঙ্গি থেকে বা তার উদ্দেশ্য থেকে যেন তা শুধুমাত্র একটি ইচ্ছা ছিল।
- খ. FIRST CLASS CONDITIONAL SENTENCE প্রকাশ করে কাজ বা সত্তা যা ধরে নেওয়া হয়েছে লেখকের দৃষ্টিভঙ্গি থেকে সত্য অথবা তার উদ্দেশ্যের জন্য যদিও সেটা প্রকাশ করা হয়েছিল “যদি” দ্বারা। বিভিন্ন প্রেক্ষাপটে এটা অনুবাদ হতে পারে “যেহেতু/থেকে” (মথি ৪:৩; রোমীয় ৮:৩১)। যাহোক, এর মানে এই নয় যে সকল প্রথম শ্রেণী বাস্তবের সাথে সত্য। প্রায়ই তাদের ব্যবহার করা হয় যুক্তিতে বা প্রতারণামূলক কিছু চিহ্নিত করার জন্য (মথি ১২:২৭)।
- গ. SECOND CLASS CONDITIONAL SENTENCE কে প্রায়শই বলা হয় “সত্যের বিপরীত।” এটা উল্লেখ করে এমন কিছু যা বাস্তবতা থেকে ভিন্ন বলে দাবী করে। উদাহরণ:
 ১. “যদি তিনি সত্যি একজন ভাববাদী হতেন, যেটা তিনি নন, তাহলে তিনি জানতেন কে এবং কি রকম রিভের মহিলা যে তাঁর কাছে বসে আছে, কিন্তু তিনি জানেন না” (Thess ৭:৩৯)।
 ২. “যদি আপনারা মৌসিকে বিশ্বাস করতেন, তাহলে আপনারা আমাকেও বিশ্বাস করতেন” (যোহান ৫:৪৬)
 ৩. “যদি আমি এখনও মানুষকে সম্বন্ধ করতে চেষ্টা করি তবে তো আমি খ্রীষ্টের দাস নই” (গালাতীয় ১:১০)
- ঘ. THIRD CLASS বলে ভবিষ্যতের সম্ভাব্য কাজের কথা। এটা প্রায়ই সেই কাজের সম্ভাব্যতা ধরে নেয়। এটা সাধারণত বোঝায় কোন সম্ভাব্য ঘটনা। মূল ক্রিয়ার কাজ নির্ভর করে “ইহা” বাক্যাংশের কাজের উপরে। ১ যোহান থেকে উদাহরণ: ১:৬-১০; ২:৪, ৬, ৯, ১৫, ২০, ২১, ২৪, ২৯; ৩:২১; ৪:২০; ৫:১৪, ১৬।
- ঙ. FOURTH CLASS হল সম্ভাবনা থেকে বহুদূরে। এটা নূতন নিয়মে ব্যতিক্রম। সত্যি কথা বলতে কি, কোন সম্পূর্ণ চতুর্থ শ্রেণীর শর্তাধীন বাক্য নেই যেখানে দুই অংশের শর্ত সংজ্ঞার সাথে মিলে যায়। আংশিক FOURTH CLASS এর উদাহরণ হল ১ পিতর ৩:১৪ পদের আরম্ভের বাক্যাংশ। আংশিক FOURTH CLASS এর উদাহরণ হল প্রেরিত ৮:৩১ এর শেষ বাক্যাংশ।

৮. PROHIBITIONS

- ক. PRESENT IMPERATIVE এর সাথে MĒ PARTICLE প্রায়ই (কিন্তু অতিরিক্ত ভাবে নয়) জোর দেয় চলমান কোন কাজ থামানোর জন্য। কিছু উদাহরণ হল: “জগতে তোমাদের ধন সঞ্চয় করো না...” (মথি ৬:১৯) “নিজের বিষয়ে চিন্তা করো না....” (মথি ৬:২৫); “দেহের কোন অংশকে পাপ কাজ করার হাতিয়ার হিসেবে তুলে দিও না....” (রোমীয় ৬:১৩); “তোমরা ঈশ্বরের পবিত্র আত্মাকে দুঃখ দিও না....” (ইফিসীয় ৪:৩০); এবং “মাতাল হয়ো না....” (৫:১৮)।

- খ. AORIST SUBJUNCTIVE এর সাথে MĒ PARTICLE জোর দেয় “কোন কাজ আরম্ভ অথবা শুরু কোর না।” কিছু উদাহরণ হল: “এই কথা মনে করো না....” (মথি ৫:১৭); “এইজন্য চিন্তা করো না....” (মথি ৬:৩১); “তুমি কখনো লজ্জিত হয়ো না...” (২ তীম. ১:৮)।
- গ. DOUBLE NEGATIVE এর সাথে SUBJUNCTIVE MOOD হল খুব জোরালো অস্বীকৃতি। “না, কখনো না” বা “কোন অবস্থাতেই নয়।” কিছু উদাহরণ: “সে কখনোও মৃত্যু দেখিবে না.....” (যোহন ৮:৫১); “আমি কখনও, না কখনও না...” (১ করি ৮:১৩)।

৯. THE ARTICLE

- ক. Koine গ্রীকে DEFINITE ARTICLE “the” -র ব্যবহার ছিল ইংরাজী ভাষার মত একই রকম। এর মূল কাজ ছিল “নির্দেশক” এর মত, একটি শব্দ, নাম বা শব্দগুচ্ছের প্রতি দৃষ্টি আকর্ষণ করার উপায়। নূতন নিয়মে এর ব্যবহার লেখক থেকে লেখকে ভিন্ন হয়। DEFINITE ARTICLE কাজে করতে পারে
১. বিপরীত হাতিয়ার হিসাবে demonstrative PRONOUN এর মত;
 ২. পূর্বে উল্লেখিত SUBJECT বা ব্যক্তির চিহ্ন হিসাবে;
 ৩. বাক্যের সংযোগকারী VERB এর subject চিহ্নিত করার উপায় হিসাবে। উদাহরণ: “ঈশ্বর আত্মা,” যোহন ৪:২৪; “ঈশ্বর জ্যোতি,” ১ যোহন ১:৫; “ঈশ্বর প্রেম,” ৪:৮, ১৬।
- খ. Koine গ্রীকে ইংরাজীর মত INDEFINITE ARTICLE, “a” অথবা “an” নেই। DEFINITE ARTICLE, অনুপস্থিতির অর্থ হতে পারে
১. কোন কিছুর চারিত্রিক বৈশিষ্ট্য বা গুণাবলীর উপর দৃষ্টি দেওয়া
 ২. কোন কিছুর শ্রেণীবিন্যাসের উপরে দৃষ্টি দেওয়া
- গ. নূতন নিয়মের লেখকরা ব্যাপকভাবে ভিন্নতা প্রকাশ করেছেন যে কিভাবে ARTICLE ব্যবহার করা হয়েছে।

১০. গ্রীক নূতন নিয়মে কিভাবে শব্দ বা উক্তির প্রতি জোর দেওয়া হয়েছে

- ক. নির্দিষ্ট শব্দ বা উক্তির প্রতি জোর দেওয়ার কৌশল নূতন নিয়মের লেখক থেকে লেখকে ভিন্ন। সবচেয়ে সামঞ্জস্যপূর্ণ এবং বিধিসম্মত লেখক ছিলেন লুক এবং ইব্রীয় পুস্তকের লেখক।
- খ. আমরা পূর্বে উল্লেখ করেছি যে AORIST ACTIVE INDICATIVE ছিল নির্দিষ্ট শব্দ বা উক্তিতে জোর দেবার জন্য মান সম্মত এবং অচিহ্নিত উপায়, কিন্তু অন্য যে কোন tense, voice or mood এর ছিল ব্যাখ্যামূলক তাৎপর্য। এর অর্থ এই নয় যে AORIST ACTIVE INDICATIVE তাৎপর্যপূর্ণ ভাবে ব্যাকরণে ব্যবহার করা হতো না। উদাহরণ: রোমীয় ৬:১০ (দু'বার)।
- গ. Koine গ্রীকে শব্দের ধারা
১. Koine গ্রীক হল একটি রূপান্তরিত ভাষা যেটা ইংরেজী ভাষার মত শব্দের ধারা অনুসারে স্বাধীন ছিল না। সেজন্য লেখক সাধারণ প্রত্যাশিত ধারা ভিন্নভাবে ব্যবহার করে দেখাতেন
 - ক. লেখক পাঠকের উপরে কিসের জোর দিতে চাচ্ছেন
 - খ. পাঠককে কি অবাক করবে বলে লেখক ভেবেছিলেন
 - গ. লেখক গভীরভাবে কি উপলব্ধি করেছেন
 ২. গ্রীক ভাষায় সাধারণ শব্দের ধারা এখনও একটি অমিমাংসিত ব্যাপার। যাহোক, অনুমিত সাধারণ ধারা হল
 - ক. সংযোগকারী VERBS এর জন্য
 - (১) VERB
 - (২) SUBJECT
 - (৩) COMPLEMENT
 - খ. transitive VERBS এর জন্য
 - (১) VERB
 - (২) SUBJECT
 - (৩) OBJECT
 - (৪) INDIRECT OBJECT
 - (৫) PREPOSITIONAL PHRASE
 - গ. NOUN phrases এর জন্য
 - (১) NOUN
 - (২) MODIFIER

(৩) PREPOSITIONAL PHRASE

৩. শব্দের ধারা হতে পারে চূড়ান্ত ভাবে একটি গুরুত্বপূর্ণ ব্যাখ্যাকর পয়েন্ট। উদাহরণ:
ক. “..আমাকে ও বার্ণবাকে সহভাগিতার দক্ষিণ হস্ত দিলেন” (গালা ২:৯), শব্দগুচ্ছ “সহভাগিতার দক্ষিণ হস্ত” হল খণ্ডিত এবং সম্মুখে অবস্থান করে এর তাৎপর্য প্রকাশ করে।
খ. “খ্রীষ্টের সহিত” (গালা ২:২০), প্রথমে বসেছে। তাঁর মৃত্যু ছিল মূল বিষয়।
গ. “বহুভাগে ও বহুরূপে” (ইব্রীয় ১:১), প্রথমে বসেছে। এটা ছিল কিভাবে ঈশ্বর নিজেকে প্রকাশ করেছেন যা ছিল বৈপরিত্যমূলক, প্রকাশের সত্যানুসারে ছিল না।
- ঘ. সাধারণত কিছু পরিমাণে শব্দ বা উক্তির উপর জোর দেখানো হয়েছে
১. PRONOUN পুনরাবৃত্তি যা ইতিমধ্যে ক্রিয়ার রূপান্তরিত রূপে বর্তমান রয়েছে।
উদাহরণ: “আমি সর্বদা তোমাদের সঙ্গে সঙ্গে আছি..” (মথি ২৮:২০)।
২. অনুমিত CONJUNCTION অনুপস্থিতি, অথবা অন্য সংযুক্তিকারক হাতিয়ার বাক্য, শব্দগুচ্ছ, বাক্যাংশ বা বাক্যের মধ্যে। একে বলা হয় asyndeton (“সীমাহীন”)। সংযুক্তিকারক হাতিয়ার প্রত্যাশিত ছিল।, সেজন্য এর অনুপস্থিতি দৃষ্টি আকর্ষণ করে। উদাহরণ:
ক. স্বর্গসুখ, মথি ৫:৩ (তালিকার উপর জোর দান)
খ. যোহন ১৪:১ (নূতন বিষয়)
গ. রোমীয় ৯:১ (নূতন অংশ)
ঘ. ২ করি. ১২:২০ (তালিকার উপর জোর দান)
৩. শব্দ বা শব্দগুচ্ছের পুনরাবৃত্তি বর্তমান রয়েছে প্রদত্ত প্রসঙ্গে। উদাহরণ: “তাঁর গৌরবের প্রশংসা” (ইফি ১:৬, ১২ এবং ১৪)। এই শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে ত্রিভুজের প্রতিটি ব্যক্তির কাজ প্রদর্শনের জন্য।
৪. বাগধারা বা শব্দ(স্বর) ব্যবহার টার্মের মধ্যে
ক. euphemisms- নিষিদ্ধ বিষয়ের শব্দের বিকল্প হিসাবে যেমন “ঘুমানো” মৃত্যুর জন্য (যোহন ১১:১১-১৪) বা “পা” পুরুষের গুহ্যদ্বারের জন্য (রুত ৩:৭-৮; ১ শমু ২৪:৩)।
খ. circumlocutions- ঈশ্বরের নামের জন্য বিকল্প শব্দ, যেমন “স্বর্গ রাজ্য” (মথি ৩:২১) বা “স্বর্গ থেকে বাণী” (মথি ৩:১৭)।
গ. বাক্যালংকার
(১) অসম্ভব অতিরঞ্জন (মথি ৩:৯; ৫:২৯-৩০; ১৯:২৪)।
(২) মৃদু অতি বিবরণ (মথি ৩:৫; প্রেরিত ২:৩৬)।
(৩) ব্যক্তিরূপ দান (১ করি ১৫:৫৫)
(৪) বিদ্রুপ (গালাতীয় ৫:১২)
(৫) কাব্যিক প্যাসেজ (ফিলি ২:৬-১১)
(৬) শব্দের মাঝে স্বরের কারুকাজ
ক. “church”
(১) “church” (ইফি ৩:২১)
(২) “calling” (ইফি ৪:১, ৪)
(৩) “called” (ইফি ৪:১, ৪)
খ. “স্বাধীন”
(১) “স্বাধীন মহিলা” (গালা ৪:৩১)
(২) “স্বাধীনতা” (গালা ৫:১)
(৩) “স্বাধীন” (গালা ৫:১)
- ঘ. বাগধারাগত ভাষা- ভাষা যা সংস্কৃতিগত এবং ভাষা দ্বারা নির্দিষ্ট:
১. এটা ছিল অলঙ্কারপূর্ণ ব্যবহার “খাবার” এর (যোহন ৪:৩১-৩৪)।
২. এটা ছিল অলঙ্কারপূর্ণ ব্যবহার “মন্দির” এর (যোহন ২:১৯; মথি ২৬:৬১)
৩. এটা ছিল একটি ইব্রীয় সহানুভূতির বাগধারা “ঘৃণা” (আদি ২৯:৩১; দ্বি বি ২১:১৫; Thess. ১৪:৩৬; যোহন ১২:২৫; রোমীয় ৯:১৩)।
৪. “সকলে” বনাম “অনেকে।” তুলনা করুন যিশাইয় ৫৩:৬ পদের (“সকলে”) সাথে ৫৩:১১ এবং ১২ পদের (“অনেকে”)। এর টার্ম সমার্থক যেভাবে রোমীয় ৫:১৮ এবং ১৯ পদ দেখায়।
৫. ভাষা সংক্রান্ত শব্দগুচ্ছ সম্পূর্ণ ব্যবহারের পরিবর্তে শুধু একটি একক শব্দ। উদাহরণ: “প্রভু যীশু খ্রীষ্ট”
৬. autos এর বিশেষ ব্যবহার
ক. যখন ARTICLE (attributive position) এর সাথে এটা অনুবাদ করা হয় “একই।”
খ. যখন ARTICLE (predicate position) ছাড়া এটা অনুবাদ করা হয় INTENSIVE REFLEXIVE PRONOUN হিসাবে- “তিনি স্বয়ং,” “তিনি স্বয়ং,” বা “এটি স্বয়ং।”
৭. গ্রীক ভাষা না জানা বাইবেলের ছাত্র শব্দ বা উক্তির উপর জোর দেওয়াকে বিভিন্ন ভাবে চিহ্নিত করতে পারে:
১. Analytical lexicon and interlinear Greek/English text এর ব্যবহার করে।

২. ইংরেজী অনুবাদগুলোর তুলনা করে, বিশেষভাবে অনুবাদের বিভিন্ন তত্ত্ব থেকে। উদাহরণ: “ওয়ার্ড-ফর-ওয়ার্ড” অনুবাদ (KJV, NKJV, ASV, NASB, RSV, NRSV) সাথে একটি “গতিশীল সমতুল্য” এর (Williams, NIV, NEB, REB, JB, NJB, TEV) তুলনা করে। এখানে একটি ভাল সাহায্য হবে *The Bible in Twenty-Six Translations* published by Baker.
৩. *The Emphasized Bible* by Joseph Bryant Rotherham (Kregel, 1994) এর ব্যবহার
৪. খুবই আক্ষরিক অনুবাদের ব্যবহার
 - ক. *The American Standard Version* of 1901,
 - খ. *Young’s Literal Translation of the Bible* by Robert Young (Guardian Press, 1976),

ব্যাকরণ অধ্যয়ন করা ক্লাস্তিকর কিন্তু সঠিক ব্যাখ্যার জন্য প্রয়োজনীয়। এই সংক্ষিপ্ত সংজ্ঞা, মন্তব্য এবং উদাহরণগুলোর অর্থ হল গ্রীক ভাষা না জানা পাঠকেরা এই ব্যাকরণগত টিকা ব্যবহার করে এই খন্ড পড়তে উৎসাহিত হয়। নিশ্চিতভাবেই এই সংজ্ঞাগুলি অতিরিক্ত সহজ করা হয়েছে। এগুলো কখনো যুক্তি-প্রমাণ ছাড়া, অনমনীয় উপায়ে ব্যবহার করা উচিত নয়, কিন্তু নতুন নিয়মের syntax (বাক্যের গঠন) বিশদভাবে বোঝবার প্রাথমিক ধাপ হিসাবে। আশা রাখি এই সংজ্ঞাগুলো পাঠককে বুঝতে সাহায্য করবে অন্য শিক্ষা সহায়িকার মন্তব্যগুলো যেমন নূতন নিয়মের কৌশলগত ব্যাখ্যাসমূহ।

বাইবেল উদ্ধৃত অংশ থেকে পাওয়া তথ্যের উপর ভিত্তি করে আমাদের ব্যাখ্যা যাচাই করতে সক্ষম হতে হবে। এই বিষয়ে ব্যাকরণ হবে গুরুত্বপূর্ণ বিষয়গুলোর একটি; অন্য বিষয়গুলো অর্ন্তভুক্ত হতে পারে ঐতিহাসিক প্রেক্ষাপট, সাহিত্য প্রসঙ্গ, সমসাময়িক শব্দের ব্যবহার, এবং সমান্তরাল প্যাসেজ।

পরিশিষ্ট দুই

পাণ্ডুলিপির লেখনী বিষয়ক সমালোচনা

এই বিষয়টি নিয়ে এমনভাবে আলোচনা করা হবে যেন এই ব্যাখ্যামূলক বইতে পাওয়া পাণ্ডুলিপির লেখনী বিষয়ক টীকা ব্যাখ্যা করা যায়। নিম্নলিখিত রূপরেখা ব্যবহার করা হবে।

- I. আমাদের ইংরেজী বাইবেলের পাণ্ডুলিপির লেখনী বিষয়ক) উৎসগুলো
 - ক. পুরাতন নিয়ম
 - খ. নতুন নিয়ম
- II. “নিম্নতর সমালোচনা” যা পাণ্ডুলিপির লেখনী বিষয়ক সমালোচনা” নামে পরিচিত এর সমস্যা এবং তত্ত্বসমূহের সংক্ষিপ্ত ব্যাখ্যা।
- III. অধিকতর অধ্যয়নের উৎস সমূহের প্রস্তাবনা

I. আমাদের ইংরেজী বাইবেলের পাণ্ডুলিপির লেখনী বিষয়ক উৎসগুলো

ক. পুরাতন নিয়ম

১. Masoretic text (MT)– ইব্রীয় ব্যঞ্জনবর্ণের লেখনী ১০০ খ্রীষ্টাব্দে Rabbi Aquiba ঠিক করেছিলেন। স্বরবর্ণের পয়েন্ট, উচ্চারণ, marginal notes, যতি চিহ্ন এবং apparatus points সমূহ ছয়শো শতকে যুক্ত করা হয় এবং নয়শো শতকে সমাপন করা হয়। এটা করেছিলেন যিহুদী পণ্ডিতদের একটি দল যারা Masorettes নামে পরিচিত ছিলেন। পাণ্ডুলিপির লেখনী বিষয়ক যে রূপ তারা ব্যবহার করেছিলেন তা Mishnah, Talmud, Targums, Peshitta, এবং Vulgate এর যে কোন একটির মত একই রকম ছিল।
২. Septuagint (LXX)– ঐতিহ্য বলে ৭০ জন যিহুদী পণ্ডিত ৭০ দিনে সেপ্টুয়াজিন্ট রচনা করেছিলেন Alexandria library এর জন্য রাজা দ্বিতীয় Ptolemy (২৮৫-২৪৬ খ্রীষ্ট পূর্ব)–র পৃষ্ঠপোষকতায়। অনুবাদটি সম্ভবত Alexandria তে বসবাসরত এক যিহুদী নেতার অনুরোধে করেছিলেন। এই ঐতিহ্য প্রচলিত হয়েছে “Letter of Aristeas” থেকে। LXX সাধারণ ভাবে ভিত্তি ছিল বিভিন্ন ইব্রীয় পাণ্ডুলিপির লেখনী বিষয়ক ঐতিহ্য Rabbi Aquiba (MT)–র লেখনী থেকে।
৩. Dead Sea Scrolls (DSS),– Dead Sea Scrolls গুলো লেখা হয়েছিল রোমীয় খ্রীষ্ট পূর্ব সময় কালে (২০০ খ্রী.পূ. থেকে ৭০ খ্রী.) একদল যিহুদী পৃথকীকৃত দল যাদেরকে বলা হত “এসেনি” (“Essenes”)। ইব্রীয় পাণ্ডুলিপি, যা মরু সাগরের বিভিন্ন এলাকাতে পাওয়া গিয়েছিল, দেখায় কিছুটা ভিন্ন ইব্রীয় পাণ্ডুলিপির লেখনী বিষয়ক দল MT এবং LXX উভয়ের পিছনে।
৪. কিভাবে এই লেখনী সমূহের তুলনা ব্যাখ্যাকারীদের পুরাতন নিয়ম বুঝতে সাহায্য করেছে তার কিছু নির্দিষ্ট উদাহরণ দেওয়া হল

ক. LXX অনুবাদক এবং পণ্ডিতদের MT বুঝতে সাহায্য করেছে

(১) LXX –এর যিশাইয় ৫২:১৪ পদ, “যেমন অনেকে তাঁহার বিষয়ে হতবুদ্ধি হইবে।”

(২) MT –এর যিশাইয় ৫২:১৪ পদ, “তদ্রূপ অনেকে তোমার বিষয়ে হতবুদ্ধি হইবে।”

(৩) যিশাইয় ৫২:১৫ পদে LXX এর সর্বনামের পার্থক্য নিশ্চিত করে

ক. LXX, সেই রকমই অনেক জাতি তাঁহাতে চমৎকৃত হইবে”

খ. MT, সেই রকমই তিনি অনেক জাতিকে নাড়া দেবেন”

খ. DSS অনুবাদক এবং পণ্ডিতদের MT বুঝতে সাহায্য করেছে

১. DSS –এর যিশাইয় ২১:৮ পদ, “আর সেই ভবিষ্যৎ দ্রষ্টা উচ্চ শব্দ করিয়া কহিল, আমি নিরন্তর প্রহরি-দুর্গে দাঁড়াইয়া থাকি।”

২. MT –এর যিশাইয় ২১:৮ পদ, “এবং আমি সিংহবৎ উচ্চ শব্দ করিয়া কহিলাম, আমি দিনমানে নিরন্তর প্রহরি-দুর্গে দাঁড়াইয়া থাকি..”

গ. LXX, এবং DSS উভয়ই ব্যাখ্যা করতে সাহায্য করেছে যিশাইয় ৫৩:১১ পদ

১. LXX এবং DSS, “আপন প্রাণের পরিশ্রমের পরে তিনি আলোক দেখিবেন, তিনি সন্তুষ্ট হইবেন”

২. MT, “তিনি দেখিবেন...আপন প্রাণের পরিশ্রম, তিনি তৃপ্ত হইবেন”

খ. নতুন নিয়ম

১. গ্রীক নতুন নিয়মের ৫,৩০০ এর বেশী পাণ্ডুলিপির সমস্ত বা কিছু অংশ আজও বিদ্যমান আছে। ৮৫ টি লেখা হয়েছে papyri –তে এবং ২৬৮ টি পাণ্ডুলিপির সবকিছু লেখা হয়েছে বড় হাতের অক্ষরে (uncials), পরবর্তীতে, প্রায় নয়শো শতকে একটি চলমান লেখনীর অতি ক্ষুদ্র পদ্ধতি উন্নয়ন করা হয়েছিল। গ্রীক পাণ্ডুলিপির লিখিত রূপের সংখ্যা প্রায় ২,৭০০। আমাদেরও প্রায় ২,১০০ আরাধনায় ব্যবহৃত বাইবেল পাঠের অনুলিপির তালিকা আছে যাকে আমরা বলি lectionaries।
২. জাদুঘরে রক্ষিত প্রায় ৮৫টি গ্রীক পাণ্ডুলিপির মধ্যে papyrus,তে লেখা নতুন নিয়মের কিছু অংশ রয়েছে। কিছু কিছুর সময়কাল দ্বিতীয় শতক, কিন্তু বেশীর ভাগই হল তৃতীয় বা চতুর্থ শতকের। এই MSS এর কোনটাই সম্পূর্ণ নতুন নিয়ম ছিল না। যেহেতু এগুলো নতুন নিয়মের পুরাতন অনুলিপি যার অর্থ এই নয় যে এতে স্বয়ংক্রিয় ভাবে অল্প ভিন্নতা আছে। এর অনেকগুলো স্থানীয় ব্যবহারের জন্য দ্রুততায় অনুলিপি করা হয়েছিল। এই প্রক্রিয়া সাবধানতা ব্যবহার করা হয় নি। সেহেতু এর মধ্যে অনেক ভিন্নতা আছে।

৩. Codex Sinaiticus, যেটি ইব্রীয় অক্ষর \aleph (aleph) অথবা (০১) দ্বারা পরিচিত, সিনাই পর্বতে অবস্থিত St. Catherine's monastery তে পাওয়া গিয়েছিল Tischendorf দ্বারা। এর সময় কাল ছিল চতুর্থ শতক এবং এতে পুরাতন নিয়মের LXX এবং গ্রীক নতুন নিয়ম উভয় ছিল। এটা হল “the Alexandrian Text” এর ধরণ।
৪. Codex Alexandrinus, যেটি পরিচিত “A” বা (০২) হিসাবে, একটি পঞ্চম শতকের গ্রীক পাণ্ডুলিপি যা মিশরের আলেকজান্দ্রিয়াতে পাওয়া গিয়েছিল।
৫. Codex Vaticanus, যেটি পরিচিত “B” বা (০৩) হিসাবে, রোমের ভাটিক্যান গ্রন্থাগারে পাওয়া গিয়েছিল এবং এর সময়কাল চতুর্থ শতকের মধ্যভাগ। এতে পুরাতন নিয়মের LXX এবং গ্রীক নতুন নিয়ম উভয় ছিল। এটা হল “the Alexandrian Text” এর ধরণ।
৬. Codex Ephraemi, যেটি পরিচিত ছিল “C” বা (০৪) হিসেবে, একটি পঞ্চম শতকের গ্রীক পাণ্ডুলিপি যার আংশিক ধ্বংস হয়ে গিয়েছিল।
৭. Codex Bezae, যেটি পরিচিত ছিল “D” বা (০৫) হিসেবে, একটি পঞ্চম বা ষষ্ঠ শতকের গ্রীক পাণ্ডুলিপি। এটি ছিল যাকে আমরা বলি “The Western Text” এর প্রধান প্রতিনিধিত্বকারী। এতে অনেক সংযুক্তি এবং King James অনুবাদের মূল গ্রীক পর্তুলিপি ছিল।
৮. নতুন নিয়মের MSS -কে তিনটি ভাগে ভাগ, সম্ভবত চার ভাগে ভাগ করা যায়, একই গোত্রীয় যা নির্দিষ্ট বৈশিষ্ট্য সহভাগিতা করে থাকে।
 - ক. মিশরের Alexandrian text
 - (১) P⁷⁵, P⁶⁶ (প্রায় ২০০ খ্রীষ্টাব্দ), যা সুমাচার লিপিবদ্ধ করেছে
 - (২) P⁴⁶ (প্রায় ২২৫ খ্রীষ্টাব্দ), যা পৌলের পত্রগুলো লিপিবদ্ধ করেছে
 - (৩) P⁷² (প্রায় ২২৫-২৫০ খ্রীষ্টাব্দ), যা পিতর এবং যিহুদা লিপিবদ্ধ করেছে
 - (৪) Codex B, একে বলা হয় Vaticanus (প্রায় ৩২৫ খ্রীষ্টাব্দ), যেখানে সম্পূর্ণ পুরাতন নিয়ম এবং নতুন নিয়ম অন্তর্ভুক্ত
 - (৫) এই লেখনী রূপ থেকে উদ্ধৃতির উৎস
 - (৬) অন্য MSS যা এই \aleph , C, L, W, 33 এর লেখনী রূপ দেখায়
 - খ. উত্তর আফ্রিকা থেকে পশ্চিমা লেখনী
 - (১) উত্তর আফ্রিকার মন্ডলীর আদি পিতাদের উদ্ধৃতি, Tertullian, Cyprian এবং পুরাতন ল্যাটিন অনুবাদ
 - (২) Irenaeus থেকে উদ্ধৃতি
 - (৩) Tatian এবং পুরাতন Syriac অনুবাদ থেকে উদ্ধৃতি
 - (৪) Codex D “Bezae” এই লেখনী ধরণ অনুসরণ করে
 - গ. Constantinople থেকে Eastern Byzantine text
 - (১) এই লেখনী ধরণ প্রতিফলিত হয়েছে ৫,৩০০ MSS এর ৮০% উপরে
 - (২) সিরিয়ার আন্তখিয়ার মন্ডলীর আদি পিতাদের উদ্ধৃতি, Cappadoceans, Chrysostom, এবং Therodoret
 - (৩) Codex A, শুধুমাত্র সুসমাচারগুলিতে
 - (৪) Codex E (অষ্টম শতক) সম্পূর্ণ নতুন নিয়মের জন্য
 - ঘ. সাম্রাজ্য চতুর্থ ধরণ হল “Caesarean” প্যালেস্টাইন থেকে
 - (১) এটা প্রাথমিকভাবে শুধুমাত্র মার্কে দেখা যায়
 - (২) এর কিছু সাক্ষী হল P⁴⁵ এবং W

II. “নিম্নতর সমালোচনা” বা “পাণ্ডুলিপির লেখনী বিষয়ক সমালোচনা” এর সমস্যা এবং তত্ত্বসমূহ

ক. কিভাবে ভিন্নতা ঘটে

১. অনিচ্ছাকৃত বা দুর্ঘটনাবশতঃ (বেশির ভাগই ঘটনার কারণে)
 - ক. হাতে অনুলিখনের সময় চোখ এড়িয়ে যাওয়া যা দ্বিতীয়বার পড়ার ক্ষেত্রে দুটি একই শব্দ হয় এবং সেজন্য এর মধ্যের সমস্ত শব্দ বাদ পড়ে (homoioteleuton)
 - (১) চোখ এড়িয়ে যাওয়ায় দুটি অক্ষরের শব্দ বা শব্দগুচ্ছ বাদ পড়া (haplography)
 - (২) মনের ভুলে গ্রীক লেখনীর একটি শব্দগুচ্ছ বা line এর পুনরাবৃত্তি (dittography)
 - খ. শোনার ভুলে মৌখিক অনুলিখনের সময়ে ভুল বানান ঘটে (itacism)। প্রায়ই এই ভুল বানান বোঝায় বা বানান করে একই রকম উচ্চারণের গ্রীক শব্দ।
 - গ. প্রাচীন গ্রীক লেখনীতে কোন অধ্যায় বা পদের বিভাগ, অঙ্ক বা কোন যতিচিহ্ন এবং শব্দের মধ্যে কোন বিভাজন ছিল না। এটা সম্ভব ছিল অক্ষরগুলোকে ভাগ করে বিভিন্ন জায়গায় বসিয়ে বিভিন্ন শব্দ তৈরী করা
২. ইচ্ছাকৃত
 - ক. লেখনী অনুলিখনে ব্যাকরণগত রূপের উন্নয়ন করার জন্য পরিবর্তন করা হয়েছিল
 - খ. অন্য বাইবেল বিষয়ক লেখনীর (harmonization of parallels) সাথে সাদৃশ্য আনার জন্য পরিবর্তন করা হয়েছিল

- গ. দুই বা ততোধিক ভিন্ন লেখনীকে সমন্বয় করে একটি দীর্ঘ সংযুক্ত লেখনী (conflation) করার জন্য পরিবর্তন করা হয়েছিল
- ঘ. লেখনীর একটি অনুভূত সমস্যা সঠিক করার জন্য পরিবর্তন করা হয়েছিল (১ করি ১১:২৭ এবং ১ যোহন ৫:৭-৮)
- ঙ. কিছু অতিরিক্ত তথ্য যেমন ঐতিহাসিক পটভূমি বা লেখনীর উপযুক্ত ব্যাখ্যা এক লিপিকার সীমা নির্ধারণ করেছেন কিন্তু অন্য লিপিকার দ্বারা লেখার মধ্যে আনা হয়েছে (যোহন ৫:৪)
- খ. লেখনী বিষয়ক সমালোচনার মৌলিক মতবাদ (মৌক্তিক নিয়মাবলী যা নির্ধারণ করে একটি লেখনীর মৌলিক অধ্যয়ন যখন ভিন্নতা বর্তমান রয়েছে)
১. সবচেয়ে অনভিপ্রেত বা ব্যাকারণগত ভাবে অস্বাভাবিক লেখনী সম্ভাবত মৌলিক
 ২. সংক্ষিপ্ত লেখনী সম্ভাবত মৌলিক
 ৩. পুরাতন লেখনীকে বেশী গুরুত্ব দেওয়া হয় কারণ এর মূলের সাথে ঐতিহাসিক নৈকট্য, অন্য সবকিছু একই রকম থাকে
 ৪. MSS এর যেগুলি ভৌগোলিকভাবে ভিন্ন সাধারণত সেগুলি মূল অধ্যয়ন আছে
 ৫. মতবাদগত ভাবে দুর্বল লেখনী, বিশেষভাবে যেগুলির পাতুলিপি পরিবর্তনের সময় কালের বৃহত্তর ধর্মতত্ত্বগত আলোচনার সাথে সম্পর্কযুক্ত, যেমন ত্রিত্ব ১ যোহন ৫:৭-৮ পদে মনোনীত করা হয়।
 ৬. অন্যান্য ভিন্নতায় লেখনী সবচেয়ে উত্তমভাবে ব্যাখ্যা করা যায়
 ৭. দুইটি উদ্ধৃতি যা এই সমস্যামূলক ভিন্নতার মধ্যে সমতা দেখাতে সাহায্য করে
- ক. J. Harold Greenlee's book, *Introduction to New Testament Textual Criticism*,
 “কোন খ্রীষ্টিয় মতবাদ বিতর্কিত লেখনীর উপর নির্ভর করে না; এবং নতুন নিয়মের ছাত্রদের যারা মূল থেকে অনুপ্রাণিত হওয়ার চেয়ে আরও প্রথাগত বা মতবাদগত ভাবে শক্তিশালী হতে চায় তাদের অবশ্যই সচেতন হতে হবে” (পৃ. ৬৮)
- খ. W. A. Criswell বলেছেন Greg Garrison of *The Birmingham News*– কে যে তিনি (Criswell) বিশ্বাস করেন না যে বাইবেলের সব শব্দ অনুপ্রাণিত, “অন্তত: সব শব্দ নয় যা শতকের পর শতক ধরে অনুবাদকেরা আধুনিক জনগণকে দিয়েছেন।” Criswell বলেছেন, “আমি নিজে লেখনীর সমালোচনায় বিশেষভাবে বিশ্বাসী। যেমন, আমি মনে করি, মার্কেসের ১৬ তম অধ্যায়ের শেষের অর্ধেক প্রচলিত মতের বিরুদ্ধ বিশ্বাস: এটা অনুপ্রাণিত নয়, এটি শুধুমাত্র সাজানো.....। যখন আপনি এইসব কিছু পুরাতন পাতুলিপিগুলোর তুলনা করবেন, মার্ক পুস্তকে এমন কিছু নেই যা পুস্তকের উপসংহার হতে পারে। কেউ একজন এটাকে যুক্ত করেছেন.....”
- SBC inerrantists এর পৃষ্ঠপোষক দাবী করেন যে, পুস্তকে সন্নিবেশিত” (“interpolation”) করার প্রমাণ যোহন ৫ পদে, বৈৎসদা পুকুর পাড়ে যীশুর বিবরণ। তিনি আরও আলোচনা করেছেন যিহুদার আত্মহত্যার দুইটি ভিন্ন প্রেক্ষাপট (মথি ২৭ এবং প্রেরিত ১): Criswell, বলেছেন, “এটা শুধুমাত্র আত্মহত্যার একটি ভিন্ন দৃষ্টি।” “যদি এটি বাইবেলে থাকে তাহলে এর জন্য একটি ব্যাখ্যা রয়েছে। এবং যিহুদার আত্মহত্যার দুইটি বিবরণ বাইবেলে রয়েছে।” Criswell আরও বলেছেন, “লেখনী বিষয়ক সমালোচনা নিজেই একটি অসাধারণ বিজ্ঞান। এটি ক্ষণস্থায়ী নয়, এটা অপ্রাসঙ্গিক নয়। এটা গতিশীল এবং কেন্দ্রীয়...”

III. পাতুলিপির সমস্যাসমূহ (লেখনী বিষয়ক সমালোচনা)

ক. অধিকতর অধ্যয়নের উৎসসমূহের পরামর্শ

১. *Biblical Criticism: Historical, Literary and Textual*, by R.H. Harrison
২. *The Text of the New Testament: Its Transmission, Corruption and Restoration* by Bruce M. Metzger,
৩. *Introduction to New Testament Textual Criticism*, by J. H Greenlee

পরিশিষ্ট তিন

শব্দকোষ/পরিভাষা

Adoptionism (দত্তক গ্রহণ-তত্ত্ব) এটি ছিল যীশুর ঈশ্বরত্বের সাথে সম্পর্কিত একটি পূর্ব ধারণা। এটি মূলত বলতে চেষ্টা করে যে যীশু সব দিক দিয়ে একজন সাধারণ মানুষ ছিলেন এবং তাঁর বাপ্তিস্মের সময় ঈশ্বর বিশেষ অর্থে তাঁকে দত্তক নিয়েছিলেন (মথি. ৩:১৭; মার্ক ১:১১) বা তাঁর পুনরুত্থানের সময়ে (রোমীয় ১:৪)। যীশু এমন একটি দৃষ্টান্তমূলক জীবন যাপন করতেন যে ঈশ্বর কিছু কিছু ক্ষেত্রে, (বাপ্তিস্ম, পুনরুত্থান) তাঁকে তাঁর “পুত্র” হিসেবে দত্তক নিয়েছিলেন (রোমীয় ১:৪; ফিলি ২:৯)। এটা ছিল প্রাথমিক মন্ডলী এবং অষ্টম শতকের অল্প কিছু মানুষের ধারণা। ঈশ্বরের মানুষ রূপ নেওয়ার (দেহ ধারণ) পরিবর্তে এটি একে উল্টে ফেলে এবং এখন হয়ে যায় মানুষ ঈশ্বর হয়েছেন!

এটা ব্যাখ্যা করা কঠিন যে কিভাবে যীশু, ঈশ্বরের পুত্র, পূর্ব-বিদ্যমান ঈশ্বর, পুরস্কৃত বা উচ্চ প্রশংসিত হয়েছিলেন একটি দৃষ্টান্তমূলক জীবনের জন্য। যদি তিনি ঈশ্বরই হয়ে থাকেন, কিভাবে তাঁকে পুরস্কৃত করা যেতে পারে? যদি তাঁর পূর্ব-বিদ্যমান স্বর্গীয় মহিমা থাকে তাহলে কিভাবে তাঁকে আরও সম্মানিত করা হয়? যদিও এটা আমাদের জন্য হৃদয়াক্ষম করা অনেক কঠিন, পিতা যীশুকে কোন না কোন বিশেষ অর্থে সম্মানিত করেছিলেন তাঁর পিতার ইচ্ছা উত্তমরূপে পরিপূর্ণ করার জন্য।

Alexandrian School (আলেকজান্দ্রিয়ার পণ্ডিতদের দল) দ্বিতীয় শতকে মিশরের আলেকজান্দ্রিয়াতে বাইবেল ব্যাখ্যার এই পদ্ধতির উদ্ভব হয়েছিল। এটি ফিলো, যিনি প্লেটোর অনুসারী ছিলেন তার প্রাথমিক ব্যাখ্যামূলক নীতি ব্যবহার করে। প্রায় সময়ই একে রূপার্থক পদ্ধতি বলা হয়। এটি সংস্কার আন্দোলনের পূর্ব পর্যন্ত মন্ডলীকে আন্দোলিত করত। এর সবচেয়ে দক্ষ প্রবক্তারা ছিলেন ওরিগেন এবং আগষ্টিন। দেখুন Moises Silva, *Has The Church Misread The Bible?* (Academic, 1987)।

Alexandrinus (আলেকজান্দ্রিনাস) এটি মিশরের আলেকজান্দ্রিয়ার পঞ্চম শতকের গ্রীক পাণ্ডুলিপি, যার অন্তর্ভুক্ত ছিল পুরাতন নিয়ম, Apocrypha (ক্যানন বহির্ভূত পুস্তক) এবং নতুন নিয়মের অধিকাংশ। এটি হল আমাদের সমস্ত গ্রীক নতুন নিয়ম (মথি, যোহন এবং ২ করিন্থীয় পত্রের কিছু অংশ বাদে) বৃহত্তর সাক্ষী/প্রমাণের একটি। যখন এই পাণ্ডুলিপি, যার নামকরণ করা হয়েছে “A,” এবং পাণ্ডুলিপি যার নামকরণ করা হয়েছে হল “B” (Vaticanus) একমত হয়েছে অধ্যয়নের উপর, এটা অধিকাংশ স্থানেই বেশির ভাগ পণ্ডিত দ্বারা মূল হিসেবে বিবেচনা করা হয়েছে।

Allegory (রূপক) এটা এক ধরণের বাইবেল ভিত্তিক ব্যাখ্যা যার মূলতঃ উন্নয়ন হয়েছিল আলেকজান্দ্রিয়ার যিহূদী ধর্মের ভিতরে। একে জনপ্রিয় করেছিলেন আলেকজান্দ্রিয়ার ফিলো। এর চালিকা শক্তির আকাংখ্যার ভিত্তি হল শাস্ত্রের ঐতিহাসিক পটভূমি এবং/অথবা সাহিত্য প্রসঙ্গকে উপেক্ষা করার মাধ্যমে বাইবেলকে একজনের সংস্কৃতি বা দার্শনিক ব্যবস্থার উপযুক্ত করা। এটি শাস্ত্রের প্রতিটি লেখনীর পিছনের গোপন বা আত্মিক অর্থ খোঁজে। উল্লেখ্য যে, যীশু মথি ১৩ অধ্যায়ে, এবং পৌল গালাতীয় ৪ অধ্যায়ে সত্য বলার জন্য রূপকের ব্যবহার করেছেন। এটি, যাহোক, শাস্ত্র অধ্যয়নে মতবাদগত তত্ত্ব রূপে ছিল, কঠোরভাবে রূপকধর্মী নয়।

Analytical lexicon (বিশ্লেষণাত্মক অভিধান) এটি এক ধরণের গবেষণার হাতিয়ার যা একজনকে নতুন নিয়মের প্রতি গ্রীক রূপ চিহ্নিত করতে সাহায্য করে। এটি একটি সংকলন, গ্রীক বর্ণমালার শৃংখল অনুসারে, রূপের এবং মৌলিক সংজ্ঞা সমূহের। একটি interlinear অনুবাদের সাথে সমন্বিত হয়ে, এটি গ্রীক পড়তে না পারা বিশ্বাসীদের নতুন নিয়মে গ্রীক ব্যাকরণগত এবং বাক্যগঠনগত রূপ বিশ্লেষণ করতে সাহায্য করে।

Analogy of Scripture (শাস্ত্রের উপমা) এই সেই শব্দগুচ্ছ যা এই দৃষ্টিভঙ্গি বোঝাতে ব্যবহৃত হয়েছে যে বাইবেলের সমস্ত কিছু ঈশ্বর দ্বারা অনুপ্রাণিত হয়েছে, সেহেতু, স্ববিরোধী নয় কিন্তু সম্পূর্ণক। এই পূর্ব ধারণাগত নিশ্চয়তা হল একটি সমান্তরাল প্যাসেজের বাইবেলের লেখনী অনুবাদের জন্য ব্যবহৃত মূলনীতি।

Ambiguity (অস্পষ্টতা/দ্ব্যর্থক বাক্য) এটি উল্লেখ করে সেই অনিশ্চয়তা যার ফলাফল হল একটি লিখিত নথিপত্র যখন সেখানে দুই বা ততোধিক সম্ভাব্য অর্থ বা যখন দুই বা ততোধিক বিষয়কে একই সময়ে উল্লেখ করা হয়ে থাকে। এটা সম্ভব যে যোহন উদ্দেশ্যমূলকভাবেই ambiguity (দুটি ব্যাখ্যা) ব্যবহার করেছেন।

Anthropomorphic (নরত্বারোপ/ব্যক্তিরূপ দান) এর অর্থ “মানুষের মত চারিত্রিক বৈশিষ্ট্য সম্পন্ন সত্ত্বা,” এই টার্ম ঈশ্বর সম্বন্ধে আমাদের ধর্মীয় ভাষা বর্ণনা করতে ব্যবহৃত হয়েছে। এটি এসেছে গ্রীক টার্ম মানবজাতি থেকে। এর অর্থ হল আমরা ঈশ্বরের বিষয়ে এমনভাবে বলি যেন তিনি একজন মানুষ। ঈশ্বরকে বর্ণনা করা হয়েছে শারিরিক, সামাজিক এবং সমাজিক টার্মে যেটি মানুষের সাথে সম্পর্কযুক্ত (আদি ৩:৮; ১ রাজা ২২:১৯-২৩)। এটি অবশ্যই শুধুমাত্র একটি উপমা। যাহোক, আমাদের ব্যবহারের জন্য মানুষ ছাড়া আর কোন শ্রেণীবিভাগ বা টার্ম নেই। সুতরাং, ঈশ্বরের বিষয়ে আমাদের জ্ঞান, যদিও সত্য, খুবই সীমাবদ্ধ।

Antiochian School (আন্তিয়খিয়ার পণ্ডিতদের দল) এই বাইবেল অনুবাদ পদ্ধতির উদ্ভব হয়েছিল সিরিয়ার আন্তিয়খিয়ায় তৃতীয় শতকে মিশরের আলেকজান্দ্রিয়ার রূপকার্থক পদ্ধতির প্রতিক্রিয়া হিসাবে। এর মূল চালিকা শক্তি ছিল বাইবেলের ঐতিহাসিক অর্থের উপরে দৃষ্টি দেওয়া। এটি বাইবেলকে অনুবাদ করেছিল সাধারণ, মানবিক সাহিত্য হিসাবে। এই দল যীশুর দুইটি স্বভা (Nestorianism) বা একটি স্বভা (সম্পূর্ণ ঈশ্বর এবং সম্পূর্ণ মানুষ) ছিল কিনা এই বিষয়ে বিতর্কে জড়িয়ে গিয়েছিল। একে বিরুদ্ধ মত বলে রোমীয় ক্যাথলিক মন্ডলী অ্যাখ্যা দেয় এবং পারস্যে স্থানান্তরিত

হয় কিন্তু এই দলের সামান্যই তাৎপর্য ছিল। এর মৌলিক ব্যাখ্যার নীতিগুলো পরবর্তীতে ক্লাসিক্যাল প্রোটেস্ট্যান্ট সংস্কারকারীদের (Luther এবং Calvin) অনুবাদের নীতি হয়েছিল।

Antithetical (বৈপরিত্য/ভিন্নতা/বিভেদমূলক) এটি হল হিব্রু কবিতার পঙতিগুলোর মধ্যকার সম্পর্ক বোঝানোর জন্য ব্যবহৃত তিনটি বর্ণনামূলক টার্মের একটি। এটি কবিতার পঙতির মধ্যে মিল করে যেগুলো বিপরীত অর্থ বোঝায় (হিতো ১০:১, ১৫:১)।

Apocalyptic literature (রহস্য-উদ্ঘাটনমূলক সাহিত্য) এটা ছিল প্রধান, হয়তো সম্ভবত অনন্য, একটি যিহুদী রীতি। এটি একটি রহস্যময় ধরণের লেখা যা বিদেশী বিশ্ব শক্তি দ্বারা যখন যিহুদীদের আক্রমণ এবং দখল করা হয়েছিল সেই সময় ব্যবহৃত হত। এটি ধরে নেয় যে একজন ব্যক্তিগত, পরিব্রাজকারী ঈশ্বর সৃষ্টি এবং নিয়ন্ত্রণ করছেন বিশ্বের ঘটনাগুলো, এবং ইস্রায়েলের প্রতি তাঁর বিশেষ আগ্রহ এবং তত্ত্বাবধান রয়েছে। এই সাহিত্য ঈশ্বরের বিশেষ প্রচেষ্টার মাধ্যমে চূড়ান্ত বিজয়ের প্রতিজ্ঞা করে।

এটি অত্যন্ত প্রতীকীমূলক ও অবাস্তব অনেক রহস্যময় টার্মে। এটা প্রায়ই সত্য প্রকাশ করে থাকে রং, সংখ্যা, দর্শন, স্বপ্ন, দূতসুলভ ধ্যানে, সাংকেতিক শব্দ এবং প্রায়ই ভাল এবং মন্দের মধ্যে একটি তীক্ষ্ণ দ্বৈত বাদের মাধ্যমে।

এই রীতির কিছু উদাহরণ হল (১) পুরাতন নিয়মে, যিহিষ্কেল (৩৬-৪৮), দানিয়েল (৭-১২), সখরিয়; এবং (২) নতুন নিয়মে, মথি ২৪, মার্ক ১৩, ২ থিমলনীকীয় ২ এবং প্রকাশিত বাক্য।

Apologist (Apologetics) (কৈফিয়তদানকারী [কৈফিয়তমূলক]) এটি এসেছে “আইনসম্মত প্রতিরক্ষা” গ্রীক মূল থেকে। এটি ধর্মতত্ত্বের ভিতরে একটি নির্দিষ্ট শৃংখলা যেটি অন্বেষণ করে খ্রীষ্টিয় বিশ্বাসকে দেবার জন্য প্রমাণ এবং যুক্তিসম্মত বিতর্কসমূহ।

A priori (অগ্রগণ্য বলে বিবেচ্য) এটি মূলত “পূর্ব ধারণা” টার্মের সমার্থক। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকে পূর্বে গৃহিত সংজ্ঞা, নীতি বা অবস্থাসমূহের যুক্তি যাকে সত্য বলে ধরে নেওয়া হয়। এটি হল সেটি যাকে কোন পরীক্ষা বা বিশ্লেষণ ছাড়াই গ্রহণ করা হয়েছে।

Arianism (অরিয়সের তত্ত্ব) Arius ছিলেন তৃতীয় এবং চতুর্থ শতকের মিশরের আলেকজান্দ্রিয়ার মন্ডলী একজন প্রেসবিটার। তিনি বলতে চেয়ে যে যীশু পূর্বে-বিদ্যমান ছিলেন কিন্তু ঐশ্বরীয় ছিলেন না (পিতার মত একই সত্তা ছিল না), সম্ভবত হিতোপদেশ ৮:২২-৩১ পদ অনুসারে। তিনি আলেকজান্দ্রিয়ার বিশপের আপত্তির সম্মুখীন হন, যিনি (৩২৮ খ্রীষ্টাব্দ) তার সাথে বিতর্ক শুরু করেন যেটা অনেক বছর স্থায়ী হয়েছিল। অরিয়সের তত্ত্ব ইস্টার্ন মন্ডলীর অনুমোদিত মতবাদ হয়ে দাঁড়ায়। ৩২৫ খ্রীষ্টাব্দে নাইসিয়ার কাউন্সিল Arius -কে দোষী সাব্যস্ত করেছিল এবং জোর দিয়েছিল পুত্রের পরিপূর্ণ সমতা এবং ঈশ্বরত্বের প্রতি।

Aristotle (এরিস্টটল) তিনি ছিলেন প্রাচীন গ্রীসের দার্শনিকদের একজন, প্লেটোর একজন শিষ্য এবং মহান আলেকজান্ডারের শিক্ষক। তার প্রভাব, এমনকি আজও, আধুনিক শিক্ষা ব্যবস্থার অনেক ক্ষেত্রে বিস্তার লাভ করেছে। এর কারণ হল তিনি পর্যবেক্ষণ এবং শ্রেণীবিভাগের মাধ্যমে জ্ঞানার্জনের উপরে জোর দিয়েছিলেন। এটি বিজ্ঞানসম্মত পদ্ধতির মতবাদগুলোর একটি।

Autographs (স্বহস্তে লিখন) বাইবেলের মূল লেখাকে এই নাম দেওয়া হয়েছিল। এই মূল, হাতে লেখা পাণ্ডুলিপিগুলোর সবটাই হারিয়ে গিয়েছে। শুধু লেখাগুলো অনুলিখনের অনুলিখনই রয়ে গিয়েছে। এটাই হল ইব্রীয় এবং গ্রীক পাণ্ডুলিপিগুলো এবং প্রাচীন সংস্করণগুলোর অনেক রকমের লেখনীর ভিন্নতার উৎস।

Bezae এটি হল ষষ্ঠ শতকের একটি গ্রীক এবং ল্যাটিন পাণ্ডুলিপি। এটার নাম করণ হয়েছে “D”। এর মধ্যে সুসমাচারসমূহ ও প্রেরিত পুস্তক এবং সাধারণ প্রেরিত পত্রের কিছু অংশ ছিল। একে চিহ্নিত করা হয় অসংখ্য অনুলিপিকারকের সংস্করণ দ্বারা। এটি গঠন করে “Textus Receptus” এর ভিত্তি, King James Version এর পশ্চাতে মুখ্য গ্রীক পাণ্ডুলিপির ঐতিহ্য।

Bias (পক্ষপাত) এই টার্মটি ব্যবহৃত হয়েছে একটি বস্তু বা দৃষ্টিভঙ্গি প্রতি একটি শক্তিশালী পূর্ব প্রবণতা বর্ণনা করার জন্য। এটা একটি মানসিক অবস্থা যেখানে কোন নির্দিষ্ট বস্তু বা দৃষ্টিভঙ্গির বিষয়ে নিরপেক্ষ থাকা হল অসম্ভব। এটা একটি পক্ষপাতদুষ্ট অবস্থান।

Biblical Authority (বাইবেলের কর্তৃত্ব) এই টার্মটি ব্যবহার করা হয়েছে একটি বিশেষ অর্থে। এটি মূল লেখক তার সময়কালে কি বলতে চেয়েছেন এবং সেই সত্য আমাদের সময়কালে কিভাবে প্রয়োগ করা হয় সেটি বুঝতে পারাকে ব্যাখ্যা করে। বাইবেলের কর্তৃত্ব সাধারণভাবে ব্যাখ্যা করা হয় যে বাইবেলকেই আমাদের একমাত্র কর্তৃত্বকারী সহায়ক হিসাবে দেখাকে। যাহোক, বর্তমানের, ভ্রান্ত অনুবাদের আলোকে, আমি বাইবেলের ধারণাকে ঐতিহাসিক-ব্যাকরণগত পদ্ধতির মতবাদ দ্বারা অনুবাদের মধ্যে সীমিত রেখেছি।

Canon (ক্যানন) এই টার্মটি ব্যবহৃত হয়েছে লেখাগুলো বর্ণনা করার জন্য যেগুলো অনন্যভাবে অনুপ্রাণিত বলে বিশ্বাস করা হয়। এটি পুরাতন নিয়ম এবং নতুন নিয়ম উভয় লেখার ক্ষেত্রেই ব্যবহার করা হয়েছে।

Christocentric এই একটি টার্ম যীশু-কেন্দ্রিকতা বর্ণনা করার জন্য ব্যবহৃত হয়েছে। আমি একে এই সংযুক্তির সাথে ব্যবহার করি যে যীশু হলেন সমস্ত বাইবেলের প্রভু। পুরাতন নিয়ম তাঁর দিকে নির্দেশ করে এবং তিনি হলেন এর পরিপূর্ণতা এবং লক্ষ্য (মথি ৫:১৭-৪৮)।

Commentary (ব্যখ্যা পুস্তক) এটি হল একটি বিশেষায়িত ধরণের গবেষণামূলক বই। এটি বাইবেলের পুস্তক সমূহের সাধারণ পটভূমি দিয়ে থাকে। পরে এটি চেষ্টা করে পুস্তকের প্রতিটি অংশের অর্থ ব্যাখ্যা করতে। কিছু কিছু গুরুত্ব দেয় প্রয়োগের উপর, যখন অন্যগুলি লেখনীসমূহ নিয়ে আরও কৌশলগত পদ্ধতি নিয়ে আলোচনা করে। এই বইগুলো সাহায্যকারী, কিন্তু একজনের উচিত নিজের প্রারম্ভিক অধ্যয়ন শেষ করার পর ব্যবহার করা। ব্যাখ্যাকারীর অনুবাদ সমালোচনা ছাড়া গ্রহণ করা উচিত নয়। বিভিন্ন ধরণের ধর্মতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে লেখা ব্যাখ্যামূলক বইয়ের তুলনা করা সাধারণত সহায়ক হয়।

Concordance (নির্ঘণ্ট) এটি বাইবেল অধ্যয়নের জন্য এক ধরণের গবেষণার হাতিয়ার। এটা পুরাতন এবং নতুন নিয়মের প্রতিটি শব্দের প্রতিটি ঘটনার তালিকা করে থাকে। বিভিন্ন উপায়ে এটি সাহায্য করে: (১) ইব্রীয় বা গ্রীক শব্দ নিরূপণ করা যেটি কোন নির্দিষ্ট ইংরাজী শব্দের পিছনে থাকে; (২) একই ইব্রীয় বা গ্রীক শব্দ ব্যবহার করা হয়েছে এমন প্যাসেজের তুলনা করা; (৩) দেখানো যেখানে দুটি ভিন্ন ইব্রীয় বা গ্রীক টার্ম একই ইংরাজী শব্দে অনুবাদ করা হয়েছে; (৪) নির্দিষ্ট বইগুলো বা লেখকেরা নির্দিষ্ট শব্দসমূহ কতটা নিয়মিত ব্যবহার করেছেন তা দেখানো; (৫) কাউকে বাইবেলের একটি প্যাসেজ খুঁজে বের করতে সাহায্য করা (Walter Clark's *How to Use New Testament Greek Study Aids*, pp. 54-55)।

Dead Sea Scrolls (মরু সাগরের পুঁথি) এটি নির্দেশ করে একটি ধারাবাহিক ইব্রীয় এবং আরামিক ভাষায় লিখিত প্রাচীন লেখাসমূহ যেগুলো মরু সাগরের কাছে ১৯৪৭ সনে পাওয়া যায়। এগুলো ছিল প্রথম শতাব্দীর যিহূদী ধর্মের একটি সম্প্রদায়ের ধর্মীয় গ্রন্থাগার। রোমীয় দখলদার এবং ৬০ দশকের ধর্মাবলম্বীদের যুদ্ধের চাপের কারণে তারা জেফলগুলোকে বায়ুরোধক মাটির পাত্রে রেখে গুহা বা গর্তে লুকিয়ে রেখেছিল। সেগুলি আমাদের প্রথম শতাব্দীর প্যালেস্টাইনের ঐতিহাসিক পটভূমি বুঝতে সাহায্য করেছে এবং নিশ্চিত করেছে যে Masoretic Text, খুবই সঠিক, অন্তত: অতীতে প্রাথমিক খ্রীষ্ট-পূর্ব যুগ পর্যন্ত। এদের নামকরণ করা হয়েছে সংক্ষিপ্ত রূপ “DSS” দিয়ে।

Deductive (অবরোধন) এই যুক্তি বা কারণ বের করার পদ্ধতি সাধারণ নীতি থেকে নির্দিষ্ট প্রয়োগে স্থানান্তর করা যায় কারণের অর্থের দ্বারা। এটা আরোহণ যুক্তির বিপরীত রূপ, যেটি সুনির্দিষ্ট পর্যবেক্ষণ থেকে সাধারণ উপসংহারে (তত্ত্বসমূহের) স্থানান্তরের বৈজ্ঞানিক পদ্ধতি প্রতিফলিত করে।

Dialectical (যুক্তি তর্কের মাধ্যমে সত্যে পৌঁছানো) এটা সেই যুক্তির পদ্ধতি যার দ্বারা যেগুলো মনে হয় পরস্পরবিরোধী বা প্রচলিত মতবাদ বিরোধী সেগুলোকে একটি চিন্তা দ্বারা একত্র করে একটি সমন্বিত উত্তর খোঁজা হয় যেখানে অসংগতির দুইটি দিকই থাকবে। অনেক বাইবেলের মতবাদে অনেক Dialectical জোড়া, পূর্ব নির্ধারিত ভাগ্য-স্বাধীন ইচ্ছাশক্তি; নিরাপত্তা -অধ্যবসায়; বিশ্বাস-কার্জ; সিদ্ধান্ত - শিষ্যত্ব; খ্রীষ্টিয় স্বাধীনতা - খ্রীষ্টিয় দায়িত্ব রয়েছে।

Diaspora (ছড়িয়ে পড়া) এটি হল কৌশলগত গ্রীক টার্ম পলেস্টাইনের যিহূদীরা ব্যবহার করতো অন্য যিহূদীদের বর্ণনা করতে যারা প্রতিজ্ঞাত ভূমির ভৌগোলিক সীমারেখার বাইরে বসবাস করতো।

Dynamic equivalent (গতিশীল সমতুল্য) এটি বাইবেল অনুবাদের একটি তত্ত্ব। বাইবেল অনুবাদকে দেখা যেতে পারে “ওয়ার্ড-ফর-ওয়ার্ড” এর সাদৃশ্য ক্রমাগত রূপ, যেখানে প্রতিটি ইব্রীয় বা গ্রীক শব্দের জন্য একটি ইংরাজী শব্দ অবশ্যই সরবরাহ করতে হবে, একটি “প্যারাম্ফ্রেজ”-এ যেখানে শুধুমাত্র চিন্তা অনুবাদ করা হয় মূল শব্দ বিন্যাস বা শব্দগুচ্ছের। এই দুই তত্ত্বের মধ্যে “গতিশীল সমতুল্য” হল যেটি চেষ্টা করে মূল লেখাকে গুরুত্বের সাথে গ্রহণ করতে, কিন্তু একে অনুবাদ করে আধুনিক ব্যাকরণগত রূপ এবং বাগধারায়। অনুবাদের বিভিন্ন তত্ত্বগুলো নিয়ে একটি খুবই ভাল আলোচনা পাওয়া যাবে Fee and Stuart's *How to Read the Bible For All Its Worth*, p. 35 এবং Robert Bratcher's Introduction to the TEV।

Eclectic (বিভিন্ন সূত্র থেকে প্রাপ্ত উপাদানের সমন্বয়) এই টার্মটি ব্যবহার করা হয় লেখনী বিষয়ক সমালোচনায় সংযুক্ত করে। এটি উল্লেখ করে বিভিন্ন গ্রীক পান্ডুলিপিগুলোর থেকে বাছাই করে অধ্যয়নের অনুশীলনকে যেন একটি লেখনীতে পৌঁছাতে পারে যেটি সম্ভবত মূল হস্তলেখগুলোর কাছাকাছি হবে। এটা এই দৃষ্টিভঙ্গিকে প্রত্যাখ্যান করে যে গ্রীক পান্ডুলিপিগুলোর যে কোন একটি পান্ডুলিপি মূল লেখা সংগ্রহ করেছে।

Eisegesis এটা হল বাইবেল ব্যাখ্যার বিপরীত। যদি বাইবেল ব্যাখ্যা মূল লেখকের উদ্দেশ্য “বের করে দেওয়া” হয়, এই টার্ম বোঝায় বাইরের চিন্তা বা মতামতকে “ভিতরের নিয়ে আসা”।

Etymology (শব্দতত্ত্ব) এটি হল শব্দ অধ্যয়নের একটি দৃষ্টিভঙ্গি যেটি চেষ্টা করে একটি শব্দের মূল অর্থ নিরূপণ করতে। এই মূল অর্থ থেকে, বিশেষায়িত ব্যবহারগুলো চিহ্নিত করা আরো সহজ হয়। অনুবাদের ক্ষেত্রে, শব্দ তত্ত্ব প্রধান গুরুত্ব নয়, বরং একটি শব্দের সমসাময়িক অর্থ এবং ব্যবহার।

Exegesis এটি হল সুনির্দিষ্ট প্যাসেজ অনুবাদের অনুশীলনের জন্য কৌশলগত টার্ম। এর মানে “বের করে দেওয়া” (লেখনী থেকে) পরোক্ষভাবে বোঝায় যে আমাদের উদ্দেশ্য হল ঐতিহাসিক পটভূমি, সাহিত্য প্রসঙ্গ, বাক্য গঠন এবং সমসাময়িক শব্দার্থের আলোকে মূল লেখকের উদ্দেশ্য বোঝা।

Genre এটি একটি ফরাসী টার্ম যেটি বিভিন্ন ধরণের সাহিত্য বোঝায়। এই টার্মের চালিকা শক্তি হল সাহিত্য রূপের বিভিন্ন শ্রেণীতে বিন্যাস করার মাধ্যমে যেটা সাধারণ বৈশিষ্ট্য ভাগ করে: ঐতিহাসিক বর্ণনা, কবিতা, প্রবাদ, রহস্য-উন্মোচক এবং প্রণীত আইনসমূহ।

Gnosticism (জ্ঞানবাদ) আমাদের বেশীর ভাগ এই প্রচলিত মতের বিরুদ্ধে বিশ্বাসের জ্ঞান এসেছে দ্বিতীয় শতাব্দীর জ্ঞানবাদী লেখা হতে। যাহোক, এই প্রারম্ভিক ধারণা উপস্থাপিত হয়েছিল প্রথম শতাব্দীতে (এবং পূর্বে)।

কেউ কেউ বলে দ্বিতীয় শতকের Valentinian মতবাদ এবং Cerinthian এর জ্ঞানবাদ হল : (১) বস্তু এবং আত্মা ছিল সহ-অনন্তকালীন (একটি সত্ত্বাত্মীয় দ্বৈতবাদ)। বস্তু হল মন্দ, আত্মা হল ভাল। ঈশ্বর, যিনি আত্মা, সরাসরী যুক্ত হতে পারেন না মন্দ বস্তুর গঠন কার্যে; (২) রয়েছে emanations (eons বা দেবদূতসুলভ স্তর) ঈশ্বর এবং বস্তুর মধ্যে। শেষ বা নিম্নতর ছিল পুরাতন নিয়মের YHWH, যিনি এই মহাবিশ্ব তৈরী করেছেন (kosmos); (৩) যীশু ছিলেন YHWH এর মত একজন emanation কিন্তু মাপে অনেক উচ্চতর, সত্য ঈশ্বরের কাছাকাছি। কেউ কেউ তাকে সর্বোচ্চে স্থান দেয় কিন্তু তবুও ঈশ্বরের থেকে নিম্নতর এবং নিশ্চিতভাবে দেহধারী ঈশ্বর নন (যোহন ১:১৪)। যেহেতু বস্তু হল মন্দ, যীশুর মানুষের শরীর থাকতে পারে না এবং এখনও স্বর্গীয় থাকতেন। তিনি ছিলেন আত্মিক ছায়া (১ যোহন ১:১-৩, ৪:১-৬); এবং (৪) পরিত্রাণ পাওয়া যায় যীশুর উপর বিশ্বাসের মাধ্যমে এর সাথে বিশেষ জ্ঞান যেটা কেবলমাত্র বিশেষ ব্যক্তির জানতেন। জ্ঞান (গুপ্তমন্ত্র) প্রয়োজন ছিল স্বর্গীয় পরিমন্ডলে অগ্রসর হবার জন্য। যিহুদী আইন সর্বস্বতা প্রয়োজন ছিল না ঈশ্বরের কাছে পৌঁছানোর জন্য।

জ্ঞানবাদের ভ্রান্ত শিক্ষকেরা দুইটি বিপরীত নৈতিকতা পদ্ধতির সমর্থক ছিলেন: (১) কারও জন্য, জীবনধারা ছিল পরিত্রাণের জন্য সম্পূর্ণ অগুরুত্বপূর্ণ। তাদের জন্য, পরিত্রাণ এবং আত্মিকতা ছিল সর্বাধিক গোপন জ্ঞানে (গুপ্তমন্ত্র) দূতগণের পরিমন্ডলের (eons) মধ্য দিয়ে; বা (২) অন্যদের জন্য, পরিত্রাণের জন্য জীবনধারা ছিল গুরুত্বপূর্ণ। তারা জোর দিত একটি সন্ন্যাসী জীবনধারা সত্য আত্মিকতার প্রমাণ হিসাবে।

Hermeneutics এটি নীতির জন্য কৌশলগত একটি টার্ম যেটি বাইবেল সমালোচনা ও ভাষ্যকে পরিচালিত করে। এটি একটি সুনির্দিষ্ট নীতিমালা এবং শিল্প-কলা/দান উভয়ই। বাইবেল ভিত্তিক, বা পবিত্র গ্রন্থ, শাস্ত্রের ব্যাখ্যার বিজ্ঞান সাধারণত দুই শ্রেণীতে বিভক্ত: সাধারণ নীতিমালা এবং বিশেষ নীতিমালা। এটি বাইবেলে পাওয়া বিভিন্ন ধরণের সাহিত্যের সাথে সম্পর্কিত। প্রতিটির ভিন্ন ধরণের নিজস্ব অনন্য নীতিমালা আছে কিন্তু সেই সাথে অনুবাদের কিছু সাধারণ অনুমান এবং পদ্ধতি বিভাগ করে থাকে।

Higher Criticism (উচ্চতর সমালোচনা) এটি হল বাইবেল ভিত্তিক অনুবাদের পদ্ধতি যেটি একটি নির্দিষ্ট বাইবেল ভিত্তিক পুস্তকের ঐতিহাসিক পটভূমি এবং সাহিত্য গঠনের উপর গুরুত্ব দিয়ে থাকে।

Idiom (বাগধারা) এই শব্দটি ব্যবহার করা হয় বিভিন্ন সংস্কৃতিতে পাওয়া শব্দগুচ্ছ যেগুলির বিশেষায়িত অর্থ রয়েছে সাধারণ অর্থের সাথে সংযুক্ত নয়। কিছু আধুনিক উদাহরণ হল: “এটা অতিশয় ভাল ছিল,” বা “তুমি আমাকে ঠিক মেরে ফেললে।” বাইবেলেও এই ধরণের শব্দগুচ্ছ রয়েছে।

Illumination (আলোকিত করণ) এটা হল ঈশ্বর যে মানব জাতির সাথে কথা বলেছেন সেই ধারণার প্রদত্ত নাম। এই সম্পূর্ণ ধারণাটি সাধারণত তিনটি টার্মে ব্যক্ত করা হয়: (১) প্রকাশিত- ঈশ্বর মানুষের ইতিহাসে সক্রিয় ছিলেন; (২) অনুপ্রেরণা- তিনি তাঁর কার্যের সঠিক ব্যাখ্যা দিয়েছেন এবং তাদের অর্থ সংরক্ষণ করার জন্য নির্দিষ্ট লোকদের বাছাই করেছেন; এবং (৩) আলোকিত করণ- তিনি তাঁর আত্মা মানব জাতিকে দিয়েছেন তাঁর আত্ম-প্রকাশ বুঝতে সাহায্য করার জন্য।

Inductive এটি হল একটি যুক্তির পদ্ধতি অথবা কারণ যেটি নির্দিষ্ট অংশ থেকে সম্পূর্ণতায় স্থানান্তর হয়। এটি হল আধুনিক বিজ্ঞানের গবেষণামূলক পদ্ধতি। এটি মূলত অ্যারিস্টটলের পদ্ধতির প্রয়োগ।

Interlinear এটি হল এক ধরণের গবেষণার হাতিয়ার যেটি অনুমোদন করে যারা কোন বাইবেল ভিত্তিক ভাষা না পড়ে এর অর্থ এবং গঠন বিশ্লেষণ করতে সক্ষম হয়। এটি ইংরেজী অনুবাদকে একটি ওয়ার্ড-ফর-ওয়ার্ড স্তরে প্রতিষ্ঠা করে মূল বাইবেল ভিত্তিক ভাষার অধীনে স্থাপন করে। এই হাতিয়ার, একটি “বিশ্লেষণাত্মক শব্দকোষ” এর সাথে যুক্ত হয়ে ইব্রীয় এবং গ্রীক এর রূপ এবং মৌলিক সংজ্ঞাসমূহ দান করবে।

Inspiration (অনুপ্রেরণা) এটি হল সেই ধারণা যে ঈশ্বর মানব জাতির কাছে কথা বলেছেন বাইবেল লেখকদের নিখুঁত ভাবে এবং স্পষ্টভাবে তাঁর প্রকাশকে সংরক্ষণ করার দ্বারা। এই সম্পূর্ণ ধারণা সাধারণত তিনটি টার্মে ব্যক্ত করা হয়: (১) প্রকাশিত- ঈশ্বর মানুষের ইতিহাস সক্রিয় ছিলেন; (২) অনুপ্রেরণা- তিনি তাঁর কার্যের সঠিক ব্যাখ্যা দিয়েছেন এবং তাদের অর্থ সংরক্ষণ করার জন্য নির্দিষ্ট লোকদের বাছাই করেছেন; এবং (৩) আলোকিত করণ- তিনি তাঁর আত্ম-প্রকাশ মানব জাতির বোঝার জন্য তাঁর আত্মাকে সাহায্যের জন্য দিয়েছেন।

Language of description (বর্ণনার ভাষা) এটি ব্যবহার করা হয় বাগধারার সাথে যুক্ত করে যা দিয়ে পুরাতন নিয়ম লেখা হয়েছে। পঞ্চ ইন্দ্রিয় যে পন্থায় জগতের সবকিছু দৃশ্যমান সেই টার্মে এটি বলে। এটি একটি বৈজ্ঞানিক বর্ণনা নয়, নতুবা এটা হওয়া উচিত ছিল।

Legalism (আইনসর্বস্বতা) এই মনোভাব চিহ্নিত করা যায় একটি অতিরিক্ত জোর দেওয়া আইনগুলো বা ধর্মীয় আচার দ্বারা। এর ঈশ্বরের কাছে গ্রহণযোগ্য হবার জন্য মানুষের আইন পালনের উপর নির্ভর করার প্রবণতা আছে। এর প্রবণতা হল সম্পর্কের অবগতি এবং উপস্থাপনাকে উচ্চতর করা, উভয়ই একটি পবিত্র ঈশ্বর এবং পাপময় মানবিকতার মধ্যে নিয়মগত সম্পর্কের গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গি।

Literal (আক্ষরিক) এটি আন্তর্বিয়ার লেখনী-নিবন্ধ এবং বাইবেল ব্যাখ্যার কৌশলের ঐতিহাসিক পদ্ধতির আরেকটি নাম। এর অর্থ যে অনুবাদে অর্ন্তভুক্ত থাকে মানুষের ভাষার সাধারণ এবং সুস্পষ্ট অর্থ, যদিও এটা এখনও প্রতীকী ভাষার উপস্থিতি বলে স্বীকৃত।

Literary genre (সাহিত্য ধারা) এটা উল্লেখ করে যে মানুষের যোগাযোগ কিভাবে স্বতন্ত্র রূপ নিতে পারে, যেমন কবিতা বা ঐতিহাসিক বর্ণনা। প্রত্যেক ধরনের সাহিত্যের রয়েছে নিজস্ব বিশেষ বাইবেল ব্যাখ্যার কৌশল প্রক্রিয়ায় সঙ্গে সংযুক্ত সকল রচিত সাহিত্যের জন্য সাধারণ নীতিসমূহ।

Literary unit (আক্ষরিক/সাহিত্যের একক) এটি উল্লেখ করে একটি বাইবেল ভিত্তিক বইয়ের প্রধান চিন্তার বিভাগ সমূহের। এটি গড়ে উঠতে পারে কিছু পদ, প্যারাগ্রাফ বা অধ্যায় নিয়ে। এটি একটি স্বয়ংসম্পূর্ণ একক একটি কেন্দ্রীয় সাবজেক্টের সাথে।

Lower criticism (নিম্নতর সমালোচনা) দেখুন “গ্রন্থীয় সমালোচনা।”

Manuscript (পাণ্ডুলিপি) এই টার্মটি গ্রীক নতুন নিয়মের বিভিন্ন অনুলেখনের সাথে সম্পর্কযুক্ত। সাধারণত এগুলি বিভক্ত বিভিন্ন ধরণ দ্বারা: (১) যে বস্তুর উপর লেখা হয়েছে (papyrus, চামড়া), বা (২) লেখনীর নিজস্ব রূপ (সব বড় হাতের বা চলমান লেখনী)। এর সংক্ষিপ্ত রূপ দান করা হয়েছে “MS” (একবচন) বা “MSS” (বহুবচন)।

Masoretic Text এটি উল্লেখ করে নবম শতকের যিহুদী পণ্ডিতদের প্রজন্ম দ্বারা রচিত পুরাতন নিয়মের ইব্রীয় পাণ্ডুলিপিগুলি যেগুলোর মধ্যে রয়েছে স্বরবর্ণের পয়েন্ট এবং অন্য লেখনীর টিকাসমূহ। এটি আমাদের ইংরাজী পুরাতন নিয়মের মৌলিক লেখনী গঠন করে। এর লেখনী ঐতিহাসিকভাবে নিশ্চিত করেছে ইব্রীয় MSS দ্বারা, বিশেষভাবে যিশাইয়, মরু সাগরের পুঁথি নামে পরিচিত। এর সংক্ষিপ্ত রূপ হল “MT”।

Metonymy এটি বাক্যলঙ্কার যেখানে একটি জিনিসের নাম ব্যবহার করা হয় এর সাথে সম্পর্কিত অন্য কিছুর প্রতিনিধিত্ব করতে। যেমন একটি উদাহরণ, “কেটলিটি ফুটছে” মানে আসলে “কেটলিটির ভিতরের পানি ফুটছে।”

Muratorian Fragments (মুরাটানিয়ান খণ্ডগুলো) এটি নতুন নিয়মের ক্যাননকৃত পুস্তকসমূহের একটি তালিকা। এটি লেখা হয়েছিল রোমে ২০০ খ্রীষ্টাব্দের আগে। এটি প্রোটেষ্ট্যান্টদের নতুন নিয়মের মত একই রকম সাতাইশটি পুস্তক দিয়েছে। এটি স্পষ্ট ভাবে দেখায় রোম সাম্রাজ্যে স্থানীয় মন্ডলীগুলোর বিভিন্ন অংশ “বাস্তবসম্মত ভাবে” ক্যানন নির্ধারণ করেছিল চতুর্থ শতাব্দীর বৃহত্তর মন্ডলীর পরিষদগুলোর আগেই।

Natural revelation (স্বাভাবিক প্রকাশ) এটি মানুষের কাছে ঈশ্বরের আত্ম-প্রকাশের একটি শ্রেণী। এতে অন্তর্ভুক্ত আছে স্বাভাবিক শৃংখলা (রোমীয় ১:১৯-২০) এবং নৈতিক চেতনা (রোমীয় ২:১৪-১৫)। এটি গীত ১৯:১-৬ পদ এবং রোমীয় ১-২ অধ্যায়ের কথা বলছে। এটি বিশেষ প্রকাশ থেকে স্বতন্ত্র, যেটি বাইবেলে ঈশ্বরের সুনির্দিষ্ট আত্ম-প্রকাশ এবং নাসরতের যীশুর সর্বোচ্চতা।

এই ধর্মতত্ত্বগত শ্রেণীকে পুনরায় জোর দেওয়া হয় খ্রীষ্টিয়ান বিজ্ঞানীদের মধ্যে “পুরাতন পৃথিবী” আন্দোলনের দ্বারা (অর্থাৎ, হাগ রসের লেখা)। তারা এই শ্রেণীকে ব্যবহার করে দাবী করে যে সকল সত্য হল ঈশ্বরের সত্য। প্রকৃতি হল ঈশ্বরের বিষয়ে জ্ঞানের একটি খোলা দরজা; এটি বিশেষ প্রকাশ (বাইবেল) থেকে ভিন্ন। এটি আধুনিক বিজ্ঞানকে প্রাকৃতিক ধারাকে স্বাধীন ভাবে গবেষণা করতে অনুমতি দেয়। আমার মতে এটি একটি সুবর্ণ নতুন সুযোগ আধুনিক বৈজ্ঞানিক পশ্চিমা বিশ্বকে প্রত্যক্ষ করার।

Nestorianism Nestorius ছিলেন পঞ্চম শতাব্দীর কন্সটান্টিনোপলের আদিপিতা। তিনি সিরিয়ার আন্তর্যথিয়ায় প্রশিক্ষিত হয়েছেন এবং দাবী করেছেন যে যীশুর দুইটি স্বভা ছিল, একটি সম্পূর্ণ মানুষ এবং একটি সম্পূর্ণ ঈশ্বরীক। এই দৃষ্টিভঙ্গি আলেকজান্দ্রিয়ার প্রচলিত এক স্বভাব দৃষ্টিভঙ্গি থেকে পথচ্যুত ছিল। Nestorius এর মূল উদ্বেগ ছিল মেরীকে “ঈশ্বরের মা” উপাধি দেওয়া নিয়ে। Nestorius কে বিরোধীতা করেছিল আলেকজান্দ্রিয়ার Cyril এবং তার নিজের আন্তর্যথিয়ায় প্রশিক্ষিত অনুমান। আন্তর্যথিয়া ছিল বাইবেল অনুবাদের ঐতিহাসিক-ব্যাকরণগত লেখনীগত প্রক্রিয়ার কেন্দ্রস্থান, অন্যদিকে আলেকজান্দ্রিয়া ছিল চার-ভাগে বিভক্ত (রূপকার্থক) অনুবাদের বিদ্যালয়। Nestorius কে চূড়ান্তভাবে কার্যালয় থেকে সারানো হয় এবং নির্বাসিত করা হয়।

Original author (মূল লেখক) এটা উল্লেখ করে শাস্ত্রের আসল লেখক/রচয়িতাদের।

Papyri এটি মিশর থেকে আসা একধরণের লেখার বস্তু। এটা প্রস্তুত করা হয় নদীর নলখাগড়া দিয়ে। এটা হল সেই বস্তু যার উপরে আমাদের গ্রীক পুরাতন নিয়মের প্রাচীন অনুলিপি লেখা হয়েছে।

Parallel passages (সমান্তরাল প্যাসেজ) এগুলো হল ধারণার অংশ যে বাইবেলের সব কিছু ঈশ্বর-প্রদত্ত এবং, সেহেতু, এটা নিজের সবচেয়ে ভাল অনুবাদক এবং প্রচলিত মতবাদ বিরুদ্ধ সত্যের সমতাকারী। এটা আরও সাহায্যকারী যখন একজন একটি অস্পষ্ট এবং সন্দেহজনক প্যাসেজ অনুবাদ করার চেষ্টা করে থাকে। তারা আরও সাহায্য করে একজনকে একটি প্রদত্ত বিষয়ে স্পষ্ট প্যাসেজ খুঁজে বের করতে সেই সাথে প্রদত্ত বিষয়ের অন্য সকল বাইবেল ভিত্তিক দৃষ্টিভঙ্গিগুলি।

Paraphrase এটি বাইবেল অনুবাদের একটি তত্ত্বের নাম। বাইবেল অনুবাদকে দেখা যেতে পারে “word to word” এর চলমান কাঠামোর রূপ, যেখানে প্রতিটি ইব্রীয় বা গ্রীক শব্দের জন্য একটি ইংরাজী শব্দ অবশ্যই সরবরাহ করতে হবে “প্যারামফ্রেজ”এ, সেখানে শুধুমাত্র চিন্তা অনুবাদ করা হয় মূল লেখনীর ধারা বা শব্দসমষ্টির সামান্য বিবেচনা সাপেক্ষে। এই দুই তত্ত্বের মধ্যে “প্রগতিশীল সমতুল্য” যেটি চেষ্টা করে মূল লেখাকে গুরুত্বের সাথে গ্রহণ করতে, কিন্তু এটাকে অনুবাদ করে আধুনিক ব্যাকরণগত রূপ এবং বাগধারায়। অনুবাদের বিভিন্ন তত্ত্বগুলো নিয়ে একটি খুবই ভাল আলোচনা পাওয়া যাবে Fee and Stuart’s *How to Read the Bible For All Its Worth*, p. 35।

Paragraph এটি হল গদ্যের মৌলিক ব্যাখ্যামূলক সাহিত্যের একক। এর মধ্যে থাকে একটি কেন্দ্রীয় চিন্তাধারা এবং এর ক্রমোন্নতি। যদি আমরা এর প্রধান চালিকা শক্তির সাথে থাকি তবে আমরা গৌণতার প্রধান বা মূল লেখকের উদ্দেশ্য এড়িয়ে যেতে পারবো না।

Parochialism এটি পক্ষপাতের সাথে সম্পর্কিত যেটি স্থানীয় ধর্মতত্ত্ব/সাংস্কৃতিক পটভূমির মধ্যে সীমাবদ্ধ। এটি বাইবেলের সত্যের সকল মানবিক সংস্কৃতির স্বত্ত্বা বা এর প্রয়োগকে স্বীকার করে নেয় না।

Paradox এটা উল্লেখ করে সেই সত্য যেগুলো মনে হয়পরস্পরবিরোধী, অথচ উভয়ই সত্য, যদিও একে অন্যের সাথে উত্তেজনা রয়েছে। তারা উপস্থাপনার দ্বারা সত্যকে গঠন করে যদি বিপরীত দিক থেকে হয়। অনেক বাইবেলের সত্য উপস্থাপিত হয়েছে যা স্ববিরোধী (বা যুক্তি তর্ক) জোড়ায়। বাইবেলীয় সত্যগুলো বিচ্ছিন্ন তারকা নয়, কিন্তু তারকায় গঠিত তারকাপুঞ্জ।

Plato তিনি ছিলেন প্রাচীন গ্রীসের একজন দার্শনিক। তার দর্শনশাস্ত্র ইষ্টার্ণ মন্ডলীকে অনেক প্রভাবিত করেছে মিশরের আলেকজান্দ্রিয়ার পণ্ডিতদের এবং পরবর্তীতে আগষ্টিন এর মধ্য দিয়ে। তিনি সত্য বলে মেনে নিয়েছেন যে পৃথিবীর সবকিছু কাল্পনিক এবং আধাত্মিক আদিরূপের দুর্লভ একটি অনুকরণ। ধর্মতত্ত্ববিদরা পরবর্তীতে প্লেটোর “গঠন/ধারণা” কে আধাত্মিক রাজত্বের সমকক্ষরূপে গণ্য করেছেন।

Presupposition (পূর্বধারণা) এটি আমাদের একটি বিষয়ে পূর্বকল্পিত উপলব্ধিকে উল্লেখ করে। আমরা প্রায়ই কোন বিষয় সম্পর্কে মতামত বা বিবেচনা তৈরী করে নেই শাস্ত্রের কাছে নিজেদের যাওয়ার আগে। এই পূর্বধারণা পক্ষপাত নামেও পরিচিত, একটি *priori* অবস্থান, একটি আনুমান বা পূর্ব উপলব্ধি হিসাবে।

Proof-texting এটি হল শাস্ত্র অনুবাদের একটি অনুশীলন একটি পদের উদ্ধৃতি এর সাহিত্যের এককের তাৎক্ষণিক প্রসঙ্গ বা বৃহত্তর প্রসঙ্গের কোন বিবেচনা করা ছাড়াই। এটি পদকে মূল লেখকের লক্ষ্য থেকে সরিয়ে দেয় এবং সাধারণত যুক্ত থাকে একটি ব্যক্তিগত মতামত প্রমাণের চেষ্টা যখন বাইবেলের কর্তৃত্ব দাবী করে।

Rabbinical Judaism যিহুদী লোকদের এই পর্যায়ের জীবন শুরু হয় বাবিলে নির্বাসন (৫৮৬-৫৩৮ খ্রীষ্ট-পূর্ব) থেকে। যখন যাজক এবং মন্দিরের প্রভাব সরে যায়, সে সময়ে স্থানীয় সমাজ-গৃহগুলো যিহুদীর জীবনের কেন্দ্র হয়ে ওঠে। যিহুদী সংস্কৃতি, সহভাগিতা, আরাধনা ও বাইবেল অধ্যয়ন জাতীয় ধর্মীয় জীবনের কেন্দ্র হয়ে ওঠে এই স্থানীয় কেন্দ্রগুলো। যীশুর সময়েও এই “অধ্যাপকদের ধর্ম” সমান্তরাল ছিল এই সকল যাজকদের কাছে। ৭০ খ্রীষ্টাব্দে যিরূশালেম পতনের সময় এই অধ্যাপকদের গঠিত, ফরীশীদের দ্বারা প্রভাবিত, যিহুদীদের ধর্মীয় জীবনের দিক নিয়ন্ত্রণ করেছে। এটি বৈশিষ্ট্যমণ্ডিত হয়েছে ব্যবহারিক, আইনসম্মত Torah এর ব্যাখ্যা দ্বারা যেভাবে মৌখিক ঐতিহ্যে (Talmud) বর্ণনা করা আছে।

Revelation (প্রকাশিত) এটি হল ঈশ্বর মানব জাতির সাথে যে কথা বলেছেন সেই ধারণার প্রদত্ত নাম। এই সম্পূর্ণ ধারণা সাধারণত তিনটি টার্মে ব্যক্ত করা হয়: (১) প্রকাশিত- ঈশ্বর মানুষের ইতিহাসে সক্রিয় ছিলেন; (২) অনুপ্রেরণা- তিনি তাঁর কার্যের সঠিক ব্যাখ্যা দিয়েছেন এবং তাদের অর্থ সংরক্ষণ করার জন্য নির্দিষ্ট লোকদের বাছাই করেছেন; এবং (৩) আলোকিত করণ- তিনি তাঁর আত্ম-প্রকাশ মানব জাতির বোঝার জন্য তাঁর আত্মাকে সাহায্যের জন্য দিয়েছেন।

Semantic field এটি উল্লেখ করে একটি শব্দের সাথে যুক্ত অর্থের সম্পূর্ণ সীমা। এটি হল মূলত একটি শব্দের যে বিভিন্ন প্রসঙ্গ আছে তার বিভিন্ন অর্থসমূহ।

Septuagint এটি ইব্রীয় পুরাতন নিয়মের গ্রীক অনুবাদের নাম। ঐতিহ্য বলে, মিশরের আলেকজান্দ্রিয়ার গ্রন্থাগারের জন্য সত্তর জন যিহুদী পণ্ডিত সত্তর দিনে এটি লিখেছিলেন। ঐতিহ্যগত সময় কাল হল ২৫০ খ্রীষ্ট পূর্বের কাছাকাছি (বাস্তবে এটা শেষ করতে সম্ভবত একশ বছরের বেশি লেগেছিল)। এই অনুবাদ তাৎপর্যপূর্ণ কারণ (১) এটা আমাদের একটি প্রাচীন লেখাকে Masoretic ইব্রীয় লেখার সাথে তুলনা করতে সুযোগ দিয়েছে; (২) এটা আমাদের যিহুদী ব্যাখ্যার তৃতীয় ও দ্বিতীয় শতকের খ্রীষ্ট পূর্বের অবস্থা দেখায়; (৩) এটা আমাদের যীশুকে প্রত্যক্ষানে আগে যিহুদীদের মশীহের উপলব্ধি দেয়। এর সংক্ষিপ্ত হল “LXX”।

Sinaiticus এটি হল চতুর্থ শতকের একটি গ্রীক পাণ্ডুলিপি। এটি খুঁজে পেয়েছিলেন Tischendorf, একজন জার্মানির পণ্ডিত, Jebel Musa এর St. Catherine’s আশ্রমে, সিনাই পর্বতের একটি ঐতিহ্যময় স্থান। এই পাণ্ডুলিপির নামকরণ করা হয়েছে ইব্রীয় বর্ণমালার প্রথম অক্ষর নাম “*aleph*” [א] দ্বারা। এতে আছে পুরাতন এবং সম্পূর্ণ নতুন নিয়ম উভয়ই। এটি আমাদের অতি প্রাচীন একটি uncial MSS।

Spiritualizing (আত্মিকতা করণ) এই টার্মটি রূপক বর্ণনা করার সাথে সমার্থক এই অর্থে যে এটি একটি প্যাসেজের ঐতিহাসিক এবং সাহিত্যিক প্রসঙ্গ সরিয়ে দেয় এবং অন্য মানদণ্ডের ভিত্তিতে একে ব্যাখ্যা করে।

Synonymous (সমার্থক) এটি একই বা খুব কাছাকাছি অর্থের (যদিও বাস্তবে দুইটি শব্দ কখনো সম্পূর্ণরূপে অর্থগত ভাবে একটির উপরে অন্যটি উঠে যায় না) সাথে শব্দটি উল্লেখ করে। এগুলি এত কাছাকাছি সম্পর্ক যুক্ত যে এরা বাক্যের অর্থ না হারিয়ে একে অন্যকে প্রতিস্থাপিত করতে পারে। একে আরো ব্যবহার করা হয় ইব্রীয় কাব্যিক উপমার তিনটি রূপের একটির নাম হিসাবে। এই অর্থে এটি উল্লেখ করে কবিতার দুইটি পঙতি যেটা সত্য প্রকাশ করে (গীত ১০৩:৩)।

Syntax (বাক্য-গঠন) এটি একটি গ্রীক টার্ম যেটি উল্লেখ করে একটি বাক্যের কাঠামো। এই পন্থায় সম্পর্কিত একটি বাক্যের অংশগুলি একসাথে বসিয়ে একটি সম্পূর্ণ চিন্তা তৈরী করতে।

Synthetical এটি ইব্রীয় কবিতার সাথে সম্পর্কযুক্ত তিনটি টার্মের একটি। এই টার্ম কবিতার পঙতিগুলির কথা বলে যেগুলি গড়ে ওঠে একে অন্যের উপর ক্রমবর্ধমান অর্থে, কখনো বলা হয় “চূড়ান্তে উপস্থিত” (গীত ১৯:৭-৯)।

Systematic theology (নিয়মতান্ত্রিক ধর্মতত্ত্ব) এটা হল ব্যাখ্যার একটি ধাপ যেটি চেষ্টা করে বাইবেলের সত্যগুলো যুক্ত করতে একটি সমন্বিত ও যুক্তিসঙ্গত পন্থায়। এটি একটি যুক্তিগত, বরং নিছক ঐতিহাসিকের চেয়ে, খ্রীষ্টিয় ধর্মতত্ত্বের উপস্থাপন শ্রেণী বিভাগের (ঈশ্বর, মানুষ, পাপ, পরিত্রাণ, ইত্যাদি) দ্বারা।

Talmud এটি যিহুদীদের মৌখিক ঐতিহ্যের সার সংগ্রহের জন্য শিরোনাম। যিহুদীরা বিশ্বাস করে এটি মৌখিকভাবে ঈশ্বর মোশীকে দিয়েছিলেন সিনাই পর্বতের উপরে। বাস্তবে এটা মনে হয় যিহুদী শিক্ষকদের বহু বছরের মাধ্যমে সংগৃহীত জ্ঞান। Talmud এর দুই ধরনের লিখিত সংস্করণ আছে: বাবিলীয় এবং সংক্ষিপ্ত, অসমাপ্ত পলেস্টীয়।

Textual criticism (লেখনী বিষয়ক সমালোচনা) এটি হল বাইবেলের পাতুলিপিশিলা অধ্যয়ন করা। লেখনীগত সমালোচনার প্রয়োজন কারণ কোন মূল লেখনীর অস্তিত্ব নেই এবং অনুলিখনগুলি একে অপর থেকে পৃথক। এটি চেষ্টা করে ভিন্নতা বর্ণনা করতে এবং পুরাতন এবং নতুন নিয়মের হস্তলিখিত মূল শব্দের (যত কাছাকাছি সম্ভব) থাকতে। একে প্রায়ই বলা হয় “নিম্নতর সমালোচনা।”

Textus Receptus এই নামকরণ বিকশিত হয় গ্রীক নতুন নিয়মের Elzevir এর সংস্করণে ১৬৩৩ খ্রীষ্টাব্দে। মূলত এটি গ্রীক নতুন নিয়মের একটি রূপ যেটি প্রস্তুত হয়েছিল কয়েকটি প্রাচীন গ্রীক পাতুলিপি এবং Erasmus (১৫১০-১৫৩৫), Stephanus (১৫৪৬-১৫৫৯) এবং Elzevir (১৬২৪-১৬৭৪) এর লাতিন সংস্করণ থেকে। *An Introduction to the Textual Criticism of the New Testament*, p. 27, A. T. Robertson বলেছেন “Byzantine text হল কার্যতভাবে Textus Receptus।” Byzantine text হল প্রাচীন গ্রীক পাতুলিপির (পশ্চাত্য, আলেকজান্দ্রিয়া এবং Byzantine) পরিবার তিনটির মধ্যে কম মূল্যবান। এর মধ্যে রয়েছে বহু শতকের হাতে লেখা অনুলিপি সমূহের ত্রুটি। যাহোক, A. T. Robertson আরো বলেছেন “Textus Receptus” আমাদের জন্য একটি যথেষ্ট নির্ভুল লেখা সংরক্ষণ করেছে” (পৃ. ২১)। এই গ্রীক পাতুলিপির ঐতিহ্য (বিশেষভাবে Erasmus এর ১৫২২ এর তৃতীয় সংস্করণ) ১৬১১ খ্রীষ্টাব্দের King James সংস্করণের ভিত্তি গঠন করেছে।

Torah এটি “শিক্ষা দেওয়া” র জন্য ইব্রীয় টার্ম। এটি মোশীর লেখাগুলোর (আদিপুস্তক থেকে দ্বিতীয় বিবরণ) অফিশিয়াল শিরোনাম হয়ে এসেছে। এটা হল, যিহুদীদের জন্য, সবচেয়ে কর্তৃত্বপূর্ণ বিভাজন ইব্রীয়দের ধর্মশাস্ত্রের।

Typological এটি একটি বিশেষ ধরনের ব্যাখ্যা। সাধারণত এর সাথে জড়িত থাকে পুরাতন নিয়মের প্যাসেজে পাওয়া নতুন নিয়মের সত্য একটি প্রতীকী চিহ্নের দ্বারা। এই শ্রেণীর বাইবেল ব্যাখ্যার কৌশল ছিল আলেকজান্দ্রিয়া পদ্ধতির মুখ্য উপাদান। এই ধরনের ব্যাখ্যার অপব্যবহারের কারণে, একজনকে নতুন নিয়মে সংরক্ষিত সুনির্দিষ্ট উদাহরণে এটার ব্যবহার সীমিত করতে হবে।

Vaticanus এটি চতুর্থ শতকের গ্রীক পাতুলিপি। এটা পাওয়া গিয়েছিল ভ্যাটিক্যান গ্রন্থাগারে। এর মধ্যে মূলত রয়েছে সমস্ত পুরাতন নিয়ম, বাইবেলের অপ্রামাণিক অংশসমূহ এবং নতুন নিয়ম। যাহোক, কিছু অংশ (আদিপুস্তক, গীতসংহিতা, ইব্রীয়, পালকীয় পত্র, ফিলিমন এবং প্রকাশিত বাক্য) হারিয়ে গিয়েছে। হস্তলিখনের মূল ভাষার শব্দচয়ন নির্ধারণে এটি খুব সাহায্যকারী একটি পাতুলিপি। এর নামকরণ হয়েছে বড় হাতের “B” দ্বারা।

Vulgate এটি Jerome এর বাইবেলের লাতিন অনুবাদের নাম। এটি রোমীয় ক্যাথলিক মন্ডলীর মৌলিক বা “সাধারণ” অনুবাদ হয়েছিল। এটা করা হয়েছিল ৩৮০ খ্রীষ্টাব্দে।

Wisdom literature (প্রজ্ঞা সাহিত্য) এটি প্রাচীন নিকট প্রাচ্যের সাহিত্যের একটি প্রচলিত ধারা (এবং আধুনিক বিশ্বে) ছিল। মূলত এর চেষ্টা ছিল একটি নতুন প্রজন্মকে কবিতা, প্রবাদ, বা রচনার মধ্য দিয়ে সফলভাবে বেচে থাকবার জন্য নীতিমালা প্রদান। এটি উদ্দেশ্য ছিল যৌথ সমাজের চেয়ে ব্যক্তির প্রতি বেশী। এটি ইতিহাসের প্রতি ইঙ্গিত ব্যবহার করেনি, কিন্তু জীবনের অভিজ্ঞতা এবং পর্যবেক্ষণের উপর ভিত্তি করেছে। বাইবেলে ইয়োব থেকে পরমগীত YHWH র উপস্থিতি এবং আরাধনা ধরে নেয়, কিন্তু এই ধর্মীয় দৃষ্টি ভঙ্গি স্পষ্ট নয় প্রতিটি মানুষের অভিজ্ঞতার প্রতিটি সময়ে।

একটি সাহিত্য রীতি হিসাবে এটি সাধারণ সত্য প্রকাশ করে। যাহোক, এই সাহিত্য রীতি প্রতিটি সুনির্দিষ্ট পরিস্থিতিতে ব্যবহার করা যায় না। এটি হল সাধারণ বিবৃতি যেটি প্রতিটি স্বতন্ত্র পরিস্থিতিতে প্রয়োগ করা যায় না। এইসব জ্ঞানী ব্যক্তির জীবনের কঠিন প্রশ্ন করতে সাহস করেন। প্রায়ই এরা ঐতিহ্যগত ধর্মীয় দৃষ্টিভঙ্গিগুলো (ইয়োব এবং উপদেশক) অভিযুক্ত করে। তারা জীবনের দুঃখদায়ক ঘটনার বিষয়ে সহজ উত্তরের একটি সমতা এবং চিন্তা গঠন করে থাকে।

World picture and worldview (বিশ্ব চিত্র এবং দৃষ্টিভঙ্গি) এগুলো হল সাধারণ টার্ম। এগুলো সৃষ্টি সম্পর্কে দার্শনিকগত ধারণা। “বিশ্ব চিত্র” টার্মটি উল্লেখ করে “কিভাবে” সৃষ্টি যেহেতু “দৃষ্টিভঙ্গি” সম্পর্কযুক্ত “কে” এর সাথে। এই টার্মগুলি ব্যাখ্যার সাথে সাদৃশ্য যা আদি পুস্তক ১-২ আলোচনা করে প্রাথমিকভাবে সৃষ্টির কে -এর সাথে কিভাবে সাথে নয়।

YHWH এটি পুরাতন নিয়মে ঈশ্বরের জন্য নিয়মের নাম। এটা ব্যাখ্যা করা হয়েছে যাত্রা ৩:১৪ পদে। এটি ইব্রীয় শব্দ “হতে” এর CAUSATIVE রূপ। যিহুদীরা এই নাম উচ্চারণ করতে ভয় পেত, পাছে তারা অনর্থক নাম নেয় এই ভয়ে; সুতরাং, তারা ইব্রীয় বিকল্প টার্ম Adonai “সদাপ্রভু” ব্যবহার করতো। এইভাবে এই নিয়মের নাম ইংরাজীতে অনুবাদ করা হয়েছে।

পরিশিষ্ট চার মতবাদগত বিবৃতি

আমি বিশ্বাস বা মতবাদের বিবৃতির তেমন গুরুত্ব দেই না। আমি সব সময় বাইবেলকে গুরুত্ব দেই। যাহোক, আমি উপলব্ধি করেছি যে বিশ্বাসের একটি বিবৃতি তাদের জন্য দেওয়া দরকার যারা আমাকে চেনে না এবং আমার মতবাদগত উদ্দেশ্য মূল্যায়নের উপায় জানে না। আমাদের বর্তমান সময়ে অনেক রকম ধর্মতাত্ত্বিক ভুল ও প্রবঞ্চনার মাঝে পরবর্তীতে উল্লেখিত হল আমার সংক্ষিপ্ত ধর্মতত্ত্ব।

১. বাইবেল, নূতন এবং পুরাতন উভয় নিয়মই, ঈশ্বরের অনুপ্রাণিত, অপ্রাপ্ত, কৃর্তৃত্বকারী, অনন্তকালীন বাক্য। এটি হল অলৌকিক নেতৃত্বের অধীনে মানুষের লিপিবদ্ধ ঈশ্বরের আত্ম-প্রকাশ। এটি হল ঈশ্বর এবং তাঁর উদ্দেশ্য সম্পর্কে আমার স্পষ্ট সত্যের একমাত্র উৎস। তাছাড়া এটি তাঁর মন্ডলীর একমাত্র বিশ্বাস ও অনুশীলনের একমাত্র উৎস।

২. কেবলমাত্র একজনই অনন্তকালীন, পুনরুদ্ধারকারী সৃষ্টি কর্তা ঈশ্বর। তিনি দৃশ্য ও অদৃশ্য সকল কিছুর সৃষ্টি কর্তা। তিনি নিজেকে প্রেমময় ও তত্ত্বাবধানকারী হিসাবে প্রকাশ করেছেন যদিও তিনি ন্যায়বান ও ন্যায়্য। তিনি নিজেকে তিনটি স্বতন্ত্র ব্যক্তিতে প্রকাশ করেছেন: পিতা, পুত্র এবং পবিত্র আত্মা; সত্যিকার ভাবে পৃথক তথাপি একই সত্তা।

৩. ঈশ্বর সক্রিয় ভাবে তাঁর পৃথিবীকে নিয়ন্ত্রণ করছেন। তাঁর সৃষ্টির জন্য অনন্তকালীন পরিকল্পনা রয়েছে যা অপরিবর্তনীয় ও ব্যক্তিগত ভাবে যে কেউ সেদিকে দৃষ্টি দিতে পারে যা মানুষের স্বাধীন ইচ্ছাকে অনুমোদন করে। ঈশ্বরের জ্ঞান এবং অনুমতি ছাড়া কোন কিছুই ঘটে না, তথাপি তিনি ব্যক্তিগত ভাবে মানুষকে ও দুতদের উভয়কেই বেছে নেবার সুযোগ দিয়েছেন। যীশু হলেন পিতার মনোনীত মানুষ এবং সকলেই সম্ভাব্য ভাবে তাঁতে মনোনীত। যে কোন ঘটনায় ঈশ্বরের পূর্ব জ্ঞান কখনোই মানুষকে খাটো করে না পূর্ব-লিখিত শাস্ত্রের স্থিরতায়। আমরা সকলে আমাদের নিজেদের কাজ ও চিন্তার জন্য দায়ী।

৪. মানব জাতি, যদিও ঈশ্বরের প্রতিমূর্তি দ্বারা এবং পাপ মুক্ত সৃষ্টি, তারা ঈশ্বরের বিদ্রোহ করাটা বেছে নেয়। যদিও প্রলোভিত হয়েছিল অতিপ্রাকৃতিক প্রতিনিধি দ্বারা, আদম এবং হবা তাদের স্বেচ্ছাকৃত আত্ম-কেন্দ্রিকতার জন্য দায়ী। তাদের বিদ্রোহে মানব জাতি ও সৃষ্টিকে প্রভাবিত করেছে। আমাদের সকলের ঈশ্বরের দয়ার ও অনুগ্রহের প্রয়োজন আদমের কৃত পাপের এবং আমাদের স্বেচ্ছাকৃত ব্যক্তিগত বিদ্রোহ উভয়ের জন্য।

৫. ঈশ্বর ক্ষমা এবং পুনরুত্থান যোগান দিয়েছেন পতিত মানবের জন্য। যীশু খ্রীষ্ট, ঈশ্বরের অদ্বিতীয় পুত্র, মানুষ হলেন, পাপহীন জীবন যাপন করলেন এবং তাঁর বিকল্প মৃত্যুর উপায়ে মানবজাতির পাপের দেনা শোধ করলেন। তিনিই একমাত্র পুনরুদ্ধার ও ঈশ্বরের সঙ্গে সহভাগিতার উপায়। আর কোন পরিত্রাণের উপায় নেই যীশুর কৃত সম্পূর্ণ কাজ ছাড়া।

৬. আমাদের প্রত্যেকে ব্যক্তিগত ভাবে ঈশ্বরের ক্ষমা এবং পুনরুত্থান লাভ করতে হবে বিশ্বাসের মধ্যে দিয়ে। এটাই হল সম্পূর্ণ কাজ ইচ্ছাশক্তির উপায়ে নির্ভরতার কাজ ঈশ্বরের প্রতিজ্ঞায় যীশুর মধ্যে দিয়ে এবং ইচ্ছাপূর্ণ ভাবে জানা পাপ থেকে নিজেকে ফেরান।

৭. আমরা প্রত্যেকেই পরিপূর্ণ ভাবে ক্ষমাপ্রাপ্ত এবং উদ্ধারকৃত খ্রীষ্টে আমাদের নির্ভরতা এবং পাপ থেকে মন পরিবর্তনের কারণে। যাহোক, এই নূতন সম্পর্কের প্রমাণ হল পরিবর্তনে এবং পরিবর্তিত জীবনে। মানবের জন্য ঈশ্বরের লক্ষ্য কেবলমাত্র একদিন স্বর্গে নিয়ে যাওয়া নয় কিন্তু এখনই খ্রীষ্ট সাদৃশ্য হওয়া। যারা সত্যিকার ভাবে পুনরুদ্ধার প্রাপ্ত, যদিও মাঝে মাঝে পাপ করেন, অবিরত বিশ্বাসে এবং অনুতাপে রয়েছেন তাদের সমগ্র জীবনে।

৮. পবিত্র আত্মা হলেন “অন্য যীশু”(the other Jesus) তিনি এই জগতে উপস্থিত হারানদের খ্রীষ্টের দিকে পরিচালিত করতে এবং যারা খ্রীষ্টকে লাভ করেছে তাদের খ্রীষ্ট সাদৃশ্যতায় পরিচালিত করতে। আত্মার দান পরিত্রাণে দেওয়া হয়। সেগুলি হল যীশুর জীবন ও পরিচর্যা তাঁর দেহ অর্থাৎ মন্ডলীর মধ্যে ভাগ করে দেওয়া হয়। দান যেগুলি মূলত যীশুর মনোভাব ও উদ্দেশ্যের অনুপ্রেরণায় অনুপ্রাণিত হওয়া প্রয়োজন আত্মার ফলে। আমাদের সময়ে আত্মা সক্রিয় যেমন তিনি ছিলেন বাইবেলের সময়কালে।

৯. পিতা পুনরুত্থিত খ্রীষ্টকে সকল কিছুর বিচারকর্তা করেছেন। তিনি পৃথিবীতে আবার ফিরে এসে সকল মানুষের বিচার করবেন। যারা যীশুর উপরে নির্ভর করে এবং যাদের নাম মেস শাবকের জীবন পুস্তকে লিখিত আছে তারা সকলে তাঁর পুনরাগমনে অনন্তকালীন গৌরবের দেহ লাভ করবে। তারা চিরকাল তাঁর সঙ্গে বসবাস করবে। যাহোক, যারা ঈশ্বরের সত্যে সাদা দিতে প্রত্যাখ্যান করেছে তারা অনন্তকালীন ভাবে পৃথক হবে ত্রিত্ব ঈশ্বরের সহভাগিতার আনন্দ থেকে। তাদের শয়তান ও তার দুতদের সঙ্গে দোষি করা হবে।

এটি নিশ্চিত ভাবে সম্পূর্ণ বা ধারাবাহিক নয় কিন্তু আমি আশা করি এটি আপনাকে আমার হৃদয়ের ধর্মতাত্ত্বিক সুগন্ধ দেবে। আমি এই মন্তব্য পছন্দ করি:

“আবশ্যকীয়তায়-একতা, প্রান্তিকতায়-স্বাধীনতা, সকল বিষয়ে-ভালবাসা।”